
কোন জজ আজ্ঞাক্রমে বলপূর্ব্বক রেজিষ্টরের অগোণে দর্শন করিবার অনুমতি দেওয়াইতে পারিবেন ইতি।

[রেজিষ্টর বন্ধ করিবার ক্ষমতার কথা।]

৩২ ধারা। এই আইন অনুযায়ি কোন কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয় যে জিলার মধ্যে থাকে সেই জিলার বহু লোকের পাঠ্য কোন সম্বাদপত্রে সেই কোম্পানি জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া সংভূয়কারিদের রেজিষ্টর বন্ধ হইবার সংবাদ দিতে পারিবেন, কিন্তু প্রতিবৎসরে সময়ে২ সর্ব্বসুদ্ধ ত্রিশ দিনের অধিক বন্ধ হইতে পারিবে না ইতি।

[মূলধনের ও সংভূয়কারিদের সংখ্যার বৃদ্ধি হওয়ার সংবাদ রেজিষ্ট্রারকে দিবার কথা।]

৩৩ ধারা। যে কোম্পানির মূলধন অংশাংশে বিভক্ত হয়, সেই অংশ পরিবর্ত্তিত হইয়া স্থাপ্য করা গেলে কি না গেলেও যত মূলধন রেজিষ্টর হইয়াছে তাহার বৃদ্ধি হইলে সেই বৃদ্ধির সংবাদ এবং মূলধন অংশাংশে বিভক্ত না হইলে কোন প্রকারে সংভূয়কারিদের রেজিষ্টরী সংখ্যার বৃদ্ধির সংবাদ রেজিষ্ট্রারকে দেওয়া যাইবে, অর্থাৎ যে নির্দ্ধারণক্রমে মূলধন বৃদ্ধি করিবার অনুমতি প্রদান হয় সেই নির্দ্ধারণের তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে মূলধন বৃদ্ধির সংবাদ, এবং যে সময়ে সংভূয়কারিগণের সংখ্যা বৃদ্ধি করা স্থির হইয়াছে কি বৃদ্ধি করা গিয়াছে সেই সময়াবধি পঞ্চদশ দিনের মধ্যে সংভূয়কারিসংখ্যার বৃদ্ধির সংবাদ দেওয়া যাইবে। এবং মূলধন কি সংভূয়কারিদের সংখ্যা যে পর্য্যন্ত বৃদ্ধি হইয়াছে তাহা রেজিষ্ট্রার অগোণে লিপিবদ্ধ করিবেন। যদি উক্ত সময়ের মধ্যে ঐ সংবাদ না দেওয়া যায়, তবে যত দিন ঐ সংবাদ দিবার ত্রুটি হয় তাহার প্রতিদিনের নিমিত্তে দোষি কোম্পানির এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, এবং কোম্পানির যে প্রত্যেক কার্য্যাধ্যক্ষ ও সম্পাদক জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক সেই দোষ করিবার অনুমতি দেন কি দোষ করিতে দেন তাঁহারও সেই দণ্ড হইতে পারিবে ইতি।

[রেজিষ্টরে অশুদ্ধ কথা লিখিলে কি লেখ্য না লিখিলে তাহার প্রতিকারের কথা।]

৩৪ ধারা। কোন ব্যক্তির নাম যদি অপ্রচুর কারণে এই আইন অনুযায়ি কোম্পানির সংভূয়কারিদের রেজিষ্টরে লেখা যায় কিম্বা অলিখিত থাকে, অথবা কোম্পানিভুক্ত কোনব্যক্তির অংশিত্ব রহিত হইলে যদি সেই কথা রেজিষ্টরে না লেখা যায় কি অনাবশ্যকমতে লিখিবার বিলম্ব হয়, তবে ঐ কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয় যে জিলাতে কি স্থানে থাকে তথাকার প্রধান যে আদালত দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন হন সেই আদালতে ঐ ক্ষতিগ্রস্ত ব্যক্তি কি সংভূয়কারী কি কোম্পানির কোন সংভূয়কারী কিম্বা সেই কোম্পানিই ঐ রেজিষ্টর সংশোধন করণার্থ আদালতের আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন। তাঁহাতে আদালত প্রার্থকের দাতব্য ব্যয়সুদ্ধ কি ব্যয়ভিন্ন সেই প্রার্থনা অগ্রাহ্য করিতে পারিবেন। অথবা প্রার্থকের প্রার্থনা স্ববোধমতে ন্যায় জ্ঞান করিলে ঐ রেজিষ্টর সংশোধনের আজ্ঞা করিয়া কোম্পানিকে ঐ প্রার্থনাঘটিত সমস্ত ব্যয় শোধ ও অন্যায়গ্রস্ত ব্যক্তির যে কোন ক্ষতি হইয়া থাকে সেই ক্ষতিপূরণ করিতে আজ্ঞা করিতে পারিবেন। এই ধারানুযায়ি কোন কার্য্য করণকালে, ঐ বিবাদের এক পক্ষীয় ব্যক্তির নাম রেজিষ্টরে লে-

in any proceeding under this Section decide on any question relating to the title of any person who is a party to such proceeding to have his name entered in or omitted from the Register, whether such question arises between two or more members or alleged members, or between any members or alleged members and the Company, and generally the Court may, in any such proceeding, decide any question that it may be necessary or expedient to decide for the rectification of the Register; provided that the Court may direct an issue to be tried in which any question of law may be raised, and an appeal in the manner directed by the Code of Civil Procedure shall lie.

[Notice to Registrar of rectification of Register.]

XXXV. Whenever any order has been made for rectifying the Register in the case of a Company hereby required to send a list of its members to the Registrar, the Court shall, by its order, direct that due notice of such rectification be given to the Registrar.

[Register to be evidence.]

XXXVI. The Register of members shall be *primâ facie* evidence of any matters by this Act directed or authorized to be inserted therein.

Liability of Members.

[Liability of present and past members of Company.]

XXXVII. In the event of a Company formed under this Act being wound up, every present and past member of such Company shall be liable to contribute to the assets of the Company to an amount sufficient for payment of the debts and liabilities of the Company, and the costs, charges, and expenses of the winding-up, and for the payment of such sum as may be required for the adjustment of the rights of the contributories amongst themselves, with the qualification following; (that is to say)—

(1.) No past member shall be liable to contribute to the assets of the Company if he has ceased to be a member for a period of one year or upwards prior to the commencement of the winding-up:

(2.) No past member shall be liable to contribute in respect of any debt or liability of the Company contracted after the time at which he ceased to be a member:

(3.) No past member shall be liable to contribute to the assets of the Company, unless it appears to the Court that the existing members are unable to satisfy the contributions required to be made by them in pursuance of this Act:

খাইবার কিম্বা রেজিষ্টরে অলিখিত হইবার স্বত্ব বিষয়ের বিবাদ দুই কি ততোধিক জন সংভূয়কারির কি সয়ম্ব্যক্ত সংভূয়কারির মধ্যে অথবা সংভূয়কারিদের কি সয়ম্ব্যক্ত সংভূয়কারিদের এবং ঐ কোম্পানির মধ্যে হইলেও আদালত সেই বিবাদের নিষ্পত্তি করিতে পারিবেন, এবং রেজিষ্টর সংশোধনার্থে সাধারণ যে কোন বিষয়ের নিষ্পত্তি করা আবশ্যক কি বিহিত হয়, তাহা আদালত ঐ বিবাদের বিচার করণকালে নিষ্পত্তি করিতে পারিবেন। যদি আইনঘটিত কোন বিবাদ উত্থাপিত হয়, তবে আদালত সেই বিবাদাস্পদের বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন, ও তদুপরি দেওয়ানী আদালতের কার্য্যবিধানের বিধিমতে আপীল হইতে পারিবে ইতি।

[রেজিষ্ট্রারকে রেজিষ্টর সংশোধনের সম্বাদ দিবার কথা।]

৩৫ ধারা। এই আইনেতে যে কোম্পানির সংভূয়কারিগণের নামাবলি রেজিষ্ট্রারের নিকটে প্রেরণের আজ্ঞা হইল, যদি তৎসম্পর্কীয় রেজিষ্টর সংশোধনের কোন আজ্ঞা হয়, তবে আদালত সেই আজ্ঞাক্রমে রেজিষ্ট্রারকে ঐ সংশোধন কার্য্যের উপযুক্ত সম্বাদ দিবার আদেশ করিবেন ইতি।

[ঐ রেজিষ্টর প্রমাণস্বরূপ হইবার কথা।]

৩৬ ধারা। এই আইনক্রমে রেজিষ্টরে যে কোন কথা লিখিবার আদেশ হয় কি লেখাইবার ক্ষমতা দেওয়া যায় আদি দৃষ্টে সংভূয়কারিদের রেজিষ্টরই সেই কথার প্রমাণ হইবে ইতি।

সংভূয়কারিদের দায়ের কথা।

[কোম্পানির বর্ত্তমান ও ভূতকালীন সংভূয়কারিদের দায়ের কথা।]

৩৭ ধারা। যদি এই আইনমত স্থাপিত কোন কোম্পানির কার্য্য বন্দ করিতে হয়, তবে ঐ কোম্পানির ঋণ ও দায় এবং কর্ম্ম বন্দ করিবার সকল খরচ ও পারিশ্রমিক ও ব্যয় পরিশোধে এবং ঋণদাতাদের পরস্পর স্বত্ব নিষ্পত্ত্যর্থে যত টাকার প্রয়োজন তৎপরিশোধে ঐ কোম্পানির বর্ত্তমান ও ভূতকালীন প্রত্যেক সংভূয়কারী পশ্চাৎ লিখিত বর্জ্জনীয় কথা অবলম্বনপূর্ব্বক ঐ কোম্পানির স্থিতে প্রচুর টাকা দান করিবার দায়ী হইবেন। বর্জ্জনীয় কথা এই,

(১) যদি কোম্পানির কার্য্য বন্ধ করণ আরম্ভ হইবার পূর্ব্বে এক বৎসর কি ততোধিক কাল ভূতকালীন কোন সংভূয়কারির অংশিত্ব রহিত হইয়া থাকে, তবে তিনি সেই কোম্পানির স্থিত বর্দ্ধনার্থ টাকার দায়ী হইবেন না।

(২) ভূতকালীন কোন সংভূয়কারির অংশিত্ব যে সময়ে রহিত হয় সেই সময়ের পরে ঐ কোম্পানির যে কোন ঋণ কি দায় বর্ত্তে তৎসম্পর্কে ঐ ভূতকালীন সংভূয়কারী টাকা দিবার দায়ী হইবেন না।

(৩) এই আইন অনুসারে সংভূয়কারিদের যত টাকা দিতে হয় তাহা বর্ত্তমান সংভূয়কারিরা দিতে সক্ষম নহেন, আদালতের এমত হৃদ্বোধ না হইলে, ভূতকালীন সংভূয়কারিরা ঐ কোম্পানির স্থিত বর্দ্ধনার্থে দায়ী হইবেন না।

(4.) In the case of a Company limited by shares no contribution shall be required from any member exceeding the amount, if any, unpaid on the shares in respect of which he is liable as a present or past member :

(5.) In the case of a Company limited by guarantee, no contribution shall be required from any member exceeding the amount of the undertaking entered into on his behalf by the memorandum of association :

(6.) Nothing in this Act contained shall invalidate any provision contained in any policy of insurance or other contract whereby the liability of individual members upon any such policy or contract is restricted, or whereby the funds of the Company are alone made liable in respect of such policy or contract :

(7.) No sum due to any member of a Company in his character of a member by way of dividends, profits, or otherwise shall deemed to be debt of the Company payable to such member in a case of competition between himself and any other creditor not being a member of the Company ; but any such sum may be taken into account for the purpose of the final adjustment of the rights of the contributories amongst themselves.

PART III.

MANAGEMENT AND ADMINISTRATION OF COMPANIES AND ASSOCIATIONS UNDER THIS ACT.

Provisions for protection of Creditors.

[Registered Office of Company.]

XXXVIII. Every Company under this Act shall have a registered Office, to which all communications and notices may be addressed. If any Company under this Act carries on business without having such an Office, it shall incur a penalty not exceeding fifty rupees for every day during which business is so carried on.

[Notice of situation of registered Office.]

XXXIX. Notice of the situation of such registered Office and of any change therein shall be given to the Registrar and recorded by him. Until such notice is given, the Company shall not be deemed to have complied with the provisions of this Act with respect to having a registered Office.

[Publication of name by a Limited Company.]

XL. Every Limited Company under this Act, whether limited by shares or by guarantee, shall paint or affix, and shall keep painted or affixed, its name on the outside of every Office

(৪) কোম্পানি অংশক্রমে সীমাবদ্ধ হইলে বর্ত্তমান কি ভুতকালীন সংভূয়কারিস্বরূপে যে ব্যক্তির কোন অংশের কোন টাকা অদত্ত থাকে কোন সংভুয়কারিকে সেই অদত্ত টাকার অধিক দিবার আদেশ হইবে না।

(৫) কোম্পানি প্রাতিভাব্যক্রমে সীমাবদ্ধ হইলে, সংস্থিতিপত্রে কোন সংভূয়কারির পক্ষে যত টাকা দিবার প্রতিজ্ঞা হইয়াছে তাঁহাকে অধিক দিবার আদেশ হইবে না।

(৬) কোন বিমা কি অন্য চুক্তি পত্র লিখিত যে বিধানক্রমে সেই বিমা কি অন্য চুক্তির উপর কোম্পানিভুক্ত ব্যক্তিদের দায় নিবদ্ধ থাকে, কিম্বা যে বিধানক্রমে সেই বিমা কি চুক্তিপত্রসম্পর্কে সেই কোম্পানির মূলধন মাত্র দায়ী করা গেল সেই বিধান এই আইনের কোন কথাক্রমে অসিদ্ধ হইবে না।

(৭) কোম্পানির কোন সংভূয়কারী এবং সংভূয়কারিভিন্ন অন্য কোন উত্তমর্ণ কোন ঋণ প্রাপণার্থে প্রতিযোগী হইলে, সেই কোম্পানির নিকটে ডিবিডেণ্ড কি লভ্যস্বরূপে কি প্রকারান্তরে ঐ সংভূয়কারির যে টাকা প্রাপ্য হয় তাহা তাঁহার নিকট কোম্পানির দাতব্য ঋণ জ্ঞান হইবে না। কিন্তু ঋণদাতাদের পরস্পর স্বত্বের চূড়ান্ত নিষ্পত্তি করণাভিপ্রায়ে সেই টাকা গণনীয় হইতে পারিবে ইতি।

তৃতীয় খণ্ড।

এই আইন অনুযায়ি কোম্পানির ও সংসৃষ্ট সমাবায়ের কার্য্য নির্ব্বাহ ও নিরূপণ করণের বিধি।

উত্তমর্ণদের রক্ষার্থ বিধি।

[কোম্পানির রেজিষ্ট্রী কার্য্যালয়ের কথা।]

৩৮ ধারা। এই আইন অনুযায়ি প্রত্যেক কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয় থাকিবে। সেই কার্য্যালয়ে সকল পত্র ও জ্ঞাপনপত্রাদি প্রেরিত হইবে। যদি এই আইন অনুযায়ি কোন কোম্পানি তদ্রূপ কার্য্যালয় না করিয়া কর্ম্ম করেন, তবে যত দিন তদ্রূপে কর্ম্ম করেন তাহার দিনপ্রতি সেই কোম্পানির পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[রেজিষ্টরী কার্য্যালয় যে স্থানে হয় তাহার সম্বাদ দিবার কথা।]

৩৯ ধারা। সেই রেজিষ্টরী কার্য্যালয় যে স্থানে থাকে তাহার সম্বাদ এবং কোন সময়ে স্থানের পরিবর্ত্তন হইলে তাহার সম্বাদ রেজিষ্ট্রারকে দিতে হইবে ও তিনি তাহা লিপিবদ্ধ করিবেন। সেই সম্বাদ যত কাল না দেওয়া যায় তত কাল ঐ কোম্পানি রেজিষ্টরী কার্য্যালয় সম্পর্কীয় এই আইনের বিধানমতে কার্য্য করিয়াছেন এমত জ্ঞান হইবে না ইতি।

[সীমাবদ্ধ কোম্পানির নাম প্রকাশ করণের কথা।]

৪০ ধারা। এই আইন অনুযায়ি সীমাবদ্ধ প্রত্যেক কোম্পানির দায় অংশক্রমে কি প্রাতিভাব্যক্রমে সীমাবদ্ধ হইলেও সেই কোম্পানির কর্ম্ম যে প্রত্যেক কার্য্যালয়ে কি স্থানে নির্ব্বাহ হয়, সেই আলয়ের বহির্ভাগে

or place in which the business of the Company is carried on, in a conspicuous position, in letters easily legible in the English language, and also, if the registered Office be situate in a district beyond the local limits of the ordinary original Civil jurisdiction of a High Court, in one of the vernacular languages used in such district, and shall have its name engraven in legible characters in such language or languages on its seal, and shall have its name mentioned in legible characters in such language or languages in all notices, advertisement, and other official publications of such Company, and in all Bills of Exchange, Hundis, Promissory Notes, endorsements, cheques, and orders for money or goods purporting to be signed by or on behalf of such Company, and in all bills of parcels, invoices, receipts, and letters of credit of the Company.

[Penalties on non-publication of name.]

XLI. If any Limited Company under this Act does not paint or affix and keep painted or affixed its name in manner directed by this Act, it shall be liable to a penalty not exceeding fifty rupees for not so painting or affixing its name, and for every day during which such name is not so kept painted or affixed. Every Director and Manager of the Company who shall knowingly and wilfully authorize or permit such default shall be liable to the like penalty. If any Director, Manager, or Officer of such Company, or any person on its behalf, uses or authorizes the use of any seal purporting to be a seal of the Company whereon its name is not so engraven as aforesaid, or issues or authorizes the issue of any notice, advertisement, or other official publication of such Company, or signs or authorizes to be signed on behalf of such Company any Bill of Exchange, Hundi, Promissory Note, endorsement, cheque, order for money or goods, or issues or authorizes to be issued any bill of parcels, invoice, receipt or letter of credit of the Company wherein its name is not mentioned in manner aforesaid, he shall be liable to a penalty of one thousand rupees, and shall further be personally liable to the holder of any such Bill of Exchange, Hundi, Promissory Note, cheque or order for money or goods for the amount thereof, unless the same is duly paid by the Company.

[Contracts how made.]

XLII. Contracts on behalf of any Company

ঐ কোম্পানি রঙ্গ দিয়া ইংলণ্ডীয় ভাষার সুপাঠ্য অক্ষরে অতি প্রকাশ্য স্থানে স্বীয় নাম লিখিবেন কি লটকাইবেন এবং লিখিয়া কি লটকাইয়া রাখিবেন। যদি সেই রেজিষ্টরী কার্য্যালয় দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সামান্য ক্ষমতাপন্ন হাই কোর্টের বিচারাধিপত্যের সীমার বহির্ভূত কোন প্রদেশে থাকে, তবে সেই প্রদেশে যে২ ভাষা প্রচলিত আছে, তন্মধ্যে কোন ভাষায় ঐ নাম লিখিয়া লটকাইবেন, ও আপন মোহরে সেই২ ভাষায় সুপাঠ্য অক্ষরে স্বীয় নাম খোদাইবেন, এবং সেই কোম্পানির সকল জ্ঞাপনপত্রে ও ঘোষণাপত্রে ও কর্ম্মসম্পর্কীয় অন্য প্রকাশ্যপত্রে ও যে সকল বিল অফ একুসচেঞ্জে ও হুণ্ডীতে ও প্রমিসরি নোটে ও পৃষ্ঠলিপিতে ও চ্যাকে এবং টাকার কি মালের যে সকল আজ্ঞাপত্রে ঐ কোম্পানির দ্বারা কি তাঁহাদের পক্ষে স্বাক্ষর হইবার মত দেখায় তাহাতে এবং ঐ কোম্পানির সকল পুলিন্দাপ্রভৃতির বিলে ও ইনবাইসে ও রসীদে ও প্রত্যয় পত্রে ঐ কোম্পানি সেই২ ভাষার সুপাঠ্য অক্ষরে স্বীয় নাম লেখাইবেন ইতি।

[নাম প্রকাশ না করণের দণ্ডের কথা।]

৪১ ধারা। যদি এই আইন অনুযায়ি সীমাবদ্ধ কোন কোম্পানি এই আইনের আজ্ঞামতে আপনার নাম রঙ্গ দিয়া না লেখেন কি না লটকান এবং রঙ্গ দিয়া লেখাইয়া কি লটকাইয়া না রাখেন, তবে স্বীয় নাম রং দিয়া না লিখিবার কি না লটকাইবার নিমিত্তে ঐ কোম্পানির পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, এবং সেই নাম যত দিন তদ্রূপে না রাখা যায় কি রঙ্গ দিয়া লেখা কি লটকান না যায় তাহার দিন প্রতি সেই দণ্ড হইতে পারিবে। ঐ কোম্পানির যে প্রত্যেক কর্ম্মাধ্যক্ষ কি সম্পাদক জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক ঐ দোষের অনুমতি দেন কি ঐ দোষ হইতে দেন, তিনিও সেই দণ্ডের যোগ্য হইবেন। যদি ঐ কোম্পানির কোন কর্ম্মাধ্যক্ষ কি সম্পাদক কি কর্ম্মকারক কিম্বা ঐ কোম্পানির পক্ষে কোন ব্যক্তি ঐ কোম্পানির মোহর বলিয়া কোন মোহর ব্যবহার করেন কি করিবার অনুমতি দেন, অথচ তাহাতে সেই কোম্পানির নাম পূর্ব্বোক্তমতে খোদিত না থাকে, অথবা ঐ কোম্পানির কোন জ্ঞাপনপত্র কি ঘোষণাপত্র কি কর্ম্ম সম্পর্কীয় অন্য প্রকাশ্যপত্র প্রচলিত করেন কি প্রচলিত হইবার অনুমতি দেন, কিম্বা কোন বিল অফ একুসচেঞ্জ কি হুণ্ডী কি প্রমিসরি নোট কি পৃষ্ঠলিপি কি চ্যাক কিম্বা টাকার কি মালের আজ্ঞাপত্রে ঐ কোম্পানির পক্ষে স্বাক্ষর করেন কি স্বাক্ষর করিবার অনুমতি দেন, অথবা ঐ কোম্পানির কোন পুলিন্দাদির বিজক কি ইনবাইস কি রসীদ কি প্রত্যয়পত্র দেন কি দিবার অনুমতি দেন, অথচ তাহাতে সেই কোম্পানির নাম পূর্ব্বোক্তমতে উল্লিখিত না হয়, তবে তিনি সহস্র টাকা দণ্ডের যোগ্য হইবেন, এবং কোম্পানি সেই বিল অফ একুসচেঞ্জের কি হুণ্ডীর কি প্রমিসরি নোটের কি চ্যাকের কিম্বা টাকার কি মালের আজ্ঞাপত্রের টাকা রীতিমতে না দিলে, তিনিই সেই হুণ্ডীপ্রভৃতি প্রাপ্ত ব্যক্তির নিকটে স্বয়ং ঐ টাকার দায়ী হইবেন ইতি।

[চুক্তিপত্র যেরূপে কর্ত্তব্য তাহার কথা।]

৪২ ধারা। এই আইনমতে রেজিষ্টর করা কোন

registered under this Act may be made as follows; (that is to say)—

(1.) Any contract which if made between private persons would be by law required to be in writing, and if made according to English law to be under seal, may be made on behalf of the Company in writing under the common seal of the Company, and such contract may be in the same manner varied or discharged:

(2.) Any contract which if made between private persons would be by law required to be in writing signed by the parties to be charged therewith, may be made on behalf of the Company in writing signed by any person acting under the express or implied authority of the Company, and such contract may in the same manner be varied or discharged.

(3.) Any contract which if made between private persons would by law be valid, although made by parol only and not reduced into writing, may be made by parol on behalf of the Company by any person acting under the express or implied authority of the Company, and such contract may in the same way be varied or discharged. And all contracts made according to the provisions herein contained shall be effectual in law, and shall be binding upon the Company and their successors, and all other parties thereto, their heirs, executors or administrators, as the case may be.

[Register of mortgages.]

XLIII. Every Limited Company under this Act shall keep a Register of all mortgages and charges specifically affecting property of the Company, and shall enter in such Register in respect of each mortgage or charge a short description of the property mortgaged or charged, the amount of charge created, and the names of the mortgagees or persons entitled to such charge. If any property of the Company is mortgaged or charged without such entry as aforesaid being made, every Director, Manager or other Officer of the Company who knowingly and wilfully authorizes or permits the omission of such entry shall incur a penalty not exceeding five hundred rupees. The Register or motgages required by this Section shall be open to inspection by any creditor or member of the Company at all reasonable times. If such inspection is refused, any Officer of the Company refusing the same, and every Director and Manager of the Company authorizing or knowingly and wilfully permitting such refusal, shall incur a penalty not exceeding fifty rupees, and a further penalty not exceeding twenty rupees for every day during which such refusal continues. In addition to the above penalty any Judge of the

কোম্পানির পক্ষে পশ্চাৎ লিখিতমতে করা যাইতে পারিবে। যথা,

(১) সাধারণ ব্যক্তিদের মধ্যে হইলে যে চুক্তি আইনঅনুসারে লিপিবদ্ধ হওয়া প্রয়োজন, ও ইঙ্গলণ্ডীয় আইনমতে করা গেলে মোহরাঙ্কিত করা প্রয়োজন, সেইরূপ চুক্তি কোম্পানির পক্ষে লিপি বদ্ধ হইয়া ঐ কোম্পানির সাধারণ মোহরে মোহরাঙ্কিত হইবে ও তাহা তত্তুল্য প্রকারে পরিবর্ত্তিত কি নিষ্পন্ন হইতে পারিবে।

(২) সাধারণ ব্যক্তিদের মধ্যে হইলে যে চুক্তি আইনক্রমে লিপিবদ্ধ হওয়া এবং তদবলম্বি উভয় পক্ষের স্বাক্ষরিত হওয়া প্রয়োজন, তাহা কোম্পানির পক্ষে লিপিবদ্ধ হইয়া ঐ কোম্পানির স্পষ্ট কি আনুসঙ্গিক ক্ষমতাক্রমে কম্মকারি কোন ব্যক্তিকর্তৃক স্বাক্ষরিত হইতে পারিবে। ও সেই চুক্তি তত্তুল্য প্রকারে পরিবর্ত্তিত কি নিষ্পন্ন হইতে পারিবে।

(৩) সাধারণ ব্যক্তিদের মধ্যে যে চুক্তি লিপিবদ্ধ না হইয়া কেবল বাচনিক হইলে আইনমতে সিদ্ধ হয়, সেই রূপ চুক্তি কোম্পানির স্পষ্ট কি আনুসঙ্গিক ক্ষমতাক্রমে কম্মকারি কোন ব্যক্তিকর্তৃক ঐ কোম্পানির পক্ষে কেবল বচনক্রমে হইতে পারিবে, ও সেই চুক্তি তত্তুল্য প্রকারে পরিবর্ত্তিত কি নিষ্পন্ন হইতে পারিবে। এবং এই ধারার লিখিত বিধানানুসারে যে সকল চুক্তি করা যায়, তাহা আইনক্রমে সিদ্ধ হইবে, এবং কোম্পানি ও তাঁহাদের পশ্চাৎ পদধারিগণ ও তদবলম্বি অন্য সকল ব্যক্তি ও বিষয়বিশেষে তাঁহাদের উত্তরাধিকারী কি চরমপত্র নিরূপিত কর্ম্মসম্পাদক কি দ্রবানিরূপণাধিকারী তাহাতে বদ্ধ থাকিবেন ইতি।

[বন্ধকের রেজিষ্টরী করণের কথা।]

৪৩ ধারা। এই আইন অনুযায়ি দায়ের সীমাবদ্ধ প্রত্যেক কোম্পানির সম্পত্তির উপর যে সকল বন্ধক ও দায় বিশেষরূপে বর্ত্তে, ঐ কোম্পানি সেই সমস্ত বন্ধকের ও দায়ের রেজিষ্টর রাখিবেন। এবং প্রত্যেক বন্ধকের কি দায়ের সম্পর্কে বন্ধকীকৃত কি দায়গ্রস্ত সম্পত্তির সংক্ষেপ বর্ণনা, ও যত দায় বর্ত্তে, এবং বন্ধকদাতাদের কি যে ব্যক্তিরা ঐ দায়জন্য টাকা প্রাপ্তির স্বত্ববান তাঁহাদের নাম সেই রেজিষ্টরে লেখাইবেন। যদি কোম্পানির কোন সম্পত্তি বন্ধক দেওয়া যায় কি দায়গ্রস্ত হয় ও পূর্ব্বোক্ত প্রকারের কথা রেজিষ্টরে না লেখা যায়, তবে ঐ কোম্পানির যে প্রত্যেক কার্য্যাধ্যক্ষ কি সম্পাদক কি অন্য কম্মকারক জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক ঐ কথা না লিখনের অনুমতি দেন কি অলিখিত থাকিতে দেন, তাঁহার পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। এই ধারাতে বন্ধকের যে রেজিষ্টর করিবার আজ্ঞা হইয়াছে, সেই রেজিষ্টর কোম্পানির কোন উত্তমর্ণ কি সংভুয়কারী উপযুক্ত কোন সময়ে দৃষ্টি করিতে পারিবেন। যদি তাহা দৃষ্টি করিবার অনুমতি না দেওয়া যায়, তবে সেই কোম্পানির যে কোন কার্য্যকারক অনুমতি না দিলেন, এবং ঐ কোম্পানির যে প্রত্যেক কার্য্যাধ্যক্ষ ও সম্পাদক সেই অননুমতির ক্ষমতা দেন কিম্বা জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক সেই অননুমতি হইতে দেন, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, তদতিরিক্ত সেই অননুমতি যত দিন হইতে থাকে তাহার দিনপ্রতি তাঁহার বিশ টাকার অনধিক দণ্ড

High Court may by order compel an immediate inspection of the Register.

[Certain Companies to publish statement entered in Schedule.]

XLIV. Every Limited Banking Company and every Insurance Company, and Deposit, Provident or Benefit Society under this Act shall, before it commences buisiness, and also on the first Monday in February and the first Monday in August in every year during which it carries on business, make a statement in the form marked D in the first Schedule hereto, or as near thereto as circumstances will admit, and a copy of such statement shall be put up in a conspicuous place in the registered Office of the Company an in every branch Office or place where the business of the company is carried on. If default is made in compliance with the provisions of this Section, the Company shall be liable to a penalty not exceeding fifty rupees for every day during which such default continues, and every Director and Manager of the Company who shall knowingly and wilfully authorize or permit such default shall incur the like penalty.

Every member and every creditor of any Company mentioned in this Section shall be entitled to a copy of the above-mentioned statement on payment of a sum not exceeding eight annas.

[List of Directors to be sent to Registrar.]

XLV. Every Company under this Act and not having a capital divided into shares shall keep at its registered Office a Register containing the names and addresses and the occupations of its Directors or Managers, and shall send to the Registrar of Joint Stock Companies a copy of such Register, and shall from time to time notify to the Registrar any change that takes place in such Directors or Managers.

[Penalty on Company not keeping Register of Directors.]

XLVI. If any Company under this Act and not having a capital divided into shares makes default in keeping a Register of its Directors or Managers, or in sending a copy of such Register to the Registrar in compliance with the foregoing rules, or in notifying to the Registrar any change that takes place in such Directors or Managers, such delinquent Company shall incur a penalty not exceeding one hundred rupees for every day during which such default continues, and every Director or Manager of the Company who shall knowingly and wilfully authorize or permit such default shall incur the like penalty.

হইতে পারিবে। তত্রোধিক হাই কোর্টের কোন জজ আজ্ঞামতে ঐ রেজিষ্টর অগৌণে বলপূর্ব্বক দেখাইয়া দেওয়াইতে পারিবেন ইতি।

[কোন২ কোম্পানির তফসীলের নির্দ্দিষ্ট বর্ণনা প্রকাশ করিতে হইবার কথা।]

৪৪ ধারা। এই আইনঅনুযায়ি দায়ের সীমাবদ্ধ প্রত্যেক ব্যাঙ্কিং কোম্পানি ও প্রত্যেক ইন্সুরান্স কোম্পানি (অর্থাৎ বিমাপত্রের বণিকসমাবায়) ও ডিপাজিট ও প্রবিডেন্ট ও বেনিফিট সোসাইটী (অর্থাৎ সাধারণ লোকদের টাকা ন্যাস ও রক্ষা করিবার ও পরোপকার করিবার সমাজ) কার্য্যারম্ভ করণের পূর্ব্বে, এবং যে প্রত্যেক বৎসরে কর্ম্ম চালান, সেই বৎসরের ফেব্রুআরি মাসের প্রথম সোমবারে ও আগষ্ট মাসের প্রথম সোমবারে, এই আইনের প্রথম তফসীলের D চিহ্নিত পাঠে, কিম্বা গতিক বিবেচনায় যে পর্য্যন্ত হয় সেপর্য্যন্ত সেই পাঠানুসারে এক বর্ণনাপত্র লিখিবেন, এবং ঐ কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয়ের ও যে প্রত্যেক শাখা কার্য্যালয়ে কি স্থানে ঐ কোম্পানির কর্ম্ম প্রচলিত হয় তথাকার কোন প্রকাশ স্থানে ঐ বর্ণনাপত্রের প্রতিলিপি লটকান যাইবে। যদি এই ধারার বিধানানুযায়ি কর্ম্ম না হয়, তবে যত দিন সেই দোষ হইতে থাকে তাহার দিন প্রতি ঐ কোম্পানির পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ও ঐ কোম্পানির যে প্রত্যেক কার্য্যাধ্যক্ষ ও সম্পাদক জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক ঐ দোষের অনুমতি দেন কি ঐ দোষ হইতে দেন তাঁহারও সেই দণ্ড হইতে পারিবে।

এই ধারার নির্দ্দিষ্ট কোন কোম্পানির প্রত্যেক সংভূগকারী ও প্রত্যেক উত্তমর্ণ আট আনার অনধিক মূল্য দিয়া পূর্ব্বোক্ত বর্ণনাপত্রের প্রতিলিপি পাইতে পারিবেন ইতি।

[রেজিষ্ট্রারের নিকটে কর্ম্মাধ্যক্ষদিগের নামাবলি প্রেরণ করিবার কথা।]

৪৫ ধারা। এই আইন অনুযায়ি যে প্রত্যেক কোম্পানির মূলধন অংশাংশে বিভক্ত না হয়, সেই কোম্পানি আপনাদের রেজিষ্টরী কার্য্যালয়ে আপনাদের কর্ম্মাধ্যক্ষ ও সম্পাদকদিগের নাম ও বাসস্থান ও ব্যবসায়ের রেজিষ্টর রাখিবেন ও ঐ রেজিষ্টরের প্রতিলিপি জাইণ্টষ্টাক কোম্পানির রেজিষ্ট্রারের নিকটে পাঠাইবেন, এবং ঐ কর্ম্মাধ্যক্ষ কি সম্পাদকদিগের কোন প্রকারে পরিবর্ত্তন হইলে রেজিষ্ট্রারকে সময়ে২ তদ্বিষয়ের সম্বাদ দিবেন ইতি।

[কোন কোম্পানি কর্ম্মাধ্যক্ষদিগের রেজিষ্টর না রাখিলে দণ্ডের কথা।]

৪৬ ধারা। এই আইন অনুযায়ি যে কোন কোম্পানির মূলধন অংশাংশে বিভক্ত না হয়, সেই কোম্পানি যদি কর্ম্মাধ্যক্ষ কি সম্পাদকদিগের রেজিষ্টর না রাখেন, কিম্বা পূর্ব্বোক্ত বিধিমতে কর্ম্ম করিয়া ঐ রেজিষ্টরের প্রতিলিপি রেজিষ্ট্রারের নিকটে প্রেরণ না করেন, কিম্বা ঐ কর্ম্মাধ্যক্ষ কি সম্পাদকদিগের কোন পরিবর্ত্তন হইলে যদি রেজিষ্ট্রারকে তাহা জ্ঞাত না করেন, তবে সেই দোষি কোম্পানির সেই দোষ যত দিন হইতে থাকে তাহার দিনপ্রতি ঐ কোম্পানির একশত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। এবং ঐ কোম্পানির যে প্রত্যেক কর্ম্মাধ্যক্ষ কি সম্পাদক জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক ঐ দোষের অনুমতি দেন কি ঐ দোষ হইতে দেন তাঁহারও সেই দণ্ড হইবে ইতি।

[Promissory Notes, Bills of Exchange and Hundis.]

XLVII. A Promissory Note, Bill of Exchange or Hundi shall be deemed to have been made, accepted, or endorsed on behalf of any Company under this Act, if made, accepted, or endorsed in the name of the Company by any person acting under the authority of the Company, or if made, accepted, or endorsed by or on behalf or on account of the Company, by any person acting under the authority of the Company.

[Prohibition against carrying on business with less than seven members.]

XLVIII. If any Company under this Act carries on business when the number of its members is less than seven for a period of six months after the number has been so reduced, every person who is a member of such Company during the time that it so carries on business after such period of six months, and is cognizant of the fact that it is so carrying on business with fewer than seven members, shall be severally liable for the payment of the whole debt of the Company contracted during such time, and may be sued for the same without the joinder in the suit of any other member.

Provision for Protection of Members.

[General Meeting of Company. Balance-sheet. Audit.]

XLIX. A General Meeting of every Company under this Act shall be held once at the least in every year. A balance-sheet shall be made out in every year, and laid before the Company in General Meeting and filed with the Registrar of Joint Stock Companies, and such balance-sheet shall contain a summary of the property and liabilities of the Company arranged under the heads appearing in the form annexed to Table A in the first Schedule hereto, or as near thereto as circumstances admit. And once at the least in every year the accounts of the Company shall be examined and the correctness of the balance-sheet ascertained by one or more auditor or auditors. If default is made in compliance with any of the provisions of this Section, every Director and Manager of the Company who shall knowingly and wilfully authorize or permit such default shall be liable to a penalty of one thousand rupees.

[Powers to alter regulations by Special Resolution.]

L. Subject to the provisions of this Act, and to the conditions contained in the memorandum of association, any Company formed under this Act may, in General Meeting, from time to time,

[প্রমিসরি নোট ও বিল অফ এক্সচেঞ্জ ও হুণ্ডীর কথা।]

৪৭ ধারা। যদি এই আইন অনুযায়ি কোম্পানির ক্ষমতাক্রমে কর্ম্মকারি কোন ব্যক্তিকর্ত্তৃক ঐ কোম্পানির নামে কোন প্রমিসরি নোট কি বিল অফ এক্সচেঞ্জ কি হুণ্ডী করা যায়, কি স্বীকৃত হয়, কি পৃষ্ঠলিপি দ্বারা দৃঢ়ী করা যায়, অথবা যদি কোম্পানির ক্ষমতাক্রমে কর্ম্মকারি কোন ব্যক্তিকর্ত্তৃক ঐ কোম্পানির দ্বারা কি তৎপক্ষে কি তন্নিমিত্তে করা যায় কি স্বীকৃত হয় কি পৃষ্ঠলিপিদ্বারা দৃঢ়ী করা যায়, তবে ঐ কোম্পানির পক্ষে তাহা করা গিয়াছে কি স্বীকৃত হইয়াছে কি পৃষ্ঠলিপিদ্বারা দৃঢ়ীভূত হইয়াছে জ্ঞান হইবে ইতি।

[সপ্ত জনের ন্যূন সংভুয়কারী লইয়া কর্ম্ম করণের নিষেধের কথা।]

৪৮ ধারা। এই আইন অনুযায়ি কোন কোম্পানির সংভুয়কারিগণের সংখ্যা সাত জনের ন্যূন হইলে যদি সেই কোম্পানি সেই সংখ্যা তদ্রূপে ন্যূন হইলে পর ছয় মাস পর্য্যন্ত কর্ম্ম চালান, তবে ঐ ছয় মাসের পর কর্ম্ম চালাইবার উক্ত সময়ে যাঁহারা ঐ কোম্পানির সংভুয়কারী ছিলেন এবং সপ্ত জনের ন্যূন ব্যক্তি লইয়া কর্ম্ম চলিতেছে জ্ঞাত ছিলেন, সেই সময়ের মধ্যে ঐ কোম্পানির যত ঋণ হইয়াছে তৎসমুদয়ের নিমিত্তে ঐ সংভুয়কারিগণ প্রত্যেকে দায়ী হইবেন, এবং মোকদ্দমায় অন্য কোন সংভুয়কারিকে না ধরিয়া তাঁহার নামে অভিযোগ হইতে পারিবে ইতি।

সংভুয়কারিদিগের রক্ষার্থ বিধি।

[কোম্পানির সাধারণ সভার কথা। ও বাকীর ফর্দ্দের ও আডিট হওয়ার কথা।]

৪৯ ধারা। এই আইন অনুযায়ি প্রত্যেক কোম্পানির সাধারণ সভা বৎসরে অতি ন্যূন একবার হইবে। প্রতি বৎসরে ফাজিল বাকীর ফর্দ্দ প্রস্তুত ও সাধারণ সভাগত কোম্পানির সম্মুখে অর্পিত হইয়া, জাইণ্টষ্টাক কোম্পানির রেজিষ্ট্রারের নিকটে গোচান যাইবে। এই আইনের প্রথম তফসীলের A চিহ্নিত পাঠে যে ধারা নির্দ্দিষ্ট হইয়াছে তৎপ্রকাশিত ভিন্ন২ দফায় কিম্বা সাধ্যক্রমে তদনুসারে ঐ ফাজিল বাকীর ফর্দ্দে কোম্পানির সম্পত্তির ও দায়ের সার বৃত্তান্ত লেখা যাইবে। এবং বৎসরের মধ্যে অতি ন্যূন একবার এক কি অধিক জন আডিটরকর্ত্তৃক কোম্পানির হিসাব দৃষ্ট হইয়া ফাজিল বাকী ফর্দ্দের যাথার্থ্য নির্ণীত হইবে। এই ধারার কোন বিধানমত কর্ম্ম না হইলে, কোম্পানির যে প্রত্যেক কর্ম্মাধ্যক্ষ ও সম্পাদক জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক ঐ দোষ হইবার অনুমতি দেন কি ঐ দোষ হইতে দেন তাঁহার সহস্র টাকা দণ্ড হইতে পারিবেক ইতি।

[বিশেষ নির্দ্ধারণক্রমে বিধি পরিবর্ত্তনের ক্ষমতার কথা।]

৫০ ধারা। এই আইন অনুসারে স্থাপিত কোন কোম্পানি সাধারণ সভা করণপূর্ব্বক এই আইনের বিধান এবং সংস্থিতিপত্রে লিখিত নিয়ম বলবৎ রাখিয়া পশ্চাৎ লিখিত প্রকারে সময়েং বিশেষ নির্দ্ধারণ

by passing a Special Resolution in manner hereinafter mentioned, alter all or any of the regulations of the Company contained in the Articles of Association, or in the Table marked A in the first Schedule where such Table is applicable to the Company, or make new regulations to the exclusion of or in addition to all or any of the regulations of the Company. Any regulations so made by Special Resolution shall be deemed to be regulations of the Company of the same validity as if they had been originally contained in the Articles of Association, and shall be subject in like manner to be altered or modified by any subsequent Special Resolution.

[Definition of Special Resolution.]

LI. A Resolution passed by a Company under this Act shall be deemed to be special, whenever a Resolution has been passed by a majority of not less than three-fourths of such members of the Company for the time being entitled, according to the regulations of the Company, to vote, as may be present in person or by proxy (in cases where by the regulations of the Company proxies are allowed) at any General Meeting of which notice specifying the intention to propose such Resolution has been duly given, and such Resolution has been confirmed by a majority of such members for the time being entitled, according to the regulations of the Company, to vote, as may be present in person or by proxy at a subsequent General Meeting of which notice has been duly given, and held at an interval of not less than fourteen days, nor more than one month, from the date of the meeting at which such Resolution was first passed. At any meeting mentioned in this Section, unless a poll is demanded by at least five members, a declartion of the Chairman that the Resolution has been carried shall be deemed conclusive evidence of the fact, without proof of the number or proportion of the votes recorded in favour of or against the same. Notice of any meeting shall, for the purposes of this Section, be deemed to be duly given, and the meeting to be duly held, whenever such notice is given and meeting held in manner prescribed by the regulations of the Company. In computing the majority under this Section, when a poll is demanded, reference shall be had to the number of votes to which each member is entitled by the regulations of the Company.

[Provision where no regulations as to meetings.]

LII. In default of any regulations as to voting every member shall have one vote, and in default of any regulations as to summoning General Meetings, a meeting shall be held to be duly summoned of which seven days' notice in writing

করিয়া সংস্থিতির নিয়মপত্র লিখিত, কিম্বা প্রথম তফসীলের A চিহ্নিত পাঠ কোম্পানির প্রতি বর্ত্তিলে ঐ পাঠের লিখিত ঐ কোম্পানির সকল কি কোন বিধান পরিবর্ত্তন করিতে পারিবেন, কিম্বা ঐ কোম্পানির সকল কি কোন বিধান রহিত করণপূর্ব্বক কি তদতিরিক্ত নূতন বিধান করিতে পারিবেন। তদ্রূপ বিশেষ নির্দ্ধারণক্রমে যে কোন বিধান করা যায়, তাহা আদৌ ঐ কোম্পানির সংস্থিতির নিয়মপত্রে লিখিত হইলে যাদৃশ সিদ্ধ হইত তত্তুল্য সিদ্ধ জ্ঞান হইবে। এবং তৎপশ্চাৎ কোন বিশেষ নির্দ্ধারণক্রমে সেই প্রকারে পরিবর্ত্তিত কি মন্তারিত হইতে পারিবে ইতি।

[“ বিশেষ নির্দ্ধারণ”, এই কথার অর্থ।]

৫১ ধারা। এই আইন অনুযায়ি কোন কোম্পানি কোন নির্দ্ধারণ প্রস্তাব করিবার অভিপ্রায় নির্দ্দেশ করিয়া সাধারণ সভা হইবার সম্বাদ উপযুক্তমতে প্রকাশ করিলে পর, ঐ কোম্পানির যত সংভূয়কারি স্বয়ং কিম্বা (কোম্পানির বিধিক্রমে অনুপস্থিত ব্যক্তিরা অন্যদের দ্বারা মত জ্ঞাত করিতে পারিলে) অন্যদের দ্বারা উপস্থিত হইয়া কোম্পানির বিধিমতে মত জ্ঞাত করিবার ক্ষমতাপন্ন হন, তাঁহাদের অধিকাংশ অর্থাৎ চারি ভাগের মধ্যে অন্যূন তিন ভাগ লোক যদি সেই নির্দ্ধারণে সম্মত হন, এবং যে সভাতে সেই নির্দ্ধারণ প্রথমে করা যায়, সেই সভা করিবার তারিখের পর চতুর্দ্দশ দিনের অন্যূন ও এক মাসের অনধিক কোন কালে সাধারণ সভা পুনশ্চ হইবার সম্বাদ উপযুক্ত সময়ে প্রকাশ হইলে, সেই সভাতে যে সংভূয়কারিরা স্বয়ং কি অন্যের দ্বারা উপস্থিত হন ও কোম্পানির বিধানক্রমে অভিমত জ্ঞাত করিতে ক্ষমতাপন্ন হন তাঁহাদের অধিকাংশ লোকদ্বারা যদি ঐ নির্দ্ধারণ দৃঢ়ীভূত হয়, তবে সেই নির্দ্ধারণ বিশেষ নির্দ্ধারণ জ্ঞান হইবে। এই ধারার লিখিত কোন সভায় যাঁহারদের যে অভিমত হয় তাঁহারদের সংখ্যা গ্রহণ বিষয়ে যদি পাঁচ জনের অন্যূন সংভূয়কারী দাওয়া না করেন, তবে সেই নির্দ্ধারণের সপক্ষে কি বিপক্ষে যত ব্যক্তি অভিমত জ্ঞাত করিয়াছেন তাঁহারদের সংখ্যার কি হারের প্রমাণ বিনা, “ ঐ নির্দ্ধারণ গ্রাহ্য হইয়াছে” সভাধিপতির এই উক্তি ঐ নির্দ্ধারণ সর্ব্বসম্মত হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে। কোম্পানির বিধানে যদ্রূপ নির্দ্দিষ্ট হইয়াছে কোন সভার সম্বাদ তদ্রূপে দেওয়া গেলে, ও সভা তদ্রূপে হইলে এই ধারার অভিপ্রায়ানুসারে সেই সভার উপযুক্তমতে সম্বাদ দেওয়া গেল ও সভা উপযুক্তমতে হইয়াছে জ্ঞান হইবে। কোন প্রস্তাবের সপক্ষে যত জন অভিমত জ্ঞাত করেন যদি তাঁহাদের সংখ্যা গণনের দাওয়া হয়, তবে এই ধারাতে অধিকাংশ গণ্য কালে কোম্পানির বিধানানুসারে প্রত্যেক জনের অভিমত যত অভিমতের তুল্য হয় তাহা লক্ষ করিয়া গণ্য করিতে হইবে ইতি।

[সভা করিবার বিধি না হইলে সেই স্থলের বিধান।]

৫২ ধারা। যদি অভিমত জ্ঞাত করিবার বিধি না থাকে, তবে একি ব্যক্তির একি অভিমত হইবে। এবং যদি সাধারণ সভায় আহূত হইবার কোন বিধি না থাকে, তবে এই আইনের প্রথম তফসীলের A চিহ্নিত পাঠে জ্ঞাপনপত্র বিলি করণের যে নিয়ম নির্দ্ধার্য্য

has been served on every member in manner in which notices are required to be served by the Table marked A in the first Schedule hereto. In default of any regulation as to the persons to summon meetings, five members shall be competent to summon the same, and in default of any regulations as to who is to be Chairman of such meeting, it shall be competent for any person elected by the members present to preside.

[Registry of Special Resolutions.]

LIII. A copy of every Special Resolution that is passed by any Company under this Act shall be printed and forwarded to the Registrar of Joint Stock Companies, and be recorded by him. If such copy is not so forwarded within fifteen days from the date of the confirmation of the Resolution, the Company shall incur a penalty not exceeding twenty rupees for every day after the expiration of such fifteen days during which such copy is omitted to be forwarded, and every Director and Manager of the Company who shall knowingly and wilfully authorize or permit such default shall incur the like penalty.

[Copies of Special Resolutions.]

LIV. Where Articles of Association have been registered, a copy of every Special Resolution for the time being in force shall be annexed to or embodied in every copy of the Articles of Association that may be issued after the passing of such Resolution. Where no Articles of Association have been registered, a copy of every Special Resolution shall be forwarded in print to any member requesting the same, on payment of one rupee or such less sum as the Company may direct. If any Company makes default in complying with the provision of this Section, it shall incur a penalty not exceeding twenty rupees for each copy in respect of which such default is made; and every Director and Manager of the Company who shall knowing and wilfully authorize or permit such default shall incur the like penalty.

[Execution of deeds abroad.]

LV. Any Company under this Act may, by instrument in writing under its common seal, empower any person, either generally or in respect of any specified matters, as its Attorney, to execute deeds on its behalf in any place not situate in British India; and every deed signed by such Attorney on behalf of the Company and under his seal, shall be binding on the Company and have the same effect as if it were nuder the common seal of the Company.

হইয়াছে, সেই নিয়মানুসারে প্রত্যেক জন সংভূয়কারিকে লিখনক্রমে সপ্ত দিন পূর্ব্বে সম্বাদ দেওয়া গেলে সভায় উপযুক্তমতে আহ্বান হইয়াছে জ্ঞান হইবে। তদ্রূপ সভায় সংভূয়কারিদিগের আহ্বানকারী কে হইবেন যদি এই বিষয়ের কোন বিধি না থাকে, তবে পঞ্চজন সংভূয়কারী সভার আহ্বান করিতে পারিবেন। তদ্রূপ সভাতে কে আধিপত্য করিবেন, যদি এই বিষয়ের কোন বিধি না থাকে, তবে বর্ত্তমান সংভূয়কারিগণ যে কোন ব্যক্তিকে মনোনীত করেন তিনি সভাধিপতি হইতে সক্ষম হইবেন ইতি।

[বিশেষ নির্দ্ধারণ রেজিষ্টরী করণের কথা।]

৫৩ ধারা। কোন কোম্পানি এই আইন অনুসারে যে২ বিশেষ নির্দ্ধারণ করেন, তাহার প্রতিলিপি মুদ্রিত হইয়া জাইণ্টষ্টাক কোম্পানির রেজিষ্ট্রারের নিকটে প্রেরিত হইবে। তিনি রক্ষণীয় পত্রাদির মধ্যে তাহা গোচাইয়া রাখিবেন। নির্দ্ধারণ দৃঢ়ীভূত হইলে পর পঞ্চদশ দিবসের মধ্যে যদি সেই প্রতিলিপি প্রেরিত না হয়, তবে সেই পঞ্চদশ দিন অতীত হইয়া যত দিবস সেই প্রতিলিপি প্রেরণের বিলম্ব হয় তাহার দিন প্রতি ঐ কোম্পানির বিশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। এবং ঐ কোম্পানির যে প্রত্যেক কার্য্যাধ্যক্ষ ও সম্পাদক জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক ঐ বিলম্বের অনুমতি দেন কি ঐ বিলম্ব হইতে দেন তাঁহারও সেই দণ্ড হইতে পারিবে ইতি।

[বিশেষ নির্দ্ধারণের প্রতিলিপির কথা।]

৫৪ ধারা। যদি সংস্থিতির নিয়ম রেজিষ্টর হইয়া থাকে, তবে বিশেষ নির্দ্ধারণ হইলে পর সংস্থিতির যে প্রত্যেক নিয়মপত্র করা যায়, তাহার প্রত্যেক প্রতিলিপিতে তৎকালীন বলবৎ তদ্রূপ নির্দ্ধারণের প্রতিলিপি সংশ্লিষ্ট কি সম্বদ্ধ হইবে। যদি সংস্থিতির কোন নিয়মপত্র রেজিষ্টর না হইয়া থাকে, তবে কোন সংভূয়কারী বিশেষ নির্দ্ধারণের প্রতিলিপি প্রার্থনা করিয়া এক টাকা দিলে কিম্বা কোম্পানি তাহার ন্যূন যত নির্দ্ধার্য্য করেন তত দিলে ঐ২ নির্দ্ধারণের মুদ্রিত প্রতিলিপি তাঁহার নিকটে প্রেরিত হইবে। যদি কোন কোম্পানি এই ধারার বিধানমতে কার্য্য না করেন, তবে যে২ প্রতিলিপির সম্পর্কে সেই দোষ হয় তাহার প্রত্যেকের জন্যে ঐ কোম্পানির বিশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। এবং কোম্পানির যে প্রত্যেক কার্য্যাধ্যক্ষ ও সম্পাদক জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক সেই দোষ করিবার অনুমতি দেন কি সেই দোষ হইতে দেন তাঁহারও সেই দণ্ড হইবে ইতি।

[ভিন্নদেশে নিদর্শনপত্র সম্পাদনের কথা।]

৫৫ ধারা। এই আইন অনুযায়ি কোন কোম্পানি হস্তলিখিত আপনার সাধারণ মোহরাঙ্কিত লেখ্যক্রমে সাধারণমতে কিম্বা বিশেষ কোন ব্যাপার সম্বন্ধে ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে কোন ব্যক্তিকে আপনারদের আটর্ণিস্বরূপে আপনাদের পক্ষে নিদর্শনপত্র সম্পাদনের ক্ষমতা প্রদান করিতে পারিবেন। এবং কোম্পানির পক্ষে সেই আটর্ণির স্বাক্ষরিত ও তাঁহার মোহরাঙ্কিত প্রত্যেক নিদর্শনপত্রে ঐ কোম্পানি বদ্ধ হইবেন, ও কোম্পানির সাধারণ মোহরাঙ্কিত হইলে যাদৃশ ফল হইত ঐ নিদর্শনপত্রের তাদৃশ ফল হইবে ইতি।

[Examination of affairs of Company by Inspectors.]

LVI. The Local Government may appoint one or more competent Inspectors to examine into the affairs of any Company under this Act, and to report thereon in such manner as the Local Government may direct upon the applications following; (that is to say)—

(1.) In the case of a Banking or any other Company that has a capital divided into shares, upon the application of members holding not less than one-fifth part of the whole shares of the Company for the time being issued:

(2.) In the case of any Company not having a capital divided into shares, upon the application of members being in number not less than one-fifth of the whole number of persons for the time being entered on the Register of the Company as members.

[Application for inspection to be supported by evidence.]

LVII. The application shall be supported by such evidence as the Local Government may require for the purpose of showing that the applicants have good reason for requiring such investigation to be made, and that they are not actuated by malicious motives in instituting the same. The Local Government may also require the applicants to give security for payment of the costs of the inquiry before appointing any Inspector or Inspectors.

[Inspection of books.]

LVIII. It shall be the duty of all Officers and Agents of the Company to produce for the examination of the Inspectors all books and documents in their custody or power. Any Inspector may examine upon oath or affirmation the Officers and Agents of the Company in relation to its business, and may administer such oath or affirmation accordingly. If any such Officer or Agent refuses to produce any book or document hereby directed to be produced, or to answer any question relating to the affairs of the Company, he shall incur a penalty not exceeding one hundred rupees in respect of each offence.

[Result of examination how dealt with.]

LIX. Upon the conclusion of the examination, the Inspectors shall report their opinions to the Local Government. Such report shall be written or printed as the Local Government directs. A copy shall be forwarded by the Local Government to the registered Office of the Company, and a further copy shall, at the request of the members upon whose application the inspection was made, be delivered to them or to any one or more of them. All expenses

[পরিদর্শকদিগের দ্বারা কোম্পানির ব্যাপার পরীক্ষিত হইবার কথা।]

৫৬ ধারা। যদি স্থানবিশেষের গবর্ণমেন্টের নিকটে নিম্ন লিখিত প্রকারের প্রার্থনা হয়, তবে ঐ গবর্ণমেন্ট এই আইন অনুযায়ি কোন কোম্পানির কার্য্য ব্যাপারের পরীক্ষা করণার্থে এবং ঐ গবর্ণমেন্ট যদ্রূপে আজ্ঞা করেন তদ্রূপে রিপোর্ট করণার্থে উপযুক্ত ক্ষমতাপন্ন এক কি অধিক জন পরিদর্শককে নিযুক্ত করিতে পারিরিবেন। প্রার্থনা এই প্রকারে হইবে, যথা,

(১) যাঁহার মূলধন অংশাংশে বিভক্ত হয় এমত ব্যাঙ্কিং কি অন্য কোম্পানি হইলে, সংভূয়কারিদের মধ্যে যাঁহারা ঐ কোম্পানির তৎকালীন নিঃসরিত সমুদয় অংশের পঞ্চম ভাগের অন্যূন প্রাপ্ত হন, তাঁহাদের সেই প্রার্থনা করা প্রয়োজন।

(২) যাঁহার মূলধন অংশাংশে বিভক্ত নয়, এমত কোন কোম্পানি হইলে, যাঁহারা তৎকালে কোম্পানির রেজিস্টরে সংভূয়কারিস্বরূপে লিখিত আছেন তাঁহাদের সমুদয়ের পঞ্চমাংশের অন্যূন ব্যক্তির সেই প্রার্থনা করা প্রয়োজন ইতি।

[পরিদর্শনের প্রার্থনা প্রমাণদ্বারা প্রতিপোষণের কথা।]

৫৭ ধারা। তদ্রূপ অনুসন্ধানের প্রার্থনা হইবার উপযুক্ত কারণ আছে এবং প্রার্থকেরা ঈর্ষাকৃষ্ট হইয়া সেই নিরীক্ষণ কার্য্যের প্রবৃত্তি দেন নাই, ইহা দর্শনার্থে স্থানবিশেষের গবর্ণমেণ্ট প্রমাণক্রমে পূর্ব্বোক্ত প্রার্থনা প্রতিপোষিত হইবার আদেশ করিতে পারিবেন। আরো কোন পরিদর্শককে কি পরিদর্শকদিগকে নিযুক্ত করিবার পূর্ব্বে প্রার্থকেরা সেই নিরীক্ষণের ব্যয়শোধের প্রতিভূ দেন, স্থানীয় গবর্ণমেণ্ট এমত আদেশও করিতে পারিবেন ইতি।

[পুস্তক সমালোচনের কথা।]

৫৮ ধারা। কোম্পানির সকল কর্ম্মকারকের ও এজেণ্টের কর্ত্তব্য যে পরিদর্শকদিগের সমালোচন করণার্থে, আপনাদের রক্ষিত কি ক্ষমতাধীন সমস্ত পুস্তক ও নিদর্শনপত্র দর্শান। কোন পরিদর্শক ঐ কোম্পানির কার্য্য বিষয়ে শপথ কি প্রতিজ্ঞাক্রমে সকল কর্ম্মকারকের ও এজেণ্টের পরীক্ষা গ্রহণ করিতে সক্ষম হইবেন ও তদনুসারে শপথ কি প্রতিজ্ঞা করাইতে পারিবেন। এই ধারাতে যে পুস্তক কি নিদর্শনপত্র প্রকাশ করিবার আদেশ হইয়াছে তাহা যদি কোন কর্ম্মকারক কি এজেণ্ট না দর্শান, কিম্বা কোম্পানির ব্যাপার বিষয়ক কোন প্রশ্নের উত্তর না দেন, তবে প্রত্যেক অপরাধ হেতুক তাহার একশত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[পরীক্ষার ফলসম্পর্কে ইতিকর্ত্তব্যতার কথা।]

৫৯ ধারা। পরীক্ষার কার্য্য সমাপ্ত হইলে পরিদর্শকেরা স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে আপনাদের অভিমতের রিপোর্ট করিবেন। সেই রিপোর্ট স্থানীয় গবর্ণমেণ্টের আদেশানুসারে হস্তলিখিত কি মুদ্রিত হইবে। স্থানীয় গবর্ণমেণ্ট ঐ রিপোর্টের একগ্রন্থ কোম্পানির রেজিস্টরী কার্য্যালয়ে পাঠাইবেন। এবং যে সংভূয়কারিদের প্রার্থনামতে ঐ নিরীক্ষণ কার্য্য হইল তাঁহাদের আদেশমতে তাঁহাদিগকে কিম্বা তাঁহাদের এক কি অধিক জনকে অন্য গ্রন্থ দেওয়া যাইবে। পূর্ব্বোক্তরূপ পরীক্ষা কার্য্যে ও তৎসম্পর্কে যে টাকা ব্যয় হয়

of and incidental to any such examination as aforesaid shall be defrayed by the members upon whose application the Inspectors were appointed, unless the Local Government shall direct the same to be paid out of the assets of the Company, which the Local Government is hereby authorized to do.

[Power of Company to appoint Inspectors.]

LX. Any Company under this Act may by a Special Resolution appoint Inspectors for the purpose of examining into the affairs of the Company. The Inspectors so appointed shall have the same powers and perform the same duties as Inspectors appointed by the Local Government, with this exception, that, instead of making their report to the Local Government, they shall make the same in such manner and to such persons as the Company in General Meeting directs. The Officers and Agents of the Company shall incur the same penalties, in case of any refusal to produce any book or document hereby required to be produced to such Inspectors or to answer any question, as they would have incurred if such Inspectors had been appointed by the Local Government.

[Report of Inspectors to be evidence.]

LXI. A copy of the report of any Inspectors appointed under this Act, authenticated by the seal of the Company into whose affair they have made inspection, shall be admissible in any legal proceeding as evidence of the opinion of the Inspectors in relation to any matter containing such report.

Notices.

[Service of notices on Company.]

LXII. Any summons, notice, order or other document required to be served upon the Company, may be served by leaving the same, or sending it through the Post by a registered letter addressed to the Company, at their registered Office; and any notice to the Registrar of Joint Stock Companies may be served by sending it to him through the Post by a registered letter, or by delivering it to him, or by leaving it for him at his Office.

[Rules as to notices by letter.]

LXIII. Every document to be served by Post on the Company shall be posted in such time as to admit of its being delivered in the due course of delivery within the period (if any) prescribed for the service thereof; and in proving service of such document, it shall be sufficient to

তাহা যে সংভূয়কারিদের প্রার্থনামতে পরিদর্শকেরা নিযুক্ত হইলেন তাঁহারাই পরিশোধ করিবেন। কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট এতদ্দারা কোম্পানির স্থিতহইতে ঐ ব্যয় শোধের আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হইলেন। তদনুসারে আজ্ঞা করিলে ঐ কোম্পানির স্থিতহইতে ঐ ব্যয় শোধ হইবে ইতি।

[পরিদর্শকদিগকে নিযুক্ত করিতে কোম্পানির ক্ষমতার কথা।]

৬০ ধারা। এই আইন অনুযায়ি কোন কোম্পানি বিশেষ নির্দ্ধারণক্রমে আপনাদের বিষয়ব্যাপারের পরীক্ষার্থে পরিদর্শকদিগকে নিযুক্ত করিতে পারিবেন। তদ্রূপ নিযুক্ত পরিদর্শকেরা স্থানবিশেষের গবর্ণমেণ্টের নিযুক্ত পরিদর্শকদের তুল্য ক্ষমতাপন্ন হইবেন, ও তত্তুল্য কার্য্য সম্পাদন করিবেন, কেবল এই বিশেষ, তাঁহারা স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে রিপোর্ট না করিয়া, কোম্প্যানি সাধারণ সভাতে যদ্রূপে ও যাঁহাদিগকে রিপোর্ট করিতে আদেশ করেন তদ্রূপে তাঁহাদের নিকটে রিপোর্ট করিবেন। উক্ত পরিদর্শকেরা কোন পুস্তক কি নিদর্শনপত্র দেখাইতে আদেশ করিলে যদি ঐ কোম্পানির কর্ম্মকারকেরা ও এজেণ্টেরা তাহা না দর্শান, কিম্বা তাঁহাদের জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর না দেন, তবে স্থানীয় গবর্ণমেণ্টহইতে ঐ পরিদর্শকেরা নিযুক্ত হইলে ঐ কর্ম্মকারক প্রভৃতির যে দণ্ড হইতে পারিত তাঁহাদের সেই দণ্ড হইবে ইতি।

[পরিদর্শকদিগের রিপোর্ট প্রমাণস্বরূপ হইবার কথা।]

৬১ ধারা। এই আইনমতে যে পরিদর্শকেরা নিযুক্ত হন তাঁহারা যে কোম্পানির কার্য্যব্যাপার পরীক্ষা করিয়াছেন তাঁহার মোহরক্রমে সত্যাকৃত ঐ পরিদর্শকদিগের রিপোর্টের প্রতিলিপি, কোন মোকদ্দমায় ঐ রিপোর্টের লিখিত কোন কথা সম্পর্কে পরিদর্শকদিগের অভিমতের প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে ইতি।

জ্ঞাপনপত্রের কথা।

[কোম্পানির প্রতি জ্ঞাপনপত্র পর্য্যর্পণের কথা।]

৬২ ধারা। কোম্পানির প্রতি যে কোন আহ্বানপত্র কি জ্ঞাপনপত্র কি আজ্ঞাপত্র কি অন্য পত্র পর্য্যর্পণ করণের প্রয়োজন হয়, তাহা তাঁহাদের রেজিষ্টরী কার্য্যালয়ে দিলে, কিম্বা রেজিষ্টরী পত্রে ঐ কোম্পানির শিরোনামা দিয়া ডাকযোগে প্রেরণ করিলে, ঐ কোম্পানির প্রতি পর্য্যর্পণ হইতে পারিবে। এবং জাইণ্ট ষ্টাক কোম্পানির রেজিষ্ট্রারকে যে কোন জ্ঞাপনপত্র দিতে হয় তাহা রেজিষ্টরীপত্রে দিয়া তাঁহার নিকটে ডাকযোগে পাঠাইলে, কিম্বা তাঁহাকেই দিলে, কি তাঁহার নিমিত্তে তদীয় কার্য্যালয়ে দিলে তাঁহার প্রতি পর্য্যর্পণ হইতে পারিবে ইতি।

[পত্রদ্বারা জ্ঞাপনপত্র প্রেরণ হইলে তদ্বিষয়ের বিধি।]

৬৩ ধারা। কোম্পানির প্রতি কোন নিদর্শনপত্র ডাকযোগে পর্য্যর্পণ করিতে হইলে, যদি তৎপর্য্যর্পণের কোন সময় নির্দ্ধারিত হয়, তবে রীতিমতে পঁহুছিলে সেই সময়ের মধ্যেই পঁহুছিতে পারে, এমত অবকাশ বিবেচনায় সেই পত্র ডাকে দিতে হইবে। এবং সেই পত্রে শিরোনামা শুদ্ধরূপে লিখিত হইয়া তাহা রেজি-

prove that such document was properly directed, and that it was put as a registered letter into the Post Office.

[Authentication of notices by Company.]

LXIV. Any summons, notice, order or proceeding requiring authentication by the Company, may be signed by any Director, Secretary, or other authorized Officer of the Company, and need not be under the common seal of the Company, and the same may be in writing or in print, or partly in writing and partly in print.

Legal Proceeding.

[Evidence of proceedings at meetings.]

LXV. Every Company under this Act shall cause minutes of all Resolutions and proceedings of General Meetings of the Company, and of the Directors or Managers of the Company in cases where there are Directors or Managers, to be duly entered in books to be from time to time provided for the purpose; and any such minute as aforesaid, if purporting to be signed by the Chairman of the meeting at which such Resolutions were passed or proceeding had, or by the Chairman of the next succeeding meeting, shall be received as evidence in all legal proceedings. Until the contrary is proved, every General Meeting of the Company or meeting of Directors or Managers in respect of the proceedings of which minutes have been so made shall be deemed to have been duly held and convened, and all Resolutions passed thereat or proceedings had, to have been duly passed and had, and all appointments of Directors, Managers or Liquidators shall be deemed to be valid, and all acts done by such Directors Managers, or Liquidators shall be valid, notwithstanding any defect that may afterwards be discovered in their appointments or qualifications.

[Provision as to costs in suits brought by certain Limited Companies.]

LXVI. Where a Limited Company is plaintiff in any suit, any Judge having jurisdiction in the matter may, if it appears by any credible testimony that there is reason to believe that if the defendant be successful in his defence, the assets of the Company will be insufficient to pay his costs, require sufficient security to be given for such costs, and may stay all proceedings until such security is given.

[Plaint in suits against any member.]

LXVII. In any suit brought by the Company against any member to recover any call or other monies due from such member in his

ষ্টরী পত্রস্বরূপে ডাকে দেওয়া গিয়াছিল ইহার প্রমাণ গেলে, ঐ পত্র পর্য্যর্পণ হইবার যথেষ্ট প্রমাণ হইবে ইতি।

[কোম্পানির জ্ঞাপনপত্র সত্যীকরণের কথা।]

৬৪ ধারা। যদি কোম্পানি দ্বারা কোন আহ্বানপত্রের কি জ্ঞাপনপত্রের কি আজ্ঞাপত্রের কি ব্যবহারঘটিত পত্রের সত্যীকরণ প্রয়োজন হয়, তবে কোন কর্ম্মাধ্যক্ষ কি সেক্রেটারী কিম্বা কোম্পানি হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কর্ম্মকারক সেই আহ্বানপত্রাদিতে স্বাক্ষর করিতে পারিবেন। তাহাতে কোম্পানির সাধারণ মোহর বসান প্রয়োজন নাই। তাহা হস্তলিখিত কি মুদ্রিত কিম্বা অংশতঃ হস্তলিখিত অংশতঃ মুদ্রিত হইতে পারিবে ইতি।

ব্যবহার ঘটিত কর্ম্মের বিধি।

[সভাকৃত কার্য্যের প্রমাণের কথা।]

৬৫ ধারা। এই আইন অনুযায়ি প্রত্যেক কোম্পানি স্বকীয় সাধারণ সভার, এবং ঐ কোম্পানির কার্য্যাধ্যক্ষ কি সম্পাদক থাকিলে সেই কার্য্যাধ্যক্ষের কি সম্পাদকের সকল নির্দ্ধারণের ও কার্য্যের সংক্ষেপ বিবরণ লিখিবার পুস্তক সময়ে২ প্রস্তুত করাইয়া তাহাতে উপযুক্তমতে লেখাইবেন। ও যে সভাতে তদ্রূপ নির্দ্ধারণ অবধারিত হয় কি তদ্রূপ কার্য্য করা যায়, পূর্ব্বোক্ত প্রকারের সংক্ষেপ বিবরণে সেই সভার অধিপতির কিম্বা তাহার অব্যবহিত পরে যে সভা হয় সেই সভার অধিপতির স্বাক্ষর দৃষ্ট হইলে, সেই সংক্ষেপ বিবরণ ব্যবহারঘটিত সমস্ত কার্য্যে প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে। তদ্রূপে যে কার্য্যের সংক্ষেপ বিবরণ লেখা যায়, সেই কার্য্যসম্পর্কে কোম্পানির সাধারণ সভা কিম্বা কার্য্যাধ্যক্ষ কি সম্পাদকগণের সভা উপযুক্তমতে হইয়াছে ও সমাগত হইয়াছে, ও তাহাতে যে সকল নির্দ্ধারণ অবধারিত হইল কি কার্য্য সাধন হইল তাহা উপযুক্তমতে অবধারিত ও সাধিত হইয়াছে, এবং কার্য্যাধ্যক্ষ কি সম্পাদক কি সন্নিধায়কগণের নিয়োগ কার্য্যের কিম্বা যোগ্যতার কোন ত্রুটি পশ্চাৎ প্রকাশ হইলেও সেই নিয়োগ সিদ্ধ, এবং ঐ কার্য্যাধ্যক্ষ কি সম্পাদক কি সন্নিধায়কগণ যে সকল কার্য্য করেন তাহাও সিদ্ধ, বিপক্ষ প্রমাণ না হওয়া পর্য্যন্ত এমত জ্ঞান হইবে ইতি।

[দায়ের সীমাবদ্ধ কোন২ কোম্পানি প্রাপ্য প্রাপণার্থে অভিযোগ করিলে সেই ব্যয়ের বিধানের কথা।]

৬৬ ধারা। দায়ের সীমাবদ্ধ কোন কোম্পানি কোন মোকদ্দমায় বাদী হইলে, তদ্বিষয়ে যে বিচারকর্ত্তার বিচারাধিপত্য থাকে, তিনি যদি বিশ্বাসযোগ্য কোন সাক্ষ্যক্রমে বোধ করেন যে, প্রতিবাদী প্রত্যুত্তরে কৃতার্থ হইলে মোকদ্দমার ব্যয় শোধার্থে কোম্পানির স্থিত অকুলান হইবে, তবে তিনি ঐ ব্যয় শোধ হইবার প্রচুর প্রতিভূ দিবার আজ্ঞা করিয়া, প্রতিভূ দত্ত না হওন পর্য্যন্ত ঐ মোকদ্দমাঘটিত কার্য্য স্থগিত রাখিতে পারিবেন ইতি।

[সংভূয়কারিদের বিপক্ষ মোকদ্দমায় বাদের কথা।]

৬৭ ধারা। কোন সংভূয়কারির স্থানে তাঁহার অংশ হেতুক কি প্রকারান্তরে প্রাপ্য কোন টাকা আদায় করণার্থে যদি কোম্পানি তাঁহার সংভূয়কারিত্ব পদ লক্ষ

character of member, it shall be sufficient to allege that the defendant is a member of the Company and is indebted to the Company in respect of a call made or other monies due whereby suit has accrued to the Company.

Alteration of Forms.

[Governor General in Council may alter forms in Schedule.]

LXVIII. The forms set forth in the second Schedule hereto, or forms as near thereto as circumstances admit, shall be used in all matters to which such forms refer. The Governor General of India in Council may from time to time make such alterations in the Tables and forms contained in the first Schedule hereto, so that he does not increase the amount of fees payable to the Registrar in the said Schedule mentioned, and in the forms in the second Schedule, or make such additions to the last mentioned forms, as he deems requisite. Any such Table or form, when altered, shall be published in the Gazette of India, and upon such publication being made, such Table or form shall have the same force as if it were included in the Schedule to this Act, but no alteration made by the Governor-General of India in Council in the Table marked A contained in the first Schedule shall effect any Company registered prior to the date of such alteration, or repeal, as respects such Company, any portion of such Table.

Arbitrations.

[Power for Companies to refer matters to arbitrations.]

LXIX. Any Company under this Act may from time to time, by writing under its common seal, agree to refer and may refer to arbitration any matter whatsoever in dispute between itself and any other Company or person; and the Companies parties to the arbitration may delegate to the person or persons to whom the reference is made power to settle any terms or to determine any matter capable of being lawfully settled or determined by the Companies themselves, or by the Directors or other managing body of such Companies.

[Power to alter or revoke agreements for reference.]

LXX. The Companies jointly, but not otherwise, from time to time, by writing under their respective common seals, may add to, alter or revoke any agreement for reference in accordance

করিয়া তাঁহার নামে অভিযোগ করেন, তবে তদ্রূপ মোকদ্দমায় প্রতিবাদী কোম্পানির সংভূয়কারি এবং অংশহেতুক কিম্বা প্রকারান্তরে তাঁহার দেয় টাকার জন্যে কোম্পানির নিকটে ঋণী ও তদ্ধেতুক কোম্পানির মোকদ্দমা করিতে হইয়াছে এই উক্তিই প্রচুর হইবে ইতি।

পাঠ পরিবর্ত্তনের বিধি।

[তফসীলের লিখিত পাঠ পরিবর্ত্তন করিতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ক্ষমতার কথা।]

৬৮ ধারা। এই আইনের দ্বিতীয় তফসীলের পাঠ যে২ ব্যাপারের প্রতি বর্ত্তে সেই২ ব্যাপারে ঐ পাঠের কিম্বা গতিক বিবেচনায় তত্তুল্য প্রায় পাঠের ব্যবহার হইবে। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আইনের প্রথম তফসীলের লিখিত টেবিল ও পাঠ সময়ে২ পরিবর্ত্তন করিতে পারিবেন, কিন্তু উক্ত তফসীলে রেজিষ্ট্রারকে দাতব্য যে শুল্ক ব্যক্ত হইয়াছে তাহা বৃদ্ধি করিতে পারিবেন না। এবং দ্বিতীয় তফসীলের যদ্রূপ পরিবর্ত্তন করা কিম্বা শেষোক্ত পাঠে অধিক যত কথা সংযোগ করা আবশ্যক জ্ঞান করেন তাহা করিতে পারিবেন। তদ্রূপ কোন টেবিল কি পাঠ পরিবর্ত্তন হইলে ইণ্ডিয়া গেজেটে প্রকাশ হইবে। এবং তদ্রূপে প্রকাশ হইলে পর সেই টেবিল কি পাঠ এই আইনের তফসীলে লিখিত হওয়ার তুল্য বলবৎ হইবে। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব প্রথম তফসীলের A চিহ্নিত টেবিলের যে পরিবর্ত্তন করেন, ঐ পরিবর্ত্তনের তারিখের পূর্ব্বে যে কোম্পানি রেজিস্টর হইয়াছে তাহার প্রতি সেই পরিবর্ত্তনেতে কোন সম্পার্ক বর্ত্তিবে না কিম্বা সেই কোম্পানির উপলক্ষে ঐ টেবিলের কোন অংশ রহিত হইবে না ইতি।

মধ্যস্থের বিধি।

[মধ্যস্থের প্রতি বিবাদ অর্পণ করিতে কোম্পানির ক্ষমতার কথা।]

৬৯ ধারা। এই আইন অনুযায়ি কোন কোম্পানির সহিত যদি অন্য কোম্পানির কি ব্যক্তির কোন বিষয়ে বিবাদ হয়, তবে সেই কোম্পানি সময়ে২ আপনার সাধারণ মোহরাঙ্কিত লিপিক্রমে তদ্রূপ বিবাদীয় কোন বিষয় মধ্যস্থের বিচারার্থে অর্পণ করিতে সম্মত হইয়া সমর্পণ করিতে পারিবেন। এবং যে কোম্পানিরা ঐ মধ্যস্থালির দুই পক্ষ হন, তাঁহাদের দ্বারা কিম্বা তাঁহাদের কর্ম্মাধ্যক্ষগণের কি কার্য্যসম্পাদক অন্য ব্যক্তিগণের দ্বারা আইনমতে যে কোন নিয়ম অবধারণ হইতে কিম্বা যে কোন বিষয় নিষ্পত্তি হইতে পারে, ঐ উভয় পক্ষ যে মধ্যস্থের প্রতি সেই বিবাদ নিষ্পত্ত্যর্থে অর্পণ করেন তাঁহাকে সেই নিয়ম অবধার্য্য কি বিষয় নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন ইতি।

[বিবাদ সমর্পণের সম্মতিপত্র পরিবর্ত্তন কি রহিত করিবার ক্ষমতার কথা।]

৭০ ধারা। উভয় পক্ষীয় কোম্পানিরা এই আইন অনুসারে মধ্যস্থের প্রতি বিবাদ সমর্পণে যে সম্মতি পত্র করেন সেই সম্মতিপত্রে কিম্বা তল্লিখিত কোন নিয়মে কি উদ্দেশে কি সম্বিদে, উভয়পক্ষ সময়ে২

with this Act theretofore entered into between the Companies, or any of the terms, conditions or stipulations thereof.

[Agreements to be carried into effect.]

LXXI. Every reference or agreement in accordance with this Act, except so far as it is from time to time revoked or modified in accordance with this Act, shall bind the Companies, and may and shall be carried into full effect.

[Reference to Arbitrator.]

LXXII. Where the Companies agree, the reference shall be made to a single Arbitrator.

[Reference to two or more Arbitrators.]

LXXIII. Except where the Companies agree that the reference shall be made to a single Arbitrator, the reference shall be made as follows; to wit—

Where there are two Companies, the reference shall be made to two Arbitrators:

Where there are three or more Companies, the reference shall be made to so many Arbitrators as there are Companies.

[Appointment of Arbitrators by Companies.]

LXXIV. Where there are to be two or more Arbitrators, every Company shall by writing under their common seal appoint one of the Arbitrators, and shall give notice in writing thereof to the other Company or Companies.

[Appointment of Arbitrators by Local Government.]

LXXV. Where there are to be two or more Arbitrators, if any of the Companies fail to appoint an Arbitrator within fourteen days after being thereunto requested in writing by the other Company, or by the other Companies or any of them, then, on the application of the Companies or any of them, the Local Government, instead of the Company so failing to appoint an Arbitrator, may appoint an Arbitrator. The Arbitrator so appointed shall for the purposes of this Act be deemed to be appointed by the Company so failing.

[Appointment of Arbitrators by Companies to supply vacancies.]

LXXVI. When the reference is made to two or more Arbitrators, if before the matters referred to them are determined any Arbitrator dies, or becomes incapable or unfit, or for seven consecutive days fails to act as Arbitrator, the Company by which he was appointed shall by writing under their common seal appoint an Arbitrator in his place.

আপন২ সাধারণ মোহরাঙ্কিত লিপিক্রমে পৃথকরূপে নহে কিন্তু একত্রে, অধিক কথা সংযোগ করিতে, কিম্বা কোন কথা পরিবর্ত্তন করিতে কিম্বা উঠাইয়া দিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[সম্মতি পত্রানুসারে কার্য্য সম্পাদনের কথা।]

৭১ ধারা। এই আইন অনুসারে মধ্যস্থের প্রতি বিবাদ সমর্পণের যে কার্য্য কিম্বা যে সম্মতিপত্র করা যায়, তাহার যে অংশ সময়ে২ এই আইন অনুসারে রহিত কি রূপান্তরিত হয় তদ্ভিন্ন তাহাতে উভয় পক্ষীয় কোম্পানিরা বদ্ধ হইবেন ও তাহা সম্পূর্ণরূপে সফল হইতে পারিবে ও হইবে ইতি।

[মধ্যস্থের প্রতি অর্পণের কথা।]

৭২ ধারা। যদি উভয় পক্ষীয় কোম্পানিরা সম্মত হন, তবে একি জন মধ্যস্থের বিচারার্থে বিবাদ সমর্পণ হইবে ইতি।

[দুই কি অধিক জন মধ্যস্থের প্রতি সমর্পণের কথা।]

৭৩ ধারা। উভয় পক্ষীয় কোম্পানিরা একি জন মধ্যস্থের বিচারার্থে বিবাদ সমর্পণ করিতে সম্মত না হইলে, বিবাদ সমর্পণের কার্য্য পশ্চাৎ লিখিতমতে করা যাইবে, অর্থাৎ—

যদি দুই কোম্পানি বিবাদী হন, তবে দুই জন মধ্যস্থের বিচারার্থে বিবাদার্পণ হইবে।

যদি তিন কি অধিক কোম্পানি বিবাদী হন, তবে বিবাদি যত কোম্পানি, তত জন মধ্যস্থের প্রতি বিবাদার্পণ হইবে ইতি।

[কোম্পানিকর্ত্তৃক মধ্যস্থ নিযুক্ত হইবার কথা।]

৭৪ ধারা। যে স্থলে দুই কি ততোধিক জন মধ্যস্থকে নিযুক্ত করিতে হইবে, সেই স্থলে প্রত্যেক কোম্পানি আপনার সাধারণ মোহরাঙ্কিত লিপিক্রমে এক জন মধ্যস্থকে নিযুক্ত করিয়া, অন্য কোম্পানিকে কি কোম্পানিদিগকে লিখনক্রমে তদ্বিষয়ের সম্বাদ দিবেন ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক মধ্যস্থদিগের নিযুক্ত হইবার কথা।]

৭৫ ধারা। যে স্থলে দুই কি অধিক মধ্যস্থকে নিযুক্ত করিতে হয় সেই স্থলে কোন এক কোম্পানি অন্য কোম্পানির কি অন্য কোম্পানিদের কি তন্মধ্যে কোন কোম্পানির স্থানে মধ্যস্থকে নিযুক্ত করণ বিষয়ের আদেশপত্র প্রাপ্ত হইলে পর যদি চতুর্দ্দশ দিনের মধ্যে মধ্যস্থকে নিযুক্ত না করেন, তবে উক্ত কোম্পানিদিগের কি তন্মধ্যে কোন কোম্পানির প্রার্থনা হইলে মধ্যস্থকে নিযুক্ত করিবার ত্রুটিকারি কোম্পানির পরিবর্ত্তে স্থানীয় গবর্ণমেণ্ট মধ্যস্থকে নিযুক্ত করিতে পারিবেন। তদ্রূপ নিযুক্ত মধ্যস্থ এই আইনের অভিপ্রায় সফল করণার্থে ঐ ত্রুটিকারি কোম্পানির দ্বারা নিযুক্ত মধ্যস্থ জ্ঞান হইবেন ইতি।

[পদশূন্য হইলে কোম্পানির দ্বারা মধ্যস্থের নিযুক্ত হইবার কথা।]

৭৬ ধারা। বিবাদীয় বিষয় দুই কি অধিক জন মধ্যস্থের প্রতি সমর্পিত হইলে, যদি তাঁহাদের প্রতি অর্পিত বিষয় নির্ণয় করণের পূর্ব্বে কোন মধ্যস্থ মরেন কিম্বা কর্ম্ম করিতে অক্ষম কি অনুপযুক্ত হন কিম্বা ক্রমাগত সাত দিন পর্য্যন্ত মধ্যস্থের কর্ম্ম না করেন, তবে যে কোম্পানিকর্ত্তৃক নিযুক্ত হইলেন সেই কোম্পানি তাঁহার পদে আপনাদের সাধারণ মোহরাঙ্কিত লিপিক্রমে অন্য মধ্যস্থকে নিযুক্ত করিবেন ইতি।

[Appointment of Arbitrators by Local Government to supply vacancies.]

LXXVII. Where the Company by which an Arbitrator ought to be appointed in the place of the Arbitrator so deceased, incapable, unfit or failing to act, fails to make the appointment within fourteen days after being thereunto requested in writing by the other Company, or by the other Companies or any of them, then, on the application of the Companies or any of them, the Local Government may appoint are Arbitrator. The Arbitrator so appointed shall for the purposes of this Act be deemed to be appointed by the Company so failing.

[Appointment of Arbitrator not revocable.]

LXXVIII. When any appointment of an Arbitrator is made, the Company making the appointment shall have no power to revoke the same without the previous consent in writing of the other Company or every other Company in writing under their common seal.

[Appointment of Umpire by Arbitrators.]

LXXIX. Where two or more Arbitrators are appointed, they shall, before entering on the business of the reference, appoint by writing under their hands an impartial and qualified person to be their Umpire.

[Appointment of Umpire by Local Government.]

LXXX. If the Arbitrators do not appoint an Umpire within seven days after the reference is made to the Arbitrators, then, on the application of the Companies or any of them, the Local Government may appoint an Umpire; and the Umpire so appointed shall for the purposes of this Act be deemed to be appointed by the Arbitrators.

[Appointment of Umpire by Arbitrators to supply vacancy.]

LXXXI. Where two or more Arbitrators are appointed, if before the matters referred to them are determined their Umpire dies, or becomes incapable or unfit, or for seven consecutive days fails to act as Umpire, the Arbitrators shall by writing under their hands appoint an impartial and qualified person to be their Umpire in his place.

[Appointment of Umpire by Local Government to supply vacancy.]

LXXXII. If the Arbitrators fail to appoint an Umpire within seven days after notice in writing to them of the decease, incapacity, unfitness or failure to act of their Umpire, then, on the application of the Companies or any of them, the Local Government may appoint an Umpire. The

[শূন্য পদে স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক মধ্যস্থ নিযুক্ত হইবার কথা।]

৭৭ ধারা। তদ্রূপ মৃত কি কার্য্য করণাক্ষম কি অনুপযুক্ত কি ত্রুটিকারি ব্যক্তির স্থানে অন্য মধ্যস্থকে নিযুক্ত করা যে কোম্পানির কর্ত্তব্য হয়, সেই কোম্পানি অন্য কোম্পানির কি অন্য কোম্পানিরদের কি তন্মধ্যে কোন কোম্পানির দ্বারা আদিষ্ট হইলে পর যদি চতুর্দ্দশ দিনের মধ্যে অন্য মধ্যস্থকে নিযুক্ত না করেন, তবে স্থান বিশেষের গবর্ণমেণ্ট সেই কোম্পানিদের কি তন্মধ্যে কোন কোম্পানির প্রার্থনামতে এক জন মধ্যস্থকে নিযুক্ত করিতে পারিবেন। তদ্রূপে নিযুক্ত মধ্যস্থ এই আইনের অভিপ্রায় সফল করণার্থে সেই ত্রুটিকারি কোম্পানির নিযুক্ত মধ্যস্থ জ্ঞান হইবেন ইতি।

[মধ্যস্থের নিয়োগ নিবর্ত্ত হইতে না পারিবার কথা।]

৭৮ ধারা। কোন মধ্যস্থকে নিযুক্ত করা গেলে পর, যে কোম্পানি তাঁহাকে নিযুক্ত করিলেন, সেই কোম্পানি অন্য কোম্পানির কিম্বা অন্য প্রত্যেক কোম্পানির সাধারণ মোহরাঙ্কিত লিপিক্রমে সম্মতি প্রাপ্ত না হইলে, ঐ নিয়োগ নিবর্ত্ত করিতে ক্ষমতাপন্ন হইবেন না ইতি।

[মধ্যস্থদের দ্বারা প্রমাণপুরুষ নিযুক্ত হইবার কথা।]

৭৯ ধারা। যদি দুই কি অধিক জন মধ্যস্থকে নিযুক্ত করা যায়, তবে তাঁহারা অর্পিত বিষয়ের বিচার করণের পুর্ব্বে আপনাদের স্বাক্ষরিত লিপিদ্বারা অপক্ষপাতি ও সুযোগ্য ব্যক্তিকে আপনাদের প্রমাণপুরুষ স্বরূপ নিযুক্ত করিবেন ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক প্রমাণপুরুষ নিযুক্ত হইবার কথা।]

৮০ ধারা। কোন বিষয় মধ্যস্থদিগের বিচারার্থে অর্পিত হইলে যদি তাঁহারা সাতদিনের মধ্যে প্রমাণপুরুষকে নিযুক্ত না করেন, তবে স্থানীয় গবর্ণমেণ্ট কোম্পানিদের, কি তন্মধ্যে কোন কোম্পানির প্রার্থনামতে প্রমাণপুরুষকে নিযুক্ত করিতে পারিবেন। ও তদ্রূপে যে প্রমাণপুরুষ নিযুক্ত হন, তিনি এই আইনের কার্য্য সাধনার্থে মধ্যস্থদিগের দ্বারা নিযুক্ত প্রমাণপুরুষ জ্ঞান হইবেন ইতি।

[পদশূন্য হইলে মধ্যস্থদিগের দ্বারা প্রমাণপুরুষ নিযুক্ত হইবার কথা।]

৮১ ধারা। দুই কি ততোধিক জন মধ্যস্থ নিযুক্ত হইলে, যদি তাঁহাদের বিচারার্থে সমর্পিত বিষয়ের নির্ণয় হইবার পুর্ব্বে তাঁহাদের প্রমাণপুরুষ মরেন, কিম্বা অক্ষম কি অযোগ্য হন, কিম্বা ক্রমাগত সাত দিন পর্য্যন্ত প্রমাণপুরুষস্বরূপে কর্ম্ম না করেন, তবে মধ্যস্থেরা আপনাদের স্বাক্ষরিত লিপিদ্বারা তাঁহাস্থানে অপক্ষপাতি ও সুযোগ্য ব্যক্তিকে আপনাদের প্রমাণপুরুষস্বরূপে নিযুক্ত করিবেন ইতি।

[শূন্যপদে স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রমাণপুরুষ নিযুক্ত হইবার কথা।]

৮২ ধারা। মধ্যস্থেরা আপনাদের প্রমাণপুরুষের মৃত্যুর কি অক্ষমতার কি অযোগ্যতার কি কর্ম্ম না করণের লিখিত সম্বাদ প্রাপ্ত হইলে পর যদি সাত দিনের মধ্যে প্রমাণপুরুষকে নিযুক্ত না করেন, তবে স্থানীয় গবর্ণমেণ্ট কোম্পানিদের কি তন্মধ্যে কোন কোম্পানির প্রার্থনামতে প্রমাণপুরুষকে নিযুক্ত করিতে

Umpire so appointed shall for the purposes of this Act be deemed to be appointed by the Arbitrators so failing.

[Succeeding Arbitrators and Umpires to have powers of predecessors.]

LXXXIII. Every Arbitrator appointed in the place of a preceding Arbitrator, and every Umpire appointed in the place of a preceding Umpire, shall respectively have the like powers and authorities as his respective predecessor.

[Reference to Umpire.]

LXXXIV. Where there are two or more Arbitrators, if they do not within such a time as the Companies agree on, or, failing such agreement, within thirty days next after the reference is made to the Arbitrators, agree on their award thereon, then the matters referred to them, or such of those matters as are not then determined, shall stand referred to their Umpire.

[Power for Arbitrators, &c., to call for books, &c., and administer oath.]

LXXXV. The Arbitrator, and the Arbitrators, and the Umpire respectively may call for the production of any documents or evidence in the possession or power of the Companies respectively, or which they respectively can produce, and which the Arbitrator, or the Arbitrators, or the Umpire shall think necessary for determining the matters referred, and may examine the witnesses of the Companies respectively on oath or affirmation, and may administer the requisite oath or affirmation.

[Procedure in the Arbitration.]

LXXXVI. Except where and as the Companies otherwise agree, the Arbitrator, and the Arbitrators, and the Umpire respectively may proceed in the business of the reference in such manner as he and they respectively shall think fit.

[Arbitration may proceed in absence of Companies.]

LXXXVII. The Arbitrator, and the Arbitrators, and the Umpire respectively may proceed in the absence of all or any of the Companies in every case in which, after giving notice in that behalf to the Companies respectively, the Arbitrator, or the Arbitrators, or the Umpire shall think fit so to proceed.

[Several awards may be made.]

LXXXVIII. The Arbitrator, and the Arbitrators, and the Umpire respectively may, if he and they respectively think fit, make several awards, each on part of the matters referred, instead of one award on all the matters referred. Every such award on the part of the matters shall for such time as shall be stated in the award, the same being such as shall have been specified in the agreement

পারিবেন। তদ্রূপে যে প্রমাণপুরুষ নিযুক্ত হন তিনি এই আইনের কার্য্য সাধনার্থে সেই ত্রুটিকারি মধ্যস্থকর্ত্তৃক নিযুক্ত প্রমাণপুরুষ জ্ঞান হইবেন ইতি।

[পশ্চাৎ নিযুক্ত মধ্যস্থ ও প্রমাণপুরুষের ক্ষমতা পূর্ব্ব নিযুক্ত ব্যক্তিদের তুল্য হইবার কথা।]

৮৩ ধারা। পূর্ব্ব নিযুক্ত মধ্যস্থের পরিবর্ত্তে যিনি মধ্যস্থের পদে নিযুক্ত হন ও পূর্ব্ব নিযুক্ত প্রমাণপুরুষের পরিবর্ত্তে যিনি প্রমাণপুরুষের পদে নিযুক্ত হন, তিনি পূর্ব্ব নিযুক্ত ব্যক্তির তুল্য শক্তি ও ক্ষমতা প্রাপ্ত হইবেন ইতি।

[প্রমাণপুরুষের প্রতি বিবাদার্পণের কথা।]

৮৪ ধারা। দুই কি অধিক জন মধ্যস্থ থাকিলে, যদি তাঁহারা কোম্পানিদিগের সম্মতিপত্রের নির্দ্ধারিত সময়ের মধ্যে, কিম্বা তদ্রূপ সম্মতিপত্র না থাকিলে যদি তাঁহাদের প্রতি বিবাদ অর্পণের পর অব্যবহিত ত্রিশ দিনের মধ্যে আপনাদের নির্ণয় বিষয়ে সম্মত না হন, তবে তাঁহাদের বিচারার্থে অর্পিত সেই বিষয়, কিম্বা তন্মধ্যে যে২ বিষয়ের নির্ণয়পাদ না হয় সেইং বিষয় তাঁহাদের প্রমাণপুরুষের প্রতি অর্পিত থাকিবে ইতি।

[মধ্যস্থ প্রভৃতির পুস্তকাদি আনাইতে আজ্ঞা করিবার ও শপথ করাইবার ক্ষমতার কথা।]

৮৫ ধারা। ঐ২ কোম্পানির অধিকার কি ক্ষমতাগত যে কোন নিদর্শনপত্র কি প্রমাণপত্র থাকে কিম্বা ঐ২ কোম্পানি যাহা দর্শাইতে পারেন, তন্মধ্যে ঐ মধ্যস্থ কি মধ্যস্থেরা কি প্রমাণপুরুষ অর্পিত বিবাদ নির্ণয়ার্থে যাহা আবশ্যক জ্ঞান করেন, তাহা দর্শাইবার আজ্ঞা করিতে পারিবেন, এবং শপথ কি প্রতিজ্ঞা করাইয়া ঐ কোম্পানিদিগের সাক্ষিদের পরীক্ষা লইতে পারিবেন ও প্রয়োজনীয় শপথ কি প্রতিজ্ঞা করাইতে পারিবেন ইতি।

[বিচারকার্য্যে ইতিকর্ত্তব্যতার কথা।]

৮৬ ধারা। মধ্যস্থ ও মধ্যস্থগণ ও প্রমাণপুরুষ যেরূপ উচিত বোধ করেন তদ্রূপেই অর্পিত বিষয়ের কার্য্য সম্পাদনে প্রবর্ত্ত হইবেন। কিন্তু যদি কোম্পানিরা সম্মত হইয়া নিয়মান্তর করেন, তবে সেই নিয়ম প্রবল হইবে ইতি।

[কোম্পানিদিগের অনুপস্থানেও বিচার চলিবার কথা।]

৮৭ ধারা। মধ্যস্থ কি মধ্যস্থেরা কি প্রমাণপুরুষ কার্য্যে প্রবর্ত্ত হওয়া উচিত বোধ করিলে কোম্পানিদিগকে কার্য্যে প্রবর্ত্ত হইবার সম্বাদ দিলে পর প্রত্যেক স্থলে সেইং কোম্পানি কি তন্মধ্যে কোন কোম্পানির অবর্ত্তমানেও সেই কার্য্য সম্পাদন করিতে পারিবেন ইতি।

[অনেক নির্ণয়পাদ হইবার কথা।]

৮৮ ধারা। যদি মধ্যস্থ ও মধ্যস্থেরা ও প্রমাণপুরুষ উচিত বোধ করেন, তবে তিনি কি তাঁহারা বিচারার্থে অর্পিত সমস্ত বিষয়ের একি নির্ণয়পাদ না করিয়া অর্পিত বিষয়ের এক২ অংশের এক২ নির্ণয়পাদ করিতে পারিবেন। বিবাদীয় বিষয়ের কোন অংশে তদ্রূপে যে প্রত্যেক নির্ণয়পাদ করা যায়, তাহা যে সকল বিষয়ের প্রতি বর্ত্তে সেই সকল বিষয় সম্পর্কে ঐ নির্ণয়পাদের উল্লিখিত কালের অর্থাৎ মধ্যস্থালির সম্মতিপত্রে যে

for arbitration, or in the event of no time having been so specified, for any time which the Arbitrator may be legally entitled to fix, be binding as to all the matters to which it extends, and as if the matters awarded on were all the matters referred, and that notwithstanding the other matters or any of them be not then or hereafter awarded on.

[Awards made in due time to bind all parties.]

LXXXIX. The award of the Arbitrator, or of the Arbitrators, or of the Umpire, if made in writing under his or their respective hand or hands and ready to be delivered to the Companies within such a time as the Companies agree on, or failing such agreement within thirty days next after the matters in difference are referred to (as the case may be) the Arbitrator, or the Arbitrators, or the Umpire, shall be binding and conclusive on all the Companies.

[Power for Umpire to extend period for making his award.]

XC. Provided always that (except where and as the Companies otherwise agree) the Umpire, from time to time by writing under his hand, may extend the period within which his award is to be made. If it be made and ready to be delivered within the extended time, it shall be as valid and effectual as if made within the prescribed period.

[Awards not to be set aside for informality.]

XCI. No award made on any arbitration in accordance with this Act shall be set aside for any irregularity or informality.

[Awards to be obeyed.]

XCII. Except only so far as the Companies bound by any award in accordance with this Act from time to time otherwise agree, all things by every award in accordance with this Act lawfully required to be done, omitted or suffered, shall be done, omitted or suffered accordingly.

[Agreements, arbitrations and a awards to have effect.]

XCIII. Full effect shall be given by the Courts according to their respective jurisdictions, and by the Companies respectively, and otherwise, to all agreements, references, arbitrations and awards in accordance with this Act; and the performance or observance thereof may, where the Courts think fit, be compelled by any process against the Companies respectively or their respective property

কাল নির্দ্দিষ্ট হইয়াছে সেই কালের নিমিত্তে, অথবা যদি তদ্রূপ কোন কাল নির্দ্দিষ্ট না থাকে, তবে মধ্যস্থ আইনমতে যত কাল অবধারণ করিতে ক্ষমতাপন্ন হন তত কালের নিমিত্তে দৃঢ়তর হইবে, ফলতঃ যে২ বিষয়ের উপর নির্ণয়পাদ হয় তদ্ভিন্ন যেন অন্য বিষয় নির্ণয়ার্থে অর্পিত হয় নাই এমতে দৃঢ়তর হইবে, এবং অর্পিত অন্য সকল কি কোন বিষয় তৎ কালে কি তৎপরে নির্ণীত না হইলেও দৃঢ়তর হইবে ইতি।

[উপযুক্ত সময়ে কৃত নির্ণয়পাদে সকল পক্ষের বদ্ধ হইবার কথা।]

৮৯ ধারা। মধ্যস্থের কি মধ্যস্থদিগের কি প্রমাণপুরুষের নির্ণয়পাদ যদি তাঁহার কি তাঁহাদের স্বাক্ষরিত লিপিবদ্ধ হইয়া করা যায়, এবং কোম্পানিরা সম্মতিপত্রে যে সময় অবধারণ করিয়াছিলেন সেই সময়ের মধ্যে, কিম্বা তদ্রূপ সম্মতিপত্র না হইলে বিবাদীয় বিষয় ঐ মধ্যস্থের কি মধ্যস্থদিগের কি প্রমাণ পুরুষের প্রতি অর্পিত হওনের পর অব্যবহিত ত্রিশ দিনের মধ্যে, যদি সেই নির্ণয়পাদ কোম্পানিদিগের প্রতি সমর্পণার্থে প্রস্তুত হয়, তবে সেই নির্ণয়পাদে সকল কোম্পানি বদ্ধ হইবেন ও তাহা সকল কোম্পানির পক্ষে সিদ্ধান্ত হইবে ইতি।

[প্রমাণপুরুষের নির্ণয়পাদ করিবার কাল বিস্তৃত করিবার ক্ষমতার কথা।]

৯০ ধারা। পরন্তু যে কালের মধ্যে প্রমাণপুরুষের নির্ণয়পাদ করা যাইবে সেই কাল তিনি আপনার স্বাক্ষরিত লিপিক্রমে সময়ে২ বৃদ্ধি করিতে পারিবেন। যদি ঐ নির্ণয়পাদ সেই বিস্তৃত কালের মধ্যে করা যায় ও সমর্পিত হইবার জন্যে প্রস্তুত হয়, তবে নির্দ্ধারিত কালের মধ্যে হওয়ার ন্যায় সিদ্ধ ও সফল হইবে। কিন্তু যদি কোম্পানিরা নিয়মান্তরে সম্মত হন, তবে তাহাই প্রবল হইবে ইতি।

[রীতির ব্যতিক্রম হেতুক নির্ণয়পাদ অসিদ্ধ না হইবার কথা।]

৯১ ধারা। এই আইনঅনুসারে মধ্যস্থালিক্রমে যে নির্ণয় পাদ করা যায় তাহা দাঁড়ার কি রীতির ব্যতিক্রম হেতুক অসিদ্ধ হইবে না ইতি।

[নির্ণয়পাদ মান্য হইবার কথা।]

৯২ ধারা। এই আইন অনুযায়ি প্রত্যেক নির্ণয়পাদক্রমে ব্যবস্থামত যে সকল কার্য্য করিবার কি ত্যজ্য কি ভোগ করিবার আজ্ঞা হয়, তাহা তদনুসারে করা যাইবে কি ত্যজ্য কি ভুক্ত হইবে। কিন্তু যে কোম্পানিরা এই আইন অনুযায়ি নির্ণয়পাদক্রমে বদ্ধ হন তাঁহারা সময়ে২ নিয়মান্তরে সম্মত হইলে তাহা প্রবল হইবে ইতি।

[সম্মতিপত্র ও মধ্যস্থালি ও নির্ণয়পাদ সফল করিবার কথা।]

৯৩ ধারা। এই আইন অনুসারে যে সকল সম্মতিপত্র ও বিবাদার্পণ ও মধ্যস্থালি ও জয়পত্র করা যায় তাহা নানা আদালতের বিচারাধিপত্যক্রমে সেই২ আদালতকর্ত্তৃক ও নানা কোম্পানিকর্ত্তৃক ও প্রকারান্তরে সম্পূর্ণরূপে সফল করা যাইবে। এবং আদালত যে২ স্থলে উচিত বোধ করেন সেই২ স্থলে ঐ২ আদালত কি তাহার কোন বিচারকর্ত্তা ঐ কোম্পানির বিপক্ষে কি তাঁহাদের সম্পত্তি সম্পর্কে কোন আজ্ঞাপত্র প্রচার

that the Courts or any Judge thereof shall direct and where requisite frame, for the purpose.

[Costs of arbitration and award.]

XCIV. Except where and as the Companies otherwise agree, the costs of and attending the arbitration and the award shall be in the discretion of the Arbitrator, and the Arbitrators, and the Umpire respectively.

[Payment of costs.]

XCV. Except where and as the Companies otherwise agree, and if and so far as the award does not otherwise determine, the cost of and attending the arbitration and the award shall be borne and paid by the Companies in equal shares and in other respects the Companies shall bear their own respective costs.

[Submission to arbitration to be filed in Court.]

XCVI. On the application of any party interested, the submission to any such arbitration may be filed in the High Court, and an order of reference may be made thereon, with any directions the Court thinks fit; and the provisions of the Code of Civil Procedure shall, so far as the same are applicable, apply to every such order and to all procedings thereunder.

PART IV.

WINDING-UP OF COMPANIES AND ASSOCIATIONS UNDER THIS ACT.

Preliminary.

[Meaning of contributory.]

XCVII. The term "contributory" shall mean every person liable to contribute to the assets of a Company under this Act in the event of the same being wound up; it shall also, in all proceedings for determining the persons who are to be deemed contributories, and in all proceedings prior to the final determination of such persons, include any person alleged to be a contributory.

[Nature of liability of contributory.]

XCVIII. The liability of any person to contribute to the assets of a Company under this Act in the event of the same being wound up, shall be deemed to create a debt accruing due from such person at the time when his liability commenced, but payable at the time or respective times when calls are made as hereinafter mentioned for enforcing such liability; and it shall be lawful in the case of the insolvency of any contributory to prove against his estate the estimated value of his liability to future call, as well as calls already made.

করিবার আজ্ঞা করিয়া, এবং তদর্থে প্রয়োজনমতে আজ্ঞাপত্র প্রস্তুত করিয়া, ঐ জয়পত্র বলপূর্ব্বক সাধন কি প্রতিপালন করাইতে পারিবেন ইতি।

[মধ্যস্থালি ও জয়পত্রসম্পার্কীয় ব্যয়ের কথা।]

৯৪ ধারা। মধ্যস্থ ও মধ্যস্থগণ ও প্রমাণপুরুষ মধ্যস্থালির ও জয়পত্রের এবং তৎসম্পার্কীয় যত ব্যয় অবধারণ করেন, তাহাই অবধারিত হইবে। কিন্তু যদি কোম্পানিরা সম্মত হইয়া নিয়মান্তর করেন, তবে তাহাই প্রবল থাকিবে ইতি।

[ব্যয় শোধের কথা।]

৯৫ ধারা। কোম্পানিরা মধ্যস্থালির ও জয়পত্রের ও তৎসম্পার্কীয় ব্যয় সমাংশে সহ্য ও শোধ করিবেন। অন্য২ বিষয়ে কোম্পানিরা আপন২ ব্যয় শোধ করিবেন। কিন্তু যদি কোম্পানিরা সম্মত হইয়া নিয়মান্তর করেন এবং জয়পত্রে যদি ও যেপর্য্যন্ত প্রকারান্তরে নির্ণয় হয়, তবে তাহাই সেই পর্য্যন্ত প্রবলতর হইবে ইতি।

[মধ্যস্থালিতে বিবাদার্পণের পত্র আদালতে অর্পণ করিবার কথা।]

৯৬ ধারা। বিবাদীয় বিষয়ের সম্পার্কযুক্ত কোন ব্যক্তির প্রার্থনামতে মধ্যস্থালিতে বিবাদার্পণের কার্য্য হাইকোর্টে গচ্ছিত হইতে পারিবে। ও তদনুযায়ি সমর্পণের আজ্ঞা এবং তদুপরি আদালত যে কোন আদেশ উচিত বোধ করেন তাহা করা যাইতে পারিবে। এবং তদ্রূপ প্রত্যেক আজ্ঞার ও তদনুযায়ি কৃত সকল কার্য্যের প্রতি দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে সেই পর্য্যন্ত বর্ত্তিবে ইতি।

চতুর্থ খণ্ড।

এই আইনঅনুযায়ি কোম্পানিদিগের ও সংসৃষ্ট ব্যক্তিদিগের কর্ম্মবদ্ধ করণের বিধি।

পরিভাষা।

[ঋণদাতা শব্দের অর্থ।]

৯৭ ধারা। এই আইনঅনুযায়ি কোম্পানির কর্ম্ম বদ্ধ করিতে হইলে যে প্রত্যেক ব্যক্তি ঐ কোম্পানির স্থিতবৃদ্ধি করণার্থে মুদ্রাদায়ী হন, ঋণদাতা শব্দে তাঁহাকে বুঝাইবে। কে২ ঋণদাতা জ্ঞান হইবেন এই বিষয় নির্ণয়ার্থে ব্যবহারঘটিত সকল কার্য্যে, ও সেই ব্যক্তিদিগকে চূড়ান্তরূপে নির্ণয় করণের পূর্ব্বে ব্যবহারঘটিত যে সকল কার্য্য হয় তাহাতে, যাঁহারা ঋণদাতা বলিয়া ব্যক্ত হন, তাঁহাদিগকেও ঋণদাতা শব্দে বুঝাইবে ইতি।

[ঋণদাতার দায়ের ভাবের কথা।]

৯৮ ধারা। এই আইনঅনুযায়ি কোন কোম্পানির কর্ম্ম বদ্ধ করিতে হইলে, ঐ কোম্পানির স্থিতবৃদ্ধি করণার্থে কোন ব্যক্তির যে দায়, তদ্দ্বারা ঋণ সৃষ্টি হইয়াছে জ্ঞান হইবে। সেই দায়ের আরম্ভ কালে ঐ ব্যক্তির সেই ঋণ হইল, কিন্তু সেই দায় বলবৎ করণার্থে পশ্চাৎলিখিতমতে টাকা দিবার আদেশ হওন সময়ে কিম্বা সময়ে২ ঐ ঋণ দেয় হইবে। এবং কোন ঋণদাতা যোত্রহীন হইলে, তাঁহার মুদ্রাদানের যে আদেশ পূর্ব্বে হইয়াছে কি ভবিষ্যতে হইবে তৎসম্পার্কে তাঁহার সম্পত্তিহইতে তাঁহার দায়ের যে আনুমানিক মূল্য আদেয় হয়, সেই মূল্যের প্রমাণ করা ন্যায্য হইবে ইতি।

[Contributories in case of death.]

XCIX. If any contributory dies either before or after he has been placed on the list of contributories hereinafter mentioned, his personal representative, heirs and devisees shall be liable in a due course of administration to contribute to the assets of the Company in discharge of the liability of such deceased contributory, and such personal representatives, heirs and devisees shall be deemed to be cotributories accordingly.

[Contributories in case of insolvency.]

C. If any contributory becomes insolvent, either before or after he has been placed on the list of contributories, his assignees shall be deemed to represent such insolvent for all the purposes of the winding-up, and shall be deemed to be contributories accordingly, and may be called upon to admit to prove against the estate of such insolvent, or otherwise to allow to be paid out of his assets in due course of law, any monies due from such insolvent in respect of his liability to contribute to the assets of the Company being wound up.

Winding-up by Court.

[Circumstances under which Company may be wound up by Court.]

CI. A Company under this Act may be wound up by the Court as hereinafter defined, under the following circumstances; (that is to say)—

(1.) Whenever the Company has passed a Special Resolution requiring the Company to be wound up by the Court :

(2.) Whenever the Company does not commence its business within a year from its incorporation, or suspends its business for the space of a whole year :

(3.) Whenever the members are reduced in number to less than seven :

(4.) Whenever the Company is unable to pay its debts :

(5.) Whenever the Court is of opinion that it is just and equitable that the Company should be wound up.

[Company when deemed unable to pay its debts.]

CII. A Company under this Act shall be deemed to be unable to pay its debts—

(1.) Whenever a creditor, by assignment or otherwise, to whom the Company is indebted in a sum exceeding five hundred rupees then due, has served on the Company, by leaving the same at its registered Office, a demand under his hand

[ঋণদাতাদের মৃত্যু হইলে তাহার কথা।]

৯৯ ধারা। পশ্চাৎ লিখিত ঋণদাতাদের নামাবলিতে কোন ঋণদাতার নাম লিখিত হইবার পূর্ব্বে কি পরে যদি তাঁহার মৃত্যু হয়, তবে তাঁহার স্বকীয় স্থলাভিষিক্তেরা ও উত্তরাধিকারিরা ও চরমদানপত্র লিখিত দানসাধকেরা আপনাদের কর্ম্ম সম্পাদনের নিয়মমতে ঐ মৃত ঋণদাতার দায় পরিশোধের জন্যে কোম্পানির স্থিত বর্দ্ধনার্থে আপনাদের অংশ দিবেন। তদনুসারে তাঁহার সেই স্বকীয় স্থলাভিষিক্তেরা ও উত্তরাধিকারিরা ও চরমদান সাধকেরা ঋণদাতা জ্ঞান হইবেন ইতি।

[ঋণদাতারা যোত্রহীন হইলে তাহার কথা।]

১০০ ধারা। ঋণদাতাদের নামাবলিতে কোন ঋণদাতার নাম লিখিত হইবার পূর্ব্বে কি পরে যদি তিনি যোত্রহীন হন, তবে সেই কর্ম্ম বন্দ করণ সম্পর্কীয় সকল অভিপ্রায় সফল করণার্থে তাঁহার আসৈনীগণ সেই যোত্রহীনের স্থলাভিষিক্ত জ্ঞান হইয়া তদনুসারে ঋণদাতা জ্ঞান হইবেন। তাহাতে তাঁহাদের প্রতি এইরূপ আদেশ হইতে পারিবে যে, কর্ম্ম বন্দ করণোদ্যত কোম্পানির স্থিত বৃদ্ধি করণার্থে তাঁহার মুদ্রা দানের দায় সম্পর্কে সেই যোত্রহীনের সম্পত্তির বিপক্ষে প্রমাণ করিবার অনুমতি দেন, নতুবা ঐ যোত্রহীনের ধনহইতে তাঁহার নিকটে প্রাপ্য কোন টাকা আইনের উপযুক্ত নিয়মমতে দিবার অনুমতি করেন ইতি।

আদালতকর্ত্তৃক কর্ম্ম বন্দ করণের বিধি।

[যে গতিক হইলে আদালতকর্ত্তৃক কোম্পানির কর্ম্ম বন্দ হইতে পারিবে তাহার কথা।]

১০১ ধারা। নিম্ন লিখিত গতিকে পশ্চাৎ নির্দ্দিষ্ট প্রকারের আদালতকর্ত্তৃক এই আইনঅনুযায়ি কোম্পানির কার্য্য বন্দ করা যাইতে পারিবে। বিশেষতঃ

(১) যদি কোম্পানির বিশেষ নির্দ্ধারণক্রমে আদালতকর্ত্তৃক কোম্পানির কর্ম্ম বন্দ করণের আদেশ হয়।

(২) যদি কোম্পানি সমাবেত হওনের পর এক বৎসরপর্য্যন্ত কার্য্যারম্ভ না করেন, কিম্বা পূর্ণ এক বৎসর পর্য্যন্ত কর্ম্ম স্থগিত রাখেন।

(৩) যদি সংভূয়কারিদের সাত জনের ন্যূন সংখ্যা হয়।

(৪) যদি কোম্পানি ঋণ শোধ করিতে অক্ষম হন।

(৫) যদি আদালত বোধ করেন যে কোম্পানির কর্ম্ম বন্দ করা ন্যায় ও যথোপযুক্ত ইতি।

[কোম্পানি যে গতিকে ঋণ শোধ করিবার অক্ষম জ্ঞান হইবেন তাহার কথা।]

১০২ ধারা। এই আইন অনুযায়ি কোন কোম্পানি পশ্চাৎ লিখিত অবস্থায় ঋণ শোধ করিতে অক্ষম জ্ঞান হইবেন। বিশেষতঃ

১। যদি আসৈনমেন্ট দ্বারা কি প্রকারান্তরে কোন উত্তমর্ণকে কোম্পানির তৎকালে পাঁচ শত টাকার অধিক দেয় হয়, এবং যদি সেই উত্তমর্ণ আপনার স্বাক্ষরিত দাবিপত্রক্রমে কোম্পানির দেয় সেই টাকা দিবার আদেশ করিয়া তাঁহাদের রেজিষ্টরী কার্য্যালয়ে

requiring the Company to pay the sum so due, and the Company has for the space of three weeks succeeding the service of such demand neglected to pay such sum, or to secure or compound for the same to the reasonable satisfaction of the creditor :

(2.) Whenever execution or other process issued on a decree or order obtained in any Court in favour of any creditor, in any proceeding instituted by such creditor against the Company, is returned unsatisfied in whole or in part :

(3.) Whenever it is proved to the satisfaction of the Court that the Company is unable to pay its debts.

[Definition of "the Court."]

CIII. The expression "the Court," as used in this Part of this Act, shall mean the principal Court having original Civil jurisdiction in the place in which the registered Office of the Company is situate: unless in the regulations for the management of the Company it shall be stipulated that the Company if wound up shall be wound up by the High Court of Judicature at Fort William, Madras or Bombay (as the case may be), or by the Chief Court of the Punjab, in which case the word 'Court' shall mean the said High Conrt or Chief Court (as the case may be) in the exercise of its original Civil jurisdiction.

[Application for winding-up to be made by petition.]

CIV. Any application to the Court for the winding-up of a Company under this Act shall be by petition, which may be presented by the Company, or by any one or more creditor or creditors, contributory or contributories of the Company, or by all or any of the above parties, together or separately. Every order which may be made on any such petition shall operate in favour of all the creditors and all the contributories of the Company, in the same manner as if it had been made upon the joint petition of a creditor and a contributory.

[Commencement of winding-up by Court.]

CV. A winding-up of a Company by the Court shall be deemed to commence at the time of the presentation of the petition for the winding-up.

[Court may grant injunction.]

CVI. The Court may, at any time after the presentation of a petition for winding-up a Company under this Act and before making an order for winding-up the Company, upon the application of the Company or of any creditor or contributory of the Company, restrain further proceedings in any suit or proceeding against the Company, upon such terms as the Court thinks fit. The Court may also, at any time after the

ঐ পত্র রাখিয়া কোম্পানির প্রতি পর্য্যর্পণ করেন, এবং সেই দাবিপত্র পর্য্যর্পিত হইলে পর তিন সপ্তাহপর্য্যন্ত কোম্পানি ঐ টাকা না দেন, কিম্বা উত্তমর্ণের সন্তোষজনকরূপে তাঁহার সেই টাকা প্রাপণের দৃঢ় নিয়ম কিম্বা তাহা দিবার চুক্তি না করেন।

(২) কোন উত্তমর্ণ কোম্পানির নামে কোন মোকদ্দমা উপস্থিত করিলে, এবং কোন আদালতে উত্তমর্ণের পক্ষে কোন ডিক্রী কি আজ্ঞা হইয়া তৎসম্পাদনপত্র কি অন্য আজ্ঞাপত্র প্রচার হইলে যদি সেই আজ্ঞানুযায়ি সমস্ত ঋণ কি তাহার কোন অংশ শোধ না হইয়া ঐ পত্র প্রত্যানীত হয়।

(৩) কোম্পানি ঋণ শোধ করিতে অক্ষম ইহা যদি আদালতের হৃদ্বোধমতে প্রমাণ হয় ইতি।

[আদালত শব্দের অর্থ।]

১০৩ ধারা। এই আইনের এই খণ্ডে "আদালত" এই শব্দের ব্যবহার হইলে, কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয় যে স্থানে হয় তৎস্থানে দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন যে প্রধান আদালত থাকে, সেই আদালতকে বুঝাইবে। কিন্তু কোম্পানির কার্য্য বন্দ করিতে হইলে, তাহা ফোর্ট উলিয়ম কিম্বা (বিষয়বিশেষে) মান্দ্রাজ কি বোম্বাই রাজধানীর হাই কোর্ট কর্ত্তৃক, কিম্বা পঞ্জাব দেশস্থ প্রধান আদালতকর্ত্তৃক বন্দ হইবে, এই মর্ম্মের নিয়ম যদি কোম্পানির কার্য্য সম্পাদনের বিধানেতে থাকে, তবে "আদালত" শব্দেতে দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার বিচারাধিপত্য সম্পর্কে সেই হাই কোর্টকে কিম্বা বিষয় বিশেষে প্রধান আদালতকে বুঝাইবে ইতি।

[কর্ম্ম বন্দ করণের প্রার্থনা পত্রদ্বারা করণের কথা।]

১০৪ ধারা। আদালতের নিকটে এই আইনঅনুযায়ি কোম্পানির কার্য্য বন্দ করিবার যে প্রার্থনা করা যাইবে, তাহা আবেদনপত্রক্রমে হইবে এবং কোম্পানির দ্বারা, কিম্বা কোম্পানির কোন এক কি অধিক উত্তমর্ণের দ্বারা, কিম্বা ঋণদাতা কি ঋণদাতাদের দ্বারা, কিম্বা উক্ত সকল কি কোন ব্যক্তির দ্বারা একত্রে কি স্বতন্ত্রে উপস্থিত করা যাইতে পারিবে। এবং তদ্রূপ কোন প্রার্থনাক্রমে যে প্রত্যেক আজ্ঞা করা যায়, সেই আজ্ঞা, উত্তমর্ণের ও ঋণদাতার একত্র প্রার্থনাক্রমে হওন ন্যায়, কোম্পানির সকল উত্তমর্ণের ও সকল ঋণদাতার পক্ষে ফলোপযোগী হইবে ইতি।

[আদালত কর্ত্তৃক কর্ম্ম বন্দ করণারম্ভের কথা।]

১০৫ ধারা। কোম্পানির কর্ম্ম বন্দ করণের প্রার্থনাপত্র যে সময়ে উপস্থিত করা যায় সেই সময়াবধি আদালতকর্ত্তৃক ঐ কর্ম্ম বন্দ করণারম্ভ হইল জ্ঞান হইবে ইতি।

[আদালতের নিষেধাজ্ঞা করিবার ক্ষমতার কথা।]

১০৬ ধারা। এই আইনঅনুযায়ি কোন কোম্পানির কার্য্য বন্দ করিবার প্রার্থনা উপস্থিত করা গেলে পর, ও কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞা করণের পূর্ব্বে, আদালত কোম্পানির প্রার্থনামতে কিম্বা কোম্পানির কোন উত্তমর্ণের কি ঋণদাতার প্রর্থনামতে, যে নিয়ম উপযুক্ত বোধ করেন এমত নিয়ম অবধারণপূর্ব্বক আজ্ঞা করিতে পারিবেন যে, কোম্পানির নামে যে কোন মোকদ্দমা কি ব্যবহারঘটিত অন্য কার্য্য চলি- [illegible] আরো তদ্রূপ

presentation of such petition and before the first appointment of Liquidators, appoint provisionally an Official Liquidator of the estate and effects of the Company.

[Course to be pursued by Court on hearing application.]

CVII. Upon hearing the petition, the Court may dismiss the same with or without costs, may adjourn the hearing conditionally or unconditionally, and may make any interim order or any other order that it deems just.

[Suits to be stayed after order for winding-up.]

CVIII. When an order has been made for winding-up a Company under this Act, no suit or other proceeding shall be proceeded with or commenced against the Company, except with the leave of the Court and subject to such terms as the Court may impose.

[Copy of order to be forwarded to Registrar.]

CIX. When an order has been made for winding-up a Company under this Act, a copy of such order shall forthwith be forwarded by the Company to the Registrar of Joint-Stock Companies; who shall make a Minute thereof in his Books relating to the Company.

[Power of Court to stay proceedings.]

CX. The Court may at any time after an order has been made for winding-up a Company, upon the application of any creditor or contributory of the Company, and upon proof to the satisfaction of the Court that all proceedings in relation to such winding-up ought to be stayed, make an order staying the same, either altogether or for a limited time, on such terms and subject to such conditions as it deems fit.

[Effect of order on share-capital of Company limited by guarantee.]

CXI. When an order has been made for winding-up a Company limited by guarantee and having a capital divided into shares, any share-capital that may not have been called up shall be deemed to be assets of the Company and to be a debt due to the Company from each member to the extent of any sums that may be unpaid on any shares held by him, and payable at such time as may be appointed by the Court.]

[Court may have regard to wishes of creditors or contributors.]

CXII. The Court may, as to all matters relating to the winding-up have regard to the wishes of the creditors or contributories as proved

প্রার্থনা হইলে পর ও সম্বিধায়কদিগকে প্রথমে নিযুক্ত করিবার পূর্ব্বে কোন সময়ে, আদালত ঐ কোম্পানির সম্পত্তির ও সামগ্রীর রাজকীয় সম্বিধায়ককে কিয়ৎকালের নিমিত্তে নিযুক্ত করিতে পারিবন ইতি।

[প্রার্থনা শ্রবণ কালে আদালতের ইতিকর্ত্তব্যতার কথা।]

১০৭ ধারা। আদালত প্রার্থনাপত্র শ্রবণ করিয়া ব্যয়সহিত কি ব্যয় ভিন্ন তাহা ডিস্‌মিস্ করিতে, অথবা নিয়ম সহিত কি নিয়মভিন্ন বিবাদ শ্রবণের অন্য কাল নিরূপণ করিতে, অথবা ইতিমধ্যকালীন কোন আজ্ঞা করিতে কি অন্য যে আজ্ঞা ন্যায় বোধ করেন তাহা করিতে পারিবেন ইতি।

[কর্ম্ম বন্দ করণের আজ্ঞা হইলে পর মোকদ্দমা স্থগিত হইবার কথা।]

১০৮ ধারা। এই আইনঅনুযায়ি কোন কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞা হইলে, আদালতের অনুমতিভিন্ন এবং আদালত যে কোন নিয়ম অবধারণ করেন তদ্ব্যতিরেকে ঐ কোম্পানির নামে কোন মোকদ্দমা কি ব্যবহারঘটিত কার্য্য চলিবে না কি আরম্ভ হইবে না ইতি।

[রেজিষ্ট্রারের নিকটে আজ্ঞার প্রতিলিপি প্রেরণের কথা।]

১০৯ ধারা। এই আইনঅনুযায়ি কোন কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞা হইলে পর সেই আজ্ঞার প্রতিলিপি জাইন্ট ষ্টাক কোম্পানির রেজিষ্ট্রারের নিকটে কোম্পানির অগৌণে প্রেরণ করিতে হইবে। তিনি ঐ কোম্পানি সম্পর্কীয় আপন পুস্তকে ঐ আজ্ঞার সংক্ষেপোক্তি লিখিবেন ইতি।

[ব্যবহারঘটিত কার্য্য রহিত করিতে আদালতের ক্ষমতার কথা।]

১১০ ধারা। কোন কোম্পানির কার্য্য বন্দ করিবার আজ্ঞা হইবার পর কোন সময়ে, যদি কোম্পানির কোন উত্তমর্ণের কি ঋণদাতার প্রার্থনা হয় এবং ঐ কর্ম্ম বন্দ করণ সম্পর্কীয় সমস্ত ব্যবহারঘটিত কার্য্য রহিত করা উচিত, যদি আদালতের হৃদ্বোধমতে এই কথার প্রমাণ হয়, তবে আদালত যে২ নিয়ম ও যে২ বিধান উপযুক্ত বোধ করেন সেই২ নিয়মানুসারে ও সেই২ বিধানাধীনে সম্যক প্রকারে কি কিয়ৎকালের নিমিত্তে ঐ কার্য্য স্থগিত হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[প্রাতিভাব্যক্রমে সীমাবদ্ধ দায়ের কোম্পানির অংশগত মূল ধনের পক্ষে সেই আজ্ঞার ফলের কথা।]

১১১ ধারা। যে কোম্পানির দায়ের সীমা প্রাতিভাব্যক্রমে বদ্ধ, অথচ যাঁহার মূল ধন অংশাংশে বিভক্ত, যদি সেই কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞা হয়, তবে অংশগত যে মূলধন তৎপূর্ব্বে দিবার আদেশ না হইয়াছে তাহা কোম্পানির স্থিতস্বরূপ জ্ঞান হইবে। এবং প্রত্যেক সংভূয়কারী যত অংশ প্রাপ্ত হইয়াছেন তৎসম্পর্কীয় তৎকালীন অদত্ত টাকা তাঁহার নিকট কোম্পানির প্রাপ্য ঋণস্বরূপ জ্ঞান হইবে। ও আদালত যে সময় নিরূপণ করেন ঐ টাকা সেই সময়ে দেয় হইবে ইতি।

[উত্তমর্ণদের কি ঋণদাতাদের অভীষ্ট প্রতি আদালতের প্রতীক্ষা করণের কথা।]

১১২ ধারা। কর্ম্ম বন্দ করণ সম্পর্কীয় সমস্ত বিষয় আদালত প্রচুর প্রমাণক্রমে উত্তমর্ণদের কি ঋণদাতাদের যে অভীষ্টের প্রমাণ পান, সেই অভীষ্টের প্রতি

it by any sufficient evidence, and may, if it thinks it expedient, direct meetings of the creditors or contributories to be summoned, held and conducted in such manner as the Court directs, for the purpose of ascertaining their wishes, and may appoint a person to act as Chairman of any such meeting, and to report the result of such meeting to the Court. In the case of creditors, regard is to be had to the value of the debts due to each creditor, and in the case of contributories, to the number of votes conferred on each contributory by the regulations of the Company.

Official Liquidators.

[Appointment of Official Liquidator.]

CXIII. For the purpose of conducting the proceedings in winding-up a Company and assisting the Court therein, there may be appointed a person or persons to be called an Official Liquidator or Official Liquidators. The Court may appoint such person or persons, either provisionally or otherwise, as it thinks fit, to the office of Official Liquidator, or Official Liquidators. In all cases, if more persons than one are appointed to the office of Official Liquidator, the Court shall declare whether any act hereby required or authorized to be done by the Official Liquidator is to be done by all or any one or more of such persons. The Court may also determine whether any and what security is to be given by any Official Liquidator on his appointment. If no Official Liquidator is appointed, or during any vacancy in such appointment, all the property of the Company shall be deemed to be in the custody of the Court.

[Resignations, removals, fillig up vacancies, and compensation.]

CXIV. Any Official Liquidator may resign or be removed by the Court on due cause shewn. Any vacancy in the office of an Official Liquidator appointed by the Court shall be filled by the Court. There shall be paid to the Official Liquidator such salary or remuneration, by way of percentage or otherwise, as the Court may direct; and if more Liquidators than one are appointed, such remuneration shall be distributed amongst them in such proportions as the Court directs.]

[Style and duties of Official Liquidator.]

CXV. The Official Liquidator or Liquidators shall be described by the style of the Official Liquidator or Official Liquidators of the particular Company in respect of which he is or they are appointed, and not by his or their individual name or names. He or they shall take into

মনোযোগ করিতে পারিবেন, এবং যদি বিহিত বোধ করেন, তবে তাঁহাদের অভীষ্ট নিশ্চিতরূপে জ্ঞাত হইবার জন্যে আদালতের আদেশানুসারে তাঁহাদের সভাতে আহূত হওনের ও সভা করণের ও সভার কার্য্য নির্ব্বাহ করণের আজ্ঞা করিতে পারিবেন, ও আদালতের নিকটে ঐ সভার কার্য্যের ফল জানাইবার জন্যে তদ্রূপ কোন সভার অধিপতির পদে এক ব্যক্তিকে নিযুক্ত করিতে পরিবেন। উত্তমর্ণের অভীষ্ট গ্রহণ কালে প্রত্যেক জনের যত ঋণ প্রাপ্য তাহাতে অবধান করিতে হইবে। এবং ঋণদাতাদের অভীষ্ট গ্রহণ করিলে কোম্পানির বিধানমতে প্রত্যেক ঋণদাতার প্রতি যত অভিমত জ্ঞাত করিবার শক্তি অর্পিত হয় তাহাতে মনোযোগ করিতে হইবে ইতি।

রাজকীয় সম্বিধায়কদিগের বিধি।

[রাজকীয় সম্বিধায়কের নিয়োগের কথা।]

১১৩ ধারা। কোন কোম্পানির কর্ম্ম বন্দ করণের কার্য্য সম্পাদন ও তদ্বিষয়ে আদালতের সাহায্য করণার্থে, রাজকীয় সম্বিধায়ক নামে কোন এক কি অধিক ব্যক্তি নিযুক্ত হইতে পারিবেন। আদালত যেমন বিহিত বোধ করেন তেমনি সেই ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে কিয়ৎকালের নিমিত্তে কি প্রকারান্তরে রাজকীয় সম্বিধায়কের পদে নিযুক্ত করিতে পারিবেন। যদি দুই কি ততোধিক ব্যক্তিকে রাজকীয় সম্বিধায়কের পদে নিযুক্ত করা যায়, তবে এই আইনদ্বারা রাজকীয় সম্বিধায়ককর্ত্তৃক যে কর্ম্ম সম্পাদনের আজ্ঞা হয় কি ক্ষমতা দেওয়া যায়, সেই কর্ম্ম ঐ সকল কি তন্মধ্যে কোন এক কি অধিক ব্যক্তির নিষ্পাদন করিতে হইবে আদালত উক্ত প্রত্যেক স্থলে ইহা প্রকাশ করিবেন। এবং রাজকীয় কোন সম্বিধায়ককে নিযুক্ত করণকালে তাঁহার প্রতিভূ দিতে হইবে কি না, হইলে কীদৃশ প্রতিভূ দিবেন, আদালত ইহাও নির্দ্ধার্য্য করিবেন। রাজকীয় কোন সম্বিধায়ক নিযুক্ত না হইলে, কিম্বা সেই পদ কোন সময়ে শূন্য হইলে যত কাল শূন্য থাকে ততকাল কোম্পানির সমস্ত সম্পত্তি আদালতের রক্ষিত জ্ঞান হইবে ইতি।

[পদত্যাগ করণের ও অপসৃত হওনের ও শূন্য পদপূরণের ও পারিশ্রমিক দানের কথা।]

১১৪ ধারা। রাজকীয় কোন সম্বিধায়ক স্বীয় পদ ত্যাগ করিতে, কিম্বা উপযুক্ত কারণ দৃষ্ট হইলে আদালতকর্ত্তৃক অপসৃত হইতে পারিবেন। আদালতকর্ত্তৃক নিযুক্ত রাজকীয় সম্বিধায়কের পদ কোন সময়ে শূন্য হইলে আদালত অন্য ব্যক্তিকে সেই পদে নিযুক্ত করিবেন। আদালত শতকরার হারে কি প্রকারান্তরে যেরূপ নির্দ্ধার্য্য করেন, রাজকীয় সম্বিধায়ক সেইরূপে বেতন কি পারিশ্রমিক পাইবেন। যদি দুই কি তদধিক জন সম্বিধায়ক নিযুক্ত হন, তবে আদালত যে নিয়ম নির্দ্ধার্য্য করেন সেই নিয়মানুসারে ঐ পারিশ্রমিক তাঁহাদের মধ্যে বণ্টন হইবে ইতি।

[রাজকীয় সম্বিধায়কের খ্যাতির ও কর্ম্মের কথা।]

১১৫ ধারা। রাজকীয় সম্বিধায়ক কি সম্বিধায়কেরা স্ব২ নামানুসারে বর্ণিত হইবেন না, কিন্তু যে বিশেষ কোম্পানির পক্ষে নিযুক্ত হন সেই কোম্পানির রাজকীয় সম্বিধায়ক নামে বর্ণিত হইবেন। যে সকল দ্রব্যে ও সম্পত্তিতে ও মোকদ্দমাক্রমে প্রাপ্য সামগ্রীতে কোম্পানির স্বত্ব আছে কি থাকার মত দৃষ্ট

his or their custody, or under his or their control, all the property, effects and things in action to which the Company is or appears to be entitled, and shall perform such duties in reference to the winding-up of the Company as may be imposed by the Court.

[Powers of Official Liquidator.]

CXVI. The Official Liquidator shall have power, with the sanction of the Court, to do the following things —

(1.) To bring or defend any suit or prosecution, or other legal proceeding, Civil or Criminal, in the name and on behalf of the Company:

(2.) To carry on the business of the Company, so far as may be necessary for the beneficial winding-up of the same:

(3) To sell the immoveable and moveable property, effects and things in action of the Company by public auction or private contract, with power to transfer the whole thereof to any person or Company, or to sell the same in parcels:

(4.) To do all acts, and to execute, in the name and on behalf of the Company, all deeds, receipts and other documents, and for that purpose to use, when necessary, the Company's seal:

(5.) To prove, rank, claim and draw a dividend, in the matter of the insolvency of any contributory, for any balance against the estate of such contributory, and to take and receive dividends in respect of such balance, in the matter of the insolvency as a separate debt due from such insolvent, and ratably with the other separate creditors:

(6.) To draw, accept, make and endorse any Bill of Exchange, Hundi or Promissory Note in the name and on behalf of the Company, also to raise upon the security of the assets of the Company from time to time any requisite sum or sums of money; and the drawing, accepting, making, or endorsing of every such Bill of Exchange, Hundi or Promissory Note as aforesaid on behalf of the Company, shall have the same effect with respect to the liability of such Company as if such Bill or Note had been drawn, accepted, made or endorsed by or on behalf of such Company in the course of carrying on the business thereof:

(7.) To take out, if necessary, in his official name, letters of administration to any deceased contributory, and to do in his official name any other act that may be necessary for obtaining payment of any monies due from a contributory or from his estate, and which act cannot be

হয়, তিনি কি তাঁহারা সেই সকল সম্পত্ত্যাদি আপন২ কি আপনাদের রক্ষণে কি তত্ত্বাধীনে লইবেন, এবং আদালতকর্ত্তৃক কোম্পানির কর্ম্ম বন্দ করণসম্পার্কীয় যে সকল কর্ত্তব্য কর্ম্ম অবধারিত হয়, তাহা করিবেন ইতি।

[রাজকীয় সম্বিধায়কের ক্ষমতার কথা।]

১১৬ ধারা। রাজকীয় সম্বিধায়ক আদালতের অনুমতি গ্রহণপূর্ব্বক পশ্চাৎ লিখিত কার্য্য করিতে পারিবেন। অর্থাৎ—

(১) কোম্পানির নামে ও সপক্ষে দেওয়ানী কি ফৌজদারী কোন মোকদ্দমা কি অভিযোগ কি ব্যবহারঘটিত অন্য কার্য্য উপস্থিত করিতে কি তাহাতে প্রতিবাদ করিতে পারিবেন।

(২) কোম্পানির কার্য্য লভ্যজনকরূপে বন্দ করিবার জন্যে যে পর্য্যন্ত আবশ্যক হয়, সেই পর্য্যন্ত কোম্পানির কার্য্য চালাইতে পারিবেন।

(৩) কোম্পানির স্থাবর ও অস্থাবর সম্পত্তি ও সামগ্রী ও মোকদ্দমাক্রমে প্রাপ্য দ্রব্যাদি প্রকাশিত বিক্রয়দ্বারা কিম্বা গোপনীয় চুক্তিদ্বারা বিক্রয় করিতে পারিবেন। আরো কোন ব্যক্তির কি কোম্পানির নিকটে সেই সমুদয় সম্পত্তি হস্তান্তর করিতে কিম্বা খণ্ডে২ বিক্রয় করিতে ক্ষমতাপন্ন হইবেন।

(৪) কোম্পানির নামে ও সপক্ষে সকল কর্ম্ম করিবেন ও সকল লিপি ও রসীদ ও অন্য নিদর্শনপত্র সম্পাদন করিবেন, ও তদর্থে আবশ্যকমতে কোম্পানির মোহর ব্যবহার করিতে পারিবেন।

(৫) কোন ঋণদাতা যোত্রহীন হইলে তাঁহার সম্পত্তিঘটিত ডিবিডেণ্ডের প্রমাণ করিতে ও শ্রেণীবদ্ধ করিতে ও তাহার দাওয়া করিয়া আদায় করিতে পারিবেন, এবং সেই যোত্রহীনতা ঘটিত বক্রী টাকা সম্পর্কে ঐ যোত্রহীনের দাতব্য পৃথক্ ঋণস্বরূপ ও অন্য স্বতন্ত্র ঋণদাতাদের সমান হারানুসারে ডিবিডেণ্ড লইতে ও গ্রহণ করিতে পারিবেন।

(৬) কোম্পানির নামে ও তাঁহার সপক্ষে বিল অফ একুসচেঞ্জ কি হুণ্ডী কি প্রমিসরি নোট আদায় ও স্বীকার ও সাধন করিতে ও তাহার পৃষ্ঠলিপি করিতে পারিবেন। এবং কোম্পানির স্থিত বন্ধক রাখিয়া সময়ে২ আবশ্যকমতে টাকা তুলিতে পারিবেন। এবং তদ্রূপ প্রত্যেক বিল অফ একুসচেঞ্জ কি হুণ্ডী কি প্রমিসরি নোট কোম্পানির সপক্ষে পূর্ব্বোক্তমতে আদায় ও স্বীকার ও সাধন হইলে ও তাহার পৃষ্ঠলিপি লেখা গেলে, ঐ কোম্পানির কার্য্য চলনক্রমে ঐ বিল কি হুণ্ডী কি নোট কোম্পানির দ্বারা কি তৎপক্ষে আদায় কি স্বীকার কি সাধন করণের কি পৃষ্ঠলিপি লিখনে যে ফল হইত ঐ কোম্পানির দায় সম্পর্ক উক্ত কার্য্যের তত্তুল্য ফল হইবে।

(৭) যদি আবশ্যক হয়, তবে আপনার রাজকীয় খ্যাতিক্রমে কোন মৃত ঋণদাতার দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র গ্রহণ করিতে, এবং ঋণদাতার স্থানে কি তাঁহার সম্পত্তিহইতে কোন টাকা আদায় করণার্থ অন্য কর্ম্ম আবশ্যক হইলেও কোম্পানির নামে সুবিধামতে করা যাইতে না পারে, তাহা আপনার রাজকীয় খ্যাতি-

conveniently done in the name of the Company, and in all cases where he takes out letters of administration, or otherwise uses his official name for obtaining payment of any monies due from a contributory, such monies shall, for the purpose of enabling him to take out such letters or recover such monies, be deemed to be due to the Official Liquidator himself: Provided that nothing herein contained shall be deemed to affect the rights, duties and privileges of the Administrators General and Officiating Administrators General of Bengal, Madras and Bombay, respectively:

(8.) To do and execute all such other things as may be necessary for winding-up the affairs of the Company and distributing its assets.

[Discretion of Official Liquidator.]

CXVII. The Court may provide by any order that the Official Liquidator may exercise any of the above powers without the sanction or intervention of the Court, and, where an Official Liquidator is provisionally appointed, may limit and restrict his powers by the order appointing him.

[Appointment of Attorney or Vakeel to Official Liquidator.]

CXVIII. the Official Liquidator may, with the sanction of the Court, appoint an Attorney or Vakeel to assist him in the performance of his duties.

Ordinary Powers of Court.

[Collection and application of assets.]

CXIX. As soon as may be after making an order for winding-up the Company, the Court shall settle a list of contributories, with power to rectify the Register of Members in all cases where such rectification is required in pursuance of this Act, and shall cause the assets of the Company to be collected and applied in discharge of its liabilities.

[Provision as to representative contributories.]

CXX. In settling the list of contributories, the Court shall distinguish between persons who are contributories in their own right, and persons who are contributories as being representatives of or being liable to the debts of others.

[Power of Court to require delivery of property.]

CXXI. The Court may, at any time after making an order for winding-up a Company, require any contributory for the time being settled on the list of contributories, trustee, receiver, banker or agent, or Officer of the Company to pay,

ক্রমে করিতে পারিবেন। এবং তিনি যে সকল স্থলে মৃত ঋণদাতার দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র গ্রহণ করেন কিম্বা ঋণদাতার নিকটে প্রাপ্য কোন টাকা আদায় করিবার জন্যে আপনার রাজকীয় খ্যাতির ব্যবহার করেন, সেই সকল স্থলে তিনি সেই পত্র গ্রহণ কি টাকা আদায় করিতে সক্ষম হন এই অভিপ্রায়ে ঐ টাকা সেই রাজকীয় সম্বিধায়কেরই প্রাপ্য জ্ঞান হইবে, কিন্তু এই ধারার কোন কথাতে বঙ্গ ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের আডমিনিষ্ট্রেটর জেনরল ও একটিং আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবদিগের স্বত্ব ও কর্ত্তব্য কর্ম্ম ও ক্ষমতার ক্ষতি কি বৃদ্ধি হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না।

(৮) কোম্পানির কার্য্যব্যাপার বন্দ করিবার ও অবশিষ্ট ধন বিলি করিবার অন্য যে সকল কার্য্য করা আবশ্যক তাহা করিতে ও সম্পাদন করিতে পারিবেন ইতি।

[রাজকীয় সম্বিধায়কের বিবেচনাধীন কার্য্যের কথা।]

১১৭ ধারা। রাজকীয় সম্বিধায়ক আদালতের অনুমতি কি হস্তক্ষেপণ ভিন্ন পূর্ব্বোক্ত কোন মতানুসারে কার্য্য করিতে সক্ষম, আদালত কোন আজ্ঞাক্রমে এমত বিধান করিতে পারিবেন। যদি রাজকীয় সম্বিধায়ক কিয়ৎকালের নিমিত্তে নিযুক্ত হন, তবে যে আজ্ঞাক্রমে তাঁহাকে নিযুক্ত করেন সেই আজ্ঞাক্রমে তাঁহার সেই ক্ষমতার পরিমাণ ও সীমা নিরূপণ করিতে পারিবেন ইতি।

[রাজকীয় সম্বিধায়কের টর্ণি কি উকীল নিযুক্ত করিবার কথা।]

১১৮ ধারা। রাজকীয় সম্বিধায়ক আপন কর্ত্তব্য কর্ম্মসাধনের সহায়তা করিবার জন্যে আদালতের অনুমতিক্রমে টর্ণিকে কি উকীলকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

আদালতের সাধারণ ক্ষমতার বিধি।

[স্থিত আদায় ও প্রয়োগ করিবার কথা।]

১১৯ ধারা। কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞা করিলে পর, আদালত সাধ্যমতে ত্বরায় ঋণদাতাদের নামাবলি স্থির করিবেন। এবং যদি এই আইন অনুসারে সংভূয়কারিদের রেজিষ্টর সংশোধন করা আবশ্যক হয়, তবে সেই সকল স্থলে সেই রেজিষ্টর সংশোধনও করিতে পারিবেন, এবং কোম্পানির স্থিত সংগ্রহ করাইয়া দায় পরিশোধার্থে তাহা প্রয়োগ করাইবেন ইতি।

[স্থলাভিষিক্ত ঋণদাতাদের বিষয়ি বিধান।]

১২০ ধারা। ঋণদাতাদের নামাবলি স্থির করণ কালে, যাঁহারা স্বকীয় স্বত্বে ঋণদাতা হন ও যাঁহারা অন্যোদের স্থলাভিষিক্তস্বরূপ কি অন্যদের ঋণের দায়ীপ্রযুক্ত ঋণদাতা হন, আদালত ইঁহাদের বিভিন্ন২ মানিবেন ইতি।

[সম্পত্তি অর্পণ করণের আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।]

১২১ ধারা। কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞা হওনের পর কোন সময়ে ঋণদাতাদের তৎকালীন নামাবলিতে যে কোন ঋণদাতাদের নাম স্থির হইয়াছে, তাঁহার কিম্বা কোম্পানির ট্রষ্টির কি গ্রাহকের কি ব্যাঙ্কেরের কি এজেণ্টের কি কর্ম্মকারকের নিকটে তৎকালে

deliver, convey, surrender or transfer forthwith, or within such time as the Court directs to or into the hands of the Official Liquidator any sum or balance, books, papers, estate or effects which happen to be in his hands for the time being, and to which the Company is *primâ facie* entitled.

[Power of Court to order payment of debts by contributory.]

CXXII. The Court may, at any time after making an order for winding-up the Company, make an order on any contributory for the time being settled on the list of contributories, directing payment to be made, in manner in the said order mentioned, of any monies due from him or from the estate of the person whom he represents to the Company, exclusive of any monies which he or the estate of the person whom he represents may be liable to contribute by virtue of any call made or to be made by the Court in pursuance of this Part of this Act. The Court may, in making such order, when the Company is not limited, allow to such contributory by way of set-off any monies due to him or the estate which he represents from the Company on any independent dealing or contract with the Company, but not any monies due to him as a member of the Company in respect of any dividend or profits. Provided that when all the creditors of any Company, whether limited or unlimited, are paid in full, any monies due on any account whatever to any contributory from the Company may be allowed to him by way of set-off against any subsequent call or calls.

[Power of Court to make calls.]

CXXIII. The Court may, at any time after making an order for winding-up a Company, and either before or after it has ascertained the sufficiency of the assets of the Company, make calls on and order payment thereof by all or any of the contributories for the time being settled on the list of contributories, to the extent of their liability, for payment of all or any sums it deems necessary to satisfy the debts and liabilities of the Company, and the costs, charges and expenses of winding it up, and for the adjustment of the rights of the contributories amonst themselves. The Court may, in making a call, take into consideration the probability that some of the contributories upon whom the same is made may partly or wholly fail to pay their respective portions of the same.

যে টাকা কি বক্রী টাকা কি পুস্তক কি পত্রাদি কি সম্পত্তি কি সামগ্রী থাকে ও আদৌ দৃষ্টে যাহাতে কোম্পানির স্বত্ব আছে, তাহা আদালত রাজকীয় সম্বিধায়কের প্রতি কি তাঁহার হস্তে তৎক্ষণাৎ কিম্বা আদালতের নির্দ্ধারিত সময়ের মধ্যে দান কি সমর্পণ কি লেখ্যক্রমে প্রদান কি প্রতিদান কি হস্তান্তর করিতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[ঋণদাতার ঋণ শোধ করিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।]

১২২ ধারা। কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞা হওনের পর কোন সময়ে, আদালত ঋণদাতাদের নামাবলিতে তৎকালীন স্থিরীকৃত কোন ঋণদাতার প্রতি এই আজ্ঞা করিতে পারিবেন যে, এই আইনের এই খণ্ডানুসারে আদালত টাকা দিবার যে আজ্ঞা করিয়াছেন কি করিবেন তাহার বলে, তিনি কিম্বা যাঁহার স্থলাভিষিক্ত হন তাঁহার সম্পত্তি যত ঋণদান করিতে দায়ী তদ্ভিন্ন কোম্পানির নিকটে তাঁহার যে টাকা দেয় কিম্বা তিনি যাঁহার স্থলাভিষিক্ত হন তাঁহার সম্পত্তিহইতে কোম্পানির যত টাকা প্রাপ্য হয়, তাহা তিনি উক্ত আজ্ঞার নির্দ্দিষ্টমতে শোধ করেন। আরো যদি কোম্পানি সীমাবদ্ধ না হন, তবে যে সময়ে সেই আজ্ঞা করেন, সেই সময়ে ঐ ঋণদাতাকে এই অনুমতি দিতে পারিবেন যে ঐ কোম্পানির সঙ্গে স্বতন্ত্র কোন ব্যবসায় কি চুক্তিক্রমে তাঁহার যে টাকা প্রাপ্য হয়, কিম্বা তিনি যাঁহার স্থলাভিষিক্ত হন, তাঁহার সম্পত্তির পক্ষে যে টাকা প্রাপ্য হয় তাহা ঐ ঋণদাতা কোম্পানির প্রাপ্য টাকাহইতে বাদ দেন। কিন্তু কোম্পানির সংভূয়কারিস্বরূপে তাঁহার ডিবিডেণ্ড কি লভ্য জন্যে যে টাকা প্রাপ্য হয় তাহা বাদ দিবেন না। আরো সীমাবদ্ধ কিম্বা অসীমাবদ্ধ কোন কোম্পানির সকল উত্তমর্ণের টাকা সম্পূর্ণরূপে দেওয়া গেলে পর, কোম্পানির স্থানে কোন ঋণদাতার যে কোন হিসাবে যে কোন টাকা প্রাপ্য হয়, তৎপশ্চাৎ টাকা দিবার কোন আদেশ হইলে সেই আদিষ্ট টাকাহইতে তাঁহার সেই প্রাপ্য টাকা বাদ দিবার অনুমতি হইতে পারিবে ইতি।

[টাকা দিবার আদেশ করিতে আদালতের ক্ষমতার কথা।]

১২৩ ধারা। কোন কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞা করণের পর, এবং কোম্পানির প্রচুর স্থিত আছে কি না ইহা নিশ্চয়মতে জ্ঞাত হইবার পূর্ব্বে কি পরে আদালত ঐ কোম্পানির ঋণ ও দায় পরিশোধ এবং তাহার কর্ম্ম বন্দ করিবার খরচ ও ব্যয় ও পারিশ্রমিক পরিশোধ করণার্থে ও পরস্পর ঋণদাতাদের স্বত্বের নিষ্পত্তি করণার্থে যত টাকা প্রয়োজন জ্ঞান করেন, ঋণদাতাদের নামাবলিতে যে সকল ঋণদাতার নাম তৎকালে অবধারিত থাকে তাঁহাদের সকলকে কি কোন২ ব্যক্তিকে আপনাদের দায়পর্য্যন্ত সেই সমস্ত কি তন্মধ্যে কতক টাকা দিবার আদেশ ও আজ্ঞা করিতে পারিবেন। যৎকালে তাহা করেন, তৎকালে যে ঋণদাতাদিগকে টাকা দিবার আদেশ হয় তাঁহাদের কোন ব্যক্তিদের দাতব্য অংশের সমুদয় কিম্বা কোন ভাগ নাও দিবার সম্ভাবনা, ইহাও বিবেচনা করিবেন ইতি।

[Power of Court to order payment into Bank.]

CXXIV. The Court may order any contributory purchaser or other person from whom money is due to the Company, to pay the same into the Bank of Bengal, the Bank of Madras, or the Bank of Bombay, as the case may be, or any branch thereof respectively, to the account of the Official Liquidator instead of to the Official Liquidator, and such order may be enforced in the same manner as if it had directed payment to the Official Liquidator.

[Regulation of account with Court.]

CXXV. All monies, bills, notes and other securities, paid and delivered into the Bank of Bengal, the Bank of Madras, or the Bank of Bombay, or any branch thereof respectively, in the event of a Company being wound up by the Court, shall be subject to such order and regulation for the keeping of the account of such monies and other effects, and for the payment and delivery in, or investment and payment and delivery out, of the same, as the Court may direct.

[Provision in case of representative contributory not paying monies ordered.]

CXXVI. If any person made a contributory as personal representative of a deceased contributory make default in paying any sum ordered to be paid by him, proceedings may be taken for administering the property of such deceased contributory, whether moveable or immoveable or both, and of compelling payment thereout of the monies due.

[Order conclusive evidence.]

CXXVII. Any order made by the Court in pursuance of this Act upon any contributory shall, subject to the provisions herein contained for appealing against such order, be conclusive evidence that the monies, if any, thereby appearing to be due or ordered to be paid are due, and all other pertinent matters stated in such order are to be taken to be truly stated as against all persons and in all proceedings whatsoever.

[Court may exclude creditors not proving within certain time.]

CXXVIII. The Court may fix a certain day or certain days on or within which creditors of the Company are to prove their debts or claims, or to be excluded from the benefit of any distribution made before such debts are proved.

[Court to adjust rights of contributories.]

CXXIX. The Court shall adjust the rights of the contributories amongst themselves, and

[ব্যাঙ্কে টাকা দিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা ।]

১২৪ ধারা। আদালত ঋণদাতার প্রতি কিম্বা ক্রেতা কি অন্য যাঁহার স্থানে কোম্পানির টাকা প্রাপ্য থাকে তাঁহার প্রতি, রাজকীয় সম্বিধায়ককে ঐ টাকা না দিয়া ঐ রাজকীয় সম্বিধায়কের নামে জমা করণার্থে বাঙ্গাল ব্যাঙ্কে কি বিষয়বিশেষে মান্দ্রাজ ব্যাঙ্কে কি বোম্বাই ব্যাঙ্কে কিম্বা সেই২ ব্যাঙ্কের কোন শাখা ব্যাঙ্কে দিবার আজ্ঞা করিতে পারিবেন, এবং রাজকীয় সম্বিধায়ককে টাকা দিবার আজ্ঞা হইলে যে প্রকারে প্রবল করা যায়, উক্ত আজ্ঞাও তদ্রূপে প্রবল করা যাইতে পারিবে ইতি ।

[আদালতকর্ত্তৃক হিসাব রাখিবার বিধান হইবার কথা ।]

১২৫ ধারা। যখন আদালতের দ্বারা কোম্পানির কর্ম্ম বন্দ করা যায়, তখন বাঙ্গাল ব্যাঙ্কে কিম্বা মান্দ্রাজ ব্যাঙ্কে কি বোম্বাই ব্যাঙ্কে কিম্বা সেই ব্যাঙ্কের কোন শাখা ব্যাঙ্কে যে সকল নগদ ও বিল ও নোট ও অন্য সিক্যুরিটি দেওয়া যায় ও অর্পিত হয় তাহা রাখিবার ও দিবার ও সমর্পণ করিবার কিম্বা গচ্ছিত করিবার ও পরিশোধে দিবার ও প্রদান করিবার বিষয়ে আদালত যে আজ্ঞা বিধান করেন, উক্ত নগদ ও অন্য দ্রব্যের উপর সেই আজ্ঞা প্রবল হইবে ইতি ।

[ঋণদাতার স্থলাভিষিক্ত আজ্ঞানুযায়ি টাকা না দিলে তদ্বিষয়ের উপবিধি ।]

১২৬ ধারা। মৃতঋণদাতার স্থলাভিষিক্ত হওয়াপ্রযুক্ত যিনি ঋণদাতা হন, তাঁহাকে কোন টাকা দিবার আজ্ঞা হইলেও যদি তিনি সেই টাকা না দেন, তবে উক্ত মৃত ঋণদাতার স্থাবর কি অস্থাবর কি উভয় প্রকারের সম্পাত্তির অধ্যক্ষতা করিবার ও তাঁহাহইতে প্রাপ্য টাকা বলপূর্ব্বক আদায় করিবার উপযুক্ত কার্য্য হইতে পারিবে ইতি ।

[আজ্ঞা সিদ্ধান্ত প্রমাণস্বরূপ হইবার কথা ।]

১২৭ ধারা। যদি আদালত কোন ঋণদাতার প্রতি এই আইনঅনুযায়ি কোন আজ্ঞা করেন, তবে তদ্দ্বারা যে টাকা প্রাপ্য বোধ হয় কি যে টাকা দিবার আজ্ঞা হয় তাহা যথার্থই প্রাপ্য, ঐ আজ্ঞা ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবে। ও সেই আজ্ঞাতে অন্য যে সকল সঙ্গত কথা লিখিত হইয়াছে, তদ্রূপ সকল ব্যক্তির বিপক্ষে ও ব্যবহারঘটিত সকল কার্য্য সম্পর্কে সেই সকল কথা যথার্থমতে উল্লিখিত হইয়াছে জ্ঞান হইবে। কিন্তু এই আইনেতে তদ্রূপ আজ্ঞার উপর আপীল হইবার যে বিধান আছে তাহা বলবৎ থাকিবে ইতি ।

[নিরূপিত সময়ের মধ্যে উত্তমর্ণেরা প্রমাণ না করিলে তাহাদিগকে বহির্ভূত করিতে আদালতের ক্ষমতার কথা ।]

১২৮ ধারা। আদালত কোন এক দিন কিম্বা কোন২ দিন নিরূপণ করিয়া আজ্ঞা করিতে পারিবেন যে, সেই দিনে কিম্বা সেই২ দিনে কি তৎপূর্ব্বে কোম্পানির উত্তমর্ণদের প্রাপ্যের কি দাওয়ার প্রমাণ করিতে হইবে, নতুবা সেই ঋণের প্রমাণ হইবার পূর্ব্বে টাকা বণ্টন হইলে তাঁহারা তদ্দ্বারা উপকৃত হইবেন না ইতি ।

[আদালতকর্ত্তৃক ঋণদাতাদের স্বত্বনিষ্পত্তির কথা ।]

১২৯ ধারা। ঋণদাতাদের পরস্পর যে স্বত্ব থাকে তাহা আদালত নির্ণয় করিয়া, যাহা অবশিষ্ট থাকে

distribute any surplus that may remain amongst the parties entitled thereto.

[Court to order costs.]

CXXX. The Court may, in the event of the assets being insufficient to satisfy the liabilites, make an order as to the payment out of the estate of the Company of the cost, charges and expenses incurred in winding-up any Company in such order of priority as the Court thinks just.

[Dissolution of Company.]

CXXXI. When the affairs of the Company have been completely wound up, the Court shall make an order that the Company be dissolved from the date of such order, and the Company shall be dissolved accordingly.

[Registrar to make Minute of dissolution of Company.]

CXXXII. Any order so made shall be reported by the Official Liquidator to the Registrar, who shall make a Minute accordingly in his Books of the dissolution of such Company.

[Penalty on not reporting dissolution of Company.]

CXXXIII. If the Official Liquidator makes default in reporting to the Registrar, in the case of a Company being wound up by the Court, the order that the Company be dissolved, he shall be liable to a penalty not exceeding one hundred rupees for every day during which he is so in default.

Extraordinary Powers of Court.

[Power of Court to summon persons before it suspected of having property of Company.]

CXXXIV. The Court may, after it has made an order for winding-up the Company, summon before it any Officer of the Company or person known or suspected to have in his possession any of the estate or effects of the Company, or supposed to be indebted to the Company, or any person whom the Court may deem capable of giving information concerning the trade, dealings, estate or effects of the Company. The Court may require any such Officer or person to produce any documents in his custody or power relating to the Company. If any person so summoned, after being tendered a reasonable sum for his expenses, refuses to come before the Court at the time appointed, having no lawful impediment (made known to the Court at the time of its sitting and allowed by it), the Court may cause such person to be apprehended and brought before the Court for examination. Nevertheless, in cases where any person claims any lien on documents produced by him, such production shall be without prejudice to such lien, and the Court shall have

তাহা পাইবার স্বত্ববান ব্যক্তিদের মধ্যে বন্টন করিবেন ইতি।

[আদালতকর্ত্তৃক খরচার আজ্ঞা হইবার কথা।]

১৩০ ধারা। যদি কোন কোম্পানির স্থিত দেনা পরিশোধ করণার্থে অকুলান হয়, তবে সেই কোম্পানির কর্ম্ম বন্দ করণেতে যে খরচ ও পারিশ্রমিক ও ব্যয় লাগে আদালত অগ্রগণ্যতার যে ক্রম ন্যায় বোধ করেন, সেই ক্রমে কোম্পানির সম্পত্তিহইতে ঐ ব্যয়াদি পরিশোধ হইবার আজ্ঞা করিবেন ইতি।

[কোম্পানির লুপ্ত হওনের কথা।]

১৩১ ধারা। যখন কোম্পানির কার্য্য সম্পূর্ণরূপে নিষ্পত্তি হইয়া বন্দ করা যায়, তখন আদালত আজ্ঞা করিবেন যে, এই আজ্ঞার তারিখঅবধি কোম্পানি লুপ্ত হয়, তাহাতে লুপ্ত হইবে ইতি।

[কোম্পানির লুপ্ত হওনের কথা রেজিষ্ট্রারের লিখিতে হইবার কথা।]

১৩২ ধারা। তদ্রূপ আজ্ঞা হইলে রাজকীয় সম্বিধায়ক রেজিষ্ট্রারের নিকটে সেই কথা রিপোর্ট করিবেন। তাহাতে তিনি আপন পুস্তকে ঐ কোম্পানির বিলুপ্ত হওনের সংক্ষেপোক্তি লিখিবেন ইতি।

[কোম্পানির বিলুপ্ত হওনের কথা রিপোর্ট না করিলে দণ্ডের কথা।]

১৩৩ ধারা। যদি আদালতকর্ত্তৃক কোম্পানির কার্য্য বন্দ করা যায় এবং রাজকীয় সম্বিধায়ক রেজিষ্ট্রারের নিকটে কোম্পানির বিলুপ্ত হইবার আজ্ঞা জ্ঞাত না করান, তবে যত দিন তিনি সেই কার্য্য না করেন তাহার দিনপ্রতি তাঁহার এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

আদালতের অতিরিক্ত ক্ষমতার বিধি।

[যাঁহাদের নিকটে কোম্পানির সম্পত্তি থাকার সন্দেহ হয়, তাঁহাদিগকে আহ্বান করিতে আদালতের ক্ষমতার কথা।]

১৩৪ ধারা। আদালতকর্ত্তৃক কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞা হইলে পর, কোম্পানির যে কোন কর্ম্মচারির কি অন্য ব্যক্তির নিকটে কোম্পানির কোন সম্পত্তি কি সামগ্রী থাকে কিম্বা যিনি কোম্পানির নিকটে ঋণী আছেন জ্ঞান কি বোধ হয় তাঁহাকে, কিম্বা আদালত যাঁহাকে ঐ কোম্পানির বাণিজ্য কি ব্যবসায় কি সম্পত্তি কি সামগ্রী সম্পর্কীয় সংবাদ দিবার সক্ষম জ্ঞান করেন তাঁহাকে আপনার সম্মুখে আহ্বান করিতে পারিবেন। কোম্পানির যে কোন লেখ্য তদ্রূপ কোন কর্ম্মচারির কি ব্যক্তির রক্ষণে কি ক্ষমতাধীন থাকে আদালত তাঁহাকে সেই লেখ্য দর্শাইবার আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপ কোন ব্যক্তির পাথেয়হেতুক উপযুক্ত টাকা দিবার প্রস্তাব হইলে পর যদি আইনসিদ্ধ বাধা না থাকিতে তিনি নিরূপিত সময়ে আদালতের সম্মুখে উপস্থিত না হন, তবে আদালত সেই ব্যক্তিকে ধৃত করাইয়া পরীক্ষা দিবার জন্যে সম্মুখে উপস্থিত করাইতে পারিবেন। যদি বাধা থাকে তবে আদালতের উপবেশন সময়ে সেই কথা আদালতকে জানাইতে হইবে, এবং আদালতকর্ত্তৃক তাহা গ্রাহ্য হওয়া প্রয়োজন। পরন্তু কোন ব্যক্তি যে লেখ্য উপস্থিত করেন যদি তাহার বলে তাঁহার কোন দাওয়া থাকে, তবে উপস্থিত করিলেও তাঁহার সেই দাওয়ার

jurisdiction in the winding-up to determine all questions relating to such lien.

[Examination of parties by Court.]

CXXXV. The Court may examine upon oath or affirmation, either by word of mouth or upon written interrogatories, any person appearing or brought before it in manner aforesaid, concerning the affairs, dealings, estate or effects of the Company, and may reduce into writing the answers of every such person, and require him to subscribe the same.

[Power to arrest contributory about to abscond or to remove or conceal any of his property.]

CXXXVI. The Court may, at any time before or after it has made an order for winding-up a Company, upon proof being given that there is probable cause for believing that any contributory to such Company is about to quit British India or otherwise abscond, or to remove or conceal any of his goods or chattels, for the purpose of evading payment of calls, or for avoiding examination in respect of the affairs of the Company, cause such contributory to be arrested, and his books, papers, monies, securities for monies, goods and chattels to be seized, and him and them to be safely kept until such time as the Court may order.

[Powers of Court cumulative.]

CXXXVII. Any powers by this Act conferred on the Court shall be deemed to be in addition to, and not in restriction of, any other powers subsisting of instituting proceedings against any contributory, or the estate of any contributory, or against any debtor of the Company, for the recovery of any call or other sums due from such contributory or debtor, or his estate, and such proceedings may be instituted accordingly.

Enforcement of and Appeal from Orders.

[Power to enforce orders.]

CXXXVIII. All orders made by a Court under this Act may be enforced in the same manner in which decrees of such Court made in any suit pending therein may be enforced.

[Order made in any Court to be enforced by other Courts.]

CXXXIX. Any order made by a Court for or in the course of the winding-up of a Company under this Act shall be enforced in any part of British India other than that in which such Court is situate, in the Court that would have had

কিছু হানি হইবে না, এবং আদালত কোম্পানির কর্ম্ম বন্দ করণ কালে ঐ দাওয়া সম্পর্কীয় সমস্ত বিবাদ নির্ণয় করিতে সক্ষম হইবেন ইতি।

[আদালতকর্তৃক ব্যক্তিদের পরীক্ষার কথা।]

১৩৫ ধারা। পূর্ব্বোক্ত প্রকারে যে কোন ব্যক্তি উপস্থিত হন কিম্বা যাঁহাকে উপস্থিত করা যায় আদালত শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা এবং বাচনিক কি লিখিত প্রশ্নক্রমে, কোম্পানির ব্যাপার ও ব্যবসায় ও সম্পত্তি ও সামগ্রীর বিষয়ে তাঁহার পরীক্ষা লইতে পারিবেন, এবং তদ্রূপ প্রত্যেক ব্যক্তির উত্তর লিপিবদ্ধ করিয়া তাঁহাকে তাহাতে স্বাক্ষর করিতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[ঋণদাতা পলায়ন করিতে কিম্বা আপনার কোন সম্পত্তি স্থানান্তর কি গোপন করিতে উদ্যত হইলে তাঁহাকে আসেধ করিবার ক্ষমতার কথা।]

১৩৬ ধারা। কোম্পানির কর্ম্ম বন্দ করিতে আদালতের আজ্ঞা করণের পূর্ব্ব কি পশ্চাৎ কোন সময়ে, ঐ কোম্পানির কোন ঋণদাতা তাঁহার দাতব্য টাকা দিবার আদেশ হইবার ভয়ে কিম্বা কোম্পানির ব্যাপার সম্পর্কীয় পরীক্ষা দিতে না হইবার জন্যে ব্রিটনীয় ভারতবর্ষহইতে প্রস্থান করিতে কি প্রকারান্তরে পলায়ন করিতে কিম্বা আপনার কোন দ্রব্য কি সামগ্রী স্থানান্তর কি গোপন করিতে উদ্যত আছেন, যদি এমত বিশ্বাস করিবার যুক্তিসিদ্ধ হেতুর প্রমাণ দেওয়া যায়, তবে আদালত সেই ঋণদাতাকে আসেধ করাইতে এবং তাঁহার খাতা ও কাগজপত্র ও টাকা ও টাকার নিদর্শনপত্র ও দ্রব্য ও সামগ্রী রুদ্ধ করাইতে এবং আদালত যতকাল আজ্ঞা করেন ততকাল পর্য্যন্ত তাঁহাকে এবং ঐ সকল পত্রাদি দৃঢ়মতে রক্ষা করাইতে পারিবেন ইতি।

[আদালতের ঐ ক্ষমতা অন্য ক্ষমতার অতিরিক্ত হইবার কথা।]

১৩৭ ধারা। কোম্পানির কোন ঋণদাতার কি ঋণির স্থানে কিম্বা তাঁহার সম্পত্তিহইতে অংশোপলক্ষে দাতব্য কি প্রাপ্য অন্য টাকা আদায়ের জন্যে সেই ঋণদাতার কিম্বা তদীয় সম্পত্তির কিম্বা কোন ঋণির বিপক্ষে মোকদ্দমা উপস্থিত করিতে আদালতের এক্ষণে অন্য যে ক্ষমতা আছে, আদালতের প্রতি এই আইন দ্বারা অর্পিত ক্ষমতা তাহার অতিরিক্ত জ্ঞান হইবে, প্রতিরোধী নয় ইতি।

আজ্ঞা বলবৎ করণের ও তদুপরি আপীলের বিধি।

[আজ্ঞা বলবৎ করণের ক্ষমতার কথা।]

১৩৮ ধারা। কোন আদালতে উপস্থিত কোন মোকদ্দমায় ঐ আদালতের ডিক্রী যে প্রকারে প্রবল করা যায়, এই আইন অনুসারে ঐ আদালতের কৃত সকল আজ্ঞাও তদ্রূপে প্রবল করা যাইতে পারিবে ইতি।

[কোন আদালতে যে আজ্ঞা করা যায় তাহা অন্য আদালতকর্তৃক প্রবল হইতে পারিবার কথা।]

১৩৯ ধারা। এই আইনমতে কোন আদালতের দ্বারা কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞা, কিম্বা বন্দ করণ কার্য্য সম্পাদনকালে কোন আজ্ঞা হইলে, ঐ আদালত যে স্থানে স্থাপিত আছে তদ্ভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের অন্য স্থানে কোম্পানির রেজিষ্টরী কার্য্যা-

jurisdiction in respect of such Company if the registered Office of the Company had been situate in such other part, and in the same manner in all respects as if such order had been made by the Court that is hereby required to enforce the same.

[Mode of dealing with orders to be enforced by other Courts.]

CXL. Where any order or decree made by one Court is required to be enforced by another Court as hereinbefore provided, a certified copy of the order or decree so made shall be produced to the proper Officer of the Court required to enforce the same, and the production of such certified copy shall be sufficient evidence of such order or decree having been made, and thereupon such last-mentioned Court shall take such steps in the matter as may be requisite for enforcing such order or decree, in the same manner as if it were the order or decree of the Court enforcing the same.

[Appeals from orders.]

CXLI. Re-hearings of and appeals from any order or decision made or given in the matter of the winding-up of a Company by the Court may be had in the same manner and subject to the same conditions in and subject to which appeals may be had from any order or decision of the same Court in cases within its ordinary jurisdiction; subject to this restriction, that no such re-hearing or appeal shall be heard unless notice of the same is given within three weeks after any order complained of has been made, in manner in which notices of appeal are ordinarily given under the Code of Civil Procedure, unless such time is extended by the Court of Appeal.

[Judicial notice to be taken of signature of Officers.]

CXLII. In all proceedings under this Part of this Act, every Court, Judge and person judicially acting, and all other Officers, judicial or ministerial, of any Court, or employed in enforcing the process of any Court, shall take judicial notice of the signature of any Officer of any other Court, and also of the official seal of any other Court when such seal is appended to any document made, issued, or signed under the provisions of this Part of the Act, or any official copy thereof.

[Special Commissioners for receiving evidence.]

CXLIII. The Judges of the District Courts who sit at places more than twenty English miles from the usual place of sitting of the High Court shall be Commissioners for the purpose

লয় থাকিলে ঐ কোম্পানি সম্পর্কে যে আদালতের বিচারাধিপত্য থাকিত, সেই আদালত সেই আজ্ঞা করিলে যদ্রূপে তাহা সফল করিতে পারিতেন, পূর্ব্বোক্ত আদালতের আজ্ঞাও সর্ব্বতোভাবে তদ্রূপেই প্রবল করিতে পারিবেন ইতি।

[অন্য আদালতকর্ত্তৃক যে আজ্ঞা প্রবল করা যাইবে তৎসম্পর্কীয় কার্য্যের নিয়মের কথা।]

১৪০ ধারা। যখন ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কোন আদালতের কোন আজ্ঞা কি ডিক্রী আদালত কর্ত্তৃক প্রবল করিবার প্রয়োজন হয়, তখন যে আদালত দ্বারা তাহা প্রবল করা যাইবে সেই আদালতের উপযুক্ত কর্ম্মকারকের নিকটে উক্ত আজ্ঞার কি ডিক্রীর সংশিত প্রতিলিপি উপস্থিত করিতে হইবে। এবং ঐ আজ্ঞা কি ডিক্রীকরা গিয়াছে ঐ সংশিত প্রতিলিপি উপস্থিত করণই ইহার যথোচিত প্রমাণ হইবে। তাহাতে ঐ শেষোক্ত আদালত আপনার আজ্ঞা কি ডিক্রী প্রবল করিবার জন্যে যদ্রূপ কার্য্য করিতেন ঐ আজ্ঞা কি ডিক্রী প্রবল করিবার জন্যেও সেই সমস্ত আবশ্যক কার্য্য করিবেন ইতি।

[আজ্ঞার উপর আপীলের কথা।]

১৪১ ধারা। যে আদালত কোম্পানির কর্ম্ম বন্দ করণের আজ্ঞা করেন সেই আদালতের নিয়মিত ক্ষমতার অন্তর্গত মোকদ্দমায় কোন আজ্ঞা কি নিষ্পত্তি হইলে তাহার উপর যে প্রকারে ও যে নিয়মমতে ও যে নিয়মাধীনে আপীল হইতে পারে, কোম্পানির কর্ম্ম বন্দ করণ বিষয়ে সেই আদালত যে আজ্ঞা কি নিষ্পত্তি করেন সেই প্রকারে ও সেই নিয়মমতে তাহারও পুনঃ শ্রবণ ও তাহার উপর আপীল হইতে পারিবে। পরন্তু দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনক্রমে আপীলের সম্বাদ সামান্যতঃ যে প্রকারে দেওয়া যায়, উক্ত যে আজ্ঞার উপর অভিযোগ হয় সেই আজ্ঞা হইবার পর তিন সপ্তাহের মধ্যে যদি সেই প্রকারে পুনঃ শ্রবণ কি আপীল হইবার সম্বাদ না দেওয়া যায়, তবে সেই পুনঃশ্রবণ কি আপীল হইতে পারিবে না। কিন্তু আপীল আদালত ঐ সময় বৃদ্ধি করিলে করিতে পারিবেন ইতি।

[ধর্ম্মাধিকরণে কর্ম্মকারকদিগের স্বাক্ষর স্বীকার হইবার কথা।

১৪২ ধারা। এই আইনের এই অংশক্রমে ব্যবহারঘটিত যে সকল কার্য্য হয়, তাহাতে প্রত্যেক ধর্ম্মাধিকরণ ও বিচারকর্ত্তা ও যাঁহারা বিচারকতা কর্ম্ম করেন তাঁহারা, এবং কোন আদালতের বিচারকারি কি সেবক অন্য সকল কার্য্যকারক ও যাঁহারা কোন আদালতের আজ্ঞাপত্র প্রবল করণে নিযুক্ত হন তাঁহারা বিচারকার্য্য সম্পর্কে অন্য কোন আদালতের কোন কার্য্যকারকের স্বাক্ষর গ্রাহ্য করিবেন, এবং এই আইনের এই অংশের বিধানক্রমে যে কোন লেখ্য প্রস্তুত কি প্রচারিত কি স্বাক্ষরিত হয় তাহাতে কি যথোচিত আজ্ঞাক্রমে সেই লেখ্যের কৃত কোন প্রতিলিপিতে কোন আদালতের মোহর দেওয়া গেলে সেই মোহরও স্বীকার করিবেন ইতি।

[সাক্ষ্য গ্রহণার্থ বিশেষ আমীনদিগের কথা।]

১৪৩ ধারা। যখন কোন কোম্পানির কার্য্য হাই কোর্টহইতে বন্দ করা যায়, তখন জিলার আদালতের যে জজ সাহেবেরা হাই কোর্টের সামান্য অধিবেশনের স্থানহইতে ইংরাজী বিশ মাইলের অধিক দূর স্থানে

of taking evidence under this Act in cases where any Company is wound up in a High Court, and it shall be lawful for the High Court to refer the whole or any part of the examination of any witnesses under this Act to any person hereby appointed Commissioner, although such Commissioner is out of the jurisdiction of the Court that made the order or decree for winding-up the Company. Every such Commissioner shall, in addition to any power of summoning and examining witnesses, and requiring the production or delivery of documents and certifying or punishing defaults by witnesses, which he might lawfully exercise as a Judge of a District Court, have, in the matter so referred to him, all the same powers of summoning and examining witnesses and requiring the production or delivery of documents and punishing defaults by witnesses and allowing costs, and charges and expenses to witnesses, as the Court which made the order for winding-up the Company has; and the examination so taken shall be returned or reported to such last-mentioned Court in such manner as it directs.

[Affidavits, &c., may be sworn in British India, Great Britain or Ireland or abroad before any competent Court or person.]

CXLIV. If any affidavit, affirmation or declaration required to be sworn or made under the provisions or for the purposes of this Part of this Act, be lawfully sworn or made in British India, or in Great Britain or Ireland, or in any Colony, Island, Plantation or place under the dominion of Her Majesty in foreign parts, before any Court, Judge or person lawfully authorized to take and receive affidavits, affirmations or declarations, or before any of Her Majesty's Consuls or Vice-Consuls in any foreign parts out of Her Majesty's dominions, all Courts, Judges, Justices, Commissioners and persons acting judicially in British India shall take judicial notice of the seal or stamp or signature (as the case may be) of any such Court, Judge, person, Consul or Vice-Consul, attached, appended or subscribed to any such affidavit, affirmation or declaration or to any other document to be used for the purposes of this Part of this Act.

Voluntary Winding-up of Company.

[Circumstances under which Company may be wound up voluntarily.]

CXLV. A Company under this Act may be wound up voluntarily.

অধিবেশন করেন, তাঁহারা এই আইনমতে সাক্ষ্য গ্রহণার্থ কমিস্যনর অর্থাৎ আমীন হইবেন। কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞা কি ডিক্রী যে আদালত করিয়াছিলেন, ঐ কমিস্যনর সেই আদালতের বিচারাধিপত্যের বহির্ভূত হইলেও আমীন হইতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক আমীন জিলার আদালতের জজস্বরূপ আইনমতে সাক্ষিদিগকে আহ্বান ও তাঁহাদের পরীক্ষা গ্রহণ এবং লেখ্য উপস্থিত কি সমর্পণ করিবার আজ্ঞা করণ এবং সাক্ষিদের অনুপস্থানের সংশিতপত্র দেওনের কি তাঁহাদের দণ্ড করণের যে কোন ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন, তদতিরিক্ত তিনি উক্তপ্রকারে আপনার প্রতি অর্পিত বিষয়ে, সাক্ষিদিগকে আহ্বান ও তাঁহাদের পরীক্ষা গ্রহণ সম্পর্কে এবং লেখ্য উপস্থিত কি সমর্পণ করণের আজ্ঞা করণ, ও সাক্ষিদের অনুপস্থিতির দণ্ড করণ এবং সাক্ষিদিগকে খরচ ও পারিশ্রমিক ও ব্যয় দান করণ সম্পর্কে যে আদালত কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞা করিলেন, সেই আদালতের তুল্য ক্ষমতা প্রাপ্ত হইবেন। ও সেই আদালত যদ্রূপ আজ্ঞা করেন তদ্রূপ ঐ গৃহীত পরীক্ষার রিটর্ণ কি রিপোর্ট সেই আদালতের নিকটে প্রেরণ হইবে ইতি।

[ব্রিটনীয় ভারতবর্ষে কি গ্রেট ব্রিটনে কি ঐরলণ্ডে কি ভিন্ন দেশে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতের কি ব্যক্তির সম্মুখে আফিডেবিট প্রভৃতি শপথ হইতে পারিবার কথা।]

১৪৪ ধারা। এই আইনের এই খণ্ডের বিধানমতে কি তৎকর্ম্মের নিমিত্তে যে কোন আফিডেবিট কি দৃঢ়োক্তি কি প্রতিজ্ঞা করণের কি শপথপূর্ব্বক করণের প্রয়োজন হয়, তৎপক্ষে যদি ব্রিটনীয় ভারতবর্ষে কি গ্রেট ব্রিটনে কি ঐরলণ্ডে কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যাধীন ভিন্ন দেশান্তরগত কোন উপনিবেসে কি দ্বীপে কি রক্ষবাটিকাতে কি স্থানে কোন ধর্ম্মাধিকরণের কি বিচারকর্ত্তার সম্মুখে, আইনমতে আফিডেবিট ও দৃঢ়োক্তি ও প্রতিজ্ঞা করাইবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তির সম্মুখে কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের বহির্ভূত কোন ভিন্ন দেশে শ্রীশ্রীমতী মহারাণীর কোন কনসলের কি প্রতিনিধি কনসলের সম্মুখে শপথ করা যায়, তবে এই আইনের এই খণ্ডের অভিপ্রায়ার্থে যে কোন আফিডেবিট কি দৃঢ়োক্তি কি প্রতিজ্ঞা কিম্বা অন্য কোন লেখ্যতে তদ্রূপ কোন ধর্ম্মাধিকরণের কি বিচারকর্ত্তার কি ব্যক্তির কি কনসলের কি প্রতিনিধি কনসলের মোহর কি বিষয় বিশেষে মুদ্রা কি স্বাক্ষর অঙ্কিত কি সংযুক্ত কি লিখিত হয়, ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত সকল আদালত ও জজ ও জুষ্টিস ও কমিস্যনর ও অন্য যে ব্যক্তিরা বিচার সম্বন্ধীয় কার্য্য করেন তাঁহারা বিচারকালে সেই মোহর কি মুদ্রা কি স্বাক্ষর স্বীকার করিবেন ইতি।

কোম্পানির স্বেচ্ছাক্রমে কর্ম্ম বন্দ করণের বিধি।

[যে গতিকে কোম্পানির স্বেচ্ছাক্রমে কর্ম্ম বন্দ হইতে পারে তাহার কথা।]

১৪৫ ধারা। এই আইনঅনুযায়ি কোম্পানি পশ্চাৎ লিখিত গতিকে স্বীয় কর্ম্ম স্বেচ্ছাক্রমে বন্দ করিতে পারিবেন, বিশেষতঃ

(1.) Whenever the period, if any, fixed for the duration of the Company by the Articles of Association expires, or whenever the event, if any, occurs upon the occurrence of which it is provided by the Articles of Association that the Company is to be dissolved, and the Company in General Meeting has passed a Resolution requiring Company to be wound up voluntarily:

(2.) Whenever the Company has passed a Special Resolution requiring the Company to be wound up voluntarily:

(3.) Whenever the Company has passed an Extraordinary Resolution to the effect that it has been proved to their satisfaction that the Company cannot by reason of its liabilities continue its business, and that it is advisable to wind up the same:

For the purposes of this Act any Resolution shall be deemed to be extraordinary which is passed in such manner as would, if it had been confirmed by a subsequent meeting, have constituted a special Resolution as hereinbefore defined.

[Commencement of voluntary winding-up.]

CXLVI. A voluntary winding-up shall be deemed to commence at the time of the passing of the Resolution authorizing such winding-up.

[Effect of voluntary winding-up on status of Company.]

CXLVII. Whenever a Company is wound up voluntarily, the Company shall, from the date of the commencement of such winding-up, cease to carry on its business except in so far as may be required for the benificial winding-up thereof; and all transfers of shares except transfers made to or with the sanction of the Liquidators, or alteration in the status of the members of the Company taking place after the commencement of such winding-up shall be void, but its corporate state and all its corporate powers shall, notwithstanding it is otherwise provided by its regulations, continue until the affairs of the Company are wound up.

[Notice of Resolution to wind up voluntarily.]

CXLVIII. Notice of any special resolution or Extraordinary resolution passed for winding-up a Company voluntarily shall be given by advertisement in the local Official Gazette and also in some newspaper (if any) circulating in the place where the registered Office of the Company is situate.

[Consequences of voluntary winding-up.]

CXLIX. The following consequences shall ensue upon the voluntary winding-up of a Company:—

(1.) The property of the Company shall be

(১) সংসৃষ্টির নিয়মদ্বারা যদি কোম্পানির অবস্থানের কোন সময় নির্দ্ধারিত হয়, তবে সেই সময় অতীত হইলে, অথবা যদি সংসৃষ্টির নিয়মপত্রে কোন ঘটনা উপস্থিত হইলে কোম্পানি বিলুপ্ত হইবার বিধান থাকে, তবে সেই ঘটনা উপস্থিত হইলে, যখন কোম্পানি সাধারণ সভা করিয়া কোম্পানির কার্য্য স্বেচ্ছামতে বন্দ করিবার আদেশসূচক নির্দ্ধারণ করেন তখন।

(২) যখন কোম্পানি স্বীয় কর্ম্ম স্বেচ্ছামতে বন্দ করণের আদেশসূচক বিশেষ নির্দ্ধারণ করেন তখন।

(৩) কোম্পানির বহুতর ঋণ হেতুক তাহার কার্য্য প্রচলিত রাখা অসাধ্য এবং কর্ম্ম বন্দ করা উচিত কোম্পানির স্ববোধমতে ইহার প্রমাণ হইয়াছে, যখন কোম্পানি এই মর্ম্মসূচক অতিরিক্ত নির্দ্ধারণ করেন তখন।

যদি কোন নির্দ্ধারণ পশ্চাৎ কালীন সভাতে দৃঢ়ীভূত হইলে, এই আইনের পূর্ব্বভাগের অর্থক্রমে বিশেষ নির্দ্ধারণ হয়, তবে এই আইনের অভিপ্রায়ার্থে তাহাই অতিরিক্ত নির্দ্ধারণ জ্ঞান হইবে ইতি।

[স্বেচ্ছাক্রমে কর্ম্ম বন্দ করণের প্রারম্ভের কথা।]

১৪৬ ধারা। যে নির্দ্ধারণক্রমে কোম্পানির কর্ম্ম বন্দ করণের ক্ষমতা দত্ত হয়, সেই নির্দ্ধারণ হওনের সময় স্বেচ্ছাক্রমে কর্ম্ম বন্দ করণের প্রারম্ভ জ্ঞান হইবে ইতি।

[কোম্পানির অবস্থা সম্পর্কে স্বেচ্ছামতে কর্ম্ম বন্দ করণের ফলের কথা।]

১৪৭ ধারা। যখন কোম্পানির স্বেচ্ছামতে কর্ম্ম বন্দ হয়, তখন সেই কর্ম্ম বন্দ করণের প্রারম্ভের তারিখ অবধি কর্ম্ম সফলরূপে বন্দ করণার্থে যেপর্য্যন্ত কর্ম্মের প্রয়োজন তদ্ভিন্ন কর্ম্ম রহিত হইবে। এবং তদ্রূপ কর্ম্ম বন্দ করণের প্রারম্ভের পর যে সকল অংশ সন্নিধায়কদিগের নিকটে কি তাহাদের সম্মতিক্রমে হস্তান্তরীকৃত হয় তদ্ভিন্ন অংশ হস্তান্তরকরণ কিম্বা কোম্পানির সংভূয়কারিদের স্থিতির পরিবর্ত্তন অসিদ্ধ হইবে। কিন্তু কোম্পানির কার্য্য যাবৎ বদ্ধ না হয়, তাবৎ তাহার সমাবেত অবস্থা ও সমবায়স্বরূপ তাহার সমস্ত ক্ষমতা প্রবল থাকিবে। যদিও কোম্পানির বিধানে প্রকারান্তরের বিধি হয় তথাপি প্রবল থাকিবে ইতি।

[স্বেচ্ছাক্রমে কর্ম্ম বন্দ করণের নির্দ্ধারণের সম্বাদ দিবার কথা।]

১৪৮ ধারা। কোন কোম্পানির স্বেচ্ছামতে কর্ম্মবন্দ করণের কোন বিশেষ কি অতিরিক্ত নির্দ্ধারণ হইলে পর স্থানবিশেষের রাজকীয় গেজেটে, এবং কোম্পানির রাজকীয় কার্য্যালয় যে স্থানে আছে সেই স্থানে যদি কোন সম্বাদপত্র প্রকাশ হইয়া থাকে, তবে সেই সম্বাদপত্রে জ্ঞাপনপত্র প্রকাশপূর্ব্বক ঐ নির্দ্ধারণের সংবাদ দেওয়া যাইবে।

[স্বেচ্ছাক্রমে কর্ম্ম বন্দ করণের ফলের কথা।]

১৪৯ ধারা। কোম্পানির স্বেচ্ছাক্রমে কর্ম্ম বন্দ হইলে নিম্ন লিখিত ফল হইবে, বিশেষতঃ।

(১) কোম্পানির ঋণ সম্পূর্ণরূপে পরিশোধ কর-

applied in satisfaction of its liabilities *pari passu*, and subject thereto shall, unless it be otherwise provided by the regulations of the Company, be distributed amongst the members according to their rights and interests in the Company:

(2.) Liquidators shall be appointed for the purpose of winding-up the affairs of the Company and distributing the property:

(3.) The Company in general meeting shall appoint such persons or person as it thinks fit to be liquidators or a liquidator, and may fix the remuneration to be paid to them or him:

(4.) If one person only is appointed, all the provisions herein contained in reference to several liquidators shall apply to him:

(5.) Upon the appointment of liquidators all the powers of the Directors shall cease, except in so far as the Company in general meeting or the liquidators may sanction the continuance of such powers:

(6.) When several liquidators are appointed, every power hereby given may be exercised by such one or more of them as may be determined at the time of their appointment, or, in default of such determination, by any number not less than two:

(7.) The liquidators may, without the sanction of the Court, exercise all powers by this Act given to the official liquidators:

(8.) The liquidators may exercise the powers hereinbefore given to the Court of settling the list of contributories of the Company, and any list so settled shall be *primâ facie* evidence of the liability of the persons named therein to be contributories:

(9.) The liquidators may at any time after the passing of the resolution for winding-up the Company, and before they have ascertained the sufficiency of the assets of the Company, call on all or any of the contributories for the time being settled on the list of contributories to the extent of their liability to pay all or any sums they deem necessary to satisfy the debts and liabilities of the Company, and the costs, charges, and expenses of winding it up, and for the adjustment of the rights of the contributories amongst themselves, and the liquidators may, in making a call, take into consideration the probability that some of the contributories upon whom the same is made may partly or wholly fail to pay their respective portions of the same:

(10.) The liquidators shall pay the debts of the Company and adjust the rights of the contributories amongst themselves.

ণার্থে ঐ কেম্পানির সম্পত্তি প্রয়োগ হইবে। তৎপশ্চাৎ কোম্পানির বিধানমতে প্রকারান্তরেরবিধি না থাকিলে, কোম্পানির সংভূয়কারিগণের স্বত্ব ও স্বার্থ অনুসারে তাঁহাদের মধ্যে বন্টন হইবে।

(২) কোম্পানির কর্ম্ম বন্দ করিবার ও সম্পত্তি বন্টন করিবার জন্যে সম্বিধায়কদিগকে নিযুক্ত করা যাইবে।

(৩) কোম্পানি সাধারণ সভা করিয়া যে ব্যক্তিদিগকে কি যে ব্যক্তিকে উপযুক্ত বোধ করেন তাঁহাদিগকে কি তাঁহাকে সম্বিধায়কের পদে নিযুক্ত করিয়া তাঁহাদের কি তাঁহার পারিশ্রমিকের নিয়ম করিবেন।

(৪) যদি কেবল এক জন নিযুক্ত হন, তবে এই আইনেতে অনেক সম্বিধায়ক সম্পর্কীয় যে বিধান আছে তাহা তাঁহারও প্রতি বর্ত্তিবে।

(৫) সম্বিধায়কদিগকে নিযুক্ত করা গেলে পর, কোম্পানি সাধারণ সভা করিয়া কিম্বা সম্বিধায়কেরা কার্য্যাধ্যক্ষদিগের যে পর্য্যন্ত ক্ষমতা প্রচলিত থাকিবার অনুমতি করেন, তদ্ভিন্ন তাঁহাদের সমস্ত ক্ষমতা রহিত হইবে।

(৬) যদি অনেক সম্বিধায়ককে নিযুক্ত করা যায় তবে তাঁহারদের নিয়োগ কালে যদ্রূপ নির্দ্ধারিত হয় তদনুসারে তাঁহাদের এক কি তদধিক জন এই আইনদ্বারা প্রদত্ত সকল ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন। যদি তদ্রূপ নির্দ্ধারণ না করা যায়, তবে দুইয়ের অন্যূন ব্যক্তিরা সেই সকল ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

(৭) এই আইনক্রমে রাজকীয় সম্বিধায়কদিগকে যে সকল ক্ষমতা দেওয়া গেল পূর্ব্বোক্ত সম্বিধায়কেরা আদালতের অনুমতিবিনা সেই সকল ক্ষমতামতে কর্ম্ম করিতে পারিবেন।

(৮) এই আইনের পূর্ব্বভাগে আদালতের প্রতি কোম্পানির ঋণদাতার নামাবলি নির্ণয় করিবার যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে, সম্বিধায়কেরা সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন। ও তাহাতে যে ব্যক্তিদের নাম লেখা যায় তাহারদের প্রতি ঋণদাতার দায় আছে, আদি দৃষ্টে তদ্রূপ নির্ণীত নামাবলি ইহার প্রমাণ হইবে।

(৯) কোম্পানির কর্ম্ম বন্দ করণের নির্দ্ধারণ হইলে পর এবং কোম্পানির স্থিতের প্রাচুর্য্য নিরূপণ করিবার পূর্ব্ব কোন সময়ে সম্বিধায়কেরা কোম্পানির ঋণ ও দায় পরিশোধ করণার্থে এবং কর্ম্ম বন্দ করণের খরচ ও পারিশ্রমিক ও ব্যয়ের জন্যে এবং ঋণদাতাদের পরস্পর স্বত্ব নিষ্পত্তি করণার্থে যত টাকা আবশ্যক বোধ করেন, ঋণদাতাদের নামাবলিতেযে ঋণদাতারা যে সময়ে অবধারিত থাকেন, তাঁহারদের সকল কি কোন ব্যক্তিকে আপন২ দায়ের পরিমাণানুসারে তত টাকা দিতে আদেশ করিতে পারিবেন, এবং যাঁহারদের প্রতি তদ্রূপ আদেশ করা যায়, তাঁহাদের মধ্যে কোন২ ব্যক্তি আপনারদের অংশের কতক কি সমুদয় দিবার ত্রুটি করিতেও পারিবেন, তদ্রূপ আদেশ করণ সময়ে ইহাও বিবেচনা করিবেন।

(১০) সম্বিধায়কেরা কোম্পানির ঋণ শোধ করিবেন এবং ঋণদাতারদের পরস্পর যে স্বত্ব থাকে তাহাও নিষ্পত্তি করিবেন ইতি।

[Effect of winding-up on share-capital of Company limited by guarantee.]

CL. Where a Company limited by guarantee and having a capital divided into shares, is being wound up voluntarily, any share-capital that may not have been called up shall be deemed to be assets of the Company, and to be a debt due from each member to the Company to the extent of any sums that may be unpaid on any shares held by him, and payable at such time as may be appointed by the liquidators.

[Power of Company to delegate authority to appoint Liquidators.]

CLI. A Company about to be wound up voluntarily, or in the course of being wound up voluntarily may, by an extraordinary resolution, delegate to its creditors, or to any Committee of its creditors, the power of appointing liquidators or any of them, and supplying any vacancies in the appointment of liquidators, or may by a like resolution enter into any arrangement with respect to the powers to be exercised by the liquidators and the manner in which they are to be exercised. Any act done by the creditors in pursuance of such delegated power shall have the same effect as if it had been done by the Company.

[Arrangement when binding on creditors.]

CLII. Any arrangement which a Company about to be wound up voluntarily, or in the course of being wound up voluntarily, shall have entered into with its creditors, shall be binding on the Company if sanctioned by an extraordinary resolution, and on the creditors if acceded to by three-fourths in number and value of the creditors, subject to such right of appeal as is hereinafter mentioned.

[Power of creditor or contributory to appeal.]

CLIII. Any creditor or contributory of a Company that has in manner aforesaid entered into any arrangement with its creditors may, within three weeks from the date of the completion of such arrangement, appeal to the Court against such arrangement, and the Court may thereupon as it thinks just amend, vary, or confirm the same.

[Power for Liquidators or contributories in voluntary winding-up to apply to Court.]

CLIV. Where a Company is being wound up voluntarily, the liquidators or any contributory of the Company may apply to the Court to determine any question arising in the matter of such

[প্রাতিভাব্যক্রমে সীমাবদ্ধ কোম্পানির অংশরূপ মূলধনের উপর কর্ম্ম বন্দ করণের ফলের কথা।]

১৫০ ধারা। প্রাতিভাব্যক্রমে সীমাবদ্ধ যে কোম্পানির মূলধন অংশাংশে বিভক্ত হয়, এমত কোম্পানির কার্য্য যে সময়ে স্বেচ্ছাক্রমে বন্দ করা যাইতেছে, সেই সময়ে, মূলধনের অংশঘটিত যে টাকা দিবার আদেশ পূর্ব্বে না হয় তাহা কোম্পানির স্থিতের মধ্যে গণ্য হইয়া প্রত্যেক সংভুয়কারির যত অংশের উপর যত টাকা অদত্ত থাকে, কোম্পানির নিকটে তিনি তত টাকা পর্য্যন্ত ঋণী জ্ঞান হইবেন এবং সম্বিধায়কেরা যে সময় নিরূপণ করেন সেই সময়ে ঐ টাকা দাতব্য হইবে ইতি।

[সম্বিধায়ককে নিযুক্ত করিবার ক্ষমতা অন্যের প্রতি প্রদান করিতে কোম্পানির ক্ষমতার কথা।]

১৫১ ধারা। কোম্পানি স্বেচ্ছাক্রমে কর্ম্ম বন্দ করিতে উদ্যত হইলে, কিম্বা স্বেচ্ছাক্রমে কর্ম্ম বন্দ করিবার সময়ে, অতিরিক্ত নির্দ্ধারণ করিয়া উত্তমর্ণদের প্রতি কিম্বা উত্তমর্ণদিগের কোন কমিটীর প্রতি সম্বিধায়কদিগকে কিম্বা তাঁহাদের কোন জনকে নিযুক্ত করিবার, কিম্বা পূর্ব্বনিযুক্ত সম্বিধায়কের পদ শূন্য হইলে অন্য ব্যক্তিদিগকে নিযুক্ত করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন, অথবা সম্বিধায়কদের যে ক্ষমতাক্রমে কার্য্য করিতে হইবে ও তাঁহারা সেই ক্ষমতানুসারে যদ্রূপ কার্য্য করিবেন, কোম্পানি পূর্ব্বোক্তমত নির্দ্ধারণ করিয়া এতদ্বিষয়ের কোন নিয়ম করিতে পারিবেন এবং উত্তমর্ণেরা সেই অর্পিত ক্ষমতানুসারে যে কোন ক্রিয়া করেন তাহা কোম্পানির কৃত কর্ম্মের ন্যায় ফলবৎ হইবে ইতি।

[যে স্থলে উত্তমর্ণেরা সেই নিয়ম মানিতে বদ্ধ তাহার কথা।]

১৫২ দ্বারা। কোন কেম্পাানি স্বেচ্ছাক্রমে কর্ম্ম বন্দ করিতে উদ্যত হইলে, কিম্বা স্বেচ্ছাক্রমে কর্ম্ম বন্দ করিবার সময়ে, উত্তমর্ণদের সঙ্গে যে কোন নিয়ম করেন সেই নিয়ম যদি অতিরিক্ত নির্দ্ধারণক্রমে অনুমোদিত হয়, তবে কোম্পানি তাহাতে বদ্ধ হইবেন। এবং উত্তমর্ণদের সংখ্যা ও প্রাপ্য ঋণ ধরিয়া যদি তাঁহাদের চারি অংশের তিন অংশ লোক ঐ নিয়মে সম্মত হন, তবে তাঁহারা ঐ নিয়মে বদ্ধ হইবেন। কিন্তু পশ্চাৎ লিখিত মতে আপীল করিবার ক্ষমতা থাকিবে ইতি।

[উত্তমর্ণের কি ঋণদাতার আপীল করিবার ক্ষমতার কথা।]

১৫৩ ধারা। যে কোম্পানি পূর্ব্বোক্ত প্রকারে উত্তমর্ণদের সঙ্গে কোন নিয়ম করিয়া থাকেন, সেই কোম্পানির কোন উত্তমর্ণ কি ঋণদাতা ঐ নিয়ম সম্পাদন হইবার তিন সপ্তাহের মধ্যে ঐ নিয়মের বিপক্ষে আদালতে আপীল করিতে পারিবেন। তাহ করিলে আদালত যদ্রূপে ন্যায় বোধ করেন তদ্রূপে ঐ নিয়ম সংশোধন কি পরিবর্ত্তন কি দৃঢ় করিতে পারিবেন ইতি।

[স্বেচ্ছাক্রমে কর্ম্ম বন্দ করণ কালে সম্বিধায়কদের কি ঋণদাতাদের আদালতে প্রার্থনা করিবার ক্ষমতার কথা।]

১৫৪ ধারা। কোম্পানির কর্ম্ম যখন স্বেচ্ছাক্রমে বন্দ করা যাইতেছে, তখন ঐ কর্ম্ম বন্দ করণসম্পার্কীয় কো- বিবাদীয় বিষয় উঠিলে, সম্বিধায়কেরা কিম্বা কোম্পানির কোন ঋণদাতা তাহা নির্ণয় করিতে, কিম্ব

winding-up, or to exercise, as respects the enforcing of calls or in respect of any other matter all, or any of the powers which the Court might exercise if the Company were being wound up by the Court, the Court, if satisfied that the determination of such question or the required exercise of power will be just and beneficial, may accede, wholly or partially, to such application on such terms and subject to such conditions as the Court thinks fit, or it may make such other order or decree on such application as the Court thinks just.

[Power of Liquidators to call general meeting.]

(৩) কোম্পানিদিগের রেজিষ্টরী করিবার কার্য্যালয় যেং স্থানে স্থাপিত হইবে, তাহা স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং নির্দ্ধার্য্য করিবেন। কিন্তু কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই প্রত্যেক রাজধানীতে অন্যূন এক কার্য্যালয় সর্ব্বদা রক্ষিত হইবে। এবং সংস্থষ্টি পত্রের মধ্যে কোন কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয় ব্রিটনীয় ভারতবর্ষের যে অংশে সংস্থাপিত হওয়ার কথা আছে, সেই অংশের অন্তর্গত কার্য্যালয় ভিন্ন ঐ কোম্পানির অন্য স্থানে রেজিষ্টরী হইবে না।

(৪) কোম্পানিদিগের রেজষ্টর করণার্থে যে কোন লেখ্যের প্রয়োজন হয়, কি সম্পর্ক থাকে তাহার সত্যাকরণার্থে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং এক কি অধিক মোহর প্রস্তুত করিবার আজ্ঞা করিতে পারিবেন।

(৫) জাইণ্ট ষ্টাক কোম্পানিদিগের রেজিষ্ট্রার যে সকল লেখ্য রাখেন তাহা প্রত্যেক ব্যক্তি দৃষ্টি করিতে পারিবেন, এবং প্রত্যেকবার দর্শনের জন্যে স্থানীয় গবর্ণমেণ্ট এক টাকার অনধিক যে শুল্ক নিরূপণ করেন, লেখ্য দর্শনার্থে সেই শুল্ক দিতে হইবে। কোন ব্যক্তি কোন কোম্পানির সমবায় পত্রের সংশিতপত্র কিম্বা রেজিষ্ট্রারের সংশিত অন্য কোন লেখ্যের কি তাহার কোন অংশের প্রতিলিপি কি তদুদ্ধৃত কথা চাহিয়া লইতে পারিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট সমাবায় পত্রের সংশিত পত্রের জন্যে ৩৲ টাকার অনধিক এবং উক্ত প্রতিলিপির কি কথার শত শব্দের প্রতি ৵০ দুই আনার অনধিক যত শুল্ক নিরূপণ করেন সেই সমবায় পত্রের সংশিতপত্র ও সংশিত প্রতিলিপির কি গৃহীত কথার জন্যে তত শুল্ক দাতব্য হইবে।

(৬) জাইণ্ট ষ্টাক কোম্পানির রেজিস্টরী কার্য্যালয়ের বর্ত্তমান রেজিষ্ট্রার ও আসিষ্টাণ্ট রেজিষ্ট্রার ও ক্লার্ক ও অন্য কর্ম্মকারকেরা ও চাকরেরা অদ্যাপি

Companies shall, during the pleasure of the Local Government hold the offices and receive the salaries hitherto held and received by them, but they shall in the execution of their duties comform to any regulations that may be issued by the Local Government:

(7.) There shall be paid to any Registrar, Assistant Registrar, Clerk or servant that may hereafter be employed in the registration of Joint Stock Companies, such salary as the Local Government may, with the sanction of the Governor General of India in Council, direct:

(8.) Whenever any act is herein directed to be done to or by the Registrar of Joint Stock Companies, such act shall, until the Local Government otherwise directs, be done to or by the existing Registrar of Joint Stock Companies, or in his absence to or by such person as the Local Government may for the time being authorize. But in the event of the Local Government altering the constitution of the existing Registry Office, such act shall be done to or by such Officer or Officers and at such place or places with reference to the local situation of the registered Offices of the Companies to be registered as the Local Government may appoint.

PART VI.

APPLICATION OF ACT TO COMPANIES REGISTERED UNDER THE JOINT STOCK COMPANIES' ACT.

[Application of Act to Companies formed under Act XIX of 1857 or VII of 1860.]

CXCI. Subject as hereinafter mentioned, this Act, with the exception of Table A in the first Schedule, shall apply to Companies formed and registered under Act No. XIX of 1857 and Act No. VII of 1860 or either of them, in the same manner in the case of a Limited Company as if such Company had been formed and registered under this Act as a Company limited by shares; and in the case of a Company other than a limited Company as if such Company had been formed and registered as an Unlimited Company under this Act, with this qualification, that wherever reference is made expressly or impliedly to the date of registration, such date shall be deemed to refer to the date at which such Companies were respectively registered under the said Acts or either of them, and the power of altering regulations by Special Resolution given by this Act shall, in the case of any Company formed and registered under the said Acts or either of them, extend to altering any

যে পদ ধারণ ও যে বেতন ভোগ করিতেছেন, স্থান বিশেষের গবর্ণমেণ্টের স্বেচ্ছাধীনে সেই পদ ধারণ ও সেই বেতন ভোগ করিবেন, কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন বিধি প্রণয়ন করেন তাঁহাদের কার্য্য সম্পাদন কালে সেই বিধিমতে কর্ম্ম করিতে হইবে।

(৭) ইহার পরে জাইণ্ট ষ্টাক কোম্পানির রেজিষ্টর করণার্থে যে কোন রেজিষ্ট্রার কি আসিষ্টাণ্ট রেজিষ্ট্রার কি ক্লার্ক কি চাকর নিযুক্ত হন, স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিক্রমে তাঁহাদের যে বেতন নিরূপণ করেন, তাঁহারা সেই বেতন পাইবেন।

(৮) এই আইনেতে জাইণ্ট ষ্টাক কোম্পানির রেজিষ্ট্রারের প্রতি কি তাঁহার দ্বারা কোন কর্ম্ম হইবার আজ্ঞা হইলে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট যত কাল প্রকারান্তরের আজ্ঞা না করেন ততকাল জাইণ্ট ষ্টাক কোম্পানির বর্ত্তমান রেজিষ্ট্রারের প্রতি কি তাঁহার দ্বারা, অথবা তিনি উপস্থিত না থাকিলে, স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যে ব্যক্তিকে তৎকালের নিমিত্তে ক্ষমতা প্রদান করেন তাঁহার প্রতি কি তাহার দ্বারা সেই কর্ম্ম করা যাইবে। কিন্তু যদি স্থানীয় গবর্ণমেণ্ট বর্ত্তমান রেজিষ্টরী কার্য্যালয়ের স্থিতির পরিবর্ত্তন করেন, তবে স্থান বিশেষের গবর্ণমেণ্ট যে কার্য্যকারককে কি কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন, তাঁহারদের প্রতি কি তাঁহারদের দ্বারা, এবং রেজিষ্টর করণীয় কোম্পানিদিগের রেজিষ্টরী কার্য্যালয়ের স্থানোপলক্ষে ঐ গবর্ণমেণ্ট যে স্থান কি যে২ স্থান নির্দ্দিষ্ট করেন তথায় সেই ক্রিয়া করা যাইবে ইতি।

ষষ্ঠ খণ্ড।

জাইণ্ট ষ্টাক কোম্পানির আইনমতে যে২ কোম্পানি রেজিষ্টর হইয়াছে তাহার প্রতি এই আইন বর্ত্তিবার বিধি।

[১৮৫৭ সালের ১৯ আইন কি ১৮৬০ সালের ৭ আইনমতে যে কোম্পানি স্থাপিত হইয়াছে তাহার প্রতি এই আইন বর্ত্তিবার কথা।]

১৯১ ধারা। পশ্চাৎ লিখিত উপনিয়ম প্রবল রাখিয়া, প্রথম তফসীলের A চিহ্নিত টেবিল ব্যতিরেকে এই আইন, ১৮৫৭ সালের ১৯ আইন এবং ১৮৬০ সালের ৭ আইন কি তন্মধ্যে একতর আইনমতে স্থাপিত ও রেজিষ্টর করা কোম্পানির প্রতি বর্ত্তিবে। ফলতঃ কোম্পানি সীমাবদ্ধ হইলে ঐ কোম্পানি যেন এই আইনমতে অংশক্রমে সীমাবদ্ধ কোম্পানিস্বরূপে স্থাপিত হইল ও রেজিষ্টর করা গেল, এবং সীমাবদ্ধ কোম্পানি ভিন্ন হইলে, সেই কোম্পানি যেন এই আইনমতে অসীমাবদ্ধ কোম্পানিস্বরূপে স্থাপিত হইল ও রেজিষ্টর করা গেল, এই আইন তদ্রূপেই বর্ত্তিবে। কিন্তু এই বিশেষ যে, রেজিষ্টর করিবার তারিখের প্রতি স্পষ্টতঃ কি ভাবতঃ লক্ষ হইয়া কোন কথা হইলে, উক্ত কোম্পানিগণ উক্ত দুই আইন কি তন্মধ্যে কোন আইনক্রমে যে২ তারিখে রেজিষ্টর হইয়াছিল সেই তারিখের প্রতি লক্ষ হইল জ্ঞান হইবে। এবং এই আইনেতে বিশেষ নির্দ্ধারণক্রমে বিধান পরিবর্ত্তনের যে ক্ষমতা প্রদান হইয়াছে, উক্ত দুই আইন কি তন্মধ্যে কোন আইনঅনুসারে স্থাপিত ও রেজিষ্টর করা কোন কোম্পানির পক্ষে, সেই ক্ষমতানুসারে ১৮৫৭ সালের

provisions contained in the Table marked B annexed to Act No. XIX of 1857, and shall also, in the case of an Unlimited Company formed and registered as last aforesaid, extend to altering any regulations relating to the amount of capital or its distribution into shares, notwithstanding such regulations are contained in the memorandum of association.

[Application of Act to Companies registered under Act XIX of 1857 or VII of 1860.]

CXCII. This Act shall apply to Companies registered but not formed under the said Acts or either of them, in the same manner as it is hereinafter declared to apply to Companies registered but not formed under this Act, with this qualification, that wherever reference is made expressly or impliedly to the date of registration, such date shall be deemed to refer to the date at which such Companies were respectively registered under the said Acts or either of them.

[Mode of transferring shares.]

CXCIII. Any Company registered under the said Acts or either of them may cause its shares to be transferred in manner hitherto in use, or in such other manner as the Company may direct.

PART VII.

COMPANIES AUTHORIZED TO REGISTER UNDER THIS ACT.

[Companies capable of being registered.]

CXCIV. With the exceptions made in the next following Section and subject to the regulations therein contained, every Company existing at the time of the commencement of this Act, including any Company registered under either of the said Acts, consisting of seven or more members, and any Company hereafter formed in pursuance of any Act of Parliament, or Act of the Governor General of India in Council other than this Act, or of Letters Patent, or being otherwise duly constituted by law, and consisting of seven or more members, may at any time hereafter register itself under this Act as an Unlimited Company, or a Company limited by shares, or a Company limited by guarantee, and no such registration shall be invalid by reason that it has taken place with a view to the Company being wound up.

১৯ আইনে সংযুক্ত B চিহ্নিত টেবিলের কোন বিধান পরিবর্ত্ত করা যাইতে পারিবে। এবং পূর্ব্বোক্তমতে স্থাপিত ও রেজিষ্টর করা অসীমাবদ্ধ কোম্পানির পক্ষে সেই ক্ষমতানুসারে মূলধনের সংখ্যা কিম্বা অংশাংশে তাহার বন্টন সম্পর্কীয় কোন বিধানের পরিবর্ত্তন হইতে পারিবে, যদিও সেই বিধান সংস্থিতিপত্রে লিপিবদ্ধ থাকে তথাপি তাহার পরিবর্ত্তন হইতে পারিবে ইতি।

[১৮৫৭ সালের ১৯ আইন কি ১৮৬০ সালের ৭ আইন মতে যে কোম্পানি রেজিষ্টর হইয়াছে তাহার প্রতি এই আইন বর্ত্তিবার কথা।]

১৯২ ধারা। যে কোম্পানি এই আইনমতে স্থাপিত না হইয়া রেজিষ্টর হয় তাহার প্রতি এই আইন বর্ত্তিবার বিধান যদ্রূপে পশ্চাৎ নির্দ্দিষ্ট হইয়াছে, উক্ত দুই কি একতর আইনক্রমে যে কোম্পানি স্থাপিত না হইয়া রেজিষ্টর হইয়াছে তাহার প্রতিও এই আইন তদ্রূপই বর্ত্তিবে। কিন্তু বিশেষ এই যে, রেজিষ্টর করিবার তারিখ লক্ষ হইয়া স্পষ্টতঃ কি ভাবতঃ কোন কথা হইলে, ঐ২ কোম্পানি উক্ত দুই কি একতর আইনক্রমে যে তারিখে রেজিষ্টর হইয়াছিল সেই তারিখ লক্ষ হইল জ্ঞান হইবে ইতি।

[অংশ হস্তান্তর করণপত্রের কথা।]

১৯৩ ধারা। উক্ত দুই কি একতর আইনক্রমে যে কোম্পানির রেজিষ্টর হয় তাহার পূর্ব্বাবধি যে পাঠের ব্যবহার হইতেছে, ঐ কোম্পানি সেই পাঠে কিম্বা অন্য যে পাঠের আদেশ করেন সেই পাঠে তাহার অংশ হস্তান্তর করাইতে পারিবেন ইতি।

সপ্তম খণ্ড।

এই আইনমতে কোম্পানিদিগের রেজিষ্টর হইবার ক্ষমতার বিধি।

[যে২ কোম্পানি রেজিষ্টর হইতে পারে তাহার কথা।]

১৯৪ ধারা। ইহার অব্যবহিত পশ্চাৎ ধারার বর্জ্জিত কোম্পানিভিন্ন এবং ঐ ধারার বিধান বলবৎ রাখিয়া, এই আইনের প্রারম্ভের সময়ে যে প্রত্যেক কোম্পানি বর্ত্তমান থাকে, এবং সাত কি তদধিক জন সংভূয়কারি-যুক্ত যে কোন কোম্পানি উক্ত একতর আইনক্রমে রেজিষ্টর হইয়াছে, এবং পার্লেমেণ্টের কোন আইন অনুসারে, কিম্বা এই আইনভিন্ন মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কোন আইন অনুসারে কিম্বা পেটেণ্ট পত্রানুসারে যে কোন কোম্পানি পশ্চাৎ স্থাপিত হয়, কিম্বা যে কোম্পানি প্রকারান্তরে আইনক্রমে নিয়মিতরূপে সংস্থাপিত হয় এবং সাত কি অধিক সংভূয়কারি যুক্ত হয়, সেই২ কোম্পানি এতৎপশ্চাৎ কোন কালে অসীমাবদ্ধ কোম্পানি কিম্বা অংশক্রমে সীমাবদ্ধ কোম্পানি কিম্বা প্রাতিভাব্যক্রমে সীমাবদ্ধ কোম্পানিস্বরূপে এই আইনমতে আপনাকে রেজিষ্টর করাইতে পারিবেন। এবং কোম্পানির কর্ম্ম বন্ধ করণের অভিপ্রায়ে রেজিষ্টর হইয়াছে বলিয়া সেই রেজিষ্টরী কার্য্য অসিদ্ধ হইবে না ইতি।

[Regulations as to registration of existing Companies.]

CXCV. The following regulations shall be observed with respect to the registration of Companies under this Part of this Act: (that is to say)—

(1.) No Company having the liability of its members limited by Act of Parliament or Act of the Governor General of India in Council other than this Act, or by Letters Patent, and not being a Joint Stock Company as hereinafter defined, shall register under this Act in pursuance of this Part thereof:

(2.) No Company having the libaility of its members limited by Act of Parliament or Act of the Governor General of India in Council other than this Act, or by Letters Patent, shall register under this Act in pursuance of this Part thereof as an Unlimited Company, or as a Company limited by guarantee.

(3.) No Life Assurance Company existing at the time of the commencement of this Act, and no Company that is not a Joint Stock Company as hereinafter defined, shall in pursuance of this Part of this Act register under this Act as a Company limited by shares:

(4.) No Company shall register under this Act in pursuance of this Part thereof unless an assent to its so registering is given by a majority of such of its members as may be present, personally or by proxy in cases where proxies are allowed by the regulations of the Company, at some General Meeting summoned for the purpose:

(5.) Where a Company not having the liability of its members limited by Act of Parliament or Act of the Governor General of India in Council, or by Letters Patent, is about to register as a Limited Company, the majority required to assent as aforesaid shall consist of not less than three-fourths of the members present, personally or by proxy, at such last-mentioned General Meeting:

(6.) Where a Company is about to register as a Company limited by guarantee, the assent to its being so registered shall be accompanied by a Resolution declaring that each member undertakes to contribute to the assets of the Company, in the event of the same being wound up during the time that he is a member or within one year afterwards, for payment of the debts and liabilities of the Company contracted before the time at which he ceased to be a member and of the costs, charges and expenses of winding-up the Company, and for the adjustment of the rights of the contributories

[বর্ত্তমান কোম্পানি রেজিষ্টর করিবার বিধানের কথা।]

১৯৫ ধারা। এই আইনের এই খণ্ডানুসারে কোম্পানিদিগের রেজিষ্টর করণসম্পর্কে নিম্নলিখিত বিধি মান্সিতে হইবেক।

(১) পশ্চাৎ নির্দ্দিষ্ট প্রকারের জাইণ্ট ষ্টাক কোম্পানি না হইয়া পারলিমেণ্টের আইন দ্বারা কিম্বা এই আইনভিন্ন মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের আইন দ্বারা কি পেটেণ্টপত্র দ্বারা যে কোম্পানির সংভূয়কারিগণের দায় সীমাবদ্ধ হয় এই মত কোন কোম্পানি এই আইনের এই অংশানুসারে এই আইনক্রমে রেজিষ্টর হইবে না।

(২) পারলিমেণ্টের আইন দ্বারা কি এই আইনভিন্ন মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইনদ্বারা কি পেটেণ্টপত্রদ্বারা যে কোম্পানির সংভূয়কারিদের দায় সীমাবদ্ধ হয়, এমত কোন কোম্পানি এই আইনের এই অংশানুসারে অসীমাবদ্ধ কোম্পানিস্বরূপ কিম্বা প্রাতিভাব্যদ্বারা সীমাবদ্ধ কোম্পানিস্বরূপ এই আইন মতে রেজিষ্টর হইবে না।

(৩) এই আইনের প্রারম্ভকালে যে লাইফ আস্যুরান্স কোম্পানি বর্ত্তমান থাকে তাহা এবং যে কোম্পানি পশ্চাৎ নির্দ্দিষ্ট প্রকারের জাইণ্টষ্টাক কোম্পানি না হয়, তাহা অংশক্রমে সীমাবদ্ধ কোম্পানিস্বরূপে এই আইনের এই অংশানুসারে এই আইন মতে রেজিষ্টর হইবে না।

(৪) কোম্পানির রেজিষ্টরী করা শ্রেয় কি না এই কথার বিবেচনার জন্যে সাধারণ সভা আহূত হইলে যে সংভূয়কারিগণ বর্ত্তমান থাকেন তাঁহাদের অধিকাংশ সম্মত হইলে, কিম্বা যদি কোম্পানির বিধান মতে অন্যেরদের দ্বারা মত জ্ঞাপন করিবার অনুমতি হয়, তবে তদ্রূপে অভিমত জ্ঞাত করিয়া বর্ত্তমান অধিকাংশ ব্যক্তি সম্মত হইলে, ঐ কোম্পানি এই আইনের এই খণ্ডানুসারে এই আইন মতে রেজিষ্টর হইতে পারিবে, নতুবা নয়।

(৫) কোন কোম্পানির সংভূয়কারিদের দায় পারলিমেণ্টের আইন কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন দ্বারা কিম্বা পেটেণ্ট পত্রদ্বারা সীমাবদ্ধ না হইয়া, যদি সীমাবদ্ধ কোম্পানিস্বরূপে রেজষ্টর হইতে প্রবর্ত্ত হন, তবে যে অধিকাংশের সম্মতির কথা পূর্ব্বে উক্ত হইয়াছে, ঐ শেষোক্ত সাধারণ সভায় যে সংভূয়কারিগণ স্বয়ং কি অন্যের দ্বারা উপস্থিত হন তাঁহাদের চারি অংশের অংশ লোক লইয়া সেই অধিকাংশ হইবে।

(৬) যদি কোন কোম্পানি প্রাতিভাব্যক্রমে সীমাবদ্ধ কোম্পানিস্বরূপ রেজিষ্টর হইতে প্রবর্ত্ত হন, তবে তদ্রূপ রেজিষ্টর হইবার সম্মতিপত্র সহিত এই মর্ম্মের নির্দ্ধারণ থাকিবে, যথা, প্রত্যেক সংভূয়কারী যত কাল সংভূয়কারির পদে থাকেন তৎকালে, কিম্বা তাহার পর এক বৎসরের মধ্যে যদি কোম্পানির কর্ম্ম বন্দ করিতে হয়, তবে তাঁহার সংভূয়কারিত্ব পদ রহিত হওনের পূর্ব্বে ঐ কোম্পানির যে ঋণ ও দায় বর্ত্তিয়াছে তাহা পরিশোধ করিবার জন্যে, এবং কোম্পানির কর্ম্ম বন্দ করিবার খরচার ও পারিশ্রমিকের ও ব্যয়ের জন্যে এবং ঋণদাতাদের পরস্পর স্বত্ব নিরূপণ করিবার জন্যে নির্দ্দিষ্ট এক টাকার অনধিক যত টাকার প্রয়োজন হয় প্রত্যেক

amongst themselves, such amount as may be required not exceeding a specified amount.

In computing any majority under this Section, when a poll is demanded, regard shall be had to the number of votes to which each member is entitled according to the regulations of the Company of which he is a member.

[Definition of Joint Stock Company.]

CXCVI. For the purposes of this Part of this Act so far as the same relates to the description of Companies empowered to register as Companies limited by shares, a Joint Stock Company shall be deemed to be a Company having a permanent paid-up or nominal capital of fixed amount, divided into shares, also of fixed amount, or held and transferable as stock, or divided and held partly in one way and partly in the other, and formed on the principle or having for its members the holders of shares in such capital, or the holders of such stock, and no other persons : and such Company when registered with limited liability under this Act shall be deemed to be a Company limited by shares.

[Requisitions for registration by Companies.]

CXCVII. Previously to the registration, in pursuance of this Part of this Act, of any Joint Stock Company, there shall be delivered to the Registrar the following documents : (that is to say),

(1.) A list showing the names, addresses and occupations of persons who, on a day named in such list and not being more than six clear days before the day of registration, were members of such Company, with the addition of the shares held by such persons respectively, distinguishing, in cases where such shares are numbered, each share by its number :

(2.) A copy of any Act of Parliament or Act of the Governor General of India in Council, Royal Charter, Letters Patent, Deed of Settlement, Contract of Co-partnery or other instrument constituting or regulating the Company :

(3.) If any such Joint Stock Company is intended to be registered as a Limited Company, the above list and copy shall be accompanied by a statement specifying the following particulars ; (that is to say)—

The nominal capital of the Company and the number of shares into which it is divided :

The number of shares taken and the amount paid on each share :

The name of the Company, with the addition of the word "Limited" as the last word thereof :

With the addition, in the case of a Company intended to be registered as a Company limited by

সংস্থুয়কারী কোম্পানির স্থিত চুক্তির মধ্যে তত টাকা দিতে প্রতিজ্ঞা করেন।

এই ধারামতে অধিকাংশের গণনা করণার্থে যদি ব্যক্তিসংখ্যা গ্রহণের দাওয়া হয়, তবে প্রত্যেক জন যে কোম্পানির সংস্থুয়কারী হন, তিনি সেই কোম্পানির বিধিঅনুসারে যত অভিমত প্রকাশ করিতে ক্ষমবান হন তাহাও ধর্ত্তব্য ইতি।

[জাইণ্ট ষ্টাক কোম্পানি নির্ণয়ার্থক কথা।]

১৯৬ ধারা। অংশক্রমে সীমাবদ্ধ কোম্পানিস্বরূপ যে কোম্পানি রেজিষ্টর হইবার ক্ষমতাপন্ন হয়, তাহার বর্ণনা সহিত এই আইনের এই খণ্ডের যে পর্য্যন্ত সম্পর্ক থাকে সেই পর্য্যন্ত এই খণ্ডের কার্য্যার্থে, যে কোম্পানির দত্ত টাকার কি ব্যক্ত চিরস্থায়ি অবধারিত মূলধন অবধারিত টাকার অংশাংশে বিভক্ত হয়, কিম্বা স্থাপ্যস্বরূপে ভুক্ত ও হস্তান্তরকরণীয় হয় কিম্বা বিভক্ত হইয়া অংশতঃ এক প্রকারে ও অংশতঃ অন্য প্রকারে ভুক্ত হয়, এবং যাঁহারা সেই মূলধনের অংশী কি সেই স্থাপ্যের ভোগী হন তদ্ভিন্ন কোন ব্যক্তি সংস্থুয়কারী হইতে পারেন না এই২ নিয়মে যে কোম্পানি স্থাপিত হয়, তাহা জাইণ্ট ষ্টাক কোম্পানি জ্ঞান হইবে। তদ্রূপ কোম্পানি এই আইনমতে সীমাবদ্ধ দায়সহিত রেজিষ্টর হইলে অংশক্রমে সীমাবদ্ধ কোম্পানি জ্ঞান হইবে ইতি।

[কোম্পানিদের রেজিষ্টরী হইবার আদেশের কথা।]

১৯৭ ধারা। এই আইনের এই খণ্ডানুসারে কোন জাইণ্ট ষ্টাক কেম্পানির রেজিষ্টরী হইবার পূর্ব্বে রেজিষ্ট্রারকে নিম্নলিখিত লেখ্য দেওয়া যাইবে।

(১) রেজিষ্টরী হইবার পূর্ব্বে পূর্ণ ছয় দিনের অনধিক যে দিন নামাবলিতে নির্দ্দিষ্ট হয় সেই দিনে যাঁহারা ঐ কোম্পানির সংস্থুয়কারী ছিলেন তাঁহাদের নাম ও নিবাস ও ব্যবসায়ের আবলি। আরো প্রত্যেক জনের যত অংশ আছে তাহাও আবলিতে লিখিতব্য এবং যদি সেই২ অংশ অঙ্কযুক্ত হয়, তবে অঙ্কক্রমে প্রত্যেক অংশের নির্দ্দেশ হইবে।

(২) পারলিমেণ্টের কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের যে আইন, কি রাজদত্ত যে চার্টর কি যে পেটেণ্টপত্র কিম্বা যে নিরূপণপত্র কি সংস্থুয়সমুত্থানের চুক্তিপত্র কি অন্য যে লেখ্য দ্বারা কোম্পানি স্থাপিত কি বিধিবদ্ধ হয় তাহার প্রতিলিপি।

(৩) যদি তদ্রূপ কোন জাইণ্ট ষ্টাক [illegible] সীমাবদ্ধ কোম্পানি স্বরূপ রেজিষ্টর করিবার অভিপ্রায় হয়, তবে উক্ত নামাবলি ও প্রতিলিপি সহিত নিম্ন লিখিত বিশেষ কথার বর্ণনাপত্র দিতে হইবে যথা,।

কোম্পানির ব্যক্ত মূলধন যত টাকার হয় ও তাহা যত অংশে বিভক্ত।

যত অংশ গৃহীত হইয়াছে ও প্রত্যেক অংশের উপলক্ষে যত টাকা দেওয়া গিয়াছে।

কোম্পানির নাম ও তৎসংযোগে শেষ কথা স্বরূপ "লিমিটেড" এই শব্দ।

এবং কোম্পানিকে আতিভাব্যক্রমে সীমাবদ্ধ কোম্পানিস্বরূপ রেজিষ্টর করিবার অভিপ্রায় থাকিলে

guarantee, of the Resolution declaring the amount of the guarantee.

[Requisitions for registration by existing Company not being a Joint Stock Company.]

CXCVIII. Previously to the registration in pursuance of this Part of this Act of any Company not being a Joint Stock Company, there shall be delivered to the Registrar a list showing the names, addresses and occupations of the Directors or other Managers (if any) of the Company, also a copy of any Act of Parliament, Act of the Governor General of India in Council, Letters Patent, Deed of Settlement, Contract of Co-partnery or other instrument constuting or regulating the Company, with the addition, in the case of a Company intended to be registered as a Company limited by guarantee, of the Resolution declaring the amount of guarantee.

[Power for existing Company to register amount of stock instead of shares.]

CXCIX. Where at Joint Stock Company authorized to register under this Act has had the whole or any portion of its capital converted into stock, such Company shall, as to the capital so converted, instead of delivering to the Registrar a statement of shares, deliver to the Registrar a statement of the amount of stock belonging to the Company, and the names of the persons who were holders of such stock, on some day to be named in the statement not more than six clear days before to day of registration.

[Authentication of statements of existing Companies.]

CC. The lists of members and Directors and any other particulars relating to the Company hereby required to be delivered to the Registrar shall be verified by declaration of the Directors of the Company delivering the same or any two of them, or of any two other principal Officers of the Company made before a Justice of the Peace or a District Judge.

[Registrar may require evidence as to nature of Company.]

CCI. The Registrar may require such evidence as he thinks necessary for the purpose of satisfying himself whether an existing Company is or not a Joint Stock Company as hereinbefore defined.

[On registration of Banking Company with limit liability, notice to be given to customers.]

CCII. Every Banking Company existing at the date of the passing of this Act which registers itself as a Limited Company shall, at least thirty days previous to obtaining a certificate of

ঐ প্রাতিভাব্য যত টাকার হইবে ইহা যে নির্দ্ধারণক্রমে নির্দ্ধার্য্য হয় সেই নির্দ্ধারণও পুর্ব্বোক্তপত্র সহিত দিতে হইবে ইতি।

[জাইন্ট ষ্টাক কোম্পানি ভিন্ন বর্ত্তমান কোম্পানি রেজিষ্টর করিতে হইলে তাহার কথা।]

১৯৮ ধারা। এই আইনের এই খণ্ডানুসারে জাইন্ট ষ্টাক কোম্পানিভিন্ন কোন কোম্পানিকে রেজিষ্টর করিবার পুর্ব্বে ঐ কোম্পানির কর্ম্ম সম্পাদকদিগের কিম্বা অন্য কর্ম্মাধ্যক্ষ থাকিলে তাঁহারদিগের নাম ও নিবাস ও ব্যবসায় প্রকাশাবলি এবং পারলিমেন্টের কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের যে আইন কিম্বা যে পেটেন্টপত্র কি যে নিরূপণপত্র কিম্বা সংভুয়সমুত্থানের যে চুক্তিপত্র কি অন্য যে লেখ্যদ্বারা ঐ কোম্পানি সংস্থাপিত কি বিধিবদ্ধ হয়, তাহার প্রতিলিপি রেজিষ্ট্রারকে দেওয়া যাইবে। এবং যদি সেই কোম্পানিকে প্রাতিভাব্যক্রমে সীমাবদ্ধ কোম্পানিস্বরূপ রেজিষ্টর করিবার অভিপ্রায় থাকে, তবে যে নির্দ্ধারণক্রমে ঐ প্রাতিভাব্যের পরিমাণ নির্দ্ধার্য্য হয় তাহাও ঐ প্রতিলিপির সহিত দিতে হইবে ইতি।

[বর্ত্তমান কোম্পানির অংশের বিনিময়ে স্থাপ্যের পরিমাণ রেজিষ্টর করিবার ক্ষমতার কথা।]

১৯৯ ধারা। এই আইনমতে যে জাইন্ট ষ্টাক কোম্পানি রেজিষ্টর হইবার ক্ষমতাপন্ন হন, সেই কোম্পানির সমুদয় মূলধন কি তাহার কোন অংশ যদি পুর্ব্বে পরিবর্ত্তিত হইয়া স্থাপ্য করা গিয়া থাকে, তবে সেই পরিবর্ত্তিত মূলধন সম্পর্কে ঐ কোম্পানি রেজিষ্ট্রারকে অংশের বর্ণনাপত্র না দিয়া কোম্পানির স্থাপ্যের পরিমাণের বর্ণনাপত্র দিবেন, এবং রেজিষ্টর করণের পুর্ব্ব পুর্ণ ছয় দিনের অনধিক যে দিন ঐ বর্ণনাপত্রে নির্দ্দিষ্ট থাকে সেই দিনে যাঁহারা ঐ স্থাপ্যের ভোগী ছিলেন তাঁহারদের নামাবলি দিবেন ইতি।

[বর্ত্তমান কোম্পানির বর্ণনাপত্র সত্যাকরণের কথা।]

২০০ ধারা। এই আইনদ্বারা রেজিষ্ট্রারের নিকটে সংভূয়কারিদের ও কর্ম্ম সম্পাদকদিগের যে নামাবলি ও কোম্পানিসম্পর্কীয় অন্য যে বৃত্তান্ত প্রদান করিবার আদেশ হইয়াছে, তাহা ঐ কোম্পানির যে কর্ম্ম সম্পাদকেরা অর্পণ করেন তাঁহারা কি তন্মধ্যে কোন দুই জন কিম্বা কোম্পানির প্রধান অন্য কোন দুই জন কর্ম্মকারকের প্রতিজ্ঞাক্রমে শান্তিরক্ষার্থ জুষ্টিসের কিম্বা জিলার জজ সাহেবের সম্মুখে সত্যাকৃত হইবে ইতি।

[কোম্পানির স্বভাব বিষয়ে রেজিষ্ট্রারের প্রমাণ লইতে পারিবার কথা।]

২০১ ধারা। বর্ত্তমান কোন কোম্পানি পুর্ব্বোক্তমতে নির্ণীত জাইন্ট ষ্টাক কোম্পানি আছেন কি না রেজিষ্ট্রার ইহা হৃদ্বোধমতে জানিবার নিমিত্তে যে প্রমাণ আবশ্যক বোধ করেন তাহা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[সীমাবদ্ধ দায়সহিত ব্যাঙ্কিং কোম্পানি রেজিষ্টরী হইলে নিত্যব্যবসায়িদিগকে সম্বাদ দিবার কথা।]

২০২ ধারা। এই আইন প্রচলিত হইবার তারিখে বর্ত্তমান যে প্রত্যেক ব্যাঙ্কিং কোম্পানি সীমাবদ্ধ কোম্পানিস্বরূপ রেজিষ্টর হয়, ঐ কোম্পানির সহিত যে ব্যক্তিদের ও সংভুয়সমুত্থানযুক্ত যে হুণ্ডীর টাকা দাতা-

registration with limited liability, give notice that it is intended so to register the same to every person and partnership firm having a banking account with the Company. Such notice shall be given either by delivering the same to such person or firm, or leaving the same, or putting the same into the Post addressed to him or them, at such address as shall have been last communicated or otherwise become known as his or their address to or by the Company. In case the Company omits to give any such notice as is hereinbefore required to be given, then, as between the Company and the person or persons only who are for the time being interested in the account in respect of which such notice ought to have been given, and so far as respects such account and all variations thereof down to the time at which such notice shall be given, but not further or otherwise the certificate of registration with limited liability shall have no operation.

[Exemption of certain Companies from payment of fees.]

CCIII. No fees shall be charged in respect of the registration in pursuance of this Part of this Act of any Company in cases where such Company is not registered as a Limited Company, or where, previously to its being registered as a Limited Company, the liability of the shareholders was limited by some Act of Parliament, or Act of the Governor General of India in Council, or by Letters Patent.

[Company to change name.]

CCIV. Any Company authorized by this Part of this Act to register with limted liability shall, for the purpose of obtaining registration with limited liability, change its name by adding thereto the word "Limited."

[Certificate of registration of existing Companies.]

CCV. Upon compliance with the requisitions in this Part of this Act contained with respect to registration, and on payment of such fees, if any, as are payable under the Tables marked B and and C in the first Schedule hereto, the Registrar shall certify under his hand that the Company so applying for registration is incorporated as a Company under this Act, and in the case of a Limited Company, that it is limited, and thereupon such Company, shall be incorporated, and shall have perpetual succession and a common seal.

দানের ব্যবসায় চলে তাঁহাদিগকে সেই কোম্পানি সীমাবদ্ধ দায় সহিত রেজিস্টরী হওনের সংশিতপত্র প্রাপ্ত হওয়ার পুর্ব্বে অন্যূন ত্রিশ দিন থাকিতে রেজিস্টরী হইবার মনস্থের সম্বাদ দিবেন। সেই ব্যক্তিকে কি সেই কুঠীকে প্রদান করণদ্বারা ঐ সম্বাদ দেওয়া যাইবে, অথবা সেই ব্যক্তি কি সেই কুঠী আপনাদের বাসাদির যে শেষ স্থান কোম্পানিকে জ্ঞাত করিয়াছেন কিম্বা কোম্পানি অন্য প্রকারে যে শেষ স্থান জানিয়াছেন সেই স্থানে সেই ব্যক্তির কি সেই কুঠীর নাম শিরোনামায় লিখিয়া ডাকদ্বারা ঐ সম্বাদ দেওয়া যাইতে পারিবে। উক্তমতে যে সম্বাদ দিবার আদেশ হইয়াছে, যদি কোম্পানি সেই সম্বাদ না দেন, তবে ঐ সম্বাদ যে হিসাবের উপলক্ষে দেওয়া কর্ত্তব্য সেই হিসাবে যে ব্যক্তির কি ব্যক্তিদের তাৎকালীক স্বার্থ থাকে, কেবল তাঁহার কি তাঁহাদের সহিত কোম্পানির সম্বন্ধপক্ষে এবং ঐ হিসাবসম্পর্কে এবং ঐ সম্বাদ যত কাল না দেওয়া যায় তত কাল পর্য্যন্ত ঐ হিসাবের সকল নিবর্ত্তন পরিবর্ত্তন সম্পর্কে, সীমাবদ্ধ দায় সহ ঐ রেজিস্টরী করণের সংশিতপত্র নিষ্ফল হইবে, তদধিক কি তদন্যথায় নহে ইতি।

[কোন২ কোম্পানির শুল্ক দান হইতে মুক্তির কথা।]

২০৩ ধারা। যদি কোন কোম্পানি সীমাবদ্ধ কোম্পানিস্বরূপে রেজিস্টর না হয়, কিম্বা সীমাবদ্ধ কোম্পানিস্বরূপে রেজিস্টর হইবার পুর্ব্বে যদি পারলিমেণ্টের কোন আইন কিম্বা মন্ত্রিসভাবিশিষ্ট ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কোন আইন কিম্বা পেটেণ্ট পত্রের দ্বারা অংশিদের দায় সীমাবদ্ধ হইয়া থাকে. তবে তদ্রূপ স্থলে এই আইনের এই খণ্ডক্রমে ঐ কোম্পানির রেজিস্টরী কার্য্য সম্পর্কে কোন শুল্ক লওয়া যাইবে না ইতি।

[কোম্পানির নাম পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।]

২০৪ ধারা। এই আইনের এই খণ্ডক্রমে যে কোন কোম্পানির সীমাবদ্ধ দায় সহিত রেজিস্টর হইবার অনুমতি হইয়াছে, সেই কোম্পানি সীমাবদ্ধ দায় সহিত রেজিস্টরী হইবার অভিপ্রায়ে নামের শেষে "লিমিটেড" শব্দ দেওনদ্বারা নাম পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

[বর্ত্তমান কোম্পানিদিগের রেজিস্টরী হওনের সংশিতপত্রের কথা।]

২০৫ ধারা। এই আইনের এই অংশে রেজিস্টরী করণ সম্পর্কীয় যে আদেশ হইয়াছে তদনুযায়ি কার্য্য হইলে পর, এবং শুল্ক দিতে হইলে এই আইনের প্রথম তফসীলের B ও C চিহ্নিত টেবিলঅনুসারে দাতব্য শুল্ক দেওয়া গেলে পর, রেজিস্টরী হইবার জন্যে প্রার্থনাকারি ঐ কোম্পানি এই আইনঅনুসারে কোম্পানিস্বরূপে সমাবেত হইয়াছে, এবং সীমাবদ্ধ হইলে তাহা সীমাবদ্ধ, রেজিষ্ট্রার আপনার স্বাক্ষরিত এই মর্ম্মের সংশিতপত্র দিবেন। তাহা হইলে সেই কোম্পানি সমাবেত হইবে ও তাহার চিরপর্য্যায় ও সাধারণ মোহর থাকিবে ইতি।

[Certificate to be evidence of compliance with Act.]

CCVI. A certificate of incorporation given at any time to any Company registered in pursuance of this Part of this Act shall be conclusive evidence that all the requisitions herein contained in respect of registration under this Act have been complied with, and that the Company is authorized to be registered under this Act as a Limited or Unlimited Company, as the case may be, and the date of incorporation mentioned in such certificate shall be deemed to be the date at which the Company is incorporated under this Act.

[Transfer of property to Company.]

CCVII. All such property, moveable and immoveable, including all interest and rights in, to, and out of property, moveable and immoveable, and including obligations and things in action, as may belong to or be vested in the Company at the date of its registration under this Act, shall, on registration, pass to and vest in the Company as incorporated under this Act for all the estate and interest of the Company therein.

[Registration under this Act not to affect obligations incurred previously to registration.]

CCVIII. The registration in pursuance of this Part of this Act of any Company shall not affect or prejudice the liability of such Company to have enforced against it, or its right to enforce, any debt or obligation incurred, or any contract entered into, by, to, with or on behalf of such Company previously to such registration.

[Continuation of existing suits.]

CCIX. All such suits and other legal proceedings as may at the time of the registration of any Company registered in pursuance of this Part of this Act have been commenced by or against such Company or the public Officer or any member thereof, may be continued in the same manner as if such registration had not taken place, Nevertheless, execution shall not issue against the effects of any individual member of such Company upon any decree or order obtained in any suit or proceeding so commenced as aforesaid; but in the event of the property and effects of the Company being insufficient to satisfy such decree or order an order may be obtained for winding-up the Company.

[Effect of registration under Act.]

CCX. When a Company is registered under this Act in pursuance of this Part thereof, all provisions contained in any Act of Parliament, Act

[ঐ সংশিতপত্র এই আইনঅনুযায়ি কার্য্য হইবার প্রমাণ হওয়ার কথা।]

২০৬ ধারা। এই আইনের এই খণ্ডানুসারে রেজিষ্টর করা কোন কোম্পানিকে কোন সময়ে সমবায়ের সংশিতপত্র দেওয়া গেলে, এই আইনঅনুযায়ি রেজিষ্টরী করণ সম্পর্কীয় যে আদেশ আছে তদনুযায়ি কার্য্য হইয়াছে এবং সেই কোম্পানি এই আইনঅনুসারে সীমাবদ্ধ কিম্বা বিষয় বিশেষে অসীমাবদ্ধ কোম্পানিস্বরূপ রেজিষ্টর হইবার অনুমতি প্রাপ্ত হইয়াছে, ঐ সংশিতপত্রই ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবে। এবং সেই সংশিতপত্রে সমবায়ের যে তারিখ ব্যক্ত হইয়াছে, তাহা কোম্পানির এই আইনঅনুসারে সমাবেত হইবার তারিখ জ্ঞান হইবে ইতি।

[কোম্পানির প্রতি সম্পত্তি বর্ত্তিবার কথা।]

২০৭ ধারা। এই আইনমতে কোম্পানির রেজিষ্টর হইবার তারিখে স্থাবর ও অস্থাবর যে সকল সম্পত্তি থাকে কিম্বা কোম্পানির প্রতি বর্ত্তে, ও তন্মধ্যে স্থাবরাস্থাবর সম্পত্তিতে ও তৎপ্রতি ও তদুৎপন্ন সকল সম্পর্ক ও স্বত্ব ও তন্মধ্যে সকল প্রতিজ্ঞা ও দেওয়ানী মোকদ্দমাক্রমে প্রাপ্য সামগ্রী সকল এই আইনঅনুযায়ি সমাবেত কোম্পানির সকল সম্পদ ও সম্পর্কস্বরূপ ঐ কোম্পানির প্রতি অর্পিত হইয়া বর্ত্তিবে ইতি।

[রেজিষ্টরী হইবার পূর্ব্বে যে দায় বর্ত্তে তাহা এই আইনমতে রেজিষ্টরী কার্য্যদ্বারা নিবর্ত্ত না হইবার কথা।]

২০৮ ধারা। এই আইনমতে রেজিষ্টরী হওনের পূর্ব্বে কোন কোম্পানি যে কোন ঋণ কি দায় গ্রহণ করিয়াছেন কি যে কোন চুক্তি করিয়াছেন কিম্বা তদ্দ্বারা কি তন্নিকটে কি তৎসহিত কি তৎপক্ষে যে কোন ঋণ কি দায় কি চুক্তি হইয়াছে, এই আইনের এই খণ্ডানুসারে রেজিষ্টর হওয়াতে ঐ কোম্পানির সেই ঋণ কি দায়সম্পর্কীয় স্বত্ব প্রবল করণের ক্ষমতার কিম্বা তাঁহার বিপক্ষে তাহা প্রবল হইবার ক্ষমতার কিছুমাত্র হ্রাসবৃদ্ধি হইবে না ইতি।

[বর্ত্তমান মোকদ্দমা চলিবার কথা।]

২০৯ ধারা। এই আইনের এই খণ্ডানুসারে যে কোন কোম্পানি রেজিষ্টর করা যায়, তাহা রেজিষ্টর করণ সময়ে যদি ঐ কোম্পানির দ্বারা কি তৎসম্পর্কীয় প্রকাশ্য কার্য্যকারক* কিম্বা কোন সংভূয়কারিদ্বারা কি তাঁহার বিপক্ষে কোন মোকদ্দমার কি ব্যবহারঘটিত অন্য কার্য্যের প্রারম্ভ হইয়া থাকে, তবে রেজিষ্টরী করণ না হওয়ার ন্যায় সেই মোকদ্দমা প্রভৃতি চলিতে পারিবে। তথাপি পূর্ব্বোক্ত মতে আরব্ধ কোন মোকদ্দমায় কি ব্যবহারঘটিত কার্য্যে কোন ডিক্রী কি আজ্ঞা হইলে তদনুসারে ঐ কোম্পানির কোন সংভূয়কারির সম্পদের উপর ঐ ডিক্রী কি আজ্ঞা সাধন হইবার আজ্ঞাপত্র প্রচলিত হইবে না। কিন্তু কোম্পানির সম্পাদ ও সামগ্রী ঐ ডিক্রী কি আজ্ঞা পরিশোধ করণার্থে পর্য্যাপ্ত না হইলে, কোম্পানির কর্ম্ম বন্ধ করিবার আজ্ঞা প্রাপ্ত হওয়া যাইতে পারিবে ইতি।

[আইনমতে রেজিষ্টরী হওনের ফলের কথা।]

২১০ ধারা। যখন কোন কোম্পানিকে এই আইনমতে ও এই আইনের এই খণ্ডানুসারে রেজিষ্টর করা যায়, তখন পারলিমেণ্টের যে কোন আইন কিম্বা মন্ত্রি-

of the Governor General of India in Council, Deed of Settlement, Contract of Co-partnery, Letters Patent or other instrument constituting or regulating the Company, including, in the case of a Company registered as a Company limited by guarantee, the Resolution declaring the amount of the guarantee, shall be deemed to be conditions and regulations of the Company, in the same manner and with the same incidents as if they were contained in a registered memorandum of association and Articles of Association; and all the provisions of this Act shall apply to such Company and the members, contributories and creditors thereof, in the same manner in all respects as if it had been formed under this Act, subject to the provisions following; (that is to say),

(1.) That Table A in the first Schedule to this Act shall not unless adopted by Special Resolution, apply to any Company registered under this Act in pursuance of this Part thereof:

(2.) That the provisions of this Act relating to the numbering of shares shall not apply to any Joint Stock Company whose shares are not numbered:

(3.) That no Company shall have power to alter any provision contained in any Act of Parliament, Act of the Legislative Council or Act of the Governor General of India in Council relating to the Company:

(4) That no Company shall have power, without the sanction of the Governor General of India in Council, to alter any provision contained in any Letters Patent relating to the Company:

(5.) In the event of the Company being wound up, every person shall be a contributory, in respect of the debts and liabilities of the Company contracted prior to registration, who is liable to pay or contribute to the payment of any debt or liability of the Company contracted prior to registration, or to pay or contribute to the payment of any sum for the adjustment of the rights of the members amongst themselves in respect of any such debt or liability; or to pay or contribute to the payment of the costs, charges and expenses of winding-up the Company, so far as relates to such debts or liabilities as aforesaid. Every such contributory shall be liable to contribute to the assets of the Company, in the course of the winding-up, all sums due from him in respect of any such liability as aforesaid. In the event of the death or insolvency of any such contributory as last aforesaid, or marriage of any such contributory being a female, the provisions hereinbefore

সভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের যে আইন, কিম্বা যে নিরূপণপত্র কি সংভূয়সমুত্থানের চুক্তিপত্র কি পেটেন্টপত্র কি অন্য যে লেখা দ্বারা কোম্পানির সংস্থাপন কি বিধান হয়, তাহার লিখিত সকল বিধান, এবং কোম্পানি প্রাতিভাব্যক্রমে সীমাবদ্ধ কোম্পানিস্বরূপ রেজিষ্টর হইলে, যে নির্দ্ধারণক্রমে প্রাতিভাব্যের পরিমাণ অবধারিত হয়, সেই নির্দ্ধারণ রেজিষ্টর করা সংস্থিতিপত্রে ও সংস্থিতির নিয়মপত্রে লিখিত হওয়ার তুল্য প্রকারে ও তত্তুল্য সঙ্গতিক্রমে ঐ কোম্পানির নিয়ম ও বিধান জ্ঞান হইবে। এবং এই আইনমতে যেন কোম্পানির সংস্থাপন হইয়াছে এই ভাবে এই আইনের সকল বিধান ঐ কোম্পানির ও তদন্তর্গত সংভূয়কারিরদের ও ঋণদাতারদের ও উত্তমর্ণেরদের প্রতি বর্ত্তিবে। কিন্তু নিম্ন লিখিত বিধান সকল মান্য।

(১) এই আইনের প্রথম তফসীলের A চিহ্নিত পাঠ বিশেষ নির্দ্ধারণক্রমে গ্রাহ্য না হইলে এই আইনের এই খণ্ডানুসারে এই আইনমত রেজিষ্টর করা কোন কোম্পানির প্রতি বর্ত্তিবে না।

(২) যে জাইন্টষ্টক কোম্পানির অংশ অঙ্কযুক্ত না হয়, তাহার প্রতি অংশ অঙ্কযুক্ত করণ সম্পর্কীয় এই আইনের বিধান বর্ত্তিবে না।

(৩) কোম্পানিসম্পর্কীয় পারলিমেন্টের কোন আইনে কিম্বা ব্যবস্থাপক কৌন্সেলের, কি মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কোন আইনে যে কোন বিধান থাকে তাহা কোন কোম্পানি পরিবর্ত্তন করিতে সক্ষম হইবেন না।

(৪) কোন কোম্পানি সম্পর্কীয় পেটেন্ট পত্রে যে কোন বিধান লেখা আছে তাহা ঐ কোম্পানি মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি প্রাপ্ত না হইলে পরিবর্ত্ত করিতে পারিবেন না।

(৫) যখন কোম্পানির কার্য্য বন্দ করা যায়, তখন যে প্রত্যেক ব্যক্তি কোম্পানির রেজিষ্টরী হওনের পূর্ব্ব কৃত কোন ঋণ কি দায় শোধ করিতে কি শোধার্থে অংশ দিতে দায়ী হন, কিম্বা যে ব্যক্তি তদ্রূপ কোন ঋণ কি দায় সম্পর্কে সংভূয়কারিদের পরস্পর স্বত্বের সামঞ্জস্যের নিমিত্তে কোন সংখ্যার টাকা দিতে কি দানার্থে অংশ দিতে দায়ী হন, কিম্বা পূর্ব্বোক্ত ঋণের কি দায়ের যে পর্য্যন্ত সম্বন্ধ আছে, সেই পর্য্যন্ত যে ব্যক্তি কোম্পানির কার্য্য বন্দ করিবার খরচ ও পারিশ্রমিক ও ব্যয় দিতে কি দানার্থে অংশ দিতে দায়ী হন, তিনি রেজিষ্টরী হওনের পূর্ব্বে কোম্পানির কৃত ঋণ ও দায় সম্পর্কে ঋণদাতা হইবেন। এবং পূর্ব্বোক্ত কোন দায় সম্বন্ধে তদ্রূপ প্রত্যেক ঋণদাতার স্থানে যত টাকা প্রাপ্য হয়, কোম্পানির কর্ম্ম বন্দ করণ সময়ে তিনি কোম্পানির স্থিতে তত টাকা দান করিবার দায়ী হইতে পারিবেন। এবং যদি শেষোক্ত প্রকারের কোন ঋণদাতা মরেন কি যোত্রহীন হন কিম্বা স্ত্রী ঋণদাত্রী যদি বিবাহিতা হন, তবে মৃত ঋণদাতাদের স্থলাভিষিক্ত ও উত্তরাধিকারি ও চরমদান সাধকগণ সম্পর্কে এবং যোত্রহীন ঋণদাতাদের আসৈনি সম্পর্কে

contained with respect to the representative, heirs and devisees of deceased contributories, and with reference to the assignees of insolvent contributories, and to the husbands of married contributories, shall apply:

(6.) Nothing herein contained shall authorize any Company to alter any such provisions contained in any Deed of Settlement, Contract of Copartnery, Letters Patent or other instrument constituting or regulating the Company, as would if such Company had originally been formed under this Act, have been contained in the memorandum of association, and are not authorized to be altered by this Act.

But nothing herein contained shall derogate from any power of altering its constitution or regulations which may be vested in any Company registering under this Act in pursuance of this Part thereof by virtue of any Act of Parliament, Act of the Governor General of India in Council, Deed of Settlement, Contract of Copartnery, Letters Patent or other instrument constituting or regulating the Company.

[Powers of Court to restrain further proceedings.]

CCIX. The Court may at any time after the presentation of a petition for winding-up a Company registered in pursuance of this Part of this Act, and before making an order for winding-up the Company, upon the application of any creditor of the Company, restrain further proceedings in any suit or legal proceeding against any contributory of the Company as well as against the Company as hereinbefore provided, upon such terms as the Court thinks fit.

[Order for winding-up Company.]

CCXII. Where an order has been made for winding-up a Company registered in pursuance of this Part of the Act, in addition to the provisions hereinbefore contained, it is hereby further provided that no suit or other legal proceeding shall be commenced or proceeded with against any contributory of the Company in respect of any debt of the Company, except with the leave of the Court and subject to such terms as the Court may impose.

PART VIII.

APPLICATION OF ACT TO UNREGISTERED COMPANIES.

[Winding-up of unregistered Companies.]

CCXIII. Subject as hereinafter mentioned any partnership, association or Company, except

ও বিবাহিতা ঋণদাত্রীরদের পতি সম্পর্কে এই আইনের পূর্ব্বাংশের বিধান বর্ত্তিবে।

(৬) কোন কোম্পানি আদৌ এই আইন অনুসারে স্থাপিত হইলে সংস্থিতিপত্রের মধ্যে যে সকল বিধান লেখা থাকিত এবং এই আইন দ্বারা যাহার পরিবর্ত্তিত হইবার অনুমতি নাই তদ্রূপ কোন বিধান কোন নিরূপণপত্র কি সংভুয়সমুত্থানের চুক্তিপত্র কি পেটন্ট পত্র কিম্বা কোম্পানি সংস্থাপক কি বিধায়ক অন্য লেখ্যের অন্তর্গত থাকিলে এই আইনের কোন কথাক্রমে ঐ কোম্পানিকে তাহা পরিবর্ত্তন করিতে অনুমতি দেওয়া গেল না।

কিন্তু এই আইনমতে ও এই আইনের এই খণ্ডক্রমে যে কোন কোম্পানি রেজিষ্টর হয়, যদি পার্লিমেন্টের কোন আইনের কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কোন আইনের বলে কিম্বা কোন নিরূপণপত্রের কি সংভুয়সমুত্থানের চুক্তিপত্রের কি পেটেন্টপত্রের কিম্বা ঐ কোম্পানি সংস্থাপক কি বিধায়ক অন্য লেখ্যের বলে তাহার স্থিতি কি বিধি পরিবর্ত্তন করিবার কোন ক্ষমতা অর্পিত হইয়া থাকে, তবে এই আইনের কোন কথাক্রমে সেই ক্ষমতা খর্ব্ব হইবে না ইতি।

[অধিক কার্য্য স্থগিত করিতে আদালতের ক্ষমতার কথা।]

২১১ ধারা। এই আইনের এই অংশক্রমে যে কোম্পানি রেজিষ্টর হইয়াছে তাহার কর্ম্ম বন্দ করণের প্রার্থনা উপস্থিত করিবার পর এবং কোম্পানির কর্ম্ম বন্দ করণের আজ্ঞা হইবার পুর্ব্বে কোন সময়ে যদি কোম্পানির কোন উত্তমর্ণের যত্নক্রমে হাই কোর্টের নিকটে প্রার্থনা হয়, তবে ইহার পুর্ব্বাংশের বিধানমতে কোম্পানির কোন ঋণদাতার নামে এবং কোম্পানিরও নামে যে কোন মোকদ্দমা কি ব্যবহারঘটিত অন্য কর্ম্ম চলিতেছে তাহাতে হাই কোর্ট যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মানুসারে অধিক কার্য্য স্থগিত করাইতে পারিবেন ইতি।

[কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞার কথা।]

২১২ ধারা। এই আইনের এই খণ্ডানুসারে যে কোম্পানি রেজিষ্টর করা যায় যখন সেই কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞা হয় তখন এই আইনের পূর্ব্বাংশে যে বিধান হইয়াছে, তদধিক এতদ্দ্বারা এই বিধান হইল যে হাই কোর্টের অনুমতি এবং ঐ কোর্ট যেং নিয়ম অবধারণ করেন, তদ্ভিন্ন, কোম্পানির কোন ঋণদাতার নামে কোন মোকদ্দমা কি ব্যবহারঘটিত ঋণ সম্বন্ধে কোম্পানির অন্য কোন কার্য্য আরম্ভ কি সম্পাদন হইবে না ইতি।

অষ্টম খণ্ড।

রেজিষ্টর না হওয়া কোম্পানির প্রতি আইন বর্ত্তিবার বিধান।

[রেজিষ্টর না হওয়া কোম্পানির কর্ম্ম বন্দ করিবার কথা।]

২১৩ ধারা। পার্লিমেন্টের কোন আইন কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহে-

Railway Companies incorporated by Act of Parliament or Act of the Governor General of India in Council, consisting of more than seven members and not registered under this Act, and hereinafter, included under the term Unregistered Company may be wound up under this Act, and all the provisions of this Act with respect to winding-up shall apply to such Company, with the following exceptions and additions:—

(1.) An Unregistered Company shall, for the purpose of determining the Court having jurisdiction in the matter of the winding-up, be deemed to be registered in that part of British India where its principal place of business is situate; or if it has a principal place of business situate in more than one part of British India, then in each part of British India where it has a principal place of business. Moreover, the principal place of business of an Unregistered Company, or (where it has a principal place of business situate in more than one part of British India) such one of its principal places of business as is situate in that part of British India in which proceedings are being instituted, shall, for all the purposes of the winding-up of such Company, be deemed to be the registered Office of the Company:

(2.) No Unregistered Company shall be wound up under this Act voluntarily, or subject to the supervision of the Court:

(3.) The circumstances under which an Unregistered Company may be wound up are as follows; (that is to say):—

(*a*) Whenever the Company is dissolved or has ceased to carry on business, or is carrying on business only for the purpose of winding-up its affairs,

(*b*.) Whenever the Company is unable to pay its debts;

(*c*.) Whenever the Court is of opinion that it is just and equitable that the Company should be wound up:

(4.) An Unregistered Company shall, for the purposes of this Act, be deemed to be unable to pay its debts,

(*a*.) Whenever a creditor to whom the Company is indebted, by assignment or otherwise, in a sum exceeding five hundred rupees then due, has served on the Company, by leaving the same at the principal place of business of the Company or by delivering to the Secretary or some Director or principal Officer of the Company, or by otherwise serving the same in such manner as the Court may approve or direct, a demand under his hand requiring the Company to pay the sum so due, and the Company has for the space of three weeks

বের আইনদ্বারা সমাবেত রেলওয়ে কোম্পানি ব্যতিরেকে, সপ্ত জনের অধিক সংস্থবকারি লইয়া যে সংস্থবসমুত্থান কি সংসৃষ্ট ব্যক্তি কি কোম্পানি এই আইনমতে রেজিস্টর হয় নাই তাহাকে এই আইনের নিম্ন ভাগে রেজিষ্টর না হওয়া কোম্পানি শব্দে ধরিতে হইবে। পশ্চাৎ লিখিত বিধির অধীনে সেই কোম্পানিপ্রভৃতির কর্ম্ম এই আইনমতে বন্দ হইতে পারিবে, এবং নিম্ন লিখিত বর্জ্জিত ও অতিরিক্ত কথা মানিয়া কোম্পানির কর্ম্ম বন্দ করণ সম্পর্কীয় এই আইনের সমস্ত বিধান ঐ২ কোম্পানির প্রতি বর্ত্তিতে পারিবে।

(১) রেজিষ্টর না হওয়া কোম্পানির কর্ম্ম বন্দ করণ সম্পর্কে কোন্ আদালতের আধিপত্য আছে, ইহা নিরূপণ করণাভিপ্রায়ে ব্রিটনীয় ভারতবর্ষের যে স্থানে ঐ কোম্পানির কর্ম্মের মুখ্য স্থান থাকে তথায় ঐ কোম্পানি রেজিষ্টর হইয়াছে জ্ঞান হইবে। যদি ব্রিটনীয় ভারতবর্ষের একের অধিক স্থানে কর্ম্মের মুখ্য স্থান থাকে, তবে ব্রিটনীয় ভারতবর্ষের যে প্রত্যেক অংশে কর্ম্মের মুখ্য স্থান থাকে তথায় রেজিষ্টর হইল জ্ঞান হইবে। এবং রেজিষ্টর না হওয়া কোম্পানির কর্ম্ম বন্দকরণ সম্পর্কীয় কার্য্যের উপলক্ষে, রেজিষ্টর না হওয়া কোম্পানির কর্ম্মের মুখ্য স্থান, (অথবা যদি ব্রিটনীয় ভারতবর্ষের একের অধিকাংশে কর্ম্মের মুখ্য স্থান থাকে, তবে ব্রিটনীয় ভারতবর্ষের যে অংশে মোকদ্দমা ঘটিত কার্য্য উপস্থিত করিবার উপক্রম হইয়াছে তৎস্থানে কর্ম্মের যে মুখ্য স্থান থাকে তাহা) ঐ কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয় জ্ঞান হইবে।

(২) রেজিষ্টরী না হওয়া কোম্পানির কর্ম্ম এই আইনমতে স্বেচ্ছাক্রমে কি আদালতের তত্ত্বাধীনে বন্দ করা যাইবে না।

(৩) রেজিষ্টর না হওয়া কোম্পানির কর্ম্ম পশ্চাল্লিখিত অবস্থায় বন্দ করা যাইতে পারিবে, যথা

(ক) যখন কোম্পানি বিলুপ্ত হন, কিম্বা কর্ম্ম চালাইতে ক্ষান্ত হন কিম্বা কর্ম্ম বন্দ করণ মাত্র অভিপ্রায়ে কর্ম্ম চালাইতেছেন।

(খ) যখন কোম্পানি ঋণ শোধ করিতে অক্ষম হন।

(গ) আদালত যখন বোধ করেন যে কোম্পানির কর্ম্ম বন্দ করা যথার্থ ও ন্যায়।

(৪) এই আইনের কার্য্যের উপলক্ষে রেজিষ্টর না হওয়া কোম্পানি আপন ঋণ শোধ করিতে তখন অক্ষম জ্ঞান হইবেন, যখন

(ক) উত্তমর্ণের নিকটে কোম্পানি অর্পণ পত্র দ্বারা কি প্রকারান্তরে পাঁচ শত টাকার অধিক ঋণী হন, এবং সেই টাকা তৎকালে প্রাপ্য হইলে, ঐ উত্তমর্ণ কোম্পানির তদ্রূপ দাতব্য টাকার দাবিপত্রে স্বহস্তে স্বাক্ষর করিয়া কোম্পানির কর্ম্মের মুখ্য স্থানে ঐ দাবিপত্র রাখিয়া কিম্বা ঐ কোম্পানির সেক্রেটারীর কি কোন কার্য্যাধ্যক্ষের কি প্রধান কর্ম্মকারকের হস্তে দিয়া কিম্বা আদালত অন্য যে প্রকারে অনুমোদন কি আজ্ঞা করেন সেই প্রকারে, ঐ দাবিপত্র পর্য্যর্পণ করেন এবং সেই দাবিপত্র পর্য্যর্পণ হইলে পর তিন সপ্তাহ পর্য্যন্ত ঐ কোম্পানি ঐ টাকা না দেন, কিম্বা

succeeding the service of such demand neglected to pay such sum, or to secure or compound for the same to the satisfaction of the creditor:

(*b*.) Whenever any suit or other proceeding has been instituted against any member of the Company for any debt or demand due or claimed to be due from the Company, or from him in his character of member of the Company, and, notice in writing of the institution of such suit or other legal proceeding having been served upon the Company by leaving the same at the principal place of business of the Company, or by delivering it to the Secretary, or some Director, Manager or principal Officer of the Company, or by otherwise serving the same in such manner as the Court may approve or direct, the Company has not within ten days after service of such notice paid, secured or compounded for such debt or demand, or procured such suit or other legal proceeding to be stayed, or indemnified the defendant to his reasonable satisfaction against such suit or other legal proceeding, and against all costs, damages and expenses to be incurred by him by reason of the same.

(*c*) Whenever execution or other process, issued on a decree or order obtained in any Court in favour of any creditor in any proceeding instituted by such creditor against the Company, or any member thereof as such, or against any person authorized to be sued as nominal defendant on behalf of the Company, is returned unsatisfied

(*d*) Whenever it is otherwise proved to the satisfaction of the Court that the Company is unable to pay its debts

[Who to be deemed a contributory in the event of Company being wound up]

CCXIV. In the event of an Unregistered Company being wound up, every person shall be deemed to be a contributory who is liable to pay or contribute to the payment of any debt or liability of the Company, or to pay or contribute to the payment of any sum for the adjustment of the rights of the members amongst themselves, or to pay or contribute to the payment of the costs, charges and expenses of winding-up the Company. Every such contributory shall be liable to contribute to the assets of the Company in the course of the winding-up all sums due from him in respect of any such liability as aforesaid. In the event of the death or insolvency of any contributory, the provisions hereinbefore contained with respect to the personal representatives, heirs and devisees of a deceased contributory, and to the assignees of an insolvent contributory, shall apply.

উত্তমর্ণের হবোধমতে তাহা দিবার নিশ্চিত নিয়ম কি মীমাংসা না করেন।

(৪৬) যদি এক কি অধিক ব্যক্তিদের এক কি অধিক অংশে সাধারণ স্বত্ব থাকে, তবে সংভূয়কারিদের নামাবলিতে অংশিরদের এক জনস্বরূপ তাঁহাদের যে ব্যক্তির নাম প্রথম থাকে তিনি সেইং অংশের উপলক্ষে অভিমত জ্ঞাত করিতে পারিবেন, অন্য কেহ নয়।

(৪৭) যে সংভূয়কারী স্বীয় অংশোপলক্ষে আদিষ্ট সমস্ত টাকা না দিয়াছেন তিনি সাধারণ কোন সভাতে অভিমত জ্ঞাত করিতে পারিবেন না। যদি কোন ব্যক্তি হস্তান্তরক্রমে কোন অংশ প্রাপ্ত হন, তবে কোম্পানির রেজিষ্টর হইবার কালাবধি তিন মাস গত হইলে পর তিনি যে অংশের উপলক্ষে যে সভাতে অভিমত জ্ঞাত করিতে ইচ্ছুক আছেন সেই সভা হইবার সময়ের পূর্ব্বে অন্যূন তিন মাস সেই অংশের অংশী না হইলে তিনি ঐ অংশোপলক্ষে অভিমত জ্ঞাত করিতে স্বত্ববান হইবেন না।

(৪৮) অভিমত স্বয়ং কি প্রতিনিধির দ্বারা জ্ঞাত করা যাইতে পারিবে।

(৪৯) প্রতিনিধিকে নিযুক্ত করিবার লেখ্য লিখিত হইয়া নিয়োগকর্ত্তার দ্বারা স্বাক্ষরিত হইবে। যদি নিয়োগকর্ত্তৃগণ সমবায়িত লোক হন, তবে তাঁহাদের সাধারণ মোহরাঙ্কিত হইবে, এবং এক কি অধিক ব্যক্তি সাক্ষিস্বরূপ তাহাতে স্বাক্ষর করিবেন। যে ব্যক্তি কোম্পানির সংভূয়কারী না হন তিনি প্রতিনিধিস্বরূপে নিযুক্ত হইতে পারিবেন না।

(৫০) প্রতিনিধিকে নিযুক্ত করণার্থ লেখ্যতে যে ব্যক্তির নাম ব্যক্ত হইয়াছে তিনি যে সভাতে অভিমত জ্ঞাত করিতে ইচ্ছুক আছেন, সেই সভা হইবার সময়ের পূর্ব্বে অন্যূন ৭২ ঘণ্টা থাকিতে সেই লেখ্য কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয়ে অর্পণ করিতে হইবে। কিন্তু প্রতিনিধি নিযুক্ত করণার্থ লেখ্য সম্পাদন হইবার পর দ্বাদশ মাস গত হইলে তাহা বলবৎ হইবে না।

(৫১) প্রতিনিধি নিযুক্ত করিবার লেখ্যের পাঠ এই।

অমুক কোম্পানি লিমিটেড,

অমুক লিমিটেড কোম্পানির সংভূয়কারি অমুক স্থাননিবাসি শ্রী অমুক আমি এক কি এত অভিমত প্রকাশ করিতে স্বত্ববান হইয়া অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ঐ কোম্পানির নিয়মিত (কিম্বা বিশেষবিশেষে অভিপ্রিত) যে সাধারণ সভা হইবে, সেই সভাতে কিম্বা [illegible]

General Meeting of the Company to be held on the day of , and at any adjournment thereof (or at any meeting of the Company that may be held in the year). As witness my hand, this day of

Signed by the said in the presence of

Directors.

(52.) The number of the Directors, and the names of the first Directors, shall be determined by the subscribers of the memorandum of association.

(53.) Until Directors are appointed, the subscribers of the memorandum of association shall be deemed to be Directors.

(54. The future remuneration of the Directors, and their remuneration for services performed previously to the first General Meeting, shall be determined by the Company in General Meeting.

Powers of Directors.

(55.) The business of the Company shall be managed by the Directors, who may pay all expenses incurred in getting up and registering the Company, and may exercise all such powers of the Company as are not by the foregoing Act, or by these Articles, required to be exercised by the Company in General Meeting, subject nevertheless to any regulations of these Articles, to the provisions of the foregoing Act, and to such regulations, being not inconsistent with the aforesaid regulations or provisions, as may be prescribed by the Company in General Meeting; but no regulation made by the Company in General Meeting shall invalidate any prior act of the Directors which would have been valid if such regulation had not been made.

(56.) The continuing Directors may act notwithstanding any vacancy in their body.

Disqualification of Directors.

(57.) The office of Director shall be vacated—

If he holds any other office or place of profit under the Company;

If he becomes bankrupt or insolvent;

If he is concerned in or participates in the profits of any contract with the Company;

But the above rules shall be subject to the following exceptions: That no Director shall vacate his office by reason of his being a member of any Company which has entered into contracts with or done any work for the Company of which

সালের মধ্যে) কোম্পানির যে কোন সভা হয় সেই সভাতে আমার নিমিত্তে ও আমার পক্ষ হইয়া অভিমত জ্ঞাত করণার্থে এই পত্রদ্বারা অমুক স্থানবাসি শ্রী অমুককে আমার প্রতিনিধিস্বরূপ নিযুক্ত করিয়াছি, ইহার প্রমাণার্থে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে আমি ইহাতে স্বাক্ষর করিলাম।

অমুকদিগের সাক্ষাতে উক্ত শ্রী অমুককর্তৃক স্বাক্ষরিত হয়।

[কার্য্যাধ্যক্ষদিগের কথা।]

(৫২) যাঁহারা সংসৃষ্টিপত্রে স্বাক্ষর করেন তাঁহারাই কার্য্যাধ্যক্ষদের সংখ্যা ও প্রথম কার্য্যাধ্যক্ষদিগকে নিরূপণ করিবেন।

(৫৩) কার্য্যাধ্যক্ষদিগকে যত কাল নিযুক্ত না করা যায় তত কাল সংসৃষ্টিপত্রে যাঁহারা স্বাক্ষর করেন তাঁহারাই কার্য্যাধ্যক্ষ জ্ঞান হইবেন।

(৫৪) কার্য্যাধ্যক্ষেরা ভবিষ্যতে যে পারিশ্রমিক পাইবেন, এবং প্রথম সাধারণ সভা হইবার পূর্ব্বে তাঁহারা যে কর্ম্ম করিয়া থাকেন তাহার জন্যে যে পারিশ্রমিক পাইবেন, তাহা কোম্পানির সাধারণ সভাতে নির্দ্ধারিত হইবে।

[কার্য্যাধ্যক্ষদের ক্ষমতার কথা।]

(৫৫) কোম্পানির কর্ম্ম কার্য্যাধ্যক্ষদের দ্বারা সম্পাদিত হইবে, তাঁহারা কোম্পানির সংস্থাপন ও রেজিষ্টর করিবার সমস্ত ব্যয় শোধ করিবেন, এবং পূর্ব্ব লিখিত আইন কি এই নিয়মপত্র দ্বারা সাধারণ সভা না করিলে কোম্পানি যে ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন না তদ্ভিন্ন তাঁহারা কোম্পানির সকল ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন। কিন্তু এই নিয়মপত্রের সকল বিধি এবং পূর্ব্বলিখিত আইনের বিধান এবং কোম্পানি সাধারণ সভা করিয়া উক্ত বিধির কি বিধানের অসঙ্গত নয় এমত যে বিধি করেন সেই বিধি তাঁহাদের মানিতে হইবে। পরন্তু কোম্পানি সাধারণ সভাতে যে বিধি করেন সেই বিধির অবর্ত্তমানে কার্য্যাধ্যক্ষদিগের যে ক্রিয়া সিদ্ধ হইত সেই বিধি হওয়ার পূর্ব্বে তাঁহাদের কৃত সেই ক্রিয়া সেই বিধিতে অসিদ্ধ হইবে না।

(৫৬) কার্য্যাধ্যক্ষদের মধ্যে কোন ব্যক্তির পদ শূন্য হইলেও অবশিষ্ট ব্যক্তিরা কার্য্য করিতে পারিবেন।

কার্য্যাধ্যক্ষদের অযোগ্যতার কথা।

(৫৭) কার্য্যাধ্যক্ষের পদ নিম্ন লিখিত গতিকে শূন্য হইবে।

যদি কোম্পানির অধীন লভ্যজনক অন্য কোন পদ কি কর্ম্ম ধারণ করেন।

যদি ঋণ শোধনাক্ষম কি যোত্রহীন হন।

যদি কোম্পানির সহিত কৃত কোন চুক্তির লভ্যেতে স্বার্থী কি অংশী হন।

কিন্তু উক্ত বিধির বর্জ্জনীয় স্থল এই২। কোন ব্যক্তি যে কোম্পানির কার্য্যাধ্যক্ষ হন তিনি সেই কোম্পানির সহিত চুক্তিকারক কি তন্নিমিত্তে কর্ম্মকারক অন্য কোম্পানির সংভুয়কারি হইলেও কার্য্যাধ্যক্ষের পদচ্যুত হইবেন না। তথাপি তিনি সেই চুক্তি কি কর্ম্ম

he is Director; nevertheless he shall not vote in respect of such contract or work; and if he does so vote his vote shall not be counted.

Rotation of Directors.

(58.) At the first Ordinary Meeting after the registration of the Company, the whole of the Directors shall retire from office; and at the first Ordinary Meeting in every subsequent year, one-third of the Directors for the time being or, if their number is not a multiple of three, then the number nearest to one-third, shall retire from office.

(59.) The one-third or other nearest number to retire during the first and second years ensuing the first Ordinary Meeting of the Company shall, unless the Directors agree among themselves, be determined by ballot. In every subsequent year, the one-third or other nearest number who have longest in Office shall retire.

(60.) A retiring Director shall be re-eligible.

(61.) The Company at the General Meeting at which any Directors retire in manner aforesaid shall fill up the vacated offices by electing a like number of persons.

(62.) If at any meeting at which an election of Directors ought to take place the places of the vacating Directors are not filled up, the meeting shall stand adjourned till the same day in the next week at the same time and place, and if at such adjourned meeting the places of the vacating Directors are not filled up, the vacating Directors, or such of them as have not had their places filled up, shall continue in office until the Ordinary Meeting in the next year, and so on from time to time until their places are filled up.

(63.) The Company may from time to time, in General meeting, increase or reduce the number of Directors, and may also determine in what rotation such increased or reduced number is to go out of office.

(64.) Any casual vacancy occurring in the Board of Directors may be filled up by the Directors, but any person so chosen shall retain his office so long only as the vacating Director would have retained the same if no vacancy had occurred.

(65.) The Company in General Meeting may, by a Special Resolution, remove any Director before the expiration of his period of office, and may by an Ordinary Resolution appoint another person in his stead. The person so appointed shall hold office during such time only as the Director in whose place he is appointed would have held the same if he had not been removed.

সম্পর্কে অভিমত জ্ঞাত করিতে পারিবেন না, যদি করেন তাঁহার অভিমত অগ্রাহ্য হইবে।

কার্য্যাধ্যক্ষদের পর্য্যায়ানুক্রমে পদ ত্যাগের কথা।

(৫৮) কোম্পানি রেজিষ্টরী হইলে পর প্রথম যে নিয়মিত সভা হইবে তাহাতে সমস্ত কার্য্যাধ্যক্ষ পদ ত্যাগ করিবেন। ও তৎপরে প্রতিবৎসর প্রথম যে নিয়মিত সভা হইবে, তাহাতে তাৎকালিক কার্য্যাধ্যক্ষগণের তিন অংশের একাংশ ব্যক্তি কর্ম্ম ত্যাগ করিবেন। যদি তাঁহাদের সংখ্যা তিন দিয়া হরণ না করা যায়, তবে তাহার সন্নিহিত সংখ্যা পদত্যাগী হইবেন।

(৫৯) কোম্পানির প্রথম নিয়মিত সভার পর প্রথম ও দ্বিতীয় বৎসরে কার্য্যাধ্যক্ষদের তৃতীয়াংশ কি সন্নিহিত সংখ্যার কোন২ ব্যক্তির পদত্যাগী হইবেন এই বিষয় যদি তাঁহারা সম্মতিক্রমে নিরূপণ করিতে না পারেন, তবে গুটিকাপাত দ্বারা নির্ণীত হইবে। তৎপশ্চাৎ প্রতিবৎসর যে তৃতীয়াংশ কিম্বা তাহার সন্নিহিত সংখ্যার যে ব্যক্তিরা অধিক কাল পদস্থ আছেন তাঁহারা পদত্যাগী হইবেন।

(৬০) পদত্যাগি কার্য্যাধ্যক্ষকে পুনশ্চ মনোনীত করা যাইতে পারিবে।

(৬১) যে সাধারণ সভাতে কার্য্যাধ্যক্ষেরা পূর্ব্বোক্তমতে পদত্যাগ করেন সেই সভাতে কোম্পানি তত্তুল্য সংখ্যক ব্যক্তিদিগকে মনোনীত করিয়া ঐ শূন্য পদ পূর্ণ করিবেন।

(৬২) যে সভাতে কার্য্যাধ্যক্ষদিগের মনোনীত করণ কর্ত্তব্য হয়, সেই সভাতে যদি পদত্যাগি কার্য্যাধ্যক্ষদের পদ পূর্ণ না হয়, তবে তৎপশ্চাৎ সপ্তাহের সেই দিনে সেই সময়ে সেই স্থানে ঐ সভা হইবে। সেই দ্বিতীয় সভা করণ কালে যদি পদত্যাগী কার্য্যাধ্যক্ষদের পদ পূর্ণ করা না যায়, তবে পদত্যাগি কার্য্যাধ্যক্ষেরা কিম্বা তাঁহাদের যত জনের পদ পূর্ণ না হয়, তাঁহারা আগামি বৎসরের নিয়মিত সভার কাল পর্য্যন্ত পদস্থ থাকিবেন, ও যত কাল তাঁহাদের পদ পূর্ণ না হয় তত কালপর্য্যন্ত সময়ে২ তদ্রূপই হইবে।

(৬৩) কোম্পানি সময়ে২ সাধারণ সভা কালে কার্য্যাধ্যক্ষদের সংখ্যা বৃদ্ধি কি ন্যূন করিতে পারিবেন। ও সেই বর্দ্ধিত কি ন্যূনীকৃত সংখ্যা যে পর্য্যায়ক্রমে পদ ত্যাগী হইবেন তাহাও নির্দ্ধার্য্য করিতে পারিবেন।

(৬৪) যদি কার্য্যাধ্যক্ষসমাজের মধ্যে কোন পদ অকস্মাৎ শূন্য হয়, তবে কার্য্যাধ্যক্ষেরা সেই পদ পূর্ণ করিতে পারিবেন, কিন্তু পদ ত্যাগ না করিলে কার্য্যাধ্যক্ষ যত দিন পদে থাকিতেন তদ্রূপ মনোনীত ব্যক্তি কেবল ততকাল পদস্থ হইবেন।

(৬৫) কোন কার্য্যাধ্যক্ষের পদ ধারণের সময় অতীত না হইলেও কোম্পানি সাধারণ সভাতে বিশেষ নির্দ্ধারণ করিয়া তাঁহাকে অপসর করিতে পারিবেন এবং নিয়মিত নির্দ্ধারণক্রমে তাঁহার পদে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। তিনি যে ব্যক্তির পদে নিযুক্ত হন সেই ব্যক্তি অপসৃত না হইলে যত কাল পদস্থ হইতেন তদ্রূপ নিযুক্ত ব্যক্তিও ততকাল মাত্র পদধারণ করিবেন।

Proceedings of Directors.

(66.) The Directors may meet together for the despatch of business, adjourn and otherwise regulate their meetings as they think fit, and determine the quorum necessary for the transaction of business. Questions arising at any meeting shall be decided by a majority of votes. In case of an equality of votes, the Chairman shall have a second or casting vote. A Director may at any time summon a meeting of the Directors.

(67.) The Directors may elect a Chairman of their meetings, and determine the period for which he is to hold office; but if no such Chairman is elected, or if at any meeting the Chairman is not present at the time appointed for holding the same, the Directors present shall choose some one of their number to be Chairman of such meeting.

(68.) The Directors may delegate any of their powers to Committees consisting of such member or members of their body as they think fit. Any Committee so formed shall, in the exercise of the powers so delegated, conform to any Regulations that may be imposed on it by the Directors.

(69.) A Committee may elect a Chairman of its meetings. If no such Chairman is elected, or if he is not present at the time appointed for holding the same, the members present shall choose one of their number to be Chairman of such meeting.

(70.) A Committee may meet and adjourn as it thinks proper. Questions arising at any meeting shall be determined by a majority of votes of the members present; and in case of an equality of votes the Chairman shall have a second or casting vote.

(71.) All acts done by any meeting of the Directors, or of a Committee of Directors, or by any person acting as a Director, shall, notwithstanding that it be afterwards discovered that there was some defect in the appointment of any such Directors or persons acting as aforesaid, or that they or any of them were disqualified, be as valid as if every such person had been duly appointed and was qualified to be a Director.

Dividends.

(72.) The Directors may, with the sanction of the Company in General Meeting, declare a dividend to be paid to the members in proportion to their shares.

[কার্য্যাধ্যক্ষদিগের কর্ম্ম সম্পাদনের কথা।]

(৬৬) কার্য্যাধ্যক্ষেরা যেমত বিহিত বোধ করেন সেই মতে কার্য্য সম্পাদনার্থে সমাবিষ্ট হইবেন ও সভার দিনান্তর নিরূপণ করিতে কিম্বা সভার প্রকারান্তরের নিয়ম করিতে পারিবেন ও কার্য্যসম্পাদনার্থে যত জনের উপস্থানের আবশ্যক তাহাও নির্ণয় করিতে পারিবেন। কোন সভাতে বিবাদ উত্থিত হইলে তাহা অভিমতের আধিক্যক্রমে নির্ণয় হইবে। যদি সমান সংখ্যক ব্যক্তির পরস্পর বিপক্ষ মত হয়, তবে সভাপতির মতের প্রাবল্য হইবে। কার্য্যাধ্যক্ষ কোন সময়েতে কার্য্যাধ্যক্ষদিগের সভার আমন্ত্রণ করিতে পারিবেন।

(৬৭) কার্য্যাধ্যক্ষেরা আপনাদের সভার অধিপতিকে মনোনীত করিতে ও তিনি যত কাল তৎপদ ধারণ করিবেন তাহাও নিরূপণ করিতে পারিবেন। যদি তদ্রূপ কোন সভাপতি মনোনীত না হন কিম্বা সভা হইবার নিরূপিত সময়ে যদি সভাপতি উপস্থিত না হন, তবে উপস্থিত কার্য্যাধ্যক্ষেরা আপনাদের এক জনকে ঐ সভার অধিপতিপদে নিযুক্ত করিতে পারিবেন।

(৬৮) কার্য্যাধ্যক্ষেরা কোম্পানির অন্তর্গত যত সংভূয়কারিকে বিহিত বোধ করেন তাঁহাদিগকে কমিটী করিয়া তাঁহাদের প্রতি আপনারদের কোন ক্ষমতা অর্পণ করিতে পারিবেন। তদ্রূপ অর্পিত ক্ষমতানুসারে কার্য্য করণ বিষয়ে কার্য্যাধ্যক্ষেরা যে২ বিধান অবধারণ করেন উক্ত স্থাপিত কমিটী তদনুসারে কার্য্য করিবেন।

(৬৯) কমিটী আপনারদের সভাপতিকে মনোনীত করিতে পারিবেন। যদি সভাপতি মনোনীত না হন, কিম্বা তিনি যদি সভার নিরূপিত সময়ে উপস্থিত না থাকেন, তবে কমিটীর অন্তর্গত যে ব্যক্তিরা উপস্থিত থাকেন, তাঁহারা ঐ সভার সভাপতি হওনার্থে আপনাদের এক জনকে মনোনীত করিবেন।

(৭০) কমিটী যেমন উচিত বোধ করেন তেমনি সভা করিতে এবং সভা করিবার দিনান্তর নিরূপণ করিতে পারিবেন। কোন সভাতে যদি কোন বিবাদ উত্থিত হয়, তবে কমিটীর অন্তর্গত উপস্থিত ব্যক্তিরদের অভিমতের আধিক্যক্রমে তাহা নির্ণয় হইবে। যদি সমান সংখ্যক লোকের পরস্পর বিপক্ষমত হয়, তবে সভাপতির মত প্রবল হইবে।

(৭১) কার্য্যাধ্যক্ষদের কিম্বা কার্য্যাধ্যক্ষস্বরূপে কর্ম্মকারি কোন ব্যক্তির নিয়োগ কার্য্যে কোন ত্রুটি ছিল কিম্বা তাঁহারা কি তাঁহারদের কোন জন অযোগ্য ইহা যদিও পশ্চাৎ প্রকাশ পায়, তথাপি তাঁহাদের নিয়মিতরূপে নিযুক্ত হওয়ার ও কার্য্যাধ্যক্ষপদের যোগ্য হওয়ার ন্যায় ঐ কার্য্যাধ্যক্ষদের সভার কিম্বা কার্য্যাধ্যক্ষদের কমিটীর কিম্বা কার্য্যাধ্যক্ষস্বরূপে কর্ম্মকারি ঐ ব্যক্তির কার্য্য সিদ্ধ হইবে।

ডিবিডেণ্ড অর্থাৎ ভাজ্যের কথা।

(৭২) সংভূয়কারিদের অংশানুসারে যে ডিবিডেণ্ড অর্থাৎ ভাজ্য টাকা নিরূপণ হইবে তাহা কার্য্যাধ্যক্ষেরা সাধারণ সভাস্থ কোম্পানির অনুমতিক্রমে নিরূপণ করিতে পারিবেন।

(73.) No dividend shall be payable except out of the profits arising from the business of the Company.

(74.) The Directors may, before recommending any dividend, set aside out of the profits of the Company such sum as they think proper as a reserved fund to meet contingencies, or for equalizing dividends, or for repairing or maintaining the works connected with the business of the Company, or any part thereof; and the Directors may invest the sum so set apart as a reserved fund upon such securities as they may select.

(75.) The Directors may deduct from the dividends payable to any member all such sums of money as may be due from him to the Company on account of calls or otherwise.

(76.) Notice of any dividend that may have been declared shall be given to each member in manner hereinafter mentioned; and all dividends unclaimed for three years after having been declared may be forfeited by the Directors for the benefit of the Company.

(77.) No dividend shall bear interest as against the Company.

Accounts.

(78.) The Directors shall cause true accounts to be kept—

Of the stock in trade of the Company;

Of the sums of money received and expended by the Company, and the matters in respect of which such receipt and expenditure take place; and

Of the credits and liabilities of the Company.

The books of account shall be kept at the registered Office of the Company, and subject to any reasonable restrictions as to the time and manner of inspecting the same that may be imposed by the Company in General Meeting, shall be open to the inspection of the members during the hours of business.

(79.) Once at the least in every year the Directors shall lay before the Company in general meeting a statement of the income and expenditure for the past year, made up to a date not more than three months before such meeting.

(80.) The statement so made shall show, arranged under the most convenient heads, the amount of gross income, distinguishing the several sources from which it has been derived, and the amount of gross expenditure, distinguishing the expense of the establishment, salaries and other like matters. Every item of expenditure fairly chargeable against the year's income shall be brought into account, so that a just balance of profit and loss may be laid before the meeting; and in cases where any item of expenditure which

(৭৩) কোম্পানির ব্যবসায় হইতে যে লভ্য উৎপন্ন হয় কেবল তাহাহইতে ডিবিডেণ্ড দেওয়া যাইবে।

(৭৪) কার্য্যাধ্যক্ষেরা ডিবিডেণ্ড করিবার পরামর্শ দিবার পূর্ব্বে কোম্পানির লভ্যহইতে সম্ভাবিত ব্যয় পরিশোধার্থে কিম্বা বিভাজ্য টাকা সমান করণার্থে কিম্বা কোম্পানির ব্যবসায় কি তাহার কোন অংশসংক্রান্ত কলাদি সারাইবার কি রক্ষা করিবার জন্যে যত টাকা বিহিত বোধ করেন তাহা সঞ্চিত ধনস্বরূপে নিরূপণ করিতে পারিবেন। ও যে টাকা তদ্রূপে সঞ্চিতপুঁজিস্বরূপ পৃথক করা যায় তাহা কার্য্যাধ্যক্ষেরা যদ্রূপ প্রতিভূ মনোনীত করেন তৎক্রমে গচ্ছিত করিবেন।

(৭৫) যদি কোন সংভূয়কারির স্থানে তাঁহার অংশের নিমিত্তে কি অন্য কারণে কোম্পানির কিছু প্রাপ্য হয়, তবে কার্য্যাধ্যক্ষেরা ঐ ভাজ্য টাকা হইতে তাহা কর্ত্তন করিয়া লইতে পারিবেন।

(৭৬) যদি কোন ডিবিডেণ্ড নিরূপণ হয়, তবে প্রত্যেক সংভূয়কারিকে পশ্চাৎ লিখিতমতে তাহার সম্বাদ দেওয়া যাইবে। ডিবিডেণ্ড নিরূপণ হইলে পর যদি তিন বৎসরপর্য্যন্ত তাহার উপর দাওয়া না হয়, তবে কার্য্যাধ্যক্ষেরা কোম্পানির লভ্যার্থে তাহা দণ্ড করিতে পারিবেন।

(৭৭) কোম্পানির নিকটে কোন ডিবিডেণ্ডের উপর সুদ প্রাপ্য নয়।

হিসাব।

(৭৮) কার্য্যাধ্যক্ষেরা এই২ বিষয়ের যথার্থ হিসাব রাখাইবেন।

কোম্পানির ব্যবসায় সংক্রান্ত দ্রব্যাদির।

কোম্পানির আয় ব্যয়ের ও যে বিষয়ে যত টাকা আয় ও যত টাকা ব্যয় হয় তাহার।

কোম্পানির প্রাপ্যের ও ঋণের।

খাতা বহী কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয়ে রাখিতে হইবে। এবং কর্ম্ম চলিবার কোন সময়ে সংভূয়কারিরা তাহা দেখিতে পারিবেন। কিন্তু কোম্পানি সাধারণ সভা করিয়া যদি খাতা বহী দৃষ্টির সময় ও নিয়ম সম্পর্কে যুক্তিসিদ্ধ নিষেধ অবধারণ করেন, তবে তাহা মান্য হইবে।

(৭৯) কার্য্যাধ্যক্ষেরা প্রতি বৎসর অতি ন্যূন এক বার সাধারণ সভাধিষ্ঠিত কোম্পানির সম্মুখে তৎপূর্ব্ব বৎসরের আয় ব্যয়ের বর্ণনাপত্র অর্পণ করিবেন। ঐ সভার দিনের পূর্ব্ব তিন মাসের অনধিককাল পর্য্যন্ত ঐ হিসাব নিষ্পত্তি করিতে হইবে।

(৮০) উক্ত বর্ণনাপত্রে আয়ের মোট প্রকাশ হইবে, যাহাহইতে যত টাকা পাওয়া গিয়াছে তাহা সুবিধামতে পৃথক প্রকরণক্রমে লিখিতে হইবে। ব্যয়ের মোটও প্রকাশ হইবে, তাহাতে কর্ম্মচারিগণের ও বেতনাদির নিমিত্তে যত টাকা ব্যয় হইল তাহা পৃথক লিখিতে হইবে। সভার সম্মুখে লভ্যের ও ক্ষতির যথার্থ নিষ্পত্তি অর্পণ করা যাইতে পারে এই নিমিত্তে বৎসরের আয় হইতে ব্যয়ের যত টাকা ন্যায্যমতে বাদ দেওয়া যাইতে পারে তাহা সমুদয় হিসাবে লিখিতে হইবে। কোন কার্য্যের নিমিত্তে যত টাকা ব্যয় হইল তাহা যদি ন্যায্যমতে বহুবৎসরের আয়হইতে কর্ত্তন

may in fairness be distributed over several years has been incurred in any one year, the whole amount of such item shall be stated, with the addition of the reasons why only a portion of such expenditure is charged against the income of the year.

(81.) A balance-sheet shall be made out in every year and laid before the Company in General Meeting, and such balance-sheet shall contain a summary of the property and liabilities of the Company arranged under the heads appearing in the form annexed to this Table, or as near thereto as circumstances admit.

(82.) A printed copy of such balance-sheet shall, seven days previously to such meeting, be served on every member in the manner in which notices are hereinafter directed to be served.

Audit.

(83.) Once at the least in every year the accounts of the Company shall be examined, and the correctness of the balance-sheet ascertained by one or more auditor or auditors.

(84.) The first auditors shall be appointed by the Directors; subsequent auditors shall be appointed by the Company in General Meeting.

(85.) If one auditor only is appointed, all the provisions herein contained relating to auditors shall apply to him.

(86.) The auditors may be members of the Company; but no person is eligible as an auditor who is interested otherwise than as a member in any transaction of the Company; and no Director or other Officer of the Company is eligible during his continuance in office.

(87.) The election of auditors shall be made by the Company at their ordinary meeting in each year.

(88.) The remuneration of the first auditors shall be fixed by the Directors; that of subsequent auditors shall be fixed by the Company in General Meeting.

(89.) Any auditor shall be re-eligible on his quitting office.

(90.) If any casual vacancy occurs in the office of any auditor appointed by the Company, the Directors shall forthwith call an Extraordinary General Meeting for the purpose of supplying the same.

(91.) If no election of auditors is made in manner aforesaid, the Local Government may, on the application of not less than five members of the Company, appoint an auditor for the current year, and fix the remuneration to be paid to him by the Company for his services.

হইতে পারে তবে সেই কার্য্যে যত টাকা ব্যয় হইয়াছে তাহা সমুদয় ব্যক্ত হইয়া যে কারণে তাহার একাংশ মাত্র বৎসরের আয়হইতে লওয়া যায় তাহাও লিখিতে হইবে।

(৮১) প্রতিবৎসর উদ্বর্ত্ত পত্র প্রস্তুত হইয়া সাধারণ সভাগত কোম্পানির সম্মুখে অর্পিত হইবে। কোম্পানির যত সম্পদ ও দায় থাকে তাহা এই তফসীল সংযুক্ত পাঠানুসারে কিম্বা যে পর্য্যন্ত সাধ্য সেই পর্য্যন্ত ঐ পাঠানুসারে শ্রেণীবদ্ধ করিয়া লিখিতে হইবে।

(৮২) ঐ সভা হইবার সপ্তদিন পূর্ব্বে ঐ উদ্বর্ত্ত পত্রের মুদ্রিত প্রতিলিপি এই আইনের নিম্নভাগে জ্ঞাপনপত্র পর্য্যর্পণের যে নিয়ম আছে সেই নিয়মমতে প্রত্যেক জন সংভূয়কারিকে দেওয়া যাইবে।

আডিটের কথা।

(৮৩) বৎসরে ন্যূনকল্পে একবার কোম্পানির সকল হিসাবের পর্য্যালোচনা হইবে, এবং এক কি অধিক জন আডিটরকর্তৃক ঐ উদ্বর্ত্তপত্রের শুদ্ধতা নির্ণয় হইবে।

(৮৪) কার্য্যাধ্যক্ষেরা প্রথম আডিটরদিগকে নিযুক্ত করিবেন। তৎপরে কোম্পানি সাধারণ সভা করিয়া আডিটরদিগকে নিযুক্ত করিবেন।

(৮৫) যদি কেবল এক জন আডিটরকে নিযুক্ত করা যায়, তবে এই আইনেতে অনেক আডিটর বিষয়ে যে২ বিধি বর্ত্তে, সেই২ এক জনের প্রতি সেই২ বিধি বর্ত্তিবে।

(৮৬) কোম্পানির সংভূয়কারিরা আডিটর হইতে পারিবেন। কিন্তু যে ব্যক্তি কোম্পানির কোন বিষয়ব্যাপারে সংভূয়কারিভিন্ন ভাবান্তরে সম্পর্কযুক্ত হন তিনি আডিটর হওনার্থে মনোনীত হইবার যোগ্য নহেন। কোন কার্য্যাধ্যক্ষ কি কোম্পানির অন্য কর্ম্মচারী যতকাল উক্ত পদ ধারণ করেন ততকাল আডিটর স্বরূপ মনোনীত হইতে পারিবেন না।

(৮৭) কোম্পানি প্রতিবৎসরের নিয়মিত সভায় আডিটরদিগকে মনোনীত করিবেন।

(৮৮) প্রথম আডিটরেরা যত পারিশ্রমিক পাইবেন তাহা কার্য্যাধ্যক্ষেরা নির্দ্ধার্য্য করিবেন। তৎপশ্চাৎ আডিটরদিগের পারিশ্রমিক কোম্পানি সাধারণ সভাতে নির্দ্ধার্য্য করিবেন।

(৮৯) কোন আডিটর ঐ কর্ম্মত্যাগ করিলে পর পুনশ্চ মনোনীত হইতে পারিবেন।

(৯০) যদি কোম্পানির নিযুক্ত কোন আডিটরের পদ কোন ঘটনাক্রমে শূন্য হয়, তবে কর্ম্মাধ্যক্ষেরা অগৌণে ঐ পদ পূরণার্থে অতিরিক্ত সাধারণ সভার আমন্ত্রণ করিবেন।

(৯১) যদি পূর্ব্বোক্তমতে আডিটরেরা মনোনীত না হন, তবে কোম্পানির পাঁচ জনের অন্যূন সংভূয়কারির প্রার্থনামতে স্থানীয় গবর্ণমেণ্ট প্রচলিত বৎসরের নিমিত্তে এক জন আডিটরকে নিযুক্ত করিতে পারিবেন ও তাঁহার কর্ম্মের নিমিত্তে কোম্পানির যত পারিশ্রমিক দিতে হইবে তাহাও নিরূপণ করিবেন।

(92.) Every auditor shall be supplied with a copy of the balance-sheet, and it shall be his duty to examine the same with the accounts and vouchers relating thereto.

(93.) Every auditor shall have a list delivered to him of all books kept by the Company, and shall at all reasonable time have access to the books and accounts of the Company. He may, at the expense of the Company, employ accountants or other persons to assist him in investigating such accounts, and he may in relation to such accounts examine the Directors or any other Officer of the Company.

(94.) The auditors shall make a report to the members upon the balance-sheet and accounts, and in every such report they shall state whether, in their opinion, the balance-sheet is a full and fair balance-sheet, containing the particulars required by this regulations, and properly drawn up so as to exhibit a true and correct view of the state of the Company's affairs; and in case they have called for explanations or information from the Directors, whether such explanation or information have or has been given by the Directors, and whether they or it have or has been satisfactory. Such report shall be read, together with the report of the Directors, at the Ordinary Meeting.

Notices.

(95.) A notice may be served by the Company upon any member either personally or by sending it through the Post in a latter addressed to such member at his registered place of abode.

(96.) All notices directed to be given to the members shall, with respect to any share to which persons are jointly entitled, be given to whichever of such persons is named first in the Register of Members; and notice so given shall be sufficient notice to all the holders of such share.

(97.) Any notice, if served by Post, shall be deemed to have been served at the time when the letter containing the same would be delivered in the ordinary course of the Post; and in proving such service it shall be sufficient to prove that the letter containing the notice was properly addressed and put into the Post Office.

(৯২) প্রত্যেক আডিটরকে উদ্বর্ত্তপত্রের প্রতিলিপি দিতে হইবে। হিসাবের ও তৎসম্পর্কীয় প্রমাণপত্রের সহিত ঐ পত্রের পর্য্যালোচনা করা তাঁহার কর্ত্তব্য।

(৯৩) কোম্পানি যে সকল বহী রাখেন তাহার নামাবলি প্রত্যেক আডিটরকে দেওয়া যাইবে ও তিনি কোম্পানির সকল বহী ও খাতাবহী উপযুক্ত সকল সময়ে অবাধিতরূপে দেখিতে পাইবেন। আরো ঐ হিসাবের পর্য্যালোচনা কার্য্যে আপনার সাহায্যার্থে হিসাবিদিগকে কি অন্য ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে পারিবেন, কোম্পানি তাঁহাদের বেতন দিবেন, এবং তিনি সেই হিসাব সম্পর্কে কার্য্যাধ্যক্ষদের কি কোম্পানির অন্য কোন কার্য্যকারকের পরীক্ষা লইতে পারিবেন।

(৯৪) আড্ডিটরেরা সংভূয়কারিদের নিকটে ঐ উদ্বর্ত্ত পত্র ও হিসাবের রিপোর্ট করিবেন, এবং ঐ উদ্বর্ত্তপত্র তাঁহাদের বিবেচনায় সম্পূর্ণ ও যথার্থ উদ্বর্ত্তপত্র, ও এই আইনেতে যেং বর্ণনার আদেশ হইয়াছে তাহা তাহাতে আছে, ও কোম্পানির বিষয়ব্যাপারের অবস্থার সত্য ও যথার্থ ভাব যাহাতে দৃষ্ট হয় এমতে ঐ উদ্বর্ত্তপত্র উপযুক্তরূপে প্রস্তুত হইয়াছে কি না ও যদি তাঁহারা কার্য্যাধ্যক্ষদের স্থানে কোন বিষয়ের ব্যাখ্যা কি সন্ধান চাহিয়া থাকেন, তবে কার্য্যাধ্যক্ষেরা সেই ব্যাখ্যা কি সন্ধান দিয়াছেন কি না, ও তাহা সন্তোষজনক হইয়াছে কি না এই সকল কথাও তাঁহারা রিপোর্টে লিখিবেন। সেই রিপোর্ট কার্য্যাধ্যক্ষদের রিপোর্টসহিত নিয়মিত সভায় পাঠ হইবে।

বিজ্ঞাপনের কথা।

(৯৫) কোন সংভূয়কারির প্রতি কোম্পানির জ্ঞাপনপত্র পর্য্যর্পণ করিতে হইলে তাহা স্বয়ং তাঁহাকেই দেওয়া যাইবে কিম্বা পত্রের শিরোনামায় তাঁহার নাম ও রেজিষ্টরী বাসস্থান লিখিয়া ডাকযোগে পাঠাইয়া তাঁহার প্রতি পর্য্যর্পিত হইবে।

(৯৬) সংভূয়কারিদের মধ্যে কএক জন একত্রে কোন অংশের স্বত্ববান হইলে, তাঁহাদিগকে যে সকল জ্ঞাপনপত্র দিবার আদেশ হয় সংভূয়কারিদের রেজিষ্টরী বহীতে উক্ত ব্যক্তিদের মধ্যে যাঁহার নাম প্রথমে লেখা থাকে তাঁহাকেই ঐ জ্ঞাপনপত্র দেওয়া যাইবে। এবং জ্ঞাপনপত্র তদ্রূপে দেওয়া গেলে ঐ অংশের সকল অংশিকে উপযুক্তমতে পর্য্যর্পণ করা হইবে।

(৯৭) যদি জ্ঞাপনপত্র ডাকদ্বারা পর্য্যর্পিত হয়, তবে ডাকযোগে রীতিমতে প্রেরণ হইলে ঐ বিজ্ঞাপন সূচক পত্র যে সময়ে দেওয়া যায় সেই সময়ে ঐ জ্ঞাপনপত্র পর্য্যর্পণ হইল জ্ঞান হইবে। এবং ঐ জ্ঞাপনপত্র যে খামে দেওয়া গিয়াছিল তাহার শিরোনামা উপযুক্তমতে লিখিত হইয়া ডাকে দেওয়া গিয়াছিল ইহার প্রমাণ ঐ পত্র পর্য্যর্পণ হইবার যথোচিত প্রমাণ হইবে।

Dr. *Balance-sheet (a) of the* *Company made up to* 18 *Cr.*

		CAPITAL AND LIABILITIES.					PROPERTY AND ASSETS.		
I. CAPITAL.		SHOWING:	Rs.	As.	III. PROPERTY HELD BY THE COMPANY.		SHOWING:	Rs.	As.
	1	The number of share				7	Immoveable property. Distinguishing—		
	2	The amount paid for shares ...					(*a*) Freehold land		
	3	If any arrears of calls, the nature of the arrear, and the names of the defaulters ...					(*b*) ,, Buildings ... ... (*c*) Leasehold ,, ...		
	4	The particulars of any forfeited shares ..				8	Moveable property. Distinguishing—		
II. DEBTS AND LIABILITIES OF THE COMPANY.		SHOWING:					(*d*) Stock in Trade ... ... (*e*) Plant		
	5	The amount of loans of mortgages or debenture bonds					The cost to be stated with deductions for deterioration in value as charged to the reserve fund of profit and loss		
	6	The amount of debts owing by the Company, distinguishing			IV. DEBTS OWING TO THE COMPANY.		SHOWING:		
		(*a*) Debts for which acceptances have been given				9	Debts considered good for which the Company hold bills or other securities ...		
		(*b*) Debts to tradesmen for supplies of stock in trade or other articles ...				10	Debts considered good for which the Company hold no security		
		(*c*) Debts for law expenses ...				11	Debts considered doubtful and bad, any debt due from a Director or other Officer of the Company to be separately stated ...		
		(*d*) Debts for interest on debentures or other loans							
		(*e*) Unclaimed dividends ...							
		(*f*) Debts not enumerated above ..							
VI. RESERVE FUND.		SHOWING:			V. CASH AND INVESTMENTS.		SHOWING:		
		The amount set aside from profits to meet contingencies.				12	The nature of investment and rate of interest ...		
VII. PROFIT AND LOSS.		SHOWING:				13	The amount of cash, where lodged, and if bearing interest		
		The disposable balance for payment of dividends, &c.							
CONTINGENT LIABILITIES.		Claims against the Company not acknowledged as debts							
		Monies for which the Company is contingently liable							

(*a*.) See Clauses 81 and 82 of the foregoing Table A.

খরচ অমুক সালের অমুক মাসের অমুক তারিখপর্য্যন্ত অমুক কোম্পানির উদ্বর্ত্ত পত্র *। জমা।

	মূলধন ও দায়।			
		ইহার মধ্যে	টাকা	আনা
১। মূলধন।	১	অংশের সংখ্যা		
	২	অংশের জন্যে যত টাকা দত্ত হইয়াছে ...		
	৩	যদি অংশের কোন টাকা দিতে বাকী থাকে তবে সেই বাকীর ভাব ও বাকীদারদিগের নাম ...		
	৪	যে অংশের দণ্ড হইয়া থাকিবে তাহার বর্ণনা ...		
২। কোম্পানির ঋণ ও দায়।		ইহার মধ্যে।		
	৫	বন্ধক কি ঋণশোধনপ্রতিজ্ঞাপত্রক্রমে যত টাকা ঋণ দেওয়া যায়		
	৬	কোম্পানির দাতব্য ঋণ। তাহা এইরূপে বিশেষ করিয়া লিখিতব্য		
		(ক) যে ঋণের নিমিত্তে প্রাপ্তিপত্র দেওয়া গিয়াছে		
		(খ) বাণিজ্যঘটিত স্থাপ্য ও অন্য দ্রব্য হেতুক বণিকদিগের প্রাপ্য		
		(গ) ব্যবহারঘটিত ব্যয়ার্থে ঋণ ...		
		(ঘ) ঋণশোধনপ্রতিজ্ঞাপত্র কি অন্য ঋণের উপর সুদ হেতুক ঋণ		
		(চ) তদায়িক ডিবিডেণ্ড		
		(ছ) উক্ত সকল দফায় যে ঋণ ধরা যায় নাই ..		
৬। স্বতন্ত্রী টাকা।		ইহার মধ্যে		
		নৈমিত্তিক ব্যয় শোধ করিবার জন্যে লভ্যের যে টাকা স্বতন্ত্র রাখা গিয়াছে		
৭। লাভ ও ক্ষতি।		ইহার মধ্যে		
		ডিবিডেণ্ড প্রভৃতি দিবার জন্যে যত টাকা উদ্বর্ত্ত আছে		
নৈমিত্তিক দায়।		কোম্পানির উপর যে দাওয়া ঋণ স্বরূপ স্বীকার হয় না যে টাকার জন্যে কোম্পানির নৈমিত্তিক দায় ..		

	সম্পত্তি ও স্থিত।			
		ইহার মধ্যে	টাকা	আনা
৩। কোম্পানির অধিকার গত সম্পত্তি।	৭	স্থাবর সম্পত্তি। বিশেষতঃ,		
		(ক) নিষ্কর ভূমি		
		(খ) ,, বাটী		
		(গ) পাট্টাধীন বাটী		
	৮	অস্থাবর সম্পত্তি। বিশেষতঃ		
		(ঘ) বাণিজ্যঘটিত স্থাপ্য		
		(চ) দ্রব্য-সামগ্রী		
		ইহার মূল্য যখন লেখা যায় তখন ক্রমশঃ ঐ সামগ্রী ব্যবহার ফলে মূল্য ন্যূন হইয়া থাকে এই বিষয় স্বতন্ত্রী টাকার ধনের লাভ ও ক্ষতির হিসাবে যেমন লেখা যায় তেমনি এই স্থলে লিখিতব্য ...		
৪। কোম্পানির প্রাপ্য ঋণ।		ইহার মধ্যে		
	৯	যে ঋণের টাকা পাইবার সম্ভাবনা ও যাহার বিল কি অন্য প্রতিভূপত্র কোম্পানির হাতে থাকে।		
	১০	যে ঋণের টাকা পাইবার সম্ভাবনা বোধ হয় কিন্তু প্রতিভূপত্র নাই।		
	১১	যে ঋণের টাকা পাইবার সম্ভাবনা নাই কার্য্যাধ্যক্ষের কিম্বা কোম্পানির অন্য কার্য্যকারকের স্থানে যে টাকা প্রাপ্য হয় তাহা স্বতন্ত্র লিখিতে হইবে ...		
৫। নগদ ও গচ্ছিত টাকা।		ইহার মধ্যে		
	১২	টাকা যেরূপে গচ্ছিত হইয়াছে ও তাহার উপর যত সুদ		
	১৩	নগদ টাকা যে স্থানে রক্ষিত আছে ও তাহার উপর সুদ চলে কি না ..		

---

* পূর্ব্বলিখিত A টেবিলের ৮১ ও ৮২ প্রকরণ দেখ।

TABLE B.

Table of Fees to be paid to the Registrar of Joint Stock Companies by a Company having a capital divided into shares.

	Rs.	As.	P.
For Registration of a Company whose nominal capital does not exceed Rupees 20,000, a fee of ...	40	0	0
For Registration of a Company whose nominal capital exceeds Rupees 20,000 the above fee of 40 Rupees, with the following additional fees regulated according to the amount of nominal capital; (that is to say)—			
For every 10,000 Rupees of nominal capital, or part of 10,000 Rupees after the first 20,000 Rupees up to 50,000 Rupees ...	20	0	0
For every 10,000 Rupees of nominal capital, or part of 10,000 Rupees after the first 50,000 Rupees up to 1,000,000 Rupees ...	5	0	0
For every 10,000 Rupees of nominal capital, or part of 10,000 Rupees after the first 1,000,000 Rupees ...	1	0	0
For Registration of any increase of capital made after the first Registration of the Company, the same fees per 10,000 Rupees or part of 10,000 Rupees, as would have been payable if such increased capital had formed part of the original capital at the time of Registration.			
Provided that no Company shall be liable to pay in respect of nominal capital on Registration, or afterwards, any greater amount of fees than 1,000 Rupees taking into account, in the case of fees payable on an increase of capital after Registration, the fees paid on Registration.			
For Registration of any existing Company, except such Companies as are by this Act exempted from payment of fees in respect of Registration under this Act, the same fee as is charged for registering a new Company.			
For registering any document hereby required or authorized to be registered other than the Memorandum of Association ...	5	0	0
For making a record of any fact hereby authorized or required to be recorded by the Registrar of Companies, a fee of ...	5	0	0

B চিহ্নিত টেবিল।

যে কোম্পানির মূলধন অংশাংশে বিভক্ত হয়, জাইন্ট ষ্টাক কোম্পানির রেজিষ্ট্রারকে ঐ কোম্পানির যত শুল্ক দিতে হইবে তাহার টেবিল।

	ফী।
যে কোম্পানির ব্যক্ত মূলধন ২০,০০০৲ টাকার অধিক না হয় তজ্জন্যে ...	৪০৲
যে কোম্পানির ব্যক্ত মূলধন ২০,০০০৲ টাকার অধিক তজ্জন্যে উক্ত ৪০৲ টাকা ও তদতিরিক্ত ব্যক্ত মূলধনের পরিমাণানুসারে নিম্ন লিখিত শুল্ক।	
প্রথমোক্ত ২০,০০০৲ টাকার ঊর্দ্ধ ৫০,০০০৲ টাকা পর্য্যন্ত দশ২ সহস্র টাকার ব্যক্ত মূলধনের কি তাহার কোন অংশের উপর ...	২০৲
প্রথম ৫০,০০০৲ টাকার ঊর্দ্ধ লক্ষ টাকা পর্য্যন্ত ব্যক্ত মূলধনের দশ২ সহস্র টাকার কি তাহার কোন অংশের উপর ...	৫৲
প্রথম লক্ষ টাকার ঊর্দ্ধ ব্যক্ত মূলধনের দশ২ সহস্র টাকার কি তাহার কোন অংশের উপর ...	১৲
কোম্পানি প্রথমে রেজিষ্টর হইলে পর যদি মূলধন বৃদ্ধি করা যায়, তবে ঐ রেজিষ্টরী করণকালে ঐ বর্দ্ধিত মূলধন প্রথম মূলধনের অংশ হইলে ১০,০০০৲ টাকার কি তাহার কোন অংশের উপর যত শুল্ক লাগিত, ঐ বর্দ্ধিত মূলধন রেজিষ্টর করিবার সেই শুল্ক।	
কিন্তু রেজিষ্টরী করণসময়ে কি তৎপরে কোন কোম্পানির ব্যক্ত মূলধনের উপলক্ষে ১০০০৲ টাকার অধিক ফী দিতে হইবে না। এবং রেজিষ্টর করিবার পরে যখন মূলধন বৃদ্ধি হওয়াতে শুল্ক দিতে হয় তখন রেজিষ্টরী করণকালে যাহা দেওয়া গিয়াছিল তাহাও ধর্ত্তব্য।	
এই আইনদ্বারা যে সকল কোম্পানি এই আইনমত রেজিষ্টরী হইলেও শুল্ক দানহইতে মুক্ত হন, তদ্ভিন্ন বর্ত্তমান কোম্পানির জন্যে নূতন কোম্পানির রেজিষ্টরী করণের তুল্য ফী লাগিবে।	
এই আইনদ্বারা সংস্থিতিপত্রভিন্ন যে সকল লেখ্য রেজিষ্টর করিবার আজ্ঞা কি অনুমতি হইয়াছে তাহার জন্যে ...	৫৲
এই আইনক্রমে কোম্পানির রেজিষ্ট্রারেরদ্বারা যে বৃত্তান্ত লিপিবদ্ধ করিবার অনুমতি কি আজ্ঞা হয় তাহা লিপিবদ্ধ করিবার জন্যে ...	৫৲

TABLE C.

Table of Fees to be paid to the Registrar of Joint Stock Companies by a Company not having a capital divided into shares.

C চিহ্নিত টেবিল।

যে কোম্পানির মূলধন অংশাংশে বিভক্ত না হয় জাইন্ট ষ্টাক কোম্পানির রেজিষ্ট্রারকে ঐ কোম্পানির যত শুল্ক দিতে হইবে তাহার পাঠ।

	Rs.	As.	P.		
For Registration of a Company whose number of members, as stated in the Articles of Association, does not exceed 20 ...	40	0	0	যে কোম্পানির সংশিতপত্রের নিয়মানুসারে সংভূয়কারিদের সংখ্যা ২০ জনের অনধিক হয় সেই কোম্পানির রেজিষ্টর করণার্থে	৪০৲
For Registration of a Company whose number of members, as stated in the Articles of Association, exceeds 20, but does not exceed 100 ...	100	0	0	যে কোম্পানির সংশিতপত্রের নিয়মানুসারে সংভূয়কারিদের সংখ্যা ২০ জনের অধিক কিন্তু এক শতের অনধিক হয় সেই কোম্পানির রেজিষ্টর করণার্থে	১০০৲
For Registration of a Company whose number of members, as stated in the Articles of Association, exceeds 100, but is not stated to be unlimited, the above fee of Rupees 100, with an additional Rupees 5 for every 50 members or less number than 50 members after the first 100.				যে কোম্পানির সংশিতপত্রের নিয়মানুসারে সংভূয়কারিদের সংখ্যা ১০০ শতের অধিক কিন্তু সংখ্যার সীমা নাই এমত ব্যক্ত হয় না, তাহার উক্ত ১০০ টাকার শুল্ক এবং প্রথম শত সংভূয়কারির ঊর্দ্ধ প্রতি পঞ্চাশ কি তাহার ন্যূনসংখ্যার সংভূয়কারির নিমিত্তে ৫৲ টাকা,	
For Registration of a Company in which the number of members is stated in the Articles of Association to be unlimited, a fee of ..	400	0	0	যে কোম্পানির সংশিতপত্রের নিয়মানুসারে সংভূয়কারিদের সংখ্যা অসীমাবদ্ধ প্রকাশ হইয়াছে সেই কোম্পানির রেজিষ্টরী কার্য্যের নিমিত্তে	৪০০৲
For Registration of any increase on the number of members made after the registration of the Company in respect of every 50 members, or less than 50 members, of such increase ...	5	0	0	ঐ কোম্পানির রেজিষ্টরী হওনের পর সংভূয়কারিদের সংখ্যাবর্দ্ধন রেজিষ্টরী করিলে, ঐ বর্দ্ধিত সংখ্যার পঞ্চাশ জন কি তাহার ন্যূন সংখ্যা প্রতি	৫৲
Provided that no one Company shall be liable to pay on the whole a greater fee than Rupeess 400 in respect of its number of members, taking into account the fee paid on the first Registration of the Company.				পরন্তু কোম্পানির রেজিষ্টরী করণার্থে প্রথম যে শুল্ক দেওয়া যায়, তাহাসমেত সংভূয়কারিদের যে সংখ্যা হউক, কোন এক কোম্পানির ৪০০৲ টাকার অধিক দিতে হইবে না।	
For Registration of any existing Company, except such Companies as are by this Act exempted from payment of fees in respect of Registration under this Act, the same fee as is charged for registering a new Company.				এই আইন অনুসারে রেজিষ্টর হওনোপলক্ষে যে কোম্পানি এই আইনদ্বারা শুল্কদানহইতে মুক্ত তদ্ভিন্ন বর্ত্তমান কোন কোম্পানির রেজিষ্টরী করিবার জন্যে নূতন কোম্পানি রেজিষ্টর করিবার তুল্য শুল্ক লওয়া যাইবে।	
For Registering any document hereby required or authorized to be registered other than the Memorandum of Association ...	5	0	0	সংস্থিতপত্রভিন্ন যে সকল লেখ্য এই আইনদ্বারা রেজিষ্টর করিবার আজ্ঞা কি অনুমতি হইয়াছে তাহা রেজিষ্টর করিবার	৫৲
For making a record of any fact hereby authorized or required to be recorded by the Registrar of Companies, a fee of ..	5	0	0	এই আইনক্রমে কোম্পানির রেজিষ্ট্রারের দ্বারা যে কোন বৃত্তান্ত লিপিবদ্ধ করিবার আজ্ঞা কি অনুমতি হইয়াছে তাহা লিপিবদ্ধ করিবার	৫৲

FORM D.

FORM OF STATEMENT REFERRED TO IN PART III. OF THE ACT.

* The Capital of the Company is Rupees , divided into , shares of each.

The number of shares issued is . Calls to the amount of Rupees per share have been made, under which the sum of Rupees has been received.

The liabilities of the Company on the first day of January (or July) were :—

Debts owing to sundry persons by the Company :

Under decree, Rs.
On specialty, Rs.
On Notes or Bills, Rs.
On Simple Contracts, Rs.
On estimated Liabilities, Rs.

The assets of the Company on that day were :—

Government Securities [stating them], Rs.
Bills of Exchange and Promissory Notes, Rs.
Cash at the Bankers, Rs.
Other Securities, Rs.

SECOND SCHEDULE.

FORM A.

Memorandum of Association of a Company limited by Shares.

1*st.*—The name of the Company is " the Company, limited."

2*nd.*—The registered Office of the Company will be situate in

3*rd.*—The objects for which the Company is established are, " and the doing all such other things as are incidental or conducive to the attainment of the above object."

4*th.*—The liability of the Members is limited.

5*th.*—The Capital of the Company is Rupees divided into shares of Rupees each.

We, the several persons whose names and addresses are subscribed, are desirous of being formed into a Company, in pursuance of this

D চিহ্নিত পাঠ।

এই আইনের তৃতীয় খণ্ডে যে বর্ণনাপত্রের উল্লেখ হইয়াছে তাহা লিখিবার পাঠ এই।

* কোম্পানির মূলধন অংশে বিভক্ত হইয়াছে। প্রত্যেক অংশের মূল্য টাকা।

যে সকল অংশ গৃহীত হইয়াছে তাহার সংখ্যা। অংশপ্রতি টাকা দিবার আদেশ হইয়াছে তদ্দ্বারা টাকা প্রাপ্ত হওয়া গিয়াছে।

জানুআরি (কি জুলাই) মাসের প্রথম দিবসে কোম্পানির দেনা এই,

কোম্পানির স্থানে ভিন্নং ব্যক্তিদের প্রাপ্য

ডিক্রীক্রমে ... টাকা।
বন্ধকপত্রে সংশ্রিত ঋণ ... টাকা।
প্রতিজ্ঞাপত্র কি বিলক্রমে ... টাকা।
সামান্য চুক্তিক্রমে ... টাকা।
আনুমানিক দায়প্রভৃতিক্রমে ... টাকা।

ঐ দিবসে কোম্পানির স্থিত এই,

গবর্ণমেণ্টের নিদর্শনপত্র (বিশেষ করিয়া ব্যক্ত করিতে হইবে) ... টাকা।
বিল অফ এক্সচেঞ্জ ও প্রতিজ্ঞাপত্র ... টাকা।
ব্যাঙ্কে নগদ ... টাকা।
অন্য নিদর্শনপত্র ... টাকা।

দ্বিতীয় তফসীল।

A চিহ্নিত পাঠ।

অংশক্রমে সীমাবদ্ধ কোম্পানির সংস্বষ্ট পত্র।

১। কোম্পানির নাম অমুক কোম্পানি লিমিটেড।

২। কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয় অমুক স্থানে স্থাপিত হইবে।

৩। কোম্পানি সংস্থাপন করিবার অভিপ্রায় এই এবং সেই অভিপ্রায় সফল করণোপলক্ষে কি তজ্জন্যে যে সকল কর্ম্ম কর্ত্তব্য হয় তাহা সম্পাদন।

৪। সংভূয়কারিদের দায় সীমাবদ্ধ।

৫। কোম্পানির মূলধন টাকা অংশে বিভক্ত হইয়াছে প্রত্যেক অংশের মূল্য ।

সংস্বষ্টিপত্রের উক্ত নিয়মানুসারে আমরা কোম্পানিস্বরূপ স্বম্বদ্ধ হইতে বাঞ্ছা করি। আমাদের নাম ও নিবাসাদি নিম্ন ভাগে লেখা যাইতেছে এবং আমাদের

---

* If the Company has no capital divided into shares, the portion of the Statement relating to capital and shares must be omitted.

* যদি কোম্পানির অংশে বিভক্ত মূলধন না থাকে, তবে উক্ত বর্ণনাপত্রে মূলধন ও অংশ বিষয়ক কথা ত্যজ্য হইবে।

Memorandum of Association, and we respectively agree to take the number of shares in the capital of the Company, set opposite our respective names :—

Names, addresses, and Descriptions of Subscribers.	Number of shares taken by each Subscriber.
1. A. B. of ...	
2. C. D. „ ...	
3. E. F. „ ...	
4. G. H. „ ...	
5. I. J. „ ...	
6. K. L. „ ...	
7. M. N. „ ...	
Total shares taken ...	

Dated the day of

Witness to the above signatures.

O. P. of

FORM B.

Memorandum and Articles of Association of a Company limited by guarantee and not having a capital divided into shares.

Memorandum of Association.

1st.—The name of the Company is "the Mutual Calcutta Marine Association, limited."

2nd.—The registered Office of the Company will be situate in Calcutta.

3rd.—The objects for which the Company is established are "the Mutual Insurance of ships belonging to members of the Company, and the doing all such other things as are incidental or conducive to the attainment of the above objects."

4th.—Every member of the Company undertakes to contribute to the assets of the Company in the event of the same being wound up during the time that he is a member, or within one year afterwards, for payment of the debts and liabilities of the Company contracted before the time at which he ceases to be a member, and the costs, charges, and expenses of winding-up the same, and for the adjustment of the rights of the contributories amongst themselves, such amount as may be required, not exceeding Rupees 100.

প্রত্যেক জনের নামের পার্শ্বে যত অংশ লেখা হইয়াছে কোম্পানির মূলধনের তত অংশ লইতে চাহি।

স্বাক্ষরকারিগণের নাম ও নিবাস ও বর্ণনা।	প্রত্যেক স্বাক্ষরকারি যত অংশ লইবেন।
১ ক খ অমুক স্থানবাসি	
২ গ ঘ	
৩ চ ছ	
৪ জ ঝ	
৫ ট ঠ	
৬ ড ঢ	
৭ ত থ	
মোটে যত অংশ লওয়া গেল	

সাল তাং

উক্ত স্বাক্ষরের স্বাক্ষী

শ্রী অমুক
সাকিম্

B চিহ্নিত পাঠ।

যে কোম্পানির দায় প্রাতিভাব্যক্রমে সীমাবদ্ধ ও যাহার মূলধন অংশাংশে বিভক্ত নয় তাহার সংসৃষ্টিপত্র ও সংসৃষ্টির নিয়ম।

সংসৃষ্টিপত্র।

১। কোম্পানির নাম এই, মুচুয়াল কলিকাতা মারিন আসোসিয়েশন লিমিটেড।

২। কোম্পানির রেজিস্টরী কার্য্যালয় কলিকাতায় হইবে।

৩। কোম্পানি সংস্থাপনের অভিপ্রায় এই২। কোম্পানির সংভূয়কারিদের জাহাজের পরস্পর সংশ্রয় করণ এবং সেই অভিপ্রায় সিদ্ধ করণ সম্পর্কে কি সিদ্ধ করণার্থে অন্য যে সকল ক্রিয়া কর্ত্তব্য তাহা করণ।

৪। প্রত্যেক সংভূয়কারী এই প্রতিজ্ঞা করিতেছেন যে আমি যত কাল সংভূয়কারি পদে থাকি তত কালের কিম্বা তৎপরে এক বৎসরের মধ্যে যদি কোম্পানির কর্ম্ম বন্দ করিতে হয়, তবে আমার সংভূয়কারিত্ব পদ বিরহিত হওনের পূর্বে কোম্পানি যে সকল ঋণ ও দায়গ্রস্ত ছিল তাহার পরিশোধার্থে ও তাহা বন্দ করিবার খরচ ও পারিশ্রমিক ও ব্যয় পরিশোধ এবং ঋণদাতারদের পরস্পর স্বত্বের সামঞ্জস্য করিবার নিমিত্তে এক শত টাকার অনধিক যত টাকা আমাকে দিবার আদেশ হয় আমি কোম্পানির স্থিত বর্দ্ধনার্থে তত টাকা দিব।

We, the several persons whose names and addresses are subscribed, are desirous of being formed into a Company in pursuance of this Memorandum of Association.

Names, addresses, and descriptions of Subscribers.

1. A. B. of
2. C. D. „
3. E. F. „
4. G. H. „
5. I. J. „
6. K. L. „
7. M. N. „

Dated the day of

Witness to the above signatures,
O. P. of

Articles of Association to accompany preceding Memorandum of Association.

(1.) The Company, for the purpose of registration, is declared to consist of five hundred members.

(2.) The Directors hereinafter mentioned may, whenever the business of the Association requires it, register an increase of members.

Definition of Members.

(3.) Every person shall be deemed to have agreed to become a member of the Company who insures any ship or share in a ship in pursuance of the regulations hereinafter contained.

General Meetings.

(4.) The first general meeting shall be held at such time, not being more than three months after the incorporation of the Company, and at, such place as the Directors may determine.

(5.) Subsequent General Meetings shall be held at such time and place as may be prescribed by the Company in General Meeting; and if no other time or place is prescribed, a General Meeting shall be held on the first Monday in February every year at such place as may be determined by the Directors.

(6.) The above-mentioned General Meetings shall be called Ordinary Meetings; all other General Meetings shall be called Extraordinary.

(7.) The Directors may, whenever they think fit, and they shall upon a requisition made in writing by any five or more members, convene an Extraordinary General Meeting.

(8.) Any requisition made by the members shall express the object of the meeting proposed to be called, and shall be left at the registered Office of the Company.

(9.) Upon the receipt of such requisition, the Directors shall forthwith proceed to convene a General Meeting. If they do not proceed to

সংস্থষ্টিপত্রের উক্ত নিয়মানুসারে আমরা কোম্পানি স্বরূপ সম্বদ্ধ হইতে বাঞ্ছা করি। আমাদের নাম ও নিবাসাদি নিম্ন ভাগে লেখা যাইতেছে।

স্বাক্ষরকারিদের নাম ও নিবাস ও ব্যবসায়াদি।

১। শ্রী ক খ সাং
২। শ্রী গ ঘ সাং
৩। শ্রী চ ছ সাং
৪। শ্রী জ ঝ সাং
৫। শ্রী ট ঠ সাং
৬। শ্রী ড ঢ সাং
৭। শ্রী ত থ সাং

সাল তাং

উক্ত স্বাক্ষর করণের সাক্ষী
শ্রী দ ধ। সাং

পূর্ব্বোক্ত সংস্থষ্টিপত্র সহিত সংস্থষ্টির নিয়মপত্র এই।

১। রেজিষ্টরী হইবার জন্যে কোম্পানির পাঁচ শত সংভূয়কারী ব্যক্ত হইয়াছে।

(২) সংস্থষ্টির কর্ম্ম হেতুক প্রয়োজন হইলে, নিম্ন লিখিত কার্য্যাধ্যক্ষেরা সংভূয়কারিদের সংখ্যাবৃদ্ধির রেজিষ্টর করিবেন।

সংভূয়কারি শব্দের অর্থ।

(৩) যে কোন ব্যক্তি নিম্ন লিখিত বিধিমতে কোন জাহাজ কি জাহাজের কোন অংশের প্রতিবিধান করেন তিনি কোম্পানির সংভূয়কারী হইতে সম্মত হইয়াছেন জ্ঞান হইবে।

সাধারণ সভার কথা।

(৪) কোম্পানি সমবায়িত হইয়া তিন মাসের অনধিক কাল গতে কার্য্যাধ্যক্ষেরা যে স্থান নিরূপণ করেন সেই স্থানে প্রথম সাধারণ সভা হইবে।

(৫) কোম্পানি সাধারণ সভা করিয়া যে স্থান ও সময় নির্দ্ধার্য্য করেন তৎ পশ্চাৎ সেই সময়ে ও স্থানে অন্য সাধারণ সভা হইবে। যদি অন্য সময় কি স্থান অবধারিত না হয়, তবে কার্য্যাধ্যক্ষেরা যে স্থান নিরূপণ করেন সেই স্থানে প্রতি বৎসর ফেব্রুআরি মাসের প্রথম সোমবারে সাধারণ সভা হইবে।

(৬) পূর্ব্বোক্ত সাধারণ সভা নিয়মিত সভা নামে খ্যাত হইবে। অন্য যে সাধারণ সভা হয় তাহা অতিরিক্ত সভা নামে খ্যাত হইবে।

(৭) কার্য্যাধ্যক্ষেরা যে সময়ে উচিত বোধ করেন সেই সময়ে এবং পাঁচ কি অধিক জন সংভূয়কারী লিখনক্রমে আদেশ করিলে, কার্য্যাধ্যক্ষেরা অতিরিক্ত সাধারণ সভা করিবেন।

(৮) যদি সংভূয়কারিরা আদেশ করেন, তবে যে অভিপ্রায়ে সভা করিবার প্রস্তাব করেন সেই অভিপ্রায় ব্যক্ত করিয়া তাঁহারা সেই আদেশপত্র কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয়ে রাখিবেন।

(৯) কার্য্যাধ্যক্ষেরা সেই আদেশ পত্র পাইলে পর অগৌণে সাধারণ সভা করিবার উদ্যোগ করিবেন। যদি আদেশপত্রের তারিখ অবধি এক বিংশ দিনের

convene the same within twenty-one days from the date of the requisition, the requisitionists or any other five members may themselves convene a meeting.

Proceedings at General Meetings.

(10.) Seven days' notice at the least, specifying the place, the day and the hour of meeting, and in case of special business, the general nature of such business, shall be given to the members in manner hereinafter mentioned, or in such other manner, if any, as may be prescribed by the Company in General Meeting; but the non-receipt of such notice by any member shall not invalidate the proceedings at any General Meeting.

(11.) All business shall be deemed special that is transacted at an Extraordinary Meeting, and all that is transacted at an Ordinary Meeting, with the exception of the consideration of the accounts, balance-sheets and the ordinary report of the Directors.

(12.) No business shall be transacted at any meeting except the declaration of a dividend, unless a quorum of members is present at the commencement of such business. Such quorum shall be ascertained as follows: that is to say, if the members of the Company at the time of the meeting do not exceed ten in number, the quorum shall be five; if they exceed ten, there shall be added to the above quorum one for every five additional members up to fifty, and one for every ten additional members after fifty, with this limitation, that no quorum shall in any case exceed thirty.

(13.) If within one hour from the time appointed for the meeting, a quorum of members is not present, the meeting if convened upon the requisition of the members, shall be dissolved. In any other case it shall stand adjourned to the same day in the following week, at the same time and place; and if at such adjourned meeting a quorum of members is not present, it shall be adjourned *sine die.*

(14.) The Chairman (if any) of the Directors shall preside as Chairman at every General Meeting of the Company.

(15.) If there is no such Chairman, or if at any meeting he is not present at the time of holding the same, the members present shall choose some one of their number to be Chairman of such meeting.

(16.) **The Chairman may, with the consent of the meeting, adjourned any meeting from time to time and from place to place; but no business shall be transacted at any adjourned meeting other than the business left unfinished at the meeting from which the adjournment took place.**

226. Punishment of offences under this Act, committed within local limits of High Court.	২২৬। হাই কোর্টের বিচারাধিপত্যের সীমান্তর্গত স্থানে অপরাধ হইলে এই আইনক্রমে দণ্ডের কথা।
227. Levy of fines by distress.	২২৭। দ্রব্য ধৃতিদ্বারা অর্থদণ্ড আদায় করিবার কথা।
228. Procedure until return is made to distress warrant.	২২৮। ধৃত করিবার আজ্ঞাপত্রের প্রত্যানয়ন না হওয়া পর্য্যন্ত ইতিকর্ত্তব্যতার কথা।
229. Imprisonment if no sufficient distress.	২২৯। ধৃত করিবার উপযুক্ত দ্রব্য না থাকিলে কারাদণ্ডের কথা।
230. Construction of "Registrar of Joint Stock Companies" in Act XXI of 1860.	২৩০। ১৮৬০ সালের ২১ আইনে "আইন্ট ষ্টাক কোম্পানির রেজিষ্ট্রার" এই কথার অর্থ।
231. Act not to apply to Banks of Bengal, Madras or Bombay.	২৩১। বাঙ্গাল কি মান্দ্রাজ কি বোম্বাই ব্যাঙ্কের প্রতি এই আইন না বর্ত্তিবার কথা।
WHITLEY STOKES, *Asst. Secy. to the Govt. of India, Home Dept. (Legislative.)*	উইটলী ষ্টোকস্, এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে, ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
	JOHN ROBINSON, *Bengalee Translator.*

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 26, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২৬ জুন।

HOME DEPARTMENT.

Simla the 4th June 1866.

The following Bill and Statement of Objects and Reasons accompanying it, are published for general information, by order of His Excellency the Governor General, under the 19th of the Rules for the conduct of Business at Meetings of the Council of the Governor General of India for the purposes of making Laws and Regulations :—

A Bill to legalize Horse-racing in India.

[Preamble.]

Whereas it is expedient to exempt certain transactions connected with horse-racing from the operation of Act No. XXI of 1848 *(for avoiding wagers)* ; it is hereby enacted as follows :—

[Subscriptions or agreements to subscribe to plates, &c., may be lawful notwithstanding Act No. XXI of 1848.]

1. No subscription or contribution, or agreement to subscribe or contribute, made or entered into after the passing of this Act, for or toward any plate, prize, or sum of money, of the value or amount of five hundred Rupees or upwards, to be awarded to the winner or winners of any horse-race, shall be deemed unlawful by reason of anything contained in the said Act No. XXI of 1848.

হোম ডিপার্টমেণ্ট।

সিমলা ১৮৬৬ সাল ৪ জুন।

আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অধিবেশনকালীন কর্ম্মসম্পাদনের যে বিধি আছে তাহার ১৯ ধারামতে নিম্ন লিখিত পাণ্ডুলিপি ও তৎসহিত অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

ভারতবর্ষের মধ্যে ঘোড়দৌড় আইনসিদ্ধ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বাজি রাখা ব্যর্থ করণের আইন নামে ১৮৪৮ সালের যে ২১ আইন প্রচলিত আছে ঘোড়দৌড় সম্পর্কীয় কোন২ ব্যাপার তাহার বিধান হইতেমুক্ত করা বিহিত। এহেতুক নিম্ন লিখিত বিধি করা যাইতেছে।

[১৮৪৮ সালের ২১ আইন প্রবল হইলেও টাকার কিম্বা রৌপ্য পাত্রাদি ক্রয় করণার্থ চাঁদা করিবার সম্মতির কথা।]

১ ধারা। কোন ঘোড়দৌড়েতে যে ব্যক্তি কি ব্যক্তিরা জয়ী হন তাঁহাকে কি তাঁহাদিগকে এই আইন প্রচলিত হইবার পর পুরস্কারস্বরূপে পাঁচ শত কি অধিক টাকা কিম্বা তত টাকা মূল্যের রৌপ্যাদিরপাত্র কি পুরস্কার দিবার জন্যে যে টাকার চাঁদা কি দান হয়, কিম্বা চাঁদা কি দান করিবার যে নিয়ম হয় তাহা ১৮৪৮ সালের উক্ত ২১ আইনের কোন কথা হেতুক আইনবিরুদ্ধ জ্ঞান হইবে না ইতি।

[Nothing in this Act to legalize lotteries.]

2. Nothing in this Act shall be deemed to legalize any transaction connected with horse-racing to which the provisions of Act No. V of 1844 *(for the suppression of all lotteries not authorised by Government)*, apply.

STATEMENT OF OBJECTS AND REASONS.

The object of this Bill is to assimilate the law of India on the subject of horse-racing to the law of England.

Statute 8 & 9 Vic., cap. 109, Section 18, provides that all contracts and agreements by way of gaming or wagering shall be null and void, and that no money deposited in the hands of any person to abide the event upon which any wager shall have been made, shall be recoverable. The section, however, contains a proviso that this enactment shall not apply to any subscription or agreement to subscribe for any plate, &c., to be awarded to the winner of any lawful game. There is no doubt that, under Statute 18 Geo. 2, cap. 34, Section 11, horse-racing for a prize worth £50 or upwards, is a lawful game within the meaning of the former Statute.

The first section of the Indian Act No. XXI of 1848, is copied from the section above recited; but it omits the proviso. Hence the Calcutta Turf Club has urgently represented to the Government that in India dishonourable persons evade with impunity promises to subscribe to prizes and stakes. The present Bill, which is modelled on the proviso above referred to, accordingly enacts that no subscription or contribution, or agreement to subscribe or contribute, for or toward any plate, prize or sum of money of the value or amount of Rupees 500 or upwards, to be awarded to the winners or winner of any horse-race, shall be deemed unlawful by reason of anything contained in Act No. XXI of 1848. There is also a section suggested by the case of *Gatty* v. *Field*, 9 Q. B. 481, declaring that nothing contained in the Bill shall be deemed to legalize transactions connected

[এই আইনের কোন কথাদ্বারা শর্ত্তি খেলা আইনসিদ্ধ কার্য্য জ্ঞান না হইবার কথা ।]

২ ধারা । গবর্ণমেণ্টের বিনানুমতির সকল শর্ত্তি নিবারণার্থ আইন নামে ১৮৪৪ সালের যে ৫ আইন প্রচলিত আছে, তাহার বিধান ঘোড়দৌড় সম্পর্কীয় যে কোন ব্যাপারের প্রতি বর্ত্তে, সেই ব্যাপার এই আইনের কোন কথাতে আইনসিদ্ধ জ্ঞান হইবে না ইতি ।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা ।

ইংলণ্ডে ঘোড়দৌড়ের যে আইন আছে ভারতবর্ষের ঐ বিষয়ের আইন তৎসমান করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য ।

মহারাণী বিক্টরিয়ার ৮ ও ৯ বৎসরের ১০৯ অধ্যায়ের আইনের ১৮ ধারার এই বিধান, দ্যূত ক্রীড়ার কি বাজী রাখিবার যে সকল চুক্তি ও নিয়ম হয়, তাহা ব্যর্থ ও অসিদ্ধ হইবে । কোন ব্যাপারের যে ফল সম্ভাবনা তৎসম্পর্কে যদি কোন ব্যক্তির হাতে পণের টাকা রাখা যায়, তবে সেই টাকা আদালতদ্বারা পুনরাদায় হইতে পারিবে না। কিন্তু সেই ধারার মধ্যে এই উপবিধি । যে ব্যক্তি আইনসিদ্ধ কোন ক্রীড়াতে জয়ী হন তাঁহাকে রৌপ্যাদির পাত্রপ্রভৃতি পুরস্কার দিবার জন্যে যে কোন চাঁদা কি নিয়ম করা যায় তাহার প্রতি ঐ বিধান বর্ত্তে না । মৃত দ্বিতীয় জর্জ্জ রাজার ১৮ বৎসরের আইনের ৩৪ অধ্যায়ের ১১ ধারামতে ৫০ পৌণ্ডের কি তদধিক মূল্যের পুরস্কারের জন্যে যে ঘোড়দৌড় হয়, তাহা প্রথমোক্ত আইনঅনুসারে আইনসিদ্ধ ক্রীড়া, ইহার সন্দেহ নাই ।

১৮৪৮ সালের ভারতবর্ষীয় ২১ আইনের প্রথম ধারা উপরোক্ত ধারাহইতে গৃহীত হইয়াছিল, কিন্তু উপবিধি ত্যাগ হইয়াছে । এহেতুক কলিকাতার টর্ফ ক্লবে ভুক্ত মহাশয়েরা গবর্ণমেণ্টকে অত্যন্ত আগ্রহপূর্ব্বক জ্ঞাত করিয়াছেন যে প্রতিজ্ঞাভঙ্গকারি লোকেরা পুরস্কার দিবার ও পণ রাখিবার জন্যে টাকা দিতে প্রতিজ্ঞা করিলেও, না দিয়া দণ্ডহীন হন । এই হেতুক পূর্ব্বোক্ত উপবিধির নিয়মানুসারে এই পাণ্ডুলিপির এই বিধান হইল যথা, কোন ঘোড়দৌড়েতে যে ব্যক্তি কি ব্যক্তিরা জয়ী হন তাঁহাকে কি তাঁহাদিগকে এই আইন প্রচলিত হইবার পর পুরস্কারস্বরূপে পাঁচ শত কি অধিক টাকা, কিম্বা তত টাকা মূল্যের রৌপ্যাদির পাত্র কি পুরস্কার দিবার জন্যে যে টাকার চাঁদা কি দান হয় কিম্বা চাঁদা কি দান করিবার যে নিয়ম হয় তাহা ১৮৪৮ সালের ২১ আইনের কোন কথা হেতুক আইনবিরুদ্ধ জ্ঞান হইবে না। আরো গাটি ও ফীলড সাহেবের যে মোকদ্দমা কুইনস বেঞ্চের রিপোর্টের ৯ খণ্ডের ৪৩১ পৃষ্ঠায় প্রকাশ হয়, তদুপলক্ষে এই

with horse-racing which are obnoxious to the provisions of the Lottery Act (No. V of 1844).

H. S Maine.

Simla,
The 29th May 1866.

Withley Stokes,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (*Legislative*).

পাণ্ডুলিপিতে অন্য এক ধারা দেওয়া গিয়াছে বিশেষতঃ ঘোড়দৌড়সম্পর্কীয় যে কোন ব্যাপার শর্ত্তি বিষয়ক ১৮৪৪ সালের ৫ আইনের বিধানের মধ্যে আইসে এই পাণ্ডুলিপির কোন কথাক্রমে তাহা আইনসিদ্ধ জ্ঞান হইবে না।

এচ এস মেন।

সিমলা। ১৮৬৬ সাল ২৯ মে।

উইক্‌লী ষ্টোক্‌স।
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
ভারতবর্ষের গবর্ণমেন্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
John Robinson, *Bengalee Translator.*

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

The following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 30th April 1866, and having been assented to by His Excellency the Governor General on the 31st May 1866, is hereby promulgated for general information :—

Act No. IX of 1866.

An Act for the more effectual punishment of persons resisting lawful apprehension or escaping from legal custody, after having been charged with or convicted of offences punishable only under some special or local law.

[Preamble.]

Whereas it is expedient to make provision for the more effectual punishment of persons resisting lawful apprehension or escaping from legal custody, where such persons have been charged with or convicted of offences punishable only under some special or local law: It is enacted as follows:—

[Person resisting apprehension or escaping from lawful custody under charge or conviction of offence under local law, to be punished.]

I. If any person being charged with, or having been convicted of, an offence punishable under any special or local law, and which is not an offence punishable under the Indian Penal Code, shall intentionally offer any resistance or illegal obstruction to the lawful apprehension of himself for the offence with which he is so charged or of which he has been convicted, or shall escape or attempt to escape from any custody in which he

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের এই আইনেতে উক্ত মান্যবর সাহেব ১৮৬৬ সালের ৩০ আপ্রিল তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন, এবং মহামহিম শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ৩১ মে তারিখে তাহার অনুমোদন করেন। এইক্ষণে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৬ সাল ৯ আইন।

যে অপরাধ কেবল বিশেষ কি স্থানীয় আইনমতে দণ্ডনীয় হয়, কোন ব্যক্তির নামে তদ্রূপ অপরাধের অভিযোগ কি অপরাধ নির্ণয় হইয়া সেই ব্যক্তিকে আইনমতে ধরিবার উপক্রম হইলে যদি সে বলপূর্ব্বক বাধা দেয়, কিম্বা আইনমতে আসিদ্ধ হইলে যদি পলায়ন করে তবে তাহার অপেক্ষাকৃত ফলজনকরূপে দণ্ড করিবার এই আইন।

[হেতুবাদ।]

যে অপরাধ কেবল বিশেষ কি স্থানীয় আইনক্রমে দণ্ডনীয় হয়, কোন ব্যক্তির নামে তদ্রূপ অপরাধের অভিযোগ কি অপরাধ নির্ণয় হইয়া সেই ব্যক্তিকে আইনমতে ধরিবার উপক্রম হইলে যদি সে বলপূর্ব্বক বাধা দেয়, কিম্বা আইনমতে আসেধ করা গেলে যদি পলায়ন করে, তবে তাহার অপেক্ষাকৃত ফলজনকরূপে দণ্ড করিবার বিধান করা বিহিত, এই হেতুক নিম্ন লিখিত বিধি করা গেল।

[স্থানীয় আইন অনুসারে কোন ব্যক্তির অপরাধের অভিযোগ কি নির্ণয় হইয়া সে বলপূর্ব্বক ধৃত হইবার বাধা করিলে কি আসিদ্ধ হইয়া পলায়ন করিলে দণ্ডনীয় হইবার কথা।]

১ ধারা। যে অপরাধ ভারতবর্ষীয় দণ্ডবিধির আইন অনুসারে দণ্ডনীয় না হইয়া, বিশেষ কি স্থানীয় কোন আইনঅনুসারে দণ্ডনীয় হয়, কোন ব্যক্তির নামে সেই অপরাধের অভিযোগ হইলে কি তাহার সেই অপরাধ নির্ণয় হইলে, ও যে অপরাধহেতুক তাহার নামে অভিযোগ হয় কিম্বা তাহার যে অপরাধ নির্ণয় হয় তজ্জন্যে তাহাকে ধরিবার উপক্রম হইলে, যদি সেই ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক বলক্রমে বাধা করে কিম্বা আইন বিপরীতমতে বাধা দেয়, অথবা সেই অপরাধ-

lawfully detained for such offence, he shall be punished with simple imprisonment or imprisonment with hard labor for a term which may extend to two years, or with fine, or with both.

[The punishment is in addition to the punishment for the original offence.]

II. The punishment in the preceding Section is in addition to the punishment to which the person to be apprehended or detained in custody was liable for the offence under the special or local law with or of which he was charged or convicted.

[Punishment of person offering resistance to lawful apprehension of other person charged with offence under local law, or rescuing such person.]

III. Whoever intentionally offers any resistance to the lawful apprehension of any other person for an offence punishable under any special or local law and not punishable under the Indian Penal Code, or rescues or attempts to rescue any other person from any custody in which that person is lawfully detained for any such offence as aforesaid, shall be punished with simple imprisonment or imprisonment with hard labor for a term which may extend to two years, or with fine, or with both.

A. EDEN,
Secy. to Govt. of Bengal.

হেতুক আইনঅনুযায়ি কোন আটকে রাখা গেলে যদি পলায়ন করে কি পলাইতে উদ্যোগ করে, তবে দুইবৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত তাহার সামান্য কারাদণ্ড কিম্বা কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড কি অর্থদণ্ড কি ঐ উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

[আদ্য অপরাধের নিমিত্তে যে দণ্ড হয়, এই দণ্ড তদতিরিক্ত হইবার কথা।]

২ ধারা। যে ব্যক্তিকে ধৃত কি আসিদ্ধ করিতে হয় বিশেষ কি স্থানীয় আইনঅনুসারে সেই ব্যক্তির নামে যে অপরাধের অভিযোগ কি তাহার যে অপরাধ নির্ণয় হয় তদ্ধেতুক ঐ ব্যক্তি যে দণ্ডের যোগ্য, পূর্ব্ব ধারার লিখিত দণ্ড তদতিরিক্ত হইবে ইতি।

[স্থানীয আইনক্রমে কোন ব্যক্তির নামে অপরাধের অভিযোগ হইয়া তাহাকে আইনমতে ধরিবার উপক্রম হইলে যদি অন্য ব্যক্তি বলপূর্ব্বক তাহার ধৃত হইবার বাধা করে কি তাহাকে ছাড়াইয়া দেয়, তবে তাহার দণ্ডের কথা।]

৩ ধারা। যে অপরাধ ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনঅনুসারে দণ্ডনীয় না হইয়া বিশেষ কি স্থানীয় কোন আইনমতে দণ্ডনীয় হয়, এমত অপরাধহেতুক কোন ব্যক্তিকে আইনমতে ধরিবার উপক্রম হইলে যদি অন্য ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক বলক্রমে তাহার ধৃত হওয়ার বাধা করে, কিম্বা পূর্ব্বোক্ত কোন অপরাধহেতুক আইনমতে আসিদ্ধ হইলে যদি অন্য ব্যক্তি তাহাকে ছাড়াইয়া দেয় কি ছাড়াইয়া দিবার উদ্যোগ করে, তবে সেই ব্যক্তির দুই বৎসরের অনধিক কোন কাল পর্য্যন্ত সামান্য কারাদণ্ড কি কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা ঐ উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalle Translater.*

Rules drawn up in accordance with Section 4, Act XX of 1865, for the qualification, admission, and enrolment of Pleaders and Mookhtars in Mofussil Courts.

1. PLEADERS in the Mofussil Courts of the Regulation Provinces, within the limits of the jurisdiction of the High Court, shall, as regards qualification, be of two grades.

2. Those of the higher grade shall be competent to appear, plead, and act in any Civil or Criminal Court subordinate to and within the limits of the general jurisdiction of the High Court, and also before the Board of Revenue or in any Revenue Court or Office within the said limits: Provided that they shall not appear, plead, or act in the High Court.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৬ জুন।]

মফঃসল আদালতে উকীল ও মোখ্তারদিগের যোগ্য ও গ্রাহ্য হওনের ও ফর্দ্দে নাম লেখাইবার জন্যে ১৮৬৫ সালের ২০ আইনের ৪ ধারামত এই এই বিধি।

১। আইনের অধীন প্রদেশের যে২ মফঃসল আদালত হাই কোর্টের বিচারাধীন স্থানের সীমার অন্তর্গত আছে, সেই২ আদালতের উকীলেরা কার্য্যক্ষমতা সম্পর্কে দুই শ্রেণীবদ্ধ হইবেন।

২। উচ্চ শ্রেণীর উকীলেরা হাই কোর্টের সাধারণ বিচারাধিপত্যের অধীন ও তৎসীমার অন্তর্গত দেওয়ানী কি ফৌজদারী কোন আদালতে এবং রেবিনিউ বোর্ডের সম্মুখে কিম্বা উক্ত সীমার অন্তর্গত রাজস্ব সম্পর্কীয় কোন আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে ও ওকালতী করিতে পারিবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইতে কি উত্তরপ্রত্যুত্তর করিতে কি ওকালতী করিতে পারিবেন না।

3. Those of the lower grade shall be competent to appear, plead, and act in the Courts of the Sudder Ameens and Moonsiffs, and in the Courts of Assistant Commissioners, Extra Assistant Commissioners, and Registrars of Small Cause Courts, and also in any Criminal Court, or before the Board of Revenue or other Revenue Court or Office, within the limits of the general jurisdiction of the High Court: Provided that they shall not appear, plead, or act in the High Court.

4. Mookhtars, duly admitted and enrolled, may, subject to the conditions of their certificates, as to the class of Courts in which they are authorized to practise, appear and act in any Civil Court, and may appear, plead, and act in any Criminal Court within the same limits: Provided that they shall not appear, plead, or act in the High Court.

5. All persons, who, on the 1st January 1866, were Pleaders or were lawfully qualified to act as Pleaders in any local Civil Court subordinate to the High Court, are qualified to be admitted and enrolled as Pleaders, subject to the provisions of Act XX of 1865. Such persons must make their applications for enrolment in the manner prescribed in Section 43 of the said Act.

QUALIFICATIONS FOR PLEADERS OF THE HIGHER GRADE.

6. Every person may be admitted as a Pleader of the higher grade who shall be qualified as hereinafter prescribed, that is to say,—

1st.—If he shall have obtained the Degree of Bachelor in Law of one of the Universities of Calcutta, Madras, or Bombay, or shall be a Licentiate in Law of one of the said Universities: Provided that his application for admission as a Pleader be made within three years from the time of his obtaining such Degree or License, or within such further time as the High Court shall for any special reason allow; or

2nd.—If he shall satisfy the Court that he possesses a competent knowledge of the subjects mentioned in this clause by producing a certificate from the Examiners hereinafter mentioned that he has passed an examination in the Regulations, Enactments, and Text Books set opposite to the respective subjects. Where two or more books are mentioned in the alternative, it shall be sufficient if the applicant pass in one of such works to be selected by himself.

৩। দ্বিতীয় শ্রেণীর উকীলেরা সদর আমীন ও মুন্সেফদিগের আদালতে এবং আসিষ্টান্ট কমিস্যনর ও অতিরিক্ত আসিষ্টান্ট কমিস্যনরদিগের ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতের রেজিষ্ট্রারদিগের কাছারীতে এবং হাই কোর্টের সাধারণ বিচারাধিপত্যের সীমার অন্তর্গত কোন ফৌজদারী আদালতে কিম্বা রেবিনিউ বোর্ডের সম্মুখে কিম্বা রাজস্বসম্পর্কীয় অন্য আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে ও ওকালতী করিতে সক্ষম হইবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইতে কি উত্তরপ্রত্যুত্তর করিতে কি ওকালতী করিতে পারিবেন না।

৪। মোক্তারেরাও যখন নিয়মিতরূপে গ্রাহ্য হন ও তাঁহাদের নাম ফর্দ্দে লেখা যায, তখন তাঁহাদিগকে দত্ত সংশিতপত্রক্রমে তাঁহাদের প্রতি যে শ্রেণীর আদালতে ব্যবহার করিবার অনুমতি হইয়াছে, তদনুসারে তাঁহারা উক্ত সীমার অন্তর্গত কোন দেওয়ানী আদালতে উপস্থিত হইয়া কার্য্য করিতে পারিবেন এবং কোন ফৌজদারী আদালতেও উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে কি কার্য্য করিতে পরিবেন না।

৫। যে সকল ব্যক্তি ১৮৬৬ সালের জানুআরি মাসের প্রথম দিবসে হাই কোর্টের অধীন কোন দেওয়ানী আদালতে উকীল ছিলেন কি আইনমতে ওকালতী করিতে সক্ষম ছিলেন, তাঁহারা ১৮৬৫ সালের ২০ আইনের বিধানমতে উকীলস্বরূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার যোগ্য হন। সেই ব্যক্তিদের আবশ্যক যে উক্ত আইনের ৪৩ ধারার নির্দ্দিষ্টমতে নাম লেখাইবার প্রার্থনা করেন।

উচ্চ শ্রেণীর উকীলদিগের কর্ম্মক্ষমতঃ বিধি।

৬। পশ্চাৎ লিখিত প্রকারে যাঁহারা সক্ষম হন, তাঁহারা উচ্চ শ্রেণীর উকীলস্বরূপ গ্রাহ্য। অর্থাৎ

প্রথম। তাঁহারা কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের একতর বিশ্ববিদ্যালয়ে Bachelor in Law এই উপাধি প্রাপ্ত হইলে, কিম্বা উক্ত একতর বিশ্ববিদ্যালয়ের Licentiate in Law হইলে গ্রাহ্য হইবেন। কিন্তু সেই উপাধি কি অনুমতিপত্র প্রাপণের সময়াবধি তিন বৎসরের মধ্যে কিম্বা হাই কোর্ট বিশেষ কোন কারণে অধিক যে সময় দেন সেই সময়ের মধ্যে তাঁহাদের উকীলস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করিতে হইবে।

অথবা দ্বিতীয়।—তিনি নিম্নলিখিত বিষয়ের পার্শ্বলিখিত আইন ও বিধান ও পুস্তকে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন, পশ্চাৎ লিখিত পরীক্ষকদের স্থানে এই মর্ম্মের সংশিতপত্র দর্শাইয়া এই প্রকরণের লিখিত বিষয়ের উপযুক্ত জ্ঞান প্রাপ্ত হইয়াছেন এই বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মাইলে গ্রাহ্য হইবেন। যে স্থলে দুই কি অধিক পুস্তক লিখিত হইয়া একতর পুস্তক নির্দ্ধারিত হইয়াছে, সেই স্থলে প্রার্থক স্বমনোনীত উক্ত কোন এক পুস্তকে উত্তীর্ণ হইলে প্রচুর।

Subjects.	Regulations, Enactments, and Text Books.	বিষয়।	আইন, বিধি ও পুস্তক।
1st.—The law of property current in Bengal.		বঙ্গদেশের প্রচলিত সম্পত্তির ব্যবস্থা।	
A. With reference to the Permanent Settlement;—to the Government lien on land,—to claims to hold land exempt from the payment of Revenue;—and to the mode in which Estates can be brought to sale for arrears of Revenue.	Regulations (Bengal) I, VIII, X, XIV, XIX, and XLIV of 1793, and the Regulations and Acts by which the same have been altered: Act XI of 1859: and the preamble to Regulation (Bengal) II of 1793.	A. চিরকালীন বন্দোবস্তের উপলক্ষে ও ভূমির উপর গবর্ণমেণ্টের দাওয়ার ও রাজস্ব না দিয়া ভূমি ভোগ করিবার দাওয়ার—ও বাকী রাজস্বের জন্যে সম্পত্তির নীলাম যে নিয়মে হইতে পারে তদুপলক্ষে	বঙ্গদেশীয ১৭৯৩ সা. ১, ৮, ১০, ১৪, ১৯, ৪৪ আইন ও তাহা যেহ আইনদ্বারা পরিবর্ত্তিত হইয়াছে। ১৮৫৯ . সা. ১১ আ. ও ১৭৯৩ সালের বঙ্গদেশীয় ২ আইনের হেতুবাদ।
B. The law of under-tenures and the mode in which the same can be brought to sale for arrears of rent.	Regulation (Bengal) VIII of 1819. Act X of 1859: Act VIII of 1865 (Bengal Council).	B. পত্তনীতালুকের আইন ও তাহা বাকী করের নিমিত্তে যে নিয়মে নীলাম হইতে পারে। ...	১৮১৯ সালের বঙ্গদেশীয় ৮ আইন। ১৮৫৯ সালের ১০ আইন। ১৮৬৫ সালের বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৮ আইন।
C. The relation of Landlord and Tenant.	Act X of 1859: Act VI of 1862 (Bengal Council).	C. ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সমন্ধ ব্যবস্থা	১৮৫৯ সা. ১০ আ. ও ১৮৬২ সা. বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৬ আ.।
D. Mortgages: Registration of Assurances.	Macpherson on Mortgages: Act XX of 1866.	D. বন্ধক ও নিদর্শনপত্রের রেজিষ্টরী করণ।	বন্ধক বিষয়ে মাকফরসন সাহেবের পুস্তক। ১৮৬৬ সা. ২০ আ.
E. The Hindoo Law of inheritance, succession, and adoption.	Dayabhaga and Mitakshara; Duttaka Chandrika, or Macnaghten's Principles of Hindoo Law, first seven chapters.	E. দায়ভাগ ও উত্তরাধিকারিত্ব ও দত্তকগ্রহণ বিষয়ে হিন্দু ব্যবস্থা ...	দায়ভাগ ও মিতাক্ষরা ও দত্তকচন্দ্রিকা কি হিন্দু ব্যবস্থার মূলনিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ১—৭ অধ্যায়।
F. Mahomedan Law...	Macnaghten's Principles of Mahomedan Law, except chapter 9.	F. মহম্মদীয় শরা ...	মহম্মদীয় শরার মূল নিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ৯ ভিন্ন সমস্ত অধ্যায়।
G. The Indian Succession Act.	Act X of 1865.	G. ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন	১৮৬৫ সা. ১০ আ.
2nd.—Obligations arising from Contracts.	Macpherson on Contracts.	(২) চুক্তিক্রমে উদিত বাধ্যতা ...	চুক্তি বিষয়ে মাকফরসন সাহেবের পুস্তক।
3rd.—Civil Procedure...	Act VIII of 1859: Act XXIII of 1861: Act XI of 1865.	(৩) দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধান ...	১৮৫৯ সা. ৮ আ। ১৮৬১ সা. ২৩ আ। ১৮৬৫ সা. ১১ আ।
4th.—The Law of Evidence.	Act II of 1855, and Best or Goodeve or Norton on Evidence.	(৪) প্রমাণ বিষয়ক ব্যবস্থা	১৮৫৫ সা. ২ আ। এবং প্রমাণ বিষয়ে বেষ্ট কি গুডীব কি নর্টন সাহেবের পুস্তক।
5th.—The Law relating to Stamps.	Act X of 1862: Act XVIII of 1865.	(৫) ইষ্টাম্প বিষয়ক আইন	১৮৬২ সা. ১০ আ। ১৮৬৫ সা. ১৮ আ.।

[illegible]

6th.—The Law of Limitation.	Act XIV of 1859.
7th.—Criminal Law and Procedure.	The Indian Penal Code (Act XLV of 1860) and the Code of Criminal Procedure (Act XXV of 1861).

7. The examinations will be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners in pursuance of Section 6 Act XX of 1865, according to such Regulation as shall be made by the said Government for conducting such examinations.

8. The application to the High Court for admission shall be made within three years from the time of the applicant's passing the examination, or within such further time as the Court shall for any special reason allow.

9. In order to qualify a person to present himself for the examination required by these Rules for the higher grade—

1st.—He must hold a certificate of having passed the Entrance Examination of the University of Calcutta, Madras, or Bombay, or shall satisfy the High Court that he has received a liberal education elsewhere than in India.

2nd.—He must hold a certificate of having regularly attended a full course of Lectures in Law at one of the Colleges affiliated to the Calcutta University, or such Law lectures elsewhere as shall be deemed by the High Court to be sufficient.

3rd.—He must hold a satisfactory certificate of good moral character.

4th.—He must be between the ages of 20 and 40 years, unless he shall have been admitted and shall have practised as a Pleader of the lower grade previously to his application to be admitted to the examination for the higher grade, in which case he may be admitted to that examination if he shall satisfy the Judge of the District in which he resides that up to the time of the application he has been acting as a Pleader of the lower grade, and shall produce a certificate from the Judge or Judges in whose Court he has been so practising, that in his or their judgment he is a proper person to be admitted to examination for the higher grade.

10. Any person, who, on the 1st January 1866, was practising as a Pleader of the lower grade, may present himself at the first examination for a pleadership of the higher grade, which may take place after the expiration of six months from the publication of these Rules in the *Calcutta Gazette*, without having the qualifications required by Clauses 1 and 2 of Rule 9.

(৬) মিয়াদী আইন ...	১৮৫৯ সা. ১৪ আ. ।
(৭) ফৌজদারী আইন ও মোকদ্দমার কার্য্যবিধান	ভারতবর্ষীয় দণ্ডবিধির (১৮৬০ সালের ৪৫) আইন, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫) আইন।

৭। বঙ্গদেশের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন, তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেণ্ট ঐ পরীক্ষা কার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে।

৮। প্রার্থকের পরীক্ষোত্তীর্ণ হইবার সময়াবধি তিন বৎসরের মধ্যে কিম্বা কোর্ট বিশেষ কোন কারণে অধিক যে সময়ের অনুমতি দেন সেই সময়ের মধ্যে হাই কোর্টে গ্রাহ্য হইবার প্রার্থনা করিতে হইবে।

৯। এই বিধিমতে উচ্চ শ্রেণীর পরীক্ষা দিবার জন্যে কোন ব্যক্তি উপস্থিত হইবার যোগ্য হন এই নিমিত্তে প্রয়োজন যে,

(১) তিনি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষোত্তীর্ণ হইবার সংশিতপত্র প্রাপ্ত হন, কিম্বা ভারতবর্ষের অন্য স্থানে বিশিষ্ট প্রকারে বিদ্যা প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মান।

(২) কলিকাতার বিশ্ববিদ্যালয়সংযুক্ত কোন কালেজে ব্যবস্থাবিষয়ক সম্পূর্ণ বক্তৃতাশ্রেণীতে নিয়ত উপস্থিত হইয়াছেন, কিম্বা ব্যবস্থাবিষয়ক অন্য যে বক্তৃতাশ্রেণী হাই কোর্টের বিবেচনায় প্রচুর, তদধ্যয়নে উপস্থিত হইয়াছেন এই মর্ম্মের সংশিতপত্র প্রাপ্ত হন।

(৩) হৃদ্বোধজনক সুনীতিরীতির সংশিতপত্র প্রাপ্ত হন।

(৪) বিংশ বৎসরের ন্যূন ও চত্বারিংশ বৎসরের অধিক বয়স্ক না হন। কিন্তু উচ্চ শ্রেণীর পরীক্ষা দানার্থে গ্রাহ্য হইবার প্রার্থনা করণের পূর্ব্বে যদি দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ ব্যবহার করিয়া থাকেন, তবে ঐ প্রার্থনা করিবার সময়পর্য্যন্ত দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ কর্ম্ম করিয়া আসিতেছেন, এই বিষয়ে স্বীয় নিবাস জিলার জজ সাহেবের হৃদ্বোধ জন্মাইলে, এবং যে বিচারকর্ত্তার কি বিচারকর্ত্তাদের আদালতে তদ্রূপে ব্যবহার করিয়াছেন তাঁহার কি তাঁহাদের বিবেচনায় তিনি উচ্চ শ্রেণীর পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইবার উপযুক্ত ব্যক্তি এই মর্ম্মের সংশিতপত্র দেখাইলে ঐ পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইতে পারিবেন।

১০। ১৮৬৬ সালের ১ জানুআরিতে যে কোন ব্যক্তি দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ ব্যবহার করিতেন, তিনি এই বিধির ৯ ধারার ১ ও ২ প্রকরণের নির্দ্দিষ্ট যোগ্যতা প্রাপ্ত না হইলেও কলিকাতা গেজেটে এই বিধি প্রকাশ হইবার তারিখঅবধি ছয় মাস অতীত হইলে পর যখন প্রথম পরীক্ষা হয় তখন উচ্চ শ্রেণীর ওকালতী কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দেওনার্থে উপস্থিত হইতে পারিবেন।

11. Every candidate for examination for the higher grade shall, six weeks at least before the day fixed for the examination, give notice to the Judge of the District in which he resides of his intention to present himself at the ensuing examination, and he shall establish to the satisfaction of the Judge that he possesses the qualifications declared by Rules 9 and 10 to be necessary for such candidates.

12. The Judge, if satisfied that the candidate possesses such qualifications, shall thereupon enter his name, the name of his father, his place of residence, and his age, in a register, with a certificate to the effect that the Judge has been satisfied that he possesses the necessary qualifications, and shall furnish the candidate with a copy of, or an extract from, the said register.

13. Before the date of examination every candidate for the higher grade shall pay a fee of Rupees 20 into the Government Treasury of the District. The candidate shall at the same time present to the Collector the copy of the register furnished to him under Rule 12, and the Collector's receipt for the fee shall be endorsed thereon. Every candidate for examination shall produce to the Examiners the copy of the register granted to him by the Judge, with the Collector's receipts endorsed thereon.

14. Candidates residing in Calcutta shall give the notice required by Rule 11 and make the payment required by Rule 13 to the Judge and Collector, respectively, of the 24-Pergunnahs.

15. Any person who shall pass the examination as a Pleader of the higher grade, and who shall desire to be admitted, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 20, and shall, on presentation of the certificate of the Examiners and the Collector's receipt for the said sum of Rupees 20, be entitled to apply to the High Court for admission and enrolment.

16. The application, together with the certificate and receipt required by Rule 15, shall be presented to the Judge of the District in which the applicant intends ordinarily to practise, and shall be forwarded by the Judge to the Registrar of the High Court with such remarks as he may think fit to make thereon.

17. Upon the applicant's being admitted and enrolled by the High Court a certificate to that effect shall be forwarded by the Registrar of the High Court to the Judge of the District, who, upon the applicant's delivering and leaving with him a declaration in writing signed by the said applicant in conformity with the recital in the

১১। উচ্চ শ্রেণীর নিমিত্তে পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার জজ সাহেবকে আগামি পরীক্ষা হইবার নিরূপিত দিনের পূর্ব্বে অতিন্যূন ছয় সপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন। এবং এই বিধির ৯ ও ১০ ধারাতে ঐ পদাকাঙ্ক্ষিদের যে২ কর্ম্মক্ষমতা প্রযোজন প্রকাশ হইয়াছে তাঁহার সেই ক্ষমতা আছে জজ সাহেবের হৃদ্বোধমতে ইহা প্রতিপন্ন করিবেন।

১২। জজ সাহেব ঐ পদাকাঙ্ক্ষির সেই যোগ্যতা-গুণবত্তার বিষয় হৃদ্বোধমতে জ্ঞাত হইলে, তিনি রেজিষ্টরে ঐ ব্যক্তির ও তদীয় পিতার নাম ও তাঁহার বাসস্থান ও বয়স লিখিবেন, ও তিনি প্রয়োজনানুসারে যোগ্যতাপ্রাপ্ত হইযাছেন এই বিষয়ে আপন হৃদ্বোধ হওনার সংশিতপত্রও ঐ রেজিষ্টরে লিখিবেন, এবং ঐ পদাকাঙ্ক্ষিকে ঐ রেজিষ্টরের প্রতিলিপি কি তাহাহইতে উদ্ধৃত কথা দিবেন।

১৩। পরীক্ষা দিবার তারিখের পূর্ব্বে উচ্চ শ্রেণীর পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার অন্তর্গত গবর্ণমেণ্টের অর্থাগারে ২০৲ টাকা শুল্ক দিবেন। এবং ১২ ধারামতে রেজিষ্টরের যে প্রতিলিপি পাইযাছেন তাহাও তৎকালে কালেক্টর সাহেবের গোচর করিবেন, ও প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেব ঐ শুল্কের রসীদ লিখিযা দিবেন। পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি জজ সাহেবের দত্ত রেজিষ্টরের প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেবের রসীদ সুদ্ধ ঐ প্রতিলিপি পরীক্ষকদিগকে দেখাইবেন

১৪। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ-পরগনার জজ ও কালেক্টর সাহেবের নিকটে ১১ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ১৩ ধারার নির্দ্দিষ্ট টাকা দিবেন।

১৫। কোন ব্যক্তি উচ্চ শ্রেণীর উকীলস্বরূপ পরীক্ষোত্তীর্ণ হইযা যদি গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ২০৲ টাকা দিবেন এবং পরীক্ষকেরদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ২০৲ টাকার রসীদ দেখাইলে তিনি হাই কোর্টে গ্রাহ্য হইযা ফর্দ্দে নাম লেখাইবার স্বত্ববান্ হইবেন।

১৬। প্রার্থক সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিতে মনস্থ করেন, সেই জিলার জজ সাহেবকে ঐ প্রার্থনা এবং এই বিধির ১৫ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ দেখাইবেন। এবং জজ সাহেব তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহার সহিত ঐ সংশিতপত্র প্রভৃতি হাই কোর্টের রেজিষ্ট্রারের নিকটে প্রেরণ করিবেন।

১৭। প্রার্থক হাই কোর্টে গ্রাহ্য হইলে ও তাঁহার নাম ফর্দ্দে লেখা গেলে হাই কোর্টের রেজিষ্ট্রার সেই মর্ম্মের সর্টিফিকট জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করিবেন। পরে ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলের সংশিতপত্রের পাঠে যে কথা ব্যক্ত হইয়াছে প্রার্থক সেই কথানুযায়ি প্রতিজ্ঞাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া জজ সাহেবকে দিয়া তাঁহার নিকটে রাখিবেন,

form of certificate given in the 2nd Schedule to Act XX of 1865, shall grant him a certificate as required by the said Act.

QUALIFICATIONS FOR PLEADERS OF THE LOWER GRADE.

18. Every person may be admitted as a Pleader of the lower grade who shall satisfy the Court that he possesses a competent knowledge of the subjects mentioned in this clause, by producing a certificate from the Examiners hereinafter mentioned that he has passed an examination in the Regulations, Enactments, and Text Books set opposite to the respective subjects:—

Subjects.	Regulations, Enactments, and Text Books.
1st.—Hindoo Law ..	Macnaghten's Principles of Hindoo Law, first seven chapters.
2nd.—Mahomedan Law	Macnaghten's Principles of Mahomedan Law, except chapter 9.
3rd.—Law of Contracts	Macpherson on Contracts.
4th.—The law of property current in Bengal with reference to the Permanent Settlement;—to the Government lien on land;—to claim to hold lands exempt from the payment of Government Revenue;—and to the mode in which Estates can be brought to sale for arrears of Revenue.	Regulations (Bengal) I VIII, X, XIV, XIX. and XLIV of 1793, and the Regulations and Acts by which the same have been altered: Act XI of 1859, and the preamble to Regulation (Bengal) II of 1793.
5th.—The relation of Landlord and Tenant.	Act X of 1859: Act VI of 1862 (Bengal Council).
6th.—The law relating to Putnee Talooks.	Regulation (Bengal) VIII of 1819: Act VIII of 1865 (Bengal Council).
7th.—The Law of Limitation.	Act XIV of 1859.
8th.—The Law relating to Stamps.	Act X of 1862: Act XVIII of 1865.
9th.—Civil Procedure, including the Small Cause Court Act.	Act VIII of 1859: Act XXIII of 1861: Act XI of 1865.
10th.—The Law of Evidence.	Act II of 1855, and Norton on Evidence.

পরে জজ সাহেব তাঁহাকে উক্ত আইন অনুযায়ি সংশিতপত্র দিবেন।

দ্বিতীয় শ্রেণীর উকীলদিগের কার্য্য ক্ষমতার বিধি।

১৮। নিম্ন লিখিত বিষয়ের পার্শ্বে যেং আইন ও বিধান ও পুস্তক নির্দ্দিষ্ট হইল, কোন ব্যক্তি তাহাতে পরীক্ষোত্তীর্ণ হওয়ার সংশিতপত্র পরীক্ষকদের নিকটে প্রাপ্ত হইয়া দর্শাওনদ্বারা এই ধারার লিখিত বিষয়ের উপযুক্ত জ্ঞান প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে হাই কোর্টের হৃদ্বোধ জন্মাইলে তিনি দ্বিতীয় শ্রেণীর উকীল স্বরূপ গ্রাহ্য হইতে পারিবেন।

বিষয়	আইন, বিধান, পুস্তক
১। হিন্দু ব্যবস্থা ..	মাকনাটন সাহেবের কৃত হিন্দুব্যবস্থাবিষয়ক মূল নিয়ম ১—৭ অধ্যায়।
২। মহম্মদীয় শরা ..	মহম্মদীয় শরার মূল নিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ৯ ভিন্ন সমস্ত অধ্যায়।
৩। চুক্তিবিষয়ক ব্যবস্থা	চুক্তিবিষয়ে মাকফরসন সাহেবের পুস্তক।
৪। বঙ্গদেশের প্রচলিত সম্পত্তিবিষয়ক ব্যবস্থা, অর্থাৎ চিরকালীন বন্দোবস্ত সম্পর্কে ও ভূমির উপর গবর্ণমেণ্টের দাওয়া ও গবর্ণমেণ্টের রাজস্ব না দিয়া ভূমি ভোগ করিবার দাওয়া এবং বাকী রাজস্বের নিমিত্তে সম্পত্তি যেরূপে নীলামহইতে পারে তৎ সম্পর্কে উক্ত ব্যবস্থা।	বঙ্গদেশীয় ১৭৯৭ সা, ১, ৮ ১০, ১৪, ১৯ ও ৪৪ আইন ও তাহা যেং আইনদ্বারা পরিবর্ত্তিত হইয়াছে। ১৮৫৯ সা. ১১ আ. এবং ১৭৯৩ সালের বঙ্গদেশীয় ২ আইনের হেতুবাদ।
৫। ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সম্বন্ধ	১৮৫৯ সা. ১০ আ. ও বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬২ সা. ৬ আ.
৬। পত্তনী তালুকবিষয়ক আইন	বঙ্গদেশীয় ১৮১৯ সা. ৮ আ.। বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৫ সা. ৮ আ.
৭। মিয়াদী আইন ..	১৮৫৯ সা. ১৪ আ.
৮। ইষ্টাম্প বিষয়ক আইন	১৮৬২ সা. ১০ আ.। ১৮৬৫ সা. ১৮ আ.
৯। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের আইন সুদ্ধ দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন	১৮৫৯ সা. ৮ আ.। ১৮৬১ সা. ২৩ আ.। ১৮৬৫ সা. ১১ আ.
১০। প্রমাণবিষয়ক আইন	১৮৫৫ সা. ২ আ. এবং সাক্ষ্যবিষয়ক নর্টন সাহেবের পুস্তক।

11*th*.—Criminal Law and Procedure.	Penal Code (Act XLV of 1860): Code of Criminal Procedure (Act XXV of 1861).

19. The examination will be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners in pursuance of Section 6, Act XX of 1865, and according to such Regulations as shall be made by the said Government for conducting such examinations.

20. The application to the High Court for admission shall be made within three years from the time of the applicant's passing the examination, or within such further time as the Court shall for any special reason allow.

21. In order to qualify a person to present himself for examination for the lower grade—

1*st*.—He must hold a certificate of having passed the Entrance Examination of the University of Calcutta, Madras, or Bombay, or a certificate of having passed the examination for a Government Vernacular Scholarship, or minor scholarship.

2*nd*.—He must hold a satisfactory certificate of good moral character.

3*rd*.—He must be between the ages of 20 and 35 years.

22. Every candidate for examination for the lower grade shall, six weeks at least before the day fixed for the examination, give notice to the Judge of the District in which he resides of his intention to present himself at the ensuing examination, and shall establish to the satisfaction of such Judge that he possesses the qualifications declared by Rule 21 to be necessary for such candidates.

23. The Judge, if satisfied that the candidate possesses such qualifications, shall thereupon enter his name, the name of his father, his place of residence, and his age, in a register, with a certificate to the effect that the Judge has been satisfied that he possesses the necessary qualifications, and shall furnish the candidate with a copy of, or an extract from, the said register.

24. Before the date of examination every candidate for the lower grade shall pay a fee of Rupees 10 into the Government Treasury of the District. The candidate shall at the same time present to the Collector the copy of the register furnished to him under Rule 23, and the Collector's receipt for the fee shall be endorsed thereon. Every candidate for examination shall produce to the Examiners the copy of the register granted to him by the Judge, with the Collector's receipt endorsed thereon.

১১। ফৌজদারী আইন ও মোকদ্দমার কার্য্যবিধান	দণ্ডবিধির ১৮৬০ সা. ৪৫ আ. ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইন।

১৯। বঙ্গদেশের গবর্ণমেন্ট ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষক পদে নিযুক্ত করেন, তাঁহাদের সম্মুখে উক্ত গবর্ণমেন্ট ঐ পরীক্ষা কার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে।

২০। প্রার্থকের পরীক্ষোত্তীর্ণ হইবার সময়াবধি তিন বৎসরের মধ্যে কিম্বা কোর্ট বিশেষ কোন কারণে অধিক যে সময়ের অনুমতি দেন সেই সময়ের মধ্যে হাই কোর্টে গ্রাহ্য হইবার প্রার্থনা করিতে হইবে।

২১। দ্বিতীয় শ্রেণীর পরীক্ষা দিবার জন্যে কোন ব্যক্তি উপস্থিত হইবার যোগ্য হন এই নিমিত্তে প্রয়োজন যে,

(১) তিনি কলিকাতার কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষোত্তীর্ণ হওয়ার সংশিতপত্র কিম্বা গবর্ণমেণ্টের এদেশীয় ভাষার ছাত্রবৃত্তি কি দ্বিতীয় শ্রেণীর ছাত্রবৃত্তির পরীক্ষোত্তীর্ণ হওয়ার সংশিতপত্র প্রাপ্ত হন।

(২) হৃদ্বোধজনক সুনীতিরীতির সংশিতপত্র প্রাপ্ত হন।

(৩) ২০ বৎসরের ন্যূন ও ৩৫ বৎসরের অধিক বয়স্ক না হন।

২২। দ্বিতীয় শ্রেণীর নিমিত্তে পরীক্ষাদানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার জজ সাহেবকে আগামি পরীক্ষা হইবার নিরূপিত দিনের পূর্ব্বে অতিন্যূন ছয় সপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন। এবং বিধির ২১ ধারাতে ঐ পদাকাঙ্ক্ষিদের যে২ যোগ্যতা প্রয়োজন প্রকাশ হইয়াছে তাঁহার সেই যোগ্যতা আছে জজ সাহেবের হৃদ্বোধমতে ইহা প্রতিপন্ন করিবেন।

২৩। জজ সাহেব ঐ পদাকাঙ্ক্ষির সেই যোগ্যতাগুণবত্তার বিষয় হৃদ্বোধমতে জ্ঞাত হইলে, তিনি রেজিষ্টরে ঐ ব্যক্তির ও তদীয় পিতার নাম ও তাঁহার বাসস্থান ও বয়স লিখিবেন, ও তিনি প্রয়োজনানুসারে যোগ্যতাপ্রাপ্ত হইয়াছেন এই বিষয়ে আপন হৃদ্বোধ হওয়ার সংশিতপত্রও ঐ রেজিষ্টরে লিখিবেন, এবং ঐ পদাকাঙ্ক্ষিকে ঐ রেজিষ্টরের প্রতিলিপি কি তাহাহইতে উদ্ধৃত কথা দিবেন।

২৪। পরীক্ষা দিবার তারিখের পূর্ব্বে দ্বিতীয় শ্রেণীর পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার অন্তর্গত গবর্ণমেণ্টের অর্থাগারে ১০৲ টাকা শুল্ক দিবেন। এবং ২৩ ধারামতে রেজিষ্টরের যে প্রতিলিপি পাইয়াছেন তাহাও তৎকালে কালেক্টর সাহেবের গোচর করিবেন, ঐ প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেব ঐ শুল্কের রসীদ লিখিয়া দিবেন। পরীক্ষাদানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি জজ সাহেবের দত্ত রেজিষ্টরের প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেবের রসীদ সুদ্ধ ঐ প্রতিলিপি পরীক্ষকদিগকে দেখাইবেন।

25. Candidates residing in Calcutta shall give the notice required by Rule 22, and make the payment prescribed by Rule 24 to the Judge and Collector, respectively, of the 24-Pergunnahs.

26. Any person who shall have passed for the lower grade under the preceding Rules, and who shall desire to be admitted, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 10, and shall, on presentation of the Examiner's certificate and of the Collector's receipt for the said sum of Rupees 10, be entitled to apply to the High Court for admission and enrolment.

27. The application, together with the certificate and receipt mentioned in Rule 26, shall be presented to the Judge of the District in which the applicant intends ordinarily to practise, and shall be forwarded by him to the Registrar of the High Court with any remarks which he may think fit to make thereon.

28. Upon the applicant's being admitted and enrolled by the High Court a certificate to that effect shall be forwarded by the Registrar of the High Court to the Judge of the District, who, upon the applicant's delivering and leaving with him a declaration in writing signed by the said applicant in conformity with the recital in the form of certificate given in the 2nd Schedule to Act XX of 1865, shall grant him a certificate as required by the said Act.

RULES FOR MOOKHTARS.

29. 1*st.*—Any person qualified to be admitted as a Pleader of either grade shall be entitled to be admitted as Mookhtar.

2*nd.*—Any person qualified to present himself for examination for a pleadership of either grade may present himself for examination to be admitted as Mookhtar.

3*rd.*—Any person who can satisfy the Judge of the District that he possesses the following qualifications may be admitted to examination for the office of Mookhtar, *viz.*:—

A.—That he is a person of good moral character,

B.—That he has received a liberal education.

C.—That he is not above the age of 35 years, unless he has been previously practising as a Mookhtar, in which case no limit of age will be prescribed.

30. Every candidate for examination as a Mookhtar shall, six weeks at least before the day fixed for the examination, give notice to the Judge of the District in which he resides of his intention to present himself at the ensuing examination, and he shall at the time of giving such notice

[*Government Gazette*, 26*th June* 1866.]

২৫। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ পরগনার জজ ও কালেক্টর সাহেবের নিকটে ২২ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ২৪ ধারার নির্দ্দিষ্ট টাকা দিবেন।

২৬। কোন ব্যক্তি দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ১০ টাকা দিবেন, এবং পরীক্ষকদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ১০ টাকার রসীদ দেখাইলে তিনি হাই কোর্টে গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইবার স্বত্ববান হইবেন।

২৭। প্রার্থক সাধারণো যে জিলার মধ্যে ব্যবহার করিতে মনস্থ করেন সেই জিলার জজ সাহেবকে তিনি ঐ প্রার্থনা এবং এই বিধির ২৬ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ দেখাইবেন। এবং জজ সাহেব তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহার সহিত ঐ সংশিতপত্র প্রভৃতি হাই কোর্টের রেজিষ্ট্রারের নিকটে প্রেরণ করিবেন।

২৮। প্রার্থক হাই কোর্টে গ্রাহ্য ও তাঁহার নাম ফর্দ্দে লেখা গেলে হাই কোর্টের রেজিষ্ট্রার সেই মর্ম্মের সার্টিফিকট জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করিবেন। পরে ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফশীলের সংশিতপত্রের পাঠে যে কথা ব্যক্ত হইয়াছে প্রার্থক সেই কথা অনুযায়ি প্রতিজ্ঞাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া জজ সাহেবকে দিয়া তাঁহার নিকটে রাখিবেন, পরে জজ সাহেব তাঁহাকে উক্ত আইন অনুযায়ি সংশিতপত্র দিবেন।

মোক্তারদের বিধি।

২৯। (১) যে কেহ একতর শ্রেণীর উকীলস্বরূপ গ্রাহ্য হইবার যোগ্য হন তিনি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইবার স্বত্ববান্।

(২) যে কেহ একতর ওকালতীর পরীক্ষা দানার্থে উপস্থিত হইবার যোগ্য আছেন, তিনি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইবার জন্যে পরীক্ষা দিতে উপস্থিত হইতে পারিবেন।

(৩) পশ্চাৎ লিখিত গুণ প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে যে কেহ জিলার জজ সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন তিনি মোক্তারের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইতে পারিবেন। বিশেষতঃ

(ক) তিনি সুনীতিরীতিক ব্যক্তি।

(খ) বিশিষ্টমতে বিদ্যাশিক্ষা করিয়াছেন।

(গ) ৩৫ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক নহেন। কিন্তু যদি পূর্ব্বে মোক্তারের কর্ম্ম করিয়া থাকেন, তবে বয়সের কোন সীমা অবধারিত হইবে না।

৩০। মোক্তারী কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার জজ সাহেবকে আগামি পরীক্ষা হইবার নিরূপিত দিনের পূর্ব্বে অতি ন্যূন ছয় সপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন। এবং এই বিধির ২৯ ধারাতে ঐ পদাকাঙ্ক্ষিদের

establish to the satisfaction of such Judge that he possesses all the qualifications declared by Rule 29 to be necessary for such candidates.

31. The Judge, if satisfied that the candidate possesses such qualifications, shall thereupon enter his name, the name of his father, his place of residence, and his age, in a register, with a certificate to the effect that he possesses the necessary qualifications, and shall furnish the candidate with a copy of, or an extract from, the said register.

32. Before the date of examination every candidate shall pay a fee of Rs. 5 into the Government Treasury of the District. The candidate shall at the same time present to the Collector the copy of the register furnished to him under Rule 31, and the Collector's receipt for the fee shall be endorsed thereon. The applicant shall produce to the Examiners the copy of the register granted to him by the Judge, with the Collector's receipt endorsed thereon.

33. Candidates residing in Calcutta shall give the notice required by Rule 30, and make the payment prescribed in Rule 32 to the Judge and Collector, respectively, of the 24-Pergunnahs.

34. The examination shall be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners in pursuance of Section 6, Act XX of 1865, and according to such Regulations as shall be made by the said Government for conducting such examinations. The examination shall be in the following subjects:—

Code of Civil Procedure.
Law of Limitation.
Stamp Laws.
Small Cause Court Act.
Penal Code and Code of Criminal Procedure.

35. Any person who shall pass the examination as a Mookhtar, and who shall desire to be admitted, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 8, and shall, on presentation of the certificate of the Examiners and of the Collector's receipt for the said sum of Rupees 8, be entitled to apply to the High Court for admission and enrolment.

36. The application, together with the certificate and receipt required by Rule 35, shall be presented to the Judge of the District in which the applicant intends ordinarily to practise, and shall be forwarded by the Judge to the Registrar of the High Court with such remarks as he may think fit to make thereon.

37. Upon the applicant's being admitted and enrolled by the High Court a certificate to that

যেং যোগ্যতা প্রয়োজন প্রকাশ হইয়াছে তাঁহার সেই যোগ্যতা আছে জজ সাহেবের হৃদ্বোধমতে ইহা প্রতিপন্ন করিবেন।

৩১। জজ সাহেব ঐ পদাকাঙ্ক্ষির সেই যোগ্যতাগুণবত্তার বিষয় হৃদ্বোধমতে জ্ঞাত হইলে, তিনি রেজিষ্টরে ঐ ব্যক্তির ও তদীয় পিতার নাম ও তাঁহার বাসস্থান ও বয়স লিখিবেন, ও তিনি প্রয়োজনানুসারে যোগ্যতাপত্রপ্রাপ্ত হইয়াছেন এই বিষয়ে আপন হৃদ্বোধ হওয়ার সংশিতপত্র ঐ রেজিষ্টরে লিখিবেন, এবং ঐ পদাকাঙ্ক্ষিকে ঐ রেজিষ্টরের প্রতিলিপি কি তাহা হইতে উদ্ধৃত কথা দিবেন।

৩২। পরীক্ষা দিবার তারিখের পূর্ব্বে মোক্তারের পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার অন্তর্গত গবর্ণমেণ্টের অর্থাগারে ৫৲ টাকা শুল্ক দিবেন। এবং ৩১ ধারামতে রেজিষ্টরের যে প্রতিলিপি পাইয়াছেন তাহাও তৎকালে কালেক্টর সাহেবের গোচর করিবেন। ও তাহার পৃষ্ঠে কালেক্টর সাহেব ঐ শুল্কের রসীদ লিখিয়া দিবেন। পরীক্ষাদানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি জজ সাহেবের দত্ত রেজিষ্টরের প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেবের রসীদ সুদ্ধ ঐ প্রতিলিপি পরীক্ষকদিগকে দেখাইবেন।

৩৩। কালকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ পরগনার জজ ও কালেক্টর সাহেবের নিকটে ৩০ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ৩২ ধারার নির্দ্দিষ্ট টাকা দিবেন।

৩৪। বঙ্গদেশের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেণ্ট ঐ পরীক্ষা কার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে। পশ্চাৎলিখিত পুস্তকে পরীক্ষা হইবে যথা,

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন।
মিয়াদী আইন।
ইষ্টাম্পের আইন।
ক্ষুদ্র মোকদ্দমার আদালতের আইন।
দণ্ডবিধির আইন ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন।

৩৫। কোন ব্যক্তি মোক্তারস্বরূপ পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ৮৲ টাকা দিবেন এবং পরীক্ষকদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ৮৲ টাকার রসীদ দেখাইলে তিনি হাই কোর্টে গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইবার স্বত্ববান্ হইবেন।

৩৬। প্রার্থক সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিতে মনস্থ করেন, সেই জিলার জজ সাহেবকে ঐ প্রার্থনা এবং এই বিধির ৩৫ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ দেখাইবেন। এবং জজ সাহেব তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহার সহিত ঐ সংশিতপত্রপ্রভৃতি হাই কোর্টের রেজিষ্ট্রারের নিকটে প্রেরণ করিবেন।

৩৭। প্রার্থক হাই কোর্টে গ্রাহ্য হইলে ও তাঁহার নাম ফর্দ্দে লেখা গেলে হাই কোর্টের রেজিষ্ট্রার সেই মর্ম্মের

effect shall be forwarded by the Registrar of the High Court to the Judge of the District, who, upon the applicant's delivering and leaving with him a declaration in writing signed by the said applicant in conformity with the recital in the form of certificate given in the 2nd Schedule to Act XX of 1865, shall grant him a certificate as required by the said Act.

38. If any person having passed the examination entitling him to be admitted and enrolled as a Mookhtar shall fail to apply for such admission and enrolment for a period of three years, he shall not be admitted and enrolled, unless, by special order of the High Court, the time for such application shall be extended.

39. Provided that any person who, on the 1st January 1866, had been practising for the term of one year at least immediately preceding that date as a Mookhtar in a Criminal Court, and who shall satisfy the Judge of the District in which he ordinarily practised that he is a person of good moral character, and qualified by his knowledge of Law and Procedure to continue practising as Mookhtar shall be admitted to practise in any Criminal Court.

40. In any District in which there is a resident Magistrate and no resident Judge, it shall be sufficient for an applicant to satisfy the Magistrate that he possesses the qualifications mentioned in Rule 39.

41. The qualifications required by the foregoing Rules shall not be necessary for Pleaders or Mookhtars in the Non-Regulation Provinces under the Government of Bengal. Rules for the qualification, admission, and enrolment of such Pleaders and Mookhtars will be published hereafter.

42. If any person having been admitted and enrolled as a Pleader or Mookhtar shall neglect to take out a certificate, or, having obtained a certificate, shall fail to renew it for a period of three years, he shall be suspended, and shall not be entitled to receive a certificate or to have his certificate renewed without further orders of the High Court.

43. Any person, who, having been admitted as a Pleader or Mookhtar, shall accept any appointment under Government, or shall enter into any trade or other business, shall give notice thereof to the High Court, who may thereupon pass such orders as the said Court may think fit.

44. Any person, who shall hold any appointment under Government, or shall carry on any trade or other business at the time of his application for admission as a Pleader or Mookhtar, shall state the fact in his application for admission.

সর্টিফিকট জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করিবেন। পরে ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলের সংশিতপত্রের পাঠে যে কথা ব্যক্ত হইয়াছে, প্রার্থক সেই কথানুযায়ি প্রতিজ্ঞাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া জজ সাহেবকে দিয়া, তাঁহার নিকট রাখিবেন, পরে জজ সাহেব তাঁহাকে উক্ত আইন অনুযায়ি সংশিতপত্র দিবেন।

৩৮। যে প্রকারের পরীক্ষা দিলে কোন ব্যক্তি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইতে ও ফর্দ্দে নাম লেখাইতে পারেন সেই প্রকারের পরীক্ষোত্তীর্ণ হইলে পর যদি সেই ব্যক্তি তিন বৎসর পর্য্যন্ত তদ্রূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা না করেন, তবে হাই কোর্টের বিশেষ আজ্ঞাক্রমে সেই প্রার্থনা করিবার সময় বৃদ্ধি না হইলে তিনি গ্রাহ্য হইবেন না ও ফর্দ্দে তাঁহার নাম লেখা যাইবে না।

৩৯। পরন্তু যদি কোন ব্যক্তি ১৮৬৬ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে অতি ন্যূন এক বৎসর পর্য্যন্ত ফৌজদারী আদালতে মোক্তারস্বরূপে কর্ম্ম করিয়া আসিতেছেন, এবং সুনীতিরীতির লোক ও আইন ও কার্য্যবিধান বিষয়ক জ্ঞানদ্বারা মোক্তারস্বরূপে কার্য্য করিয়া থাকিতে ক্ষমতাপন্ন আছেন এই বিষয়ে তিনি সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করেন যদি সেই জিলার জজ সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন, তবে ফৌজদারী কোন আদালতে ব্যবহার করিতে গ্রাহ্য হইবেন।

৪০। যে জিলার মধ্যে জজ সাহেব বাস না করেন মাজিষ্ট্রেট সাহেব বাস করেন, সেই জিলাতে প্রার্থক ৩৯ ধারার লিখিত কর্ম্মযোগ্যতা বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ জন্মাইলে প্রচুর।

৪১। পূর্ব্বোক্ত বিধিতে যে কর্ম্মযোগ্যতা নির্দ্ধারিত হইয়াছে তাহা বঙ্গদেশের গবর্ণমেন্টের অধীন আইনবহির্ভূত প্রদেশের উকীলদের কি মোক্তারদের জন্যে আবশ্যক নাই। ঐ উকীল ও মোক্তারদিগের কার্য্য ক্ষমতার ও গ্রাহ্য হওয়ার ও ফর্দ্দে নাম লেখাইবার বিধি পশ্চাৎ প্রকাশ হইবে।

৪২। যদি কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইয়া ও ফর্দ্দে নাম লেখাইয়া সংশিতপত্র লইতে শৈথিল্য করেন, কিম্বা সংশিতপত্র প্রাপ্ত হইলেও তিন বৎসর পর্য্যন্ত ঐ পত্র নূতন করিয়া লইতে ত্রুটি করেন, তবে তাঁহার কর্ম্ম স্থগিত হইবে ও হাই কোর্ট হইতে অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি সংশিতপত্র পাইতে কিম্বা নূতন করিয়া লইতে স্বত্ত্ববান হইবেন না।

৪৩। কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইলে যদি গবর্ণমেন্টের অধীন কোন কর্ম্ম গ্রাহ্য করেন কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে হাই কোর্টে তাঁহার সেই কথা জানাইতে হইবে ও ঐ কোর্ট যদ্রূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

৪৪। কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেন্টের অধীন কোন কর্ম্মে নিযুক্ত থাকেন, কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে গ্রাহ্য হইবার প্রার্থনাপত্রে তিনি সেই কথা জ্ঞাত করিবেন।

[*Government Gazette*, 26*th June* 1866.]

45. Any wilful violation of any of the above Rules shall subject a Pleader or Mookhtar to suspension or dismissal.

B. PEACOCK.
C. TREVOR.
H. V. BAYLEY.
J. P. NORMAN.
F. B. KEMP.
W. S. SETON-KARR.
LOUIS S. JACKSON.
SHUMBOONATH PUNDIT.
G. CAMPBELL.
J. B. PHEAR.
A. G. MACPHERSON.
F. A. GLOVER.

The 2nd May 1866.

৪৫। কোন উকীল কি মোক্তার ইচ্ছাপূর্ব্বক পূর্ব্ব লিখিত কোন বিধি লঙ্ঘন করিলে তিনি কিয়ৎকাল কি চিরকালের নিমিত্তে পদচ্যুত হইবেন।

বি পীকক্।
সি ট্রেবর।
এচ বি বেলি।
জে পি নরমান।
এফ বি কেম্প।
ডবলিউ এস সীটনকার।
লুইস এস জ্যাকসন।
শম্ভুনাথ পণ্ডিত।
জি কাম্বেল।
জে বি ফিয়র।
এ জি মাকফরসন।
এফ এ গ্লবর।

১৮৬৬ সাল ২ মে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

The following are the rules prepared by the Board of Revenue under Section 23, Act XX of 1865, to define what qualifications are required for a certificate entitling a person to practise as a Revenue Agent under that Act.

1. ANY person who has obtained from the Judge a certificate that he is qualified to present himself for examination as a Mookhtar may present himself for examination for the office of Revenue Agent.

2. Any person who can satisfy the Collector of the District that he possesses the following qualifications may be admitted to examination for the office of Revenue Agent, *viz*:—

1st.—That he is a person of good moral character.

2nd.—That he has received a liberal education.

3rd.—That he is not under the age of twenty, nor above the age of thirty-five years, unless he has been previously practising as a Mookhtar, in which case no enquiry as to age is necessary.

3. Every candidate for examination for the office of Revenue Agent shall, at least six weeks before the day fixed for the examination, give notice to the Collector of the District in which he resides of his intention to present himself at the ensuing examination.

4. The Collector, if satisfied that the candidate is qualified for examination under Rule 1 or 2, shall thereupon enter his name, with a description

১৮৬৫ সালের ২০ আইনমতে রেবিনিউ এজেন্টস্বরূপে কর্ম্ম করণার্থ সংশিতপত্র প্রাপণের স্বত্বের জন্যে কোন ব্যক্তির যেং গুণবত্তা থাকার প্রয়োজন তন্নিরূপণার্থ পশ্চাৎলিখিত সকল বিধি উক্ত আইনের ২৩ ধারামতে রেবিনিউ বোর্ড কর্ত্তৃক প্রণীত হইল।

১। মোক্তারের পরীক্ষাতে উপস্থিত হইবার যোগ্য এই মর্ম্মের সংশিতপত্র যে ব্যক্তি জজ সাহেবের স্থানে প্রাপ্ত হন তিনি রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষাতে উপস্থিত হইতে পারিবেন।

২। পশ্চাৎ লিখিত গুণ প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে যে কেহ জিলার কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন তিনি রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইতে পরিবেন। বিশেষত ঃ

(১) তিনি সুনীতির ব্যক্তি।

(২) বিশিষ্টমতে বিদ্যাশিক্ষা করিয়াছেন।

(৩) ২০ বৎসরের ন্যূন কি ৩৫ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক নহেন। কিন্তু যদি পূর্ব্বে মোক্তারের কর্ম্ম করিয়া থাকেন, তবে বয়সের কথা জিজ্ঞাসা করা আবশ্যক হইবে না।

৩। রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার কালেক্টর সাহেবকে পরীক্ষা হইবার নিরূপিত দিনের পূর্ব্বে অতি ন্যূন ছয় সপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন।

৪। ঐ পদাকাঙ্ক্ষি ১ কিম্বা ২ ধারার মতে পরীক্ষা দিবার যোগ্য কালেক্টর সাহেব ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে ঐ পরীক্ষার্থির নাম, ও তাঁহাকে চিনিবার উপ-

sufficient for identification, in a register, and shall furnish to the candidate a certificate to that effect.

5. Before the date of examination every candidate shall pay a fee of Rupees 5 to the Collector of the District, whose receipt for the same shall be endorsed on the certificate described in Rule 4.

6. Candidates residing in Calcutta shall give the notice, and pay the fees, prescribed in Rules 3 and 5, to the Collector of the 24-Pergunnahs.

7. The examination shall be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners under Section 24, Act XX of 1865, and according to such regulations as shall be made by the said Government for conducting such examination. The examination shall be in the following subjects :—

A. The permanent settlement; the Government lien on land; and the mode in which Estates can be brought to sale for arrears of revenue.	Regulations I, II, VIII, X, XI, XIV, XIX, XXXVII, and XLIV of 1793; Act XI of 1859.
B. The Law of under-tenures, and the mode in which the same can be brought to sale for arrears of revenue.	Regulations VIII of 1819 and I of 1820; Acts X of 1859 and VIII of 1865 (B. C.)
C. The Law for the Division of Estates.	Regulation XIX of 1814.
D. The relation of Landlord and Tenant.	Acts X of 1859 and VI of 1862 (B. C.)
E. The Law of Evidence.	Act II of 1855.
F. The Stamp Laws.	Acts X of 1862 and XVIII of 1865.

8. Any person who shall pass the examination, and who shall desire to be admitted as a Revenue Agent, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 8, and shall on presentation of the certificate of the Examiners, and of a receipt for the said sum of Rupees 8, be entitled to apply to the Collector of the District for, and to receive a certificate in, the form prescribed in Schedule 3, Act XX of 1865, and subject to the conditions of Sections 20, 21, and 22 of the said Act, which certificate shall be signed by the Collector of the District and delivered to the applicant.

9. The application, certificate, and receipt required by Rule 8 shall be forwarded by the Collector, to the Secretary of the Board of Revenue, with such remarks as he may think fit to make thereon.

যুক্ত বর্ণনা রেজিষ্টরে লিখিয়া তাঁহাকে সেই মর্ম্মের এক সংশিতপত্র দিবেন।

৫। পরীক্ষা দিবার তারিখের পূর্ব্বে উক্ত পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার কালেক্টর সাহেবকে ৫৲ টাকা শুল্ক দিবেন। তাহার রসীদ ৪ বিধির নির্দ্দিষ্ট সংশিতপত্রের পৃষ্ঠে লিখিত হইবে।

৬। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ পরগনার কালেক্টর সাহেবের নিকটে ৩ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ৫ ধারার নির্দ্দিষ্ট শুল্ক দিবেন।

৭। বঙ্গদেশের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ২০ আইনের ২৪ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেণ্ট ঐ পরীক্ষাকার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে। পশ্চাৎ লিখিত পুস্তকে পরীক্ষা হইবে যথা,

A. চিরকালীন বন্দোবস্তের উপলক্ষে ও ভূমির উপর গবর্ণমেণ্টের দাওয়ার ও বাকী রাজস্বের জন্যে সম্পাত্তির নীলাম যে নিয়মে হইতে পারে তদুপলক্ষে।	১৭৯৩ সা. ১, ২, ৮, ১০, ১১, ১৪, ১৯, ৩৭, ও ৪৪ আইন ১৮৫৯সা. ১১ আইন।
B. পত্তনীতালুকের আইন ও তাহা বাকী রাজস্বের নিমিত্তে যে নিয়মে নীলাম হইতে পারে।	১৮১৯ সালের ৮ আইন ১৮২০ সা. ১ আ. ও ১৮৫৯ সা. ১০ আইন ১৮৬৫ সা. বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৮ আইন।
C. বাটওয়ারা বিষয়ক আইন।	১৮১৪ সা. ১৯ আ।
D. ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সম্বন্ধব্যবস্থা	১৮৫৯ সা. ১০ আ. ও ১৮৬২ সা. বঙ্গদেশীয় ৬ আ.
E. প্রমাণ বিষয়ক ব্যবস্থা	১৮৫৫ সা. ২ আ।
F. ইষ্টাম্পা বিষয়ক আইন।	১৮৬২ সা. ১০ আ। ১৮৬৫ সা. ১৮ আ.।

৮। কোন ব্যক্তি পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি রেবিনিউ এজেণ্টস্বরূপ গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ৮৲ টাকা দিবেন এবং পরীক্ষকদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ৮৲ টাকার রসীদ দেখাইলে তিনি জিলার কালেক্টর সাহেবের নিকটে ১৮৬৫ সালের ২০ আইনের ৩ তফসীলের নির্দ্দিষ্ট পাঠে এবং উক্ত আইনের ২০ ও ২১ ও ২২ ধারার নিয়মাধীনে সংশিতপত্র পাইবার প্রার্থনা করিতে স্বত্ববান হইবেন। সংশিতপত্র জিলার কালেক্টর সাহেবের দ্বারা স্বাক্ষরিত হইয়া প্রার্থককে দেওয়া যাইবে।

৯। কালেক্টর সাহেব ঐ প্রার্থনা এবং এই বিধির ৮ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ ও তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহা লিখিয়া রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের নিকটে প্রেরণ করিবেন।

[*Government Gazette*, *26th June* 1866.]

10. If any person, having passed the examination entitling him to be admitted and enrolled as a Revenue Agent, shall fail to apply for such admission and enrolment for a period of three years, he shall not be admitted and enrolled, unless, by a special order of the Board of Revenue, the time for such application shall be extended.

11. Provided that any person who, on the 1st January 1866, had been practising for the term of one year at least immediately preceding that date, as a Mookhtar in a Revenue Office, and who shall satisfy the Collector of the District in which he has ordinarily practised, that he is a person of good moral character, and qualified, by his knowledge of law and procedure, to continue practising as a Revenue Agent, shall be admitted to practise in any Revenue Office.

12. The qualifications required by the above Rules shall not be necessary for Revenue Agents in the Non-Regulation Provinces under the Government of Bengal. Rules for the qualification, admission, and enrolment of such Revenue Agents will be published hereafter.

13. If any person, having been admitted and enrolled as a Revenue Agent, shall neglect to take out a certificate, or having obtained a certificate shall fail to renew it for a period of three years he shall be suspended, and shall not be entitled to receive a certificate, or to have his certificate renewed without further orders of the Board of Revenue.

14. Any person who, having been admitted as a Revenue Agent, shall accept any appointment under Government, or shall enter into any trade or other business, shall give notice thereof to the Board of Revenue, who may thereupon pass such orders as the said Board may think fit.

15. Any person who shall hold any appointment under Government, or shall carry on any trade or other business at the time of his application for admission as a Revenue Agent, shall state the fact on his application for admission.

16. Any wilful violation of any of the above Rules shall subject a Revenue Agent to suspension or dismissal.

A. Grote, } *Members, Board of*
V. H. Schalch, } *Revenue.*

১০। যে প্রকারের পরীক্ষা দিলে কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপে গ্রাহ্য হইতে ও ফর্দ্দে নাম লেখাইতে পারেন সেই প্রকারের পরীক্ষোত্তীর্ণ হইলে পর যদি কোন ব্যক্তি তিন বৎসর পর্য্যন্ত তদ্রূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা না করেন, তবে রেবিনিউ বোর্ডের বিশেষ আজ্ঞাক্রমে সেই প্রার্থনা করিবার সময় বৃদ্ধি না হইলে তিনি গ্রাহ্য হইবেন না ও ফর্দ্দে তাঁহার নাম লেখা যাইবে না।

১১। পরন্তু যদি কোন ব্যক্তি ১৮৬৬ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে অতি ন্যূন এক বৎসর পর্য্যন্ত রাজস্বের কার্য্যালয়ে মোক্তারস্বরূপে কর্ম্ম করিয়া আসিতেছেন, এবং সুনীতিরীতির লোক ও আইন ও কার্য্যবিধান বিষয়ক জ্ঞান দ্বারা রেবিনিউ এজেন্টস্বরূপে কার্য্য করিয়া থাকিতে ক্ষমতাপন্ন আছেন এই বিষয়ে তিনি সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিয়াছেন যদি সেই জিলার কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন, তবে রাজস্বের কোন কার্য্যালয়ে ব্যবহার করিতে গ্রাহ্য হইবেন।

১২। পূর্ব্বোক্ত বিধিতে যে কর্ম্মযোগ্যতা নির্দ্ধারিত হইয়াছে তাহা বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন আইনবহির্ভূত প্রদেশের রেবিনিউ এজেন্টদের পক্ষে আবশ্যক নাই। ঐ রেবিনিউ এজেন্টদিগের কার্য্যক্ষমতার ও গ্রাহ্য হওয়ার ও ফর্দ্দে নাম লেখাইবার বিধি পশ্চাৎ প্রকাশ হইবে।

১৩। যদি কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপ গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইয়া সংশিতপত্র লইতে শৈথিল্য করেন, কিম্বা সংশিতপত্র প্রাপ্ত হইলেও তিন বৎসর পর্য্যন্ত ঐ পত্র নূতন করিয়া লইতে ত্রুটি করেন তবে তাঁহার কর্ম্ম স্থগিত হইবে ও রেবিনিউ বোর্ডহইতে অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি সংশিতপত্র পাইতে কিম্বা নূতন করিয়া লইতে স্বত্ববান হইবেন না।

১৪। কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্ম গ্রাহ্য করেন কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে রেবিনিউ বোর্ডে জ্ঞাত করিবেন ও উক্ত বোর্ডের সাহেবেরা যদ্রূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

১৫। কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্মে নিযুক্ত থাকেন, কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে গ্রাহ্য হইবার প্রার্থনাপত্রে তিনি সেই কথা জ্ঞাত করিবেন।

১৬। কোন রেবিনিউ এজেন্ট ইচ্ছাপূর্ব্বক পূর্ব্বলিখিত কোন বিধি লঙ্ঘন করিলে তিনি কিয়ৎকাল কি চিরকালের নিমিত্তে পদচ্যুত হইবেন।

এ গ্রোট, } রেবিনিউ বোর্ডের মেম্বর।
বি এচ শক, }

John Robinson, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৬ জুন।]

Rules made by the Board of Revenue, Lower Provinces, in pursuance of Act XX of 1865, Section 37, for fixing and regulating the fees payable by the unsuccessful party in respect of the fees of his adversary's Pleader, in proceedings in the Revenue Courts and Offices in the Lower Provinces.

[Scale of fees prescribed. Agent to have three quarter fees only.]

1. In pursuance of Section 37, Act XX. of ˈ765, the Board of Revenue are pleased to direct that, from, and after, the 1st day of July of 1866 the sums which shall be payable by an unsuccessful party in any suit or proceeding in the Revenue Courts and Offices in the Lower Provinces of Bengal, in respect of the fees of his adversary's pleader shall be calculated at the rates specified in the following schedules. If a Revenue Agent and not a pleader has been employed by the said adversary, a deduction of one-fourth part shall be made from the fees calculated as herein deducted, and if, though a pleader has been employed, the Officer presiding in the Court or তফসীল, of opinion that the employment of a আইন ও ১৮৬২ necessary, and that it would have su কদ্দমা employ a Revenue Agent, the fees sh ীয় যে ulated as for a Revenue Agent only

SCHEDULE.

উপস্থিত সকল কার্য্য nts or applications instituted under Act কি প্রার্থনা 1859 of Act VI of 1862 B. C., and in all ... cial or quasi judicial proceedings in any Revenue Court or Office :

If the amount or value of the property, debt, or damages decreed does not exceed 5,000 Rupees, at 5 per cent. on the amount or value decreed.

If the amount or value exceed 5,000 Rupees and does not exceed Rupees 20,000 on Rupees 5,000 at 5 per cent. and on the remainder at 2 per cent.

If the amount or value exceed 20,000, and does not exceed 50,000, on 20,000 as above, and on the remainder at 1 per cent.

If the amount or value exceed 50,000, on 50,000 as above, and on the remainder at ½ per cent.

Provided that in no case shall the amount of any fee exceed 3,000 Rupees.

[Where value cannot be exactly defined.]

2. In suits or proceedings to enforce rights of which the pecuniary value cannot be exactly defined, as, for example, in suits for a kabulyut or

বঙ্গপ্রভৃতি দেশের রাজস্বসম্পার্কীয় আদালতে ও কার্য্যালয়ে মোকদ্দমাঘটিত কার্য্য হইলে যে ব্যক্তি পরাজিত হন তাঁহার বিপক্ষ ব্যক্তির উকীলকে তাঁহার যত ফী দিতে হইবে, তাহা নির্দ্ধার্য্য ও বিধিবদ্ধ করণার্থে বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সাহেবেরা ১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারামতে এই বিধি করিয়াছেন।

[শুল্কের হারাবধারণের কথা ও এজেন্টের তাহার তৃতীয়াংশমাত্র পাইবার কথা।]

১। বঙ্গপ্রভৃতি দেশের রাজস্বসম্পার্কীয় আদালতে ও কার্য্যালয়ে কোন মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য হইয়া যে ব্যক্তি পরাজিত হন, তাঁহার বিপক্ষের উকীলকে যত ফী দিতে হইবে, এতদুপলক্ষে রেবিনিউ বোর্ডের সাহেবেরা ১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারামতে আজ্ঞা করেন যে ১৮৬৬ সালের জুলাই মাসের প্রথমদিনাবধি নিম্ন লিখিত তফসীলের অবধারিত হারে ঐ ফী ধার্য্য হইবে। যদি উক্ত বিপক্ষ ব্যক্তি উকীলকে নিযুক্ত না করিয়া রেবিনিউ এজেন্টকে নিযুক্ত করিয়া থাকেন, তবে এই তফসীল অনুসারে যত টাকা ধরিতে হয় তাহার চতুর্থাংশ বাদ দিয়া তাঁহাকে অবশিষ্ট টাকা দেওয়া যাইবে। উকীল নিযুক্ত হইলেও উকীলকে নিযুক্ত করা অনাবশ্যক রেবিনিউ এজেন্টকে নিযুক্ত করিলে প্রচুর হইত যদি আদালতের কি কার্য্যালয়ের অধিপতি এমত বোধ করেন, তবে কেবল রেবিনিউ এজেন্টের প্রাপ্তব্য ফী ধরা যাইবে।

২, ...

[যে মোকদ্দ ...

১৮৫৯ সালের ১ বঙ্গরাধিপত্য বিধি সালের বঙ্গদেশী ৬ আইনমতে যে সকল যে কোন মোক কি প্রার্থনা উপস্থিত করা যায়, এবং রাজস্ব লে, যদি কাম আদালতে কি কার্য্যালয়ে মোকদ্দমাঘটি কি এজে কার্য্য কি মোকদ্দমাঘটিত কার্য্যবৎ অন্য থাকিলে উপস্থিত করা যায়, তে হইবে তাহাতে

যে টাকার কি সম্পত্তির যে মূল্যের কি যে ঋণের কি ক্ষতিপূরণের ডিক্রী হয় তাহা ৫০০০৲ টাকার অধিক না হইলে সেই ডিক্রীর টাকার কি মূল্যের উপর শতকরা ৫৲ টাকা।

যদি টাকা কি মূল্য ৫,০০০৲ টাকার অধিক কিন্তু ২০,০০০৲ টাকার অনধিক হয় তবে ৫,০০০৲ টাকাপর্য্যন্ত শতকরা ৫৲ টাকা, তদূর্দ্ধ টাকার উপর শতকরা ২৲ টাকা।

যদি টাকা কি মূল্য ২০,০০০৲ টাকার অধিক কিন্তু ৫০,০০০৲ টাকার অনধিক হয় তবে ২০,০০০৲ টাকা পর্য্যন্ত উপরোক্তমতে ও তদূর্দ্ধ টাকার উপর শতকরা ১৲ টাকা।

যদি টাকা কি মূল্য ৫০,০০০ টাকার অধিক হয় তবে ৫০,০০০৲ টাকাপর্য্যন্ত উপরোক্তমতে ও তদূর্দ্ধ টাকার উপর ৷৷০ আট আনা।

কিন্তু কোন স্থলে ৩,০০০৲ টাকার অধিক ফী দিতে হইবে না।

[ঠিক মূল্য নিরূপণ হইতে না পারিলে তাহার কথা।]

২। মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য যে স্বত্ব-বলবৎ করিবার জন্যে করা যায় তাহার মূল্য যদি যথার্থ মতে নিরূপণ হইতে না পারে, তবে সেই মোক-

pottah, or for abatement or enhancement of rent, or for ejectment or re-instatement, or in proceedings for the division of an estate, if the plaintiff succeed, the Presiding Officer of the Court or Office may order the fee of the pleader or Revenue Agent for the plaintiff to be calculated upon the valuation of the claim, or upon such a sum, not exceeding the valuation, as the said Officer may think reasonable and may fix with reference to to the importance of the subject of the dispute.

[For when case is dismissed.]

3. If any suit, application, or claim, is *dismissed* for default, or upon the merits, or is decreed for the defendant, the defendant's pleader's or agent's fee shall be calculated on the whole value of the suit.

[When it is decreed in part.]

4. If any suit, application, or claim is *decreed* for the plaintiff as to *part* only of his claim, and as to the remainder, is dismissed or decreed for the defendant, the fees allowed to each party's pleader or agent shall be calculated upon the value of that part of the claim in respect of which he has succeeded.

[When in a successful suit the whole ~~auon,~~ Revenue claimed are not allowed.]

5. If, in an ushed hereafte under the Rent Laws, the plaintiff *recover the full amount of damages* claimed, having endant shall not be entitled to any a ue Agent, or a pleader or agent's fee in respect of t having oce between the amount of damages clain for a perile amount recovered, unless the Presiding Off shall the Court or Office shall be of opinion that the amount claimed for damages was unreasonable or excessive, and shall for that, or any other cause to be specified, direct that a fee for his pleader or agent shall be allowed to the defendant. If specially allowed the amount of such fee shall be calculated upon the amount of damages disallowed to the plaintiff.

[When the defence is joint or common.]

6. If several defendants, who have a *Joint* or *Common Interest* succeed upon a joint defence, or upon separate defences substantially the same, not more than one pleader or agent's fee shall be allowed unless the Presiding Officer of the Court or Office shall otherwise order, for reasons which shall be recorded. If only one fee be allowed, the Presiding Officer shall direct to which of the defendants it shall be paid, or shall apportion it among the several defendants in such manner as he shall think fit.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৬ জুন।]

জমা প্রভৃতিতে যথা, কবুলিয়ৎ কি পাট্টা পাইবার কিম্বা কর ন্যূন কি বৃদ্ধি করিবার কিম্বা উঠাইয়া দিবার কি পুনশ্চ অধিকার পাইবার মোকদ্দমায় কিম্বা ভূমি ভাগ করিবার মোকদ্দমাঘটিত কার্য্যেতে, যদি বাদী জয়ী হন, তবে তাঁহার উকীলকে কি রেবিনিউ এজেণ্টকে যত টাকা দিতে হইবে, তাহা আদালতের কি কার্য্যালয়ের অধিপতি দাওয়ার মূল্যানুসারে কিম্বা ঐ মূল্যের অনধিক যত টাকা উক্ত কার্য্যকারক যুক্তিসিদ্ধ বোধ করিয়া বিবাদীয় বিষয়ের গুরুত্বানুসারে নির্দ্ধার্য্য করেন তদনুসারে ফী হিসাব করিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

[মোকদ্দমা ডিসমিস হইলে সেই স্থলের কথা।]

৩। যদি কোন মোকদ্দমা কি প্রার্থনা কি দাওয়া ত্রুটিহেতুক কি দোষগুণক্রমে ডিসমিস হয়, কিম্বা যদি প্রতিবাদির পক্ষে ডিক্রী হয়, তবে প্রতিবাদির উকীলের কি এজেণ্টের ফী মোকদ্দমার সম্পূর্ণ মূল্যের উপর ধরিতে হইবে।

[একাংশের ডিক্রী হইলে সেই স্থলের কথা।]

৪। যদি বাদির দাওয়ার কেবল এক অংশ সম্পর্কে মোকদ্দমার কি প্রার্থনার কি দাওয়ার ডিক্রী হয় এবং অন্য অংশ সম্পর্কে ডিসমিস হয় কি প্রতিবাদির পক্ষে ডিক্রী হয়, তবে বাদির এবং প্রতিবাদির উকীল কি এজেণ্ট যত ফী পাইবেন বাদী দাওয়ার যে অংশ সম্পর্কে কৃতার্থ হইয়াছেন কেবল সেই অংশের মূল্যানুসারে তাহা নিরূপণ হইবে।

[মোকদ্দমায় জয়ী হইলে যদি প্রার্থিত সমুদয় ক্ষতিক্ষমতার র আজ্ঞা না হয়, তবে সেই স্থলের কথা।]

৫। করাদায়ের আইনঅনুসারে ক্ষতিপূরণের মোকদ্দমায় যদি বাদী প্রার্থিত ক্ষতিপূরণের সমুদয় টাকা প্রাপ্ত না হন, তবে প্রার্থিত ক্ষতিপূরণের ও আজ্ঞামতে আদায় করা টাকার মধ্যে যত টাকার বিশেষ হয়, প্রতিবাদী তত টাকার উপলক্ষে উকীলের কি এজেণ্টের জন্যে কিছুই পাইবার স্বত্ববান্ হইবেন না। কিন্তু ক্ষতিপূরণের যত টাকা দাওয়া হইয়াছে তাহা অযুক্তিসিদ্ধ ও অতিরিক্ত আদালতের কি কার্য্যালয়ের অধিপতি ইহা বোধ করিয়া যদি সেই কি অন্য হেতুতে প্রতিবাদির উকীলের কি এজেণ্টের জন্যে তাহার ফী পাইবার আদেশ করেন, তবে পাইবেন। সেই হেতু নির্দ্দিষ্ট করিতে হইবে। ফী পাইবার বিশেষ অনুমতি হইলে বাদির ক্ষতিপূরণের যত টাকা অগ্রাহ্য হইয়াছে তদনুসারে সেই ফীর টাকা ধরিতে হইবে।

[সংযুত কি সাধারণ উত্তর হইলে সেই স্থলের কথা।]

৬। অনেক প্রতিবাদী সংসৃষ্ট কি সাধারণ স্বার্থবিশিষ্ট হইয়া যদি সংযুত প্রত্যুত্তর কিম্বা স্বতন্ত্র অথচ ভাবতঃ সমান উত্তর দিয়া কৃতার্থ হন, তবে আদালতের কি কার্য্যালয়ের অধিপতি কোন হেতুতে অন্যরূপ আজ্ঞা না করিলে কেবল এক জন উকীলের কি এজেণ্টের ফী পাইবার অনুমতি হইবে। সেই হেতু লিপিবদ্ধ করিতে হইবে। যদি কেবল এক জনের ফী দেওয়া যায় তবে প্রতিবাদিদের মধ্যে কোন্ ব্যক্তিকে দিতে হইবে, তাহা আজ্ঞা করিবেন কিম্বা যেমন উচিত বোধ করেন তেমনি প্রতিবাদিদের মধ্যে বণ্টন করিয়া দিবেন।

[When several defendants make separate defences.]

7. If several defendants, who have *separate* interests, set up *separate* and distinct defences and succeed thereon, a fee for one pleader or agent for each of the defendants who appear by a separate pleader or agent may be allowed in respect of his separate interest. Such fee, if allowed, shall be calculated upon the value of the separate interest of such defendant.

[In miscellaneous proceedings.]

8. The amount in respect of the fee of an adversary's pleader or agent when allowed in any miscellaneous proceeding, or for any other matter than that of appearing, acting or pleading in a suit or application, or other judicial or quasi judicial proceeding prior to decree shall be fixed by the Presiding Officer of the Court or Office according to the following scale, *viz:*—

In proceedings before the Board of Revenue or in the Court or Office of a Commissioner of Revenue, Rupees 10 to 80.

In the Court or Office of a District Officer, Rupees 4 to 16.

In the Court or Office of a Deputy Collector, Rupee 1 to Rupees 10.

[Undefended cases.]

9. In any suit, application or claim, in any Court or Office of *Original Jurisdiction* which is *undefended* the amount to be paid as the fee of the adversary's pleader or agent shall be calculated at one-half the sum at which it would have been charged had the suit been defended.

[Revival or rehearing of suit.]

10. In proceedings for, or consequent upon, the revival or rehearing of a suit, the pleader's or agent's fee, if allowed to the successful party, shall be fixed by the Presiding Officer of the Court or Office at an amount which shall not exceed one-half of the amount that would have been allowed by these rules in case of an original decree.

The fee allowed in respect of the revival or rehearing will be irrespective of any fee which may be included in any costs in respect of the original suit or proceeding which may be adjudged to the successful party by the judgment in review.

[Appeals.]

11. The amount to be allowed on account of the fees of an adversary's pleader or agent in an appeal, shall be calculated on the same scale as in original suits, and the principles of the above clauses as to original suits shall be applied, as nearly as may be, to appeals.

[*Government Gazette*, *26th June* 1866.]

[যে স্থলে অনেক প্রতিবাদী স্বতন্ত্র উত্তর করেন সেই স্থলের কথা।]

৭। অনেক প্রতিবাদির স্বতন্ত্র স্বার্থ হইয়া যদি স্বতন্ত্র ও পৃথক্ উত্তর উপস্থিত করিয়া কৃতার্থ হন, তবে সে২ প্রতিবাদী স্বতন্ত্র উকীলের কি এজেন্টের দ্বারা উপস্থিত হন, সেই প্রতিবাদির স্বতন্ত্র স্বার্থোপলক্ষে এক২ জন উকীলের কি এজেন্টের ফী দিবার অনুমতি হইতে পারিবে। তদ্রূপ অনুমতি হইলে ঐ প্রতিবাদির স্বতন্ত্র স্বার্থের মূল্যানুসারে ঐ ফী ধরিতে হইবে।

[বিবিধ কার্য্যের বিধি।]

৮। মোকদ্দমাঘটিত বিবিধ প্রকারের কোন কার্য্যেতে কিম্বা ডিক্রী হইবার পূর্ব্ব কোন মোকদ্দমায় কি প্রার্থনায় কিম্বা মোকদ্দমাঘটিত কার্য্যেতে কিম্বা মোকদ্দমাঘটিত কার্য্যবৎ কোন কার্য্যে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর কি সমর্থন করণভিন্ন যদি অন্য কার্য্যহেতুক বিপক্ষের উকীলের কি এজেন্টের ফীর উপলক্ষে টাকা দিবার অনুমতি হয়, তবে যত টাকা দেওয়া যাইবে তাহা আদালতের কি কার্য্যালয়ের অধিপতি নিম্ন লিখিত হারানুসারে নিরূপণ করিবেন।

রেবিনিউ বোর্ডের কিম্বা রাজস্বসম্পর্কীয় কমিস্যনরের আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত কার্য্যহেতুক ১০ অবধি ৮০ পর্য্যন্ত টাকা।

জিলার কার্য্যকারকের আদালতে কি কার্য্যালয়ে ৪ অবধি ১৬ পর্য্যন্ত টাকা।

ডেপুটী কালেক্টরের আদালতে কি কার্য্যালয়ে ১ [illegible] পর্য্যন্ত টাকা।

[যে মোকদ্দমার উত্তরবাদী নাই তাহার কথা।]

৯। আদৌ বিচারাধিপত্য বিশিষ্ট কোন আদালতে কি কার্য্যালয়ে কোন মোকদ্দমা কি প্রার্থনা কি দাওয়া উপস্থিত করা গেলে, যদি উত্তরবাদী না থাকে তবে বিপক্ষের উকীলের কি এজেন্টের প্রাপ্তব্য ফী নিরূপণ কালে উত্তরবাদী থাকিলে যত টাকা নিরূপণ হইত তাহার অর্দ্ধেক ধরিতে হইবে।

[মোকদ্দমা পুনরুত্থাপন কি পুনঃশ্রবণের কথা।]

১০। মোকদ্দমা পুনরুত্থাপন কি পুনঃশ্রবণ করণার্থে কি তৎফলস্বরূপে যে কার্য্য করা যায়, তাহাতে যদি জয়িপক্ষের উকীলকে কি এজেন্টকে ফী দিবার অনুমতি হয়, তবে আদৌ মোকদ্দমায় ডিক্রী হইলে এই বিধিমতে যত ফী নিরূপণ হইত আদালতের কি কার্য্যালয়ের অধিপতি তাহার অর্দ্ধেকের অনধিক টাকা নির্দ্ধার্য্য করিবেন।

পুনর্ব্বিচারের নিষ্পত্তিতে আদি স্থলের মোকদ্দমার কি মোকদ্দমাঘটিত কার্য্যের উপলক্ষে পরাজয়ি ব্যক্তির যে খরচ পাইবার আজ্ঞা হয় তৎসংক্রান্ত যে ফী ধরা যায়, মোকদ্দমা পুনরুত্থাপন কি পুনঃশ্রবণ করণোপলক্ষে তাহার স্বতন্ত্র ফী হইবে।

[আপীলের কথা।]

১১। আপীলী মোকদ্দমায় বিপক্ষের আপীলের কি এজেন্টের যত ফী দিতে হইবে ইহা আদৌ উপস্থিত মোকদ্দমার সমানহারে নিরূপণ হইবে। আদৌ উপস্থিত মোকদ্দমা সংক্রান্ত পূর্ব্বলিখিত প্রকরণের যে মূলবিধি তাহা আপীলী মোকদ্দমার প্রতি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে বর্ত্তিবে।

[Joint Appellants.]

12. When the interest of *Several Appellants* is *joint*, not more than one pleader's or agent's fee shall be allowed unless the Presiding Officer of the Court or Office shall otherwise order, for a reason to be recorded. If one fee only be allowed, the Presiding Officer of the Court or Office shall direct to which of the Appellants it shall be paid, or shall apportion it amongst the several Appellants in such proportions as he shall think fit.

[Several Respondents.]

13. If *several Respondents* in one appeal appear by *separate pleaders or agents*, in determining whether several pleaders or Agents' fees shall be allowed, the Presiding Officer of the Court or Office shall be guided by the principles laid down in Clauses 6 and 7.

14. If, in any instance, the payment of fees according to the preceding Clauses shall not appear to the Presiding Officer of any Court or Office to be just and equitable, he may exercise his discretion in charging the fee of the adversary's pleader in such manner as may appear just and equitable, but, whenever, in any case other than those provided for in Clause 8, an allowance is made for a pleader's or agent's fee [illegible] shall be calculated according to the Schedule appended in Clause 1.

By Order of the Board of Revenue, Lower Provinces,

R. B. CHAPMAN,
Secretary.

BOARD OF REVENUE,
The 5th June 1866.

[সহ আপেলান্টদের কথা।]

১২। আপেলান্টদের মধ্যে যদি অনেক ব্যক্তির সাধারণ স্বার্থ থাকে, তবে একের অধিক উকীলের কি এজেন্টের ফী পাইবার অনুমতি হইবে না। যদি আদালতের কি কার্য্যালয়ের অধিপতি অন্যরূপ আজ্ঞা করেন, তবে তাহার হেতু লিপিবদ্ধ করিতে হইবে। যদি কেবল এক ফীর অনুমতি হয়, তবে তাহা আপেলান্টদের মধ্যে কোন্ ব্যক্তিকে দিতে হইবে, আদালতের কি কার্য্যালয়ের অধিপতি সেই কথা নিরূপণ করিবেন কিম্বা আপনি যেমত উচিত বোধ করেন সেইমতে নানা আপেলান্টদের মধ্যে তাহা বণ্টন করিবেন।

[অনেক রেস্পাণ্ডেণ্ট থাকিলে তাহার কথা।]

১৩। যদি এক আপীলী মোকদ্দমায় অনেক রেস্পাণ্ডেণ্ট স্বতন্ত্র উকীল কি এজেন্টের দ্বারা উপস্থিত হন, তবে অনেক উকীলের কি এজেন্টের ফী দিতে হয় কি না ইহা নির্ণয় করিবার জন্যে আদালতের কি কার্য্যালয়ের অধিপতি ৬ ও ৭ ধারার অবধারিত নিয়ম দৃষ্টি করিবেন।

১৪। যদি কোন গতিকে কোন আদালতের কি কার্য্যালয়ের অধিপতির বিবেচনায় পূর্ব্বলিখিত কোন প্রকরণানুসারে ফী দেওয়া অযথার্থ কি অন্যায় হয়, তবে তিনি যে নিয়ম ন্যায় ও যথার্থ বোধ করেন, তদনুসারে বিপক্ষ পক্ষের উকীলের ফী গ্রহণ বিষয়ে স্বীয় বিচনামতে কার্য্য করিবেন। কিন্তু যদি ৮ প্রকরণের লিখিত স্থলভিন্ন অন্য স্থলে উকীলের কি এজেন্টের ফী পাইবার অনুমতি হয়, তবে যত টাকা দিতে হইবে ইহা ১ প্রকরণের লিখিত তফসীল অনুসারে নিরূপণ [illegible] হইবে।

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান, সেক্রেটরী

রেবিনিউ বোর্ড।
১৮৬৬ সাল ৫ জুন।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1122.

APPOINTMENTS.

The 30th May 1866.

The following gentlemen have been licensed, under Section 47, Part V., Act V. of 1865, to grant Certificates of Marriage between Native Christians being Converts from any religion in India :—

The Revd. Herman Onasch, Maunbhoom.
" Paul Struve, Singbhoom.
" Theodore Jellinghaus, Lohardugga.

The 7th June 1866.

Mr. H. Rattray, Deputy Magistrate and Deputy Collector of Dacca, is transferred to Mymensing,

বঙ্গদেশের শ্রীযুত লেপ্‌টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১১২২ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ৩০ মে।

ভারতবর্ষের কোন ধর্ম্মের পরিবর্ত্তে যাঁহারা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী হন তাঁহাদিগকে বিবাহের সর্টিফিকুট দিতে পশ্চাৎ লিখিত মহাশয়েরা ১৮৬৫ সালের ৫ আইনের পঞ্চম খণ্ডের ৪৭ ধারামতে অনুমতিপত্র পাইয়াছেন, অর্থাৎ—

মান্‌ভূমের পাদ্‌রী শ্রীযুত হার্ম্মন ওনাশ সাহেব।
সিংহভূমের পাদ্‌রী শ্রীযুত পাল ষ্ট্রুব সাহেব।
লোহারডগার পাদরী শ্রীযুত থিওডোর্ জালিঙ্‌হাস সাহেব।

১৮৬৬ সাল ৭ জুন।

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ রাট্রে সাহেব ময়মুনসিংহে নিযুক্ত হইয়া

and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

Mr. R. S. T. McEwen to be Clerk of the Calcutta Court of Small Causes.

The 8th June 1866.

Baboo Kamalakant Bysack, Deputy Magistrate and Deputy Collector of Gya, is transferred to Midnapore, and vested with the powers of a Magistrate in the latter District.

Moulvy Hameeooddeen, Deputy Magistrate and Deputy Collector of Midnapore, is transferred to Gya, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

Mr. J. B. S. Millie is promoted to the Second Grade of Assistant Superintendents of Police.

The 9th June 1866.

Mr. A. H. Jones to have charge of the office of District Superintendent of Police, Nowgong, during the absence, on leave, of Mr. C. H. Malpas, or until further orders.

Baboo Kedarnath Mozoomdar, B. L., to be a Member of the Local Committee of Public Instruction at Baraset.

The 11th June 1866.

Mr. J. G. Pughe to be a Municipal Commissioner for the Town of Monghyr.

The 12th June 1866.

Mr. T. M. Kirkwood, Assistant Magistrate and Collector, is transferred from Hooghly to Cuttack, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class, and Deputy Collector in the latter District.

Mr. R. F. Rampini, Assistant Magistrate and Collector, is transferred from Moorshedabad to Balasore, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class and Deputy Collector in the latter District.

Mr. G. M. Currie, Assistant Magistrate and Collector, is transferred from Purneah to Pooree, and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in the latter District.

Mr. D. R. Lyall, Assistant Magistrate and Deputy Collector of Moonsheegunge, is vested with the powers of a Magistrate in Dacca.

Mr. F. J. G. Campbell, Assistant Magistrate and Collector, Mymensing, is vested with the powers of a Deputy Collector under Act X. of 1859 in that District.

Baboo Doorjodhun Dass, Deputy Magistrate and Deputy Collector of Kendraparah, is vested with the powers of a Magistrate in Cuttack.

The 13th June 1866.

Baboo Brohmonath Sen to be a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in Jessore,

ছেন এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত আর এস টি মাকুইউয়েন সাহেব কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ক্লার্ক হইবেন।

১৮৬৬ সাল ৮ জুন।

গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কমলাকান্ত বসাক মেদিনীপুরে নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী হামিউদ্দীন গয়ায় নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জে বি এস মিলি সাহেব পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৬৬ সাল ৯ জুন।

শ্রীযুত সি এচ মালপাস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত এ এচ জোন্স সাহেব নৌগাঁয়ের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের কার্য্যালয়ের কর্ম্মের ভার পাইবেন।

শ্রীযুত বাবু কেদারনাথ মজুমদার বি, এল, বারাসতের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর এক জন মেম্বর হইবেন।

১৮৬৬ সাল ১১ জুন।

শ্রীযুত জে জি পিউ সাহেব মুঙ্গের নগরের এক জন মুনিসিপল কমিসানর হইবেন।

১৮৬৬ সাল ১২ জুন।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত টি এম কর্কউড সাহেব হুগলীহইতে কটকে নিযুক্ত হইয়াছেন, এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেটের ও কালেক্টর শ্রীযুত আর এফ রাম্পিনি সাহেব মুরশিদাবাদহইতে বালেশ্বরে নিযুক্ত হইয়াছেন, এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি এম করি সাহেব পূরণিয়াহইতে পুরীতে নিযুক্ত হইয়াছেন, এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

মুনশীগঞ্জের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডি আর লায়েল সাহেব ঢাকায় মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ময়মনসিংহের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ জে জি কাম্বেল সাহেব ঐ জিলাতে ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

কেন্দ্রপাড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দুর্য্যোধন দাস কটকে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৩ জুন।

শ্রীযুত বাবু ব্রহ্মনাথ সেন যশোহরে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন। ও ঐ জিলাতে

and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

Baboo Kristobehary Mookerjee, Deputy Magistrate and Deputy Collector of Jessore, is transferred to the 24-Pergunnahs, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

Mr. W. G. Black to officiate temporarily as a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in the 24-Pergunnahs, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

Mr. W. Cornish to officiate as District Superintendent of Police of Chumparun, during the absence, on leave, of Captain F. N. Miles, or until further orders.

Baboo Prosonno Chunder Gangooly to be a Member of the Local Committee of Public Instruction at Pooree.

Mr. E. V. Westmacott, Assistant Commissioner, Hazareebaugh, is transferred temporarily to Maunbhoom, and vested with the powers of a Magistrate, Deputy Collector, and Sudder Ameen in the latter District.

The 14th June 1866.

Baboo Umbica Churn Roy Chowdry, Deputy Magistrate and Deputy Collector of Bograh, is vested with the powers of a Magistrate in that District.

The 15th June 1866.

Mr. T. J. C Grant to officiate temporarily as Magistrate and Collector of Jessore.

Mr. H. M. Reily to officiate as District Superintendent of Police of Maldah, during the absence, on deputation, of Mr. W. P. Davis, or until further orders.

Lieutenant R. P. Davis to officiate as District Superintendent of Police of Howrah, during the absence, on deputation, of Captain W. Gordon, or until further orders.

The 16th June 1866.

Sub-Assistant Surgeon Kassee Kinkur Mitter to be Assistant to the Second Surgeon of the Calcutta Medical College Hospital.

Sub-Assistant Surgeon Nundo Coomar Mitter to have charge of the Pilgrim Hospital at Gya.

Captain A. Baker, Officiating Second Assistant, Master Attendant, to officiate temporarily as Agent for Government Transports.

Mr. W. C. Taylor, Deputy Magistrate and Deputy Collector of Sylhet, is transferred to Cuttack, and vested with the powers of a Magistrate in that District.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৬ জুন।]

অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণবেহারী মুখোপাধ্যায় ২৪ পরগনায় নিযুক্ত হইয়াছেন ও শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ জি ব্লাক সাহেব ২৪ পরগনায় কিয়ৎকালের নিমিত্তে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন। ও ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

কাপ্তান শ্রীযুত এফ এন মাইলস্ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ কর্ণিস সাহেব চাম্পারণের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু প্রসন্নচন্দ্র গঙ্গোপাধ্যায় পুরীতে সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর এক জন মেম্বর হইবেন।

হাজারীবাগের আসিষ্টাণ্ট কমিসনর শ্রীযুত ই বি ওয়েষ্টমাকট সাহেব কিয়ৎকালের নিমিত্তে মানভূমে নিযুক্ত হইয়াছেন, এবং শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৪ জুন।

বগুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অম্বিকাচরণ রায় চৌধুরী ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৫ জুন।

শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেব কিয়ৎকালের নিমিত্তে যশোহরের মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ পি ডেবিস সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে গমনজন্য অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ এম রাইলী সাহেব মালদহের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

কাপ্তান শ্রীযুত ডবলিউ গর্ডন সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে গমনজন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লেপ্টেনেণ্ট শ্রীযুত আর পি ডেবিস্ সাহেব হাবড়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১৬ জুন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত কাশীকিঙ্কর মিত্র কলিকাতার মেডিকাল কালেজ হাসপাতালের দ্বিতীয় চিকিৎসকের আসিষ্টাণ্ট হইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত নন্দকুমার মিত্র গয়ার যাত্রিদের হাসপাতালের কর্ম্মের ভার পাইবেন।

এক্টিং দ্বিতীয় আসিষ্টাণ্ট মাষ্টর আটেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত এ বেকর সাহেব কিয়ৎকালের নিমিত্তে গবর্ণমেণ্টের পক্ষ মজুর প্রেরণের এজেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীহট্টের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব কটকে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

Mr. J. R. Hallett to be an Assistant to the Magistrate and Collector of Tirhoot, to have charge of the Sub-Division of Moodhoobanee, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class and Deputy Collector in that District. Mr. Hallett is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

The 18th June 1866.

Mr. J. J. Livesay, Assistant Magistrate and Collector, Pooree, is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

The following Assistants to Magistrates and Collectors are empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose, *viz.* :—

Mr. J. Ward ... Cuttack.
,, T. M. Kirkwood ... ,,
,, R. F. Rampini ... Balasore.

Mr. H. H. Metcalfe is promoted to the Third Grade of the Subordinate Executive Service, and is appointed to be an Assistant Commissioner in the Sonthal Pergunnahs. Mr. Metcalfe will exercise the powers of a Magistrate in the Sonthal Pergunnahs.

LEAVE OF ABSENCE.

The 9th June 1866.

Mr. C. H. Malpas, Officiating District Superintendent of Police, Nowgong, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

The 12th June 1866.

Baboo Gopaul Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector of Jessore, for three weeks, under Section 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Mr. W. C. Taylor, Deputy Magistrate and Deputy Collector of Sylhet, for one month, under

শ্রীযুত জে আর হালেট সাহেব ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া মধুবনি শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন। এবং ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

১৮৬৬ সাল ১৮ জুন।

পুরীর আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে জে লাইবসে সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে এবং উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের নিম্ন লিখিত আসিষ্টাণ্ট সাহেবেরা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমার্পণ করিতে কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন, অর্থাৎ—

কটকের শ্রীযুত জে ওয়ার্ড সাহেব।
ঐ ঐ টি এম কর্কউড সাহেব।
বালেশ্বরের ঐ আর এফ রাম্পিনি সাহেব।

শ্রীযুত এচ এচ মেটকাফ সাহেব অধঃস্থ এক্সেকুটিবের তৃতীয় শ্রেণীভুক্ত হইয়া সাঁওতাল পরগনার আসিষ্টাণ্ট কমিসানরের পদে নিযুক্ত হইয়াছেন। তিনি সাঁওতাল পরগনায় মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ৯ জুন।

নৌগাঁয়ের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট স্থপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি এচ মালপাস সাহেব ভারতবর্ষের পক্ষ মন্ত্রিবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১২ জুন।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপালচন্দ্র সেন যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

শ্রীহট্টের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব ঐ মোকামে আপন

paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the time allowed him to join his appointment at that Station.

The 13th June 1866.

Captain F. N. Miles District Superintendent of Police, Chumparun, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 20th instant, or any subsequent date on which he may avail himself of the leave.

The 15th June 1866.

Mr. J. Monro, Officiating Magistrate and Collector of Jessore, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 1st proximo, or any other date on which he may avail himself of the leave.

Dr. W. G. Clark, Medical Officer of Gowhatty, for a fortnight, under Section 16 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. W. R. Pogson, Deputy Collector of Hooghly, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the 15th proximo, or any other date on which he may avail himself of the leave.

The 16th June 1866.

Baboo Bunkim Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector of Barripore, for six weeks, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave, making over charge of the Sub-Division to the Officiating Joint-Magistrate of the 24-Pergunnahs.

The 18th June 1866.

Serjeant H. Wray, Sub-Assistant Revenue Surveyor, Second Division, Lower Provinces, is allowed privilege leave for one month from the 1st instant.

NOTIFICATION.

The 15th June 1866.

It is hereby notified that the provisions of Act XX. of 1856 have been extended to the Town or Village of Raneegunge, in the Sub-Division of Arrareeah, in the District of Purneah

It is also notified, under Section IV. of the said Act, that the limits of the said Town for the purposes of the Act shall be as follows :—

East the river Kumla ; West the old bed of the Koosy ; North the revenue boundary of the resumed Mehal Raneegunge ; South a line drawn from the point where the Arrareah road crosses the Kumla along the southern limit of the Thannah compound to the ferry on the old Koosy on the road leading to Beernuggur.

Under Section 10 of the said Act it is hereby further notified that the tax to be levied in the

কর্ম্ম স্থানে পঁহুছিবার নিমিত্তে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৩ জুন।

চাম্পারণের পোলীসের ডিস্‌ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত এফ এম মাইলস সাহেব এই মাসের ২০ তারিখ অবধি অথবা তৎপরের যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৫ জুন।

যশোহরের একটিং মজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে মনরো সাহেব আগামি মাসের ১ তারিখ অবধি কিম্বা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

গৌহাটীর চিকিৎসক ডাক্তর শ্রীযুত ডবলিউ জি ক্লার্ক সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক পক্ষের ছুটী পাইয়াছেন।

হুগলীর ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ আর পগসন সাহেব আগামি মাসের ১৫ তারিখ অবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৬ জুন।

বারুইপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন। তিনি আপন শাখা খণ্ডের কর্ম্মের ভার ২৪-পরগনার একটিং জাইণ্টমাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিবেন।

১৮৬৬ সাল ১৮ জুন।

বঙ্গপ্রভৃতিদেশের দ্বিতীয় খণ্ডের সব-আসিস্টাণ্ট রেবিনিউ সরবেয়র সার্জ্জেণ্ট শ্রীযুত এচ রে সাহেব এই মাসের ১ তারিখঅবধি এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৫ জুন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৬ সালের ২০ আইন পূর্ণিয়া জিলার অন্তর্গত অররিয়া শাখাখণ্ডের রাণীগঞ্জ নগরে বা গ্রামে প্রবল করা গেল।

আরো উক্ত আইনের ৪ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে উক্ত নগরের নিম্ন লিখিত সীমা হইবে, যথা

পূর্ব্ব সীমা কমলা নদী, পশ্চিম সীমা কুশীনদীর প্রাচীন খাত, উত্তর সীমা বাজেআপ্ত রাণীগঞ্জ মহালের রাজস্ব সম্পর্কীয় সীমা, দক্ষিণ সীমা যে স্থানে অররিয়ার পথ কমলা নদী পার হয় সেই স্থান হইতে থানা বাড়ীর দক্ষিণ সীমা ধরিয়া বীরনগর গামি পথে প্রাচীন কুশী নদীর খেয়াঘাটপর্য্যন্ত যে রেখা টানা যায় তাহা।

উক্ত আইনের ১০ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে উক্ত নগরে যে টাক্স আদায় করিতে হইবে

said Town or Village shall be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same.

NOTIFICATION.

The 18*th June* 1866.

The Lieutenant-Governor having returned to the Presidency, all communications intended for this Government should be addressed to Calcutta until further notice.

DECLARATION UNDER ACT VI. OF 1857.

The 20*th June* 1866.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for the extension of the Police Station at Jumalpore, in the District of Monghyr, it is hereby notified that a piece of land, 10 cottahs, 10 dhoons of 5½ hauts per cottah, equivalent to 19 cottahs, 17 dhoons standard, situated in Mouzah Duryapore, Pergunnah Sukuhrapally, bounded on the West, South, and East by mâl lands of the village of Duryapore, and on the North by the Police Station of Jumalpore, is required for the said purpose.

This Declaration is made under Section 2 of Act VI. of 1857.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

LEAVE OF ABSENCE.

The 18*th June* 1866.

Baboo Hurish Chunder Mitter, Moonsiff of Cowcally, Zillah Backergunge, for one month, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, in extension of the leave granted on the 10th January last.

The 21*st June* 1866.

Baboo Prosunno Coomar Sein, Moonsiff of Chooadangah, Zillah Nuddea, for ten days, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, in extension of the leave granted on the 5th April last.

The 23*rd June* 1866.

Moulvie Nusseeroodeen Hyder, Moonsiff of Mendigunge, Zillah Backergunge, for one month, under paragraph 11 of the Uncovenanted Absentee

তাহা তন্নিবাসি ব্যক্তিদের অবস্থা ও রক্ষণীয় সম্পাত্ত্যনুসারে ধার্য্য হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৮ জুন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতায় প্রত্যাগমন করিয়াছেন, অতএব এই গবর্ণমেণ্টের সঙ্গে যে২ লিখন পঠন করা অভিপ্রায় তাহা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কলিকাতায় পাঠাইতে হইবে।

১৮৫৭ সালের ৬ আইনমতের বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২০ জুন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মুঙ্গের জিলার অন্তর্গত জামালপুরের পোলীস ষ্টেশন বৃদ্ধি কার্য্যার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে সুকুরাপালি পরগনার দরিয়াপুর মৌজায় স্থিত ৫৷৷ হাতি কাঠার ৷৷০ কাঠা ১০ ধুন অর্থাৎ চলিত মাপের ১৯ কাঠা ১৭ ধুন এক খণ্ড ভূমি পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে প্রয়োজন। উক্ত ভূমির পশ্চিম, দক্ষিণ ও পূর্ব্ব সীমা দরিয়াপুর গ্রামের মাল ভূমি, উত্তর সীমা জামালপুরের পোলীস ষ্টেশন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

ছুটী।

১৮৬৬ সাল ১৮ জুন।

বাকরগঞ্জ জিলার কৌখালির মুনসেফ শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র মিত্র গত জানুআরি মাসের ১০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২১ জুন।

নদীয়া জিলার চুয়াডাঙ্গার মুনসেফ শ্রীযুত বাবু প্রসন্নকুমার সেন গত আপ্রিল মাসের ৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৩ জুন।

বাকরগঞ্জ জিলার মেন্দিগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী নশীরুদ্দীন হয়দর অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়া-

Rules, placing the Sherishtadar in charge of the current duties of the Moonsiffship.

By Order,

L. R. TOTTENHAM,
Offg. Registrar.

HIGH COURT, &c.,
The 23rd June 1866.

ছেন। তিনি আপন চলিত মুনসেফী কর্ম্মের ভার সিরিশ্‌তাদারের প্রতি অর্পণ করিবেন।

আজ্ঞাক্রমে,

এল আর টটন্‌হাম,
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্ট,
১৮৬৬ সাল ২৩ জুন।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জেলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্‌টরী জেলা বর্দ্ধমান—এই যে,

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের নীচের লিখিত মহাল সন ১৮৬৬ সালের নাং ২৮ মার্চ মোং সন ১২৭২ সালের নাং চৈত্র তলবের সরকারি বাকী মালগুজারি আদায়ের নিমিত্তে সন ১৮৬৬ সালের ৫ জুলাই মোং সন ১২৭৩ সাল ২২ আষাঢ় বৃহস্পতিবার দিবসে দিবা দুই প্রহরের পর অত্র জেলার কালেক্‌টরি কাছারিতে ছানী নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ১৩ জুন।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৫১৭৭ নং তৌজী চর চণ্ডীপুর পরগনে জাহিঙ্গীরাবাদ মালিক কালীপ্রসাদ সিংহ রায়
সদর জমা .. ... ৫১১৬/১১টাকা

D. J. MCNEILE,
Collector.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

১৮৬৬ সালের ২০ আইন অর্থাৎ নিদর্শনপত্র রেজিষ্টরী করিবার আইন ও তৎসম্পর্কীয় সকল বিধি ও শুল্কপত্র একত্রে সংগৃহীত হইয়া পুস্তকাকারে শীঘ্র প্রকাশ হইবে। এই পুস্তক গ্রহণেচ্ছু মহাশয়েরা কলিকাতার বাঙ্গাল দফ্তরে গবর্ণমেণ্টের অনুবাদক সাহেবের আফিসে তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন, ডাক মাসুলসুদ্ধ মূল্য ।।০ মাত্র।

ইস্তাহার।

ভূমি সম্পত্তি ও ভূমির রাজস্বসংক্রান্ত আইন।

এই গ্রন্থের দ্বিতীয় ভাগ প্রকাশিত হইয়াছে মূল্য ২৲ টাকা। এই গ্রন্থের দুই খণ্ডেতে ভূমি ও রাজস্বসংক্রান্ত সমস্ত আইন ও নজীর সংগৃহীত হইয়াছে। জমীদার ও উকীলদিগের পক্ষে ইহা বিশেষ প্রয়োজনোপযোগী হইবেক। দুই ভাগের মূল্য ৬৲ টাকা গ্রাহকগণ আমার নামে হাই কোর্টে পত্র পাঠাইবেন।

শ্রী তারকনাথ দত্ত।

ইস্তাহার।

ইহার দ্বারা সর্ব্বসাধারণকে বিজ্ঞাপন করিতেছি যে বর্দ্ধমানের শ্রীলশ্রীযুক্ত মহারাজাধিরাজ বাহাদুরের জমীদারীর অন্তর্গত নিম্নের লিখিত মহল সকল আগত ১৪ আষাঢ় বুধবার দিবসে বর্দ্ধমানস্থ রাজধানীতে পত্তনি বিলি হইবেক, যে কেহ ঐ সকল মহল পত্তনি গ্রহণের ইচ্ছা রাখেন, তাঁহারা উক্ত দিবসে অত্র রাজধানীতে উপস্থিত হইয়া পত্তনি লওনের চেষ্টা করিতে পারেন ইতি।

যে কাছারির যে নম্বরের তৌজি ভুক্ত	জেলার সামিল	লাটের নাম	যে জমায় পূর্ব্বে পত্তনি বিলি ছিল তাহার সংখ্যা	যে কারণ বশতঃ খাস আছে তাহার বিবরণ
মোতালক হাবেলীর কাছারি ৬১১ নং তৌজী	বর্দ্ধমান	জঙ্গলগোপভূমি	২২৭॥৵৯	সন ১২৭১ সালের দ্বাজদোমাহির বাকিদারির নীলামে খাস হয়।
ঐ কাছারির ৪৪ নং তৌজী	ঐ	লাট সন্ধিপুর	৮৬২৸৵১১	৭ নং ডিক্রীজারির দেনাদার রাধাকীশোর বসু ও নবীনকৃষ্ণ বসুর দেনায় ২৩২৫ টাকা পোণে সন ১২৭২ সালের ১০ ফাল্গুন তারিখে সরকারের খাস ডাকে খরিদ হইয়াছে ইতি।
মোং দেওয়ান দপ্তর ৮৮ নং তৌজী	ঐ	লাট সাতগেছে	৮০০৲	এই লাট সন ১২৭৪ সাল ইজারা বিলি ছিল ইজারাদারের বাকীদারি নীলামে খাস হইয়াছে।
কাছারি ঐ ২৪ নং তৌজী	জেলা মুরসিদাবাদ	লাট তিড়গ্রাম গবর্ণমেন্টের সদর জমা ১০৫৩৮ টাকা	০	সন ১২৭২ সালের দ্বিতীয় কোয়াটরের নীলামে খরিদ হয় এই লাটে লোক নিযুক্ত হইয়া খাস আদায় হইতেছে।
কাছারি ঐ ১৫ নং তৌজী	জেলা দিনাজপুর	লাট বালিয়াডাঙ্গার রকম ৶৬॥ এই রকমের গবর্ণমেন্টের সদর মালগুজারি ১৫৫৸৶১ টাকা	০	সন ১২৭১ সালের তৃতীয় কোয়াটরের বাকীদারির নীলামে খরিদ হওয়ায় তহশীলদার নিযুক্ত হইয়া খাস আদায় হইতেছে।
মোং কাশীপুর ৩৫২ নং তৌজী	জেলা বর্দ্ধমান	লাট গোপালপুর	৪০২০৲	সন ১২৭২ সালের বাকীদারীর অষ্টমের নীলামে বর্ত্তমান সনে ২০২৫ টাকা পোণে খাস ডাকে খরিদ হয়।
কাছারি ঐ ২৯৩ নং তৌজী	জেলা হুগলী	লাট গঙ্গামনোহরপুর	৩৫১৯।৵৫	সন ১২৭২ সালে দ্বাজদোমাহির বাকিদারির অষ্টমের নীলামে সন ১২৭৩ সালে ১ জ্যৈষ্ঠ ১৬৩০৲ টাকা পোণে সরকারের খাস ডাকে খরিদ হয়।
কাছারি ঐ ৫৩৪ নং তৌজী	জেলা পশ্চিমাংশ বর্দ্ধমান	লাট শ্যামদাসপুর	৪১৪৸৵১১	এই লাট নাং সন ১২৭২ সাল ইজারা বিলি ছিল বর্ত্তমান সন হইতে খাস হইয়াছে।
মোং দেবোত্তরের সদর কাছারি ৪৭ নং তৌজী	বীরভূমি	দড়িমৌড়েশ্বর সংক্রান্ত হুজুরতহশিলী জমি হায় ১ দফা ও পরগণে তাং মল্লারপুর সংক্রান্ত জঙ্গল মহল হায় ১ দফা	৪২৪০৲	সন ১২৭২ সালের দ্বাজদোমাহির বাকী দারির অষ্টমের নীলামে খাস হয়।

এই সকল মহলের বিষয়ে যে কিছু বিশেষ সংবাদ জানিতে চাহেন, তিনি বর্দ্ধমান রাজধানী ফিনন্সীয়াল মেম্বরি সেরেস্তায় অনুসন্ধান করিলে জানিতে পারিবেন। ইতি সন ১২৭৩ সাল ১৫ জ্যৈষ্ঠ।

[*Government Gazette*, 26*th June* 1866.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এফ জে বার্গো সাহেবকর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 3, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৩ জুলাই।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

The following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 30th April 1866, and having been assented to by His Excellency the Governor General on the 4th June 1866, is hereby promulgated for general information:—

ACT No. X OF 1866.

An Act for the Improvement of the Port of Calcutta.

[Preamble.]

Whereas it is expedient that provision should be made for the construction and maintenance of warehouses, embankments, wharves, quays, jetties, piers, tramways, and other works in the Port of Calcutta, and for raising the funds necessary for such construction and maintenance, and for imposing tolls and rates on vessels and on goods landed and shipped; It is enacted as follows:—

[Interpretation.]

1. The following words and expressions shall have the meanings hereby assigned to them,

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের এই আইনেতে উক্ত মান্যবর সাহেব ১৮৬৬ সালের ৩০ আপ্রিল তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন, এবং মহামহিম শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ৪ জুন তারিখে তাহার অনুমোদন করেন। এইক্ষণে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৬ সালের ১০ আইন।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ আইন।

[হেতুবাদ।]

কলিকাতা বন্দরে আড়ং ও বাঁধ ও ঘাট ও পোস্তাঘাট ও ইষ্টকময় ও কাষ্ঠময় সেতুবন্ধ ও ট্রাম পথ ও অন্যান্য বিষয় প্রস্তুত ও রক্ষা করিবার বিধান করা, এবং তাহা প্রস্তুত ও রক্ষা করণার্থে যত অর্থের আবশ্যক তাহা সংগ্রহ করিবার বিধান এবং জাহাজ প্রভৃতির উপর ও তাহাতে যে মাল তোলা কি তাহাহইতে নামান যায় তাহার উপর মাস্তুল ও রেট ধার্য্য করিবার বিধান করা বিহিত, এই হেতুক নিম্ন লিখিত বিধান করা গেল।

[অর্থ করণের ধারা।]

১ ধারা। এই ধারাতে নিম্ন লিখিত শব্দের ও কথার যে অর্থ করা গিয়াছে পূর্ব্বাপর কথার দ্বারা বিপরীত

unless where a contrary intention shall appear from the context :—

["Justices."]

The word "Justices" shall mean "The Justices of the Peace for the Town of Calcutta," incorporated under Act VI of 1863, passed by the Lieutenant-Governor of Bengal in Council.

["Vessel."]

The word "Vessel" shall mean any ship, barge, boat, raft, or craft, or any other kind of vessel whatever, whether navigated by steam or otherwise.

["Land."]

The word "Land" shall include the bed of the river below high water mark.

["Pier."]

The word "Pier" shall include a floating pier.

["Wharf."]

The word "Wharf" shall include any bank or wall adjoining the river.

["Goods."]

The word "Goods" shall include wares and merchandize of every description.

["Port."]

The word "Port" shall mean the Port of Calcutta as at present, and from time to time to be, defined by declaration made by the Government of Bengal under Sections III and IV of Act XXII of 1855 *(for the regulation of Ports and Port-dues.)*

[Number.]

Words importing the singular number shall include the plural, and words importing the plural number shall include the singular.

[Who shall be Trustees.]

II. The Justices shall be the Trustees for the carrying out of the purposes of this Act. Provided that all property vested in or acquired by the Justices under or by virtue of this Act, and all moneys raised by or payable to them under or by virtue of this Act, shall be held in trust and be applied for the purposes of this Act, and not otherwise.

[The Committee of Justices.]

III. The immediate administration of the powers and trusts created and declared by this Act shall be vested in a Committee of the said Justices, who shall be nominated and appointed as hereinafter provided, and who shall be styled "The Committee of Justices for the Improvement of the Port of Calcutta." Wherever the term "Committee" is hereinafter used or employed, such term shall signify the said "Committee of Justices for the Improvement of the Port of Calcutta."

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৬ । ৩ জুলাই ।]

অভিপ্রায় দৃষ্ট না হইলে সেইং শব্দের ও কথার সেইং অর্থ হইবে ।

[জষ্টিস ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৩ সালের ৬ আইনমতে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ যে জষ্টিসেরা সমাবেত হন, জষ্টিস শব্দে তাঁহারদিগকে বুঝাইবে ।

[জাহাজপ্রভৃতি ।]

জাহাজপ্রভৃতি শব্দেতে কোন জাহাজ ও ভড় ও নৌকা ও ভেলা ও ক্ষুদ্র জাহাজপ্রভৃতি ও বাষ্পদ্বারা কি প্রকারান্তরে চালিত সকল প্রকারের নৌকাদি বুঝায় ।

[ভুমি ।]

ভূমি শব্দের মধ্যে জোয়ারের জল যত উর্দ্ধে উঠে সেই অবধি নদীর গর্ত্তও গণ্য ।

[সেতুবন্ধ ।]

সেতুবন্ধ শব্দের মধ্যে ভাসমান সেতু ধর্ত্তব্য ।

[ঘাট ।]

ঘাট শব্দের মধ্যে নদীর সন্নিহিত কোন তীর কি প্রচীরও ধর্ত্তব্য ।

[মাল ।]

মাল শব্দে সর্ব্বপ্রকারের বাণিজ্য দ্রব্য বুঝাইবে ।

[বন্দর ।]

বন্দর শব্দে কলিকাতার বর্ত্তমান বন্দর বুঝাইবে ও তন্মধ্যে বঙ্গদেশের গবর্ণমেন্ট সময়েং জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া বন্দর ও বন্দরের মাস্থলের বিধান করণার্থে ১৮৫৫ সালের ২২ আইনের ৩ ও ৪ ধারাক্রমে যে সীমা অবধারণ করেন সেই সীমার অন্তর্গত স্থানও গণ্য ।

[বচন ।]

একবচনান্ত শব্দের মধ্যে বহুবচনান্ত শব্দ ও বহুবচনান্ত শব্দের মধ্যে এক বচনান্ত শব্দও গণ্য ইতি ।

[ট্রষ্টী কে হইবেন ইহার কথা ।]

২ ধারা । এই আইনের অভিপ্রায় সাধন করিবার জন্যে জষ্টিসেরা ট্রষ্টি হইবেন । কিন্তু এই আইনমতে কি এই আইনের শক্তিক্রমে যত সম্পত্তি জষ্টিসদের প্রতি অর্পিত হয় কি তাঁহাদের দ্বারা প্রাপ্ত হওয়া যায়, এবং এই আইনক্রমে কি এই আইনের শক্তিতে তাঁহাদের দ্বারা যে সকল টাকা তোলা যায় কি তাঁহাদের প্রাপ্য হয়, তাহা তাঁহারা ন্যাসরূপে রাখিবেন, ও তাহা এই আইনের কার্য্যেতে বর্ত্তান যাইবে অন্য কার্য্যে নয় ইতি ।

[জষ্টিসদিগের কমিটীর কথা ।]

৩ ধারা । উক্ত জষ্টিসেরা নিম্ন লিখিত বিধিমতে কমিটী মনোনীত করিয়া নিযুক্ত করিবেন । তাঁহারা কলিকাতা বন্দরের সৌষ্ঠবার্থ জষ্টিসদের কমিটী নামে খ্যাত হইবেন । এই আইনেতে যে ক্ষমতা ও ন্যাস সৃষ্ট ও প্রকাশিত হয়, অব্যবহিতরূপে তাহার নিরূপণকার্য্যের ভার তাঁহাদের প্রতি অর্পিত হইবে । নিম্ন ভাগের যে স্থলে কমিটী শব্দের ব্যবহার কি প্রয়োগ হয়, তাহাতে কলিকাতা বন্দরের সৌষ্ঠবার্থ জষ্টিসেরদের কমিটীকে বুঝাইবে ইতি ।

[Constitution of Committee.]

IV. The Committee shall consist of ten Members, of whom the Chairman of the Justices shall always be Chairman; five others of such Members shall be elected by the Justices at a Special General Meeting; and the first of such elections shall be held and take place within a month after the passing of this Act; and the remaining four of such Members of the Committee shall be nominated and appointed from among the said Justices by the Lieutenant-Governor of Bengal.

[Vice-Chairman of Committee.]

V. The Committee shall, at a Meeting to be held within one month from the time of their appointment, nominate from among themselves a proper person to be Vice-Chairman of the Committee. Such nomination shall be subject to the approval of the Justices at a Specil General Meeting. In the event of any nomination made by the Committee not being approved of by the Justices or of any vacancy occurring in the Office of Vice-Chairman, the Committee shall forthwith proceed at a Meeting to make a fresh nomination and appointment, subject to the approval of the Justices, and so on from time to time. Such Vice-Chairman shall be removeable by the Justices by a Resolution in favor of which not less than two-thirds of the Justices present at a Special General Meeting shall have voted.

[Proceedings not to be invalidated by vacancy or informality of appointment.]

VI. No act or proceeding of the Committee shall be invalidated or illegal in consequence only of there being a vacancy in the number of Members of the Committee at the time of doing or executing such act or proceeding. And all proceedings of the Committee or of any person acting as a Member thereof in the *bonâ fide* belief that he was duly appointed and qualified, shall, notwithstanding it be afterwards discovered that there was some defect in the appointment of the Members of the Committee or person acting as aforesaid, or that they or any of them were disqualified, be as valid as if every such person had been duly appointed and was qualified to be a Member of the Committee.

[Disqualification of Member of Committee.]

VII. Every person who at any time after his election or appointment as a Member of the Committee shall be absent from six consecutive meetings without having the permission in that behalf of the Committee, or who having such permission shall be absent from the meetings for a period exceeding a year, and every person who at any time after his election as such Member shall accept or agree to accept any office or place of profit

[কাহারদিগকে লইয়া কমিটী হইবে ইহার কথা।]

৪ ধারা। দশ জনকে লইয়া কমিটী হইবে। ইহাদের মধ্যে জষ্টিসেরদের সভাপতি সর্ব্বদাই সভাপতি হইবেন। ও জষ্টিসেরা বিশেষ সাধারণ সভা করিয়া ঐ কমিটীর অন্য পাঁচ জনকে মনোনীত করিবেন। এই আইন প্রচলিত হইবার কালাবধি এক মাসের মধ্যে ঐ মনোনীত করণকার্য্য প্রথমবার হইবে। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ঐ জষ্টিসদের মধ্যহইতে অন্য চারি জনকে মনোনীত করিয়া কমিটীতে নিযুক্ত করিবেন ইতি।

[কমিটীর প্রতিনিধি সভাপতির কথা।]

৫ ধারা। কমিটী নিযুক্ত হইলে পর তাঁহারা এক মাসের মধ্যে সভা করিয়া কমিটীর প্রতিনিধি সভাপতি হইবার জন্যে আপনাদের মধ্য হইতে উপযুক্ত এক জনকে মনোনীত করিবেন। যাঁহাকে মনোনীত করেন তাঁহার নিয়োগ বিষয়ে বিশেষ সাধারণ সভায় জষ্টিসদের সম্মতির অপেক্ষা। কমিটী যাঁহাকে মনোনীত করেন তাঁহার বিষয়ে যদি জষ্টিসেরা সম্মত না হন কিম্বা যদি প্রতিনিধি সভাপতির পদ কোন সময়ে শূন্য হয়, তবে কমিটী অগৌণে সভা করিয়া নূতন ব্যক্তিকে মনোনীত ও নিযুক্ত করিতে প্রবর্ত্ত হইবেন, সেই ব্যক্তির নিয়োগ বিষয়েও জষ্টিসদের সম্মতির অপেক্ষা। সময়েং এই প্রকারে কর্ত্তব্য। বিশেষ সাধারণ সভায় যে জষ্টিসেরা উপস্থিত থাকেন, ন্যূনকল্পে তাঁহাদের তিন অংশের দুই অংশ লোক যদি ঐ প্রতিনিধি সভাপতির পদচ্যুত হওয়ার পক্ষে আপনাদের অভিমত জ্ঞাত করেন, তবে জষ্টিসেরা সেই মর্ম্মের নির্দ্ধারণ করিয়া তাঁহাকে দচ্যুত করিবেন ইতি।

[পদশূন্য হওয়াতে কিম্বা নিয়মের ব্যতিক্রমে নিয়োগ হওয়াতে কার্য্য অসিদ্ধ না হইবার কথা।]

৬ ধারা। কমিটী যে কোন কার্য্য কি ব্যাপার করেন তাহা করণ কি সম্পাদনকালে কমিটীর অন্তর্গত কোন ব্যক্তির পদশূন্য ছিল কেবল তৎপ্রযুক্ত সেই কার্য্য কি ব্যাপার অসিদ্ধ কি অবৈধ হইবে না। এবং কমিটী কিম্বা কমিটীর অন্তর্গত ব্যক্তিস্বরূপ যিনি কার্য্য করেন তিনি উপযুক্তমতে নিযুক্ত ও সক্ষম আছেন ইহা সরলভাবে বিশ্বাস করিয়া কোন কর্ম্ম করিলে সেই কমিটীর কিম্বা পূর্ব্বোক্তমতে কর্ম্মকারক ব্যক্তির নিয়োগ কার্য্যে কিছু ত্রুটি হইয়াছে কিম্বা তাঁহারা কি তাঁহাদের মধ্যে কোন ব্যক্তি অযোগ্য হইয়াছেন ইহা যদিও পশ্চাৎ প্রকাশ পায় তথাপি কমিটী হওনার্থে তদ্রূপ প্রত্যেক ব্যক্তির নিয়মিতরূপে নিযুক্ত ও সক্ষম হওনের ন্যায় সেই সকল কার্য্য সিদ্ধ হইবে ইতি।

[কমিটীর ব্যক্তিদের অযোগ্যতার কথা।]

৭ ধারা। যদি কোন ব্যক্তি কমিটীতে নিযুক্ত কি মনোনীত হওনের পর কোন সময়ে কমিটীর অনুমতিপ্রাপ্ত না হইয়া ক্রমশঃ ছয় সভাতে উপস্থিত না হন, কিম্বা অনুমতি পাইলেও এক বৎসরের অধিক কাল সভাতে উপস্থিত না হন, এবং যদি কোন ব্যক্তি কমিটীতে মনোনীত হওনের পর কোন সময়ে কমিটীর প্রতিনিধি সভাপতির পদভিন্ন এই আইনঅনুযায়ি লভ্যজনক কোন কর্ম্ম কি পদ গ্রহণ করেন কি গ্রহণ করিতে সম্মত হন, কিম্বা এই আইন-

under this Act, except the Office of Vice-Chairman of the Committee, or who shall participate or agree to participate in the profits of any work done by order of the Justices under this Act, or be concerned or participate in the profits of any contract entered into with the Justices under this Act, shall thenceforth cease to be a Member of the Committee, and, his office shall thereupon become vacant. Provided always that no Member of the Committee shall vacate his office by reason only of his being a Shareholder in any Registered Company with which the Justices may enter into any contract, or by reason of his being interested in any loan of money to the Justices.

[Vacancy in Committee how filled up.]

VIII. Upon any vacancy occurring by the death or resignation of any Member of the Committee or by any Member becoming disqualified, such vacancy shall forthwith be filled up by the election of a new Member by the Justices at a Special General Meeting, in case the Member so dying, resigning, or becoming disqualified was a Member elected by them, or in case such Member was a Member nominated by the Lieutenant-Governor, then by the nomination and appointment by the Lieutenant-Governor of a new Member from among the Justices.

[Acting Member may be appointed during absence of Member of Committee.]

IX. When any Member of the Committee shall depart from Calcutta with an intention of being absent for a longer period than three months, or where any such Member shall have been so absent for a period exceeding three months, it shall be lawful for the Committee to elect and appoint any Justice to act in the place and room of such absent Member until he shall return to Calcutta, or until he shall cease to be a Member under the operation of Section VII of this Act by continued absence.

[Salaries and Fees of Chairman, Vice-Chairman, and Members of Committee.]

X. It shall be lawful for the Justices from time to time, subject to the approval of the Lieutenant-Governor, to determine whether any and what salaries and allowances shall be paid to the Chairman and Vice-Chairman of the Committee, and whether any and what fees shall be paid to the Members of the Committee for attendance at Meetings for transaction of the business of the Trust. Provided that, at the time of determining the fees to be paid as aforesaid, the Justices shall, subject to the same approval, declare the conditions under which such fees shall be payable.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩ জুলাই।]

মতে জষ্টিসদের আজ্ঞাক্রমে কৃত কোন কর্ম্মের লভ্যের অংশী হন কি অংশী হইতে সম্মত হন কিম্বা জষ্টিসদের সঙ্গে এই আইনমতে যে চুক্তি করা যায় সেই চুক্তি জন্য লভ্যেতে লিপ্ত হন কিম্বা অংশী হন, তবে তিনি সেই সময়াবধি কমিটীতে থাকিবেন না ও তৎকালেই তাঁহার সেই পদ শূন্য হইবে। কিন্তু জষ্টিসেরা কোন রেজিষ্টরী কোম্পানির সহিত কোন চুক্তি করিলে সেই রেজিষ্টরী কোম্পানির অংশী হওয়া প্রযুক্ত কিম্বা জষ্টিসদিগকে কোন ঋণ দেওয়া গেলে ঋণেতে সম্পার্ক থাকাপ্রযুক্ত কমিটীর কোন ব্যক্তির পদ শূন্য হইবে না ইতি।

[কমিটীর অন্তর্গত কোন ব্যক্তির পদ শূন্য হইলে তাহা পূর্ণ করিবার কথা।]

৮ ধারা। কমিটীর কোন ব্যক্তির মৃত্যু কি পদ ত্যাগ কিম্বা অযোগ্য হওয়াতে কোন পদ শূন্য হইলে, যিনি মরিলেন কি পদত্যাগ করিলেন কি অযোগ্য হইলেন তিনি যদি জষ্টিসদের মনোনীত লোক হন, তবে জষ্টিসেরা বিশেষ সাধারণ সভা করিয়া সেই পদে নূতন ব্যক্তিকে মনোনীত করিবেন। যদি সেই ব্যক্তি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কর্ত্তৃক মনোনীত হইয়া থাকেন, তবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব জষ্টিসদের মধ্যহইতে নূতন এক ব্যক্তিকে মনোনীত করিয়া নিযুক্ত করিবেন ইতি।

[কমিটীর কোন ব্যক্তির অনুপস্থানে, তাঁহার কর্ম্ম করণার্থে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিবার কথা।]

৯ ধারা। যদি কমিটীর কোন ব্যক্তি তিন মাসের অধিককাল অন্যত্র থাকিবার অভিপ্রায়ে কলিকাতাহইতে গমন করেন কিম্বা যদি তদ্রূপ কোন ব্যক্তি তিন মাসের অধিক কাল কলিকাতায় অবর্ত্তমান থাকেন, তবে তিনি যত কাল কলিকাতায় প্রত্যাগমন না করেন কিম্বা নিয়ত অনুপস্থিত হওনদ্বারা এই আইনের ৭ ধারার কার্য্যফলে তাহার সেই পদ যতকাল শূন্য না হয় ততকাল পর্য্যন্ত কমিটী সেই অনুপস্থিত ব্যক্তির স্থানে ও পরিবর্ত্তে কর্ম্মকরণার্থে কোন জষ্টিসকে মনোনীত করিয়া নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[সভাপতি ও প্রতিনিধি সভাপতি ও কমিটীর ব্যক্তিদের বেতনের ও শুল্কের কথা।]

১০ ধারা। কমিটীর সভাপতি ও প্রতিনিধি সভাপতি বেতন ও উপরি টাকা পাইবেন কি না ও পাইলে কত পাইবেন, এবং ন্যাসঘটিত কার্য্য সম্পাদনার্থ সভাতে উপস্থিত হইবার জন্যে কমিটীর ব্যক্তিদিগকে শুল্ক দাতব্য কি না ও দাতব্য হইলে কত দেওয়া যাইবে, এই২ বিষয় জষ্টিসেরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদনক্রমে সময়ে২ নিরূপণ করিবেন। পরন্তু পূর্ব্বোক্তমতে কত শুল্ক দেওয়া উচিত ইহা জষ্টিসেরা যখন নিরূপণ করিবেন, তখন যে নিয়মে সেই শুল্ক দাতব্য হইবে তাহাও পূর্ব্বোক্ত অনুমোদনক্রমে নিরূপণ করিবেন ইতি।

[Committee may appoint Sub-Committees.]

XI. The Committee may, from time to time by Resolution passed at a Meeting, appoint Sub-Committees of their number for carrying into effect any part of the provisions of this Act, with such powers, and under such instructions, directions, or limitation, as by such Resolution shall be defined, and on any such Sub-Committee three Members shall be a quorum, and the Committee shall have power to alter or discontinue any such Sub-Committee.

[Appointment and remuneration of Secretary, Engineer, &c.]

XII. The Committee may from time to time appoint a Secretary, and such Engineers, Surveyors, Collectors, Clerks, Subordinate Officers, and Servants, as they shall think necessary and proper to assist in the execution of this Act, and may, from time to time, suspend or remove any of such persons and appoint others in their place; and may with the sanction of the Justices at a Meeting, pay such allowances to the said persons respectively or in case of absence on leave such portion thereof, as they shall think reasonable.

[Penalty on Officers, &c., being interested in contracts, &c.]

XIII. *Clause* 1.—No Chairman or Vice-Chairman of the Committee, or Officer or Servant of the Justices under this Act, shall be in any wise concerned or interested in any contract or work made with or executed for the Justices under this Act; and if any such Chairman or Vice-Chairman, or other Officer or Servant, be so concerned or interested, he shall be incapable of afterwards holding or continuing in any office or employment under the Justices, and shall forfeit and pay the sum of five hundred Rupees, which may be recovered by suit by any person with full costs of suit: Provided that no person, being a shareholder of any Joint Stock Company established by or under the provisions of any Act of Parliament, or of the Government of India, or by Charter, shall be prevented from being employed as a Chairman, Vice-Chairman, or other Officer or Servant by reason of any contract between such Company and the Justices under this Act, or of any work executed by such Company.

Clause 2.—If any person employed under this Act, not being a Public Servant within the meaning of Section 21 of the Indian Penal Code, shall accept or obtain or agree to accept or attempt to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than legal remuneration, as a reward for doing or

[কমিটীকর্ত্তৃক সব-কমিটীর নিযুক্ত হইবার কথা।]

১১ ধারা। কমিটীর ব্যক্তিরা সময়েং সভাতে নির্দ্ধারণ করিয়া এই আইনের বিধানের কোনং অংশ সাধন করিবার জন্যে আপানাদের কএক জনকে সব-কমিটী নিযুক্ত করিতে পারিবেন, ও তাঁহারা যে ক্ষমতাক্রমে ও যে উপদেশ ও আদেশমতে ও যে সীমা মানিয়া সেই কর্ম্ম করিবেন তাহা সেই নির্দ্ধারণে অবধারিত হইবে, তদ্রূপ সব-কমিটীতে তিন জন উপস্থিত থাকিলে কার্য্য সাধ্য হয়, তদ্রূপ সব-কমিটীকে রহিত কি পরিবর্ত্তন করিতে কমিটীর ক্ষমতা থাকিবে ইতি।

[সেক্রেটারী ইঞ্জিনিয়র প্রভৃতিকে নিযুক্ত করিবার ও তাঁহাদের বেতনের কথা।]

১২ ধারা। কমিটী সময়েং সেক্রেটারীকে এবং এই আইন সম্পাদন কার্য্যে সাহায্য করণার্থে যে ইঞ্জিনিয়র ও সরবেয়র ও কালেক্টর ও লেখক ও অধীন কর্ম্মচারি ও চাকরদিগকে আবশ্যক ও উপযুক্ত বোধ করেন তাঁহারদিগকে নিযুক্ত করিতে পারিবেন ও সময়েং তাঁহাদের মধ্যে কোন ব্যক্তিকে অল্পকাল কি চিরকাল অপসর করিয়া তাঁহাদের স্থানে অন্য ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে পারিবেন। এবং সভাগত জষ্টিসদের অনুমতিক্রমে উক্ত ব্যক্তিদের যত বেতন কিম্বা ছুটী গ্রহণ করিলে বেতনের যে অংশ উপযুক্ত বোধ করেন তত বেতন দিবেন ইতি।

[কর্ম্মচারিগণপ্রভৃতি চুক্ত্যাদি কার্য্যাতে লিপ্ত হইলে তাহাদের দণ্ডের কথা।।

১৩ ধারা। ১ প্রকরণ। এই আইনঅনুসারে জষ্টিসদের সঙ্গে যে কোন চুক্তি করা যায় কিম্বা তাঁহাদের নিমিত্তে যে কোন কর্ম্ম সম্পাদন হয় তাহাতে এই আইন অনুযায়ি কমিটীর কোন সভাপতি কি প্রতিনিধি সভাপতি কিম্বা জষ্টিসদের কোন কর্ম্মচারী কি চাকর কোন প্রকারে লিপ্ত কি সম্পর্ক বিশিষ্ট হইবেন না, যদি কোন সভাপতি কি প্রতিনিধি সভাপতি কি অন্য কর্ম্মচারি কি চাকর তদ্রূপে সম্পর্কযুক্ত কি লিপ্ত হন, তবে তিনি তৎপরে জষ্টিসদের অধীন কোন পদ কি কর্ম্ম ধারণ করিতে ও কোন পদে কি কর্ম্মে থাকিতে পারিবেন না এবং তাঁহার পাঁচ শত টাকা দণ্ড হইয়া তাঁহার সেই টাকা দিতে হইবে নতুবা কোন ব্যক্তি মোকদ্দমা করিয়া মোকদ্দমার সম্পূর্ণ খরচ সহিত ঐ টাকা আদায় করিতে পারিবেন। পরন্তু পার্লিমেণ্টের কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন আইনের দ্বারা কি আইনের বিধানক্রমে কিম্বা চার্টরদ্বারা যে কোন জাইণ্ট-ষ্টাক কোম্পানি সংস্থাপিত হয় সেই কোম্পানির সঙ্গে এই আইন অনুযায়ি জষ্টিসদের কোন চুক্তি হইলেও কিম্বা সেই কোম্পানি কর্ত্তৃক কোন কর্ম্ম সম্পাদন হইলেও সেই কোম্পানির অংশী হওয়া প্রযুক্ত সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি অন্য কর্ম্মচারির কি চাকরের কর্ম্ম করিতে কোন ব্যক্তির বাধা হইবেন না।

২ প্রকরণ। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২১ ধারার অর্থক্রমে যিনি রাজকীয় কার্য্যকারক নহেন এমত কোন ব্যক্তি যদি আইনমতের বেতন ভিন্ন কোন কর্ম্ম করিবার কি করিতে ক্ষান্ত হইবার পুরস্কারস্বরূপে কিম্বা আপনার পদসম্পর্কীয় কর্ম্ম সম্পাদন কালে কোন ব্যক্তির প্রতি অনুগ্রহ কি নিগ্রহ করিবার কি করিতে ক্ষান্ত হইবার পুরস্কার-

forbearing to do any official act, or for showing or forbearing to show, in the exercise of his official functions, favor or disfavor to any person or for rendering or attempting to render any service or disservice to any person with the Justices or Committee, or with any Public Servant, or with the Government, as such, he shall be liable to the same punishment as is, in that behalf provided by the said Section 21 of the Indian Penal Code in the case of Public Servants.

[Leave of absence may be granted to Vice-Chairman. Proviso.]

XIV. It shall be lawful for the Justices at a Meeting to grant, to with the sanction of the Lieutenant-Governor of Bengal, such leave of absence to the Vice-Chairman of the Committee, and to make such arrangements for carrying on the duties of his office during his absence on leave, as shall to them seem proper. Any person appointed under this Section to act for the Vice-Chairman, shall, while so acting, have all the powers and be liable to all the restrictions and limitations which the Vice-Chairman would under this Act have and be liable to. In any case in which leave of absence shall be granted as aforesaid, the Justices may at a Meeting with the sanction of the Lieutenant-Governor of Bengal, pay to the Vice-Chairman such allowance during absence on leave as shall to them seem proper. Provided that no greater expenditure shall be in any case incurred in the whole by reason of any such allowance, or of any allowance paid upon the absence on leave of any Officer or Servant of the Justices under this Act, than would have been incurred had no leave been granted.

[Ordinary Meetings of Justices.]

XV. The Justices shall hold two Meetings in every year at which shall be transacted the general business relating to the Trust. At each such Meeting the accounts of the Trust for the previous half-year made up to the first day of the month in which such Meeting is held, shall be produced and exhibited for the inspection and satisfaction of the Justices. Such Meetings shall be held upon the same day as the Quarterly Meetings of the Justices in January and July, and at the conclusion of such Meetings.

[Special Meeting of Justices.]

XVI. The Chairman, or, in his absence, the Vice-Chairman of the Committee, may whenever he thinks fit, and shall upon a requisition in writing signed by any ten Justices or by any three Members of the Committee, call a Special General Meeting of the Justices under this Act. Such Meeting shall be held within twenty-one days of the receipt of such requisition. And

স্বরূপে কিম্বা জষ্টিসদিগকে কি কমিটীকে কিম্বা রাজকীয় কোন কার্য্যকারককে কিম্বা গবর্ণমেন্টকে অনুরোধ করিয়া কোন ব্যক্তির উপকার কি অনুপকার করিবার কি করিতে উদ্যোগ করিবার পুরস্কারস্বরূপে কোন ব্যক্তির স্থানে আপনার কি অন্য কোন কাহার নিমিত্তে কোন পারিতোষিক গ্রহণ করেন কি লন কি গ্রহণ করিতে সম্মত হন, কি লইতে উদ্যোগ করেন, তবে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের উক্ত ২১ ধারাতে সেইং দোষোপলক্ষে রাজকীয় কার্য্যকারকদের যে বিধান হইল তিনি সেই দণ্ডের যোগ্য হইবেন ইতি।

[প্রতিনিধি সভাপতির ছুটী পাইতে পারিবার কথা ও উপবিধি।]

১৪ ধারা। জষ্টিসেরা সভাগত হইয়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে কমিটীর প্রতিনিধি সভাপতিকে যত দিন ছুটী দেওয়া বিহিত বোধ করেন তত দিনের ছুটী দিতে পারিবেন, এবং ছুটীক্রমে তাঁহার অনুপস্থান কালে তাঁহার পদের কর্ম্ম চালাইবার যে নিয়ম উচিত বোধ করেন করিতে পারিবেন। এই ধারামতে যে ব্যক্তি প্রতিনিধি সভাপতির পরিবর্ত্তে কর্ম্ম করিতে নিযুক্ত হন এই আইনমতে প্রতিনিধি সভাপতির যে সকল ক্ষমতা হয় ও তাঁহার প্রতি কার্য্যপক্ষে যে সকল নিষেধ ও সীমা বর্ত্তে সেই ব্যক্তিও ঐ কর্ম্ম নির্ব্বাহ করণ কালে সেই সকল ক্ষমতাপন্ন হইবেন ও তাঁহার প্রতি সেই নিষেধ ও সীমা বর্ত্তিবে। পূর্ব্বোক্তমতে ছুটী দেওয়া গেলে প্রতিনিধি সভাপতির ছুটীর কালে জষ্টিসদের বিবেচনায় তাঁহার যত বৃত্তি পাওয়া উচিত তাহা জষ্টিসেরা সভা করিয়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে প্রতিনিধি সভাপতিকে দিবেন। পরন্তু ছুটী না দেওয়া গেলে যত টাকা ব্যয় হইত তাঁহাকে সেই বৃত্তি দাওয়া প্রযুক্ত কিম্বা এই আইন অনুসারে জষ্টিসদের কোন কর্ম্মচারির কি চাকরের ছুটীর কালে তাঁহার কোন বৃত্তি দেওয়া প্রযুক্ত সর্ব্বসুদ্ধ তাহার অধিক ব্যয় না হয় ইতি।

[জষ্টিসরদের সাধারণ সভার কথা।]

১৫ ধারা। জষ্টিসেরা ন্যাসসম্পর্কীয় সাধারণ কার্য্য নির্ব্বাহ করিবার জন্যে প্রতিবৎসর দুইবার সভা করিবেন ঐ সভা যে মাসে হয় তাহার প্রথম দিন পর্য্যন্ত ঐ ন্যাস সম্পর্কীয় পূর্ব্ব ছয় মাসের হিসাব জষ্টিসেরদের দৃষ্টি করিবার ও হৃদ্বোধমতে জ্ঞাত হইবার নিমিত্তে অর্পিত হইয়া প্রকাশ করা যাইবে। জষ্টিসেরা জানুআরি ও জুলাই মাসের যে দিনে ত্রৈমাসিক সভা করেন সেই দিনে ঐ সভার কার্য্য সমাপ্ত হইলে পর পূর্ব্বোক্ত সভা হইবে ইতি।

[জষ্টিসদের বিশেষ সভার কথা।]

১৬ ধারা। কমিটীর সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি যখন উচিত বোধ করেন তখন এই আইনমতে জষ্টিসদের বিশেষ সাধারণ সভার আমন্ত্রণ করিবেন এবং জষ্টিসদের দশ জনের কিম্বা কমিটীর অন্তর্গত তিন জনের স্বাক্ষরিত পত্রক্রমে আদেশ পাইলে তিনি অবশ্য তদ্রূপ সভার আমন্ত্রণ করিবেন। ঐ আদেশ পাইলে পর একবিংশ দিনের মধ্যে ঐ সভা হইবে এবং ঐ সভা হইবার পূর্ব্ব ন্যূনকল্প সাত

previous to the holding thereof seven clear days' notice at least, specifying the time and place of such intended Meeting, and the purpose for which it is to be held, shall be given by Advertisement in the Calcutta Gazette, and in at least two of the Daily English Papers published in Calcutta.

[What business to be transacted at Special General Meetings of Justices]

XVII. No business shall be brought before or transacted at any such Special General Meeting of the Justices under this Act other than the business specified in the notice given under the last preceding Section: Provided always that any Justice may submit to a Special General Meeting any Resolution relating to matters beyond those mentioned in the notice given of such Meeting, if he shall have given not less than three clear days' previous notice of his intention so to do, by leaving a copy of the Resolution at the Office of the Justices.

[Who shall preside at Meetings.]

XVIII. The Chairman and Vice-Chairman of the Committee shall attend all Meetings of the Justice held under this Act, unless prevented by sickness or other reasonable cause; and the Chairman, or in his absence, the Vice-Chairman, shall preside at every such Meeting, and shall have a second or casting vote in all cases of equality of votes. In the absence of both the Chairman and Vice-Chairman, the Justices present at any Meeting may chose one of their number to preside. The President of any Meeting at which a quorum of the Justices shall be present may, with the consent of the Meeting, adjourn the Meeting from time to time and from place to place. But no business shall be transacted at any adjourned Meeting other than the business left unfinished at the Meeting from which such adjournment took place.

[What shall constitute a quorum at a Meeting of Justices.]

XIX. No business shall be transacted at any Meeting of the Justices under this Act unless a quorum of at least twenty-five Justices be present: Provided always that, if at any such Meeting there shall not be a sufficient number of Justices present to form a quorum, the President shall adjourn the Meeting to such convenient time and place as he shall think fit; and the business which would have been brought before the original Meeting had there been a quorum present, shall be brought before, and disposed of by the adjourned Meeting in the usual manner, whether there be a quorum of Justices present at such adjourned Meeting or not.

[*Government Gazette*, 3rd *July* 1866.]

দিন থাকিতে ঐ সভা যে স্থানে ও যে সময়ে ও যে অভিপ্রায়ে হইবে ইহার সংবাদ কলিকাতা গেজেটে এবং কলিকাতায় প্রকাশিত ইংলণ্ডীয় দুইখান প্রাত্যহিক সম্বাদপত্রে প্রকাশ করা যাইবে ইতি।

[জষ্টিসদের বিশেষ সাধারণ সভাতে যে কার্য্য নির্ব্বাহ হইবে তাহার কথা।]

১৭ ধারা। ইহার পূর্ব্বধারামতে যে জ্ঞাপনপত্র প্রকাশ করা যায় তন্মধ্যে যে কর্ম্ম নির্দ্দিষ্ট থাকে তদ্ভিন্ন কোন কার্য্য এই আইনঅনুযায়ি জষ্টিসদের তদ্রূপ বিশেষ কোন সাধারণ সভার গোচর করা যাইবে না ও সেই সভায় নিষ্পাদন হইবে না। কিন্তু ঐ সভার জ্ঞাপনপত্রেতে যে বিষয়ের উল্লেখ হইয়াছিল যদি কোন জষ্টিস তদ্ভিন্ন কোন বিষয় উপস্থিত করিতে ইচ্ছুক হইয়া সেই বিষয় সম্পর্কীয় নির্দ্ধারণের প্রতিলিপি জষ্টিসদের কার্য্যালয়ে দিয়া ন্যূনকল্পে তিন দিন পূর্ব্বে আপনার সেই অভিপ্রায় জ্ঞাত করেন, তবে বিশেষ সাধারণ সভার সম্মুখে সেই নির্দ্ধারণ অর্পণ করিতে পারিবেন ইতি।

[সভাতে কে আধিপত্য করিবেন ইহার কথা।]

১৮ ধারা। পীড়া কিম্বা অন্য যুক্তিসিদ্ধ হেতুতে নিবারিত না হইলে কমিটীর সভাপতি ও প্রতিনিধি সভাপতি জষ্টিসদের সকল সভায় উপস্থিত হইবেন, তদ্রূপ প্রত্যেক সভায় সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি আধিপত্য করিবেন, এবং যে সকল স্থলে দুই পক্ষীয় ব্যক্তিদের সমান সংখ্যক অভিমত হয় সেই স্থলে তাঁহার মত প্রবল হইবে। সভাপতি ও প্রতিনিধি সভাপতি দুই জনে অনুপস্থিত থাকিলে যে জষ্টিসেরা উপস্থিত আছেন তাঁহারা আপনাদের এক জনকে আধিপত্য করণার্থে মনোনীত করিতে পারিবেন। জষ্টিসদের যত জন উপস্থিত হইলে কর্ম্ম সম্পাদনীয় হয় কোন সভাতে তত জন বর্ত্তমান থাকিলে সভাপতি সভার অনুমতি লইয়া সভা করিবার অন্য স্থান ও সময় নিরূপণ করিতে পারিবেন। কিন্তু যে সভার কর্ম্ম নির্ব্বাহ করণার্থে দিনান্তর নিরূপণ করা যায় ঐ দিনান্তরের সভাতে তদ্ভিন্ন কার্য্য নির্ব্বাহ হইবেক না ইতি।

[জষ্টিসদের সভাতে কত জন থাকিলে কর্ম্ম সম্পাদনীয় হয় তাহার কথা।]

১৯ ধারা। জষ্টিসদের ন্যূনকল্পে পঁচিশ জন না থাকিলে এই আইনঅনুসারে জষ্টিসদের কোন সভায় কার্য্য সম্পাদন হইবেক না। কিন্তু কার্য্য সম্পাদনার্থে জষ্টিসদের যত জনের উপস্থিত হওয়া আবশ্যক কোন সভায় তত জন উপস্থিত না হইলে সভাপতি অন্য যে সময় ও স্থান উচিত বোধ করেন সেই সময়ে ও স্থানে সভা হইবার দিনান্তর নিরূপণ করিবেন এবং সেই প্রথম সভায় উপযুক্ত সংখ্যার ব্যক্তি উপস্থিত থাকিলে যে কর্ম্ম তাঁহাদের গোচর করা যাইত সেই দিনান্তরের সভাতে কর্ম্মসম্পাদনার্থ জষ্টিসদের আবশ্যক সংখ্যা উপস্থিত হইলে কি না হইলেও সেই কর্ম্ম বিধিমতে ঐ সভার সম্মুখে অর্পিত হইয়া নিষ্পাদিত হইবে ইতি।

[Minutes of Proceedings of Justices to be kept, and to be open for inspection.]

XX. Minutes of the proceedings of all Meetings of the Justices under this Act shall be drawn up and fairly entered in a book to be kept for that purpose, and shall be signed by the President after each Meeting; and the said Minutes shall, at all reasonable times, be open at the Office of the Justices to the inspection of any Justice without charge, and of any other person on payment of a fee of eight annas.

[Declaration of President that a resolution has been carried sufficient, unless poll be demanded.]

XXI. At any Meeting of the Justices, unless a poll be demanded by at least five Justices, a declaration by the President that a Resolution has been carried and an entry to that effect in the book of proceedings of the Justices, shall be sufficient evidence of the fact, without proof of the number or proportion of the votes recorded in favor of or against such Resolution.

[Poll how to be taken.]

XXII. If a poll be demanded as in the last preceding Section mentioned, or be taken at any Meeting of the Justices, the votes of the Justices present shall be taken by the President, and the result of such poll shall be deemed to be the Resolution of the Justices at such Meeting.

[Meetings of Committee.]

XXIII. The Committee shall meet for the transaction of business once at least in every fortnight. Such Meeting shall be held upon such day and at such hour as the Committee shall from time to time determine. At every Meeting of the Committee three Members shall constitute a quorum.

[Emergent Meetings may be called.]

XXIV. The Chairman or, in his absence, the Vice-Chairman of the Committee, may whenever he thinks fit, and shall upon request made in writing by three Members of the Committee, or two Members of a Sub-Committee, call an emergent Meeting of the said Committee or Sub-Committee as the case may be.

[Minutes of Proceedings to be kept.]

XXV. Minutes of the proceedings of all Meetings of the Committee shall be drawn up and fairly entered in a book to be kept for that purpose, and shall be signed by the President after each Meeting.

[Chairman alone to exercise powers of Committee.]

XXVI. For the better administration of the business of the Trust, it shall be lawful for the

[জষ্টিসদের কর্ম্মের মর্ম্মলিপি রাখিবার ও সকলের গোচর হইতে পারিবার কথা।]

২০ ধারা। এই আইনঅনুসারে জষ্টিসেরা সভা করিলে তাঁহাদের যে সকল কার্য্য হয় তাঁহার সংক্ষেপ লিপি রাখিবেন এবং একখান পুস্তক রাখিয়া সেই পুস্তকে ঐ লিপির পরিষ্কার প্রতিলিপি করিয়া প্রত্যেক সভার পরে সভাপতি তাহাতে স্বাক্ষর করিবেন। সেই মর্ম্মলিপির পুস্তক উপযুক্ত সকল সময়ে জষ্টিসদের কার্য্যালয়ে খোলা থাকিবে। কোন জষ্টিস বিনা মূল্যে তাহা দেখিতে পাইবেন, অন্যে আট আনা মূল্য দিয়া দেখিতে পাইবেন ইতি।

[কোন প্রস্তাব গ্রাহ্য হইয়াছে সভাপতি ইহা প্রকাশ করিলে যদি উভয় পক্ষীয় ব্যক্তিদের নাম লিখিবার আদেশ না হয়, তবে সভাপতির উক্তি প্রচুর হইবার কথা।]

২১ ধারা। জষ্টিসদের কোন সভাতে কোন প্রস্তাব গ্রাহ্য হইয়াছে সভাপতির এই উক্তি এবং জষ্টিসদের কার্য্যের মর্ম্মলিখিত পুস্তকে সেই অভিপ্রায়ে লিখিত কথা ঐ প্রস্তাব গ্রাহ্য হওয়ার প্রচুর প্রামাণ হইবে ও সেই প্রস্তাবের সপক্ষ কি বিপক্ষ যত জন অভিমত প্রাকাশ করিয়াছেন ন্যূন কল্প পাঁচ জন জষ্টিস তাঁহাদের সংখ্যা গ্রহণের আদেশ না করিলে তদ্দ্বারা ঐ প্রস্তাব গ্রাহ্য হওয়ার প্রমাণ করা প্রয়োজন নাই ইতি।

[সংখ্যা গ্রহণের নিয়মের কথা।]

২২ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে জষ্টিসদের কোন সভাতে যাঁহারা প্রস্তাবিত কোন কার্য্যের সপক্ষ কি বিপক্ষ হন তাঁহাদের সংখ্যা গ্রহণের আদেশ হইলে কিম্বা সংখ্যা গ্রহণ হইলে সভাপতি উপস্থিত প্রত্যেক জষ্টিসের অভিমত গ্রহণ করিবেন এবং তাঁহাদের অভিমত দ্বারা যে ফল প্রকাশ হয় তাহা ঐ সভাতে জষ্টিসদের নির্দ্ধারণ জ্ঞান হইবে ইতি।

[কমিটীর সভার কথা।]

২৩ ধারা। কমিটী কর্ম্ম সম্পাদনার্থে দুই সপ্তাহ অন্তর ন্যূন কল্পে একবার সভা করিবেন। কমিটী সময়ে২ যে দিন ও যে ঘণ্টা নির্দ্ধার্য্য করেন সেই দিনে ও সেই ঘণ্টায় সভা হইবে। কমিটীর প্রত্যেক সভায় কর্ম্ম সম্পাদনোপযুক্ত সংখ্যা তিন জন হইবে ইতি।

[আবশ্যক স্থলের সভার কথা।]

২৪ ধারা। কমিটীর সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি যখন ইচ্ছা করেন তখন উক্ত কমিটীর কিম্বা সব-কমিটীর আবশ্যক স্থলীয় সভার আমন্ত্রণ করিবেন, এবং কমিটীর তিন ব্যক্তি কিম্বা বিষয় বিশেষে সব-কমিটীর দুই ব্যক্তি লিখনদ্বারা তদ্রূপ সভা করিবার আদেশ করিলে অবশ্য করিবেন ইতি।

[কার্য্যের মর্ম্মলিপি রাখিবার কথা।]

২৫ ধারা। কমিটীর সকল সভাতে যে কার্য্য করা যায় তাহার মর্ম্মলিপি করা যাইবে এবং তাহা লিখিবার একখানি পুস্তক করিয়া তাহাতে সেই মর্ম্মলিপির পরিষ্কার প্রতিলিপি করা যাইবে ও প্রত্যেক সভার কার্য্য হইলে পর সভাপতি তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

[কমিটীর ক্ষমতামতে সভাপতির একক কার্য্য করিবার কথা।]

২৬ ধারা। ন্যাস সম্পর্কীয় কার্য্য অপেক্ষাকৃত উত্তমরূপে নিরূপণ করণার্থে কমিটী এই কর্ম্ম করিতে

Committee, with the sanction of the Justices, from time to time to frame and alter general or special Regulations empowering the Chairman alone to exercise all the powers by this Act vested in the Committee, or such of those powers as shall be specified in such Regulations, and defining the conditions and limitations (if any) under which such powers shall be exercised. Provided that no such Regulation shall affect the provisions of this Act as to Meetings, or empower the Chairman to act alone when his so doing would be clearly inconsistent with the provisions of this Act.

[Chairman or Vice-Chairman to attend daily for the transaction of business.]

XXVII. The Chairman or Vice-Chairman of the Committee or some person duly authorized in that behalf, shall, except upon such holidays as shall be allowed by Government, attend daily at the Office of the Trustees for the transaction of business connected with or arising under this Act.

[Powers of the Justices as to property.]

XXVIII. The Justices in their Corporate capacity shall for the purposes of this Act have power to acquire and hold immoveable or moveable property, whether within or without the limits of the Port, by conveyance, lease, assignment, or sale from the Governor General in Council or Lieutenant-Governor of Bengal on behalf of the Secretary of State for India in Council, or any Corporate body, or any Registered Joint Stock Company, or private person, and they shall also have power to lease, and with the sanction of the said Lieutenant-Governor to sell, any immoveable property which may have become vested in or been acquired by them but which is no longer required for the purposes of this Act.

[Power to contract.]

XXIX. The Committee may enter into contracts on behalf of the Justices with any Body Corporate, Registered Joint Stock Company, or private person, for the execution or supply by them or him of any works, labour, materials, machines, or stores, or for other matters necessary for carrying into effect the Trusts and purposes of this Act.

[Mode of executing contracts.]

XXX. Instruments and contracts on behalf of the Justices under this Act may be made and executed as follows :—

1.—Any instrument or contract which, if made between private persons, would by English law be required to be in writing under seal, shall be

সক্ষম হইবেন। তাঁহারা জষ্টিসদের অনুমতি লইয়া সময়ে২ বিশেষ কি সাধারণ বিধি প্রণয়ন করিয়া, এই আইনদ্বারা কমিটীর প্রতি যে সকল ক্ষমতা অর্পিত হইয়াছে সভাপতিকে একক সেই সকল ক্ষমতামতে কিম্বা ঐ বিধির নির্দ্দিষ্ট কোন২ ক্ষমতামতে কার্য্য করিবার শক্তি দিতে পারিবেন। ও তাঁহারা সময়ে২ সেই বিধির পরিবর্ত্তন করিতে পারিবেন। সভাপতি যে নিয়মমতে ও যে সীমা পর্য্যন্ত সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন তাহাও নিরূপণ করিতে পারিবেন। কিন্তু সভাবিষয়ক যে বিধান এই আইনেতে হইয়াছে তাহার কোন ব্যতিক্রম ঐ বিধিতে হইবে না কিম্বা যে স্থলে সভাপতির একক কর্ম্ম করা এই আইনের বিধানের স্পষ্টই অসঙ্গত হয় এমন স্থলে ঐ বিধিক্রমে একক কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইবেন না ইতি।

[কর্ম্ম সম্পাদনার্থে সভাপতির কি প্রতিনিধি সভাপতির প্রতিদিন উপস্থিত হইবার কথা।]

২৭ ধারা। গবর্ণমেণ্ট যে২ দিন ছুটীর অনুমতি দেন সেই২ দিন ভিন্ন কমিটীর সভাপতি কি প্রতিনিধি সভাপতি কিম্বা তাঁহাদের পক্ষে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি এই আইন সম্পর্কীয় কিম্বা এই আইনক্রমে উদিত কার্য্য নির্ব্বাহ করিবার জন্যে প্রতি দিন ট্রষ্টিদের কার্য্যালয়ে উপস্থিত হইবেন ইতি।

[সম্পত্তি বিষয়ক জষ্টিসদের ক্ষমতার কথা।]

২৮ ধারা। জষ্টিসেরা আপনাদের সমবায়িত অবস্থোপলক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কিম্বা কোন সমবায়িত সমাজের কিম্বা রেজিষ্টর করা কোন জাইণ্ট ষ্টাক কোম্পানির কি সাধারণ ব্যক্তির কৃত হস্তান্তর করণপত্র কি পাট্টা কি অর্পণপত্র কিম্বা বিক্রয়পত্রদ্বারা এই আইনের অভিপ্রায় সফল করণার্থে উক্ত বন্দরের সীমার অন্তর্গত কি বহির্ভূত স্থাবর কি অস্থাবর সম্পত্তিপ্রাপ্ত হইলে অধিকার করিতে পারিবেন এবং স্থাবর কোন সম্পত্তি তাঁহাদের প্রতি বর্ত্তিলে কিম্বা তাঁহারা প্রাপ্ত হইলে পর যদি এই আইনের কর্ম্মের নিমিত্তে তাঁহাদের সেই সম্পত্তিতে প্রয়োজন না থাকে, তবে তাঁহারা সেই সম্পত্তির পাট্টা দিতে পারিবেন এবং উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে বিক্রয়ও করিতে পারিবেন ইতি।

[চুক্তি গ্রহণ করিবার ক্ষমতার কথা।]

২৯ ধারা। কমিটী জষ্টিসদের পক্ষ হইয়া এই আইনের বলে ট্রষ্টস্বরূপ অর্পিত কার্য্য ও অভিপ্রায় সফল করণার্থে কোন সমবায়িত সমাজের কি রেজিষ্টরী জাইণ্টষ্টাক কোম্পানির কিম্বা সাধারণ ব্যক্তির নিকটে কোন কর্ম্ম সম্পাদনের কিম্বা পরিশ্রম কি বিষয় কি কল কি সামগ্রী কি আবশ্যক অন্য দ্রব্য যোগাইবার চুক্তি গ্রহণ করিতে পারিবেন ইতি।

[চুক্তি সম্পাদনের নিয়মের কথা।]

৩০ ধারা। এই আইনঅনুযায়ি জষ্টিসদের পক্ষে যে লেখ্য ও চুক্তিপত্র করা যায় তাহা নিম্নপ্রকারে লিখিত ও সম্পাদিত হইতে পারিবে।

১। সাধারণ ব্যক্তিদের মধ্যে হইলে যে কোন লেখ্য কি চুক্তি ইংলণ্ডীয় আইন অনুসারে লিখিত হইয়া মোহরাঙ্কিত হওয়া আবশ্যক তাহা ঐ জষ্টিসদের

made by the Justices in writing under their common seal, and in the same way shall be altered, rescinded, or released.

2.—Any instrument or contract which, if made between private persons, would require by English law to be in writing signed by the party to be charged therewith, shall be signed on behalf of the Justices by the Chairman, or, in his absence, by the Vice-Chairman, and by two Members of the Committee, and in the same way shall be altered or rescinded.

3.—Any contract which, if made between private persons, might by English law be made verbally, may be made verbally on behalf of the Justices by the Chairman, or, in his absence, by the Vice-Chairman, and by two Members of the Committee, and in the same way may be altered or rescinded.

[Committee may compound for breaches of contract, &c.]

XXXI. It shall be lawful for the Committee, by Resolution passed at a Meeting, to resolve to compound or compromise for or in respect of any claim or demand arising out of any contract entered into by them under the authority of this Act, or in respect of any action or suit instituted by or against them, for such sum of money or other compensation as they shall deem sufficient.

[Acquisition of land.]

XXXII. When the Justices are unable to acquire by agreement any land or building required for the purposes of this Act, the Government of Bengal in its discretion may declare that the land or building is needed for a public purpose, and may order proceedings for obtaining possession of the same for Government and for determining the compensation to be paid to the parties interested, according to any law in force for the acquisition of land for public purposes. Such land or building when acquired shall be conveyed to the Justices, on their paying the compensation awarded and all costs connected therewith.

[General nature of the works under the Act.]

XXXIII. The works and arrangements to be constructed and carried out by the Justices under the provisions of this Act may include :—

(i). Wharves, quays, stages, jetties, and piers, within the Port, with all necessary and convenient arches, drains, landing-places, stairs, and approaches.

(ii). Tramways, warehouses, and sheds for the conveying, receiving, and storing of goods and merchandize landed or to be shipped.

দ্বারা লিখনক্রমে ও তাঁহাদের সাধারণ মোহরে মোহরাঙ্কিত হইয়া করা যাইবে ও তদ্রূপে পরিবর্ত্তিত কি রহিত কি নিষ্পন্ন হইবে।

২। সাধারণ লোকদের মধ্যে হইলে, যে কোন লেখ্য কি চুক্তি ইঙ্গলণ্ডীয় আইনঅনুসারে লিখিত হইয়া, তাহাতে যে ব্যক্তি বদ্ধ আছেন তৎকর্ত্তৃক স্বাক্ষরিত হওয়া আবশ্যক, তাহা ঐ জষ্টিসদের পক্ষে সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি ও কমিটির দুই ব্যক্তিকর্ত্তৃক স্বাক্ষরিত হইবে, ও তদ্রূপে পরিবর্ত্তিত কি রহিত হইবে।

৩। সাধারণ ব্যক্তিদের মধ্যে হইলে যে চুক্তি ইঙ্গলণ্ডীয় আইনঅনুসারে বাচনিক হইতে পারে, তাহা ঐ জষ্টিসদের পক্ষে, সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি ও কমিটির দুই ব্যক্তিকর্ত্তৃক বাচনিক হইতে পারিবে, ও তাহা তত্তুল্যরূপে পরিবর্ত্তিত কি রহিত হইতে পারিবে ইতি।

[চুক্তিভঙ্গ হইলে কমিটীর রফা করিতে পারিবার কথা।]

৩১ ধারা। কমিটী এই আইনের শক্তিক্রমে যে কোন চুক্তি লইয়াছেন, কিম্বা তাঁহাদের দ্বারা কি তাঁহাদের নামে যে কোন মোকদ্দমা কি নালিশ হইয়াছে, তৎসম্পর্কে তাঁহারা সভা করিয়া নির্দ্ধারণ করত যত টাকা কি জষ্টিসেরা অন্য যে হানিপূরণ পর্য্যাপ্ত বোধ করেন সেই হানিপূরণ গ্রহণ করিয়া ঐ চুক্তি কি মোকদ্দমা জন্য দাওয়ার কি দাবীর রফা করিবার কি মৈত্রভাবে তাহা মিটাইয়া দিবার নির্দ্ধারণ করিতে পারিবেন ইতি।

[ভূমি গ্রহণের কথা।]

৩২ ধারা। এই আইনের অভিপ্রায়ার্থে যে কোন ভূমির কি কোটার প্রয়োজন হয়, তাহা যদি জষ্টিসেরা উভয় পক্ষের সম্মতিক্রমে প্রাপ্ত হইতে অক্ষম হন, তবে সেই ভূমি কি কোটা রাজকীয় কার্য্যার্থে প্রয়োজন বঙ্গদেশের গবর্ণমেন্ট স্বীয় বিবেচনামতে ইহা প্রকাশ করিয়া রাজকীয় কার্য্যের নিমিত্তে ভূমি গ্রহণ করিবার যে কোন আইন প্রবল থাকে, তদনুসারে গবর্ণমেন্টের নিমিত্তে ভূমি গ্রহণ করিয়া সম্পর্কবিশিষ্ট ব্যক্তিদের হানিপূরণার্থে যত টাকা দিতে হইবে তাহা নির্ণয় করিবার কার্য্য সম্পাদনের আজ্ঞা করিতে পারিবেন। সেই ভূমি কি কোটা প্রাপ্ত হইলে পর জষ্টিসেরা হানিপূরণের ঐ নির্ণীত টাকা ও তৎসম্পর্কীয় সমস্ত খরচ দিলে ঐ ভূমি কি কোটা তাঁহাদের হস্তে অর্পিত হইবে ইতি।

[আইনঅনুযায়ি কার্য্যের সাধারণ ভাবের কথা।]

৩৩ ধারা। এই আইনের বিধানক্রমে জষ্টিসদের যে কার্য্য ও নিয়ম নির্ব্বাহ ও সম্পাদন করিতে হইবে তন্মধ্যে এই২ কার্য্য গণ্য, যথা—

(১) বন্দরের মধ্যে ঘাট, ও পোস্তা ঘাট ও মঞ্চ ও ইষ্টক ও কাষ্ঠনির্ম্মিত সেতু ও তৎসহিত আবশ্যক ও সুবিধাজনক খিলান ও পয়োনালা ও উত্তরিবার স্থান ও সিঁড়ি ও অভিগম্য স্থান।

(২) যে মাল ও বণিক দ্রব্য সামান কি তোলা যাইবে তাহা বহন করিবার ও রাখিবার ও জমা করিবার ট্রাম পথ ও গুদাম ও শেড।

(iii). The laying down of moorings and the erection of cranes, scales, and all other necessary means and appliances for loading and unloading vessels.

(iv). The reclaiming, enclosing, and raising any part of the river bed within the Port and below high water mark which may be necessary for the execution of the works authorized by this Act.

(v). The construction and application of dredges and other machines for cleaning and improving the river bed within the aforesaid limits.

(vi). The construction of such works without the limits of the Port as shall be necessary for the protection of works executed under this Act.

[Justices to submit a general scheme of proposed works.]

XXXIV. Within six months from the passing of this Act, or such further time as the Lieutenant-Governor of Bengal shall in that behalf allow, the Justices shall submit to the Lieutenant-Governor a written scheme or proposal, with the necessary plans, sections, and elevations, exhibiting the general character of the works, constructions, machines, and arrangements proposed by the Justices for the improvement of the Port, and the estimated cost of such improvements so far as such cost can be fairly estimated without going into minute details. Until the scheme or proposal so submitted shall have received the approval of the Lieutenant-Governor of Bengal, the Justices shall not, except with express sanction in each case of the Lieutenant-Governor of Bengal, have power to commence any works or acquire any immoveable or moveable property under this Act.

[Lieutenant-Governor to enquire and approve of scheme.]

XXXV. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, in his discretion, to appoint a Commission of one or more persons, to enquire into the general nature and object of the said scheme, its probable untility and cost, and any other matter connected with the said scheme on which the said Lieutenant-Governor shall desire to be satisfied.

[Variations and additions in scheme.]

XXXVI. If any variations, omissions, or additions from or to the proposed scheme are required by the Government, the same shall be adopted by the Justices, and when the said scheme or proposal as submitted, or subject to such omissions, alterations, or additions, shall have received the final approval of the Lieutenant-Governor of Bengal, the general character of the scheme as approved, its general cost, and the fact of its

(৩) বয়াপ্রভৃতি বসান এবং জাহাজের মাল তুলিবার ও নামাইবার কল ও তুলাযন্ত্রপ্রভৃতি আবশ্যক অন্য সকল দ্রব্য ও যন্ত্র।

(৪) বন্দরের মধ্যে এবং জোয়ারের জলের উচ্চতম চিহ্নের নীচে নদীর গাভার যে কোন স্থান এই আইনের অনুমিত কার্য্য সম্পাদন করিবার জন্যে উদ্ধার ও আবৃত ও উত্তোলন করা আবশ্যক তাহা উদ্ধারাদি করণ।

(৫) পূর্ব্বোক্ত সীমার মধ্যে নদীর গাভা পরিষ্কার করণার্থে ও প্রকারান্তরে তাহার সৌষ্ঠব করণার্থে আকর্ষণ যন্ত্র ও অন্যং যন্ত্র প্রস্তুত ও প্রয়োগ করণ।

(৬) এই আইনমতে যে বিষয় নির্ম্মিত হয় তাহার রক্ষাকরণার্থে বন্দরের সীমার বহির্ভূত স্থানে যে বিষয় করা আবশ্যক তাহা করণ ইতি।

[প্রস্তাবিত কর্ম্মের সাধারণ কল্পনাপত্র জষ্টিসদের দ্বারা অর্পণীয় হইবার কথা।]

৩৪ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি ছয় মাসের মধ্যে কিম্বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তৎপক্ষে অধিক যে সময় দেন সেই সময়ের মধ্যে, জষ্টীসেরা বন্দরের সৌষ্ঠব করণার্থে যে কার্য্যের ও গ্রন্থনের ও যন্ত্রের ও নিয়মের প্রস্তাব করেন তাহার সাধারণ ভাবসূচক আবশ্যক আলেখ্য ও খণ্ডের ও উচ্চতার লিপির সহিত ও সেই সৌষ্ঠবের কার্য্য সম্পাদনার্থে যত টাকা ব্যয় হইবার সম্ভাবনা, তাহার সূক্ষ্ম বিবরণ না লিখিয়া ন্যায্য অনুমানপত্র সহিত কল্পনাপত্র কি প্রসঙ্গপত্র বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকটে অর্পণ করিবেন। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যত কাল পূর্ব্বোক্তমতে অর্পিত কল্পনাপত্র কি প্রসঙ্গপত্র অনুমোদন না করেন, ততকাল পর্য্যন্ত প্রতি স্থলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের স্পষ্ট অনুমতি বিনা জষ্টিসেরা এই আইনমতে কোন বিষয় আরম্ভ করিতে কিম্বা স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তি গ্রহণ করিতে সক্ষম হইবেন না ইতি।

[লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুসন্ধান পূর্ব্বক ঐ প্রসঙ্গপত্র অনুমোদন করিবার কথা।]

৩৫ ধারা। উক্ত প্রসঙ্গপত্রের সাধারণ ভাব ও অভিপ্রায় ও সম্ভাবিত কর্ম্মোপযোগিতা ও ব্যয় ও তৎসম্পর্কীয় অন্য যে বিষয় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব স্বপ্রবোধমতে জ্ঞাত হইতে চাহেন তাহার অনুসন্ধান করণার্থে উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব স্বীয় বিবেচনামতে এক কি অধিক ব্যক্তিকে কমিস্যন স্বরূপ নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[কল্পনা পরিবর্ত্তনকরণের ও বৃদ্ধিকরণের কথা।]

৩৬ ধারা। যদি গবর্ণমেন্ট ঐ প্রস্তাবিত কার্য্যলিপির কোন কথা পরিবর্ত্তন কি ত্যাগ করিতে কি বৃদ্ধি করিতে আজ্ঞা করেন, তবে জষ্টিসেরা তদনুসারে করিবেন। এবং কল্পনাপত্র কি প্রসঙ্গপত্র যদ্রূপে অর্পিত হইয়াছিল তদ্রূপেই কিম্বা উক্তমতে কথা ত্যাগ কি পরিবর্ত্তন কি বৃদ্ধিকরণ পূর্ব্বক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের দ্বারা চূড়ান্তরূপে অনুমোদিত হইলে পর, তদ্রূপ অনুমোদিত আলেখ্যের সাধারণ ভাব ও তাহার সাধারণ ব্যয়

[*Government Gazette*, 3rd July 1866.]

approval by the Lieutenant-Governor of Bengal, shall be notified in the Calcutta Gazette, and thereafter the Justices shall have power to acquire property and to raise money as hereinafter mentioned.

[Subsequent variations and additions.]

XXXVII. If and whenever after the approval and notification as aforesaid of the general scheme, it shall be found desireable to carry out any variation therefrom or addition thereto, a written scheme or proposal for such variation or addition, with the necessary plans, sections, and elevations, and an estimate of the cost, shall be submitted by the Justices to the Lieutenant-Governor of Bengal, who shall have the same power and discretion in regard thereto as in regard to the general scheme, and such variation or addition shall, when and as approved, be notified in the Calcutta Gazette. Provided that any variation or addition in matters of mere detail and involving a difference of expense from the originally estimated cost of not more than fifty thousand Rupees, may be carried out by the Justices without submitting the same to the Lieutenant-Governor of Bengal, any thing hereinbefore contained notwithstanding.

[Money to be raised on debentures.]

XXXVIII. After such notification as aforesaid has been published, it shall be lawful for the Justices from time to time to raise money, for the estimated cost of the works and arrangements proposed and approved, on debentures bearing interest, which shall be a first charge on all property acquired by the Justices for the purposes of this Act, and on all tolls, duties, rates, and charges leviable under this Act; and it shall be lawful for the said Justices at any time or times to raise the additional moneys (if any) required for the carrying out of any variations or additions under the last preceding Section, by the issue of further debentures to be a charge as aforesaid on the tolls, duties, rates, and charges leviable and property acquired under this Act. Provided that the amount of debentures issued or advertized at any one time, and the terms on which the same are issued, shall be subject to the approval of the Lieutenant-Governor of Bengal, and that the total amount of outstanding debentures under this Act shall not at any time exceed the sum of one and a half Crores of Rupees.

[Application of funds raised on debentures.]

XXXIX. All the moneys raised on debentures shall be applied by the Justices in the acquisition of immoveable and moveable property, the payment of salaries, fees, and expenses, and of interest

ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকর্তৃক তাহার অনুমোদন এই২ কথা কলিকাতা গেজেটে প্রকাশ হইবে। তৎপরে জষ্টিসেরা সম্পত্তি প্রাপ্ত হইতে ও পশ্চাৎ লিখিত প্রকারে টাকা উৎপন্ন করিতে পারিবেন ইতি।

[তৎপশ্চাৎ পরিবর্ত্তন ও বৃদ্ধি করণের কথা।]

৩৭ ধারা। সাধারণ কল্পনাপত্র অনুমোদন হইলে ও পূর্ব্বোক্তমতে তাহার জ্ঞাপনপত্র প্রকাশ হইলে পর, যদি কোন সময়ে তাহার কিছু বৈলক্ষণ্য কি বৃদ্ধি করা শ্রেয় দৃষ্ট হয়, তবে জষ্টিসেরা ঐ বৈলক্ষণ্যের কি ঐ বৃদ্ধির কল্পনাপত্র কি প্রসঙ্গপত্র ও আবশ্যক আলেখ্য ও খণ্ড ও উচ্চতা প্রদর্শক ছবি ও ব্যয়ের অনুমানপত্র লিখিয়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকটে অর্পণ করিবেন। সাধারণ কল্পনাপত্র পরিবর্ত্তনাদি করিতে তাঁহার যে ক্ষমতা ও স্বাধীনতা আছে ঐ পত্র সম্পর্কে তাঁহার সেই ক্ষমতা ও স্বাধীনতা থাকিবে। এবং সেই বৈলক্ষণ্য কি বৃদ্ধিত কথা অনুমোদিত হইলে যদ্রূপে অনুমোদিত হয় তদ্রূপে কলিকাতা গেজেটে প্রকাশ হইবে। কিন্তু যদি কর্ম্মের ক্ষুদ্র২ অংশে কোন বিষয়ের বৈলক্ষণ্য কি বৃদ্ধি করিতে হয়, ও আদৌ যত টাকা ব্যয় হইবার কল্পনা ছিল যদি তদূর্দ্ধ পঞ্চাশ সহস্রের অনধিক টাকা ব্যয় হইবার সম্ভাবনা, তবে জষ্টিসেরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের গোচর না করিয়া ঐ কর্ম্ম সম্পাদন করিতে পারিবেন। এই আইনের কোন কথা বিপরীত হইলেও পারিবেন ইতি।

[ঋণ গ্রহণপত্রক্রমে টাকা আদায় করিবার কথা।]

৩৮ ধারা। পূর্ব্বোক্তমত জ্ঞাপনপত্র প্রকাশ হইলে পর জষ্টিসদের প্রস্তাবিত ও অনুমোদিত কার্য্যের আনুমানিক ব্যয় শোধ ও নিয়ম সম্পাদন করিবার জন্যে জষ্টিসেরা সুদ দেওনের নিয়মে ডিবেঞ্চুর অর্থাৎ ঋণ গ্রহণপত্রের প্রাতিভাব্যে সময়ে২ টাকা তুলিতে পারিবেন। এই আইনের অভিপ্রায় সফল করণার্থে জষ্টিসেরা যে সকল সম্পত্তি প্রাপ্ত হন এবং এই আইন অনুসারে যে সকল মাসুল ও দেয় ও টের ও প্রাপ্য টাকা আদায় হইতে পারে তাহাহইতে অগ্রে ঐ টাকা শোধ হইবার দায় বর্ত্তিবে। এবং ইহার অব্যবহিত পূর্ব্ব ধারাক্রমে কোন পরিবর্ত্তিত কি অতিরিক্ত কার্য্য সম্পাদন করিবার জন্যে যদি অধিক টাকার প্রয়োজন হয়, তবে উক্ত জষ্টিসেরা সময়ে২ অধিক ঋণগ্রহণপত্র দিয়া ঐ টাকা আদায় করিতে পারিবেন, এবং এই আইন অনুসারে যে মাসুল ও দেয় ও রেট ও প্রাপ্য টাকা আদায় হইতে পারে ও যে সম্পত্তি প্রাপ্ত হওয়া গেল তাহাহইতে ঐ ঋণ শোধ হইবার দায় বর্ত্তিবে। কিন্তু এককালে যত টাকার ঋণগ্রহণপত্র প্রচারিত কি বিজ্ঞাপিত হইবে ও তাহা যে নিয়মে প্রচারিত হইবে তদ্বিষয়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতির অপেক্ষা আছে। এবং এককালে দেড় কোটি টাকার অধিক ঋণ গ্রহণ করিবেন না ইতি।

[ঋণগ্রহণপত্রক্রমে যে টাকা সংগ্রহ হয় তাহার ব্যয়ের কথা।]

৩৯ ধারা। ঋণগ্রহণপত্রক্রমে যে সকল টাকা সংগ্রহ হয়, তাহা জষ্টিসেরা স্থাবর ও অস্থাবর সম্পত্তি প্রাপণার্থে এবং বেতন ও শুল্ক ও পারিশ্রমিক ও ঋণগ্রহণপত্রের উপর সুদ শোধনার্থে এবং এই আইনের

on debentures, and of the cost works and erections necessary or expedient for carrying out the purposes of this Act.

[Application of surplus income.]

XL. Whenever the half-yearly accounts directed to be laid before the Justices shall show a surplus for the half-year of income over expenditure, such surplus or so much thereof as the Justices shall think fit, may be applied by them in paying off the debentures issued under this Act, or such surplus may in whole or part be invested by the Justices in the purchase in their Corporate name of Government securities, and the interest thereof may be accumulated and invested in like manner, with power to the Justices at any time to dispose of any such securities, and to apply the proceeds and interest thereof in paying off debentures or towards any of the other purposes of this Act.

[Form of debenture.]

XLI. All the debentures issued under the authority of this Act shall be in the form contained in the Schedule (A) to this Act, and shall be transferable by endorsement, and the right to sue in respect of the moneys secured by any of such debentures shall be vested in the holders thereof for the time being, without any preference by reason of some of such debentures being prior in date to others.

[Payment of debentures by fresh mortage of rates.]

XLII. The Justices may at any time, with the approval of the Lieutenant-Governor of Bengal, raise, by the issue of new debentures, any money that may be required to pay the amount for the time being due on any debentures issued in pursuance of this Act.

[A Budget or Estimate of Income and Expenditure to be submitted annually to the Justices.]

XLIII. At a Special General Meeting to be held in the month of November in each year, the Chairman shall lay before the Justices a separate Budget or Estimate, prepared by the Committee, of the expenditure and income of the Trust under this Act for the year commencing on the 1st of January then next succeeding, in such detail and form as the Justices shall from time to time, by order passed at a Meeting, direct. Provided always that such Budget shall be completed and printed, and a copy thereof sent by post or otherwise to each of th Justices resident within twenty miles of Government House, at least seven clear days prior to the Meeting before which the Budget is to be laid.

অভিপ্রায় সম্পাদনের জন্যে যে কর্ম্ম ও গাঁথনি করা প্রয়োজন কি বিহিত হয়, তাহা করিবার জন্যে ব্যয় করিবেন ইতি।

[উদ্বর্ত্ত টাকা ব্যয়ের কথা।]

৪০ ধারা। যে ষাণ্মাসিক হিসাব জষ্টিসদের সম্মুখে অর্পণ করিবার আজ্ঞা হইয়াছে, সেই হিসাব অনুসারে যদি ব্যয় অপেক্ষা ষণ্মাসিক আয় অধিক হয়, তবে সেই উদ্বর্ত্ত টাকা কিম্বা তাহার যে অংশ জষ্টিসেরা বিহিত বোধ করেন, তাহা লইয়া, তাঁহারা এই আইনঅনুসারে দত্ত ঋণগ্রহণপত্রের ঋণশোধ করিবেন, কিম্বা ঐ জষ্টিসেরা আপনাদের সমবায়িত্ত নামে গবর্ণমেন্টের নিদর্শনপত্র ক্রয় করণে ঐ উদ্বর্ত্ত টাকা কি তাহার কোন অংশ গচ্ছিত করিতে পারিবেন, ও তাহার উপর যে সুদ পাওয়া যায় তাহা সংযত হইলে সেই প্রকারে গচ্ছিত হইতে পারিবে। এবং জষ্টিসেরা কোন সময়ে সেই নিদর্শনপত্র বিক্রয় করিতে পারিবেন ও সেই টাকা ও তদুপরি সুদ লইয়া পূর্ব্বোক্তমতে গৃহীত ঋণশোধন করণার্থে কি এই আইনের অন্য অভিপ্রায় সফল করণার্থে ব্যয় করিতে পারিবেন ইতি।

[ঋণগ্রহণপত্রের পাঠের কথা।]

৪১ ধারা। এই আইনের বলে যে সকল ঋণগ্রহণপত্র দেওয়া যায় তাহা এই আইনের A চিহ্নিত তফসীলের পাঠে লেখা যাইবে। পৃষ্ঠলিপিদ্বারা তাহা হস্তান্তর করা যাইতে পারিবে। এবং তদ্রূপ কোন ঋণগ্রহণপত্র যে টাকা পাইবার প্রতিভূ হয় যিনি যে সময়ে সেই পত্রধারী হন তিনি সেই টাকা পাইবার জন্যে নালিশ করিতে স্বত্ববান্ হইবেন, ইহাতে এক পত্রের তারিখ অন্য পত্রের তারিখের পূর্ব্ব বলিয়া অগ্রগণ্য হইবে না ইতি।

[রেট পুনঃশ্চ বন্ধক দিয়া ঋণগ্রহণপত্রের ঋণশোধ করিবার কথা।]

৪২ ধারা। এই আইনঅনুসারে যে কোন ঋণগ্রহণপত্র প্রচারিত হয় তাহার যৎকালে যে টাকা শোধনীয় হয় সেই টাকা দিবার জন্যে জষ্টিসেরা কোন সময়ে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের সম্মতিক্রমে নূতন ঋণগ্রহণপত্র প্রচার করিতে পারিবেন ইতি।

[আয়ব্যয়ের অনুমানপত্র বৎসরে২ জষ্টিসদের সম্মুখে অর্পণ করিবার কথা।]

৪৩ ধারা। প্রতি বৎসরের নবেম্বর মাসে বিশেষ সাধারণ সভা হইবে। সেই সভাতে অনুগামি জানুআরি মাসের প্রথম দিবসহইতে এক বৎসর পর্য্যন্ত এই আইনমতে ন্যাসের সম্পর্কে যত টাকার আয়ব্যয় সম্ভাবনা তাহা কমিটীর দ্বারা প্রস্তুত হইয়া সভাপতি সেই আয়ব্যয়পত্র জষ্টিসেরদের সম্মুখে অর্পণ করিবেন। সেই আয়ব্যয়পত্রে যে২ বিষয়ের উল্লেখ হইবে ও তাহা যে পাঠে প্রস্তুত করা যাইবে, জষ্টিসেরা সভাগত হইয়া তাহার আজ্ঞা করিবেন। তদনুসারে ঐ পত্র প্রস্তুত হইবে। কিন্তু ঐ আয়ব্যয়পত্র যে দিনে সভার সম্মুখে অর্পিত হইবে, তাহার পূর্ব্ব ন্যূনকল্প সাত দিন থাকিতে ঐ আয়ব্যয়পত্র সমাপ্ত হইয়া মুদ্রিত হইবে, এবং গবর্ণমেন্ট হৌসহইতে বিশ মাইলের মধ্যে যত জষ্টিস বাস করেন তাঁহাদের প্রত্যেক জনের নিকট এক২ খানি পত্র ডাকদ্বারা কি অন্য সুযোগে প্রেরণ করা যাইবে ইতি।

[Budget of Expenditure.]

XLIV. The Budget shall show what expenditure it is proposed to incur for the purposes of this Act during the period to which it relates, and the manner in which it is proposed to meet such expenditure.

[Revision and passing of Estimates. No new work, the estimated cost of which exceeds 50 000 Rupees, to be commenced without the sanction of Government.]

XLV. It shall be in the discretion of the Justices to pass, or to reject, or to modify, the estimates of all or any sums entered in the Budget. No new work or series of works the entire estimated cost of which, as shewn in the Budget, shall exceed fifty thousand Rupees, shall be commenced without the sanction of the Lieutenant-Governor having been previously obtained.

[Accounts to be audited and examined. Proviso.]

XLVI. The accounts of the receipts and expenditure under this Act shall be audited and examined twice in every year for the purpose of being laid before the half-yearly Meetings under Section XV of this Act. The audit shall be made by such Auditors as shall from time to time be appointed by the Lieutenant-Governor of Bengal. For the purposes of any audit and examination of accounts under this Act, the Auditors may, by summons in writing, require the production before them of all books, deeds, contracts, accounts, vouchers, and all other documents and papers which they may deem necessary, and may require any person holding or accountable for any such books, deeds, contracts, accounts, vouchers, documents, or papers, to appear before them at any such audit and examination, or adjournment thereof, and to make and sign a declaration with respect to the same: and if any such person neglect or refuse so to do, or to produce any such books, deeds, contracts, accounts, vouchers, documents, or papers, or to make or sign such declaration, he shall be liable for every neglect or refusal to a penalty not exceeding one hundred Rupees. All Auditors acting under this Act shall, in respect of each audit, be paid by the Justices such reasonable remuneration as the Lieutenant-Governor of Bengal shall from time to time determine: Provided always that before each audit and examination of accounts under this Act, the Chairman shall give ten days' notice of the time and place at which the same will be made, by advertisement in the English Government Gazette, and in at least two of the daily English Newspapers published in Calcutta; and a copy of the accounts to be audited

[ব্যয়ের অনুমানপত্র।]

৪৪ ধারা। ঐ ব্যয়পত্র যে কালের নিমিত্তে হয় সেই কাল ব্যাপিয়া যত টাকা ব্যয় করিবার ও সেই টাকা যেরূপে তুলিবার প্রস্তাব হয় এই কথা ঐ ব্যয়পত্রে দর্শান যাইবে ইতি।

[অনুমানপত্র পুনরালোচনা ও গ্রাহ্য করিবার কথা যদি নূতন কার্য্যাদির মূল্য পঞ্চাশ হাজার টাকার অধিক হইবার সম্ভাবনা, তবে গবর্ণমেণ্টের অনুমতিবিনা তাহার আরম্ভ না হইবার কথা।]

৪৫ ধারা। আয়ব্যয়ের অনুমানপত্রে যে কার্য্যে যত টাকা আয় কি ব্যয় হইবার অনুমান হয় জষ্টিসেরা স্বীয় বিবেচনামতে তাহার সমস্ত কি কতক অংশ গ্রাহ্য কি অগ্রাহ্য কি মতান্তর করিতে পারিবেন। সেই অনুমানপত্রে যদি কোন নূতন বিষয় কি বিষয়শ্রেণীপ্রস্তুত করিবার প্রস্তাব হইয়া তাহাতে সর্ব্বসুদ্ধ পঞ্চাশ হাজার টাকার অধিক ব্যয় হইবার সম্ভাবনা, তবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি প্রথমে প্রাপ্ত না হওয়া গেলে সেই কার্য্যারম্ভ হইবে না ইতি।"

[হিসাবের পর্য্যালোচনা ও পরীক্ষা করিবার কথা ও উপবিধি।]

৪৬ ধারা। এই আইনঅনুসারে যত টাকা আয় ব্যয় হয় তাহার হিসাব এই আইনের ১৫ ধারামতে যে ষাণ্মাসিক সভা হইবে তাহার সম্মুখে অর্পণ করা যাইবার জন্যে বৎসরে দুইবার পর্য্যালোচনা ও পরীক্ষা হইবে। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে আডিটরদিগকে সময়ে২ নিযুক্ত করেন তাঁহারাই সেই হিসাবের পর্য্যালোচনা করিবেন। এই আইনক্রমে হিসাবের পর্য্যালোচনা ও পরীক্ষা করণের অভিপ্রায়ে আডিটরেরা যে সকল পুস্তক ও লেখ্য ও চুক্তিপত্র ও হিসাব ও প্রমাণপত্র এবং অন্য যে সকল নিদর্শনপত্র ও লিপি দৃষ্টি করা আবশ্যক জ্ঞান করেন তাহা লিখিত আহ্বানপত্রদ্বারা আপনাদের সম্মুখে আনাইবার আজ্ঞা করিতে পারিবেন ও যে ব্যক্তিরা তদ্রূপ কোন পুস্তক কি লেখ্য কি চুক্তিপত্র কি হিসাব কি প্রমাণপত্র কি নিদর্শনপত্র কি লিপি রাখেন কি তজ্জন্যে দায়ী হন এমত কোন ব্যক্তিকে পূর্ব্বোক্ত পর্য্যালোচনা ও পরীক্ষা করিবার সময়ে কিম্বা সেই কার্য্যের নিমিত্তে নিরূপিত দিনান্তরে তাঁহাদের সম্মুখে উপস্থিত হইবার এবং উক্ত লেখ্যাদির বিষয়ে প্রতিজ্ঞা করিয়া তাহাতে স্বাক্ষর করিবার আজ্ঞা করিতে পারিবেন। যদি তদ্রূপ কোন ব্যক্তি তাহা না করেন কি করিতে অসম্মত হন কিম্বা তদ্রূপ কোন পুস্তক কি লেখ্য কি চুক্তিপত্র কি হিসাব কি প্রমাণপত্র কি নিদর্শনপত্র কি লিপি না আনেন কি আনিতে স্বীকার না করেন কিম্বা সেই প্রতিজ্ঞা করিতে কি স্বাক্ষর করিতে সম্মত না হন, তবে যত বার সেই কর্ম্ম না করেন কি করিতে অসম্মত হন তত বার তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। এই আইনঅনুসারে যে সকল আডিটর কর্ম্ম করেন তাঁহাদের প্রত্যেক বার সেই কর্ম্ম করণ জন্যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ যুক্তিসিদ্ধ যে পারিশ্রমিক নিরূপণ করেন জষ্টিসেরা তাহা দিবেন। পরন্তু এই আইনঅনুসারে হিসাবের পর্য্যালোচনা ও পরীক্ষা হইবার পূর্ব্বে সভাপতি ইংরাজী গবর্ণমেণ্ট গেজেটে এবং কলিকাতায় প্রকাশিত অতি ন্যূন দুই খান প্রাত্যাহিক ইংরাজী সংবাদপত্রে ন্যূন কল্পে দশ

and examined shall be deposited in the Office of the Justices, and be open during Office hours thereat to the inspection of all persons interested, for seven days before the audit and examination, and all such persons shall be at liberty to take copies of or extracts from the same, without the payment of any fee; and within fourteen days after the audit and examination shall have been completed, the Auditors shall report upon the accounts audited and examined, and shall deliver such report to the Justices at a Meeting, who shall cause the same to be deposited in the Office of the Justices, and to be published in the Calcutta Gazette and in some one or more of the said Newspapers.

[Seagoing vessels may be ordered by Conservator of Port, on requisition of Justices, to resort to wharf for receiving or discharging cargo.]

XLVII. As and when any wharf, quay, stage, jetty, or pier erected under the provisions of this Act shall have been made and completed, together with such sufficient warehouses, sheds, cranes, and moorings for landing and shipping goods from and upon sea-going vessels, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal to declare, by publication of notice to that effect in three consecutive numbers of the Calcutta Gazette, that such wharf, quay, stage, jetty, or pier is ready for receiving, landing, and shipping goods from and upon sea-going vessels. And from and after such notification and publication, it shall be lawful for the Chairman of the Committee, or the proper officer of the Justices in that behalf, to call upon the Conservator of the Port from time to time when there shall be room at such wharf, quay, stage, jetty, or pier, to order any vessel he may think fit alongside of the said wharf, quay, stage, jetty, or pier, for the purpose of being laden or unladen by the Justices. And if after such order of the Conservator of the Port, the Owner or Master of any such vessel shall either take in or discharge cargo, save and except at such wharf, quay, stage, jetty, or pier, to which such vessel shall have been so ordered, the Owner or Master thereof shall be liable to a penalty of one hundred Rupees for each day that he or they shall land or ship or attempt to land or ship any goods in contravention of such order.

[After notification all goods must be landed and shipped from and upon sea-going vessels at the wharves of the Justices.]

XLVIII. When a sufficient number of wharves, quays, stages, jetties, and piers, shall have been erected under this Act for the landing and shipping of the cargoes of all sea-going vessels resorting to the Port, it shall be lawful for the

দিন থাকিতে পর্য্যালোচনা হইবার সময়ের ও স্থানের সংবাদ প্রকাশ করিবেন। এবং যে হিসাবের পর্য্যালোচনা ও পরীক্ষা হইবে তাহার পর্য্যালোচনা ও পরীক্ষা হইবার দিনের পূর্ব্ব সাত দিন পর্য্যন্ত ঐ হিসাবের প্রতিলিপি জষ্টিসদের কার্য্যালয়ে অর্পিত হইবে ও তাহাতে যে সকল ব্যক্তির সম্পর্ক থাকে তাঁহারা কার্য্য চলিবার কোন সময়ে সেই কার্য্যালয়ে তাহা দৃষ্টি করিতে পারিবেন এবং বিনা ব্যয়ে তাহার প্রতিলিপি করিতে কিম্বা তাহাহইতে কোন কথা গ্রহণ করিতে পারিবেন। পর্য্যালোচনার ও পরীক্ষার কার্য্য সমাপ্ত হইলে পর চতুর্দ্দশ দিনের মধ্যে আডিটরেরা পর্য্যালোচিত ও পরীক্ষিত ঐ হিসাবের রিপোর্ট লিখিয়া সভাগত জষ্টিসদের নিকটে অর্পণ করিবেন তাঁহারা জষ্টিসদের কার্য্যালয়ে ঐ রিপোর্ট গচ্ছিত করাইবেন এবং কলিকাতা গেজেটে ও পূর্ব্বোক্ত এক কি অধিক সম্বাদপত্রে প্রকাশ করাইবেন ইতি।

[জষ্টিসদের আজ্ঞা হইলে সমুদ্রগামি জাহাজের মাল তুলিবার কি নামাইবার জন্যে ঘাটের নিকট আসিতে বন্দর রক্ষকের আজ্ঞা করিবার কথা।]

৪৭ ধারা। এই আইনের বিধানমতে কোন ঘাট ও পোস্তাঘাট ও মঞ্চ ও কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু প্রস্তুত হইলে পর এবং সমুদ্রগামি জাহাজের যে মাল তুলিবার কি নামাইবার উপযুক্ত গুদাম ও শেড ও মাল তুলিবার কল ও জাহাজ বান্ধিবার বয়া প্রভৃতি প্রচুরমতে উপযুক্তরূপে প্রস্তুত হইলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে ক্রমশঃ তিনবার এই মর্ম্মের সংবাদ প্রকাশ করিবেন যে সমুদ্রগামি জাহাজের মাল গ্রহণ করিবার ও জাহাজে তুলিবার ও নামাইবার জন্যে ঐ ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু প্রস্তুত হইয়াছে। সেই বিজ্ঞাপন দান ও প্রকাশ হওনের কাল অবধি যখন উক্ত প্রকার ঘাটে কি পোস্তাঘাটে কি মঞ্চে কিম্বা কাষ্ঠ কি ইষ্টকময় সেতুতে স্থান থাকে তখন কমিটীর সভাপতি কিম্বা তৎকর্ম্মার্থে জষ্টিসদের উপযুক্ত কার্য্যকারক বন্দররক্ষক সাহেবকে এমত আজ্ঞা করিতে পারিবেন যে জষ্টিসদের দ্বারা মাল তোলাইবার কি নামাইবার জন্যে তিনি যে জাহাজ চাহেন সেই জাহাজ উক্ত ঘাটের কি পোস্তাঘাটের কি মঞ্চের কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুর নিকট আনান্। বন্দররক্ষক সাহেবের সেই প্রকার আজ্ঞা হইলে পর যে ঘাটে কি পোস্তাঘাটে কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুর নিকটে ঐ জাহাজ আনিবার আজ্ঞা হইয়াছে তদ্ভিন্ন যদি সেই জাহাজের স্বামী কি অধ্যক্ষ অন্য ঘাটাদিতে মাল তোলেন কি [illegible] সেই স্বামী কি অধ্যক্ষ সেই আজ্ঞা লঙ্ঘন পূর্ব্বক যত দিন কোন মাল জাহাজে তোলেন কি তুলিবার উদ্যোগ করেন কি জাহাজহইতে নামান কি নামাইতে উদ্যোগ করেন তাহার দিন প্রতি তাঁহার এক শত টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

[বিজ্ঞাপন হইলে পর কেবল জষ্টিসদের ঘাটে সমুদ্রগামি জাহাজের মাল তুলিবার ও নামাইবার কথা।]

৪৮ ধারা। এই বন্দরে সমুদ্রগামি যে সকল জাহাজ আসিয়া থাকে সেই সমুদায় জাহাজের মাল তুলিবার ও নামাইবার জন্যে যত ঘাট ও পোস্তাঘাট ও মঞ্চ এবং কাষ্ঠময় ও ইষ্টকময় সেতু প্রচুর হয় তত ঘাটাদি এই আইনমতে প্রস্তুত হইলে পর বঙ্গদেশের

Lieutenant-Governor of Bengal to order, by publication of such order for one month in the Calcutta Gazette, that no goods shall be landed or shipped from or upon any sea-going vessel within the Port, save at such wharves, quays, stages, jetties, and piers. And whoever shall, after such order has been so notified as aforesaid, land or ship or attempt to land or ship any goods in contravention of such order, shall be liable to a fine not exceeding two hundred Rupees for every day that he shall so land or ship any goods in contravention of the said order. Provided always, and it is hereby declared that, notwithstanding any thing in this or the 51st Section contained, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by notice in the Calcutta Gazette from time to time, if he shall so think fit, to declare that certain specified vessels, goods, or cargoes, or class of goods or cargo, shall be permitted to be landed or shipped elsewhere and at such part of the Port of Calcutta, and for such time, as he may think fit.

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে এক মাস পর্য্যন্ত অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া আজ্ঞা করিতে পারিবেন যে সমুদ্রগামি যে কোন জাহাজ বন্দরে থাকে তাহার মাল উক্ত ঘাট কি পোস্তা ঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু ভিন্ন কোন স্থানে তোলা কি নামান না যায়। সেই আজ্ঞা পূর্ব্বোক্ত প্রকারে প্রকাশ হইলে পর যদি কোন ব্যক্তি সেই আজ্ঞার বিপক্ষভাবে কোন জাহাজে মাল তোলেন কি তুলিবার উদ্যোগ করেন কি জাহাজহইতে মাল নামান কি নামাইবার উদ্যোগ করেন, তবে উক্ত আজ্ঞার বিপক্ষভাবে যত দিন জাহাজে মাল তোলেন কি নামান তাহার দিন প্রতি সেই ব্যক্তির দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে। কিন্তু ইহাতে প্রকাশ হইল যে এই কিম্বা ৫১ ধারার লিখিত কোন কথার বিপরীত ভাব হইলেও যদি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উপযুক্ত বোধ করেন, তবে সময়ে২ কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া আজ্ঞা করিতে পারিবেন যে বিশেষ কোন২ জাহাজের মাল কি সেই জাহাজের বিশেষ প্রকারের মাল কলিকাতা বন্দরের অন্য স্থানে, ও তিনি যে স্থান যত কাল উচিত বোধ করেন তত কাল পর্য্যন্ত সেই স্থানে তোলা কি নামান যায় ইতি।

[After Notification, boats and country vessels prohibited from landing or shipping goods within prescribed limits, except at a wharf of the Justices.]

[তদ্রূপ সম্বাদ দেওয়া গেলে পর নির্দ্ধারিত সীমার মধ্যে জষ্টিসদের ঘাট ভিন্ন অন্য ঘাটে কোন নৌকার ও দেশীয় জাহাজের মাল তুলিবার কি নামাইবার নিষেধের কথা ।]

XLIX. As and when any wharf, quay, stage, jetty, or pier, for the receiving, landing, or shipping of goods from boats and inland country vessels shall have been made and completed with all proper appliances in that behalf, it shall be lawful for the Lieutenant-Governor to declare, by publication of the same in three consecutive numbers of the Calcutta Gazette, that such wharf, quay, stage, jetty, or pier is ready for the receiving, landing, and shipping of goods from boats and inland country vessels, and in the same way to order that, within certain prescribed limits to be specified in that behalf, it shall not be lawful to land or ship any goods out of or into any such boat or inland country vessel except at such wharf, quay, stage, jetty, or pier. After such publication as aforesaid, it shall not be lawful for any boat or inland country vessel to land or ship any goods at any place within the limits so specified, except at such wharf, quay, stage, jetty, or pier; nor for any such boat or inland country vessel while within such limits to anchor, fasten, or lay within fifty yards of the ordinary low-water mark without the consent of the Justices. And if after such notification and publication any boat or inland country vessel shall while within such limits so anchor, fasten, or lay, it shall be lawful for the Officers of

৪৯ ধারা। নৌকা ও দেশের মধ্যগামি দেশীয় জাহাজের মাল গ্রহণ করিবার ও তুলিবার ও নামাইবার কোন ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু ও তৎসংক্রান্ত কলাদি সমাপ্ত ও প্রস্তুত হইলে সেই ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু দেশের মধ্যগামি দেশীয় জাহাজের ও নৌকার মাল গ্রহণ করিবার ও তুলিবার ও নামাইবার জন্যে প্রস্তুত হইয়াছে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে ক্রমশঃ তিন বার এই কথা প্রকাশ করিতে পারিবেন। আরো বিশেষ সীমা নির্দ্দিষ্ট করিয়া সেই সীমার মধ্যে উক্ত ঘাট কি পোস্তায়াট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু ভিন্ন কোন স্থানে দেশের মধ্যগামি দেশীয় কোন জাহাজের কি নৌকার কোন মাল তোলা কি নামান যাইতে পারিবে না এমত আজ্ঞাও উক্ত প্রকারে করিতে পারিবেন। পূর্ব্বোক্ত আজ্ঞা প্রকাশ হইলে পর সেই ঘাট কি পেস্তা ঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু ভিন্ন সেই নির্দ্দিষ্ট সীমার মধ্যবর্ত্তি কোন স্থানে দেশের মধ্যগামি দেশীয় কোন জাহাজের কি নৌকার মাল তুলিবার কি নামাইবার কার্য্য আইন বিপক্ষ হইবে। এবং দেশের মধ্যগামি দেশীয় কোন জাহাজ কি নৌকা সেই সীমার মধ্যবর্ত্তি থাকিলে জষ্টিসদের অনুমতি বিনা ভাটার সাধারণ জল চিহ্নহইতে এক শত হাতের মধ্যে লঙ্গর ফেলিতে কি বদ্ধ হইতে কি থাকিতে পাইবে না। তদ্রূপ বিজ্ঞাপন ও অনুজ্ঞাপত্র প্রকাশ হইলে পর যদি দেশের মধ্যগামি দেশীয় কোন জাহাজ কি কোন

[গবর্নমেন্ট গেজেট ।১৮৬৬ । ৩ জুলাই ।]

the Justices in that behalf to remove or cause the same to be removed out of the said limits.

[Penalties in case of boat or inland country vessels landing goods or mooring within prohibited limits.]

L. If the owner, manjee, or person in charge of any boat or inland country vessel shall, after such notification and publication as in the last preceding Section mentioned, land or ship any goods from or into any such boat or inland country vessel at or upon any place within the said limits, except at, upon or from the said wharf, quay, stage, jetty, or pier, he shall be liable to a penalty of thirty Rupees for each day upon which any goods shall be so landed or shipped. And if any such owner, manjee, or person in charge of such boat or vessel shall anchor or fasten his boat or vessel, or shall lie within the said limits at a distance not exceeding fifty yards of the ordinary low-water mark, except with the consent of the Justices, and shall neglect or refuse to remove his boat or vessel out of the said limits, when lawfully required so to do, he shall be liable to a penalty of fifty Rupees. And in addition to the said penalties the Justices may seize and detain any such boat or inland country vessel until the said penalties respectively shall be paid.

[When wharves completed, inland country vessels must land and ship cargoes at wharves.]

LI. When and so soon as a sufficient number of wharves, quays, stages, jetties, and piers, shall have been erected under this Act for the landing and shipping of the cargoes of inland country vessels frequenting the Port of Calcutta, it shall be lawful for the Lieutenant-Governor, by notice published in three consecutive numbers of the Calcutta Gazette, to order that no goods shall be landed or shipped from or into any such inland country vessel within the Port of Calcutta, save at such wharves, quays, stages, jetties, and piers. And whoever shall, after the same has been so notified as aforesaid, land or ship or attempt to land or ship any goods from or upon any such inland country vessel in contravention of such order, shall be liable to a penalty of thirty Rupees for each and every day that he shall so land or ship any cargo from or upon any such inland country vessel.

[Public landing places to be provided.]

LII. The Justices shall make a sufficient number of public landing places in and upon

নৌকা সেই সীমার মধ্যে থাকিয়া সেই প্রকারে লঙ্গর ফেলে কি বদ্ধ হয় কি থাকে, তবে জষ্টিসদের যে কার্য্যকারকেরা সেই কর্ম্মে নিযুক্ত হন তাঁহারা সেই জাহাজ কি নৌকা উক্ত সীমাহইতে স্থানান্তর করিতে কি করাইতে পারিবেন ইতি।

[দেশের মধ্যগামি দেশীয় জাহাজের কি নৌকার মাল সেই নিষিদ্ধ সীমার মধ্যে নামাইলে কি নৌকাদি বদ্ধ করিলে দণ্ডের কথা।]

৫০ ধারা। ইহার পূর্ব্ব ধারার লিখিত জ্ঞাপনপত্র ও অনুজ্ঞাপত্র প্রকাশ হইলে পর দেশের মধ্যগামি দেশীয় কোন জাহাজ কি নৌকা যে স্বামির কি মাঝির কি ব্যক্তির কর্ত্তৃত্বে থাকে তিনি যদি উক্ত ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুভিন্ন উক্ত সীমার মধ্যবর্ত্তি কোন স্থানে কি কোন স্থানহইতে দেশের মধ্যগামি দেশীয় জাহাজের কি নৌকার কোন মাল তুলেন কি নামান তবে কোন মাল যত দিন উক্ত প্রকারে তোলা কি নামান যায় তাহার দিন প্রতি সেই ব্যক্তি ত্রিশ টাকা দণ্ডের যোগ্য হইবে। এবং তদ্রূপ জাহাজের কি নৌকার স্বামী কি মাঝি কি তাহা যে ব্যক্তির কর্ত্তৃত্বে থাকে সেই ব্যক্তি যদি উক্ত সীমার মধ্যে জষ্টিসদের অনুমতি বিনা ভাটার জলের সাধারণ চিহ্নহইতে এক শত হাতের মধ্য কোন স্থানে আপন নৌকা কি জাহাজ লঙ্গর কি বদ্ধ করেন কি থাকেন এবং আইনমতে আজ্ঞা পাইলেও যদি আপনার নৌকা কি জাহাজ সেই সীমাহইতে স্থানান্তর না করেন কি করিতে স্বীকার না করেন, তবে সেই ব্যক্তির পঞ্চাশ টাকা দণ্ড হইতে পারিবে। তদতিরিক্ত জষ্টিসেরা তদ্রূপ কোন নৌকা কি দেশের মধ্যগামি দেশীয় জাহাজ ধৃত করিয়া যত কাল সেই দণ্ডের টাকা না দেওয়া যায় তত কাল তাহা আটক করিতে পারিবেন ইতি।

[ঘাট প্রস্তুত হইলে দেশের মধ্যগামি দেশীয় জাহাজের মাল কেবল সেই ঘাটে নামাইবার ও তুলিবার কথা।]

৫১ ধারা। দেশের মধ্যগামি দেশীয় যে সকল জাহাজ কলিকাতা বন্দরে আসিয়া থাকে সেই জাহাজে মাল তুলিবার ও তাহাহইতে নামাইবার জন্যে যত ঘাট ও পোস্তা ঘাট ও মঞ্চ ও কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু পর্য্যাপ্ত হয় তাহা এই আইনঅনুসারে নির্ম্মিত হইলে পর কলিকাতা বন্দরের মধ্যে সেই ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুভিন্ন দেশের মধ্যগামি তদ্রূপ দেশীয় কোন জাহাজের মাল অন্য স্থানে তোলা কি নামান না যায় শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে ক্রমশঃ তিন বার জ্ঞাপনপত্র প্রকাশপূর্ব্বক এমত আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপ জ্ঞাপনপত্র প্রকাশ হইলে পর যদি কোন ব্যক্তি সেই আজ্ঞার বিপক্ষতা করিয়া দেশীয় তদ্রূপ কোন জাহাজে কি জাহাজহইতে কোন মাল তুলেন কি নামান কি তুলিতে কি নামাইতে উদ্যোগ করেন, তবে তদ্রূপ দেশীয় জাহাজে কি জাহাজহইতে যত দিন কোন মাল তোলেন কি নামান তাহার দিন প্রতি সেই ব্যক্তির ত্রিশ টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

[সাধারণ লোকদের উত্তরিবার ঘাট করিবার কথা।]

৫২ ধারা। জষ্টিসেরা সাধারণ লোকদের উত্তরিবার প্রচুর সংখ্যক ঘাট নিরূপণ করিবেন। তাহাতে সাধারণ

which the public shall be permitted to land free of charge the following articles—that is to say, bricks, tiles, lime, soorkee, firewood, bamboos, hay, straw, vegetables, fruits, meat, and market produce. And the Justices shall make, and may from time to time alter and vary, such regulations and bye-laws for the use of the said public landing places, the time during which goods shall be allowed to remain thereon, and the removal of goods landed thereon, as they shall think fit. Provided nevertheless that such Regulations and Bye-laws shall be approved of by the Lieutenant-Governor of Bengal.

[Ghauts and bathing-places to be provided.]

LIII. It shall be lawful for the Justices, if they shall consider it necessary for the purposes of this Act, to occupy or remove any bathing ghaut or landing-place within the Port, and to prohibit the public from afterwards resorting to or using the same. Provided nevertheless that the Justices shall reserve, set out, make, and provide for the use of the public such sufficient bathing ghauts within the Port as shall be required for the convenience of the public, and as shall be approved of by the Lieutenant-Governor of Bengal.

[Wharves, &c., to be appointed under Customs Act.]

LIV. When the Lieutenant-Governor of Bengal shall under Section X of the Consolidated Customs Act appoint any wharf, quay, stage, jetty, or pier, erected under this Act for the use of sea-going vessels, to be a wharf for the landing and shipping of goods within the meaning of that enactment, the Justices shall set apart, maintain, and secure on any such wharf, quay, stage, jetty, or pier, such portion thereof or place therein or adjoining thereto for the use of the Officers of Customs, as the Lieutenant-Governor shall in that behalf approve of or appoint.

[Justices bound to provide servants, &c., for shipping and landing goods.]

LV. After the publication of the order in Section XLVIII hereinbefore mentioned, the Justices shall provide and at all times keep and maintain sufficient servants and apparatus, for the expeditious and convenient landing and shipping of goods from and upon all sea-going vessels coming to the wharves, quays, stages, jetties, or piers; and shall by their servants land and ship all goods from and upon any such vessel so coming to such wharf, quay, stage, jetty, or pier, unless where there is a legal excuse for refusing to land or ship such goods, or such vessel is by reason of the breach or non-observance of any law or

লোকেরা বিনামাসুলে নিম্নলিখিত দ্রব্য নামাইতে পারিবেন বিশেষতঃ ইট টালি চূন সুরকি জ্বালানি কাষ্ঠ বাঁশ শুষ্ক ঘাস খড় শাক সবজি ফল মাংস ও বাজার দ্রব্য। এবং সাধারণ লোকদের উত্তরিবার সেই ঘাটের ব্যবহারের নিমিত্তে ও সেই সকল দ্রব্য যত কাল ঘাটে থাকিতে পাইবে ও সেই ঘাটে নামান দ্রব্য যে প্রকারে স্থানান্তর করিতে হইবে এই২ বিষয়ের যে বিধি ও উপবিধি জষ্টিসেরা উপযুক্ত বোধ করেন তাহা করিবেন ও সময়ে২ তাহার পরিবর্ত্তন ও মতান্তর করিতে পারিবেন। কিন্তু সেই বিধি ও উপবিধি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমোদন করা প্রয়োজন ইতি।

[স্নান করিবার ঘাটের কথা।]

৫৩ ধারা। উক্ত বন্দরের মধ্যে লোকেরদের স্নান করিবার যে ঘাট কি উত্তরিবার স্থান আছে তাহা যদি জষ্টিসেরা এই আইনের অভিপ্রায় সফল করণার্থে অধিকার কি স্থানান্তর করা ও তৎস্থানে সাধারণ লোকদের গমনাগমনের ও তাহার ব্যবহার করণের নিশেধ করা আবশ্যক জ্ঞান করেন, তবে তাহা করিতে পারিবেন। কিন্তু সাধারণ লোকদের সুবিধার জন্যে ঐ বন্দরের মধ্যে স্নান করিবার যত ঘাট পর্য্যাপ্ত হয় ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অনুমোদন করেন জষ্টিসেরা তত ঘাট নিরূপণ করিবেন এবং প্রস্তুত ও নির্ম্মাণ করিবেন ইতি।

[ঘাটপ্রভৃতি কষ্টমের আইনের অধীন করিবার কথা।]

৫৪ ধারা। সমুদ্রগামি জাহাজের নিমিত্তে যে কোন ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু সেই আইনঅনুসারে প্রস্তুত করা যায় যদি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কষ্টমের সংগৃহীত আইনের ১০ ধারানুসারে সেই ঘাটপ্রভৃতি ঐ আইনের অর্থমতে মাল তুলিবার ও নামাইবার ঘাট স্বরূপ নিরূপণ করেন, তবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ঐ ঘাটের কি পোস্তাঘাটের কি মঞ্চের কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুর যে অংশ কি তন্মধ্যে কি তন্নিকটস্থ যে স্থান কষ্টমের কার্য্যকারকদের ব্যবহারের নিমিত্তে অনুমোদন কি নিরূপণ করেন, জষ্টিসেরা ঐ ঘাটপ্রভৃতির সেই স্থান পৃথক রাখিয়া তাহা সুধারামতে রাখিবেন ও রক্ষা করিবেন ইতি।

[জাহাজের মাল তুলিবার ও নামাইবার জন্যে জষ্টিসদের চাকর প্রভৃতি রাখিবার কথা।]

৫৫ ধারা। পূর্ব লিখিত ৪৮ ধারার আজ্ঞা প্রকাশ হইলে পর সমুদ্রগামি যে সকল জাহাজ ঘাটে কি পোস্তাঘাটে কি মঞ্চে কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুতে লাগায় সেই জাহাজের মাল ত্বরায় ও সুবিধামতে নামাইবার ও তুলিবার জন্যে জষ্টিসেরা প্রচুর সংখ্যক চাকরদিগকে এবং কলপ্রভৃতি নিরূপণ করিয়া সর্ব্বদাই রাখিবেন ও রক্ষা করিবেন। এবং তদ্রূপ যে কোন জাহাজ সেই ঘাটে কি পোস্তাঘাটে কি মঞ্চে কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুতে লাগায় সেই জাহাজের মাল তুলিতে কি নামাইতে অস্বীকার করিবার আইনসিদ্ধ হেতু না থাকিলে কিম্বা কোন আইন কি ব্যবস্থা লঙ্ঘন কি অমানন প্রযুক্ত যদি সেই জাহাজের মাল তুলিবার কি নামাইবার বাধা না হয়, তবে জষ্টিসেরা আপনাদের

regulation not entitled to have her cargo shipped or discharged. Provided that the Justices, shall not be bound to land, ship, or move any single article or package exceeding thirty tons of twenty hundredweight in weight, except at such special charge as may be agreed on in respect of such acticle or package.

[Tolls to be levied.]

LVI. The Committee shall from time to time frame a scale of tolls, dues, or rates for the landing and shipping of goods at the wharves, quays, stages, jetties, and piers erected under this Act for the use of sea-going vessels, and for the storing and keeping of any goods stored in any premises belonging to the Justices, and for the removal of goods, and for the use of any moorings laid down by the Justices. And also a scale of tolls, dues, and rates for the landing and shipping of goods into and out of any country-boat or vessel, and also a scale of tolls for the use of the said wharves, quays, stages, jetties, and piers by any boat or inland country vessel in case the Justices shall permit the goods to be landed or shipped by others than their own officers and servants. Such scale of tolls, dues, and rates shall be submitted to the Lieutenant-Governor, and after receiving his approval shall be published in the Calcutta Gazette, and may from time to time, subject to the like approval and publication, be altered. Provided always that it shall not be lawful for the Justices to levy any tolls, dues, or rates or mooring charges on a scale higher than that given in Schedule B to this Act.

[Recovery of tolls in arrear.]

LVII. For the amount of all tolls, charges, dues, and rates duly leviable under this Act in respect of any goods, the Justices shall have a lien on such goods, and shall be entitled to detain the same until such tolls, rates, and dues are fully paid. Tolls, rates, and dues in respect of goods to be landed shall become payable immediately on the landing of the goods. Tolls, rates, and dues in respect of goods to be removed from the premises of the Justices or to be shipped for export, shall be payable before the goods are removed or shipped. The lien for such tolls, rates, and dues shall have priority over all other liens and claims, except for general average, the shipowner's lien for freight upon the said goods where such lien exists and has been preserved in the manner hereinafter provided, for primage, and for money payable to Her Majesty or the Secretary of State for India in Council under any law

চাকরদের দ্বারা ঐ জাহাজে সকল মাল তুলিবেন ও জাহাজহইতে নামাইবেন। কিন্তু যে কোন এক দ্রব্যের কি পুলিন্দার টনপ্রতি বিশ হন্দরওয়েটের হিসাবে ত্রিশ টনের অধিক ওজন হয় তাহা তুলিবার কি নামাইবার জন্যে জষ্টিসদিগকে বিশেষ খরচ দিবার করার না হইলে জষ্টিসেরা সেই দ্রব্য জাহাজে তুলিতে কি জাহাজহইতে নামাইতে কি স্থানান্তর করিতে আবদ্ধ নহেন ইতি।

[আদেয় মাসুলের কথা।]

৫৬ ধারা। এই আইনঅনুসারে সমুদ্রগামি জাহাজের ব্যবহারের নিমিত্তে যে সকল ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু নির্ম্মিত হয় তাহাতে মাল নামাইবার ও জাহাজে তুলিবার জন্যে এবং জষ্টিসেরদের কোন ভূম্যাদিতে যে কোন মাল সংগ্রহ হয় তাহা সঞ্চয় করিয়া রক্ষা করিবার জন্যে ও মাল স্থানান্তর করিবার জন্যে এবং জষ্টিসেরা জাহাজ বদ্ধ করিবার বয়াপ্রভৃতি যে বিষয় নদীতে দেন তাহার ব্যবহারের নিমিত্তে যত মাসুল কি দেয় কি রেট লাগিবে কমিটী সময়ে২ তাহার নির্ঘণ্ট প্রস্তুত করিবেন। এবং দেশীয় কোন নৌকার কি জাহাজের মাল তুলিবার ও নামাইবার যত মাসুল ও দেয় ও রেট লাগিবে তাহারও নির্ঘণ্ট প্রস্তুত করিবেন এবং জষ্টিসেরা যে স্থলে আপনাদের কার্য্যকারক ও চাকরভিন্ন অন্য ব্যক্তিদেরদ্বারা দেশের মধ্যগামি দেশীয় জাহাজের ও নৌকার মাল তুলিবার কি নামাইবার অনুমতি দেন সেই স্থলে উক্ত ঘাটের ও পোস্তাঘাটের ও মঞ্চের ও কাষ্ঠময় ও ইষ্টকময় সেতুর ব্যবহারের নিমিত্তে যত মাসুল লাগিবে তাহারও নির্ঘণ্ট প্রস্তুত করিবেন, মাসুলপ্রভৃতির সেই নির্ঘণ্ট শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের গোচর করা যাইবে। তিনি অনুমোদন করিলে, তাহা কলিকাতা গেজেটে প্রকাশ হইবে এবং সময়ে২ তদ্রূপে অনুমোদিত ও প্রকাশিত হইয়া তাহার পরিবর্ত্তন হইতে পারিবে। কিন্তু এই আইনের B চিহ্নিত তফসীলে যে হার অবধারিত হইয়াছে জষ্টিসেরা তাহার অধিক হারে মাসুলপ্রভৃতি আদায় করিতে পারিবেন না ইতি।

[বাকী মাসুল আদায়ের কথা।]

৫৭ ধারা। এই আইনঅনুসারে কোন মালের উপর যে মাসুলও দেয় ও প্রাপ্য ও রেট নিয়মিতরূপে আদায় হইতে পারে, তজ্জন্যে সেই মালের উপর জষ্টিসদের সোপাধিক অধিকার থাকিবে। এবং সেই সমস্ত মাসুল ও রেট ও প্রাপ্য টাকা যত কাল না দেওয়া যায় ততকাল তাঁহারা সেই মাল আটক করিতে পারিবেন। যে মাল নামাইতে হয় তাহা নামাইলে তৎসম্পর্কীয় মাসুল ও রেট ও প্রাপ্য টাকা তৎকালেই দাতব্য হয়। জষ্টিসদের ভূম্যাদিহইতে যে মাল স্থানান্তর করিতে কিম্বা ভিন্ন দেশে পাঠাইবার জন্যে জাহাজে তুলিতে হইবে, সেই মাল স্থানান্তর হইবার কি জাহাজে তোলা যাইবার পূর্ব্বে তৎসম্পর্কীয় মাসুল ও রেট ও দেয় টাকা দাতব্য হয়। সাধারণ আবরেজ বলিয়া জাহাজের অধ্যক্ষকে যত টাকা দিতে হয় তদ্ভিন্ন এবং মালের ভাড়ার নিমিত্তে যদি জাহাজাধ্যক্ষের সোপাধিক অধিকার থাকে ও সেই অধিকার নিম্ন লিখিত মতে রক্ষিত হইয়া থাকে, তবে সেই অধিকার ভিন্ন এবং প্রাইমেজ বলিয়া জাহাজ বোঝাই করিবার জন্যে স্বামিকে যে টাকা দিতে হয় তদ্ভিন্ন এবং যৎকালে যে আইন প্রচলিত থাকে তৎকালে সেই আ-

[*Government Gazette, 3rd July* 1866.]

for the time being in force. Provided that nothing in this Act shall affect any power or authority vested in the Chief Officer of Customs under any law for the time being in force.

[Goods may be removed to Public Warehouses.

LVIII. In any case in which goods without any default on the part of the Justices shall have been left for three days on any wharf or shed belonging to the Justices, it shall be lawful for the Committee to remove or cause the same to be removed either to any warehouse belonging to them or to the Public Warehouses, at the expense of the owners of the said goods, giving notice to the consignee or owner of such goods of such removal if the address of such consignee or owner is known, by letter left at such address or sent by post; and the consignee or owner of such goods, in addition to the expenses of the removal of the same, shall be liable, in case the goods shall be removed to any warehouse or store of the Justices, to a charge for warehousing for the time during which the goods shall remain in the said ware-houses. In case the said goods shall be removed to the Public Ware-houses, then the said consignee or owner shall be liable to the charges for warehousing goods in such Public Warehouse.

[Lien for freight preserved after landing of goods, if notice of lien given.]

LIX. If the shipowner at the time when any goods are landed at any wharf, quay, stage, jetty, or pier, erected under this Act, shall give to the Justices notice in writing that the goods are to remain subject to a lien for freight or other charges payable to the shipowner to an amount to be mentioned in such notice, the goods so landed shall continue liable to the same lien, if any, for such charges as they were subject to before the landing thereof. Such goods shall be retained either in the warehouses and sheds of the Justices, or, with the consent of the Chief Officer of Customs, in the Public Warehouses, until the lien is discharged as hereinafter mentioned. If by reason of the failure to retain the said goods any loss is occasioned to the shipowner, the Justices shall be bound to make good such loss.

[Discharge of lien by payment or release.]

LX. Upon the production to the Officer of the Justices in that behalf of a receipt for the

ইনঅনুসারে শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের যে টাকা প্রাপ্য হয় তাহা ভিন্ন তদ্রূপ মাসুল ও রেট ও দেয় টাকার জন্য যে সোপাধিক অধিকার তাহা অন্য সকল সোপাধিক অধিকারের ও দাওয়ার অগ্রগণ্য। কিন্তু যে সময়ে যে আইন প্রচলিত হয় তদনুসারে কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের প্রতি যে শক্তি ও ক্ষমতা অর্পিত হইয়াছে, এই আইনের কোন কথাতে তাহার হ্রাস বৃদ্ধি হইবে না ইতি।

[রাজকীয় গুদামে মাল রাখিবার কথা।]

৫৮ ধারা। যদি জষ্টিসদের পক্ষীয় দোষভিন্ন কোন মাল তিন দিনপর্য্যন্ত জষ্টিসদের কোন ঘাটে কি শেডে থাকে, তবে কানসাইনীর অর্থাৎ ঐ মাল যে ব্যক্তির নামে প্রেরণ হইয়াছে তাঁহার কি মালের স্বামির নাম ও বাসস্থান জ্ঞাত হইলে কমিটী তাঁহাকে পত্র দিয়া কিম্বা ডাকযোগে তাঁহার নিকটে পত্র পাঠাইয়া সেই দ্রব্য স্থানান্তর করিবার সম্বাদ দিয়া আপনারদের কোন গুদামে কিম্বা রাজকীয় গুদামে ঐ মাল স্থানান্তর করিয়া রাখিবেন। মাল স্থানান্তর করিবার খরচ স্বামির দিতে হইবে। যদি ঐ মাল স্থানান্তর হইয়া জষ্টিসেরদের কোন আড়তে কি গুদামে রাখা যায়, তবে ঐ মাল স্থানান্তর করিবার খরচভিন্ন মাল যত দিন সেই আড়তে থাকে তত দিন কানসাইনী কি স্বামী সেই আড়তে রাখিবারও ভাড়া দিবেন। যদি সেই মাল রাজকীয় গুদামে রাখা যায়, তবে উক্ত কানসাইনীর কি স্বামির সেই রাজকীয় গুদামেও রাখিবার ভাড়া দিতে হইবে ইতি।

[জাহাজহইতে মাল নামাইবার পরে যদি ভাড়ার জন্যে তাহার উপর সোপাধিক অধিকার থাকিবার সম্বাদ দেওয়া যায়, তবে সেই অধিকার রক্ষা করিবার কথা।]

৫৯ ধারা। এই আইনমতে যে ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু নির্ম্মিত হয়, তাহাতে কোন মাল নামান গেলে পর, ঐ মালের উপর ভাড়ার কি অন্য খরচের নিমিত্তে জাহাজের স্বামির এত টাকা পাওনা হওয়াতে সেই ভাড়াপ্রভৃতির জন্যে সোপাধিক অধিকারের বলে ঐ মাল আটক রাখিতে হইবে যদি জাহাজের স্বামী এই মর্ম্মের জ্ঞাপনপত্র লিখিয়া জষ্টিসদিগকে দেন, তবে জাহাজ হইতে নামাইবার পূর্ব্বে ঐ মালের উপর যে খরচ হেতুক যে সোপাধিক অধিকার ছিল, উক্ত প্রকারে নামান গেলে পর সেই মালের উপর সেই অধিকার বর্ত্তিবে। সেই অধিকারহইতে মাল নিম্নলিখিতমতে যত কাল মুক্ত না করা যায় তত কাল পর্য্যন্ত সেই মাল জষ্টিসদিগের গুদামে ও শেডে কিম্বা কষ্টমের প্রধান কার্য্যকারকের অনুমতিক্রমে রাজকীয় গুদামে আটক রাখা যাইবে। যদি সেই মাল না রাখা যায় ও তজ্জন্যে জাহাজের স্বামির কোন ক্ষতি হয়, তবে জষ্টিসেরা সেই ক্ষতিপূরণ করিতে আবদ্ধ আছেন।

[টাকা দেওন কি ক্ষমা করণদ্বারা অধিকার হইতে মুক্ত করণের কথা।]

৬০ ধারা। সেই কর্ম্মে [illegible] যে ব্যক্তি জষ্টিসদিগের কর্ম্মকারক হন উক্তমতে প্রাপ্য বলিয়া যে টাকার

amount claimed as due, and delivery to him of a copy thereof or of a release of freight from the shipowner, the said lien shall be discharged.

[If tolls not paid or the lien for freight is not discharged, goods may be sold after the expiration of two months.]

১৬। কোন রেবিনিউ এজেন্ট ইচ্ছাপূর্ব্বক পূর্ব্বলিখিত কোন বিধি লঙ্ঘন করিলে তিনি কিয়ৎকাল কি চিরকালের নিমিত্তে পদচ্যুত হইবেন।

এ গ্রোট, } রেবিনিউ বোর্ডের মেম্বর।
বি এচ শক, }

JOHN ROBINSON, *Bengalee Translator.*

Rules made by the Board of Revenue, Lower Provinces, in pursuance of Act XX of 1865, Section 37, for fixing and regulating the fees payable by the unsuccessful party in respect of the fees of his adversary's Pleader, in proceedings in the Revenue Courts and Offices in the Lower Provinces.

[Scale of fees prescribed. Agent to have three quarter fees only.]

1. In pursuance of Section 37, Act XX. of 1865, the Board of Revenue are pleased to direct that, from, and after, the 1st day of July 1866, the sums which shall be payable by an unsuccessful party in any suit or proceeding in the Revenue Courts and Offices in the Lower Provinces of Bengal, in respect of the fees of his adversary's pleader shall be calculated at the rates specified in the following schedules. If a Revenue Agent and not a pleader has been employed by the said adversary, a deduction of one-fourth part shall be made from the fees calculated as herein deducted, and if, though a pleader has been employed, the Officer presiding in the Court or Office be of opinion that the employment of a pleader was unnecessary, and that it would have sufficed to employ a Revenue Agent, the fees shall be calculated as for a Revenue Agent only.

SCHEDULE.

In all suits or applications instituted under Act X. of 1859 of Act VI of 1862 B. C., and in all judicial or quasi-judicial proceedings in any Revenue Court or Office :

If the amount or value of the property, debt, or damages decreed does not exceed 5,000 Rupees, at 5 per cent. on the amount or value decreed.

If the amount or value exceed 5,000 Rupees and does not exceed Rupees 20,000, on Rupees 5,000 at 5 per cent. and on the remainder at 2 per cent.

If the amount or value exceed 20,000 and does not exceed 50,000, on 20,000 as above, and on the remainder at 1 per cent.

If the amount or value exceed 50,000, on 50,000 as above, and on the remainder at ½ per cent.

Provided that in no case shall the amount of any fee exceed 3,000 Rupees.

[Where value cannot be exactly defined.]

2. In suits or proceedings to enforce rights of which the pecuniary value cannot be exactly defined, as, for example, in suits for a kabulyut or

[*Government Gazette*, 24*th July* 1866.]

বঙ্গপ্রভৃতি দেশের রাজস্বসম্পর্কীয় আদালতে ও কার্য্যালয়ে মোকদ্দমাঘটিত কার্য্য হইলে যে ব্যক্তি পরাজিত হন তাঁহার বিপক্ষ ব্যক্তির উকীলকে তাঁহার যত ফী দিতে হইবে, তাহা নির্দ্ধার্য্য ও বিধিবদ্ধ করণার্থে বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সাহেবেরা ১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারামতে এই বিধি করিয়াছেন।

[শুল্কের হারাবধারণের কথা ও এজেন্টের তাহার তৃতীয়াংশমাত্র পাইবার কথা।]

১। বঙ্গপ্রভৃতি দেশের রাজস্বসম্পর্কীয় আদালতে ও কার্য্যালয়ে কোন মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য হইয়া যে ব্যক্তি পরাজিত হন, তাঁহার বিপক্ষের উকীলকে যত ফী দিতে হইবে, এতদুপলক্ষে রেবিনিউ বোর্ডের সাহেবেরা ১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারামতে আজ্ঞা করেন যে ১৮৬৬ সালের জুলাই মাসের প্রথমদিনাবধি নিম্ন লিখিত তফসীলের অবধারিত হারে ঐ ফী ধার্য্য হইবে। যদি উক্ত বিপক্ষ ব্যক্তি উকীলকে নিযুক্ত না করিয়া রেবিনিউ এজেন্টকে নিযুক্ত করিয়া থাকেন, তবে এই তফসীল অনুসারে যত টাকা ধরিতে হয় তাহার চতুর্থাংশ বাদ দিয়া তাঁহাকে অবশিষ্ট টাকা দেওয়া যাইবে। উকীল নিযুক্ত হইলে ও উকীলকে নিযুক্ত করা অনাবশ্যক রেবিনিউ এজেন্টকে নিযুক্ত করিলে প্রচুর হইত যদি আদালতের কি কার্য্যালয়ের অধিপতি এমত বোধ করেন, তবে কেবল রেবিনিউ এজেন্টের প্রাপ্তব্য ফী ধরা যাইবে।

তফসীল।

১৮৫৯ সালের ১০ আইন ও ১৮৬২ সালের বঙ্গদেশীয় ৬ আইনমতে যে সকল মোকদ্দমা কি প্রার্থনা উপস্থিত করা যায়, এবং রাজস্বসম্পর্কীয় কোন আদালতে কি কার্য্যালয়ে মোকদ্দমাঘটিত যে সকল কার্য্য কি মোকদ্দমাঘটিত কার্য্যবৎ অন্য যে কার্য্য উপস্থিত করা যায়, তাহাতে।

যে টাকার কি সম্পত্তির যে মূল্যের কি যে ঋণের কি ক্ষতিপূরণের ডিক্রী হয় তাহা ৫০০০৲ টাকার অধিক না হইলে সেই ডিক্রীর টাকার কি মূল্যের উপর শতকরা ৫৲ টাকা।

যদি টাকা কি মূল্য ৫,০০০৲ টাকার অধিক কিন্তু ২০,০০০৲ টাকার অনধিক হয় তবে ৫,০০০৲ টাকাপর্য্যন্ত শতকরা ৫৲ টাকা, তদূর্দ্ধ টাকার উপর শতকরা ২, টাকা।

যদি টাকা কি মূল্য ২০,০০০৲ টাকার অধিক কিন্তু ৫০,০০০৲ টাকার অনধিক হয় তবে ২০,০০০৲ টাকা পর্য্যন্ত উপরোক্তমতে ও তদূর্দ্ধ টাকার উপর শতকরা ১৲ টাকা।

যদি টাকা কি মূল্য ৫০,০০০ টাকার অধিক হয় তবে ৫০,০০০৲ টাকাপর্য্যন্ত উপরোক্তমতে ও তদূর্দ্ধ টাকার উপর ।।০ আট আনা।

কিন্তু কোন স্থলে ৩,০০০৲ টাকার অধিক ফী দিতে হইবে না।

[ঠিক মূল্য নিরূপণ হইতে না পারিলে তাহার কথা।]

২। মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য যে স্বত্ব বলবৎ করিবার জন্যে করা যায় তাহার মূল্য যদি যথার্থ মতে নিরূপণ হইতে না পারে, তবে সেই মোক-

pottah, or for abatement or enhancement of rent, or for ejectment or re-instatement, or in proceedings for the division of an estate, if the plaintiff succeed, the Presiding Officer of the Court or Office may order the fee of the pleader or Revenue Agent for the plaintiff to be calculated upon the valuation of the claim, or upon such a sum, not exceeding the valuation, as the said Officer may think reasonable and may fix with reference to to the importance of the subject of the dispute.

[For when case is dismissed.]

3. If any suit, application, or claim, is *dismissed* for default, or upon the merits, or is decreed for the defendant, the defendant's pleader's or agent's fee shall be calculated on the whole value of the suit.

[When it is decreed in part.]

4. If any suit, application or claim is *decreed* for the plaintiff as to *part* only of his claim, and as to the remainder, is dismissed or decreed for the defendant, the fees allowed to each party's pleader or agent shall be calculated upon the value of that part of the claim in respect of which he has succeeded.

[When in a successful suit the whole damages claimed are not allowed.]

5. If, in any suit for damages under the Rent Laws, the plaintiff *fails to recover the full amount of damages* claimed, the defendant shall not be entitled to any allowance for a pleader or agent's fee in respect of the difference between the amount of damages claimed and the amount recovered, unless the Presiding Officer of the Court or Office shall be of opinion that the amount claimed for damages was unreasonable or excessive, and shall for that, or any other cause to be specified, direct that a fee for his pleader or agent shall be allowed to the defendant. If specially allowed the amount of such fee shall be calculated upon the amount of damages disallowed to the plaintiff.

[When the defence is joint or common.]

6. If several defendants, who have a *Joint* or *Common Interest* succeed upon a joint defence, or upon separate defences substantially the same, not more than one pleader or agent's fee shall be allowed unless the Presiding Officer of the Court or Office shall otherwise order, for reasons which shall be recorded. If only one fee be allowed, the Presiding Officer shall direct to which of the defendants it shall be paid, or shall apportion it among the several defendants in such manner as he shall think fit.

দফা প্রভৃতিতে যথা, কবুলিয়ৎ কি পাট্টা পাইবার কিম্বা কর হ্রাস কি বৃদ্ধি করিবার কিম্বা উঠাইয়া দিবার কি পুনশ্চ অধিকার পাইবার মোকদ্দমার কিম্বা ভূমি ভাগ করিবার মোকদ্দমাঘটিত কার্য্যেতে, যদি বাদী জয়ী হন, তবে তাঁহার উকীলকে কি রেবিনিউ এজেণ্টকে যত টাকা দিতে হইবে, তাহা আদালতের কি কার্য্যালয়ের অধিপতি দাওয়ার মূল্যানুসারে কিম্বা ঐ মূল্যের অনধিক যত টাকা উক্ত কার্য্যকারক যুক্তিসিদ্ধ বোধ করিয়া বিবাদীয় বিষয়ের গুরুত্বানুসারে নির্দ্ধার্য্য করেন তদনুসারে ফী হিসাব করিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

[মোকদ্দমা ডিসমিস হইলে সেই স্থলের কথা।]

৩। যদি কোন মোকদ্দমা কি প্রার্থনা কি দাওয়া ত্রুটিহেতুক কি দোষগুণক্রমে ডিসমিস হয়, কিম্বা যদি প্রতিবাদির পক্ষে ডিক্রী হয়, তবে প্রতিবাদির উকীলের কি এজেণ্টের ফী মোকদ্দমার সম্পূর্ণ মূল্যের উপর ধরিতে হইবে।

[একাংশের ডিক্রী হইলে সেই স্থলের কথা।]

৪। যদি বাদির দাওয়ার কেবল এক অংশ সম্পর্কে মোকদ্দমার কি প্রার্থনার কি দাওয়ার ডিক্রী হয় এবং অন্য অংশ সম্পর্কে ডিসমিস হয় কি প্রতিবাদির পক্ষে ডিক্রী হয়, তবে বাদির এবং প্রতিবাদির উকীল কি এজেণ্ট যত ফী পাইবেন বাদী দাওয়ার যে অংশ সম্পর্কে কৃতার্থ হইয়াছেন কেবল সেই অংশের মূল্যানুসারে তাহা নিরূপণ হইবে।

[মোকদ্দমায় জয়ী হইলে যদি প্রার্থিত সমুদয় ক্ষতিপূরণের আজ্ঞা না হয়, তবে সেই স্থলের কথা।]

৫। করাদায়ের আইনঅনুসারে ক্ষতিপূরণের মোকদ্দমায় যদি বাদী প্রার্থিত ক্ষতিপূরণের সমুদয় টাকা প্রাপ্ত না হন, তবে প্রার্থিত ক্ষতিপূরণের ও আজ্ঞামতে আদায় করা টাকার মধ্যে যত টাকার বিশেষ হয়, প্রতিবাদী তত টাকার উপলক্ষে উকীলের কি এজেণ্টের জন্যে কিছুই পাইবার স্বত্ববান্ হইবেন না। কিন্তু ক্ষতিপূরণের যত টাকা দাওয়া হইয়াছে তাহা অযুক্তিসিদ্ধ ও অতিরিক্ত আদালতের কি কার্য্যালয়ের অধিপতি ইহা বোধ করিয়া যদি সেই কি অন্য হেতুতে প্রতিবাদির উকীলের কি এজেণ্টের জন্যে তাঁহার ফী পাইবার আদেশ করেন, তবে পাইবেন। সেই হেতু নির্দ্দিষ্ট করিতে হইবে। ফী পাইবার বিশেষ অনুমতি হইলে বাদির ক্ষতিপূরণের যত টাকা অগ্রাহ্য হইয়াছে তদনুসারে সেই ফীর টাকা ধরিতে হইবে।

[সংযুত কি সাধারণ উত্তর হইলে সেই স্থলের কথা।]

৬। অনেক প্রতিবাদী সংসৃষ্ট কি সাধারণ স্বার্থবিশিষ্ট হইয়া যদি সংযুক্ত প্রত্যুত্তর কিম্বা স্বতন্ত্র অথচ ভাবতঃ সমান উত্তর দিয়া কৃতার্থ হন, তবে আদালতের কি কার্য্যালয়ের অধিপতি কোন হেতুতে অন্যরূপ আজ্ঞা না করিলে কেবল এক জন উকীলের কি এজেণ্টের ফী পাইবার অনুমতি হইবে। সেই হেতু লিপিবদ্ধ করিতে হইবে। যদি কেবল এক জনের ফী দেওয়া যায় তবে প্রতিবাদিদের মধ্যে কোন্ ব্যক্তিকে দিতে হইবে, তাহা আজ্ঞা করিবেন কিম্বা যেমন উচিত বোধ করেন তেমনি প্রতিবাদিদের মধ্যে বণ্টন করিয়া দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৪ জুলাই।]

[When several defendants make separate defences.]

7. If several defendants, who have *separate* interests, set up *separate* and distinct defences and succeed thereon, a fee for one pleader or agent for each of the defendants who appear by a separate pleader or agent may be allowed in respect of his separate interest. Such fee, if allowed, shall be calculated upon the value of the separate interest of such defendant.

[In miscellaneous proceedings.]

8. The amount in respect of the fee of an adversary's pleader or agent when allowed in any miscellaneous proceeding, or for any other matter than that of appearing, acting or pleading in a suit or application, or other judicial or quasi-judicial proceeding prior to decree shall be fixed by the Presiding Officer of the Court or Office according to the following scale, *viz* :—

In proceedings before the Board of Revenue or in the Court or Office of a Commissioner of Revenue, Rupees 10 to 80.

In the Court or Office of a District Officer, Rupees 4 to 16.

In the Court or Office of a Deputy Collector, Rupee 1 to Rupees 10.

[Undefended cases.]

9. In any suit, application or claim, in any Court or Office of *Original Jurisdiction* which is *undefended* the amount to be paid as the fee of the adversary's pleader or agent shall be calculated at one-half the sum at which it would have been charged had the suit been defended.

[Revival or rehearing of suit.]

10. In proceedings for, or consequent upon, the revival or rehearing of a suit, the pleader's or agent's fee, if allowed to the successful party, shall be fixed by the Presiding Officer of the Court or Office at an amount which shall not exceed one-half of the amount that would have been allowed by these rules in case of an original decree.

The fee allowed in respect of the revival or rehearing will be irrespective of any fee which may be included in any costs in respect of the original suit or proceeding which may be adjudged to the successful party by the judgment in review.

[Appeals.]

11. The amount to be allowed on account of the fees of an adversary's pleader or agent in an appeal, shall be calculated on the same scale as in original suits, and the principles of the above clauses as to original suits shall be applied, as nearly as may be, to appeals.

[যে স্থলে অনেক প্রতিবাদী স্বতন্ত্র উত্তর করেন সেই স্থলের কথা।]

৭। অনেক প্রতিবাদির স্বতন্ত্র স্বার্থ হইয়া যদি স্বতন্ত্র ও পৃথক্ উত্তর উপস্থিত করিয়া কৃতার্থ হন, তবে যেই প্রতিবাদী স্বতন্ত্র উকীলের কি এজেণ্টের দ্বারা উপস্থিত হন, সেই প্রতিবাদির স্বতন্ত্র স্বার্থোপলক্ষে এক২ জন উকীলের কি এজেণ্টের ফী দিবার অনুমতি হইতে পারিবে। তদ্রূপ অনুমতি হইলে ঐ প্রতিবাদির স্বতন্ত্র স্বার্থের মূল্যানুসারে ঐ ফী ধরিতে হইবে।

[বিবিধ কার্য্যের বিধি।]

৮। মোকদ্দমাঘটিত বিবিধ প্রকারের কোন কার্য্যেতে কিম্বা ডিক্রী হইবার পূর্ব্বে কোন মোকদ্দমায় কি প্রার্থনায় কিম্বা মোকদ্দমাঘটিত কার্য্যেতে কিম্বা মোকদ্দমাঘটিত কার্য্যবৎ কোন কার্য্যে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর কি সমর্থন করণভিন্ন যদি অন্য কার্য্যহেতুক বিপক্ষের উকীলের কি এজেণ্টের ফীর উপলক্ষে টাকা দিবার অনুমতি হয়, তবে যত টাকা দেওয়া যাইবে তাহা আদালতের কি কার্য্যালয়ের অধিপতি নিম্ন লিখিত হারানুসারে নিরূপণ করিবেন।

রেবিনিউ বোর্ডের কিম্বা রাজস্বসম্পর্কীয় কমিস্যনরের আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত কার্য্যহেতুক ১০ অবধি ৮০ পর্য্যন্ত টাকা।

জিলার কার্য্যকারকের আদালতে কি কার্য্যালয়ে ৪ অবধি ১৬ পর্য্যন্ত টাকা।

ডেপুটী কালেক্টরের আদালতে কি কার্য্যালয়ে ১ অবধি ১০ পর্য্যন্ত টাকা।

[যে মোকদ্দমায় উত্তরবাদী নাই তাহার কথা।]

৯। আদৌ বিচারাধিপত্য বিশিষ্ট কোন আদালতে কি কার্য্যালয়ে কোন মোকদ্দমা কি প্রার্থনা কি দাওয়া উপস্থিত করা গেলে, যদি উত্তরবাদী না থাকে তবে বিপক্ষের উকীলের কি এজেণ্টের প্রাপ্তব্য ফী নিরূপণ কালে উত্তরবাদী থাকিলে যত টাকা নিরূপণ হইত তাহার অর্দ্ধেক ধরিতে হইবে।

[মোকদ্দমা পুনরুত্থাপন কি পুনঃশ্রবণের কথা।]

১০। মোকদ্দমা পুনরুত্থাপন কি পুনঃশ্রবণ করণার্থে কি তৎফলস্বরূপে যে কার্য্য করা যায়, তাহাতে যদি জয়িপক্ষের উকীলকে কি এজেণ্টকে ফী দিবার অনুমতি হয়, তবে আদৌ মোকদ্দমায় ডিক্রী হইলে এই বিধিমতে যত ফী নিরূপণ হইত আদালতের কি কার্য্যালয়ের অধিপতি তাহার অর্দ্ধেকের অনধিক টাকা নির্দ্ধার্য্য করিবেন।

পুনর্ব্বিচারের নিষ্পত্তিতে আদি স্থলের মোকদ্দমায় কি মোকদ্দমাঘটিত কার্য্যের উপলক্ষে পরাজয়ি ব্যক্তির যে খরচ পাইবার আজ্ঞা হয় তৎসংক্রান্ত যে ফী ধরা যায়, মোকদ্দমা পুনরুত্থাপন কি পুনঃশ্রবণ করণোপলক্ষে তাহার স্বতন্ত্র ফী হইবে।

[আপীলের কথা।]

১১। আপীলী মোকদ্দমায় বিপক্ষের উকীলের কি এজেণ্টের যত ফী দিতে হইবে ইহা আদৌ উপস্থিত মোকদ্দমার সমানহারে নিরূপণ হইবে। আদৌ উপস্থিত মোকদ্দমা সংক্রান্ত পূর্ব্বলিখিত প্রকরণের যে মূলবিধি তাহা আপীলী মোকদ্দমার প্রতি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে বর্ত্তিবে।

[Joint Appellants.]

12. When the interest of *Several Appellants* is *joint*, not more than one pleader's or agent's fee shall be allowed unless the Presiding Officer of the Court or Office shall otherwise order, for a reason to be recorded. If one fee only be allowed, the Presiding Officer of the Court or Office shall direct to which of the Appellants it shall be paid, or shall apportion it amongst the several Appellants in such proportions as he shall think fit.

[Several Respondents.]

13. If *several Respondents* in one appeal appear by *separate pleaders or agents*, in determining whether several pleaders or Agents' fees shall be allowed, the Presiding Officer of the Court or Office shall be guided by the principles laid down in Clauses 6 and 7.

14. If, in any instance, the payment of fees according to the preceding Clauses shall not appear to the Presiding Officer of any Court or Office to be just and equitable, he may exercise his discretion in charging the fee of the adversary's pleader in such manner as may appear just and equitable, but, whenever, in any case other than those provided for in Clause 8, an allowance is made for a pleader's or agent's fee, the amount shall be calculated according to the Schedule appended in Clause 1.

By Order of the Board of Revenue, Lower Provinces,

R. B. CHAPMAN,
Secretary.

BOARD OF REVENUE,
The 5th June 1866.

[সহ আপেলাণ্টদের কথা ।]

১২। আপেলাণ্টদের মধ্যে যদি অনেক ব্যক্তির সাধারণ স্বার্থ থাকে, তবে একের অধিক উকীলের কি এজেন্টের ফী পাইবার অনুমতি হইবে না। যদি আদালতের কি কার্য্যালয়ের অধিপতি অন্যরূপ আজ্ঞা করেন, তবে তাহার হেতু লিপিবদ্ধ করিতে হইবে। যদি কেবল এক ফীর অনুমতি হয়, তবে তাহা আপেলাণ্টদের মধ্যে কোন্ ব্যক্তিকে দিতে হইবে, আদালতের কি কার্য্যালয়ের অধিপতি সেই কথা নিরূপণ করিবেন কিম্বা আপনি যেমত উচিত বোধ করেন সেইমতে নানা আপেলাণ্টদের মধ্যে তাহা বণ্টন করিবেন।

[অনেক রেস্পাণ্ডেণ্ট থাকিলে তাহার কথা।]

১৩। যদি এক আপীলী মোকদ্দমায় অনেক রেস্পাণ্ডেণ্ট স্বতন্ত্র উকীল কি এজেন্টের দ্বারা উপস্থিত হন, তবে অনেক উকীলের কি এজেন্টের ফী দিতে হয় কি না ইহা নির্ণয় করিবার জন্যে আদালতের কি কার্য্যালয়ের অধিপতি ৬ ও ৭ ধারার অবধারিত নিয়ম দৃষ্টি করিবেন।

১৪। যদি কোন গতিকে কোন আদালতের কি কার্য্যালয়ের অধিপতির বিবেচনায় পূর্ব্বলিখিত কোন প্রকরণানুসারে ফী দেওয়া অযথার্থ কি অন্যায় হয়, তবে তিনি যে নিয়ম ন্যায় ও যথার্থ বোধ করেন, তদনুসারে বিপক্ষ পক্ষের উকীলের ফী গ্রহণ বিষয়ে স্বীয় বিবেচনামতে কার্য্য করিবেন। কিন্তু যদি ৮ প্রকরণের লিখিত স্থলভিন্ন অন্য স্থলে উকীলের কি এজেন্টের ফী পাইবার অনুমতি হয়, তবে যত টাকা দিতে হইবে ইহা ১ প্রকরণের লিখিত তফসীল অনুসারে নিরূপণ হইবে।

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান, সেক্রেটারী।

রেবিনিউ বোর্ড।
১৮৬৬ সাল ৫ জুন।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

Rules made by the High Court of Judicature at Fort William in Bengal in pursuance of Act XX. of 1865, *Section* 37, *for fixing and regulating the Fees payable by the unsuccessful party in respect of the Fees of his adversary's Pleader in proceedings in any Court of Civil Judicature subordinate to the said High Court.*

In pursuance of Section 37, Act XX. of 1865, the High Court is pleased to direct that, from and after the 1st day of July 1866, the sums which shall be payable by an unsuccessful party in any suit or proceeding in the subordinate Civil Courts in respect of the fees of his adversary's Pleader shall be calculated at the rates specified in the following scale, that is to say:—

Rule 1.—In suits for the recovery of specific property, or a share of a specific property, whether

সুবে বাঙ্গালার অন্তর্গত কলিকাতাস্থ হাই কোর্ট আফ জুডিকেচর আদালতের অধীন যে কোন দেওয়ানী আদালতে যে সকল মোকদ্দমা হয় তাহাতে পরাজিত ব্যক্তির দেয় তাহার বিপক্ষের উকীলের রসুমের পরিমাণ নির্দ্ধারিত ও নির্দ্দিষ্ট করণার্থে ১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারানুসারে উক্ত আদালত কর্ত্তৃক সংস্থাপিত নিয়ম সমস্ত।

১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারানুসারে হাই কোর্ট কর্ত্তৃক আদেশ হইল যে ১৮৬৬ সালের ১ জুলাই তারিখহইতে ও ঐ তারিখের পর ইহার অধীন দেওয়ানী আদালত সকলে যে কোন মোকদ্দমা অথবা কার্য্য হয় তাহাতে পরাজিত ব্যক্তির দেয় তাহার বিপক্ষের উকীলের রসুমের পরিমাণ নিম্নোক্ত নিয়মাবলির লিখিত নিরীখে হিসাব করিতে হইবে।

১ নিয়ম। স্থাবর অথবা অস্থাবর কোন নির্দ্দিষ্ট সম্পত্তিতে অথবা নির্দ্দিষ্ট সম্পত্তির কোন একাংশে

immoveable or moveable, or for the breach of any contract or for damages—

If the amount or value of the property, debt or damages decreed shall not exceed Rupees 5,000 at 5 per cent. on the amount or value decreed.

If the amount or value shall exceed Rupees 5,000 and not exceed Rupees 20,000, on Rupees 5,000 at 5 per cent., and on the remainder at 2 per cent.

If the amount or value shall exceed Rupees 20,000 and not exceed Rupees 50,000, on Rupees 20,000 as above, and on the remainder at 1 per cent.

If the amount or value shall exceed Rupees 50,000, on Rupees 50,000 as above, and on the remainder at ½ per cent.

Provided that in no case shall the amount of any fee exceed Rupees 3,000

Rule 2.—In suits for injuries to the person or character of the Plaintiff, such as suits for assaults or defamation, or for injuries to property, or to enforce rights where the pecuniary value of such injury or right cannot be exactly defined, as in suits for interference with a right to light or water, or to enforce a right of pre-emption, or suits for the partition of joint property, where partition is improperly resisted, if the Plaintiff succeed, the Court may order the fee of the Pleader for the Plaintiff to be calculated with reference either to the amount decreed or according to the valuation of the suit, or according to such a sum not exceeding the valuation as the Court shall think reasonable and shall fix with reference to the importance of the subject of the dispute. In any such case the amount of the Pleader's fee shall be calculated according to the scale in Rule 1.

Rule 3.—If the suit be dismissed for default or upon the merits, or be decreed for the Defendant, the Defendant's Pleader's fee shall be calculated according to the scale in Rule 1 on the whole value of the suit.

Rule 4.—If the suit shall be decreed for the Plaintiff as to part only of his claim, and as to the remainder shall be dismissed or decreed for the Defendant, the fees allowed to each party's Pleader shall be fixed with reference to the value of that part of the claim in respect of which he shall succeed, and shall be calculated according to the scale in Rule 1.

Rule 5.—If in any suit for unliquidated damages, the Plaintiff shall succeed as to the whole of his cause of action, but shall fail to recover the full amount of damages claimed, the Defendant shall not be entitled to any allowance for a Pleader's fee in respect of the difference between the amount of damages claimed and the

[*Government Gazette*, *24th July* 1866.]

দখল প্রাপ্ত হওয়ার বা কোন চুক্তি ভঙ্গের বা খেসারাতের মোকদ্দমায়,—

ডিক্রী হওয়া সম্পত্তি বা ঋণ বা খেসারাতের পরিমাণ অথবা মূল্য যদি ৫,০০০৲ টাকার অধিক না হয় তবে যে পরিমাণ দাবী অথবা মূল্য ডিক্রী হয় তাহার শত করা ৫৲ টাকা হিসাবে।

উক্ত পরিমাণ অথবা মূল্য যদি ৫,০০০৲ টাকার অধিক এবং ২০,০০০৲ টাকার অনধিক হয় তবে ৫,০০০৲ টাকাপর্য্যন্ত শতকরা ৫৲ টাকা হিসাবে এবং অবশিষ্ট টাকার উপর শতকরা ২৲ টাকা হিসাবে।

উক্ত পরিমাণ অথবা মূল্য যদি ২০,০০০৲ টাকার অধিক ও ৫০,০০০৲ টাকার অনধিক হয় তবে ২০,০০০৲ টাকা পর্য্যন্ত উপরোক্ত হিসাব ও অবশিষ্ট টাকার উপর শতকরা ১৲ টাকা হিসাবে।

উক্ত পরিমাণ অথবা মূল্য যদি ৫০,০০০৲ টাকার অধিক হয় তবে ৫০,০০০৲ টাকা পর্য্যন্ত ঐ হিসাবে এবং অবশিষ্ট টাকার প্রতি শতকরা ॥০ আনা হিসাবে।

কিন্তু রসুমের পরিমাণ কখন ৩,০০০৲ টাকার অধিক হইতে পারিবে না।

২ নিয়ম। বাদির শরীর অথবা চরিত্র সম্বন্ধীয় ক্ষতির মোকদ্দমায় যথা মারিপিট বা অহমতের মোকদ্দমায় অথবা সম্পত্তির হানির বা যে স্থলে উক্ত হানি বা স্বত্বের মূল্য কত টাকা হইবে তাহা ঠিক নির্দ্দিষ্ট করা যাইতে না পারে সে স্থলে স্বত্ব প্রবল করণের মোকদ্দমায় যথা আলো বা জলে যে স্বত্ব থাকে তাহার প্রতি হস্তক্ষেপ করণের বা হক সফার মোকদ্দমায় অথবা যে স্থলে এজমালি সম্পত্তি বাঁটোয়ারা করিয়া লওনের প্রতি অনুচিত আপত্তি করা হয় সে স্থলে ঐরূপ সম্পত্তি বাঁটোয়ারা করিয়া লওনের মোকদ্দমায় যদি বাদী কৃতকার্য্য হয় তবে যে পরিমাণ দাবী ডিক্রী হয় তদনুসারে বা নালিশের তায়দাদ অনুসারে অথবা তায়দাদের অনধিক যে পরিমাণ টাকা আদালত ন্যায্য বোধ করেন ও বিরোধীয় বিষয়ের গুরুত্ব দৃষ্টে ধার্য্য করেন তদনুসারে আদালত বাদির উকীলের রসুম হিসাব করণের হুকুম প্রদান করিতে পারেন এই সকল মোকদ্দমায় উকীলের রসুম ১ নিয়মের লিখিত নিরিখে হিসাব করিতে হইবে।

৩ নিয়ম। ত্রুটি প্রযুক্ত অথবা দোষ গুণের বিচারে মোকদ্দমা ডিসমিস হইলে অথবা প্রতিবাদির অনুকূলে ডিক্রী হইলে প্রতিবাদির উকীলের রসুম মোকদ্দমার সম্পূর্ণ তায়দাদের উপর ১ নিয়মের লিখিত নিরীখমতে হিসাব করিতে হইবে।

৪ নিয়ম। যদি বাদির দাবির কিয়দংশ ডিক্রী হয় ও অবশিষ্ট অংশ ডিসমিস বা প্রতিবাদির অনুকূলে ডিক্রী হয় তবে উভয় পক্ষের উকীলের প্রাপ্য রসুম তাহারা যে পরিমাণ দাবি সম্বন্ধে কৃতকার্য্য হয় সেই পরিমাণ দাবির মূল্য অনুসারে নির্দ্ধারিত ও ১ নিয়মের লিখিত নিরীখমতে হিসাব করিতে হইবে।

৫ নিয়ম। যদি কোন অপরিশোধিত খেসারাতের মোকদ্দমায় বাদী তাহার সম্পূর্ণ মোকদ্দমার হেতু সম্বন্ধে কৃতকার্য্য হয় কিন্তু দাবীকৃত সমুদয় খেসারাত প্রাপ্ত না হয় তাহা হইলে দাবীকৃত খেসারাতের পরিমাণ ও যে পরিমাণ খেসারত সে প্রাপ্ত হয় এতদুভয়ের মধ্যে যে ভিন্নতা তৎসম্বন্ধে উকীলের রসুম প্রতিবাদী প্রাপ্ত হইতে পারিবে না। কিন্তু আদালত যদি দাবী কৃত

amount recovered, unless the Court shall be of opinion that the amount claimed for damages was unreasonable or excessive, and shall for that or any other cause to be specified direct that a fee for his Pleader shall be allowed to the Defendant.

If specially allowed, the amount of such fee shall be fixed with reference to the amount of damages disallowed to the Plaintiff, and shall be calculated according to the scale in Rule 1.

Rule 6.—If several Defendants who have a joint or common interest succeed upon a joint defence or upon separate defences substantially the same, not more than one Pleader's fee shall be allowed, unless the Court shall otherwise order for a reason which shall be recorded. If only one fee be allowed, the Court shall direct to which of the Defendants it shall be paid, or shall apportion it among the several Defendants in such manner as the Court shall think fit.

Rule 7.—If several Defendants who have separate interests set up separate and distinct defences and succeed thereon, a fee for one Pleader for each of the Defendants who shall appear by a separate Pleader may be allowed in respect of his separate interest. Such fee, if allowed, shall be calculated with reference to the value of the separate interest of such Defendant according to the scale in Rule 1.

Rule 8.—The amount in respect of the fee of an adversary's Pleader when allowed in any Miscellaneous Proceeding, or for any other matter than that of appearing, acting, or pleading in a suit prior to decree, shall be fixed by the Court according to the following scale, *viz.* :—

Rupees 10 to Rupees 80 in the Court of a Judge or Principal Sudder Ameen.

Rupees 4 to Rupees 16 in the Court of a Sudder Ameen.

Rupee 1 to Rupees 4 in the Court of a Moonsiff.

The above scale shall apply to applications under Sections 53 or 54 of Act XX. of 1865.

Rule 9.—In every suit in any Court of Original Jurisdiction which shall be undefended, the amount to be paid as the fee of the adversary's Pleader shall be calculated at one-half the sum at which it would have been charged had the suit been defended.

Rule 10.—If a review be rejected after summoning the opposite party, or if after the admission of a review the former Judgment be upheld, the Pleader's fee, if allowed to the successful party in the review, shall be fixed by the Court at an

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৪ জুলাই।]

খেসারতের পরিমাণ অন্যায় অথবা অতিরিক্ত বিবেচনা করেন ও তৎকারণ অথবা অন্য কোন হেতু প্রকাশিয়া আদেশ করেন যে প্রতিবাদির উকীলের রসুম প্রতিবাদিকে দিতে হইবে তাহাহইলে সে তাহা প্রাপ্ত হইতে পারিবে।

যদি বিশেষরূপে উক্ত রসুম দেওনের আদেশ হয় তবে তাহার পরিমাণ বাদিকে যে পরিমাণ খেসারাত দেওয়া না যায় তদনুসারে নির্দ্ধারিত করিতে হইবে ও ১ নিয়মের লিখিত নিরিখমতে হিসাব করিতে হইবে।

৬ নিয়ম। কএক জন প্রতিবাদী যাহাদের একরূপ অথবা অন্য সম্পর্ক থাকে তাহারা যদি একযোগে জওয়াব অথবা পৃথকরূপে কিন্তু ফলিতার্থে একরূপ জওয়াব দিয়া কৃতকার্য্য হয় তবে একজন উকীলের রসুমের অধিক দেওয়া যাইবে না কিন্তু আদালত কোন কারণে তদ্বিপরীত হুকুম প্রদান করিলে তাহা দেওয়া যাইতে পারিবে উক্ত কারণ লিপিবদ্ধ করিতে হইবে যদি এক প্রস্ত রসুম মাত্র দেওয়া হয় তবে প্রতিবাদিগণের মধ্যে কোন্ ব্যক্তিকে তাহা দিতে হইবে তাহা আদালত প্রকাশ করিবেন অথবা আদালত যেরূপ উচিত বোধ করেন সেইরূপে তাহা ভিন্ন২ প্রতিবাদিকে অংশ করিয়া দিবেন।

৭ নিয়ম। কএক জন প্রতিবাদির পৃথকরূপ সম্পর্ক থাকিলে তাহারা যদি পৃথক ও ভিন্নহরূপ জওয়াব দিয়া কৃতকার্য্য হয় তবে যে সকল প্রতিবাদী পৃথক এক উকীলদ্বারা উপস্থিত হয় তাহাদের প্রত্যেকের পৃথক স্বত্ব সম্বন্ধে প্রত্যেকের একং জন উকীলের রসুম দেওয়া যাইতে পারে। ঐ রূপ রসুম দেওয়া গেলে তাহা উক্ত প্রতিবাদীর পৃথক স্বত্বের মূল্য অনুসারে ১ নিয়মের লিখিত নিরীখমতে হিসাব করিতে হইবে।

৮ নিয়ম। ডিক্রী হওয়ার পূর্ব্বে কোন মোকদ্দমাতে উপস্থিত হওয়া বা কার্য্য অথবা তর্ক করা ভিন্ন অন্য কোন বাবতে বা কোন মোতফরক্কা কার্য্যে বিপক্ষের উকীলের যে রসুম দেওয়া যায় তাহার পরিমাণ আদালত নিম্ন লিখিত নিরীখমতে নির্দ্ধারিত করিবেন, যথা, জজ অথবা প্রধান সদর আমিন আদালতে ১০৲ টাকা হইতে ৮০৲ পর্য্যন্ত সদর আমিন আদালতে ৪৲ হইতে ১৬৲ পর্য্যন্ত, মুনসেফ আদালতে ১৲ হইতে ৪৲ টাকা পর্য্যন্ত, এই নিয়ম ১৮৬৬ সালের ২০ আইনের ৫৩ অথবা ৫৪ ধারানুযায়ি দরখাস্ত সম্বন্ধে খাটিবে।

৯ নিয়ম। কোন প্রথম আদালতে যে কোন মোকদ্দমায় জওয়াব দেওয়া না হয় তাহাতে বিপক্ষের উকীলের যে রসুম দিতে হইবে তাহার পরিমাণ মোকদ্দমায় জওয়াব দিলে যত টাকা দিতে হইত তাহার অর্দ্ধেক ধরিতে হইবে।

১০ নিয়ম। যদি প্রতিপক্ষকে তলব করণান্তর ছানি তজবিজের দরখাস্ত অগ্রাহ্য হয় অথবা যদি ছানি মঞ্জুর হইলে পর পূর্ব্ব রায় বাহাল হয় তবে ছানি তজবিজের যে পক্ষ কৃতকার্য্য হয় তাহাকে উকীলের রসুম দেওয়া গেলে তাহার পরিমাণ প্রথম ফয়সলার সময় এই সকল

amount which shall not in any case exceed one-half of the amount allowed by these rules in case of an original decree.

Rule 11.—If after the admission of a review the former Judgment be reversed, the fee of the Pleader in respect of the review, if allowed to the party who succeeds in the review, shall not exceed one-half the amount allowed by these rules in case of an original decree. The fee allowed in respect of the review will be irrespective of any Pleader's fee which may be included in any costs in respect of the original suit which may be adjudged to the sucessful party by the Judgment in review.

Rule 12.—The amount to be allowed on account of the fee of an adversary's Pleader in appeals shall be calculated on the same scale as in original suits, and the principals of the above rules as to original suits shall be applied, as nearly as may be, to appeals.

Rule 13.—When the interest of several Appellants is joint, not more than one Pleader's fee shall be allowed, unless the Court shall otherwise order for a reason to be recorded. If one fee only be allowed, the Court shall direct to which of the Appellants it shall be paid, or shall apportion it amongst the several Appellants in such proportions as it shall think fit.

Rule 14.—If several Respondents in one appeal appear by separate Pleaders, in determining whether several Pleaders' fees shall be allowed, the Court shall be guided by the principles laid down in Rules 6 and 7.

Rule 15.—If in any instance the payment of fees, according to the preceding rules, shall not appear to the Court to be just and equitable, the Court may exercise its discretion in charging the fee of the adversary's Pleader in such manner as may appear just and equitable; but in every case when an allowance is made for a Pleader's fee, the amount shall be calculated according to the scale in Rule 1, or according to Rule 8, as the case may be.

Provided that, if under the provisions of Section 351, Act VIII. of 1859, the decree of a Lower Court be reversed on appeal, and the case be remanded to the Lower Court to be tried upon the merits, the Lower Court on passing its decree may allow to the successful party such a sum as the Court shall consider to be reasonable, not exceeding half the amount calculated according to the scale in Rule 1 on account of his Pleader's fee in respect of the re-hearing in addition to the full amount of his Pleader's fee calculated according to that scale.

নিয়মানুসারে যত টাকা দেওয়া যায় তাহার অর্দ্ধেকের অধিক কখনো আদালত ধার্য্য করিবেন না।

১১ নিয়ম। ছানি তজবিজের দরখাস্ত মঞ্জুর হওনান্তর যদি পূর্ব্ব রায় অন্যথা হয় তবে তজবিজছানি সম্বন্ধীয় উকীলের রসুম তজবিজ ছানিতে যে পক্ষ কৃতকার্য্য হয় তাহাকে দেওয়া গেলে তাহার পরিমাণ প্রথম ফয়সলার সময় এই সকল নিয়মানুসারে যত টাকা দেওয়া যায় তাহার অর্দ্ধেকের অধিক হইবে না। যে পক্ষ জয়লাভ করে তাহাকে তজবিজ ছানির ফয়সলা দ্বারা আসল মোকদ্দমা সম্বন্ধীয় যে খরচা দেওয়া হয় তাহাতে কোন উকীলের রসুম ভুক্ত হইলে তজবিজ ছানি সম্বন্ধীয় রসুম তাহা হইতে পৃথক গণ্য করিতে হইবে।

১২ নিয়ম। আপীলে বিপক্ষের উকীলানের রসুম বাবৎ যে টাকা দিতে হইবে তাহার পরিমাণ সরেনও মোকদ্দমায় যেরূপ সেইরূপ নিরীখমতে নির্ণয় করিতে হইবে এবং সরেনও মোকদ্দমা সম্বন্ধীয় উপরোক্ত নিয়ম সকলের মূলসূত্র যত দূর সম্ভব আপীলে খাটান হইবে।

১৩ নিয়ম। বহু আপীলান্টের একিরূপ সম্পর্ক থাকিলে এক জন উকীলের রসুমের অধিক দেওয়া যাইবে না কিন্তু আদালত কোন হেতু লিপিবদ্ধপূর্ব্বক তদ্বিপরীত হুকুম করিলে তাহা দেওয়া যাইতে পারিবে যদি এক জনের রসুম মাত্র দেওয়া হয় তবে তাহা আপীলান্টদিগের মধ্যে কোন্ ব্যক্তিকে দিতে হইবে আদালত তাহা প্রকাশ করিবেন অথবা আদালত যেরূপ পরিমাণ উচিত বোধ করেন সেইরূপ পরিমাণে তাহা ভিন্ন২ আপীলান্টকে অংশ করিয়া দিবেন।

১৪ নিয়ম। যদি এক আপীলে বহু রেস্পাণ্ডেন্ট পৃথক্২ উকীলের দ্বারা উপস্থিত হয় তবে পৃথক২ উকীলের রসুম দিতে হইবে কি না ইহা নির্ণয় করণার্থে আদালত ৬ এবং ৭ নিয়মের লিখিত মূলসূত্রের অনুবর্ত্তী হইবেন।

১৫ নিয়ম। উপরোক্ত নিয়ম সকলঅনুসারে যে রসুম দেওয়া হয় তাহা যদি কোন স্থলে আদালত উপযুক্ত ও ন্যায় সঙ্গত বোধ না করেন তবে আদালত যে প্রকার উপযুক্ত ও ন্যায় সঙ্গত বোধ করেন সেই প্রকারে বিপক্ষের উকীলের রসুম ধার্য্য করণকালে স্বীয় বিবেচনার অনুগামী হইতে পারেন কিন্তু সকল স্থলেই যখন উকীলের রসুম দেওয়া হয় তখন তাহার পরিমাণ অবস্থানুসারে ১ নিয়মের লিখিত নিরীখ অথবা ৮ নিয়মমতে নির্ণয় করিতে হইবে।

কিন্তু ১৮৫৯ সালের ৮ আইনের ৩৫১ ধারার বিধানমতে যদি আপীলে নিম্ন আদালতের ফয়সলা অন্যথা হয়-ও দোষগুণের বিচারার্থে মোকদ্দমা নিম্ন আদালতে ওয়াপেস পাঠান যায় তবে নিম্ন আদালত স্বীয় রায় প্রদান কালে জয়ী ব্যক্তির উকীলের সম্পূর্ণ রসুম ১ নিয়মের লিখিত নিরীখমতে হিসাব করিয়া যাহা হয় তৎসম্বলিত পুনর্ব্বিচার সম্বন্ধে তাহার উকীলের রসুম বাবৎ উক্ত নিরীখমতে হিসাব করিয়া যত টাকা হয় তাহার অর্দ্ধেকের অনধিক যাহা সঙ্গত বোধ করেন তাহা উক্ত জয়ী ব্যক্তিকে দেওয়াইতে পারেন।

Provided also that if an appeal be preferred against the decree passed on remand, the fee, if any, allowed by the Appellate Court to the party succeeding in that appeal, shall not, unless for a special reason to be recorded, be less than one-fourth, nor more than half of the amount calculated at the rate mentioned in Rule 1, if by the decree of the Appellate Court remanding the case, the same party shall have been allowed a full Pleader's fee in respect of the former appeal in the suit either absolutely or conditionally upon his succeeding upon the remand.

Provided also that if, under Section 354, Act VIII. of 1859, an issue be framed and referred by the Appellate Court for trial by the Lower Court, the Appellate Court may, if it think proper, allow to the party who shall succeed in the appeal, such a sum as the Court shall consider reasonable, not exceeding half the amount calculated at the rate mentioned in Rule 1 for his Pleader's fee in respect of the trial of the issue in the Lower Court, in addition to a full fee, in respect of the appeal, calculated at that rate.

B. Peacock.
C. B. Trevor.
G. Loch.
H. V. Bayley.
J. P. Norman.
F. B. Kemp.
W. S. Seton-Karr.
Louis S. Jackson.
Sumbhoo Nath Pundit.
G. Campbell.
E. Jackson.
F. A. B. Glover.
A. G. Macpherson.
J. B. Phear.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1453.

Appointments.

The 28th June 1866.

Lieutenant-Colonel R. N. Sneyd, Cantonment Magistrate of Barrackpore, is appointed to be also Judge of the Court of Small Causes in that Cantonment.

Mr. E. H. C. Wintle, Cantonment Magistrate of Dum-Dum, is appointed to be also Judge of the Court of Small Causes in that Cantonment.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৪ জুলাই।]

আর মোকদ্দমা ওয়াপেস গেলে পর যে ফয়সলা হয় তাহার অসম্মতিতে আপীল হইলে উক্ত আপীলে যে ব্যক্তি জয় লাভ করে তাহাকে যদি যে আপীল আদালত মোকদ্দমা ওয়াপেস প্রেরণ করেন উক্ত আদালতের ফয়সলায় পূর্ব্ব আপীল সম্বন্ধে সম্পূর্ণ উকীলের রসুম এককালে অথবা মোকদ্দমা ওয়াপেস গেলে পর সে কৃতকার্য্য হইলে দেওয়ানের আদেশ থাকে তবে আপাল আদালত উক্ত জয়ী ব্যক্তিকে কোন রসুম প্রদান করিলে তাহার পরিমাণ বিশেষ কোন হেতু ভিন্ন ১ নিয়মের লিখিত নিরীখে হিসাব করিয়া যত টাকা হয় তাহার চতুর্থাংশের কম অথচ অর্দ্ধাংশের অধিক হইবে না ঐরূপ কোন হেতু থাকিলে তাহা লিপিবদ্ধ করিতে হইবে।

আর ১৮৫৯ সালের ৮ আইনের ৩৫৪ ধারানুসারে আপীল আদালত যদি নিম্ন আদালতকর্ত্তৃক বিচার হওনার্থে কোন ইশু ধার্য্য করিয়া অর্পণ করেন তবে আপীলে যে ব্যক্তি জয় লাভ করে তাহার আপীল সম্বন্ধীয় সম্পূর্ণ রসুম ১ নিয়মের লিখিত নিরীখে হিসাব করিয়া যাহা হয় তদতিরিক্ত নিম্ন আদালতে উক্ত ইশুর বিচার হওন সম্বন্ধে তাহার উকীলের রসুমের বাবৎ উক্ত নিরীখে হিসাব করিয়া যত টাকা হয় তাহার অর্দ্ধেকের অনধিক যাহা আপীল আদালত সঙ্গত বোধ করেন তাহা তিনি উচিত বিবেচনা করিলে উক্ত জয়ী ব্যক্তিকে দেওয়াইতে পারেন।

বি পীকক।
সি বি ট্রেবর।
জি লক।
এচ বি বেলী।
জে পি নরমান।
এফ বি কেম্প।
ডবলিউ এস সিটন কার।
লুইস এস জ্যাকসন।
শম্ভুনাথ পণ্ডিত।
জি কাম্বেল।
ই জ্যাকসন।
এফ এ বি গ্লবর।
এ জি মাকফর্সন।
জে বি ফিয়র।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৪৫৩ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ২৮ জুন।

বারাকপুরের ছাউনীস্থানের মাজিষ্ট্রেট লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত আর এন স্নীড সাহেব ঐ ছাউনী স্থানের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজও হইবেন।

দমদমার ছাউনীস্থানের মাজিষ্ট্রেট শ্রীযুত ই এচ সি উইন্টল সাহেব উক্ত ছাউনীস্থানের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজও হইবেন।

The 9th July 1866.

Second Grade Sub-Assistant Surgeon Baney Madhub Tagore is appointed temporarily to the Pauper Hospital in Amherst Street, Calcutta.

Third Grade Sub-Assistant Surgeon Haran Chunder Dutt to have medical charge of the station of Sherghotty.

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Kishnaghur :—

Mr. H. H. Coxe.
„ T. E. Coxhead.
„ H. K. Burne.

The 10th July 1866.

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Chuprah :—

Mr. J. Macleod.
Baboo Deo Coomar Singh.

The 12th July 1866.

Mr. G. J. S. Hodgkinson to be a Member of, and Officiating Secretary to, the Local Committee of Public Instruction at Chuprah.

Dr. Sandford to be a Municipal Commissioner for the Town of Jumalpore.

Lieutenant W. J. Williamson to be an Assistant Commissioner of the First Grade, and to have charge of the Garrow Hills.

Mr. W. M. Souttar to have temporary charge of the Sub-Division of Nurrail, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class and Deputy Collector in the district of Jessore. Mr. Souttar is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

Mr. H. S. Beadon, Assistant Commissioner of Darjeeling, is vested with the powers of a Sudder Ameen in that District. Mr. Beadon is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

The 13th July 1866.

Mr. W. G. Black, Officiating Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is transferred to Bancoorah, is posted to the Sub-Division of Raneegunge, and is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

[*Government Gazette, 24th July* 1866.]

১৮৬৬ সাল ৯ জুলাই।

দ্বিতীয় শ্রেণীর সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বেণীমাধব ঠাকুর কিয়ৎকালের নিমিত্তে কলিকাতার আমহার্ষ্ট ষ্ট্রীটে পাপর হাসপাতালে নিযুক্ত হইয়াছেন।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত হারাণচন্দ্র দত্ত শেরঘাটী ইষ্টেশনের চিকিৎসা কার্য্যের ভার ইবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা কৃষ্ণনগরের মুনিসিপল কমিস্যনর হইবেন। অর্থাৎ—

শ্রীযুত এচ এচ কক্স সাহেব।
„ টি ই কক্সহেড সাহেব।
„ এচ কে বর্ণ সাহেব।

১৮৬৬ সাল ১০ জুলাই।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা ছাপরার মুনিসিপল কমিস্যনর হইবেন। অর্থাৎ—

শ্রীযুত জে মাকলৌড সাহেব।
„ বাবু দেবকুমার সিংহ।

১৮৬৬ সাল ১২ জুলাই।

শ্রীযুত জি জে এস হজকিন্সন সাহেব ছাপরার সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর একটিং সেক্রেটারী ও এক জন মেম্বর হইবেন।

ডাক্তর শ্রীযুত সাণ্ডফর্ড সাহেব জামালপুর নগরের এক জন মুনিসিপল কমিস্যনর হইবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ জে উলিয়মসন সাহেব প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট কমিস্যনর হইবেন ও গারোপর্ব্বতের কর্ম্মের ভার পাইবেন।

শ্রীযুত ডবলিউ এম শৌটর সাহেব কিয়ৎকালের নিমিত্তে নড়াইল শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও যশোহরে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে এবং উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

দার্জ্জিলিঙ্গের আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত এচ এস বীডন সাহেব ঐ জিলাতে সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে কিম্বা উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন হয় তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

১৮৬৬ সাল ১৩ জুলাই।

২৪ পরগনার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ জি ব্লাক সাহেব বাঁকুড়ায় নিযুক্ত হইয়া রাণীগঞ্জ শাখাখণ্ডে অবস্থিতি করিবেন এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

Mr. A. W. Croft is appointed to the Fourth Grade of the Bengal Educational Service, and is attached to the Presidency College, Calcutta.

The 14*th July* 1866.

Mr. G. S. Park to officiate as Magistrate and Deputy Collector of Howrah, during the absence, on leave, of Mr. H. Balfour, or until further orders.

Mr. R. H. Pawsey to officiate as Joint-Magistrate and Deputy Collector of Hooghly.

The 16*th July* 1866.

Mr. C. B. Clarke, Professor, Presidency College, to officiate, in addition to his present duties, as Inspector of Schools, Central Division, during the absence, on leave, of Mr. H. Woodrow, or until further orders.

Mr. C. E. Lance to officiate as Commissioner of Revenue and Circuit of the Chittagong Division, during the absence, on leave, of Mr. W. Gordon Young, or until further orders.

Mr. A. Levien to officiate as Civil and Sessions Judge of Backergunge.

Mr. H. Beveridge to officiate as Magistrate and Collector of Dacca.

Mr. W. L. Heeley to officiate, until further orders, as Magistrate and Collector of Moorshedabad.

Mr. H. Beverly to officiate as Registrar-General of Assurances, under Act XVI. of 1864, as a Marriage Registrar of Calcutta and Senior Marriage Registrar of that Town, under Section 16 of Act V. of 1865.

Mr. J. S. Carstairs to officiate as Extra Joint-Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs.

Mr. P. D. Dickens, Assistant Magistrate and Deputy Collector, is posted to Sealdah in the 24-Pergunnahs.

Mr. F. W. J. Rees to be an Assistant to the Magistrate and Collector of the 24-Pergunnahs, to have charge of the Sub-Division of Baraset, and to exercise the powers of a Magistrate and Deputy Collector in that District.

Mr. C. C. Quinn to be an Assistant to the Magistrate and Collector of Nuddea, to have temporary charge of the Sub-Division of Bongong, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and Deputy Collector in that District. Mr. Quinn is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

শ্রীযুত এ ডবলিউ ক্রফ্‌ট সাহেব বঙ্গদেশের শিক্ষা কার্য্যের চতুর্থ শ্রেণীতে নিযুক্ত হইয়া কলিকাতার প্রসীডেন্সী কালেজে উপদেশ দিবেন।

১৮৬৬ সাল ১৪ জুলাই।

শ্রীযুত এচ বালফর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জি এস পার্ক সাহেব হাবড়ার মাজিস্ট্রেটের ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর এচ পসে সাহেব হুগলীর জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১৬ জুলাই।

শ্রীযুত এচ উড্রু সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত প্রেসীডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত সি বি ক্লার্ক সাহেব আপন বর্ত্তমান কর্ম্মাতিরিক্ত মধ্যখণ্ডের বিদ্যালয় সমূহের তত্ত্বাবধারকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ গর্ডন ইয়ং সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত সি ই লান্স সাহেব চট্টগ্রামখণ্ডের রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ লেবিয়ান্ সাহেব বাকরগঞ্জের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ বেবরিজ সাহেব ঢাকার মাজিস্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ এল হিলী সাহেব অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত মুরশিদাবাদের মাজিস্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ বেবরলী সাহেব ১৮৬৪ সালের ১৬ আইনমতে রেজিষ্ট্রার জেনরলের এবং ১৮৬৫ সালের ৫ আইনের ১৬ ধারামতে কলিকাতায় বিবাহের রেজিষ্ট্রারের এবং উক্ত নগরের পদ জ্যেষ্ঠ বিবাহের রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে এস কার্ষ্টেয়র্স সাহেব ২৪ পরগনার অতিরিক্ত জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

আসিষ্টান্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত পি ডি ডিকেন্স সাহেব ২৪ পরগনার অন্তর্গত শিয়ালদহে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত এফ ডবলিউ জে রীস সাহেব ২৪ পরগনার মাজিস্ট্রেট ও কালেকুটর সাহেবের আসিষ্টান্ট হইয়া বারাশৎ শাখাখণ্ডের কর্ম্মের ভার ভার পাইবেন ও ঐ জিলাতে মাজিস্ট্রেটের ও ডেপুটী কালেকুটরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি সি কুইন সাহেব নদীয়ার মাজিস্ট্রেট ও কালেকুটর সাহেবের আসিষ্টান্ট হইয়া কিয়ৎকালের নিমিত্তে বনগাঁ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিস্ট্রেটের ও ডেপুটী কালেকুটরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে কিম্বা উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভু লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৪ জুলাই।]

Baboo Shama Churn Chaterjee, Deputy Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs, to have temporary charge of the Sub-Division of Buseerhaut.

LEAVE OF ABSENCE.

The 12th July 1866.

Mr. V. Irwin, Assistant Magistrate of Nurrail, for three months, from the 5th proximo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Mr. R. L. Mangles, Magistrate and Collector of Bhaugulpore, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 11th ultimo.

The 14th July 1866.

Mr. H. Balfour, Magistrate and Deputy Collector of Howrah, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

The 16th July 1866.

Captain B. W. D. Morton, Deputy Commissioner of Gowalparah, is allowed leave of absence on Medical Certificate up to the 15th November next, under the Financial Resolution of the 22nd February 1856, in extension of the leave granted to him under orders of the 9th February last.

Mr. H. Woodrow, Inspector of Schools, Central Division, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated the 8th November last, from the 1st proximo, or any other date on which he may avail himself of the leave.

Mr. W. Gordon Young, Commissioner of Chittagong, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 26th proximo, or any other date on which he may avail himself of the leave.

Mr. C. J. Mackenzie, Magistrate and Collector of Moorshedabad, for eleven days preparatory to proceeding to Europe on furlough.

Captain T. H. Lewin, Officiating Superintendent of the Hill Tracts of Chittagong, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave, making over charge of the current duties of his office to Mr. R. H. Wilson, Officiating Joint-Magistrate and Deputy Collector of Chittagong.

NOTIFICATIONS.

The 11th July 1866.

Moulvy Ahmed, B. A., Deputy Magistrate and Deputy Collector of Jumooie, Monghyr, having adopted the name of Dillawar Hossein Ahmed, the

২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাচরণ চট্টোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে বসীরহাট শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

ছুটী।

১৮৬৬ সাল ১২ জুলাই।

নড়াইলের আসিস্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত বি অরউইন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ৫ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর এল মাঙ্গেলস্ সাহেব গত মাসের ১১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৪ জুলাই।

হাবড়ার মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ বালফর সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৬ জুলাই।

গোয়ালপাড়ার ডেপুটী কমিসনর কাপ্তান শ্রীযুত বি ডবলিউ ডি মর্টন সাহেব গত ফেব্রুআরি মাসের ৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে আগামি নবেম্বর মাসের ১৫ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

মধ্যখণ্ডের বিদ্যালয়সমূহের তত্ত্বাবধারক শ্রীযুত এচ উড্রু সাহেব আগামি মাসের ১ তারিখ অবধি কিম্বা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রামের কমিসনর শ্রীযুত ডবলিউ গর্ডন ইয়ং সাহেব আগামি মাসের ২৬ তারিখ অবধি কিম্বা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে এগার দিনের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের একটিং সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত টি এচ লুইন সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার চট্টগ্রামের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর এচ উইলসন সাহেবের প্রতি অর্পণ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১১ জুলাই।

মুঙ্গেরের অন্তর্গত জমুইয়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আহম্মদ বি, এ দিলওয়ার হসেন আহমদ নাম গ্রহণ করাতে শ্রীযু

Lieutenant-Governor directs that he should in all future official communications be addressed by his adopted name.

The 16*th July* 1866.

The Lord Bishop of Calcutta has granted privilege leave of absence to the undermentioned Officers, under paragraph 27 of the Furlough and Absentee Rules for Chaplains, *viz.* :—

The Revd. C. Garbett, Chaplain of Barrackpore, for three months, from any date after the 1st proximo on which he may avail himself of the leave.

The Revd. R. Norman, Senior Chaplain of St. Paul's Cathedral, up to the 1st September next, in extension of the leave notified in the *Calcutta Gazette* of the 11th instant.

NOTIFICATION.

The 7*th July* 1866.

It is hereby notified that the Municipal limits of the Town of Ooterpara is extended on the south as far as Bally Khall, so that the boundaries of the Town may, for the purposes of Act III. (B. C.) of 1861, comprise the Suburb of Chuck Bally.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS, (RAILWAY,) DEPARTMENT,—BENGAL.

Fort William, the 16*th July* 1866.

NOTIFICATION.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal, that land is required to be taken up, at the public expense, for a public purpose, *viz.*, for constructing a Railway Station and Approach Road at Arunghatta, Pergunnah Mamzoani, in the district of Nuddea, it is hereby declared that for the above purpose, a plot of land comprising about 2 biggahs 9 cottahs 11 chuttacks, more or less, is required. The land is bounded on the North and West by the lands of Kissen Kissore Ghose, Bamundass Mookerjee, Annoda Prosaud Mookerjee and Sharoda Prosaud Mookerjee, on the East by the Railway Line and on the South by the Arunghatta Road.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal.

F. S. TAYLOR, *Capt., R. E.,*
Joint-Secy. to the Govt. of Bengal.

লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিতেছেন যে ইহার পর কোন রাজকীয় পত্রাদি প্রেরণ করিতে হইলে তাঁহার উক্ত গৃহীত নামে পাঠাইতে হইবে।

১৮৬৬ সাল ১৬ জুলাই।

কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব পশ্চাৎ লিখিত কার্য্যকারকদিগকে নিয়মিত ছুটীর এবং ধর্ম্মোপদেশকদের ছুটীর বিধির ২৭ ধারামতে অনুগ্রহের ছুটী দিয়াছেন, অর্থাৎ—

বারাকপুরের ধর্ম্মোপদেশক পাদরী শ্রীযুত সি গার্ব্বেট সাহেব আগামি মাসের ১ তারিখের পর যে কোন তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি তিন মাস।

সেণ্ট পালের কাথিড্রালের পদজ্যেষ্ঠ ধর্ম্মোপদেশক পাদরী শ্রীযুত আর নর্ম্মান সাহেবের যে ছুটীর কথা এই মাসের ১৭ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তদতিরিক্ত আগামি সেপ্টেম্বর মাসের ১ তারিখ পর্য্যন্ত।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৭ জুলাই।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উত্তরপাড়া নগরের মুনিসিপল সংক্রান্ত সীমা দক্ষিণদিগে বালির খাল পর্য্যন্ত বৃদ্ধি করা গেল। ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৩ আইনের অভিপ্রায় সকল করণার্থে উক্ত নগরের সীমার মধ্যে চক বালী শাখানগরও গণ্য।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম ১৮৬৬ সাল ১৬ জুলাই।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত মামজোয়ানী পরগনার আরঙ্গঘাটায় রেলওয়ে ষ্টেশন ও তথায় যাইবার পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ২।৪।।৶ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা কৃষ্ণকিশোর ঘোষের ও বামনদাস মুখোপাধ্যায়ের ও অন্নদাপ্রসাদ মুখোপাধ্যায়ের ও শারদাপ্রসাদ মুখোপাধ্যায়ের ভূমি, পূর্ব্ব সীমা রেলওয়ে ও দক্ষিণ সীমা আরঙ্গঘাটার পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এফ এস টেলর, কাপ্তান, আর, ই,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জইণ্ট সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 19th July 1866.

Moulvie Mahomed Noorool Hossein, Moonsiff of Kusbah, Zillah Purneah, to be Moonsiff of Durbangah, Zillah Tirhoot.

Baboo Promothonath Mookerjee, Moonsiff of Pubnah, Zillah Rajshahye, to be Moonsiff of Doobrajpore, Zillah Beerbhoom.

Baboo Judoonath Mookerjee, Moonsiff of Doobrajpore, Zillah Beerbhoom, to be Moonsiff of Kusbah, Zillah Purneah.

Moulvie Sukhaooddeen Mahomed, Moonsiff of Durbangah, Zillah Tirhoot, to be Moonsiff of Amdurah, Zillah Beerbhoom.

J. H. BELCHAMBERS,
Deputy Registrar for Offg. Registrar.

HIGH COURT, &c.,
The 21st July 1866.

বঙ্গদেশস্থ কোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৬ সাল ১৯ জুলাই।

পুরণিয়া জিলার কশবার মুনসেফ শ্রীযুক্ত মৌলবী মহম্মদ নুরুল হুসেন ত্রিহুত জিলার দারভাঙ্গার মুনসেফ হইবেন।

রাজশাহী জিলার পবনার মুনসেফ শ্রীযুক্ত বাবু প্রমথনাথ মুখোপাধ্যায় বীরভূম জিলার দুবরাজপুরের মুনসেফ হইবেন।

বীরভূম জিলার দুবরাজপুরের মুনসেফ শ্রীযুক্ত বাবু যদুনাথ মুখোপাধ্যায় পুরণিয়া জিলার কশবার মুনসেফ হইবেন।

ত্রিহুত জিলার দারভাঙ্গার মুনসেফ শ্রীযুক্ত মৌলবী সখাউদ্দীন মহম্মদ বীরভূম জিলার আমধরার মুনসেফ হইবেন।

একটিং রেজিষ্ট্রারের পরিবর্ত্তে
জে এচ বেলচেম্বর্স,
ডেপুটী রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৬ সাল ২১ জুলাই।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

৫৪৬ নং।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৬ সাল তারিখ ৯ আগষ্ট বৃহস্পতিবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন আফিমের অষ্টম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩,৩৩০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ২,০০০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ১,৩৩০

জুমলা সিন্দুক ৩,৩৩০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৫ সালের ২৬ অকুটোবর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৬ সালের ১৪ এবং ২৪ আগষ্ট এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৬ সালের ১৪ আগষ্ট মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬৬ সালের ২৪ আগষ্ট শুক্রবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্‌তেহারের লিখিত পরিমান আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

	বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৬ সাল তারিখ ১০ সেপ্টেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ ঐ ৪ আকুটোবর বৃহস্পতিবার ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ ঐ ৯ নবেম্বর শুক্রবার ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ ঐ ৫ ডিসেম্বর বুধবার ঐ	২,০০০	১,৩৭০	৩,৩৭০
একুন	৮,০০০	৫,৩৬০	১৩,৩৬০

টি ক্রস লেন। ছোট সেক্রেটারী।

বমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
কোর্ট উইলিয়ম সন ১৮৬৬ সাল তারিখ ১৯ জুলাই।

[*Government Gazette, 24th July* 1866.]

বিক্রী নেমকের মাস্কাবারি হিসাব সন ১৮৬৬ সাল তারিখ ৩০ জুন।

১ ডিপো	২ পাঙ্গা	৩ করকচ	৪ দর ফি ১০০ মোন	
	মোন	মোন	টাকা	
হিজলী				
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর ...	১,২২,৫১৫/	০	৩৯৯৲	
ঐ ঐ কৃষ্ণনগর ...	২,২৭,৬৪৯/	০		
ঐ ঐ রামনগর ...	১,৩২,৭৭২/	০		
ঐ ঐ কালীনগর ...	২,১১,৬১৩/	০		
ঐ ঐ পুরীঘাটা ...	৩৪,৮৩২/	০		
একুন।	৭,২৮,৩৮১/	০		
তমলুক।				
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।	* ১৫,৮৮৭/	০	৩৯৯৲	* বিক্রীর যোগ্য নহে গত ঝড়ের নোকসানের জন্য রাখা হইল।
ঐ ঐ রসুলপুর ...	৫১,২৫১/	০	৪০৮৲	
একুন	৬৭,১৩৮/	০		
শালিখা।				
করকচ নেমক মান্দ্রাজ পরমিট	০	৭,১৯,৮৪৯/	৩৯৬৲	
ঐ ঐ চিলকা ...	০	১,২৩,৮০২/	৩৮৬৲	
ঐ ঐ সিন্ধু ...	০	৫,০০,০০০/	৪১৮৲	
মিশ্রিত করকচ নেমক ...	০	২,৬৭৯/		
পাঙ্গা নেমক কটক ...	১,০৩,৭৭২/	০	৪২১৲	
ঐ ঐ বালেশ্বর ...	১,৩৬৯/	০		
ঐ ঐ খোরদা ...	২,২০.৯৭৪/	০		
ঐ ঐ চিলকা ...	১,৬৮,৯৯১/	০		
ঐ ঐ রামনগর ...	৪৭,১৮২/	০		
ঐ ঐ পুরীঘাটা ...	১,১৬,৫৮৭/	০		
ঐ ঐ কৃষ্ণনগর ...	৪৪,৮০২/	০		
ঐ ঐ নারায়ণপুর ...	২,৬০,৪৯৬/	০		
একুন।	৯,৬৪,১৭৩/	১৩,৪৬,৩৬০/		
ঘুষুড়ি।				
পাঙ্গা নেমক ঘাট কালীনগর ...	৯৯,৩৬৩/	০	৪২১৲	
ঐ ঐ রসুলপুর ...	৪৮,৫৯৩/	০		
মিশ্রিত ঐ ঐ রামনগর ..	৩৬,৩৭৩/	০		
একুন।	১,৮৪,৩২৯/	০		
চট্টগ্রাম।				
করকচ নেমক মান্দ্রাজ ...	০	৩১,৫৬২/	৩৭১৲	
ঐ ঐ জেদ্দা ..	০	৬৭৩/		
একুন।	০	৩২,২৩৫/		
পুরী।				
পাঙ্গা নেমক ...	১,৯৬,৬৯৪/	০	৩৯৯৲	
করকচ নেমক ...	০	৭,৫২,৩৩৯/	৩৫৬৲	
একুন।	১,৯৬,৬৯৪/	৭,৫২,৩৩৯/		
মোট একুন ...	২১,৪০,৭১৫/	২১,৩০,৯৩৪/		

মন্তব্য। শহর কলিকাতার অন্তর্গত রিবিনিউ বোর্ডের দপ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায় সেই রওয়ানা গো[illegible]ঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে তাহারদিগকে ৪ ঘরের লিখিত দরে ১ ঘরের লিখিত সরকারী গোলাহইতে ৫০/ পঞ্চাশ মোন এবং তাহার উর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

টি ক্রস লেন।
ছোট সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬৬ সাল ২১ জুলাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৪ জুলাই।]

জিলা চব্বিশপরগনা।

এস্তেহারনামা কাছারী কালেক্টরী জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকি বাবৎ ইংরাজী সন ১৮৬৬ সালের ৯ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১২৭৩ সাল ২৫ শ্রাবণ রোজ বৃহস্পতিবার ঐ জেলার কালেক্টরী কাছারীতে বিনাওজর নীলাম ধরা যাইবেক ইংরাজী সন ১৮৬৬ সাল তারিখ ১৬ জুলাই মোতাবেক সন ১২৭৩ সাল তারিখ ১ শ্রাবণ।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৪১ নং কীং পরগনে মুড়াগাছা মৌজে হুদীয়াওগয়রহ লিখিত মালিক জয়গোপাল সরকার সদর জমা কোম্পানি ৭০৩।৶১১

৩১৪ নং কীং পরগনে মুড়াগাছা মৌজে হরিনারায়ণপুরওং লিখিত মালিক লছমীনারায়ণ রায়ওং সদর জমা কোং মায় খালাড়ী ১২৫২৩।৶৯

সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে লছমীনারায়ণ রায়ওগয়রহ রকম ।৵১৫।৯ আনা যাহার সদর জমা মায় খালাড়ী ৭৬৫০৸৶৯ টাকা তাহার কিস্তী নাং জ্যৈষ্ঠ ২২৮।৴৩ টাকা বাকী ২৮ জুন তারিখে আদায় না হওয়াতে নীলাম ধরা গেল।

১৩৬৭ নং পরগনে বুড়ন মৌজে ভৈরবপুরওগয়রহ লিখিত মালিক আমজাদ খাঁ সদর জমা কোম্পানি ৭৯৬৴৩

এই মহালের খরিদদার ব্যক্তি বিল দাঁতভাঙ্গার খালকাটাই খরচার জন্য দাইক হইবেক।

১৮৪০ নং পরগনে বুড়ন মৌজে ঠেঙ্গাকাটিদিগর লিখিত মালিক রায় মথুরানাথ চৌধুরিওগয়রহ সদর জমা কোম্পানি ৭১২।৴১১৸

২২০৮ নং ১৬৫ নং লাটের মধ্যগত খাস রোমজাননগর লিখিত মালিক তারাশঙ্কর রায় চৌধুরিওং সদর জমা কোং মায় রাস্তা মেরামতী ১৫০৬।৵০

A. J. R. BAINBRIDGE,
Offg. Collector.

জিলা ভাগলপুর।

হুকুম ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা ভাগলপুর এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ভাগলপুরের নীচের লিখিত মাহাল সন ১৮৬৬ সালের নাগাইদ ৭ জুনের সরকারী বাকী মালগুজারী ও অন্যান্য দেনা যাহা প্রচলিত আইন ও আকুটঅনুযায়ি বাকী মালগুজারী আদায়ের প্রণালী মতে আদায় হইবেক, আদায়ের নিমিত্তে ১৮৬৬ সালের ৬ আগষ্ট মোতাবেক ১১ শ্রাবণ সন ১২৭৩ ফসলী সোমবার দিবস অত্র জেলার কালেক্টরীতে নীলাম হইবেক।

ক্লাস ৪। মহালাত যাহার দেনা বাকী মালগুজারী আদায়ের প্রণালীঅনুসারে আদায় হইবেক।

তৌজীর নং ৩৫৩৫ মহাল কিসমত ৬ মৌজা বেলাহী পরগনে নরসিংহ পুরকুড়ার মধ্যে মোসম্মাত সরেস্বতী কুমারীর হক ও হকিয়ত বাঁটওয়ারার খরচা ৫৸৴৯ আদায় নিমিত্তে। মালিকান সরেস্বতী কুমারী পরশমন ঝা ববন্ধু চৌধুরীইত্যাদি সদর জমা মবলগে ৯১৩৴০

W. H. O'DYLY,
Offg. Collector.

জিলা ভাগলপুর কাছারি কালেক্টরী
১৬ জুলাই সন ১৮৬৬।

জিলা দিনাজপুর।

এস্তালানামা কাছারি কালেক্টরি জেলা দিনাজপুর।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৬। ২৮ জুন তকের বাকি মালগুজারির নিমিত্তক ১৮৬৬ সনের ৪ আগষ্ট মোং ১২৭৩ সাল ২০ শ্রাবণ রোজ শনিবার এই জেলার কালেক্টরি কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

	প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।	কৈঃ
	১৫৯ নম্বর মৌজে মহাদেবপুর ওগয়রহ পরগনে শালবাড়ি লিখিত মালিক জয়মুল্যা চৌধুরী সালিআনা সদর জমা ২৯৩০।/১১। পাই	রাজস্ব ইং আপরেল নাং কিস্তী জুনের বাকি ১৬৩৸/২
তাবের নম্বর ৫	২০৮ নম্বর মৌজে চকদা পট্টী ওগএরহ পরগনে শুলতানপুর লিখিত মালিক রাজমোহন ও জগমোহন ও গীরিশচন্দ্র নেওগী ও ধনপত সিংহ সালিআনা সদর জমা ৭১৮০।৵৫৸ পাই	১৮৫৯। ১১।১০ ধারামত হিস্যা ।।০ আনার মালিক রাজমোহন ও জগমোহন ও গীরিশচন্দ্র নেওগীর সদর জমা ৩৫৯০৶/২।। পাইর ২৬৩৶/২।। পাই বাকির জন্য নীলামে ধরা গেল।
তাবের নম্বর ২৭	৫৫৭ নম্বর মৌজে শালাস ওগএরহ পরগনে করদহা লিখিত মালিক সম্ভুনাথ ও গোবিন্দনাথ শাহা চৌধুরী ও দয়াময়ী চৌধুরাণী সালিআনা সদর জমা ৬০৭৮।।৵১১। পাই	১৮৫৯।১১।১০ ধারামত হিস্যা ।।০ আনা মালিক দয়াময়ী চৌধুরাণীর সদর জমা ৩০৩৯।/২।। পাইর ২৬৪।/৫।। পাই বাকির জন্য নীলামে ধরা গেল।
	৭৯৬ নম্বর মৌজে তোক হরেকৃষ্ণপুর পরগনে বিহিনগর লিখিত মালিক বিবি মেরকন ও বিবি পরধন সালিআনা সদর জমা ২১১৪৻ পাই	ঈশ্বরচন্দ্র আচার্য্যের ১৮৫৯।১০ আইনের ডিক্রীর বাবত ১২৯৭৸৵০ আনা আদায় জন্য দেনদার মসরফ আলী চৌধুরির মাতা বিবি মেরকনের এই মহালের যে স্বত্ব ও লাভ আছে তাহা নীলামে ধরা গেল।

W. LE F. ROBINSON,
Collector.

INSOLVENT COURT.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the Matter of JAMES WILLIAM HENDRY CAMPBELL, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 4th day of August next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the first day of June 1861, until the first day of

যোত্রহীনের আদালত।

কলিকাতা যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন জেমস্ উলিয়ম হেন্‌ড্রি কাম্বেল সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আগষ্ট মাসের ৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে, এবং ১৮৬১ সালের জুন মাসের ১ তারিখঅবধি বর্ত্তমান জুলাই মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব

July instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 23rd July 1866.

The like notice in the matter of HIRJEE AURUT, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 7th June 1865 to 30th April last.

The like notice in the matter of GOCOOL DOSS SOONDERJEE, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 30th June 1865 to 1st July instant.

The like notice in the matter of GEORGE RICHARD DENNISON, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 14th September 1865 to 9th July instant.

দাখিল করা গিয়াছে, ও প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পুর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

আসৈনী সাহেবের দফ্তরখানা।
কলিকাতা ১৮৬৬ সাল ২৩ জুলাই।

যোত্রহীন হরজী আউরত সাহেবের বিষয়ে সেই প্রকারের সংবাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬৫ সালের জুন মাসের ৭ তারিখঅবধি গত আপ্রিল মাসের ৩০ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

যোত্রহীন গোকুলদাস সুন্দরজীর বিষয়ে সেই প্রকারের সংবাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬৫ সালের জুন মাসের ৩০ তারিখঅবধি বর্ত্তমান জুলাই মাসের ১ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

যোত্রহীন জর্জ্জ রিচার্ড ডেনিসন সাহেবের বিষয়ে সেই প্রকারের সংবাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬৫ সালের সেপ্টেম্বর মাসের ১৪ তারিখঅবধি বর্ত্তমান জুলাই মাসের ৯ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

[*Government Gazette, 24th July* 1866.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্সো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1409. ১৪০৯)

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 31, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৩১ জুলাই।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

JUNE, 1866.

ERRATUM.

*In Circular Order No. 9 of May, 2nd line, for "mark *" read "mark †."*

No. 1.

THE marginal notes to Forms D and H, appended to the Waste Land Rules, which prescribe that counterparts of those deeds shall be on one Rupee stamp paper, are erroneous. Obviously, with reference to the general exemption following Article 66, Schedule A, Act X of 1862, read with Article 37 of the same Schedule, the counterparts of those deeds require no stamp.

2. On the other hand, the stamp on the counterparts of the various deeds of hypothecation to be executed by grantees, when the whole redemption or sale price is not paid, must be regulated by Article 37 of the same Schedule.

3. The needful alterations will be made in the forthcoming new edition of the Board's Rules But officers should bear in mind this order.

No. 2.

If an application for the refund of a deposit that has been credited to the Government appears to

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৬৬ সাল জুন মাস।

অশুদ্ধ শোধন।

মে মাসের ৯ নম্বরের সরক্যুলর অর্ডরের শেষ পঙ্ক্তিতে * এই চিহ্নের পরিবর্ত্তে † এই চিহ্ন দিতে হইবে।

১ নম্বর।

পতিত ভূমিবিষয়ক বিধিতে নির্দ্দিষ্ট হইল যে দলীলের অনুলিপি এক টাকার ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে। কিন্তু তদ্বিষয়ের D ও H চিহ্নিত পাঠের পার্শ্বে যে নোট আছে তাহা অশুদ্ধ। যেহেতুক ১৮৬২ সালের ১০ আইনের A চিহ্নিত তফসীলের ৬৬ প্রকরণের পশ্চাৎ সাধারণ বর্জ্জনীয় সেই বিষয়ের উল্লেখ হইয়াছে ঐ তফসীলের ৩৭ প্রকরণের সহিত সেই কথা পাঠ করিলে ঐ২ দলীলের অনুলিপিতে ইষ্টাম্প লাগে না, ইহা স্পষ্টই বুঝায়।

২। পক্ষান্তরে ভূমির মূল্য কিম্বা ভূমি বিক্রয় করণার্থ সমুদয় টাকা না দেওয়া গেলে ভূমিগ্রহীতারদের যে বন্ধকীপত্র সম্পাদন করিতে হয় তাহার অনুলিপির উপর যত ইষ্টাম্প লাগিবে ইহার বিধি ঐ তফসীলের ৩৭ প্রকরণমতে নিরূপণ করিতে হইবে।

৩। বোর্ডের বিধির যে নূতন পুস্তক ত্বরায় প্রকাশ হইবে তাহাতে ঐ বিধির সংশোধন হইবে। কিন্তু কর্ম্মকারকেরা উক্ত কথা মনে রাখিবেন।

২ নম্বর।

কোন গচ্ছিত টাকা যদি গবর্ণমেণ্টের নামে জমা হয়, পরে তাহা ফিরিয়া পাইবার প্রার্থনা হইলে যদি তাহার

require special orders, it should be submitted to the Board of Revenue through the Commissioner. Otherwise, and ordinarily, it should be addressed to the Board direct, and the Board will forward it, after sanction, to the Accountant-General. The following particulars must be given in all such applications:—*(a)* Reference to the Registers showing number of original deposits, and of any subsequent entry in which it has been included. *(b)* Nature of the deposit. *(c)* Date of deposit. *(d)* Reasons why it has not hitherto been applied for. *(e)* Name of present applicant, and, if he be not the original depositor, the grounds upon which it is proposed to pay the money to him. *(f)* Certificate of Collector that after due enquiry he finds the refund applied for to be just and proper.

No. 3.

The second official edition of the "Law of Landlord and Tenant" is now ready, and copies will be supplied for the use of every officer engaged in the administration of the Rent Laws, at once. The copies of the old editions, heretofore in use, may be disposed of to the highest bidder. Care should be taken that they are not again referred to.

No. 4.

The following addition will be found in the new edition of the Rules to the list of papers TO BE KEPT FOR EVER:—

All autographic *abstracts* of evidence.
All *lists* of *exhibits*.

No. 5.

The following Process Rule will be added, in its proper place, in the new edition of the Board's Rules. "As many salaried peons are to be appointed as can be kept fully and regularly employed, and no more. Any temporary influx of work, or any work presenting itself during the absence of all the regular peons, is to be entrusted to occasional peons. It is not possible to work the system economically, if an extravagant staff of salaried peons is kept up; or efficiently, without the aid of occasional peons."

No. 6.

Upon a consideration of the several returns made to Circular Order 7 of February, the Board of Revenue have resolved that, for the present, the rate of two Rupees per hundred words shall be the *maximum* rate allowed for the translation of judgments in Rent Law cases.

বিষয়ে বিশেষ আজ্ঞার প্রয়োজন থাকে, তবে সেই প্রার্থনা কমিস্যনর সাহেবের দ্বারা রেবিনিউ বোর্ডে অর্পণ করা উচিত। যদি তদ্রূপ আজ্ঞার প্রয়োজন না থাকে, তবে সাধারণমতে তাহা একেবারে কোর্ডে পাঠাইতে হইবে, বোর্ডের সাহেবেরা অনুমোদন করিয়া আকৌন্টেন্ট জেনরল সাহেবের নিকটে পাঠাইবেন। তদ্রূপ প্রার্থনাপত্রে এই২ বিষয়ের বর্ণন হইবে। যথা (ক) ঐ টাকা প্রথমে গচ্ছিত করিবার যে নম্বর এবং পশ্চাৎ যে লিখনের মধ্যে ঐ গচ্ছিত টাকার উল্লেখ হইয়াছে তাহা যে রেজিষ্টরে লেখা যায় সেই রেজিষ্টরের উল্লেখ। (খ) যে কারণে গচ্ছিত হয়। (গ) যে তারিখে গচ্ছিত হয়। (ঘ) ইহার পূর্ব্বে তাহা ফিরিয়া লইবার প্রার্থনা যে কারণে না হইয়াছে। (ঙ) বর্ত্তমান প্রার্থকের নাম। তিনি যদি আদি ন্যাসকারক না হন, তবে তাঁহাকে টাকা দিবার অনুমতির যে হেতু। (চ) যে টাকা ফিরিয়া পাইবার প্রার্থনা হইয়াছে কালেক্টর সাহেব উপযুক্ত অনুসন্ধান করিলে পর তাহার প্রতিদান ন্যায় ও উচিত জ্ঞান করেন এই বিষয়ের সংশিতপত্র।

৩ নম্বর।

“ভূম্যধিকারির ও রায়তের বিধি” নামাখ্য পুস্তক কর্ত্তৃপক্ষ ব্যক্তিরদের অনুমতি সহ দ্বিতীয়বার মুদ্রিত হইয়া প্রস্তুত হইয়াছে। যে কর্ম্মকারকেরা কর আদায় করণার্থ আইন সম্পাদন করেন তাঁহারদের প্রত্যেক জনের ব্যবহারার্থে এক২ খানি দেওয়া যাইতে পারিবে। পূর্ব্ব মুদ্রিত যে পুস্তকের এইক্ষণে ব্যবহার হইতেছে তাহা সকলই অত্যুচ্চ মূল্য দানেচ্ছুক ব্যক্তিকে বিক্রয় করিতে হইবে। ঐ পুরাতন পুস্তকহইতে কোন কথার উল্লেখ না হয় এই বিষয়ে সতর্ক থাকিতে হইবে।

৪ নম্বর।

যে কাগজপত্র চিরকাল রাখিতে হইবে তাহার নির্ঘণ্টের মধ্যে পশ্চাৎ লিখিত নূতন কথা বিধির নূতন পুস্তকে পাওয়া যাইবে।

প্রমাণের স্বহস্তলিখিত সংগ্রহ।
নিদর্শনপত্রের সকল নামাবলি।

৫ নম্বর।

বোর্ডের যে নূতন বিধিপুস্তক মুদ্রিত হইতেছে তাহার মধ্যে পরওয়ানা বিষয়ক নিম্নলিখিত বিধি উপযুক্ত স্থানে দিতে হইবে। যথা “যত জন পেয়াদা কর্ম্মে নিয়ত ব্যাপৃত থাকিতে পারে তদধিক বেতন ধারি পেয়াদাকে নিযুক্ত করিতে হইবে না। যদি কিয়ৎকালের নিমিত্তে বহুতর কর্ম্ম থাকে কিম্বা নিয়মিত সকল পেয়াদার অনুপস্থানে যদি কোন কর্ম্ম উপস্থিত হয়, তবে ঠিকা পেয়াদাকে সেই কর্ম্ম দিতে হইবে। বেতন ধারি বহুতর পেয়াদাকে নিযুক্ত করিলে পরিমিত ব্যয় করণের নিয়মের অবশ্য হানি হয়। কিন্তু কোন২ সময়ে ঠিকা পেয়াদাকে নিযুক্ত না করিলে কর্ম্ম সফল হইবার সম্ভাবনা নাই।

৬ নম্বর।

ফেব্রুআরি মাসের ৭ নম্বরের সরক্যুলর অর্ডরের আদেশমতে যে সকল পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে, তাহা বিবেচনা করিয়া রেবিনিউ বোর্ডের সাহেবেরা এই নির্দ্ধারণ করিয়াছেন। কর আদায়ের আইন সংক্রান্ত মোকদ্দমায় যে বিচার হয় তাহার অনুবাদ করিতে শত শব্দপ্রতি দুই টাকার অধিক দেওয়া যাইবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩১ জুলাই।]

2. Within that sum, the Collector, with the sanction of the Commissioner, may fix, from time to time, at his own Court and at the Sub-Divisional Courts of his District, any rate that he thinks fit, bearing in mind, however, that the object is to secure the most efficient translator available.

3. Collectors should, as soon as possible, submit, for the sanction of the Commissioner, the rate that they propose to fix at each station in their Districts.

No. 7.

The first complete edition of the Rules of the Board of Revenue is now almost ready, and will be distributed, immediately, to all Officers in the Revenue Department. If, in any District, enough copies are not received to place one in the hands of each Executive Officer, the matter should be brought to notice. All the copies received must, of course, be entered in the Office Library Catalogue.

2. As soon as the rules are received, the old rules should be carefully removed from Hume's Manual, and the remainder of the Revenue portion of that Volume bound up afresh, and labelled "Revenue Law classified to 1863." The volume thus reduced, will be found handy in size, and useful in arrangement. In cutting out the Rules and removing Part II. of the book as it stands, great precaution must be taken to avoid injuring the remainder.

3. It is unnecessary, and it would be impossible, for the Board to notice, in this order, each of the very numerous alterations of detail that have been introduced into the new edition of the Rules. The book is furnished with a copious index, and a very full table of contents, and its arrangement is such that no officer will, it is believed, have the least difficulty in finding the orders applicable to any subject.

4. In addition, however, to the points already noticed in various orders issued as the Rules were passing through the press, the Board think it right to invite particular attention to the following Rules:—

5. *Chapter II., Section VII.*, contains some important modifications of the Currency Rules introduced under the orders of the Government.

6. *Chapter VI.* is a new compilation of all the Rules and orders relating to Executive and Ministerial Officers.

7. *Chapter VII.* contains several matters relating to Government Estates besides the old Sale Rules.

[*Government Gazette*, 31*st July* 1866.]

২। কালেকুটর সাহেব কমিস্যনর সাহেবের অনুমতি লইয়া আপন আদালতে ও আপন জিলার শাখাখণ্ডের নানা আদালতে যে হার উচিত বোধ করেন তাহা সময়েং নির্দ্ধার্য্য করিতে পারিবেন কিন্তু উক্ত হারের অধিক না হয়। পরন্তু সুনিপুণ যে অনুবাদক পাওয়া যাইতে পারে তাঁহাকে নিযুক্ত করা অভিপ্রায়, এই কথা নিত্য স্মরণীয়।

৩। কালেকুটর সাহেবেরা আপনং জিলার প্রত্যেক অংশে যে হার নির্দ্ধার্য্য করিতে স্থির করিয়াছেন তাহা কমিস্যনর সাহেবের অনুমোদনার্থে তাঁহাদের সাধ্যমতে ত্বরায় তাঁহাকে জ্ঞাত করা কর্ত্তব্য।

---

৭ নম্বর।

রেবিনিউ বোর্ডের সমুদয় বিধি একি পুস্তকে মুদ্রিত হইয়া এইক্ষণে প্রায় প্রস্তুত হইয়াছে। রাজস্ব সম্পর্কীয় কর্ম্মবিভাগের সকল কার্য্যকারকের নিকটে ত্বরায় প্রেরণ করা যাইবে। কোন জিলাতে যত খানি পাঠান যায় তাহাতে যদি প্রত্যেক জন কর্ম্মকারককে একং খানি দিবার জন্যে না কুলায়, তবে সেই কথা জ্ঞাত করিতে হইবে। যত পুস্তক পাওয়া যায় তাহা কার্য্যালয়ের পুস্তকের নামাবলীতে লিখিতে হইবে।

২। সেই বিধিপুস্তক প্রাপ্ত হওয়া গেলে, হিউম সাহেবের পুস্তকহইতে পুরাতন বিধি উঠাইয়া দিয়া ঐ পুস্তকের রাজস্বসম্পর্কীয় বিধির অবশিষ্ট অংশ নূতন বাঁধিতে হইবে, ও পৃষ্ঠে "১৮৬৩ সাল পর্য্যন্ত শ্রেণীবদ্ধ রাজস্বের আইন" এই কথা দিতে হইবে। তদ্রূপে লঘুকৃত ঐ পুস্তক অনায়াসে হাতে লওয়া যাইতে পারিবে। বিধি সকল যে নিয়মানুসারে লেখা গিয়াছে তাহাতেও কর্ম্মদর্শিতে পারিবে। পুরাতন বিধি কাটিয়া বাহির করণ ও পুস্তকের দ্বিতীয় ভাগ পৃথক করণ সময়ে অত্যন্ত সাবধান থাকা উচিত যেন পুস্তকের অবশিষ্ট ভাগের ক্ষতি না হয়।

৩। বিধির যে নূতন পুস্তক মুদ্রিত হইয়াছে তাহার মধ্যে বিশেষং যে সকল বিধির পরিবর্ত্তন হইল তাহা এই পত্রে ব্যক্ত করা অপ্রয়োজন এবং বাহুল্য প্রযুক্ত ব্যক্ত হইতে পারে না। পুস্তকের বিস্তারিত সূচীপত্র ও সম্পূর্ণ নির্ঘণ্টপত্র প্রস্তুত হইয়াছে। সকল বিষয় এমন সুনিয়মে শ্রেণীবদ্ধ হইয়াছে যে কার্য্যকারকেরা কোন বিষয়ের বিধি দেখিতে চাহিলে পুস্তক দেখিয়া অনায়াসে বাহির করিতে পারিবেন।

৪। ঐ বিধিপুস্তক যে সময়ে মুদ্রিত হইতেছিল তৎকালেও নানা সরকুলর প্রকাশিত হইয়া যেং বিষয়ের উল্লেখ হইয়াছে তদতিরিক্ত বোর্ডের সাহেবেরা নিম্ন লিখিত বিধিতে বিশেষ মনোযোগ করিবার আদেশ করিতেছেন।

৫। গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে যে মুদ্রাদি চলিত আছে তাহার গুরুতররূপে পরিবর্ত্তন হইয়াছে তাহা দ্বিতীয় অধ্যায়ের ৭ ধারাতে পাওয়া যাইবে।

৬। যে কার্য্যকারকেরা কর্ম্ম সম্পাদন করেন তাঁহাদের ও আমলাদের বিষয়ের সকল বিধি ও অনুজ্ঞাপত্র নূতন সংগৃহীত হইয়া ৬ অধ্যায়ে প্রকাশ হইয়াছে।

৭। নীলামের পূর্ব্বতন বিধির অতিরিক্ত গবর্ণমেণ্টের মহাল সংক্রান্ত অনেক বিষয় ৭ অধ্যায়ে আছে।

8. *Chapter VIII.* is entirely new. It is based upon the old Towjih Rules, which it supersedes; but it is much more complete and comprehensive than they ever professed to be.

9. *Chapter XI., Section IX.*, is substituted for the old Rules of Practice, but is a very much fuller enumeration of the powers of the different authorities than those Rules ever were. This Section should, however, be used chiefly as an index to the particular clauses in which the power in each case is explained.

10. *Chapter XIII.*—The distinction between Commissioners' and Collectors' Records is abolished, and the Rules in this Chapter are appleable to both, *mutatis mutandis.*

11. *Chapter XIV., Section III.*—The headings of the Registers must be at once carefully compared with those here given, and altered where they differ. Several new Registers will be found introduced, at the end, under orders recently given.

12. *Chapter XV., Section VI.*—The table for the conversion of vernacular letters into English, differs from the old one. It is the same as that recently prescribed by Government for the Registration Offices.

13. *Chapter XVIII.*—The orders in each Section apply to the newest editions of each form of return.

14. *Chapter XXVI.*—It is of particular importance to observe that the second column of each of the tables on pp. 366 and 367 are prepared upon a different principle from the tables heretofore published. In those tables the calculations were made with reference to the *assessable* area only, so that, in working the tables, one-fourth of the gross area of which the revenue was to be redeemed had to be deducted. This has proved inconvenient, and has given rise to misunderstanding; the figures have therefore been reduced so as to apply to the *gross* area without any deduction.

15. The above are some of the main points in the new volume that strike the Board as requiring attention. It is, however, most desirable that all Officers should, as soon as possible, acquaint themselves thoroughly with the Rules as now re-arranged; and that, for the present, they should make frequent reference to the Rules in carrying on the Administration.

16. The Rules will be quoted in the correspondence of the Department thus—"B. R., *(Board's Rules)* page Clause ."

৮। ৮ অধ্যায় সম্পূর্ণ নূতন। পুরাতন তৌজীর বিধি এই বিধির মূল, ইহাতে সেই পুরাতন বিধির অন্যথা হইয়াছে। কিন্তু পুরাতন বিধি যত পূর্ণ ও বিস্তারিত ব্যক্ত ছিল এই বিধি তদপেক্ষা পূর্ণ ও বিস্তৃত।

৯। কার্য্যপ্রণালীর পুরাতন বিধির পরিবর্ত্তে ১১ অধ্যায়ের ৯ ধারা প্রচলিত হইবে। পুরাতন বিধিতে নানা কর্ত্তৃপক্ষ ব্যক্তিদের যে ক্ষমতা ব্যক্ত ছিল এই বিধিতে তাহা অধিক বিস্তারিতরূপে ব্যক্ত হইয়াছে। কিন্তু যে বিশেষ২ প্রকরণে বিশেষ ক্ষমতার ব্যাখ্যা হইয়াছে উক্ত ধারা সেই২ প্রকরণের সূচীপত্রস্বরূপে ব্যবহার করা কর্ত্তব্য।

১০। কমিসানর ও কালেক্টর সাহেবের কাগজপত্র বিষয়ক বিধির যে বিশেষ তাহা রহিত হইয়াছে। শব্দমাত্র প্রয়োজনীয় মতে পরিবর্ত্তন করিলে ১৩ অধ্যায়ের বিধি উভয়ের প্রতি বর্ত্তিবে।

১১। ১৪ অধ্যায়ের ৩ ধারা। রেজিষ্টর সকলের নানা ঘরের যে শিরোলিপি তাহা ঐ ৩ ধারার লিখিত শিরোলিপির সহিত মনোযোগপূর্ব্বক মিলাইয়া দেখা উচিত। যে স্থলে না মিলে সেই স্থলে পরিবর্ত্তন করিতে হইবে। সম্প্রতি নূতন২ যে অনুজ্ঞাপত্র প্রকাশ হইয়াছে তদনুসারে অনেক নূতন রেজিষ্টরও ঐ ধারার শেষ ভাগে দেওয়া গিয়াছে।

১২। ১৫ অধ্যায়ের ৬ ধারা। দেশীয় ভাষার কথা ইংলণ্ডীয় অক্ষরে যেরূপে লিখিতে হইবে তাহার পুরাতন বিধির সঙ্গে এই বিধির কিছু বিশেষ আছে। রেজিষ্টরী কার্য্যালয়ের নিমিত্তে গবর্ণমেণ্ট তদ্বিষয়ের যে বিধি সম্প্রতি করিয়াছেন তাহাই এই ধারাতে গৃহীত হইয়াছে।

১৩। ১৮ অধ্যায়ের। প্রত্যেক ধারাতে যে আজ্ঞা আছে তাহা নূতন মুদ্রিত রিটর্ণের পাঠের প্রতি খাটে।

১৪। ২৬ অধ্যায়। ৩৬৬ ও ৩৬৭ পৃষ্ঠায় যে সকল টেবিল আছে তাহার দ্বিতীয় ঘর পূর্ব্ব প্রকাশিত টেবিলের সেই ঘরের অন্যরূপ নিয়মে প্রস্তুত হইয়াছে। এই কথা গুরুতররূপে মনোযোগের যোগ্য। পুরাতন টেবিলে ভূমির যত পরিমাণে কর ধার্য্য হইতে পারে কেবল তদুপলক্ষে হিসাব করা গিয়াছিল তাহাতে সেই টেবিল অনুসারে হিসাব করিতে হইলে যে ভূমির রাজস্ব ক্রীত হইয়া মুক্ত করা যাইবে তাহার মোট পরিমাণের চতুর্থাংশ বাদ দিতে হইয়াছিল। ইহাতে ক্লেশ হইয়াছে। স্থলে২ মতিভ্রমও হইয়াছে। এই কারণে অঙ্ক ন্যূন করা গিয়াছে। তাহা হইলে কিছু বাদ না দিয়া মোট পরিমাণের প্রতি ঐ অঙ্ক বর্ত্তে।

১৫। নূতন পুস্তকের মধ্যে উপরোক্ত কএক বিষয় বোর্ডের সাহেবেরা গুরুতর জ্ঞান করিয়া বিশেষ মনোযোগের যোগ্য বোধ করেন। কিন্তু নূতন নিয়মমতে যে বিধিবদ্ধ হইয়াছে সকল কার্য্যকারকের সাধ্যমতে ত্বরায় তাহা উত্তমরূপে সুবিদিত হওয়া শ্রেয়। এই হেতুক অধুনা তাঁহারা কার্য্য নির্ব্বাহ কালে পুনঃ২ সেই নূতন বিধি দৃষ্টি করুন।

১৬। রাজস্ব সম্পার্কীয় কর্ম্মবিভাগের পত্রাদিতে যখন উক্ত বিধির উল্লেখ হয় তখন এই প্রকারে লিখিতে হইবে যথা বো. বি. (অর্থাৎ বোর্ডের বিধির)—পৃষ্ঠা—প্রকরণ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৯। ৩১ জুলাই।]

No. 8.

The Board of Revenue are pleased to desire Collectors to enter henceforward, in Return No. VIII, the number of applications made to them by distrainors for assistance under Section 119, Act X of 1859.

2. The fourth Edition of this Return, containing this addition, will be circulated immediately. On its receipt, the stock of all previous editions is to be disposed of as waste paper.

No. 9.

Under orders from the Government of Bengal, the Board of Revenue are pleased to notify that, in future, the period within which appeals of all kinds from the orders of a Commissioner may be presented to them, either direct, or through the Commissioner, is to be limited to one calendar month.

2. This change of practice is to be made widely known: it will not be enforced in the case of orders passed by a Commissioner before this order reaches his office.

3. The needful alteration in the Rules of Practice has been introduced in the new Rules.

No. 10.

All quondam Mukhtars whose applications to be allowed to practise as Revenue Agents have been submitted to the Board of Revenue by Commissioners or Collectors under paragraph 6, Circular Order 4 of April, may be allowed so to practise in anticipation of the receipt of their certificates from the Board.

2. It will take time to prepare and despatch the very numerous certificates for which applications have been made.

Rules drawn up in accordance with Section 4, Act XX of 1865, for the qualification, admission, and enrolment of Pleaders and Mookhtars in Mofussil Courts.

1. Pleaders in the Mofussil Courts of the Regulation Provinces, within the limits of the jurisdiction of the High Court, shall, as regards qualification, be of two grades.

2. Those of the higher grade shall be competent to appear, plead, and act in any Civil or Criminal Court subordinate to and within the limits of the general jurisdiction of the High Court, and also before the Board of Revenue or in any Revenue Court or Office within the said limits: Provided that they shall not appear, plead, or act in the High Court.

৮ নম্বর।

১৮৫৯ সালের ১০ আইনের ১১৯ ধারামতে লোকেরা ক্রোক করিবার সময়ে কালেক্টরের সাহায্য যতবার প্রার্থনা করে তাহা কালেক্টর সাহেবেরা ৮ নং রিটর্ণে লিখিবেন। রেবিনিউ বোর্ডের সাহেবদের এই আদেশ।

২। ঐ অধিক ঘর সমেত ঐ রিটর্ণ চতুর্থ বার মুদ্রিত হইতেছে ত্বরায় প্রেরণ করা যাইবে। তাহা পাইলে পর পূর্ব্ব প্রকাশিত রিটর্ণের যত খানি অবশিষ্ট থাকে তাহা লইয়া অকর্ম্মণ্য কাগজের ন্যায় করিতে হইবে।

৯ নম্বর।

বঙ্গদেশের গবর্ণমেন্টের আজ্ঞামতে রেবিনিউ বোর্ডের সাহেবেরা এই কথা জানাইতেছেন। অদ্যাবধি কমিস্যনর সাহেবের আজ্ঞার উপর যে প্রকারের যে সকল আপীল বোর্ডে করা যায় তাহা কমিস্যনর সাহেবের দ্বারা কি একেবারে বোর্ডেই করা যাউক ইংলণ্ডীয় পঞ্জিকামত এক মাসের মধ্যে করিতে হইবে।

২। কার্য্যপ্রণালীর এই পরিবর্ত্তন অতি বিস্তারিতরূপে জানাইতে হইবে। কিন্তু কমিস্যনর সাহেবের কার্য্যালয়ে এই সরকুলর পঁহুছিবার পূর্ব্বে তিনি যে আজ্ঞা করিয়া থাকিবেন তৎসম্পর্কে এই বিধি প্রবল হইবে না।

৩। কার্য্যপ্রণালীর বিধির উক্ত পরিবর্ত্তনের কথা নূতন বিধিতে লিখিত হইয়াছে।

১০ নম্বর।

পূর্ব্বকালীন মোক্তারেরা রেবিনিউ এজেন্টস্বরূপ কর্ম্ম করিতে অনুমতি প্রার্থনা করিলে কমিস্যনর কি কালেক্টর সাহেবেরা আপ্রিল মাসের ৪ নং সরকুলর অডরের ৬ প্রকরণ মতে যাঁহারদের প্রার্থনা রেবিনিউ বোর্ডে সমর্পণ করিয়াছেন সেই সকল মোক্তার বোর্ড হইতে সংশিতপত্র পাইবার অপেক্ষায় উক্ত প্রকারের মোক্তারী করিবার অনুমতি পাইবেন।

২। যত সংশিতপত্রের প্রার্থনা হইয়াছে তাহা প্রস্তুত করিয়া পাঠাইতে কিছু সময় লাগিবে।

John Robinson, *Bengalee Translator*.

মফঃসল আদালতে উকীল ও মোখ্‌তারদিগের যোগ্য ও গ্রাহ্য হওনের ও ফর্দ্দে নাম লেখাইবার জন্যে ১৮৬৫ সালের ২০ আইনের ৪ ধারামত এই এই বিধি।

১। আইনের অধীন প্রদেশের যে২ মফঃসল আদালত হাই কোর্টের বিচারাধীন স্থানের সীমার অন্তর্গত আছে, সেই২ আদালতের উকীলেরা কার্য্যক্ষমতা সম্পর্কে দুই শ্রেণীবদ্ধ হইবেন।

২। উচ্চ শ্রেণীর উকীলেরা হাই কোর্টের সাধারণ বিচারাধিপত্যের অধীন ও তৎসীমার অন্তর্গত দেওয়ানী কি ফৌজদারী কোন আদালতে এবং রেবিনিউ বোর্ডের সম্মুখে কিম্বা উক্ত সীমার অন্তর্গত রাজস্ব সম্পর্কীয় কোন আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে ও ওকালতী করিতে পারিবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইতে কি উত্তরপ্রত্যুত্তর করিতে কি ওকালতী করিতে পারিবেন না।

3. Those of the lower grade shall be competent to appear, plead, and act in the Courts of the Sudder Ameens and Moonsiffs, and in the Courts of Assistant Commissioners, Extra Assistant Commissioners, and Registrars of Small Cause Courts, and also in any Criminal Court, or before the Board of Revenue or other Revenue Court or Office, within the limits of the general jurisdiction of the High Court: Provided that they shall not appear, plead, or act in the High Court.

4. Mookhtars, duly admitted and enrolled may, subject to the conditions of their certificates, as to the class of Courts in which they are authorized to practise, appear and act in any Civil Court, and may appear, plead, and act in any Criminal Court within the same limits: Provided that they shall not appear, plead, or act in the High Court.

5. All persons, who, on the 1st January 1866, were Pleaders or were lawfully qualified to act as Pleaders in any local Civil Court subordinate to the High Court, are qualified to be admitted and enrolled as Pleaders, subject to the provisions of Act XX of 1865. Such persons must make their applications for enrolment in the manner prescribed in Section 43 of the said Act.

QUALIFICATIONS FOR PLEADERS OF THE HIGHER GRADE.

6. Every person may be admitted as a Pleader of the higher grade who shall be qualified as hereinafter prescribed, that is to say,—

1st.—If he shall have obtained the Degree of Bachelor in Law of one of the Universities of Calcutta, Madras, or Bombay, or shall be a Licentiate in Law of one of the said Universities: Provided that his application for admission as a Pleader be made within three years from the time of his obtaining such Degree or License, or within such further time as the High Court shall for any special reason allow; or

2nd.—If he shall satisfy the Court that he possesses a competent knowledge of the subjects mentioned in this clause by producing a certificate from the Examiners hereinafter mentioned that he has passed an examination in the Regulations, Enactments, and Text Books set opposite to the respective subjects. Where two or more books are mentioned in the alternative, it shall be sufficient if the applicant pass in one of such books to be selected by himself.

৩। দ্বিতীয় শ্রেণীর উকীলেরা সদর আমীন ও মুনসেফদিগের আদালতে এবং আসিষ্টান্ট কমিস্যনর ও অতিরিক্ত আসিষ্টান্ট কমিস্যনরদিগের ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতের রেজিষ্ট্রারদিগের কাছারীতে এবং হাই কোর্টের সাধারণ বিচারাধিপত্যের সীমার অন্তর্গত কোন ফৌজদারী আদালতে কিম্বা রেবিনিউ বোর্ডের সম্মুখে কিম্বা রাজস্বসম্পর্কীয় অন্য আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে ও ওকালতী করিতে সক্ষম হইবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইতে কি উত্তরপ্রত্যুত্তর করিতে কি ওকালতী করিতে পারিবেন না।

৪। মোক্তারেরাও যখন নিয়মিতরূপে গ্রাহ্য হন ও তাঁহাদের নাম ফর্দ্দে লেখা যায়, তখন তাঁহাদিগকে দত্ত সংশিতপত্রক্রমে তাঁহাদের প্রতি যে শ্রেণীর আদালতে ব্যবহার করিবার অনুমতি হইয়াছে, তদনুসারে তাঁহারা উক্ত সীমার অন্তর্গত কোন দেওয়ানী আদালতে উপস্থিত হইয়া কার্য্য করিতে পারিবেন এবং কোন ফৌজদারী আদালতেও উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে কি কার্য্য করিতে পরিবেন না।

৫। যে সকল ব্যক্তি ১৮৬৬ সালের জানুআরি মাসের প্রথম দিবসে হাই কোর্টের অধীন কোন দেওয়ানী আদালতে উকীল ছিলেন কি আইনমতে ওকালতী করিতে সক্ষম ছিলেন, তাঁহারা ১৮৬৫ সালের ২০ আইনের বিধানমতে উকীলস্বরূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার যোগ্য হন। সেই ব্যক্তিদের আবশ্যক যে উক্ত আইনের ৪৩ ধারার নির্দ্দিষ্টমতে নাম লেখাইবার প্রার্থনা করেন।

উচ্চ শ্রেণীর উকীলদিগের কর্ম্মক্ষমতার বিধি।

৬। পশ্চাৎ লিখিত প্রকারে যাঁহারা সক্ষম হন, তাঁহারা উচ্চ শ্রেণীর উকীলস্বরূপ গ্রাহ্য। অর্থাৎ

প্রথম। তাঁহারা কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের একতর বিশ্ববিদ্যালয়ে Bachelor in Law এই উপাধি প্রাপ্ত হইলে, কিম্বা উক্ত একতর বিশ্ববিদ্যালয়ের Licentiate in Law হইলে গ্রাহ্য হইবেন। কিন্তু সেই উপাধি কি অনুমতিপত্র প্রাপণের সময়াবধি তিন বৎসরের মধ্যে কিম্বা হাই কোর্ট বিশেষ কোন কারণে অধিক যে সময় দেন সেই সময়ের মধ্যে তাঁহাদের উকীলস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করিতে হইবে।

অথবা দ্বিতীয়।—তিনি নিম্নলিখিত বিষয়ের পার্শ্বলিখিত আইন ও বিধান ও পুস্তকে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন, পশ্চাৎ লিখিত পরীক্ষকদের স্থানে এই মর্ম্মের সংশিতপত্র দর্শাইয়া এই প্রকরণের লিখিত বিষয়ের উপযুক্ত জ্ঞান প্রাপ্ত হইয়াছেন এই বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মাইলে গ্রাহ্য হইবেন। যে স্থলে দুই কি অধিক পুস্তক লিখিত হইয়া একতর পুস্তক নির্দ্ধারিত হইয়াছে, সেই স্থলে প্রার্থক স্বমনোনীত উক্ত কোন এক পুস্তকে উত্তীর্ণ হইলে প্রচুর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩১ জুলাই।]

Subjects.	Regulations, Enactments, and Text Books.	বিষয়।	আইন, বিধি। পুস্তক
1*st.*—The law of property current in Bengal.		বঙ্গদেশের প্রচলিত সম্পাত্তির ব্যবস্থা।	
A. With reference to the Permanent Settlement ;—to the Government lien on land ;—to claims to hold land exempt from the payment of Revenue ;—and to the mode in which Estates can be brought to sale for arrears of Revenue.	Regulations (Bengal) I, VIII, X, XIV, XIX, and XLIV of 1793, and the Regulations and acts by which the same have been altered : Act XI of 1859 : and the preamble to Regulation (Bengal) II of 1793.	A. চিরকালীন বন্দোবস্তের উপলক্ষে ও ভূমির উপর গবর্ণমেণ্টের দাওয়ার ও রাজস্ব না দিয়া ভূমি ভোগ করিবার দাওয়ার—ও বাকী রাজস্বের জন্যে সম্পাত্তির নীলাম যে নিয়মে হইতে পারে তদুপলক্ষে	বঙ্গদেশীয় ১৭৯৩ সা. ১, ৮, ১০, ১৪, ১৯, ৪৪ আইন ও তাহা যে২ আইনদ্বারা পরিবর্ত্তিত হইয়াছে। ১৮৫৯ সা. ১১ আ. ও ১৭৯৩ সালের বঙ্গদেশীয় ২ আইনের হেতুবাদ।
B. The law of under-tenures and the mode in which the same can be brought to sale for arrears of rent.	Regulation (Bengal) VIII of 1819 : Act X of 1859 : Act VIII of 1865 (Bengal Council).	B. পত্তনীতালুকের আইন ও তাহা বাকী করের নিমিত্তে যে নিয়মে নীলাম হইতে পারে। …	১৮১৯ সালের বঙ্গদেশীয় ৮ আইন। ১৮৫৯ সালের ১০ আইন। ১৮৬৫ সালের বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৮ আইন।
C. The relation of Landlord and Tenant.	Act X of 1859 : Act VI of 1862 (Bengal Council).	C. ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সমন্ধ ব্যবস্থা	১৮৫৯ সা. ১০ আ. ও ১৮৬২ সা. বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৬ আ.।
D. Mortgages : Registration of Assurances.	Macpherson on Mortgages : Act XX of 1866.	D. বন্ধক ও নিদর্শনপত্রের রেজিষ্টরী করণ।	বন্ধক বিষয়ে মাকফরসন সাহেবের পুস্তক। ১৮৬৬ সা. ২০ আ.
E. The Hindoo Law of inheritance, succession, and adoption.	Dayabhaga and Mitakshara; Duttaka Chandrika or Macnaghten's Principles of Hindoo Law, first seven chapters.	E. দায়ভাগ ও উত্তরাধিকারিত্ব ও দত্তকগ্রহণ বিষয়ে হিন্দু ব্যবস্থা …	দায়ভাগ ও মিতাক্ষরা ও দত্তকচন্দ্রিকা কি হিন্দু ব্যবস্থার মূলনিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ১—৭ অধ্যায়।
F. Mahomedan Law…	Macnaghten's Principles of Mahomedan Law, except chapter 9.	F. মহম্মদীয় শরা …	মহম্মদীয় শরার মূল নিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ৯ ভিন্ন সমস্ত অধ্যায়।
G. The Indian Succession Act.	Act X of 1865.	G. ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন	১৮৬৫ সা. ১০ আ.
2*nd.*—Obligations arising from Contracts.	Macpherson on Contracts.	(২) চুক্তিক্রমে উদিত বাধ্যতা …	চুক্তি বিষয়ে মাকফরসন সাহেবের পুস্তক।
3*rd.*—Civil Procedure. .	Act VIII of 1859 : Act XXIII of 1861 : Act XI of 1865.	(৩) দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধান …	১৮৫৯ সা. ৮ আ। ১৮৬১ সা. ২৩ আ। ১৮৬৫ সা. ১১ আ।
4*th.*—The Law of Evidence.	Act II of 1855, and Best or Goodeve or Norton on Evidence.	(৪) প্রমাণ বিষয়ক ব্যবস্থা	১৮৫৫ সা. ২ আ। এবং প্রমাণ বিষয়ে বেষ্ট কি গুডীব কি নর্টন সাহেবের পুস্তক।
5*th*—The Law relating to Stamps.	Act X of 1862: Act XVIII of 1865.	(৫) ইষ্টাম্প বিষয়ক আইন …	১৮৬২ সা. ১০ আ। ১৮৬৫ সা. ১৮ আ.।

[*Government Gazette,* 31*st July* 1866.]

6th.—The Law of Limitation.	Act XIV of 1859.
7th.—Criminal Law and Procedure.	The Indian Penal Code (Act XLV of 1860) and the Code of Criminal Procedure (Act XXV of 1861.)

7. The examinations will be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners in pursuance of Section 6, Act XX of 1865, according to such Regulation as shall be made by the said Government for conducting such examinations.

8. The application to the High Court for admission shall be made within three years from the time of the applicant's passing the examination, or within such further time as the Court shall for any special reason allow.

9. In order to qualify a person to present himself for the examination required by these Rules for the higher grade—

1st.—He must hold a certificate of having passed the Entrance Examination of the University of Calcutta, Madras, or Bombay, or shall satisfy the High Court that he has received a liberal education elsewhere than in India.

2nd.—He must hold a certificate of having regularly attended a full course of Lectures in Law at one of the Colleges affiliated to the Calcutta University, or such Law lectures elsewhere as shall be deemed by the High Court to be sufficient.

3rd—He must hold a satisfactory certificate of good moral character.

4th.—He must be between the ages of 20 and 40 years, unless he shall have been admitted and shall have practised as a Pleader of the lower grade previously to his application to be admitted to the examination for the higher grade, in which case he may be admitted to that examination if he shall satisfy the Judge of the District in which he resides that up to the time of the application he has been acting as a Pleader of the lower grade, and shall produce a certificate from the Judge or Judges in whose Court he has been so practising, that in his or their judgment he is a proper person to be admitted to examination for the higher grade.

10. Any person, who, on the 1st January 1866, was practising as a Pleader of the lower grade, may present himself at the first examination for a pleadership of the higher grade, which may take place after the expiration of six months from the publication of these Rules in the *Calcutta Gazette*, without having the qualifications required by Clauses 1 and 2 of Rule 9.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৩১ জুলাই।]

৬) মিয়াদী আইন ...	১৮৫৯ সা. ১৪ আ.।
৭) ফৌজদারী আইন ও মোকদ্দমার কার্য্যবিধান	ভারতবর্ষীয় দণ্ডবিধির (১৮৬০ সালের ৪৫) আইন, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫) আইন।

৭। বঙ্গদেশের গবর্ণমেন্ট ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন, তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেন্ট ঐ পরীক্ষা কার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে।

৮। প্রার্থকের পরীক্ষোত্তীর্ণ হইবার সময়াবধি তিন বৎসরের মধ্যে কিম্বা কোর্ট বিশেষ কোন কারণে অধিক যে সময়ের অনুমতি দেন সেই সময়ের মধ্যে হাই কোর্টে গ্রাহ্য হইবার প্রার্থনা করিতে হইবে।

৯। এই বিধিমতে উচ্চ শ্রেণীর পরীক্ষা দিবার জন্যে কোন ব্যক্তি উপস্থিত হইবার যোগ্য হন এই নিমিত্তে প্রয়োজন যে,

(১) তিনি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষোত্তীর্ণ হইবার সংশিতপত্র প্রাপ্ত হন, কিম্বা ভারতবর্ষ ভিন্ন স্থানে বিশিষ্ট প্রকারে বিদ্যা শিক্ষা করিয়াছেন, এই বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মান।

(২) কলিকাতার বিশ্ববিদ্যালয়সংযুত কোন কালেজে ব্যবস্থাবিষয়ক সম্পূর্ণ বক্তৃতাশ্রেণীতে নিয়ত উপস্থিত হইয়াছেন, কিম্বা অন্যত্র ব্যবস্থাবিষয়ক যে বক্তৃতাশ্রেণী হাই কোর্টের বিবেচনায় প্রচুর, তদধ্যয়নে উপস্থিত হইয়াছেন এই মর্ম্মের সংশিতপত্র প্রাপ্ত হন।

(৩) হৃদ্বোধজনক সুনীতিরীতির সংশিতপত্র প্রাপ্ত হন।

(৪) বিশ বৎসরের ন্যূন ও চল্লিশ বৎসরের অধিক বয়স্ক না হন। কিন্তু উচ্চ শ্রেণীর পরীক্ষা দানার্থে গ্রাহ্য হইবার প্রার্থনা করণের পূর্ব্বে যদি দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ ব্যবহার করিয়া থাকেন, তবে ঐ প্রার্থনা করিবার সময়পর্য্যন্ত দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ কর্ম্ম করিয়া আসিতেছেন, এই বিষয়ে স্বীয় নিবাস জিলার জজ সাহেবের হৃদ্বোধ জন্মাইলে, এবং যে বিচারকর্ত্তার কি বিচারকর্ত্তাদের আদালতে তদ্রূপে ব্যবহার করিয়াছেন তাঁহার কি তাঁহাদের বিবেচনায় তিনি উচ্চ শ্রেণীর পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইবার উপযুক্ত ব্যক্তি এই মর্ম্মের সংশিতপত্র দেখাইলে ঐ পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইতে পারিবেন।

১০। ১৮৬৬ সালের ১ জানুআরিতে যে কোন ব্যক্তি দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ ব্যবহার করিতেন, তিনি এই বিধির ৯ ধারার ১ ও ২ প্রকরণের নির্দ্দিষ্ট যোগ্যতা প্রাপ্ত না হইলেও কলিকাতা গেজেটে এই বিধি প্রকাশ হইবার তারিখঅবধি ছয় মাস অতীত হইলে পর যখন প্রথম পরীক্ষা হয় তখন উচ্চ শ্রেণীর ওকালতী কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দেওনার্থে উপস্থিত হইতে পারিবেন।

11. Every candidate for examination for the higher grade shall, six weeks at least before the day fixed for the examination, give notice to the Judge of the District in which he resides of his intention to present himself at the ensuing examination, and he shall establish to the satisfaction of the Judge that he possesses the qualifications declared by Rules 9 and 10 to be necessary for such candidates.

12. The Judge, if satisfied that the candidate possesses such qualifications, shall thereupon enter his name, the name of the father, his place of residence, and his age, in a register, with a certificate to the effect that the Judge has been satisfied that he possesses the necessary qualifications, and shall furnish the candidate with a copy of, or an extract from, the said register.

13. Before the date of examination every candidate for the higher grade shall pay a fee of Rupees 20 into the Government Treasury of the District. The candidate shall at the same time present to the Collector the copy of the register furnished to him under Rule 12, and the Collector's receipt for the fee shall be endorsed thereon. Every candidate for examination shall produce to the Examiners the copy of the register granted to him by the Judge, with the Collector's receipts endorsed thereon.

14. Candidates residing in Calcutta shall give the notice required by Rule 11 and make the payment required by Rule 13 to the Judge and Collector, respectively, of the 24-Pergunnahs.

15. Any person who shall pass the examination as a Pleader of the higher grade, and who shall desire to be admitted, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 20, and shall, on presentation of the certificate of the Examiners and the Collector's receipt for the said sum of Rupees 20, be entitled to apply to the High Court for admission and enrolment.

16. The application, together with the certificate and receipt required by Rule 15, shall be presented to the Judge of the District in which the applicant intends ordinarily to practice, and shall be forwarded by the Judge to the Registrar of the High Court with such remarks as he may think fit to make thereon.

17. Upon the applicant's being admitted and enrolled by the High Court a certificate to that effect shall be forwarded by the Registrar of the High Court to the Judge of the District, who, upon the applicant's delivering and leaving with him a declaration in writing signed by the said applicant in conformity with the recital in the

১১। উচ্চ শ্রেণীর নিমিত্তে পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার জজ সাহেবকে আগামি পরীক্ষা হইবার নিরূপিত দিনের পুর্ব্বে অতিন্যূন ছয় সপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন। এবং এই বিধির ৯ ও ১০ ধারাতে ঐ পদাকাঙ্ক্ষিদের যে২ কর্ম্মক্ষমতা প্রয়োজন প্রকাশ হইয়াছে তাঁহার সেই ক্ষমতা আছে জজ সাহেবের হৃদ্বোধমতে ইহা প্রতিপন্ন করিবেন।

১২। জজ সাহেব ঐ পদাকাঙ্ক্ষির সেই যোগ্যতাগুণবত্তার বিষয় হৃদ্বোধমতে জ্ঞাত হইলে, তিনি রেজিষ্টরে ঐ ব্যক্তির ও তদীয় পিতার নাম ও তাঁহার বাসস্থান ও বয়স লিখিবেন, ও তিনি প্রয়োজনানুসারে যোগ্যতাপ্রাপ্ত হইয়াছেন এই বিষয়ে আপন হৃদ্বোধ হওয়ার সংশিতপত্রও ঐ রেজিষ্টরে লিখিবেন, এবং ঐ পদাকাঙ্ক্ষিকে ঐ রেজিষ্টরের প্রতিলিপি কি তাহাহইতে উদ্ধৃত কথা দিবেন।

১৩। পরীক্ষা দিবার তারিখের পুর্ব্বে উচ্চ শ্রেণীর পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার অন্তর্গত গবর্ণমেণ্টের অর্থাগারে ২০৲ টাকা শুল্ক দিবেন। এবং ১২ ধারামতে রেজিষ্টরের যে প্রতিলিপি পাইয়াছেন তাহাও তৎকালে কালেক্টর সাহেবের গোচর করিবেন, ও প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেব ঐ শুল্কের রসীদ লিখিয়া দিবেন। পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি জজ সাহেবের দত্ত রেজিষ্টরের প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেবের রসীদ সুদ্ধ ঐ প্রতিলিপি পরীক্ষকদিগকে দেখাইবেন

১৪। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশপরগনার জজ ও কালেক্টর সাহেবের নিকটে ১১ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ১৩ ধারার নির্দ্দিষ্ট টাকা দিবেন।

১৫। কোন ব্যক্তি উচ্চ শ্রেণীর উকীলস্বরূপ পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ২০৲ টাকা দিবেন এবং পরীক্ষকেরদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ২০৲ টাকার রসীদ দেখাইলে তিনি হাই কোর্টে গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইবার স্বত্ববান্ হইবেন।

১৬। প্রার্থক সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিতে মনস্থ করেন, সেই জিলার জজ সাহেবকে ঐ প্রার্থনা এবং এই বিধির ১৫ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ দেখাইবেন। এবং জজ সাহেব তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহার সহিত ঐ সংশিতপত্র প্রভৃতি হাই কোর্টের রেজিষ্ট্রারের নিকটে প্রেরণ করিবেন।

১৭। প্রার্থক হাই কোর্টে গ্রাহ্য হইলে ও তাঁহার নাম ফর্দ্দে লেখা গেলে হাই কোর্টের রেজিষ্ট্রার সেই মর্ম্মের সর্টিফিকট জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করিবেন। পরে ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলের সংশিতপত্রের পাঠে যে কথা ব্যক্ত হইয়াছে প্রার্থক সেই কথানুযায়ি প্রতিজ্ঞাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া জজ সাহেবকে দিয়া তাঁহার নিকটে রাখিবেন,

form of certificate given in the 2nd Schedule to Act XX of 1865, shall grant him a certificate as required by the said Act.

QUALIFICATIONS FOR PLEADERS OF THE LOWER GRADE.

Rule 1.—In suits for the recovery of specific property, or a share of a specific property, whether

সুবে বাঙ্গালার অন্তর্গত কলিকাতাস্থ হাই কোর্ট আফ জুডিকেচর আদালতের অধীন যে কোন দেওয়ানী আদালতে যে সকল মোকদ্দমা হয় তাহাতে পরাজিত ব্যক্তির দেয় তাহার বিপক্ষের উকীলের রসুমের পরিমাণ নির্দ্ধারিত ও নির্দ্দিষ্ট করণার্থে ১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারানুসারে উক্ত আদালত কর্ত্তৃক সংস্থাপিত নিয়ম সমস্ত।

১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারানুসারে হাই কোর্ট কর্ত্তৃক আদেশ হইল যে ১৮৬৬ সালের ১ জুলাই তারিখহইতে ও ঐ তারিখের পর ইহার অধীন দেওয়ানী আদালত সকলে যে কোন মোকদ্দমা অথবা কার্য্য হয় তাহাতে পরাজিত ব্যক্তির দেয় তাহার বিপক্ষের উকীলের রসুমের পরিমাণ নিম্নোক্ত নিয়মাবলির লিখিত নিরীখে হিসাব করিতে হইবে।

১ নিয়ম। স্থাবর অথবা অস্থাবর কোন নির্দ্দিষ্ট সম্পত্তিতে অথবা নির্দ্দিষ্ট সম্পত্তির কোন একাংশে

immoveable or moveable, or for the breach of any contract or for damages—

If the amount or value of the property, debt or damages decreed shall not exceed Rupees 5,000 at 5 per cent. on the amount or value decreed.

If the amount or value shall exceed Rupees 5,000 and not exceed Rupees 20,000, on Rupees 5,000 at 5 per cent., and on the remainder at 2 per cent.

If the amount or value shall exceed Rupees 20,000 and not exceed Rupees 50,000, on Rupees 20,000 as above, and on the remainder at 1 per cent.

If the amount or value shall exceed Rupees 50,000, on Rupees 50,000 as above, and on the remainder at ½ per cent.

Provided that in no case shall the amount of any fee exceed Rupees 3,000

Rule 2.—In suits for injuries to the person or character of the Plaintiff, such as suits for assaults or defamation, or for injuries to property, or to enforce rights where the pecuniary value of such injury or right cannot be exactly defined, as in suits for interference with a right to light or water, or to enforce a right of pre-emption, or suits for the partition of joint property, where partition is improperly resisted, if the Plaintiff succeed, the Court may order the fee of the Pleader for the Plaintiff to be calculated with reference either to the amount decreed or according to the valuation of the suit, or according to such a sum not exceeding the valuation as the Court shall think reasonable and shall fix with reference to the importance of the subject of the dispute. In any such case the amount of the Pleader's fee shall be calculated according to the scale in Rule 1.

Rule 3.—If the suit be dismissed for default or upon the merits, or be decreed for the Defendant, the Defendant's Pleader's fee shall be calculated according to the scale in Rule 1 on the whole value of the suit.

Rule 4.—If the suit shall be decreed for the Plaintiff as to part only of his claim, and as to the remainder shall be dismissed or decreed for the Defendant, the fees allowed to each party's Pleader shall be fixed with reference to the value of that part of the claim in respect of which he shall succeed, and shall be calculated according to the scale in Rule 1.

Rule 5.—If in any suit for unliquidated damages, the Plaintiff shall succeed as to the whole of his cause of action, but shall fail to recover the full amount of damages claimed, the Defendant shall not be entitled to any allowance for a Pleader's fee in respect of the difference between the amount of damages claimed and the

দখল প্রাপ্ত হওয়ার বা কোন চুক্তি ভঙ্গের বা খেসারাতের মোকদ্দমায়,—

ডিক্রী হওয়া সম্পত্তি বা ঋণ বা খেসারাতের পরিমাণ অথবা মূল্য যদি ৫,০০০৲ টাকার অধিক না হয় তবে যে পরিমাণ দাবী অথবা মূল্য ডিক্রী হয় তাহার শতকরা ৫৲ টাকা হিসাবে।

উক্ত পরিমাণ অথবা মূল্য যদি ৫,০০০৲ টাকার অধিক এবং ২০,০০০৲ টাকার অনধিক হয় তবে ৫,০০০৲ টাকাপর্য্যন্ত শতকরা ৫৲ টাকা হিসাবে এবং অবশিষ্ট টাকার উপর শতকরা ২৲ টাকা হিসাবে।

উক্ত পরিমাণ অথবা মূল্য যদি ২০,০০০৲ টাকার অধিক ও ৫০,০০০৲ টাকার অনধিক হয় তবে ২০,০০০৲ টাকা পর্য্যন্ত উপরোক্ত হিসাব ও অবশিষ্ট টাকার উপর শতকরা ১৲ টাকা হিসাবে।

উক্ত পরিমাণ অথবা মূল্য যদি ৫০,০০০৲ টাকার অধিক হয় তবে ৫০,০০০৲ টাকা পর্য্যন্ত ঐ হিসাবে এবং অবশিষ্ট টাকার প্রতি শতকরা ।।০ আনা হিসাবে।

কিন্তু রসুমের পরিমাণ কথন ৩,০০০৲ টাকার অধিক হইতে পারিবে না।

২ নিয়ম। বাদির শরীর অথবা চরিত্র সম্বন্ধীয় ক্ষতির মোকদ্দমায় যথা মারপিট বা তহমতের মোকদ্দমায় অথবা সম্পত্তির হানির বা যে স্থলে উক্ত হানি বা স্বত্বের মূল্য কত টাকা হইবে তাহা ঠিক নির্দ্দিষ্ট করা যাইতে না পারে সে স্থলে স্বত্ব প্রবল করণের মোকদ্দমায় যথা আলো বা জলে যে স্বত্ব থাকে তাহার প্রতি হস্তক্ষেপ করণের বা হক সফার মোকদ্দমায় অথবা যে স্থলে এজমালি সম্পত্তি বাঁটোয়ারা করিয়া লওনের প্রতি অনুচিত আপত্তি করা হয় সে স্থলে ঐরূপ সম্পত্তি বাঁটোয়ারা করিয়া লওনের মোকদ্দমায় যদি বাদী কৃতকার্য্য হয় তবে যে পরিমাণ দাবী ডিক্রী হয় তদনুসারে বা নালিশের তায়দাদ অনুসারে অথবা তায়দাদের অনধিক যে পরিমাণ টাকা আদালত ন্যায্য বোধ করেন ও বিরোধীয় বিষয়ের গুরুত্ব দৃষ্টে ধার্য্য করেন তদনুসারে আদালত বাদির উকীলের রসুম হিসাব করণের হুকুম প্রদান করিতে পারেন এই সকল মোকদ্দমায় উকীলের রসুম ১ নিয়মের লিখিত নিরিখে হিসাব করিতে হইবে।

৩ নিয়ম। ত্রুটি প্রযুক্ত অথবা দোষ গুণের বিচারে মোকদ্দমা ডিসমিস হইলে অথবা প্রতিবাদির অনুকুলে ডিক্রী হইলে প্রতিবাদির উকীলের রসুম মোকদ্দমার সম্পূর্ণ তায়দাদের উপর ১ নিয়মের লিখিত নিরীখমতে হিসাব করিতে হইবে।

৪ নিয়ম। যদি বাদির দাবির কিয়দংশ ডিক্রী হয় ও অবশিষ্ট অংশ ডিসমিস বা প্রতিবাদির অনুকুলে ডিক্রী হয় তবে উভয় পক্ষের উকীলের প্রাপ্য রসুম তাহারা যে পরিমাণ দাবি সম্বন্ধে কৃতকার্য্য হয় সেই পরিমাণ দাবির মূল্য অনুসারে নির্দ্ধারিত ও ১ নিয়মের লিখিত নিরীখমতে হিসাব করিতে হইবে।

৫ নিয়ম। যদি কোন অপরিশোধিত খেসারাতের মোকদ্দমায় বাদী তাহার সম্পূর্ণ মোকদ্দমার হেতু সম্বন্ধে কৃতকার্য্য হয় কিন্তু দাবীকৃত সমুদয় খেসারাত প্রাপ্ত না হয় তাহা হইলে দাবীকৃত খেসারাতের পরিমাণ ও যে পরিমাণ খেসারত সে প্রাপ্ত হয় এতদুভয়ের মধ্যে যে ভিন্নতা তৎসম্বন্ধে উকীলের রসুম প্রতিবাদী প্রাপ্ত হইতে পারিবে না। কিন্তু আদালত যদি দাবীকৃত

amount recovered, unless the Court shall be of opinion that the amount claimed for damages was unreasonable or excessive, and shall for that or any other cause to be specified direct that a fee for his Pleader shall be allowed to the Defendant.

If specially allowed, the amount of such fee shall be fixed with reference to the amount of damages disallowed to the Plaintiff, and shall be calculated according to the scale in Rule 1.

Rule 6.—If several Defendants who have a joint or common interest succeed upon a joint defence or upon separate defences substantially the same, not more than one Pleader's fee shall be allowed, unless the Court shall otherwise order for a reason which shall be recorded. If only one fee be allowed, the Court shall direct to which of the Defendants it shall be paid, or shall apportion it among the several Defendants in such manner as the Court shall think fit.

Rule 7.—If several Defendants who have separate interests set up separate and distinct defences and succeed thereon, a fee for one Pleader for each of the Defendants who shall appear by a separate Pleader may be allowed in respect of his separate interest. Such fee, if allowed, shall be calculated with reference to the value of the separate interest of such Defendant according to the scale in Rule 1.

Rule 8.—The amount in respect of the fee of an adversary's Pleader when allowed in any Miscellaneous Proceeding, or for any other matter than that of appearing, acting, or pleading in a suit prior to decree, shall be fixed by the Court according to the following scale, *viz.* :—

Rupees 10 to Rupees 80 in the Court of a Judge or Principal Sudder Ameen.

Rupees 4 to Rupees 16 in the Court of a Sudder Ameen.

Rupee 1 to Rupees 4 in the Court of a Moonsiff.

The above scale shall apply to applications under Sections 53 or 54 of Act XX. of 1865.

Rule 9.—In every suit in any Court of Original Jurisdiction which shall be undefended, the amount to be paid as the fee of the adversary's Pleader shall be calculated at one-half the sum at which it would have been charged had the suit been defended.

Rule 10.—If a review be rejected after summoning the opposite party, or if after the admission of a review the former Judgment be upheld, the Pleader's fee, if allowed to the successful party in the review, shall be fixed by the Court at an

[*Government Gazette*, 31st July 1866.]

খেসারতের পরিমাণ অসঙ্গত অথবা অতিরিক্ত বিবেচনা করেন ও তৎকারণ অথবা অন্য কোন হেতু প্রকাশিয়া আদেশ করেন যে প্রতিবাদির উকীলের রসুম প্রতিবাদিকে দিতে হইবে তাহাহইলে সে তাহা প্রাপ্ত হইতে পারিবে।

যদি বিশেষরূপে উক্ত রসুম দেওনের আদেশ হয় তবে তাহার পরিমাণ বাদিকে যে পরিমাণ খেসারাত দেওয়া না যায় তদনুসারে নির্দ্ধারিত করিতে হইবে ও ১ নিয়মের লিখিত নিরিখমতে হিসাব করিতে হইবে।

৬ নিয়ম। কএক জন প্রতিবাদী যাহাদের একরূপ অথবা অন্য সম্পর্ক থাকে তাহারা যদি একযোগে জওয়াব অথবা পৃথকরূপে কিন্তু ফলিতার্থে একরূপ জওয়াব দিয়া কৃতকার্য্য হয় তবে একজন উকীলের রসুমের অধিক দেওয়া যাইবে না কিন্তু আদালত কোন কারণে তদ্বিপরীত হুকুম প্রদান করিলে তাহা দেওয়া যাইতে পারিবে উক্ত কারণ লিপিবদ্ধ করিতে হইবে যদি এক প্রস্ত রসুম মাত্র দেওয়া হয় তবে প্রতিবাদিগণের মধ্যে কোন্ ব্যক্তিকে তাহা দিতে হইবে তাহা আদালত প্রকাশ করিবেন অথবা আদালত যেরূপ উচিত বোধ করেন সেইরূপে তাহা ভিন্ন২ প্রতিবাদিকে অংশ করিয়া দিবেন।

৭ নিয়ম। কএক জন প্রতিবাদির পৃথকরূপ সম্পর্ক থাকিলে তাহারা যদি পৃথক ও ভিন্ন২রূপ জওয়াব দিয়া কৃতকার্য্য হয় তবে যে সকল প্রতিবাদী পৃথক এক উকীলদ্বারা উপস্থিত হয় তাহাদের প্রত্যেকের পৃথক স্বত্ব সম্বন্ধে প্রত্যেকের এক২ জন উকীলের রসুম দেওয়া যাইতে পারে। ঐ রূপ রসুম দেওয়া গেলে তাহা উক্ত প্রতিবাদীর পৃথক স্বত্বের মূল্য অনুসারে ১ নিয়মের লিখিত নিরীখমতে হিসাব করিতে হইবে।

৮ নিয়ম। ডিক্রী হওয়ার পূর্ব্বে কোন মোকদ্দমাতে উপস্থিত হওয়া বা কার্য্য অথবা তর্ক করা ভিন্ন অন্য কোন বাবতে বা কোন মোতফরক্কা কার্য্যে বিপক্ষের উকীলের যে রসুম দেওয়া যায় তাহার পরিমাণ আদালত নিম্ন লিখিত নিরীখমতে নির্দ্ধারিত করিবেন, যথা, জজ অথবা প্রধান সদর আমিন আদালতে ১০৲ টাকা হইতে ৮০৲ পর্য্যন্ত সদর আমিন আদালতে ৪৲ হইতে ১৬৲ পর্য্যন্ত. মুনসেফ আদালতে ১৲ হইতে ৪৲ টাকা পর্য্যন্ত, এই নিয়ম ১৮৬৫ সালের ২০ আইনের ৫৩ অথবা ৫৪ ধারানুযায়ি দরখাস্ত সম্বন্ধে খাটিবে।

৯ নিয়ম। কোন প্রথম আদালতে যে কোন মোকদ্দমায় জওয়াব দেওয়া না হয় তাহাতে বিপক্ষের উকীলের যে রসুম দিতে হইবে তাহার পরিমাণ মোকদ্দমায় জওয়াব দিলে যত টাকা দিতে হইত তাহার অর্দ্ধেক ধরিতে হইবে।

১০ নিয়ম। যদি প্রতিপক্ষকে তলব করণান্তর ছানি তজবিজের দরখাস্ত অগ্রাহ্য হয় অথবা যদি ছানি মঞ্জুর হইলে পর পূর্ব্ব রায় বাহাল হয় তবে ছানি তজবিজের যে পক্ষ কৃতকার্য্য হয় তাহাকে উকীলের রসুম দেওয়া গেলে তাহার পরিমাণ প্রথম ফয়সলার সময় এই সকল

amount which shall not in any case exceed one-half of the amount allowed by these rules in case of an original decree.

Rule 11.—If after the admission of a review the former Judgment be reversed, the fee of the Pleader in respect of the review, if allowed to the party who succeeds in the review, shall not exceed one-half the amount allowed by these rules in case of an original decree. The fee allowed in respect of the review will be irrespective of any Pleader's fee which may be included in any costs in respect of the original suit which may be adjudged to the successful party by the Judgment in review.

Rule 12.—The amount to be allowed on account of the fee of an adversary's Pleader in appeals shall be calculated on the same scale as in original suits, and the principals of the above rules as to original suits shall be applied, as nearly as may be, to appeals.

Rule 13.—When the interest of several Appellants is joint, not more than one Pleader's fee shall be allowed, unless the Court shall otherwise order for a reason to be recorded. If one fee only be allowed, the Court shall direct to which of the Appellants it shall be paid, or shall apportion it amongst the several Appellants in such proportions as it shall think fit.

Rule 14.—If several Respondents in one appeal appear by separate Pleaders, in determining whether several Pleaders' fees shall be allowed, the Court shall be guided by the principles laid down in Rules 6 and 7.

Rule 15·—If in any instance the payment of fees, according to the preceding rules, shall not appear to the Court to be just and equitable, the Court may exercise its discretion in charging the fee of the adversary's Pleader in such manner as may appear just and equitable; but in every case when an allowance is made for a Pleader's fee, the amount shall be calculated according to the scale in Rule 1, or according to Rule 8, as the case may be.

Provided that, if under the provisions of Section 351, Act VIII. of 1859, the decree of a Lower Court be reversed on appeal, and the case be remanded to the Lower Court to be tried upon the merits, the Lower Court on passing its decree may allow to the successful party such a sum as the Court shall consider to be reasonable, not exceeding half the amount calculated according to the scale in Rule 1 on account of his Pleader's fee in respect of the re-hearing in addition to the full amount of his Pleader's fee calculated according to that scale.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৩১ জুলাই।]

নিয়মানুসারে যত টাকা দেওয়া যায় তাহার অর্দ্ধেকের অধিক কখনো আদালত ধার্য্য করিবেন না।

১১ নিয়ম। ছানি তজবিজের দরখাস্ত মঞ্জুর হওনান্তর যদি পূর্ব্ব রায় অন্যথা হয় তবে তজবিজ ছানি সম্বন্ধীয় উকীলের রসুম তজবিজ ছানিতে যে পক্ষ কৃতকার্য্য হয় তাহাকে দেওয়া গেলে তাহার পরিমাণ প্রথম ফয়সলার সময় এই সকল নিয়মানুসারে যত টাকা দেওয়া যায় তাহার অর্দ্ধেকের অধিক হইবে না যে পক্ষ জয়লাভ করে তাহাকে তজবিজ ছানির ফয়সলা দ্বারা আসল মোকদ্দমা সম্বন্ধীয় যে খরচা দেওয়া হয় তাহাতে কোন উকীলের রসুম ভুক্ত হইলে তজবিজ ছানি সম্বন্ধীয় রসুম তাহা হইতে পৃথক গণ্য করিতে হইবে।

১২ নিয়ম। আপীলে বিপক্ষের উকীলানের রসুম বাবৎ যে টাকা দিতে হইবে তাহার পরিমাণ সরেমও মোকদ্দমায় যেরূপ সেইরূপ নিরীখমতে নির্ণয় করিতে হইবে এবং সরেমও মোকদ্দমা সম্বন্ধীয় উপরোক্ত নিয়ম সকলের মূলসূত্র যত দূর সম্ভব আপীলে খাটান হইবে।

১৩ নিয়ম। বহু আপীলাণ্টের একিরূপ সম্পর্ক থাকিলে এক জন উকীলের রসুমের অধিক দেওয়া যাইবে না কিন্তু আদালত কোন হেতু লিপিবদ্ধপূর্ব্বক তদ্বিপরীত হুকুম করিলে তাহা দেওয়া যাইতে পারিবে যদি এক জনের রসুম মাত্র দেওয়া হয় তবে তাহা আপীলাণ্টদিগের মধ্যে কোন্ ব্যক্তিকে দিতে হইবে আদালত তাহা প্রকাশ করিবেন অথবা আদালত যেরূপ পরিমা উচিত বোধ করেন সেইরূপ পরিমাণে তাহা ভিন্ন২ আপীলাণ্টকে অংশ করিয়া দিবেন।

১৪ নিয়ম। যদি এক আপীলে বহু রেস্পাণ্ডেণ্ট পৃথক্২ উকীলের দ্বারা উপস্থিত হয় তবে পৃথক২ উকীলের রসুম দিতে হইবে কি না ইহা নির্ণয় করণার্থে আদালত ৬ এবং ৭ নিয়মের লিখিত মূলসূত্রের অনুবর্ত্তী হইবেন।

১৫ নিয়ম। উপরোক্ত নিয়ম সকলঅনুসারে যে রসুম দেওয়া হয় তাহা যদি কোন স্থলে আদালত উপযুক্ত ও ন্যায় সঙ্গত বোধ না করেন তবে আদালত যে প্রকার উপযুক্ত ও ন্যায় সঙ্গত বোধ করেন সেই প্রকারে বিপক্ষের উকীলের রসুম ধার্য্য করণকালে স্বীয় বিবেচনার অনুগামী হইতে পারেন কিন্তু সকল স্থলেই যখন উকীলের রসুম দেওয়া হয় তখন তাহার পরিমাণ অবস্থানুসারে ১ নিয়মের লিখিত নিরীখ অথবা ৮ নিয়মমতে নির্ণয় করিতে হইবে।

কিন্তু ১৮৫৯ সালের ৮ আইনের ৩৫১ ধারার বিধানমতে যদি আপীলে নিম্ন আদালতের ফয়সলা অন্যথা হয় ও দোষগুণের বিচারার্থে মোকদ্দমা নিম্ন আদালতে ওয়াপেস পাঠান যায় তবে নিম্ন আদালত স্বীয় রায় প্রদান কালে জয়ী ব্যক্তির উকীলের সম্পূর্ণ রসুম ১ নিয়মের লিখিত নিরীখমতে হিসাব করিয়া যাহা হয় তৎসম্বলিত পুনর্ব্বিচার সম্বন্ধে তাহার উকীলের রসুম বাবৎ উক্ত নিরীখমতে হিসাব করিয়া যত টাকা হয় তাহার অর্দ্ধেকের অনধিক যাহা সঙ্গত বোধ করেন তাহা উক্ত জয়ী ব্যক্তিকে দেওয়াইতে পারেন।

Provided also that if an appeal be preferred against the decree passed on remand, the fee, if any, allowed by the Appellate Court to the party succeeding in that appeal, shall not, unless for a special reason to be recorded, be less than one-fourth, nor more than half of the amount calculated at the rate mentioned in Rule 1, if by the decree of the Appellate Court remanding the case, the same party shall have been allowed a full Pleader's fee in respect of the former appeal in the suit either absolutely or conditionally upon his succeeding upon the remand.

Provided also that if, under Section 354, Act VIII. of 1859, an issue be framed and referred by the Appellate Court for trial by the Lower Court, the Appellate Court may, if it think proper, allow to the party who shall succeed in the appeal, such a sum as the Court shall consider reasonable, not exceeding half the amount calculated at the rate mentioned in Rule 1 for his Pleader's fee in respect of the trial of the issue in the Lower Court, in addition to a full fee, in respect of the appeal, calculated at that rate.

B. PEACOCK.
C. B. TREVOR.
G. LOCH.
H. V. BAYLEY.
J. P. NORMAN.
F. B. KEMP.
W. S. SETON-KARR.
LOUIS S. JACKSON.
SUMBHOO NATH PUNDIT.
G. CAMPBELL.
E. JACKSON.
F. A. B. GLOVER.
A. G. MACPHERSON.
J. B. PHEAR.

Erratum.

IN the Rules made by the High Court under Section 37, Act XX. of 1865, and published in the *Calcutta Gazette* of the 4th, 11th, and 18th July 1866, (pp. 1260, 1295, and 1327) in the last clause of Rule 8th—

For " Sections 53 or 54 of Act XX. of 1865,"

Read " Sections 53 or 55 of Act XX. of 1866."

By Order of the High Court,
L. R. TOTTENHAM,
Offg. Registrar.

HIGH COURT;
Fort William,
The 19th July 1866.

আর মোকদ্দমা ওয়াপেস গেলে পর যে ফয়সলা হয় তাহার অসম্মতিতে আপীল হইলে উক্ত আপীলে যে ব্যক্তি জয় লাভ করে তাহাকে যদি যে আপীল আদালত মোকদ্দমা ওয়াপেস প্রেরণ করেন উক্ত আদালতের ফয়সলায় পূর্ব্ব আপীল সম্বন্ধে সম্পূর্ণ উকীলের রসুম এককালে অথবা মোকদ্দমা ওয়াপেস গেলে পর সে কৃতকার্য্য হইলে দেওয়ানের আদেশ থাকে তবে আপীল আদালত উক্ত জয়ী ব্যক্তিকে কোন রসুম প্রদান করিলে তাহার পরিমাণ বিশেষ কোন হেতু ভিন্ন ১ নিয়মের লিখিত নিরীখে হিসাব করিয়া যত টাকা হয় তাহার চতুর্থাংশের কম অথচ অর্দ্ধাংশের অধিক হইবে না ঐরূপ কোন হেতু থাকিলে তাহা লিপিবদ্ধ করিতে হইবে।

আর ১৮৫৯ সালের ৮ আইনের ৩৫৪ ধারানুসারে আপীল আদালত যদি নিম্ন আদালতকর্ত্তৃক বিচার হওনার্থে কোন ইশু ধার্য্য করিয়া অর্পণ করেন তবে আপীলে যে ব্যক্তি জয় লাভ করে তাহার আপীল সম্বন্ধীয় সম্পূর্ণ রসুম ১ নিয়মের লিখিত নিরীখে হিসাব করিয়া যাহা হয় তদতিরিক্ত নিম্ন আদালতে উক্ত ইশুর বিচার হওন সম্বন্ধে তাহার উকীলের রসুমের বাবৎ উক্ত নিরীখে হিসাব করিয়া যত টাকা হয় তাহার অর্দ্ধেকের অনধিক যাহা আপীল আদালতসঙ্গত বোধ করেন তাহা তিনি উচিত বিবেচনা করিলে উক্ত জয়ী ব্যক্তিকে দেওয়াইতে পারেন।

বি পীকক।
সি বি ট্রেবর।
জি লক।
এচ বি বেলী।
জে পি নরমান।
এফ বি কেম্প।
ডবলিউ এস সিটন কার।
লুইস এস জ্যাকসন।
শম্ভুনাথ পণ্ডিত।
জি ক্যাম্বেল।
ই জ্যাকসন।
এফ এ বি গ্লবর।
এ জি মাকফর্সন।
জে বি ফিয়র।

অশুদ্ধ শোধন।

১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারামতে হাই কোর্ট কর্ত্তৃক যে নিয়ম প্রণীত হইয়া ২৪ জুলাই তারিখের বাঙ্গলা গেজেটের ১০২৬ পৃষ্ঠায় মুদ্রিত হইয়াছে তাহার ৮ নিয়মের শেষ পদে

১৮৬৬ সালের ২০ আইনের ৫৩ অথবা ৫৪ ধারার পরিবর্ত্তে

১৮৬৬ সালের ২০ আইনের ৫৩ অথবা ৫৫ ধারা পাঠ করিতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এল আর টটেনহাম,
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্ট
ফোর্ট উলিয়ম
১৮৬৬ সাল ১৯ জুলাই।

HOME DEPARTMENT.

No. 2847.

Simla, the 17th July 1866.

THE following supplemental rule relating to emigration from the Port of Calcutta, has been made by the Governor General in Council under the provisions of Section 63 of Act XIII of 1864, and is published for general information:—

"The Surgeon Superintendent shall invariably "be present at the store inspection held by "the Protector and Medical Inspector of Emigrants, in accordance with the provisions of "Section 48, Act XIII of 1864, and shall "furnish to them, previous to his departure, a "written statement of his opinions specifying "distinctly any objections he may wish to "record."

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

হোম ডিপার্টমেণ্ট।

২৮৪৭ নম্বর।

সিমলা। ১৮৬৬ সাল ১৭ জুলাই।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৪ সালের ১৩ আইনের ৬৩ ধারার বিধানমতে কলিকাতা বন্দর হইতে মজুর প্রেরণ সম্পর্কীয় নিম্নলিখিত যে অতিরিক্ত বিধি প্রণয়ন করিয়াছেন তাহা সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

"১৮৬৪ সালের ১৩ আইনের ৪৮ ধারার বিধানমতে "দেশান্তরগামিদের রক্ষক এবং অবেক্ষণার্থ চিকিৎসক যখন গুদাম তত্ত্বাবধারণ করেন তখন "পরিদর্শনকারি চিকিৎসক সাহেব সর্ব্বদাই উপস্থিত থাকিবেন। এবং তথাহইতে গমনের পুর্ব্বে "ঐ সামগ্রী বিষয়ে তাহার যে অভিমত থাকে "ও কোন বিষয়ে কিছু আপত্তি থাকিলে তাহা "স্পষ্টরূপে লিখিয়া দিবেন ইতি।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1526.

APPOINTMENTS.

The 12th July 1866.

Moulvie Iradut Ali to officiate temporarily as Judge of the Court of Small Causes at Patna, and to exercise the powers of a Principal Sudder Ameen in that District.

Moulvie Saadut Hossein to officiate temporarily as Principal Sudder Ameen of Shahabad, and to exercise the powers of a Small Cause Court Judge at Arrah.

Baboo Burhmo Dutt to officiate temporarily as Sudder Ameen of Shahabad, and Moonsiff of the Sudder Station of that District.

The 13th July 1866.

The following Moonsiffs are promoted to the First Grade, *viz.*:—

Baboo Sree Nath Roy.
  ,, Obhoy Churn Dey.
  ,, Bolack Chand.
  ,, Nobin Chunder Gangooly.
  ,, Burhmo Dutt.
Moulvie Golam Jelanee.
Baboo Brojo Kishore Sein.
  ,, Raj Rajessur Bhuttacharjee.
  ,, Hurrish Chunder Mitter.
  ,, Nundo Coomar Bose.
  ,, Kaderessur Roy.

The 14th July 1866.

Captain G. B. Fisher to be District Superintendent of Police in Sylhet.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৫২৬ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১২ জুলাই।

শ্রীযুত মৌলবী ইরাদৎআলী কিয়ৎকালের নিমিত্তে পাটনার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্ম করিবেন ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত মৌলবী সাআদৎ হুসেন কিয়ৎকালের নিমিত্তে শাহাবাদের প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন, এবং আরাতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু ব্রহ্ম দত্ত কিয়ৎকালের নিমিত্তে শাহাবাদের সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১৩ জুলাই।

নিম্নলিখিত মুনসেফেরা প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন, অর্থাৎ—

শ্রীযুত বাবু শ্রীনাথ রায়।
  ,, বাবু অভয়াচরণ দে।
  ,, বলাকচাঁদ বাবু।
  ,, বাবু নবীনচন্দ্র গঙ্গোপাধ্যায়।
  ,, বাবু ব্রহ্ম দত্ত।
  ,, মৌলবী গোলাম জেলানী।
  ,, বাবু ব্রজকিশোর সেন।
  ,, বাবু রাজরাজেশ্বর ভট্টাচার্য্য।
  ,, বাবু হরিশ্চন্দ্র মিত্র।
  ,, বাবু নন্দকুমার বসু।
  ,, বাবু কেদারেশ্বর রায়।

১৮৬৬ সাল ১৪ জুলাই।

কাপ্তান শ্রীযুত জি বি ফিসর সাহেব শ্রীহট্টের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩১ জুলাই।]

Mr. W. C. Lacey to be District Superintendent of Police in Cuttack.

Lieutenant G. M. Bowie to be District Superintendent of Pooree, but to continue to officiate as Deputy Inspector-General of Police, Third Circle.

Lieutenant A. R. Wilkinson to officiate as District Superintendent of Police in Pooree.

The 17*th July* 1866.

Baboo Denobundhoo Sandyal to be a Member of the Local Committee of Public Instruction at Monghyr.

The 18*th July* 1866.

Mr. H. L. Wroughton to officiate, until further orders, as District Superintendent of Police in Nowgong.

This cancels the appointment of Mr. A. King to Nowgong, notified in the *Calcutta Gazette* of the 27th ultimo.

Mr. A. L. W. Jerdon, Assistant Superintendent of Police, is transferred from Chumparun to Sarun.

Mr. W. Cornish, an Assistant Superintendent of Police, Sarun, to be an Assistant Superintendent of the Second Grade, with effect from the 21st May last.

The 19*th July* 1866.

Moulvie Ally Hossein, Deputy Magistrate and Deputy Collector, Monghyr, is vested with the powers of a Magistrate in that District.

Mr. W. H. Grimley to officiate as Joint-Magistrate and Deputy Collector of Bhaugulpore, during the absence, on deputation, of Mr. W. H. D'Oyly, or until further orders.

The following gentlemen are appointed to be Members of the Local Committee for the management of the Charitable Dispensary at Brahmunbarriah :—

Moulvie Abdool Mayali Mahomed.
Baboo Uma Churn Gangooly.
„ Obhoy Chunder Roy.
„ Kisto Mohun Chowdry.
Imdad Ali Meah.
Baboo Nobin Chunder Mookerjee.
„ Ram Churn Biswas.
„ Bhuggwan Chunder Bose.

Baboo Bhuggwan Chunder Bose will also be Secretary to the Committee.

Mr. W. G. Black, Officiating Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is transferred to Purneah, and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class, in any or all the Districts of the Bhaugulpore Division.

[*Government Gazette*, 31*st July* 1866.]

শ্রীযুত ডবলিউ সি লেসী সাহেব কটকের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত জি এম বৌই সাহেব পুরীর ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন, কিন্তু তৃতীয় চক্রের পোলীসের ডেপুটী ইনিস্পেক্টর জেনরলের কর্ম্ম করিতে থাকিবেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত এ আর উইল্‌কিন্সন সাহেব পুরীতে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১৭ জুলাই।

শ্রীযুত বাবু দীনবন্ধু সান্যাল মুঙ্গেরে সাধারণ বিদ্যাধ্যাপনীয় কামটীর এক জন মেম্বর হইবেন।

১৮৬৬ সাল ১৮ জুলাই।

শ্রীযুত এচ এল রটন সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নৌগাঁয়ের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ কিং সাহেবের নৌগাঁয়ে নিযুক্ত হইবার যে কথা এই মাসের ৩ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

পোলীসের আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ এল, ডবলিউ জার্ডন সাহেব চাম্পারণহইতে সারণে নিযুক্ত হইয়াছেন।

সারণের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ কর্ণিস সাহেব দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন। উক্ত নিয়োগ গত মে মাসের ২১ তারিখঅবধি প্রবল হইবে।

১৮৬৬ সাল ১৯ জুলাই।

মুঙ্গেরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আলী হুসেন, ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ ডয়লী সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে গমন জন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ এচ গ্রিমলী সাহেব ভাগলপুরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা ব্রাহ্মণবেড়িয়ার দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বরের পদে নিযুত হইয়াছেন, অর্থাৎ—

শ্রীযুত মৌলবী আবদুল মায়ালী মহম্মদ।
„ বাবু উমাচরণ গঙ্গোপাধ্যায়।
„ বাবু অভয়চন্দ্র রায়।
„ বাবু কৃষ্ণমোহন চৌধুরী।
„ ইম্‌দাদ আলী মিয়া।
„ বাবু নবীনচন্দ্র মুখোপাধ্যায়।
„ বাবু রামচরণ বিশ্বাস।
„ বাবু ভগবান্‌চন্দ্র বসু।

শ্রীযুত বাবু ভগবান্‌চন্দ্র বসু উক্ত কমিটীর সেক্রেটারীও হইবেন।

২৪ পরগনার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ জি ব্লাক্ সাহেব পূরণিয়ায় নিযুক্ত হইয়াছেন এবং ভাগলপুর খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

This cancels his appointment to Raneegunge, notified in the *Calcutta Gazette* of the 18th instant.

Mr. A. P. MacDonnell, c. s., to be an Assistant to the Magistrate and Collector of Monghyr, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

The 20th July 1866.

Mr. T. A. M. Gennoe, Sub-Deputy Opium Agent, is transferred from Selimpore to Goruckpore.

Mr. C. F. Wintle, Sub-Deputy Opium Agent, is transferred from Goruckpore to Selimpore.

The following gentlemen are appointed to be Members of the Local Committee of Public Instruction at Midnapore, *viz.* :—

Baboo Borodakant Mozoomdar.
,, Chunder Nath Deb.

Baboo Grish Chunder Ghose to be Judge of the Court of Small Causes at Patna, and to exercise the powers of a Principal Sudder Ameen in that District.

Baboo Koylas Chunder Deb to be First Principal Sudder Ameen of the 24-Pergunnahs.

Baboo Koonjoloil Banerjee to be a Principal Sudder Ameen of the First Grade, and to be Second Principal Sudder Ameen of the 24-Pergunnahs.

Baboo Denonath Chatterjee to be Second Principal Sudder Ameen of Hooghly.

Baboo Bhoopati Roy to be Principal Sudder Ameen of Sylhet.

Baboo Shamdhone Mookerjee to be Sudder Ameen of the 24-Pergunnahs and Moonsiff of the Sudder Station of that District.

Baboo Gopeenath Bose, on leave, to be Sudder Ameen of Nuddea, and Moonsiff of the Sudder Station of that District.

Baboo Mohesh Chunder Roy to be Sudder Ameen of Hooghly, and Moonsiff of the Sudder Station of that District.

Baboo Gooroo Churn Doss to officiate as Sudder Ameen of Nuddea and Moonsiff of the Sudder Station of that District, during the absence, on leave, of Baboo Gopeenath Bose, or until further orders

Baboo Judoonath Mookerjee to officiate as Sudder Ameen of Chittagong, and Moonsiff of the Sudder Station of that District.

The 21st July 1866.

Mr. Duncan Macbean is appointed to be a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in the Bhaugulpore Division, is posted to Purneah, and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class, in any or all the Districts of that Division.

তাঁহার রাণীগঞ্জে নিযুক্ত হওনের যে কথা এই মাসের ২৪ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

শ্রীযুত এ পি মাক্‌ডোনেল সাহেব সি, এস, মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন, এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২০ জুলাই।

আফীনের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত টি, এ, এম, জেনো সাহেব সেলিমপুরহইতে গোরক্ষপুরে নিযুক্ত হইয়াছেন।

আফীনের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত সি এফ উইন্টল সাহেব গোরক্ষপুরহইতে সেলিমপুরে নিযুক্ত হইয়াছেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা মেদিনীপুরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বরের পদে নিযুত হইয়াছেন, অর্থাৎ—

শ্রীযুত বাবু বরদাকান্ত মজুমদার।
,, বাবু চন্দ্রনাথ দেব।

শ্রীযুত বাবু গিরিশচন্দ্র ঘোষ পাটনার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন, এবং ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দেব ২৪ পরগনার প্রথম প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু কুঞ্জলাল বন্দ্যোপাধ্যায় প্রথম শ্রেণীর প্রধান সদর আমীন হইবেন এবং ২৪ পরগনার দ্বিতীয় প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু দীননাথ চট্টোপাধ্যায় হুগলীর দ্বিতীয় প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু ভূপতি রায় শ্রীহট্টের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু শ্যামধন মুখোপাধ্যায় ২৪ পরগনার সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু গোপীনাথ বসু নদীয়ার সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন, তিনি এইক্ষণে ছুটী লইয়াছেন।

শ্রীযুত বাবু মহেশচন্দ্র রায় হুগলীর সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু গোপীনাথ বসুর ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু গুরুচরণ দাস নদীয়ার সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু যদুনাথ মুখোপাপাধ্যায় চট্টগ্রামের সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২১ জুলাই।

শ্রীযুত ডন্‌কান মাকবীন সাহেব ভাগলপুর খণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া পূরণিয়ায় অবস্থিতি করিবেন, এবং ঐ খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

The 23rd July 1866.

Baboo Durjodhun Doss, Deputy Magistrate and Deputy Collector of Kendraparah, is transferred to the Sudder Station of Pooree, and vested with the powers of a Magistrate in that District.

Mr. G. K. Webster, Assistant Magistrate and Collector, Cuttack, is appointed to the charge of the Sub-Division of Kendraparah.

Moulvie Abdool Ghuffoor, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Bowsee, and to exercise the powers of a Magistrate in the District of Bhaugulpore.

Baboo Brojololl Chowdry, Deputy Magistrate and Deputy Collector of Moorshedabad, to have temporary charge of the Sub-Division of the City of Moorshedabad.

LEAVE OF ABSENCE.

The 17th July 1866.

Mr. A. J. Fraser, Sub-Assistant Commissioner, Sonthal Pergunnahs, for two months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 6th March last.

The 21st July 1866.

Dr. J. Wise, Civil Assistant Surgeon of Chittagong, is allowed a fortnight's leave of absence without pay, in extension of the leave granted to him under orders of the 12th December last.

ERRATUM.

The 23rd July 1866.

In the orders of the 29th ultimo, published in the *Calcutta Gazette* of the 4th instant, page 1248,

for

Mr. A. C. Campbell, Personal Assistant to the Commissioner of Assam, is vested with the powers of a Magistrate, Deputy Collector, and Sudder Ameen, &c.,

read

Mr. A. C. Campbell, Personal Assistant to the Commissioner of Assam, is vested with the powers of a Magistrate, Collector, and Principal Sudder Ameen, &c.

NOTIFICATIONS.

The 19th July 1866.

The leave granted to Lieutenant A. R. Wilkinson, Assistant Superintendent of Police, Western Dooars, under orders of the 19th ultimo, is cancelled at his own request.

Mr. H. M. Reily, Officiating District Superintendent of Police, Maldah, having returned to his duties on the forenoon of the 25th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 27th April last is cancelled.

১৮৬৬ সাল ২৩ জুলাই।

কেন্দ্রপাড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দুর্য্যোধন দাস পুরীর সদর মোকামে নিযুক্ত হইয়াছেন এবং ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

কটকের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি কে ওয়েবষ্টর সাহেব কেন্দ্রপাড়া শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল গফুর বৌসী শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং ভাগলপুর জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রজলাল চৌধুরী কিয়ৎকালের নিমিত্তে মুরশিদাবাদ শহরের শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

ছুটী।

১৮৬৬ সাল ১৭ জুলাই।

সাঁওতাল পরগনার সব-আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত এ জে ফ্রেজর সাহেব গত মার্চ মাসের ৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২১ জুলাই।

চট্টগ্রামের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে ওয়াইস সাহেব গত ডিসেম্বর মাসের ১২ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত বিনা বেতনে এক পক্ষের ছুটী পাইয়াছেন।

অশুদ্ধ শোধন।

১৮৬৬ সাল ২৩ জুলাই।

গত মাসের ২৯ তারিখের যে আজ্ঞা এই মাসের ১০ তারিখের বাঙ্গলা গেজেটের ৯৬৪ পৃষ্ঠায় প্রকাশ হয় তন্মধ্যে,

আসামের কমিস্যনর সাহেবের নিজের আসিষ্টাণ্ট শ্রীযুত এ সি কাম্বেল সাহেব মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ও সদর আমীন আদির ক্ষমতা পাইয়াছেন, এই যে কথা আছে

তৎপরিবর্ত্তে

আসামের কমিস্যনর সাহেবের নিজের আসিষ্টাণ্ট শ্রীযুত এ সি কাম্বেল সাহেব মাজিষ্ট্রেট ও কালেক্টর ও প্রধান সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন, এই কথা পাঠ করিতে হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৯ জুলাই।

পশ্চিম দুয়ারের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত এ আর উইলকিন্সন সাহেব গত মাসের ১৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনাক্রমে রহিত হইল।

মালদহের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ এম রাইলী সাহেব গত মাসের ২৫ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত আপ্রিল মাসের ২৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

The 20th July 1866.

The Lieutenant-Governor has been pleased to accept the resignation tendered by Moonshee Ameer Ali, Khan Bahadoor, of his appointment as a Member of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations.

NOTIFICATION.

The 19th July 1866.

In continuation of Notification dated the 6th December 1856, the Lieutenant-Governor is pleased to add the Principal Inspector-General, Medical Department, to the list of the authorities who may grant leave of absence under Section I. of the Rules for regulating leave of absence to Officers of the Uncovenanted Service, published on the 22nd February of that year.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

The 19th July 1866.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, for an encamping ground at Moteeharee, in the District of Chumparun, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring 14*b.* 19*k.* 8*cts.*, situated at Moteeharee, Pergunnah Mojhuah, bounded on the North and West by the public road; on the South by the road leading to the Moteeharee Indigo Factory, and on the East by Indigo lands.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 27th July 1866.

Baboo Aughorenath Ghose, B. A. and B L., to officiate as Moonsiff of Hurripal, Zillah Hooghly, on the half pay of a Moonsiff of the First Grade.

Baboo Kaleo Prosono Mookerjee, Officiating, Moonsiff of Belmariah, Zillah Rajshahye, to be Moonsiff of Belmariah, with effect from the 4th July 1866.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৩১ জুলাই।]

১৮৬৬ সাল ২০ জুলাই।

শ্রীযুত মুন্‌শী আমীর আলী খাঁ বাহাদুর বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভ্যের পদ ত্যাগ করণার্থ যে পত্র প্রেরণ করেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা গ্রাহ্য করিয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৯ জুলাই।

১৮৫৬ সালের ডিসেম্বর মাসের ৬ তারিখের বিজ্ঞাপনতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধান করণের যে বিধি ঐ সালের ২২ ফেব্রুআরি তারিখে প্রকাশ হয় সেই বিধির ১ ধারামতে যাঁহারা অচিহ্নিত কার্য্যকারকদিগকে ছুটী দিতে পারেন, তাঁহাদের নামের ফর্দ্দে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মেডিকাল ডিপার্টমেন্টের প্রধান ইনিস্পেকুটর জেনরল সাহেবের নাম সংযুক্ত করিলেন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৯ জুলাই।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ চাম্পারণ জিলার অন্তর্গত মতিহারিতে শিবির স্থাপনের নিমিত্তে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মৌঝুয়া পরগনার মতিহারীতে স্থিত ১৪৶৪॥০ ছটাক এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা রাজপথ, দক্ষিণ সীমা মতিহারীর নীল কুঠিতে যাইবার পথ, পূর্ব্ব সীমা নীলের ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৬ সাল ২৭ জুলাই।

শ্রীযুত বাবু অঘোরনাথ ঘোষ বি, এ, ও বি, এল, প্রথম শ্রেণীর মুনসেফের অর্দ্ধেক বেতন পাইয়া হুগলী জিলার অন্তর্গত হরিপালের মুনসেফের কর্ম্ম করিবেন।

রাজশাহী জিলার বেলমারিয়ার একটিং মুনসেফ শ্রীযুত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায় বেলমারিয়ার মুনসেফ হইবেন, উক্ত নিয়োগ ১৮৬৬ সালের জুলাই মাসের ৪ তারিখ অবধি প্রবল হইবে।

Baboo Kadarnath Mojoomdar, B. A. and B. L., Officiating Moonsiff of Baraset, Zillah 24-Pergunnahs, to be Moonsiff of Baraset, with effect from the 20th July 1866.

Baboo Romanath Seal, Officiating Moonsiff of Olipore, Zillah Rungpore, to be Moonsiff of Olipore, with effect from the 26th June 1866.

Baboo Situl Chunder Mookerjee, Officiating Moonsiff of Kytha, Zillah Beerbhoom, to be Moonsiff of Kytha, with effect from the 3rd July 1866.

The 28th July 1866.

Baboo Grish Chunder Chowdhry, Officiating Moonsiff of Nurail, Zillah Jessore, to be Moonsiff of Nurail, with effect from the 26th June 1866.

LEAVE OF ABSENCE.

The 28th July 1866.

Baboo Pitambur Mookerjee, Moonsiff of Bowful, Zillah Backergunge, for one month, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, making over charge of the current duties of his office to his Serishtadar.

L. R. TOTTENHAM,
Offg. Registrar.

HIGH COURT, &c.,
The 28th July 1866.

২৪ পরগনা জিলার বারাসতের একটিং মুনসেফ শ্রীযুত বাবু কেদারনাথ মজুমদার বারাসতের মুনসেফ হইবেন, উক্ত নিয়োগ ১৮৬৬ সালের জুলাই মাসের ২০ তারিখ অবধি প্রবল হইবে।

রঙ্গপুর জিলার অলিপুরের একটিং মুনসেফ শ্রীযুত বাবু রমানাথ শীল আলিপুরের মুনসেফ হইবেন, উক্ত নিয়োগ ১৮৬৬ সালের জুন মাসের ২৬ তারিখ অবধি প্রবল হইবে।

বীরভূম জিলার কায়িথার একটিং মুনসেফ শ্রীযুত বাবু শীতলচন্দ্র মুখোপাধ্যায় কায়িথার মুনসেফ হইবেন, উক্ত নিয়োগ ১৮৬৬ সালের জুলাই মাসের ৩ তারিখঅবধি প্রবল হইবে।

১৮৬৬ সাল ২৮ জুলাই।

যশোহর জিলার অন্তর্গত নড়াইলের একটিং মুনসেফ শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চৌধুরী নড়াইলের মুনসেফ হইবেন, উক্ত নিয়োগ ১৮৬৬ সালের জুন মাসের ২৬ তারিখঅবধি প্রবল হইবে।

ছুটী।

১৮৬৬ সাল ২৮ জুলাই।

বাকরগঞ্জ জিলার বহুফলের মুনসেফ শ্রীযুত বাবু পীতাম্বর মুখোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন, তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ্তাদারের প্রতি অর্পণ করিবেন।

এল আর টটনহাম,
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৬ সাল ২৮ জুলাই।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ভাগলপুর।

হুকুম ইস্তাহারনামা কাছারী কালেক্‌টরী জেলা ভাগলপুর এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহাদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা ভাগলপুরের নীচের লিখিত মাহাল সন ১৮৬৬ সালের নাগাইদ ৭ জুনের সরকারী বাকী মালগুজারী ও অন্যান্য দেনা যাহা প্রচলিত আইন ও আকুটঅনুযায়ি বাকী মালগুজারী আদায়ের প্রণালী মতে আদায় হইবেক, আদায়ের নিমিত্তে ১৮৬৬ সালের ৬ আগষ্ট মোতাবেক ১০ শ্রাবণ সন ১২৭৩ ফসলী সোমবার দিবস অত্র জেলার কালেক্টরীতে নীলাম হইবেক।

ক্লাস ৪। মহালাত যাহার দেনা বাকী মালগুজারী আদায়ের প্রণালীঅনুসারে আদায় হইবেক।

তৌজীর নং ৩৪৩৫ মহাল কিসমত ৬ মৌজা বেলাহী পরগনে নরসিংহ পুরকুড়ার মধ্যে মোসম্মাত সরেস্বতী কুমারীর হক ও হকিয়ত বাঁটওয়ারার খরচা ৫৸/৯ আদায় নিমিত্তে। মালিকান সরেস্বতী কুমারী পরশমন কা ববহু চৌধুরীইত্যাদি সদর জমা মবলগে ৯১৩/০

W. H. D'OYLY,
Offg. Collector.

জিলা ভাগলপুর কাছারি কালেক্টরী
১৬ জুলাই সন ১৮৬৬।

[*Government Gazette, 31st July* 1866.]

জিলা চব্বিশপরগনা।

এস্তেহারনামা কাছারী কালেক্টরী জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকি বাবৎ ইংরাজী সন ১৮৬৬ সালের ৯ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১২৭৩ সাল ২৫ শ্রাবণ রোজ বৃহস্পতিবার ঐ জেলার কালেক্টরী কাছারীতে বিনাওজর নীলাম ধরা যাইবেক ইংরাজী সন ১৮৬৬ সাল তারিখ ১৬ জুলাই মোতাবেক সন ১২৭৩ সাল তারিখ ১ শ্রাবণ।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৪১ নং কীং পরগনে মুড়াগাছা মৌজে হুদীয়াওগয়রহ লিখিত মালিক জয়গোপাল সরকার সদর জমা কোম্পানি .৭০৩।৶/১১

৩১৪ নং কীং পরগনে মুড়াগাছা মৌজে হরিনারায়নপুরওং লিখিত মালিক লছমীনারায়ণ রায়ওং সদর জমা কোং মায় খালাড়ী ১২৫২৩।৶/৯

সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে লছমীনারায়ণ রায়ওগয়রহ রকম ।৵১৫।৯ আনা যাহার সদর জমা মায় খালাড়ী ৭৬৫০৶৶/৯ টাকা তাহার কিস্তী নাং জ্যৈষ্ঠ ২২৮।৴/৩ টাকা বাকী ২৮ জুন তারিখে আদায় না হওয়াতে নীলাম ধরা গেল।

১৩৬৭ নং পরগনে বুড়ন মৌজে ভৈরবপুরওগয়রহ লিখিত মালিক আমজাদ খাঁ সদর জমা কোম্পানি ৭৯৬/৩
এই মহালের খরিদদার ব্যক্তি বিল দাঁতভাঙ্গার খালকাটাই খরচার জন্য দাইক হইবেক।

১৮৪০ নং পরগনে বুড়ন মৌজে ঠেঙ্গাকাটিদিগর লিখিত মালিক রায় মথুরানাথ চৌধুরিওগয়রহ সদর জমা কোম্পানি ৭১২।৴/১১৬

২২০৮ নং ১৬৫ নং লাটের মধ্যগত খাস রোমজাননগর লিখিত মালিক তারাশঙ্কর রায় চৌধুরিওং সদর জমা কোং মায় রাস্তা মেরামতী ১৫০৬।৵০

A. J. R. **Bainbridge,**
Offg. Collector.

জেলা দিনাজপুর।

এত্তালানামা কাছারি কালেক্টরি জেলা দিনাজপুর।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৬। ২৮ জুন তকের বাকি মালগুজারির নিমিত্তক ১৮৬৬ সনের ৪ আগস্ট মোং ১২৭৩ সাল ২০ শ্রাবণ রোজ শনিবার এই জেলার কালেক্টরি কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

	প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।	কৈং
	১৪৯ নম্বর মৌজে মহাদেবপুর ওগয়রহ পরগনে শালবাড়ি লিখিত মালিক জয়নুল্যা চৌধুরী সালিআনা সদর জমা ২৯৩০।৵১১। পাই	রাজস্ব ইং আপরেল নাং কিস্তী জুনের বাকি ১৬৩৶/২
তাবের নম্বর ৫	২০০ নম্বর মৌজে চকদা পট্টী ওগএরহ পরগনে শুলতানপুর লিখিত মালিক রাজমোহন ও জগমোহন ও গৌরিশচন্দ্র নেওগী ও ধনপত সিংহ সালিআনা সদর জমা ৭১৮০।৴৪৬ পাই	১৮৫৯। ১১।১০ ধারামত হিস্যা ।।০ আনার মালিক রাজমোহন ও জগমোহন ও গৌরিশচন্দ্র নেওগীর সদর জমা ৩৫৯০৶/২।। পাইর ২৬৩৶/২।। পাই বাকির জন্য নীলামে ধরা গেল।
তাবের নম্বর ২৭	৪৩৭ নম্বর মৌজে শালাস ওগএরহ পরগনে করদহা লিখিত মালিক সম্ভুনাথ ও গোবিন্দনাথ শাহা চৌধুরী ও দয়াময়ী চৌধুরাণী সালিআনা সদর জমা ৬০৭৮।।৴/১১। পাই	১৮৫৯।১১।১০ ধারামত হিস্যা ।।০ আনা মালিক দয়াময়ী চৌধুরাণীর সদর জমা ৩০৩৯।/৫।। পাইর ২৬৪।/৫।। পাই বাকির জন্য নীলামে ধরা গেল

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৩১ জুলাই।]

৭৯৬ নম্বর মৌজে তোক হরেকৃষ্ণপুর পরগনে বিহিমগর লিখিত মালিক বিবি মেরকন ও বিবি পরধন সালিআনা সদর জমা ২১১৪৬ পাই	ঈশ্বরচন্দ্র আচার্য্যের ১৮৫৯।১০ আইনের ডিক্রীর বাবত ১২৯৭৸৵০ আনা আদায় জন্য দেনদার মসরফ আলী চৌধুরির মাতা বিবি মেরকনের এই মহালের যে স্বত্ব ও লাভ আছে তাহা নীলামে ধরা গেল।

W. Le F. Robinson,
Collector.

জেলা মেদিনীপুর।

ইস্তাহার।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহা দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা মেদিনীপুরের নীচের লিখিত মহাল সন ১৮৬৬ সালের ২৮এ জুন তারিখ পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আকুটের দ্বারায় অন্য সেং দাওরা বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে, তাহার নিমিত্তে সন ১৮৬৬ সালের ১৬ই আগষ্ট মোতাবকে আমলি সন ১২৭৩ সালের ২রা ভাদ্র রোজ বৃহস্পতিবার ঐ জেলার কালেকুটরি কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন১৮৬৬ সাল তারিখ ২০এ জুলাই।

প্রথম শ্রেণীর চিরবন্দোবস্তী মহাল।

১৯২৯ নং মহল উত্তর উসতপুর পং কাশীযোড়া রেজিষ্টরির লিখিত হওয়া মালিক রামচাঁদ পণ্ডা ও দাসমোহন মাইতি ও মধুসূদন মাইতি ও বক্তীনারায়ণ মাইতি ও জগমোহন মাইতি ও বৃন্দাবন মাইতি ও সনাতন মাইতি ও ইন্দ্রনারায়ণ মাইতি ও তারাচাঁদ মাইতি ও নরহরি মাইতি ও চাঁদহরি মাইতি ও কুঙর নারায়ণ রায় ও প্রেমনারায়ণ রায় ও শ্রীমতী মহামায়া দেই বনিতা গোরাচাঁদ মহাপাত্র ও যদুনাথ পণ্ডা ও শ্রীমতী প্যারীমণি দেবী মহাফেজ কৈলাসনাথ পণ্ডা নাবালগ ও প্যারীমণি দেবী ও শ্রীনারায়ণ মাইতি ও শ্রীনাথচরণ নন্দী ও লক্ষ্মীনারায়ণ পাত্র ও সুন্দরী দাসী ও মোহন পাত্র ও ভজহরি পাত্র ও সুন্দরী দাসী। মোট সদর জমা ৩৫০১৶১

ইহার মধ্যে সন১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারামতে পৃথক হিসাব হওয়া ও তাহা ওয়াশীল দেওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায়।

হিস্যা	প্যারীমণি দেবী	... ১২৮০৲	
	শ্রীনারায়ণ মাইতি	... ৩৩১৬	
	শ্রীনাথচরণ নন্দী	... ৪৪॥১১	
	লক্ষ্মীনারায়ণ পাত্র ও সুন্দরী দাসী	... ৩০০৸৯	
	মোহন পাত্র ও ভজহরি পাত্র ও সুন্দরী দাসী	... ৩২৭৸৵৬	
			২২৮৪৶১০
	বাকী সদর জমা নীলামে ধরা গেল		১২২০৸৶১

W. J. Herschel,
Collector.

জিলা বাকরগঞ্জ।

সন ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাকরগঞ্জের নীচের লিখিত মহালের সন ১২৭২ সনের বাগায়েত কিস্তি চৈত্রের বাকির নিমিত্তে সন ১৮৬৬ সনের ১১ আগষ্ট

মোতাবেক সন ১২৭৩ সনের ২৯ শ্রাবণ রোজ সোমবার অত্র কালেকুটরীর কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ ইং তারিখ ১৩ জুলাই মোতাবেক ১২৭৩ সাল তাং ৩০ আষাঢ়।

২ শ্রীণী।

এস্তমুরারী জমা ধার্য্য না হওয়া মহাল।

নম্বর ৪৮৪৩ পরগনে জালালপুর কালকিনিরচর চতুর্থ তক্কা ম্যাদি বন্দোবস্ত গ্রহীতা রামদুর্লভ চক্রবর্ত্তী ও গৌরমোহন চক্রবর্ত্তী ও শিবসুন্দরী দেব্যা ও রামনারায়ণ সাহা ও রাধানাথ সাহা ও তৈয়বন্নেছা বিবি ও তাজন্নেছা বিবি ও পার্ব্বতীচরণ গুহ ও কালীশঙ্কর গুহ ও বঙ্গচন্দ্র গুহ ও ওমরাও খানম ও মির হোষণালি ও সেতারা বেগম ও এয়াফতন্নেছা ও আনর গাজি ও সৈদ বেনিয়দ্দিন ওছি আক্লেন্নেছা খাওন ও বৈকুণ্ঠরাম রায় ও আপছরন্নেছা খাওন মালিকানের উপরের লিখিত মহালের মালিকি স্বত্ব নীলাম হইবেক।

সদর জমা		বাকি পাওনা সরকার	
খাজানা	৫৯৮০৸৵৪	খাজানা	১২৮০৸৵৪
মালিকানা	৬৬৪॥/০	মালিকানা	২৫৪॥১১।
রাস্তা খরচা	৭৭।০	রাস্তা খরচা	৭৭।০
	৬৭২২॥৶৪		১৬১২॥৶৩।

নম্বর ৫৭১৭ পরগনে রজ্জদি কালিকাপুর মদনপুরাচর ম্যাদি বন্দোবস্ত গ্রহীতা ভৈরবচন্দ্র সেন ও ঈশ্বরচন্দ্র রায় চৌধুরী ও সরূপচন্দ্র গুহ ও প্যারীমোহন রায় ও অভয়াচরণ রায় ও কেদারনাথ দত্ত মালিকানের উপরের লিখিত মহালের মালিকি স্বত্ব নীলাম হইবেক।

খাজানা	৬৬২৲	খাজানা	৩৫৶০
মালিকানা	৭৩॥০	মালিকানা	৫৶৩
রাস্তা খরচা	৭১/১১	রাস্তা খরচা	১॥২
	৭৫২৸/১১		৫১৲৫

H. C. SUTHERLAND,
Offg. Collector.

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তেহারনামা কাছারী কালেকুটরী জিলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের নিচের লিখিত মহাল সন ১৮৬৬ সালের নাং ২৮ জুন মোতাবেক সন ১২৭৩ সালের নাং আষাঢ় তলবের সরকারী বাকী মালগুজারী আদায়ের নিমিত্ত সন ১৮৬৬। ১৮ আগস্ট মোতাবক সন ১২৭৩ সালের ৩ ভাদ্র শনিবার দিবসে দিবা দুই প্রহরের সময় অত্র কালেকুটরী কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬। তারিখ ২৩ জুলাই।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৫৯ নং	মোহনপুর পরগনে বাষা মালিক নবীনকৃষ্ণ মুখোপাধ্যায় সদর জমা	১৬৫৩৶/১১

PROTAP NARAIN SINGH,
Deputy Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩১ জুলাই।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক জে বার্লো সাহেবকর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 7, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৭ আগষ্ট।

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(*Civil Side.*)

No. 25.

To the Civil Authorities in the Lower Provinces,—(dated Calcutta, the 6th July 1866.)

The accompanying copy of Government letter No. 3136, dated the 25th ultimo, exempting Syud Sufder Ali Khan of Moorshedabad from personal attendance in the Civil Courts of Lower Bengal, is hereby circulated for general information and guidance.

By Order of the High Court,

(Sd.) L. R. Tottenham,
Officiating Registrar.

No. 3136.

From the Officiating Under-Secretary to the Government of Bengal, to the Registrar, High Court, Bengal,—(dated Fort William, 25th June 1866.)

I am directed to request that, with the permission of the Hon'ble Judges of the High Court, you will have the goodness to include the name of Syud Sufder Ali Khan of Moorshedabad, in the

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

২৫ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানী কার্য্যকারক সাহেব সমীপেষু।

কলিকাতা, ১৮৬৬ সাল ৬ জুলাই।

গবর্ণমেণ্টের গত মাসের ২৫ তারিখের ৩১৩৬ নম্বরের পত্রক্রমে মুরশিদাবাদ নিবাসি শ্রীযুত সৈয়দ সফদর আলী খাঁ সাহেব দক্ষিণ বঙ্গদেশের দেওয়ানী আদালতে প্রবেশনহইতে মুক্ত হইয়াছেন। সেই পত্রের এই প্রতিলিপি সর্ব্বসাধারণের জ্ঞানার্থে ও কার্য্যপদ্ধতি স্বরূপে প্রকাশ করা যাইতেছে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এল আর টটনহাম,
একটিং রেজিষ্ট্রার।

৩১৩৬ নম্বর।

বঙ্গদেশের হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৬৬ সাল ২৫ জুন।

১৮৫৯ সালের ৮ আইনের ২২ ধারার বিধানমতে যে মহাশয়েরা দেওয়ানী আদালতে প্রবেশনহইতে মুক্ত হইয়াছেন তুমি হাই কোর্টের মান্যবর বিচারকর্ত্তাদের অনুমতি গ্রহণপূর্ব্বক ঐ মহাশয়দের নামাবলিতে

list of persons who have been exempted from personal attendance in the Civil Courts under the provisions of Section 22, Act VIII of 1859.

I have, &c.,
(Sd.) A. MACKENZIE,
Offg. Under-Secy. to the Govt. of Bengal.

No. 26.

To all Civil Authorities,—dated Calcutta, the 9th July 1866.

THE attention of all Civil Judges subordinate to the High Court is drawn to the revised rules for the transmission of Official Correspondence under the New Post Office Act (XIV of 1866,) published in the Notification of the Home Department, No. 567, dated 4th May last,* and they are requested to give effect to the instructions of the Government of India from the 1st August next.

2. With reference to the list of *Privileged Offices* appended to the rules, it will be seen that the instructions contained in paras. 2, 3, 4, 5, and 6 of the Notification do not apply at all to the Offices of Civil Judges subordinate to this Court, who will only need to be guided by the rules embodied in the remaining paras. which have been reproduced as an appendix to the present Circular. These paras. refer to the *three* following classes of Official Covers :—

First.—(Paras. 7, 8, 9) to those addressed to the Registrar of the High Court or to other Privileged Offices. In regard to such covers, the only point requiring the attention of Officers corresponding with them is, that each cover will bear in place of the present frank the full signature and designation of the Officer by *whom it is despatched*, as well as the Official designation of the Office to which it is directed.

Second.—(Paras. 10, 11, 12, 13, and 14) to covers not sent by or to a Privileged Office. Such covers will be superscribed in the same manner as those of the preceding class; but they will bear in addition *postage labels marked with the word* "Service." Service labels will be procurable at the local Treasuries or Stamp Depôts, and Civil Judges are required to make immediate arrangements for supplying themselves with a number sufficient for a month's use in respect of covers addressed by them to Offices not privileged

মুরশিদাবাদ নিবাসি শ্রীযুত সৈয়দ সফদর আলী খাঁ সাহেবেরও নাম লেখ, আজ্ঞাক্রমে এই আদেশ করিলাম।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটরী।

---

২৬ নম্বর।

28. No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

29. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier or farmer, shall, without any delay, cause any meat, fish or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person appointed by the Commissioners for that purpose, from entering and

২৩। কোন গৃহ প্রাচীর বা অন্য কোন গঠন কিম্বা তাহাদিগের কিয়দংশ কোন সাধারণ রাস্তা কিম্বা নর্দ্দমার উপর পতিত হইলে উক্ত গৃহের প্রাচীরের বা গঠনের স্বামী কমিস্যনরগণ হইতে সম্বাদ প্রাপ্তে তন্নির্দ্দিষ্ট কালের মধ্যে তাহা স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৪। কোন ব্যক্তি কোন সাধারণ রাস্তার উপর জল চলিবার পথ প্রস্তুত করিতে কিম্বা ঐরূপ প্রকার পথ দিয়া জল চালাইতে কমিস্যনরেরা যেরূপ প্রকার সম্মতি দিবেন তদ্ভিন্ন কোন প্রকারে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদপ্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৫। মিউনিসিপল সীমার মধ্যে কোন ব্যক্তি কোন পুষ্করিণীতে বা কোন নর্দ্দমাতে পাট, শণ, অথবা অন্য প্রকার উদ্ভিজ্জপদার্থ ভিজাইয়া রাখিতে পারিবে না যদ্দ্বারা ঐ পুষ্করিণী ও নর্দ্দমার জল নিকটস্থ ব্যক্তিদিগের পক্ষে অপকারি হওনের সম্ভব।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৬। মিউনিসিপল কমিস্যনরদিগের লিখিত আজ্ঞা পত্র ব্যতীত কেহ কোন নর্দ্দমা বা নালা বন্দ করিতে পারিবে না যদি করে তবে সাধারণের স্বাস্থ্য রক্ষার্থে কমিস্যনরেরা তাহা স্থানান্তর করিতে আজ্ঞা দিতে পারিবেন।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৪৲ টাকা।

২৭। কোন নালা বা জলাশয়ের তীরস্থ ভুমির স্বামী বা দখলিকার উক্ত ভূমিতে ময়লাগ্রমী অতিরিক্ত জঙ্গল হইতে বা অন্য কোন বাধা জন্মিতে দিবে না এবং সকল সময়েই মিউনিসিপল কমিস্যনরদিগকে অথবা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত তাহাদিগের কর্ম্মচারিকে পরিষ্কার রাখিবার জন্যে উক্ত নালা বা নর্দ্দমা দেখিতে যাইতে দিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৮। কোন ব্যক্তি শূকর সকল খোলা অথবা শূকর গৃহে বদ্ধ ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

২৯। কোন বাজার বা দোকানের স্বামী দখলিকার বা ইজারদার তাহা উপযুক্ত মত পরিষ্কার ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না এবং উক্ত বাজারের বা দোকানের স্বামী বা দখলিকার কিম্বা ইজারদার অবিলম্বে পচা মৎস্য বা মাংশ ও উদ্ভিজ্জ পদার্থ সকল মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক স্থিরীকৃত স্থানে স্থানান্তর করিবে এবং এই বিষয়ের জন্য মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক নিযুক্ত লোককে উক্ত বাজারের বা দোকানের স্বামী, দখলিকার বা ইজারদার সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত তত্তৎস্থানে

inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

30. No person shall in any way obstruct, or allow, to be obstructed, any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale accumulating any thing on any such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

31. Every owner, occupier, or farmer of any bazar, shall within 14 days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement, Rupees 5 daily.

32. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

33. No person shall build, or cause to be built or keep, after prohibition by the Commissioners, any tattee, privy, or urinal, within 10 feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

34. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

35. No person shall carry night-soil through the streets, except between the hours of 10 P. M., and 4 A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

36. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable, or cook-house, to flow into any river, nullah, canal, tank, or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish, or other matter of a

প্রবেশ করিয়া তদারক করিতে বাধা দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩০। কোন বাজারের কোন গলি রাস্তা বা অন্য গমনাগমনের পথে বিক্রয়ার্থ কেহ কোন গাঁটরি বা অন্য কোন দ্রব্য রাখিয়া বা একত্র করিয়া কিম্বা রাখাইয়া বা একত্র করাইয়া তত্তৎ গলি রাস্তা বা গমনাগমনের পথ বন্ধ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩১। প্রত্যেক বাজারের স্বামী দখলিকার বা ইজারদার মিউনিসিপল কমিসনরগণ হইতে আদেশ প্রাপ্ত হওনের তারিখ অবধি ১৪ দিনের মধ্যে তত্তদ্বাজারের স্বাস্থ্য রক্ষার্থে উক্ত কমিসনরগণ যেরূপ উত্তম বিবেচনা করিবেন তদ্রূপ সেতখানা ও মূত্র ত্যাগের স্থান প্রস্তুত করিয়া দিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পত্র ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩২। মিউনিসিপল কমিসনরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত স্বীয় বাটীর বহির্ভাগে কেহ মল মূত্রাদি ত্যাগ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৩। কমিসনরদিগের দ্বারা নিষেধিত হইলে কোন সাধারণ রাস্তাহইতে ১০ ফিটের মধ্যে কিম্বা ঐ পরিমাণের ন্যূন কোন ক্ষুদ্র বাটীর মধ্যে টাটি সেতখানা, কিম্বা মূত্র ত্যাগের স্থান, প্রস্তুত করিতে কিম্বা করাইতে কিম্বা রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

৩৪। কেহ সাধারণ রাস্তার সম্মুখে কোন সেতখানার দ্বার রাখিতে পারিবে না এবং যদি কাহার উক্ত প্রকার দ্বার থাকে তবে কমিসনরদিগের নিকট হইতে তদ্বিষয়ের সংবাদ প্রাপ্ত মাত্রই তাহার পরিবর্ত্তন করিয়া লইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

৩৫। অপরাহ্ন ১০ ঘণ্টা হইতে পূর্ব্বাহ্ন ৪ ঘণ্টার মধ্যে ব্যতীত কেহ কোন সাধারণ রাস্তা দিয়া এবং উত্তমরূপ আবরিত পাত্র ব্যতীত ময়লা লইয়া যাইতে পারিবে না এবং কমিসনরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য স্থানে উক্ত ময়লা রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৬। কোন কারখানা বাটী অথবা ব্যবসার নিমিত্ত অন্য কোন স্থান হইতে ময়লা নির্গত হইয়া কোন নদীতে, নালাতে, খানাতে, পুষ্করিণীতে, বা নর্দ্দমায় পড়িতে দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩৭। যদ্দ্বারা কাহার বিরক্তি জন্মাইতে বা সাধারণের স্বাস্থ্য ভঙ্গহইতে পারে এমত কোন স্থানে বা

noisome kind, for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

38. All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 4 A. M. and 8 A. M.

Penalty for infringement, Rupees 10.

39. No refuse resulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

40. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

41. No person shall put on any wall, or on any roof of a house, or on any bank or tree or on any other place or thing facing any road or public place, any preparation of dung to be used as fuel or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

42. Every person, within whose premises any animal may die, shall within two hours after its death, or if death occurs at night, within two hours after day-light, either remove at his own expense the carcasses to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated, and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

43. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased

রূপে কেহ ১২ ঘণ্টার অতিরিক্ত কালপর্য্যন্ত ময়লা আবর্জ্জনা গোবর, অস্থি, মৃত্যু দেহ, ধূলা, বা অন্য কোন প্রকার দুর্গন্ধময় পদার্থ রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৮। মিউনিসিপল কমিস্যনরগণ যে সকল ধূলা মাটি, ও রাবিস স্থানান্তর করিতে প্রবৃত্ত হইবেন তদসমুদয় আবর্জ্জনা পূর্ব্বাহ্ণ ৪ ঘণ্টাহইতে ৮ ঘণ্টার মধ্যে যে বাটীর আবর্জ্জনা সেই বাটীর প্রবেশ পথের অনতি দূরে সাধারণ রাস্তার ধারে প্রত্যহ রাখিতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৯। কোন ব্যবসার, বাণিজ্যের বা কারখানার ময়লা কমিস্যনরদিগের নির্দ্ধারিত খরচ না পাইলে স্থানান্তর করিবেন না। এবং এই প্রকার স্থানান্তর করণের যে খরচ তাহা কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন।

৪০। সাধারণ রাস্তা, বাটী, সেতখানা, নর্দ্দমা, এবং শেসপুল হইতে যে সকল ধূলা, মাটি, ছাই, বিষ্ঠা, গোবর ও রাবিসাদি মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক সংগৃহীত হইবে তৎসমুদায় উক্ত কমিস্যনরগণের সম্পত্তি হইবে এবং তাহাদিগের বিবেচনামতে তৎসমুদায় তাহারা বিক্রয় করিতে পারিবেন এবং এইরূপ বিক্রয়ের দ্বারা যে অর্থ লব্ধ হইবেক তাহা ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুভমেণ্ট আক্টের কার্য্যে পর্য্যবসিত হইবেক।

৪১। জ্বালাইবার কারণ কিম্বা অপর কোন জন্য কেহ কোন প্রাচীরে কিম্বা কোন গৃহের ছাতের উপর গাছে কিম্বা সাধারণ রাস্তার সম্মুখে কোন স্থানে গোবর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।

৪২। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে তাহার মৃত্যুর পর ২ ঘণ্টার অথবা রাত্রে মৃত্যু হইলে রাত্র প্রভাত হইলে ২ ঘণ্টার মধ্যে তাহার মৃত দেহ নিজে স্বীয় খরচে মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক পশ্বাদির মৃত দেহ নিক্ষেপ করিবার জন্য নিরূপিত স্থানে ফেলিয়া দিবেক। অথবা যে ডিবিজানে তাহার বাটী সেই ডিবিজানের কন্‌সারভেন্সী ওবরসিয়রের নিকট সংবাদ দিবেক। কিন্তু উক্ত মৃত দেহ স্থানান্তর করণের নিমিত্তে মিউনিসিপল কমিস্যনরগণ যে খরচ নির্দ্ধারিত করিবেন তাহা উল্লিখিত ওবরসিয়রের নিকট দিতে হইবেক। পরন্তু সে পশু যদি উপরিউক্ত ব্যক্তির না হয় এবং যাহার পশু তাহাকে জানিতে পারিলে সমুদয় খরচ তাহাকেই দিতে হইবেক এবং ঐ খরচ মিউনিসিপল কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন এবং কোন ওবরসিয়র ঐরূপ প্রকার মৃত দেহ স্থানান্তর করিতে গাফিলি করিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৩। কোন ব্যক্তি কোন রোগগ্রস্ত বা জীর্ণ পশুকে কোন সাধারণ রাস্তার অথবা যথা হইতে সাধারণ

or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

44. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

45. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 4 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse in a grave not constructed of masonry which shall be less than 6 feet deep.

Penalty for infringement, Rupees 10.

48. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 4 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

49. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

50. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 4 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

52. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

রাস্তায় যাইতে পারে এমত স্থানে ছাড়িয়া দিতে বা দেওয়াইতে কিম্বা আপনি খুলিয়া যাইতে দিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৪। কেহ কোন শব বা শবাংশ কমিস্যনরেরা সময়ে সময়ে যে স্থান নির্দ্দিষ্ট করিবেন তদ্ব্যতীত অন্য কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৫। কেহ কোন নির্দ্ধারিত শশ্মানে বা গোরস্থানে কোন শব কিম্বা শবাংশ দাহ কিম্বা মৃত্তিকাসাৎ ভিন্ন কোনরূপ প্রকারে ফেলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৬। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে মৃত দেহ মৃত্তিকাসাৎ করাইতে হইলে এরূপে প্রবেশিত করাইতে হইবে যে, উক্ত মৃত দেহ কিম্বা তাহার সিন্দুকের উপরিভাগ তথাকার জমির উপরিভাগ হইতে চারি ফুটে অনধিক নিম্নে না থাকে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৭। কোন গোরস্থানে ইষ্টক নির্ম্মিত কবর না হইলে ছয় ফিটের কম গভীর কবরে কেহ কোন মৃত দেহ কবরিস্ত করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৮। কোন গোরস্থানে কেহ কোন বর্ত্তমান কবরের চারি ফিটের অনধিক দূরেতে অন্য এক কবর নির্ম্মাণ বা খনন করিতে অথবা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৯। কোন গোরস্থানে মিউনিসিপল কমিস্যনরগণের দ্বারা নির্দ্দিষ্ট পংক্তির বহির্ভূত স্থানে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫০। মিউনিসিপল কমিস্যনরগণের অনুমতি ভিন্ন অন্য যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনর্ব্বার অন্য শব প্রবেশ করণার্থ কেহ খুলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫১। যে কোন ব্যক্তি কোন শবদাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহ ভূমিতে উপস্থিত হইবার পর ৪ ঘন্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫২। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে হইলে তাহা এরূপে পোড়াইবে যে তাহার কোন অংশ সর্ব্বোতোভাবে ভস্মাবশেষী কৃত হইতে বাকী না থাকে। উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বতো ভাবে ভস্মসাৎ না করিয়া উক্ত দাহনস্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২১ আগষ্ট।]

53. No one shall carry a corpse, or part of a corpse through any highway, unless it to be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

54. No person while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limit, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

55. Every corpse, or part of a corpse that has been kept or used for purposes of desection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

56. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

Miscellaneous.

57. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway the name by which such highway is to be known. Any person pulling down, destroying, or defacing such name shall be liable to a penalty of Rupees 5.

58. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number shall be liable to a fine of Rupees 5.

59. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or Bye-laws, and the fees to be so charged shall be from time to time adjusted by the Commissioners with the sanction of Government.

60. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

61. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

The following scale of fees for granting licenses under Bye-law No. 59, having been

[*Government Gazette*, *21st August* 1866.]

৫৩। কেহ কোন শব বা শবাংশ উত্তমরূপ আচ্ছাদিত ভিন্ন কেহ কোন সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৪। মিউনিসিপল সীমার মধ্য দিয়া কেহ কোন শব বা শবাংশ লইয়া যাইতে হইলে কোন কারণ বশতঃ সাধারণ রাস্তার উপর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৫। যে সকল শব বা শবাংশ ছেদ বিদ্যা শিক্ষার্থে রক্ষিত বা ব্যবহৃত হয় তাহা আবরিত গাড়িতে করিয়া লইয়া যাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৬। কমিস্যনরদিগের অনুমতি ব্যতিরেকে কোন সাধারণ ভূমির উপরে পশু ও শকট জমা করিয়া রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

নানা বিষয়ক।

৫৭। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর ইমারত, প্রাচীর বা স্থান থাকিবেক মিউনিসিপাল কমিস্যনরগণ ইচ্ছা করিলে তাহার প্রাকাশ্য অংশে উক্ত রাস্তার নামধেয় কোন দ্রব্য স্থাপন করিতে অথবা তথায় তাহার নাম লেখাইতে পারিবেন কোন ব্যক্তি সেই নাম নষ্ট উন্মোচন অথবা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৫৮। মিউনিসিপাল কমিস্যনরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা ইমারতের অথবা তদ্বেষ্টনের বহির্ভাগে কোন প্রকাশ্য স্থানে উক্ত ঘর বা ইমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন এবং কেহ সেই সংখ্যা নষ্ট উন্মোচন বা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৫৯। আইন বা উপবিধি সমূহের অনুযায়িক মিউনিসিপল কমিস্যনরগণ তাহাদিগের প্রদত্ত অনুজ্ঞাপত্রের কর গ্রহণ করিতে পারিবেন এবং উক্ত করের হার গবর্ণমেন্টের অনুমত্যনুসারে সময়েং পরিবর্ত্তিত বা নির্দ্ধারিত করিতে পারিবেন।

৬০। উক্ত আইনের বা আইনঅনুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল ব্যক্তিদিগের অনুজ্ঞাপত্র লইবার প্রয়োজন হইবে তাহারা সেইং অনুজ্ঞাপত্র কোন মিউনিসিপাল কমিস্যনর অথবা তাহারদিগের নিয়োজিত লিখিত উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে তৎক্ষণাৎ দেখাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৬১। ডিষ্ট্রিক্ট মিউনিসিপাল ইমপ্রুভমেন্ট আক্টের ৪৯ ও ৫১ ধারানুসারে যে সকল শকটাদি রেজিস্টরী হইবেক তাহার স্বামী উক্ত রেজিস্টরীর টিকিট উক্ত শকটাদির কোন প্রকাশ্য স্থানে লাগাইবেক কিম্বা লাগাইতে দিবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।

মিউনিসিপাল কমিস্যনরগণকর্ত্তৃক যে সকল অনুজ্ঞাপত্র প্রদত্ত হইবেক তাহা উপরোক্ত ৫৯ উপবিধির

approved of by His Honor the Lieutenant-Governor of Bengal, is hereby published for general information:—

Scale of fees for granting Licenses.

1. License for maintaining a public necessary under Section 69, Act III. (B. C.) of 1864, 1 Rupee per seat per annum.

2. Ditto for slaughter-houses, under Section 1, Act VII. (B. C.) of 1865, Rupees 50 per annum.

3. Ditto for temporary occupation of any ground belonging to the Municipal Commissioners, under Section 75, Act III. (B. C.) of 1864, used for all scaffolding or building materials retained during the day only a monthly rent of 1 Rupee per foot in breadth.

Ditto ditto during the day and night a monthly rent of Rupees 3 per foot in breadth.

4. Ditto for all dangerous and offensive trades under Section 77, Act III. (B. C.) of 1864, Rupees 25 per annum.

E. Vere Haldane,
Vice-Chairman.

Office of the Municipal Commissioners
for the Suburbs of Calcutta;
Alipore,
The 17th July 1866.

মর্ম্মানুসারে নিম্নের লিখিত করের ফর্দ্দ শ্রীলশ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর বাহাদুরের মনোনীত হওয়ায় তাহা সর্ব্ব সাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত হইল।

করের ফর্দ্দ।

১। সন ১৮৬৪ সালের ৩ আইনের ৬৯ ধারার লিখিত মত সাধারণের টাটী রাখিতে হইলে প্রত্যেক ফুকরের প্রতি বৎসর ১৲ টাকা।

২। সন ১৮৬৫ সালের ৭ আইনের ১ ধারার বিধিমত প্রত্যেক পশু হত্যা স্থানের প্রতি বৎসর ৫০৲ টাকা।

৩। সন ১৮৬৪ সালের ৩ আইনের ৭৫ ধারানুসারে মিউনিসিপাল কমিসানরদিগের ভূমির উপর কেবল দিবাভাগের নিমিত্ত ভারা প্রভৃতি বান্ধিয়া কিম্বা গৃহাদি নির্ম্মাণের কারণ ইষ্টকাদি রাখিলে প্রত্যেক ফুট প্রস্থে মাসিক ১৲ টাকা দিতে হইবেক।

ঐ ঐ দিবা রাত্রের নিমিত্ত মাসিক ৩৲ টাকা।

৪। ১৮৬৪ সালের ৩ আইনের ৭৭ ধারা অনুসারে সর্ব্বপ্রকার দুর্গন্ধজনক এবং যাহাতে বিপদ ঘটিতে পারে এমত ব্যবসার নিমিত্ত বৎসর ২৫৲ টাকা।

E. Vere Haldane.
প্রতিনিধি সভাপতি।

আলীপুর মিউনিসিপল
কমিসানরদিগের কার্য্যালয়,
১৮৬৬। তাং ১০ আগষ্ট।

FOR THE MUNICIPALITY OF CHITTAGONG.

Bye-Laws under Act III (B. C.) 1864.

For regulating the time and mode of collecting the Rate and taxes.

1. Each quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say:—

The instalment payable on account of the quarter ending	31st July. „ October. „ January. 30th April.	May belived on and after	1st May. „ August. „ November „ February.

2. From the list prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared, shall be issued under the signature of the Commissioners or their Secretary; if there be one, to the subordinate officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

চট্গ্রাম মিউনিসিপলিটী।

১৮৬৪ ইংরেজীর ৩ আক্ট সম্পর্কীয় অতিরিক্ত নিয়ম।

যে সময়ে যে মতে টেক্স ও রেট আদায় করিতে হইবে তাহার নিয়ম।

১। উক্ত আইনের উল্লিখিত রেট এবং টেক্স ত্রৈমাসিক কিস্তি অনুসারে আদায় করিতে হইবেক, যে তিন মাসের জন্যে ঐ কিস্তি আদায় হইবে তাহার আরম্ভেতেই টাক্স দেনা গণ্য হইবেক, এবং তাহার আরম্ভের পর যে কোন সময়ে হউক ঐ টাকা আদায় করা যাইবেক যথা।

টেক্সের কিস্তি যে যে ত্রৈমাসিকের শেষে দেয় হইবেক।	৩১ জুলাই ৩১ অক্টোবর ৩১ জানুআরি ৩০ এপ্রিল	যে তারিখে কিম্বা যে তারিখের পর আদায় হইবে।	১ মে ১ আগষ্ট ১ নবেম্বর ১ ফেব্রুআরি

২। এই আক্টের ২৯ ও ৩৯ ধারামতে যে লিষ্ট প্রস্তুত করা যায় তদ্দৃষ্টে তহসীল মোহরের ঐ আক্টের ৪৪ ধারানুসারে এক বিল প্রস্তুত করিবেক। ঐ প্রকার প্রস্তুত করা বিল কমিসানরগণের কিম্বা তাঁহাদের সেক্রেটরি কেহ থাকিলে তাঁহার দস্তখত হওনান্তর টেক্স উসুলকারি অধস্থ মোহরেরকে দেওয়া যাইবে এবং সে উক্ত বিল বিলের লিখিত ব্যক্তির নিকট নিম্নাঙ্কিত রীতিমতে উপস্থিত করিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২১ আগষ্ট।]

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment, shall be bound to shew this certificate if required.

4. The collecting officer, taking the money in payment of any demand, shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any some due on account of the rate or taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

7. The officer to whom a bill may be issued for presentation, shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

8. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service requisition, in the manner described in Section 81 of the Act. Any person failing to do so, shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall after warning continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code, should the facts appear to warrant such a proceeding.

9. Every owner, occupier, or other person, shall permit the Commissioners, or any one appointed by them, under a written authority for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners or any person duly authorized by them in making such entry and inspection, shall be liable to a fine not exceeding Rupees 20.

৩। প্রত্যেক তহসীল মোহরেরকে তহসীল করার জন্যে এক সার্টিফিকটের দ্বারা ক্ষমতা দেওয়া যাইবে এবং এই প্রকার সর্টিফিকেটে মিউনিসিপাল আফিসের মোহর ও চ্যারমেনের দস্তখত থাকিবে। তহসীল মোহরের টেক্স আদায়ের সময় প্রয়োজন হইলে এই সর্টিফিকেট দেখাইতে হইবে।

৪। তহসীল মোহরের টেক্স আদায় করণান্তর তজ্জন্যে রসিদ দিবে।

৫। কোন স্বত্বাধিকারির নাম জানা না থাকিলে এই আক্টমতে যে সকল নোটিস কি বিল কি অন্যান্য কাগজাত জারি হয় তাহাতে বিশেষ বর্ণনাব্যতীত কেবলমাত্র যে সম্পত্তির উপর রেট ধার্য্য হয় তৎস্বত্বাধিকারি বলিয়া লিখিলেই যথেষ্ট হইবে।

৬। ঐ আক্টের লিখিত রেট ও টেক্স সম্পর্কীয় যে টাকা প্রাপ্য হয় তাহার বাবত প্রত্যেক বিল তল্লিখিত ব্যক্তির নিজ হস্তে দেওয়া যাইতে পারিলে দেওয়া যাইবে নতুবা উক্ত বিল তাহার বাসস্থানে রাখিয়া আসিতে হইবে। এই প্রকার জারি হইলেও ৪৪ ধারা মতে জারি হইয়াছে বলিয়া গণ্য করা যাইবে।

৭। যে তহসীলের কর্ম্ম চারিকে এই প্রকার বিল জারি করার নিমিত্তে দেওয়া যায় সে জারি করার সময় অথবা জারি করার প্রথম দিবসাবধি দশ দিবসের মধ্যে টাকা উসুল করিবে।

৮। কমিস্যানরগণ কোন ব্যক্তি হইতে আইনমতে লিখিত পরওয়ানা দ্বারা কোন তপসিল বা রিটর্ণ তলব করিলে ও এই আক্টের ৮১ ধারার মর্ম্মমতে তাহার উপর কোন পরওয়ানা জারি হইলে তাহাকে ঐ পরওয়ানা জারির তারিখাবধি ১ সপ্তাহের মধ্যে ঐ তপসিল বা রিটর্ণ দাখিল করিয়া দিতে হইবে কেহ এতদ্বিষয় অবহেলা করিলে তাহার ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে অথবা ঐ প্রকার সতর্ক করার পরে উল্লিখিত কাগজাদি দাখিল করিতে অবহেলা করিতে থাকিলে প্রতিদিন ২৲ টাকার অনধিক দণ্ড হইবে। যদি কেহ মিথ্যা কি অশুদ্ধ তপসীল বা রিটর্ণ দাখিল করে তাহা হইলে তাহার পাঁচ টাকা দণ্ড হইবে এবং ঐরূপ কার্য্য ন্যায্যমত চালাইবার জন্য দণ্ড বিধির আইনঅনুসারে তাহার উপর কোন ফৌজদারি মোকদ্দমা চালাই এই অতিরেক নিয়মে কোন বাধা জন্মাইবে না।

৯। এই আক্টের ৩৫ ধারামতে টেক্স যোগ্য কোন গাড়ি বা জন্তু কাহারো গৃহে বা আস্তবলে আছে বলিয়া বিশ্বাস হইলে কমিস্যনরগণ কি তাঁহাদের লিখিত আদেশদ্বারা নিযুক্তীয় অন্য কোন ব্যক্তি তথায় প্রবেশ করিয়া পরিদর্শন করিতে চাহিলে সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত যে কোন সময় হউক ঐ গৃহ বা আস্তবলের স্বত্বাধিকারী বা দখলকারপ্রভৃতি তাহাকে কোন বাধা জন্মাইতে পারিবে না। কমিস্যনরগণ কি তাহারা এই প্রকারে প্রবেশ করিয়া দর্শন করিবার নিমিত্তে যাহাকে নিয়োজিত করেন তাহাকে কেহ ঐ প্রকার প্রবেশ বা পরিদর্শন করিতে বাধা জন্মাইলে তাহার ২০৲ টাকার অনধিক দণ্ড হইবে।

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of collecting officer, who shall deliver a list in the Form C. prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice or pay in advance, for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may, from time to time, fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment, and may be removed from office.

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty or wilful breach or neglect of any rule, regulation, or order made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance

১০। কমিস্যনরগণ অন্য হুকুম না করিলে এই আক্টমতে যে ক্রোক হইবে তাহা তহসীল কর্ম্মচারিরদ্বারা নির্ব্বাহ হইবে এবং ক্রোকী মাল নীলাম বিক্রী করা কিম্বা বাকীদার হইতে প্রাপ্য টাকা উসুল হওয়া পর্য্যন্ত উক্ত কর্ম্মকারকের জিম্মায় থাকিবে এবং তাহার এই আক্টের উল্লিখিত সি চিহ্নিত ফারমমতে ক্রোকীমালের এক ফর্দ্দ দাখিল করিতে হইবে।

১১। ক্রোক হওয়ার পরক্ষণেই ক্রোক করণিয়া কার্য্যকারক ক্রোক করার দিনাবধি অন্যূন সাত দিনের পরে কোন ক্রোকী মাল নীলামে বিক্রয় জন্য বাকীদারের ঘরে এক নোটিস লট্কাইয়া দিবে এবং নীলামের দিনে ঢোলদ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইবে।

১২। নীলামে বিক্রয় হইবার পরক্ষণেই বিক্রীত বস্তুর মূল্য আদায় করিয়া খরিদ্দারকে বুঝাইয়া দিতে হইবে, যদি ক্রেতা সমুদয় মুল্যের টাকা আদায় করিতে অসমর্থ হয় তবে ক্রোককারী সেই দিনে কি অন্য কোন সময়ে আপন বিবেচনামতে পুনরায় সেই মাল বিক্রয় করিলে তাহা আইনসিদ্ধ গণ্য হইবে। এবং এমতাবস্থায় কোন ক্ষতি হইলে তজ্জন্যে পূর্ব্ব খরিদ্দার কমিস্যনরগণের নিকট দায়ী হইবে ও ঐ প্রকারে যত টাকার ক্ষতি হয় তাহা কমিস্যনরগণের প্রাপ্য টাকাস্বরূপ উক্ত খরিদ্দার হইতে আদায় করা যাইবে।

কমিস্যনরগণকর্ত্তৃক নিযুক্তীয় ব্যক্তিদিগের চরিত্র সংশোধন বিষয়ক নিয়ম।

১৩। যে সকল ব্যক্তিদিগকে কমিস্যনরগণ নিযুক্ত করেন তাহাদিগকে কর্ম্মে রাখা প্রয়োজন না হইলে তাহাদিগকে পূর্ব্বে সম্বাদ কিম্বা এক মাসের অগ্রিম বেতন দিয়া অবসর করা যাইতে পারিবে। এবং ঐ প্রকারের কোন কর্ম্মকারক এক মাস পূর্ব্বে সম্বাদ না দিয়া আপন কর্ম্ম ত্যাগ করিতে পারিবে না, যদি করে, তবে তাহার এক মাসের বেতন কর্ত্তন হইবে।

১৪। কমিস্যনরগণের অধীনস্থ আফিসে যে সকল ব্যক্তি নিযুক্ত আছে কিম্বা পরে নিযুক্ত হইবে তাহাদিগকে কমিস্যনরগণ সময়২ যত টাকার জামিন লওয়া আবশ্যক বোধ করেন তত টাকার জামিন উপযুক্ত সময়ের মধ্যে দিতে হইবে। কোন ব্যক্তি কমিস্যনরগণের নির্দ্দিষ্ট সময় মধ্যে ঐ প্রকার জামিন দিতে না পারিলে উক্ত কর্ম্মের প্রতি তাহার দাবী থাকিবেক না এবং তাহাকে পদচ্যুত করা যাইবে।

১৫। ইহা যদি প্রমাণ হয় যে কমিস্যনরগণকর্ত্তৃক নিয়োজিত কোন কর্ম্মকারক কোন আইন কি রীতি অথবা ক্ষমতাপন্ন হাকিমের হুকুম আপন ইচ্ছামতে অবহেলা করে কিম্বা আপন কর্ত্তব্য কর্ম্ম করিতে ত্রুটি করে কি বিনা অনুমতিতে অথবা এক মাস পূর্ব্বে সম্বাদ না দিয়া আপন কর্ম্ম ত্যাগ করে কিম্বা যে কার্য্য করাতে কি না করাতে কমিসন্যরগণের কোন প্রকার ক্ষতি হইতে পারে এমন কোন কর্ম্ম করে কি না করে অথবা আপন কর্ম্ম নিয়মিত পরিশ্রমের সহিত নির্ব্বাহ করিতে ত্রুটি করে অথবা কোন উপরিস্থ কর্ম্মচারির

of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering, loss or injury, or has failed to perform any duty with due dilligence, or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix, or by degradation, or by summary dismissal from his situation, in addition, to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable, at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction, against any person being or having been in their employ, with a view to the recovery of damages for any loss or injury which they may have sustained in consequence of any act done or omitted to be done by such person.

On matters of Conservancy.

18. Within such limits as the Commissioners may, for the purposes of his Bye-law, fix by public nontification, the external roofs and walls of any hut, or any other building whatever, about to be erected or renewed in or near any public highway, shall not be made of grass, leaves, mats, or other inflamable material.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

19. No person shall dig or make, or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course or other excavation without the written, permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

20. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or

নিকট অবাধ্যতার কার্য্যজন্য দোষী হয় অথবা ন্যায্য-বেতন ভিন্ন নিজের কি অন্যের নিমিত্তে কোন উৎকোচ গ্রহণ করে বা প্রাপ্ত হয় কি গ্রহণ করিতে স্বীকৃত হয় কি প্রাপ্ত হইতে চেষ্টা করে অথবা আপন পদে থাকিয়া কোন আফিসের কার্য্যসংক্রান্ত এমত কোন সমাচার প্রচার করে যাহা সে মিথ্যা বলিয়া জানে অথবা বিশ্বাস করে কিম্বা অন্য কোন আইনানুসারে শাস্তি পাওয়ার যোগ্য কোন কর্ম্ম করে তবে অন্য কোন আইনঅনুসারে তাহার প্রতি যে দণ্ড হইতে পারে তৎব্যতিরিক্ত তাহার এক মাসের অনধিক কালের বেতন দণ্ড হইবে কিম্বা কমিস্যনরগণ তাহাকে যত কাল সস্পাণ্ড বা নিম্ন পদস্থ করিয়া রাখিতে স্থির করেন তত কাল তাহাকে ঐ প্রকার দণ্ডিত হইতে হইবে কিম্বা তাহাকে সরাসরীরূপে কর্ম্মচ্যুত করা যাইবে, এই প্রকার পদচ্যুত ব্যক্তির চ্যারমেনের বিবেচনামতে এক মাসের অনধিক কালের প্রাপ্য বেতন ও এলোঅন্স কর্ত্তন হইবে

১৬। কমিস্যনরগণ দ্বারা নিযুক্তীয় কোন ব্যক্তির দুশ্চরিত্রতা অথবা আপন কর্ত্তব্য কর্ম্মের প্রতি শৈথিল্যতার বিষয়ে তাহার বিরুদ্ধে চ্যারমেন কিম্বা ভাইস চ্যারমেন কোন মোকদ্দমা উত্থাপিত কি গ্রহণ কি তাহার তদারক করিতে পারিবেন।

১৭। কমিস্যনরগণের অধীনস্থ কোন কর্ম্মচারি কোন কর্ম্মদ্বারা অথবা কোন কর্ম্মের ত্রুটিদ্বারা তাঁহাদের কোন ক্ষতি বা অপকার করিলে ক্ষমতাপন্ন আদালতে তাহার নামে ক্ষতিপূরণার্থ মোকদ্দমা উত্থাপন করিতে এই অতিরিক্ত নিয়মে কোন বাধা জন্মাইবে না।

কনসার বেন্সি বিষয়ক নিয়ম।

১৮। এই অতিরেক নিয়ম জারি করণার্থ কমিস্যনরগণ প্রকাশ্য ঘোষণা দ্বারা যে সীমা ধার্য্য করেন তাহার মধ্যে কোন সাধারণ রাস্তার বা নিকটে কোন তৃণনির্ম্মিত ঘর বা কোন ইমারতের বাহিরের চাল বা প্রাচীর উলুখড় বা কোন রকমের পাতা কি চেটাই কিম্বা অগ্নি সংযোগে শীঘ্র জ্বলিতে পারে এমন কোন দ্রব্য দ্বারা নির্ম্মাণ কি মেরামত হইতে পারিবে না।

ইহার অন্যথাচরণে ১০৲ টাকা এবং নোটিসের পরেও ঐ রূপ হইতে থাকিলে দিনপ্রতি ৩৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

১৯। কমিস্যনরগণের লিখিত অনুমতি ভিন্ন কেহ কোন স্থানে পুষ্করিণী দীর্ঘিকা, নালা, পাতকুয়া জলপথ কি অন্য কোন গর্ত্ত খনন করিতে পারিবে না। ইহার অন্যথাচরণে ১০৲ টাকা ও নোটিস জারির পর ঐ রূপ হইতে থাকিলে প্রতিদিন ৩৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২০। কোন বাড়ীর জল নির্গত করিবার জন্যে কোন গৃহ বা কোন ইমারতের উপর কোন নল বা জল

other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

21. No person shall deposit, or cause to be deposited, in, or by the side of, any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

22. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

23. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

24. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

25. No person shall, in any tank or ditch within municipal limits, wash any fish, fishing nets or other fishing apparatus, or steep any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank, or ditch, offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2.

26. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course; and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

27. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it

প্রণালী সাধারণ লোক যাতায়াতের রাস্তার উপর পড়িতে পারে এমতভাবে কেহ স্থাপন করিতে বা করাইতে পারিবে না। ইহার অন্যথাচরণে ৫৲ টাকা ও নোটিস জারির পর প্রতিদিন ১৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২১। যাহাতে সাধারণ নর্দ্দমা বন্ধ হয় বা হইতে পারে এমত ভাবে কোন বস্তু কেহ তাহার ধারে কি তন্মধ্যে রাখিতে বা রাখাইতে পারিবে না। ইহার অন্যথা আচরণ ১০৲ টাকা ও নোটিস জারির পর প্রতিদিন ৩৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২২। কোন পতিত বৃক্ষাদির মালিক অথবা যে জমির উপর ঐ প্রকার বৃক্ষ উৎপন্ন হইয়াছে সেই জমির মালিক কি দখিলকার কমিসনরগণের নোটিসের নির্দ্দিষ্ট সময় মধ্যে তাহা স্থানান্তর করিবেক। অন্যথাচরণে ১০৲ টাকা ও নোটিসের পর প্রতিদিন ৩৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২৩। কোন ঘর প্রাচীর অথবা অন্য কোন ইমারত বা তদংশ সাধারণ রাস্তার কি নর্দ্দমার উপর পড়িলে উক্ত ঘর বা প্রাচীর কি ইমারতের মালিককে কমিস্যনরগণের নোটিসের নির্দ্দিষ্ট সময় মধ্যে তাহা স্থানান্তর করিতে হইবে। অন্যথাচরণে ১০৲ টাকা ও নোটিসের পর প্রতিদিন ৫৲ টাকা নিরিখে দণ্ড দিতে হইবে।

২৪। কমিস্যনরগণের সম্মতি অগ্রে না লইয়া লোক যাতায়াতে স্থান দিয়া কেহ কোন প্রণালী নির্ম্মাণ করিতে বা কোন প্রণালীদ্বারা জল চালাইতে পারিবে না। অন্যথাচরণে ১০৲ টাকা ও নোটিসের পর দৈনিক ২৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২৫। মিউনিসিপালের সীমার মধ্যে যে কোন মৎস্য কিম্বা মৎস্য ধরিবার জাল বা অন্য জন্তু ধৌত করিতে কিম্বা পাট, শণ বা অন্য কোন উদ্ভিজ দ্রব্য ভিজাইয়া রাখিলে পুষ্করিণীর বা কূপের জল প্রতিবাসিদিগের অস্বাস্থ্যকর বা হানিজনক হইতে পারে এমত কোন বস্তু কেহ কোন পুষ্করিণী বা কূপে ধৌত করিতে বা করাইতে পারিবে না। অন্যথাচরণে ৫৲ টাকা ও নোটিসের পর প্রতিদিন ২৲ টাকা নিরিখে দণ্ড দিতে হইবে।

২৬। কমিস্যনরগণের লিখিত অনুমতি ভিন্ন কেহ কোন নালা বা জলপথ অবরোধ করিতে পারিবে না এবং সাধারণের স্বাস্থ্যের জন্যে কমিসনরগণ ঐরূপ কোন প্রতিবন্ধক থাকিলে তাহা স্থানান্তর করিতে আজ্ঞা দিতে পারিবেন। অন্যথাচরণে ১০৲ টাকা ও নোটিসের পর প্রতিদিন ৪৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২৭। কোন নালা বা জলপথের পার্শ্বস্থ কোন অংশর স্বত্বাধিকারি কি দখিলকারকে তাহাতে যে প্রকারে

free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

28. No person shall allow any pigs to be at large or keep them otherwise than in closed styes.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

29. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier, or farmer, shall, without any delay, cause any meat, fish, or vegetable mater in a noxious state or unfit for food, to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person, appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

30. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale or accumulating any thing on any such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

31. Every owner, occupier or farmer of any bazar, shall, within 14 days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement, Rupees 5 daily.

32. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

33. No person shall build, or cause to be built, or keep, after prohibition by the Commissioners, any tattee, privy, or urinal, within twenty-four feet of any public road or street, or any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10: penalty for continued infringement after notice, Rupees 3 daily.

34. No person shall make the door of any private privy to open directly on any public

কোন ময়লা, ঘন জঙ্গল অথবা অন্য কোন বাধাজনক আবর্জ্জনাদি না থাকে এমত ভাবে রাখিতে হইবে। এবং সাধারণের স্বাস্থ্য সম্পাদনার্থ কমিস্যনরগণকে অথবা উচিত মতে ক্ষমতাপন্ন তাহাদের কোন কর্ম্মচারিকে উল্লিখিত নালা বা জলপথ পরিদর্শনার্থ প্রবেশ করিতে দিতে হইবেক। অন্যথাচরণে ১০৲ টাকা ও নোটিসের পর প্রতিদিন ৫৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২৮। কেহ ঘেরা খোয়াড় ব্যতীত অন্য কোন স্থানে শূকর খোলা রাখিতে পারিবে না। অন্যথাচরণে ৫৲ টাকা ও নোটিসের পর প্রতিদিন ২৲ টাকা হিসাবে দণ্ড দিতে হইবে।

২৯। বাজারের বা দোকানের স্বত্বাধিকারি দখিলকার কি ইজারাদার তাহা পরিষ্কার ও উপযুক্ত অবস্থায় রাখিবে। এবং মিউনিসিপল কমিস্যনরগণ কর্ত্তৃক নোটিস দ্বারা অবধারিত স্থানে উক্ত প্রকার স্বত্বাধিকারি দখিলকার বা ইজারাদার অগৌণে আহারের অনুপযুক্ত ও অপকারজনক মাংস কি মৎস্য কিম্বা উদ্ভিজ্জ দ্রব্যকে স্থানান্তরিত করাইবেক উল্লিখিত স্বত্বাধিকারি দখিলকার বা ইজারাদার কমিস্যনরগণ কর্ত্তৃক ক্ষমতাপন্ন কোন ব্যক্তিকে সূর্য্যোদয় অবধি সূর্য্যাস্ত পর্য্যন্ত ঐ প্রকার স্থানে প্রবেশ করিয়া পরিদর্শন করিতে বাধা দিতে পারিবে না। অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড হইবে।

৩০। যাহাতে কোন গলিপথ বা উপপথ কিম্বা বাজারের রাস্তার বাধা জন্মে এমত ভাবে কেহ কোন বস্তু বিক্রয় জন্য সাজাইয়া বা স্তুবাকার করিয়া রাখিতে কি রাখাইতে পারিবে না অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড দিতে হইবে।

৩১। কোন বাজার স্বাস্থ্যজনক বা পরিষ্কার ভাবে রাখিবার জন্য কমিস্যনরদিগের বিবেচনামতে মল মূত্রাদি ত্যাগের পায়খানা প্রস্তুত করা আবশ্যক হইলে ঐ বাজারের স্বত্বাধিকারি দখিলকার বা ইজারাদারকে কমিস্যনরগণের প্রদত্ত নোটিসের পর ১৪ দিবসের মধ্যে তাহা প্রস্তুত করিয়া দিতে হইবে অন্যথাচরণে ২০৲ টাকা ও ক্রমশঃ ঐরূপ করিতে থাকিলে দৈনিক ৫৲ টাকা নিরিখে দণ্ড হইবে।

৩২। যেখানে কমিস্যনরগণ মল মূত্রাদি ত্যাগের জন্য স্থান নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন সে সকল স্থানে কোন ব্যক্তির বাসস্থান অথবা কমিস্যনরগণের নির্দ্দিষ্ট স্থান ভিন্ন অন্য কোন স্থানে কেহ মল মূত্রাদি ত্যাগ করিতে পারিবে না অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৩৩। কমিস্যনরগণ নিষেধ করিলে পর কেহ প্রকাশ্য ছোট কি বড় রাস্তা হইতে ২৪ ফুট ব্যবধান মধ্যে অথবা ২৪ ফুটের ন্যূন ব্যবধানে কোন ক্ষুদ্র সীমার মধ্যে কোন টাটী কি মল মূত্রাদি ত্যাগের স্থান প্রস্তুত করিতে বা করাইতে পারিবে না অন্যথাচরণে ১০৲ টাকা নোটিস পাওয়ার পর দৈনিক ৩৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

৩৪। লোক চলাচলের সাধারণ কোন পথের দিগে কেহ পায়খানার দ্বার রাখিতে পারিবে না এবং কাহারো

thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

35. No person shall carry night-soil through the streets, except between the hours of 7 P. M. and 8 A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

36. No person shall suffer any offensive matter from any manufactory place of business, stable, or cook-house, to flow into any river, nullah, canal, trank, or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish, or other matter of a noisome kind, for more than twelve hours, in such place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

38. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners, shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising form the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

39. No person shall put on any wall, or on any roof of a house, or on any bank, or tree, or on any other place or thing, facing any road or public place, any preparation of dung to be used as fuel, or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

40. Every person, within whose premises any animal may die, shall within three hours after its death, or, if death occurs at night, within two hours after day-light, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated, and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ২১ আগষ্ট ।]

পায়খানার দ্বার ঐ ভাবে থাকিলে তাহা কমিস্যনরদের ঐ বিষয় সংক্রান্ত নোটিস জারি হওয়ার পর তাহাকে তাহা পরিবর্ত্তন করিতে হইবেক অন্যথাচরণে ২০৲ টাকা ও নোটিস পাওয়ার পর প্রতিদিন ২৲ টাকা হিসাবে দণ্ড হইবে ।

৩৫ । কোন ব্যক্তি রাত্রি ৭ ঘটিকা অবধি দিবা ৮ ঘটিকা পর্য্যন্ত এসময়ে আবৃত আধার ভিন্ন অন্য কোন সময়ে ও অন্য কোন প্রকারে রাস্তা দিয়া মল বহিয়া নিতে পারিবে না । অথবা কমিস্যনরগণকর্ত্তৃক নির্দ্দিষ্ট স্থান ভিন্ন অন্য কোন স্থানে ঐ ময়লা রাখিতে পারিবে না অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড হইবে ।

৩৬ । কোন ব্যক্তি কোন কারখানা কি কার্য্য স্থল কি আস্তবল কি রন্ধনশালা হইতে কোন নদী নালা খাল পুষ্করিণী অথবা বাহিরের পয়নালা দিয়া কোন হানিকর দ্রব্য চলিয়া যাইতে দিবে না অন্যথাচরণে ২০৲ টাকা ও নোটীসের পর প্রতিদিন ৫৲ টাকা হিসাবে দণ্ড হইবে ।

৩৭ । যাহাতে কোন ব্যক্তির বৈরক্তি জন্মে অথবা সাধারণের স্বাস্থ্যের হানি হয় এমত ভাবে ও এমন স্থানে কেহ দ্বাদশ ঘটিকার অধিক কালের জন্য ময়লা কর্দ্দম গোময় ও অস্থি কি মৃত দেহ অথবা আবর্জ্জনা কিম্বা শব্দ করিয়া উঠে এমন কোন বস্তু রাখিতে পারিবে না । অন্যথা আচরণে ২০৲ টাকা দণ্ড হইবে ।

৩৮ । মিউনিসিপাল কমিস্যনরগণকর্ত্তৃক লোক যাতায়াতের রাস্তা কি ঘর কি পায়খানা কি নর্দ্দমা অথবা ময়লা কূপহইতে যে সকল ময়লা, ধূলা, ভস্ম মাটি, গোবর, কর্দ্দম কি কোন রকমের আবর্জ্জনাদি একত্রিত হয় সে সকলের উপর তাঁহাদেরই স্বত্ব থাকিবেক তাঁহারা যেরূপ উপযুক্ত বিবেচনা করেন সেই রূপে তাহা বিক্রয় অথবা হস্তান্তর করিতে পারিবেন এবং ঐ সকল বিক্রয়দ্বারা যে টাকা উৎপন্ন হয় তাহা নগর সৌষ্ঠব জন্য আক্টের নির্দ্দিষ্ট কার্য্যে নিয়োজিত হইবে ।

৩৯ । কেহ রাস্তার সম্মুখের বা কোন প্রকাশ্য স্থলের কোন প্রাচীরে বা ঘরের ছাতে কি কোন পার্শ্বে বা গাছে বা অন্য কোন স্থানে জ্বালাইবার কি অন্য কোন কর্ম্মের নিমিত্তে গোময়ের ঘুঁটে দিতে পারিবে না, অন্যথাচরণে ৫৲ টাকা দণ্ড হইবে ।

৪০ । কোন ব্যক্তির বাড়ীর সীমার মধ্যে কোন পশু মরিলে তাহার মৃত্যুর পর তিন ঘণ্টার মধ্যে অথবা রাত্রিতে মরিলে সূর্য্যোদয়ের পর ২ ঘণ্টার মধ্যে কমিস্যনরগণ যে স্থান মৃত দেহ ত্যাগ করিবার জন্য নির্দ্দিষ্ট করিয়াছেন সেই স্থানে তাহার আপন ব্যয়ে ফেলিতে হইবে অথবা যে ডিবিজনে তাহার বাটী সে ডিবিজনের কন্সারবেন্সী ওভারসিয়রের নিকট সম্বাদ দিতে হইবে । কমিস্যনরগণ যে নিরীখ অবধারিত করেন সে নিরীখানুসারে ঐ ওভারসিয়রকে খরচ দিতে হইবে এবং ঐ ব্যক্তি যদি মৃত পশ্বাদির স্বত্বাধিকারী না হয় এবং স্বত্বাধিকারিকে জানা থাকিলে তবে স্বত্বাধিকারী ঐ খরচের জন্যে দায়ী হইবে । এই প্রকার খরচের টাকা কমিস্যনরগণের প্রাপ্য টাকাস্বরূপ উসুল হইবে । কোন ওভারসিয়র এই প্রকার তত্ত্ব পাইলে

responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

41. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into highway.

Penalty for infringement, Rupees 20.

42. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

43. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

44. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground, in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 4 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

45. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse in a grave not constructed of masonry which shall be less than 5 feet deep.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 2 feet from other existing grave.

Penalty for infringement, Rupees 20.

47. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

48. Every person who shall bring or convey or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within six hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

49. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or

মৃত দেহ স্থানান্তর করিতে শৈথিল্য করিতে পারিবে না। অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৪১। কোন ব্যক্তি কোন পীড়িত বা জীর্ণ পশু বা জন্তুকে প্রকাশ্য রাস্তায় কিম্বা যেখানে রাখিলে ঐ পশু প্রকাশ্য রাস্তায় যাইতে পারে এমত স্থলে খুলিয়া রাখিতে বা রাখাইতে কিম্বা খোলাইয়া দিতে পারিবে না। অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড হইবে।

৪২। সময়ে২ কমিস্যনরগণ মৃত দেহ ফেলিবার যে স্থান নির্দ্দিষ্ট করেন তাহা ভিন্ন অন্য কোন স্থানে কোন ব্যক্তি কোন পশুর মৃত দেহ কি তদংশ জমা রাখিতে কি রাখাইতে পারিবে না। অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৪৩। কোন ব্যক্তি উপযুক্ত শ্মশান ভূমিতে বা গোরস্থানে দাহ করা কিম্বা কবর দেওয়া ভিন্ন মৃত দেহ কি তদংশ অন্য কোন স্থানে অন্য কোন ভাবে রাখিতে বা রাখাইতে পারিবে না। অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৪৪। কোন কবর স্থানে ইষ্টক নির্ম্মিত কবরের মধ্যে যাহাতে কাফিনের উপরিভাগ এবং কাফিন ব্যবহৃত না হইলে শবের দেহ ভূমির উপরিভাগ হইতে চারি ফুট নীচে না থাকে এমত ভাবে কেহ মৃত দেহ কি তদংশ কবর দিতে কি দেওয়াইতে পারিবে না অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৪৫। কোন কবর স্থানে ইষ্টক নির্ম্মিত কবর না হইলে ভূমির উপরিভাগ হইতে ৫ ফুট নীচে না থাকে এমতভাবে কেহ মৃত দেহ কবর দিতে কি দেওয়াইতে পারিবে না। অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৪৬। কোন কবর স্থানে কোন পূর্ব্ব নির্ম্মিত কবরের অন্যূন ২ ফুটের মধ্যে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না। অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড নইবে।

৪৭। কমিস্যনরগণের অনুমতি ভিন্ন একবার যেখানে মৃত দেহ কবর দেওয়া হইয়াছে তাহাতে পুনঃ অন্য দেহ কবর দেওয়া যাইতে পারিবে না অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড হইবে।

৪৮। যে কোন ব্যক্তি কোন শ্মশান ভূমিতে কোন মৃত দেহ কি তদংশ প্রেরণ করে বা লইয়া যায় বা আনে অথবা আনায় তাহাকে সে স্থলে পঁহুছিবার ৬ ঘণ্টার মধ্যে তাহা দগ্ধ করিতে বা করাইতে হইবে। অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড হইবে।

৪৯। যে কেহ কোন মৃত দেহ বা তদংশ কোন শ্মশান ভূমিতে দগ্ধ করে বা করায় সে তাহা সম্পূর্ণরূপে ভস্ম না হইলে রাখাইয়া আসিতে পারিবে না অথবা উক্ত মৃত দেহ সম্পর্কীয় কোন কাপড় কি অন্য দ্রব্য সম্পূর্ণরূপে ভস্ম না হইলে শ্মশানে কি তৎনিকটে রাখাইয়া

[*Government Gazette*, 21*st August* 1866.]

other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

50. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

51. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

Miscellaneous.

52. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway the name by which such highway is to be known. Any person pulling down, destroying, or defacing such name shall be liable to a penalty of Rupees 5.

53. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number shall be liable to a fine of Rupees 5.

54. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be from time to time adjusted by the Commissioners with the sanction of Government.

55. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his lincense when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

56. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act, shall affix or cause to be affixed the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

(Sd.) A. SMITH,
Chairman of the Municipal Commissoners.

The 8th June 1866.

আসিতে পারিবে না। অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড হইবে।

৫০। সাধারণের দৃষ্ট না হয় এমত ভাবে সম্পূর্ণ উপযুক্তমতে আবৃত না করিয়া কেহ প্রকাশ্য রাস্তা দিয়া মৃত দেহ কি তদংশ লইয়া যাইতে পারিবে না। অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৫১। কমিস্যনরগণের অনুমতি ব্যতিরেকে কেহ প্রকাশ্য রাস্তাতে কোন পশ্বাদি কি গাড়ি একত্রিত করিতে অথবা কোন ছাউনি করিতে পারিবে না। অন্যথা আচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

বিবিধ বিষয়ক নিয়ম।

৫২। কোন সাধারণ রাস্তার উপর ঘর, প্রাচীর ইমারত বা বাসস্থান থাকিলে কমিস্যনরগণ তাহার প্রকাশ্য অংশে ঐ রাস্তার নাম লটকাইয়া বা চিত্রিত করিয়া দিতে পারিবেন। এবং যে কেহ ঐ নাম নষ্ট কি উন্মোচন করে অথবা পুঁছিয়া ফেলে তাহার ৫৲ টাকা দণ্ড হইবে।

৫৩। কমিস্যনরগণ কোন ঘরের বা ইমারতের বহির্ভাগে কোন প্রকাশ্য স্থানে অথবা তৎসংক্রান্ত পরিবেস্টনের দ্বার সাধারণ রাস্তার দিক হইলে তাহাতে উক্ত ঘর ইত্যাদির নম্বর অর্থাৎ সংখ্যা স্থাপন করিতে পারিবেন এবং যে কেহ ঐ নম্বর নষ্ট করে কি উন্মোচন করে কি পুঁছিয়া ফেলে তাহাকে ৫৲ টাকা দণ্ড দিতে হইবে।

৫৪। উল্লিখিত আক্‌ট কিম্বা অতিরিক্ত নিয়মানুসারে যে সকল লাইসেন্স দেওয়া যায় তন্নিমিত্তে কমিস্যনরগণ যে ফিস ধার্য্য করেন তাহা আইনসিদ্ধ হইবে। এবং সময়ে২ যে সকল ফিস লওয়া যায় তাহা গবর্ণমেণ্টের মঞ্জুরিমতে কমিস্যনরগণ খরচ করিবেন।

৫৫। এই আক্‌ট কিম্বা তৎসম্পর্কীয় অতিরিক্ত নিয়মানুসারে যে সকল ব্যক্তির পক্ষে লাইসেন্স লওয়া আবশ্যক কমিস্যনরগণ কিম্বা তাহাদের লিখিত অনুমতির দ্বারা উপযুক্তমতে ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক ঐ লাইসেন্স দেখিতে চাহিলে তাহা তাহার দেখাইতে হইবে। অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড দিতে হইবে।

৫৬। নগর সৌষ্ঠবসম্বন্ধীয় আক্‌টের ৪৯ ও ৫১ ধারা মতে রেজিষ্টরি করা কোন গাড়ির মালিক ঐ গাড়ির প্রকাশ্য স্থলে রেজিষ্টরির নম্বর লাগাইয়া দিবেক কি দেওয়াইবেক। অন্যথাচরণে ৫৲ টাকা দণ্ড হইবে।

দস্তখৎ এ ইস্মিথ,
মিউনিসিপাল চ্যারমেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২১ আগষ্ট।]

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জেলা নদীয়া।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৬ সালের ২৮ জুন তারিখ পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে ও চলিত আইন ও আক্টের দ্বারা অন্যং যে দাওয়ার বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে এবং চলিত আইন মতে সন ১৮৬৬ সালের ২৯ আগষ্ট মোতাবেক সন ১২৭৩ সালের ১৪ ভাদ্র তারিখে এই জেলার কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ সাল তারিখ ৫ আগষ্ট মোং সন ১২৭৩ সাল তাং ২০ শ্রাবণ।

ইস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

১ নং ৫৭৭ নং তং শ্যামপুর পং হাওয়ালখালি মালিক কালাচাঁদ চক্রবর্ত্তী সদর জমা ২৫৫৯।১

ইস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

২ নং ৩২৩১ নং মৌজে সাঁওতা পং মাহামুদসাহি মালিক জীবন নেছাবিবি ও মিরআজমত আলি ও বাহাদুর আলি ওএব রহিম হোসেন সদর জমা ৫৫৩৶১০

H. Ulick Browne,
Offg. Collector.

জেলা নদীয়ার কালেক্টরী সন ১৮৬৬ সাল তাং ৫ আগষ্ট।

জিলা যশোহর।

সংবাদ দেওয়া যাইতেছে নিম্ন লিখিত মহাল সন ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে লাটবন্দী হইয়া সরকারী বাকী রাজস্ব দাখিলের শেষ দিবস গত ২৮ জুন অবধারিত হইয়াছিল তাহাতে বাকী দাখিল না হওয়া প্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধানক্রমে বর্ত্তমান সন ১৮৬৬ সালের ৮ সেপ্টেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৭৩ সালের ২৪ ভাদ্র রোজ শনিবার নীলামের তারিখ অবধারিত হইল উক্ত তারিখে মহালমজকুর জেলা যশহরের শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক সন ১৮৬৬ সাল তারিখ ১১ আগষ্ট সন ১২৭৩। ২৭ শ্রাবণ।

তৌজির নম্বর	দ্বিতীয় শ্রেণীর মেয়াদী মহাল।

৫৮ নং মহাল চাঁদখালী মোং সুন্দরবন বন্দবস্তি গ্রহীতা ৺ রামচন্দ্র ঠাকুরদিগর সেবাএত উমানাথ চৌধুরী মেয়াদ ইং ১২৬৫ নাং ১২৭৪ সাল আবাদকারি স্বত্ব সদর জমা ১১৯০৶৩

তৌজির ৪৪২৬ নং চকঃ খড়িয়া চেমসাখালীর কিস্তিবন্দীর লিখিত মং ২৭৮৭৲৭ পাই টাকা আদায় নিমিত্তে এই মহাল কিস্তিবন্দী দর্ত্তা উমানাথ চৌধুরির যে স্বত্ব ও লভ্য আছে তাহার নীলাম হইবেক।

৪২২৮ নং চকঃ পানা মোং সুন্দরবন বন্দবস্ত গ্রহীতা প্যারীমোহন বসু ও শিবচন্দ্র বসু ও বেণীমাধব বসু ও অম্বিকামণি সন ১২৭১ সালহইতে ১২৮৮ সাল পর্য্যন্ত সমেত রোডফণ্ড আবাদকারি স্বত্ব সদর জমা ৫২০৲

সন ১২৭২ সালের বাকীর নিমিত্তে নীলাম হইবেক।

ঐ ঐ ঐ

এই মহালের বকয়া বাকী ২৫১৸৶৹ টাকা আদায়ে কারণ একরারের স্বত্বমতে বন্দবস্ত গ্রহীতা পেয়ারী-মোহন শিবচন্দ্র ও বেণীমাধব বসু ও অম্বিকামণি দাস্যার যে স্বত্ব লভ্য আছে তাহাই নীলাম হইবেক।

৪৫২৬ নং চকঃ খড়িয়া চেমসাখালী মোং সুন্দরবন ৺রামচন্দ্র ঠাকুর সেবাইত উমানাথ চৌধুরী ইং সন ১২৬০ সাল নাং ১২৭৯ সাল সন ১২৭৩ সাল পর্য্যন্ত রশদপুরা ৬৬৭৭।৶৯ টাকা জমা সন ১২৭২ সাল আবাদকারি স্বত্ব সদর জমা ৫২০৭৶৮

৫৫০২ নং চক লক্ষ্মী খোলা মোং সুন্দরবন কেশবলাল মজুমদার ও গগণচন্দ্র পোদ্দার ও কাজি খাদেমালি ইং ১২৫৪ সাল নাং ১২৭৩ সাল আবাদকারি স্বত্ব সদর জমা ৬০১৸৶২

৪৬৮২ নং ২২০ নং লাটের মধ্যগত চকঃ শিরবুনিয়া মোতালকে সুন্দরবন বন্দবস্ত গ্রহীতা চন্দ্রমোহন দত্ত চৌধুরী ইং ১২৬৫ সাল আবাদকারি স্বত্ব সদর জমা ৯০৬৶১১

৪৬৮৩ নং চকঃ চিলা চাঁদপাই মোং সুন্দরবন বন্দবস্ত গ্রহীতা শুভানন্দ ও পার্ব্বতীচরণ ঘোষ সন ১২৬৫ সালহইতে ১২৮৪ সাল পর্য্যন্ত ২০ বৎসর আবাদকারি স্বত্ব ১৩৯১৲৬

৪৬৮৫ নং ২২০ নং লাটের মধ্যগত চকঃ দেমটী ও মাগুরা মোং সুন্দরবন আবাদকার চন্দ্রমোহন দত্ত চৌধুরী সন ১২৬৫ সালহইতে আবাদকারি স্বত্ব ১৫৬৩।৶৪

J. Monro,
Offg. Collector.

INSOLVENT COURT.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE RICHARD DENNISON, an Insolvent.

On Saturday, the 4th day of August instant, upon an application of the Assignee in this Matter, it was ordered that the said Assignee do, from, and out of the sum of Rupees 29,423-11 in his hands, pay a Dividend at the rate of Rupees 46 per cent. (which will amount to the sum of Rupees 27,763-10) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 15*th August* 1866.

The like notice in the matter of JAMES WILLIAM HENDRY CAMPBELL, an Insolvent, wherein it was Ordered that out of Rupees 5,594-2-11 a Dividend at Rupees 8 As. 8 per cent. (amounting to Rupees 5,005-10-6) be paid.

The like notice in the matter of GOCOOL DOSS SOONDERJEE, an Insolvent, wherein it was Ordered that out of Rupees 10,569-12-7 a Dividend at Rupees 7 As. 8 per cent. (amounting to Rupees 9,728-2-6) be paid.

The like notice in the matter of HIRJEE AURUT, an Insolvent, wherein it was Ordered that out of Rupees 10,637-7-3 a Dividend at Rupees 5 As. 12 per cent. (amounting to Rupees 9,861-1-6) be paid.

যোত্রহীনের আদালত।

কলিকাতা যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন জর্জ্জ রিচার্ড ডেনিসন সাহেবের বিষয়ে।

আটসেনী সাহেব বর্ত্তমান আগষ্ট মাসের ৪ তারিখ শনিবারে এই বিষয়ে যে প্রার্থনা করেন তাহাতে আজ্ঞা হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলের যে সকল দাওয়া স্বীকার হইয়াছে, তাহা উক্ত আটসেনি সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ হইবামাত্র তাঁহার হাতে যে ২৯,৪২৩॥৶০ টাকা আছে তাহা হইতে তিনি উক্ত প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৪৬৲ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ২৭,৭৬৩॥৵০ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায়।

ইহাতে সম্বাদ দেওয়া গেল।

সরকারী আটসেনি সাহেবের দফ্তরখানা।
কলিকাতা, ১৮৬৬ সাল ১৫ আগষ্ট।

যোত্রহীন জেমস্ উলিয়ম হেন্‌ড্রি কাম্বেল সাহেবের বিষয়ে উক্ত প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আজ্ঞা হইল যে ৫,৫৯৪৵১১ টাকা হইতে শত করা ৮॥ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ৫,০০৫॥৵৬ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায়।

যোত্রহীন গোকুলদাস সুন্দরজির বিষয়ে উক্ত প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আজ্ঞা হইল যে ১০,৫৬৯৸৭ টাকা হইতে শত ৭॥০ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ৯,৭২৮৵৬ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায়।

যোত্রহীন হিরজী আউরতের বিষয়ে উক্ত প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আজ্ঞা হইল যে ১০,৬৩৭।৶৩ টাকা হইতে শত করা ৫৸০ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ৯,৮৬১৴৬ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২১ আগষ্ট।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্গো সাহেবকর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1413. ১৪১৩)

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 28, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২৮ আগষ্ট।

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(*Civil Side.*)

No. 29.

To all Civil Judges,—(dated Calcutta, the 7th August 1866.)

I AM directed to inform you that Baboo Gourhurry Bose, late a Pleader of this Court, has resigned the Office of Pleader, and that his resignation was accepted on the 20th of April last. As he has been unable to return his sunnud by reason of its having been lost, the Court request that, should it ever happen to be presented before you, you will forward it to the Court accompanied by a statement of the particulars regarding its presentation with as little delay as possible.

By Order, &c.,

(Signed) L. R. TOTTENHAM,
Offg. Registrar.

বঙ্গদেশ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

২৯ নম্বর।

দেওয়ানী সকল বিচারকর্ত্তা সমীপেষু।
কলিকাতা ১৮৬৬ সাল ৭ আগষ্ট

তোমাকে আজ্ঞাক্রমে জানাইতেছি যে এই কোর্টের ভূতপূর্ব্ব উকীল শ্রীযুত বাবু গৌরহরি বসু ওকালতী পদ ত্যাগ করিয়াছেন, ও গত আপ্রিল মাসের ২০ তারিখে তাঁহার সেই পদত্যাগ গ্রাহ্য হইয়াছে। তাঁহার সনদ হারাইয়াছে বলিয়া ফিরিয়া দিতে পারেন নাই। যদি সেই সনদ কোন সময়ে তোমার সম্মুখে উপস্থিত করা যায়, তবে যে প্রকারে উপস্থিত হয় ইহার বৃত্তান্ত লিখিয়া সেই সনদ সাধ্যমতে ত্বরায় এই কোর্টে প্রেরণ কর হাই কোর্টের এই আদেশ।

আজ্ঞাক্রমে,

এল আর টটন্হাম,
একটিং রেজিষ্ট্রার।

(Criminal Side.)

No. 8.

To all Justices of the Peace in the Lower and Extra-Regulation Provinces of Bengal,—(dated Calcutta, the 6th August 1866.)

THE Court request the particular attention of Magistrates and others, who are Justices of the Peace, to the accompanying copy of an order passed regarding the commitment of European British subjects for trial before the said Court.

2. All warrants for the commitment of such European British subjects should be directed to the Superintendent of the Presidency Jail in Calcutta, and should be in the Form C., Appendix of Forms, Code of Criminal Procedure; and in, pursuance of Section 9, Act XII. of 1865, the following words should be added at the end of the form before the date—"and you are hereby required to have the body or bodies of the said before the said High Court for trial at the Sessions of the Court next ensuing the date hereof."

3. The Court observe that in several cases in which European British subjects have been lately committed for trial to the High Court, there has been great want of care on the part of the Committing Officers. In one case the witnesses were sent down before the prisoner, who did not arrive until after the conclusion of the Sessions, and after the witnesses had returned. On the prisoner's being brought up for trial, there were no witnesses against him, and he was discharged. In other case prisoners have been sent down without any witnesses. In others, prisoners have been sent without any warrant of commitment, and the warrant of commitment has been sent afterwards instead of being delivered to the Police Officer in charge of the prisoner. The warrant of commitment ought always to be delivered to the Officer in whose custody the prisoner is sent, in order that he may deliver it with the prisoner to the Superintendent of the Jail as his authority to receive and detain the prisoner. Failure of justice has been caused in many cases through such neglects, and the Court trust that Justices of the Peace will be more careful in these respects in future, and that they will take proper steps for ensuring the attendance of the necessary witnesses at the Sessions. In addition to the warrant of commitment, a warrant should be directed to the Police Officer in charge of the prisoner, and should direct him to take the prisoner and deliver him to the Superintendent of the Presidency Jail. A form of such warrant is given below.

ফৌজদারী পক্ষ।

৮ নম্বর।

বঙ্গপ্রভৃতিদেশের ও আইন বহির্ভূত প্রদেশের শান্তিরক্ষার্থ সকল জষ্টিস সমীপেষু।

কলিকাতা। ১৮৬৬ সাল ৬ আগষ্ট।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদিগকে হাই কোর্টের বিচারার্থে সমর্পণ করণ বিষয়ে নিম্ন লিখিত আজ্ঞা হইয়াছে। তাহার প্রতিলিপি তোমার নিকটে পাঠান যাইতেছে। মাজিষ্ট্রেট সাহেবেরা ও অন্য যে ব্যক্তিরা শান্তিরক্ষার্থ জষ্টিস হন হাই কোর্টের সাহেবেরা তাঁহাদিগকে ঐ আজ্ঞাতে বিশেষমতে মনোযোগ করিতে আদেশ করিতেছেন।

২। তদ্রূপ ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের সমর্পণ করণসূচক সকল আজ্ঞাপত্র কলিকাতার প্রেসিডেন্সী জেলের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নামে লিখিতে হইবে। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের শেষে পাঠের যে ক্রোড়পত্র আছে তাহার C চিহ্নিত পাঠে ঐ আজ্ঞাপত্র লিখিতে হইবে। আরো ১৮৬৫ সালের ১২ আইনের ৯ ধারানুসারে ঐ আজ্ঞাপত্রের শেষে তারিখ লিখিবার স্থানের পূর্ব্বে এই কথা লিখিতে হইবে যথা "এবং এই পত্র লিখিবার তারিখের পর ঐ কোর্টের যে প্রথম সেশন হয়, সেই সেশনে বিচার হইবার জন্যে উক্ত অমুককে কি অমুকদিগকে উক্ত হাই কোর্টের সম্মুখে উপস্থিত করিতে তোমার প্রতি আজ্ঞা হইল।"

৩। সম্প্রতি ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদিগকে হাই কোর্টের বিচারার্থে সমর্পণ করা গেলে সমর্পণকারি কার্য্যকারকদিগের মনোযোগের অনেক ক্রটি হইয়াছে হাই কোর্টের সাহেবেরা ইহা দেখিতে পাইয়াছেন। এক স্থলে সাক্ষিগণ অভিযুক্ত ব্যক্তির পূর্ব্বে প্রেরিত হইল, পরে সেশন সমাপ্ত হইলে ও সাক্ষিরা ফিরিয়া গেলে পর অভিযুক্ত ব্যক্তি আসিয়া পঁহুছিল। তাহাকে বিচার করণার্থে উপস্থিত করা গেলে বিপক্ষ সাক্ষী কেহ ছিল না, তাহাতে তাঁহাকে মুক্ত করা গেল। অন্য স্থলে অভিযুক্ত ব্যক্তিরা প্রেরিত হইয়াছে কিন্তু সাক্ষিরা প্রেরিত হন নাই। স্থলান্তরে, অভিযুক্ত ব্যক্তিদিগকে পাঠান গিয়াছে কিন্তু সমর্পণ করিবার আজ্ঞাপত্র তাঁহাদের সহিত পাঠান যায় নাই। অভিযুক্ত ব্যক্তি পোলীসের যে কর্ম্মচারির হস্তগত ছিল তাহাকে আজ্ঞাপত্র না দিয়া পশ্চাৎ পাঠান গিয়াছে। অভিযুক্ত ব্যক্তিকে যে কর্ম্মচারির হস্তগত করিয়া পাঠান যায়, সর্ব্বদা তাঁহাকেই ঐ সমর্পণের আজ্ঞাপত্র দেওয়া উচিত, তিনি অভিযুক্ত ব্যক্তিসহিত ঐ পত্র জেলের সুপরিন্টেণ্ডেণ্টকে দিবেন ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সেই ব্যক্তিকে গ্রহণ করিয়া রাখিবার ক্ষমতাপত্র স্বরূপ ঐ পত্র লইবেন। তদ্রূপ অমনোযোগদ্বারা অনেক বার ন্যায় বিচারের ক্রটি হইয়াছে। অতএব এই২ বিষয়ে শান্তিরক্ষার্থ জষ্টিসেরা ভাবিকালে পূর্ব্বাপেক্ষা মনোযোগী হইবেন, এবং সেশনে প্রয়োজনীয় সাক্ষিদের নিশ্চয় উপস্থিত হইবার যথোচিত উপায় করিবেন, কোর্টের এই আশা। সমর্পণ করিবার আজ্ঞাপত্রের অতিরিক্ত অভিযুক্ত ব্যক্তিকে পোলীসের যে কর্ম্মচারির হস্তগত করা যায়, তাঁহাকেও এক আজ্ঞাপত্র দেওয়া উচিত। সেই আজ্ঞাপত্রের মর্ম্ম এই যে তিনি ঐ অভিযুক্ত ব্যক্তিকে লইয়া প্রেসিডেন্সী জেলের সুপরিন্টেণ্ডেণ্টের হস্তে সমর্পণ করেন। ঐ আজ্ঞাপত্র লিখিবার পাঠ নিম্নে দেওয়া গেল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৮ আগষ্ট।]

4. The following are the days fixed for the holding of the remaining Criminal Sessions for 1866 instead of those originally fixed:—

Monday, 3rd September, instead of Monday, the 10th September.

Monday, 1st October, instead of Monday, the 8th.

Monday, 3rd December, instead of Monday, the 10th.

By Order, &c.,
(Sd.) L. R. TOTTENHAM,
Offg. Registrar.

FORM OF WARRANT.

To (the name of the Officer or Officers sent in charge of the prisoner) and to all other Her Majesty's Peace Officers in the Provinces and Districts of Bengal, Behar, and Orissa, and places subordinate thereto * whom this may concern.

Whereas
of is charged with (state the offence as in warrant of commitment) and has been committed by me, the undersigned Justice of the Peace for Bengal, Behar, and Orissa, and the places subordinate thereto, to the Superintendent of the Presidency Jail for trial before the High Court of Judicature at Fort William in Bengal. You are, therefore, hereby required to receive the said
into your custody and to deliver him into to the custody of the Supeintendent of the Presidency Jail at Calcutta to be there safely kept until he shall be thence delivered by due course of law.

Dated the day of

Justice of the Peace for Bengal, Behar, and Orissa, the places subordinate thereto

ORDER.

The High Court of Judicature at Fort William in Bengal is pleased to order that all European British subjects who, during the present month or in the months of August, September, October, and November next, shall be committed or bailed for trial before the said High Court by any Justice of the Peace beyond the local limits of the ordinary original Criminal jurisdiction

---

* This should be according to the appointment to the office of Justice of the Peace.

[*Government Gazette*, 28*th August* 1866.]

৪। ১৮৬৬ সালের ফৌজদারী মোকদ্দমার সেশন হইবার যে তারিখ পূর্ব্বে নির্দ্ধারিত হইয়াছিল তৎপরিবর্ত্তে নিম্ন লিখিত দিন নিরূপণ হইয়াছে।

১০ সেপ্টেম্বর সোমবারের পরিবর্ত্তে ৩ সেপ্টেম্বর সোমবার।

৮ অকুটোবর সোমবারের পরিবর্ত্তে ১ অকুটোবর সোমবার।

১০ ডিসেম্বর সোমবারের পরিবর্ত্তে ৩ ডিসেম্বর সোমবার।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এল আর টটনহাম,
একটিং রেজিষ্ট্রার।

আজ্ঞাপত্রের পাঠ।

শ্রী অমুক (অভিযুক্ত ব্যক্তিকে যে কর্ম্মচারির কি কর্ম্মচারিদের হস্তগত করা যায় তাহার কি তাহাদের নাম) সমীপেষু এবং বঙ্গ ও বেহার ও উড়িষ্যা দেশের ও জিলার ও তদন্তর্গত স্থানের মধ্যে * শান্তিরক্ষার্থ শ্রীশ্রীমতী মহারাণীর অন্য যে সকল কার্য্যকারকের সম্পর্ক থাকে এমত সকল কার্য্যকারক সমীপেষু।

অমুক স্থানবাসি শ্রী অমুকের নামে অমুক অপরাধের (এই স্থলে সমর্পণ করিবার আজ্ঞাপত্রে ঐ অপরাধ যদ্রূপে ব্যক্ত হইয়াছে তদ্রূপে ব্যক্ত হইবে।) অভিযোগ হইয়াছে, এবং বঙ্গ ও বেহার ও উড়িষ্যা দেশ ও তদন্তর্গত স্থানের শান্তিরক্ষার্থ জষ্টিস নিম্ন লিখিত আমি তাহাকে বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সম্মুখে বিচার হওনার্থে প্রেসিডেন্সী জেলের সুপরিন্টেণ্ডেন্টের হস্তে সমর্পণ করিলাম। অতএব তোমাকে আজ্ঞা করা যাইতেছে যে তুমি উক্ত অমুককে আপনার রক্ষণে গ্রহণ করিয়া কলিকাতার প্রেসিডেন্সী জেলের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের হস্তগত করিয়া দেও। যাবৎ আইনের অবধারিত প্রণালিমতে তাহাকে মুক্ত না করা যায়, তাবৎকাল তিনি তাহাকে নির্ব্বিঘ্নরূপে রাখিবেন।

সাল তাং।

শ্রীঅমুক।

বঙ্গ ও বেহার ও উড়িষ্যা ও তদন্তর্গত দেশের শান্তিরক্ষার্থ জষ্টিস।

আজ্ঞা।

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের ফৌজদারী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ আধিপত্য যে দেশে ব্যাপ্ত হয় তাহার বহির্ভূত কোন স্থানে যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা কোন অপরাধ করেন এবং সেই অপরাধ হেতুক যদি শান্তিরক্ষার্থ কোন জষ্টিস তাঁহাকে বর্ত্তমান মাসে কিম্বা আগষ্ট কি সেপ্টেম্বর কি অকুটোবর কি নবেম্বর মাসে উক্ত হাই কোর্টে বিচার হইবার নিমিত্তে সমর্পণ করেন

---

* শান্তিরক্ষার্থ জষ্টিসের পদে নিযুক্ত করণপত্রানুসারে।

of the said High Court for an offence committed beyond those limits, shall be tried at the usual place of sitting of the said Court in Calcutta, and that such European British subjects shall, if not bailed, be committed for intermediate custody to the Presidency Jail, and if bailed shall be bailed for trial at such usual place of sitting of the said High Court.

(Signed) B. Peacock, *Chief Justice.*
" C. B. Trevor,
" George Loch,
" J. P. Norman,
" Louis S. Jackson,
" A. G. Macpherson,
Judges.

(True Copy,)
Thos. J. Ledlie,
Assistant Registrar.

High Court,
The 5th July 1866.

HIGH COURT, APPELLATE SIDE.

The 15th August 1866.

The following Special Rule is laid down for Small Cause Courts in the Mofussil :—

Rule 8A.

The amount in respect of the fee of an adversary's pleader when allowed in any Miscellaneous proceeding, or for any other matter than that of appearing, acting or pleading in a suit prior to decree, shall be fixed by the Court according to the following scale, *viz* :—

1 Rupee to 6 Rupees in proceedings connected with cases not exceeding 500 Rupees in value.

The above scale will apply to applications under Section 53 or 55 of the Indian Registration Act XX. of 1866.

By Order, &c.,
L. R. Tottenham,
Offg. Registrar.

HOME DEPARTMENT.

No. 3703.

Simla, the 16th August 1866.

Notification.

Major R. Murray, Deputy Director-General of Telegraphs in India, has obtained privilege leave of absence for the period of three months, with effect from the 23rd ultimo.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৮ আগষ্ট।]

কি উপস্থিত হইবার প্রতিভু লন, তবে কলিকাতানগরস্থ উক্ত আদালতের নিয়ত অধিবেশন স্থানে তাঁহাদের বিচার হইবে। যদি সেই ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের উপস্থিত হইবার প্রতিভু না লওয়া যায়, তবে বিচার না হওয়া পর্য্যন্ত তাহাদিগকে প্রেসিডেন্সী জেলে সমর্পণ করা যাইবে। যদি প্রতিভু লওয়া যায়, তবে উক্ত হাই কোর্টের নিয়ত অধিবেশন স্থানে বিচার হওনার্থে তাহার প্রতিভু লওয়া যাইবে, হাই কোর্টের এই আজ্ঞা।

বি পিকক চিফ জষ্টিস।
সি বি ট্রেবর।
জর্জ্জ লক।
জে পি নরমাণ।
লুইস এস জাকসন।
এ জি মাকফরসন।
জজ।

(যথার্থ নকল।)
তামস জে লেডলি।
আসিষ্টান্ট রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৬ সাল ৫ জুলাই।

John Robison, *Bengalee Translator.*

হাই কোর্ট আপীলী পক্ষ।

১৮৬৬ সাল ১৫ আগিষ্ট।

মফঃসলের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের নিমিত্তে নিম্ন লিখিত বিশেষ বিধি প্রণীত হইল, যথা—

৮ ক নিয়ম।

ডিক্রী হওয়ার পূর্ব্বে কোন মোকদ্দমাতে উপস্থিত হওয়া বা কার্য্য অথবা তর্ক করা ভিন্ন অন্য কোন বাবতে বা কোন মোতফরক্কা কার্য্যে বিপক্ষের উকীলের যে রসুম দেওয়া যায় তাহ্যর পরিমাণ আদালত নিম্ন লিখিত নিরীখমতে নির্দ্ধারিত করিবেন, যথা

কার্য্যসম্পর্কীয় ৫০০৲ টাকার তনধিক মূল্যের মোকদ্দমায় ১৲ অবধি ৬৲ টাকা পর্য্যন্ত।

এই নিয়ম ১৮৬৬ সালের ২০ আইনের অর্থাৎ ভারতবর্ষীয় রেজিষ্টরী আইনের) ৫৩ অথবা ৫৫ ধারানুযায়ি দরখাস্ত সম্বন্ধে খাটিবে।

আজ্ঞাক্রমে,
এল আর টটেন হাম,
একটিং রেজিষ্ট্রার।

হোম ডিপার্টমেণ্ট।

৩৭০৩ নম্বর।

১৮৬৬ সাল ১৬ আগষ্ট।

বিজ্ঞাপন।

ভারতবর্ষের টেলিগ্রাফের ডেপুটী ডৈরেক্টর জেনরল মেজর শ্রীযুত আর মরে সাহেব তিন মাস অনুগ্রেহের ছুটী পাইয়াছেন। উক্ত ছুটী গত মাসের ২৩ তারিখ অবধি প্রবল হইবে।

No. 3712.

The Honorable Sumbhoonath Pundit returned from the privilege leave granted to him on the 6th of June, and resumed his seat as a Judge of the High Court on the forenoon of the 3rd instant.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1743.

APPOINTMENTS.

The 11th August 1866.

Mr. G. S. Andrew to be Secretary to the Local Committee of Public Instruction at Mymensing, *vice* Mr. F. J. G. Campbell, resigned.

The 13th August 1866.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Monghyr, *viz.* :—

Mr. A. P. Macdonnell.
Baboo Bolak Chand.

The 14th August 1866.

Baboo Mohima Chunder Paul to be Vice-Chairman of the Municipal Commissioners for Santipore, *vice* Baboo Khetter Mohun Banerjee, resigned.

Baboo Mohendro Nath Hazra to officiate temporarily as District Superintendent of Police of Nowgong, with effect from the 26th May last.

Mr. W. M. Clay, Assistant Commissioner, Western Dooars of Bootan, is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

The 15th August 1866.

Mr. R. Anderson to be a Member of the Local Committee of Public Instruction at Serajgunge.

Mr. M. Fox to be a Member of the Local Committee for the management of the Charitable Dispensary at Buxar.

The 16th August 1866.

The following gentlemen to be Municipal Commissioners for the Suburbs of Calcutta :—

Mr. S. S. Hogg.
Major J. Williamson.
Mr. C. H. Wilson.
The Revd. C. E. Driberg.

৩৭১২ নম্বর।

মান্যবর শ্রীযুত শম্ভুনাথ পণ্ডিত জুন মাসের ৬ তারিখে যে অনুগ্রহের ছুটী পান তাহাহইতে প্রত্যাগমন করিয়া এই মাসের ৩ তারিখের পুর্ব্বাহ্নে হাই কোর্টে স্বীয় জজের আসন পুনর্গ্রহণ করিলেন।

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৭৪৩ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১১ আগষ্ট।

শ্রীযুত এফ জে জি কাম্বেল সাহেব কর্ম্ম ত্যাগ করাতে তৎপরিবর্ত্তে শ্রীযুত জি এস আন্দ্রু সাহেব ময়মনসিংহের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

১৮৬৬ সাল ১৩ আগষ্ট।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা মুঙ্গেরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন। অর্থাৎ—

শ্রীযুত এ পি মাকডোনেল সাহেব।
,, বলাকচাঁদ বাবু।

১৮৬৬ সাল ১৪ আগষ্ট।

শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন বন্দ্যোপাধ্যায় কর্ম্ম ত্যাগ করাতে তৎপরিবর্ত্তে শ্রীযুত বাবু মহিমাচন্দ্র পাল শান্তিপুরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ হাজরা কিয়ৎ কালের নিমিত্তে নৌগাঁয়ের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ গত মে মাসের ২৬ তারিখ অবধি প্রবল হইবে।

ভুটানের পশ্চিম দুয়ারের আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত ডবলিউ এম ক্লে সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে এবং উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

১৮৬৬ সাল ১৫ আগষ্ট।

শ্রীযুত আর আণ্ডরসন সাহেব শেরাজগঞ্জের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর এক জন মেম্বর হইবেন।

শ্রীযুত এম ফক্স সাহেব বক্সারের দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীর এক জন মেম্বর হইবেন।

১৮৬৬ সাল ১৬ আগষ্ট।

নিম্ন লিখিত মহাশয়েরা কলিকাতার শাখানগরের মুনিসিপল কমিস্যনর হইবেন। অর্থাৎ—

শ্রীযুত এস এস হগ সাহেব।
মেজর শ্রীযুত জে উলিয়মসন সাহেব।
শ্রীযুত সি এচ উইলসন সাহেব।
পাদরী শ্রীযুত সি ই ড্রিবর্গ সাহেব।

Baboo Bhoopati Roy, Principal Sudder Ameen of Sylhet, is appointed, under Section 7, Act XXIII. of 1863, to be a Member of the Court for the investigation and trial of claims to Waste Lands in that District.

Mr. R. H. Pawsey to be a Municipal Commissioner and to be Vice-Chairman of the Municipal Commissioners for the Town of Hooghly.

The 17th August 1866.

Mr. A. T. Maclean to officiate as Magistrate and Collector of Tirhoot, during the absence, on deputation, of Mr. A. J. Elliot, or until further orders.

Mr. E. H. Whinfield to officiate as Magistrate and Collector of Patna, during the absence, on leave, of Mr. E. Drummond, or until further orders.

Baboo Rungo Lall Banerjee, Deputy Magistrate and Deputy Collector of Cuttack, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class in that District.

Baboo Bemola Churn Bhuttacharjee to be Sub-Registrar of Assurances of the Sub-District of Sylhet.

Captain T. H. Lewin to be Deputy Commissioner of the Hill Tracts of Chittagong. Captain Lewin will continue to perform the duties of a District Superintendent of Police in those Tracts.

Mr. E. J. Shuttleworth to be District Superintendent of Police of Jessore.

Lieutenant W. E. Chambers to be District Superintendent of Police of Balasore.

The 20th August 1866.

Mr. S. Wauchope, C. B., to officiate temporarily as Additional Sessions Judge of Balasore.

The Revd. A. O. Hardy to officiate temporarily as Chaplain of the Presidency Jail, with effect from the 1st instant.

Mr. G. N. Barlow to be a Magistrate and Collector of the First Grade in Pooree.

Mr. E. W. Molony to be Magistrate and Collector of Moorshedabad, but to continue to officiate as Civil and Sessions Judge of that District.

Mr. W. F. McDonell to be Magistrate and Collector of Jessore, but to continue to officiate as Civil and Sessions Judge of Nuddea.

Mr. J. Beames to be a Magistrate and Collector of the Second Grade in Chumparun.

Mr. J. C. Geddes to be Joint-Magistrate and Deputy Collector of Purneah, but to continue to officiate as Deputy Commissioner of the Eastern Dooars.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৮ আগষ্ট।]

শ্রীহট্টের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু ভুপতি রায় ১৮৬৩ সালের ২৩ আইনের ৭ ধারামতে ঐ জিলার পতিত ভূমির দাওয়ার অনুসন্ধান ও বিচার করণার্থ সভার মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত আর এচ পসে সাহেব হুগলীনগরের এক জন মুনিসিপল কমিস্যনর এবং উক্ত নগরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

১৮৬১ সাল ১৭ আগষ্ট।

শ্রীযুত এ জে আলিয়ট সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে গমনজন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ টি মাকলীন সাহেব ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ই এচ উইন্‌ফিল্‌ড সাহেব পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

কটকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু বিমলাচরণ ভট্টাচার্য্য শ্রীহট্ট সব-ডিষ্ট্রিক্টের নিদর্শন পত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন।

কাপ্তান শ্রীযুত টি এচ লুইন সাহেব চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের ডেপুটী কমিস্যনর হইবেন। তিনি উক্ত প্রদেশের পোলীসের ডিষ্ট্রিক্ট-সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ই জে শটলওয়ার্থ সাহেব যশোহরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ই চেম্বর্স সাহেব বালেশ্বরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৬৬ সাল ২০ আগষ্ট।

শ্রীযুত এস ওয়াকোপ সাহেব সি বি, কিয়ৎকালের নিমিত্তে বালেশ্বরের আডিস্যনল সেশন জজের কর্ম্ম করিবেন।

পাদরী শ্রীযুত এ ও হার্ডি সাহেব কিয়ৎকালের নিমিত্তে প্রেসিডেন্সী জেলের ধর্ম্মোপদেশকের কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ এই মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

শ্রীযুত জি এন বার্লো সাহেব পুরীতে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত ই ডবলিউ মলনি সাহেব মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু ঐ জিলার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ এফ মাকডোনেল সাহেব যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু নদীয়ার সিবিল ও সেশনজজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জে বীমস্ সাহেব চাম্পারণের দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত জে সি গেডেস সাহেব পুরণিয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু পূর্ব্ব দুয়ারের ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিতে থাকিবেন।

Mr. G. Graham to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade.

The above six appointments will have effect from the 31st ultimo. Mr. Graham's present appointment cancels the orders of the 5th ultimo, published in the *Calcutta Gazette* of the 11th idem.

Mr. J. H. Thompson to officiate as District Superintendent of Police of Pooree, during the absence, on deputation, of Lieutenant G. M. Bowie, or until further orders.

Mr. R. Grant to officiate as District Superintendent of Police, Singhboom.

Captain G. B. Fisher to officiate as District Superintendent of Police, Tipperah, during the absence, on deputation, of Captain W. T. Fagan, or until further orders.

Mr. H. L. Jones to officiate as District Superintendent of Police, Sylhet.

Mr. J. Lambert to officiate as District Superintendent of Police, Bograh.

Mr. D. W. Ritchie to officiate as District Superintendent of Police, Kamroop, during the absence, on deputation, of Captain C. T. Hitchins, or until further orders.

The following Assistant Superintendents of Police are transferred, *viz.* :—

Mr. A. C. Marshall, from the 24-Pergunnahs to Hooghly.

Mr. G. K. Meares, from the Sonthal Pergunnahs to Rungpore.

Mr. H. Dawson, from Purneah to the Sonthal Pergunnahs.

Mr. W. Campbell, from Bhaugulpore to Purneah.

The 21st August 1866.

Mr. G. Toynbee to be an Assistant to the Magistrate and Collector of Moorshedabad, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

Mr. J. S. Armstrong to be an Assistant to the Magistrate and Collector of Bhaugulpore, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

Moonshee Kefaitoollah to be Second Grade Principal Sudder Ameen of Kamroop.

Baboo Hurnath Purbuttia Boroosh to be Sudder Ameen of Golaghat.

Baboo Joygopaul Roy to be Sudder Ameen of Gowalparah.

Baboo Mohun Chunder Boroosh to be a Moonsiff of the First Grade at Debrooghur.

[*Government Gazette*, 28*th August* 1866.]

শ্রীযুত জি গ্রাহাম সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

উপরোক্ত ছয় নিয়োগে গত মাসের ৩১ তারিখ অবধি প্রবল হইবে। শ্রীযুত গ্রাহাম সাহেবের এই নিয়োগক্রমে গত মাসের ৫ তারিখের যে আজ্ঞা ঐ মাসের ১১ তারিখের বাঙ্গলাগেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইল।

লেপ্টেনেণ্ট শ্রীযুত জি এম বোই সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে গমনজন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে এচ থামসন সাহেব পুরীর পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর গ্রাণ্ট সাহেব সিংহভূমের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

কাপ্তান শ্রীযুত ডবলিউ টি ফেগান সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে গমনজন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কাপ্তান শ্রীযুত জি বি ফিশর সাহেব ত্রিপুরার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ এল জোন্স সাহেব শ্রীহট্টের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে লাম্বর্ট সাহেব বগুড়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

কাপ্তান শ্রীযুত সি টি হিচিন্স সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে গমনজন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডি ডবলিউ রীচি সাহেব কামরূপের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

পশ্চাৎ লিখিত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবেরা স্থানান্তরে নিযুক্ত হইয়াছেন। অর্থাৎ—

শ্রীযুত এ সি মার্শল সাহেব ২৪ পরগনাহইতে হুগলীতে।

শ্রীযুত জি কে মিয়র্স সাহেব সাঁওতাল পরগনাহইতে রঙ্গপুরে।

শ্রীযুত এচ ডাসন সাহেব পুরণিয়াহইতে সাঁওতাল পরগনায়।

শ্রীযুত ডবলিউ কাম্বেল সাহেব ভাগলপুরহইতে পুরণিয়ায়।

১৮৬৬ সাল ২১ আগষ্ট।

শ্রীযুত জি টয়ন্‌বী সাহেব মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে এস আর্ম্মষ্ট্রং সাহেব ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত মুনশী কিফায়ৎউল্লা কামরূপের দ্বিতীয় শ্রেণীর প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু হরনাথ পর্ব্বতীয় বড়ুয়া গোলাঘাটের সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু জয়গোপাল রায় গোয়ালপাড়ার সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু মোহনচন্দ্র বড়ুয়া দেবকগড়ে প্রথম শ্রেণীর মুনসেফ হইবেন।

Baboo Hurkant Borooah to be a Moonsiff of the First Grade at Tezpore.

Baboo Radhakant Borooah to be a Moonsiff of the First Grade at Nowgong.

LEAVE OF ABSENCE.

The 17th August 1866.

Major A. K. Comber, Deputy Commissioner of Luckimpore, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 26th ultimo.

The 20th August 1866.

Baboo Kedar Nath Pundit, Deputy Magistrate and Deputy Collector of Shahabad, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Baboo Srigobind Biswas, late Moonsiff of Nowgong, for three months, from the 15th January last, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Moulvy Abdool Kurreem, Deputy Magistrate and Deputy Collector of Backergunge, from the 8th October to the 17th November next, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Sub-Assistant Surgeon Bany Madhub Bose, attached to the Vaccine Department at Darjeeling, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

NOTIFICATIONS.

The 14th August 1866.

The license granted to Kanaram Sirkar, of Backergunge under Section 47, Part V. of Act V. of 1865, authorizing him to grant Certificates of Marriage between Native Christians, as notified in the *Calcutta Gazette* of the 11th January 1865 is hereby withdrawn.

The 20th August 1866.

It is hereby notified, for general information, that the Sub-Committee of the Board of Examiners has appointed Monday, the 5th November next, for the commencement of the next Half-yearly Examination of Assistants and others.

NOTIFICATION.

The 15th August 1866.

It is hereby notified that, under the provision contained in the concluding part of Section 17 of Act XX., 1866, (the Indian Registration Act), the Lieutenant-Governor is pleased to exempt from the operation of the first part of that Section any leases of immoveable

শ্রীযুত বাবু হরকান্ত বড়ুয়া তেজপুরে প্রথম শ্রেণীর মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু রাধাকান্ত বড়ুয়া নৌগাঁয়ে প্রথম শ্রেণীর মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬৬ সাল ১৭ আগষ্ট।

লক্ষ্মীপুরের ডেপুটী কমিস্যনর মেজর শ্রীযুত এ কে কোম্বর সাহেব গত মাসের ২৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২০ আগষ্ট।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেদারনাথ পণ্ডিত যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

নৌগায়ের ভূতপূর্ব্ব মুনসেফ শ্রীযুত বাবু শ্রীগোবিন্দ বিশ্বাস অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত জানুআরি মাসের ১৫ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল করীম অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি অক্টোবর মাসের ৮ তারিখ অবধি নবেম্বর মাসের ১৭ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

দারজিলিঙ্গে ভাক্সীন ডিপার্টমেন্টে নিযুক্ত সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু বেণীমাধব বসু যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৪ আগষ্ট।

বাকরগঞ্জের শ্রীযুত কেনারাম সরকারকে ১৮৬৫ সালের ৫ আইনের পঞ্চম খণ্ডের ৪৭ ধারামতে এদেশীয় খ্রীষ্টীয়ানদিগকে বিবাহের সর্টিফিকট দিবার ক্ষমতা দানার্থ যে অনুমতিপত্র দত্ত হইয়াছিল, তাহা ইহার দ্বারা রহিত করা গেল উক্ত অনুমতি দানের কথা ১৮৬৫ সালের জানুআরি মাসের ১৭ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয়।

১৮৬৬ সাল ২০ আগষ্ট।

ইহাতে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে যে পরীক্ষক বোর্ডের সব-কমিটী, আসিষ্টান্ট প্রভৃতিদের ষাণ্মাসিক পরীক্ষা আরম্ভের দিন আগামি নবেম্বর মাসের ৫ তারিখ সোমবার অবধারণ করিয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৫ আগষ্ট।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৬ সালের ২০ আইনের (অর্থাৎ ভারতবর্ষীয় রেজিষ্টরী আইনের) ১৭ ধারার শেষ ভাগের বিধানমতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অনুমতি করিয়াছেন যে গয়া ও শাহাবাদ জিলাতে স্থাবর সম্পত্তির কোন পাট্টা দুই বৎসরের অধিক কালের নিমিত্তে সম্পাদন না হইলে ও

property executed in the Districts of Gya and Shahabad, the terms granted by which shall not exceed two years and the annual rents reserved by which shall not exceed 50 Rupees.

DECLARATION UNDER SECTION 2, OF ACT VI. OF 1857.

WHEREAS it appears to His Honor the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, for a public purpose, *viz.*, for a public Tank and Square, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring 11 beegahs 8 cottahs, more or less, and situated in the Talook of Sootanutty, in the Town of Calcutta, is required.

2. The land is bounded on the North by the line of the proposed Neemtollah road extension; on the South by Manicktollah Street; on the East by the properties of Baboos Brijo Mohun Dutt, Ram Mohun Dey, Nobin Chunder Sadkhan, Budeenauth Roy, Romun Kisto Bysack, Benee Madhub Seal, and Hurrogobind Bysack, and on the West by the Chitpore Road.

3. The Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENT.

The 20th August 1866.

Mahomed Wajid, the Sheristadar of the Moonsiff's Court of Teghra, Zillah Bhaugulpore, was placed in charge of that Court from the 4th September to the 30th November last.

The 22nd August 1866.

Baboo Gunga Nath Barooah, to be Second Grade Moonsiff of Kamroop, Zillah Assam, on a salary of Rupees 150 per mensem.

Baboo Luckhee Nath Barooah, to be Second Grade Moonsiff of Seebsagur, Zillah Assam, on a salary of Rupees 150 per mensem.

Baboo Radha Mohun Gossami, to be Second Grade Moonsiff of Doobree, Zillah Assam, on a salary of Rupees 150 per mensem.

Baboo Dinonath Barooah, to be Second Grade Moonsiff of Burpetta, Zillah Assam, on a salary of Rupees 150 per mensem.

Moonshee Gholam Makdoom, to be Second Grade Moonsiff of Nowgong, Zillah Assam, on a salary of Rupees 150 per mensem.

তাহাতে ৫০৲ টাকার অধিক বার্ষিক কর দেওনের নিয়ম না হইলে, সেই পাট্টা ঐ ধারার পূর্ব্ব ভাগের কার্য্য হইতে মুক্ত হইবে ।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ রাজকীয় এক পুষ্করিণী ও চতুষ্কোণা বিহরণ স্থান প্রস্তুত করণার্থে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরের অন্তর্গত সূতানুটী তালুকের মধ্যস্থিত ন্যূনাধিক ১১।৩ কাঠা পরিমিত ভূমির প্রয়োজন ।

২। উক্ত ভূমির উত্তর সীমা নিমতলার রাস্তা বৃদ্ধি করণার্থ প্রস্তাবিত রেখা, দক্ষিণ সীমা মাণিকতলার পথ, পূর্ব্ব সীমা বাবু ব্রজমোহন দত্তের ও রামমোহন দের ও নবীনচন্দ্র সাধখাঁর ও বৈদ্যনাথ রায়ের ও রমণকৃষ্ণ বসাকের ও বেণীমাধব শীলের ও হরগোবিন্দ বসাকের সম্পত্তি, পশ্চিম সীমা চিৎপুরের রাস্তা ।

৩। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল ।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী ।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা ।

নিয়োগ ।

১৮৬৬ সাল ২০ আগষ্ট ।

ভাগলপুর জিলার তেঘরার মুনসেফের আদালতের সিরিশতাদার শ্রীযুত মহম্মদ ওয়াজীদ গত সেপ্টেম্বর মাসের ৪ তারিখঅবধি নবেম্বর মাসের ৩০ তারিখপর্য্যন্ত উক্ত আদালতের কর্ম্মের ভারপ্রাপ্ত ছিলেন ।

১৮৬৬ সাল ২২ আগষ্ট ।

শ্রীযুত বাবু গঙ্গানাথ বড়ুয়া মাসিক ১৫০৲ টাকা বেতনে আসাম জিলার অন্তর্গত কামরূপের দ্বিতীয় শ্রেণীর মুনসেফ হইবেন ।

শ্রীযুত বাবু লক্ষ্মীনাথ বড়ুয়া মাসিক ১৫০৲ টাকা বেতনে আসাম জিলার অন্তর্গত শিবসাগরের দ্বিতীয় শ্রেণীর মুনসেফ হইবেন ।

শ্রীযুত বাবু রাধামোহন গোস্বামী মাসিক ১৫০৲ টাকা বেতনে আসাম জিলার অন্তর্গত ধুবড়ীর দ্বিতীয় শ্রেণীর মুনসেফ হইবেন ।

শ্রীযুত বাবু দীননাথ বড়ুয়া মাসিক ১৫০৲ টাকা বেতনে আসাম জিলার অন্তর্গত বড়পেটার দ্বিতীয় শ্রেণীর মুনসেফ হইবেন ।

শ্রীযুত মুন্সী গোলাম মাকদুম মাসিক ১৫০৲ টাকা বেতনে আসাম জিলার অন্তর্গত নৌগাঁয়ের দ্বিতীয় শ্রেণীর মুনসেফ হইবেন ।

Baboo Chumpuk Narain, to be Second Grade Moonsiff of North Luckimpore, Zillah Assam, on a salary of Rupees 150 per mensem.

The 23rd August 1866.

Baboo Tilluck Chunder Goopto, to officiate as a Second Grade Moonsiff of Mungledye, Zillah Assam, on a salary of Rupees 150 per mensem.

The 24th August 1866.

Moonshee Syud Ali Hossain, Officiating Moonsiff of Gondwara, Zillah Purneah, to be Moonsiff of Gondwara.

LEAVE OF ABSENCE.

The 23rd August 1866.

Baboo Bhugwan Chunder Chuckerbutty, Moonsiff of Futtickcherry, Zillah Chittagong, for the ensuing Dusserah Vacation, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

Baboo Nilmadub Mookerjee, Moonsiff of Kendrah, Zillah Beerbhoom, for one month, during the ensuing Dusserah Vacation, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

The 24th August 1866.

Moulvie Ahmed Ali, Moonsiff of Budiakhally, Zillah Rungpore, for the ensuing Dusserah Vacation, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

By Order,
L. R. Tottenham,
Offg. Registrar.

High Court, &c.,
The 25th August 1866.

শ্রীযুত চম্পকনারায়ণ বাবু মাসিক ১৫০৲ টাকা বেতনে আসাম জিলার অন্তর্গত উত্তর লক্ষীপুরের দ্বিতীয় শ্রেণীর মুনসেফ হইবেন।

১৮৬৬ সাল ২৩ আগষ্ট।

শ্রীযুত বাবু তিলোকচন্দ্র গুপ্ত মাসিক ১৫০৲ টাকা বেতনে আসাম জিলার অন্তর্গত মঙ্গলদায়ির দ্বিতীয় শ্রেণীর মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৪ আগষ্ট।

পুরণিয়া জিলার গণ্ডওয়ারার একটিং মুনসেফ শ্রীযুত মুন্শী সৈয়দ আলী হুসেন গণ্ডওয়ারার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬৬ সাল ২৩ আগষ্ট।

চট্টগ্রাম জিলার ফটিকচেরির মুনসেফ শ্রীযুত বাবু ভগবানচন্দ্র চক্রবর্ত্তী অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে ছুটী পাইয়াছেন।

বীরভূম জিলার কেন্দাড়ার মুনসেফ শ্রীযুত বাবু নীলমাধব মুখোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৪ আগষ্ট।

রঙ্গপুর জিলার বদিয়াখালীর মুনসেফ শ্রীযুত মৌলবী আহম্মদ আলী অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে ছুটী পাইয়াছেন।

আজ্ঞাক্রমে,
এল আর টটনহাম,
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৬ সাল ২৫ আগষ্ট।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

TO BE SOLD

To the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Monday, the 24th day of September 1866, at the hour of 12 o'clock, noon, the Rights and Interests of Rajah Murdraj Bidyadhur Sendh Nurrindur Bahadoor of Killah Coojung, in the Killah Coojung, in satisfaction of certain decrees, execution of which has been taken out against him. The property is a fixed Tributary Mehal, the permanent jumma of which is Rupees 7,503-9-7 per annum.

Twenty five per cent. on the amount bid will be required to be paid in at the time of purchase, and the balance on or before the 19th November 1866.

W. Wright,
P. S. Ameen.

WANTED

A Translator for the Court of the Additional Judge of Tirhoot, salary 90 Rupees.

৬। ঐ আক্টের লিখিত রেট ও টেক্স সম্পর্কীয় যে টাকা প্রাপ্য হয় তাহার বাবত প্রত্যেক বিল তল্লিখিত ব্যক্তির নিজ হস্তে দেওয়া যাইতে পারিলে দেওয়া যাইবে নতুবা উক্ত বিল তাহার বাসস্থানে রাখিয়া আসিতে হইবে। এই প্রকার জারি হইলেও ৪৪ ধারামতে জারি হইয়াছে বলিয়া গণ্য করা যাইবে।

৭। যে তহসীলের কর্ম্মচারিকে এই প্রকার বিল জারি করার নিমিত্তে দেওয়া যায় সে জারি করার সময় অথবা জারি করার প্রথম দিবসাবধি দশ দিবসের মধ্যে টাকা উসুল করিবে।

৮। কমিস্যনরগণ কোন ব্যক্তি হইতে আইনমতে লিখিত পরওয়ানা দ্বারা কোন তপসিল বা রিটর্ণ তলব করিলে ও এই আক্টের ৮১ ধারার মর্ম্মমতে তাহার উপর কোন পরওয়ানা জারি হইলে তাহাকে ঐ পরওয়ানা জারির তারিখাবধি ১ সপ্তাহের মধ্যে ঐ তপসিল বা রিটর্ণ দাখিল করিয়া দিতে হইবে কেহ এতদ্বিষয় অবহেলা করিলে তাহার ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে অথবা ঐ প্রকার সতর্ক করার পরে উল্লিখিত কাগজাদি দাখিল করিতে অবহেলা করিতে থাকিলে প্রতিদিন ২৲ টাকার অনধিক দণ্ড হইবে। যদি কেহ মিথ্যা কি অশুদ্ধ তপসীল বা রিটর্ণ দাখিল করে তাহা হইলে তাহার পাঁচ টাকা দণ্ড হইবে এবং ঐরূপ কার্য্য ন্যায্যমত চালাইবার জন্য দণ্ডবিধির আইনঅনুসারে তাহার উপর কোন ফৌজদারি মোকদ্দমা চালাই এই অতিরেক নিয়মে কোন বাধা জন্মাইবে না।

৯। এই আক্টের ৩৫ ধারামতে টেক্স যোগ্য কোন গাড়ি বা জন্তু কাহারো গৃহে বা আস্তবলে আছে বলিয়া বিশ্বাস হইলে কমিস্যনরগণ কি তাঁহাদের লিখিত আদেশদ্বারা নিযুক্তায় অন্য কোন ব্যক্তি তথায় প্রবেশ করিয়া পরিদর্শন করিতে চাহিলে সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত যে কোন সময় হউক ঐ গৃহ বা আস্তবলের স্বত্বাধিকারী বা দখলকারপ্রভৃতি তাহাকে কোন বাধা জন্মাইতে পারিবে না। কমিস্যনরগণ কি তাহারা এই প্রকারে প্রবেশ করিয়া দর্শন করিবার নিমিত্তে যাহাকে নিযোজিত করেন তাহাকে কেহ ঐ প্রকার প্রবেশ বা পরিদর্শন করিতে বাধা জন্মাইলে তাহার ২০৲ টাকার অনধিক দণ্ড হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৮ আগষ্ট।]

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of collecting officer, who shall deliver a list in the Form C. prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice or pay in advance, for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may, from time to time, fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment, and may be removed from office.

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty or wilful breach or neglect of any rule, regulation, or order made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering,

১০। কমিস্যনরগণ অন্য হুকুম না করিলে এই আক্টমতে যে ক্রোক হইবে তাহা তহসীল কর্ম্মচারির দ্বারা নির্ব্বাহ হইবে এবং ক্রোকী মাল নীলাম বিক্রী করা কিম্বা বাকীদার হইতে প্রাপ্য টাকা উসুল হওয়া পর্য্যন্ত উক্ত কর্ম্মকারকের জিম্মায় থাকিবে এবং তাহার এই আক্টের উল্লিখিত সি চিহ্নিত ফারমমতে ক্রোকীমালের এক ফর্দ্দ দাখিল করিতে হইবে।

১১। ক্রোক হওয়ার পরক্ষণেই ক্রোক করণিয়া কার্য্যকারক ক্রোক করার দিনাবধি অন্যূন সাত দিনের পরে কোন ক্রোকী মাল নীলামে বিক্রয় জন্য বাকীদারের ঘরে এক নোটিস লট্কাইয়া দিবে এবং নীলামের দিনে ঢোলদ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইবে।

১২। নীলামে বিক্রয় হইবার পরক্ষণেই বিক্রীত বস্তুর মূল্য আদায় করিয়া খরিদ্দারকে বুঝাইয়া দিতে হইবে, যদি ক্রেতা সমুদয় মূল্যের টাকা আদায় করিতে অসমর্থ হয় তবে ক্রোককারী সেই দিনে কি অন্য কোন সময়ে আপন বিবেচনামতে পুনরায় সেই মাল বিক্রয় করিলে তাহা আইনসিদ্ধ গণ্য হইবে। এবং এমতাবস্থায় কোন ক্ষতি হইলে তজ্জন্যে পূর্ব্ব খরিদ্দার কমিস্যনরগণের নিকট দায়ী হইবে ও ঐ প্রকারে যত টাকার ক্ষতি হয় তাহা কমিস্যনরগণের প্রাপ্য টাকাস্বরূপ উক্ত খরিদ্দার হইতে আদায় করা যাইবে।

কমিস্যনরগণকর্ত্তৃক নিযুক্তীয় ব্যক্তিদিগের চরিত্র সংশোধন বিষয়ক নিয়ম।

১৩। যে সকল ব্যক্তিদিগকে কমিস্যনরগণ নিযুক্ত করেন তাহাদিগকে কর্ম্মে রাখা প্রয়োজন না হইলে তাহাদিগকে পূর্ব্বে সম্বাদ কিম্বা এক মাসের অগ্রিম বেতন দিয়া অবসর করা যাইতে পারিবে। এবং ঐ প্রকারের কোন কর্ম্মকারক এক মাস পূর্ব্বে সম্বাদ না দিয়া আপন কর্ম্ম ত্যাগ করিতে পারিবে না, যদি করে, তবে তাহার এক মাসের বেতন কর্ত্তন হইবে।

১৪। কমিস্যনরগণের অধীনস্থ আফিসে যে সকল ব্যক্তি নিযুক্ত আছে কিম্বা পরে নিযুক্ত হইবে তাহাদিগকে কমিস্যনরগণ সময়২ যত টাকার জামিন লওয়া আবশ্যক বোধ করেন তত টাকার জামিন উপযুক্ত সময়ের মধ্যে দিতে হইবে। কোন ব্যক্তি কমিস্যনরগণের নির্দ্দিষ্ট সময় মধ্যে ঐ প্রকার জামিন দিতে না পারিলে উক্ত কর্ম্মের প্রতি তাহার দাবী থাকিবেক না এবং তাহাকে পদচ্যুত করা যাইবে।

১৫। ইহা যদি প্রমাণ হয় যে কমিস্যনরগণকর্ত্তৃক নিয়োজিত কোন কর্ম্মকারক কোন আইন কি রীতি অথবা ক্ষমতাপন্ন হাকিমের হুকুম আপন ইচ্ছামতে অবহেলা করে কিম্বা আপন কর্ত্তব্য কর্ম্ম করিতে ত্রুটি করে কি বিনা অনুমতিতে অথবা এক মাস পূর্ব্বে সম্বাদ না দিয়া আপন কর্ম্ম ত্যাগ করে কিম্বা যে কার্য্য করাতে কি না করাতে কমিস্যনরগণের কোন প্রকার ক্ষতি হইতে পারে এমন কোন কর্ম্ম করে কি না করে অথবা আপন কর্ম্ম নিয়মিত পরিশ্রমের সহিত নির্ব্বাহ করিতে ত্রুটি করে অথবা কোন উপরিস্থ কর্ম্মচারির নিকট অবাধ্যতার কার্য্যজন্য দোষী হয় অথবা ন্যায্য বেতন ভিন্ন নিজের কি অন্যের নিমিত্তে কোন উৎ-

[*Government Gazette*, 28*th August* 1866.]

loss or injury, or has failed to perform any duty with due dilligence, or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix, or by degradation, or by summary dismissal from his situation, in addition, to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable, at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction, against any person being or having been in their employ, with a view to the recovery of damages for any loss or injury which they may have sustained in consequence of any act done or omitted to be done by such person.

On matters of Conservancy.

18. Within such limits as the Commissioners may, for the purposes of his Bye-law, fix by public notification, the external roofs and walls of any hut, or any other building whatever, about to be erected or renewed in or near any public highway, shall not be made of grass, leaves, mats, or other inflammable material.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

19. No person shall dig or make or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course or other excavation without the written permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

20. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the

কোচ গ্রহণ করে বা প্রাপ্ত হয় কি গ্রহণ করিতে স্বীকৃত হয় কি প্রাপ্ত হইতে চেষ্টা করে অথবা আপন পদে থাকিয়া কোন আফিসের কার্য্যসংক্রান্ত এমত কোন সমাচার প্রচার করে যাহা সে মিথ্যা বলিয়া জানে অথবা বিশ্বাস করে কিম্বা অন্য কোন আইনানুসারে শাস্তি পাওয়ার যোগ্য কোন কর্ম্ম করে তবে অন্য কোন আইনঅনুসারে তাহার প্রতি যে দণ্ড হইতে পারে তৎব্যতিরিক্ত তাহার এক মাসের অনধিক কালের বেতন দণ্ড হইবে কিম্বা কমিস্যনরগণ তাহাকে যত কাল সস্পণ্ড বা নিম্ন পদস্থ করিয়া রাখিতে স্থির করেন তত কাল তাহাকে ঐ প্রকার দণ্ডিত হইতে হইবে কিম্বা তাহাকে সরাসরীরূপে কর্ম্মচ্যুত করা যাইবে, এই প্রকার পদচ্যুত ব্যক্তির চ্যারমেনের বিবেচনামতে এক মাসের অনধিক কালের প্রাপ্য বেতন ও এলৌএন্স কর্ত্তন হইবে।

১৬। কমিস্যনরগণ দ্বারা নিযুক্তীয় কোন ব্যক্তির দুশ্চরিত্রতা অথবা আপন কর্ত্তব্য কর্ম্মের প্রতি শৈথিল্যতার বিষয়ে তাহার বিরুদ্ধে চ্যারমেন কিম্বা ভাইস চ্যারমেন কোন মোকদ্দমা উত্থাপিত কি গ্রহণ কি তাহার তদারক করিতে পারিবেন।

১৭। কমিস্যনরগণের অধীনস্থ কোন কর্ম্মচারি কোন কর্ম্মদ্বারা অথবা কোন কর্ম্মের ত্রুটিদ্বারা তাঁহাদের কোন ক্ষতি বা অপকার করিলে ক্ষমতাপন্ন আদালতে তাহার নামে ক্ষতিপূরণার্থ মোকদ্দমা উত্থাপন করিতে এই অতিরিক্ত নিয়মে কোন বাধা জন্মাইবে না।

কনসারবেন্সি বিষয়ক নিয়ম।

১৮। এই অতিরেক নিয়ম জারি করণার্থ কমিস্যনরগণ প্রকাশ্য ঘোষণা দ্বারা যে সীমা ধার্য্য করেন তাহার মধ্যে কোন সাধারণ রাস্তায় বা নিকটে কোন তৃণনির্ম্মিত ঘর বা কোন ইমারতের বাহিরের চাল বা প্রাচীর উলুখড় বা কোন রকমের পাতা কি চেটাই কিম্বা অগ্নি সংযোগে শীঘ্র জ্বলিতে পারে এমন কোন দ্রব্য দ্বারা নির্ম্মাণ কি মেরামত হইতে পারিবে না। ইহার অন্যথাচরণে ১০৲ টাকা এবং নোটিসের পরেও ঐ রূপ হইতে থাকিলে দিনপ্রতি ৩৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

১৯। কমিস্যনরগণের লিখিত অনুমতি ভিন্ন কেহ কোন স্থানে পুষ্করিণী দীর্ঘিকা, নালা, পাতকুয়া জলপথ কি অন্য কোন গর্ত্ত খনন করিতে পারিবে না। ইহার অন্যথাচরণে ১০৲ টাকা ও নোটিস জারির পর ঐ রূপ হইতে থাকিলে প্রতিদিন ৩৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২০। কোন বাড়ীর জল নির্গত করিবার জন্য কোন গৃহ বা কোন ইমারতের উপর কোন নল বা জল প্রণালী সাধারণ লোক যাতায়াতের রাস্তার উপর পড়িতে পারে এমতভাবে কেহ স্থাপন করিতে বা

water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5 ; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

21. No person shall deposit, or cause to be deposited, in, or by the side of, any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10 ; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

22. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement Rupees 10 ; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

23. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10 ; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

24. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10 ; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

25. No person shall, in any tank or ditch within municipal limits, wash any fish, fishing nets or other fishing apparatus, or steep any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank, or ditch, offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rupees 5 ; penalty for continued infringement after notice, Rupees 2.

26. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course ; and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement, Rupees 10 ; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

27. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense vegetation, or other obstructruction, and shall at all times allow the Commis-

করাইতে পারিবে না। ইহার অন্যথাচরণে ৫৲ টাকা ও নোটিস জারির পর প্রতিদিন ১৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২১। যাহাতে সাধারণ নর্দ্দমা বন্ধ হয় বা হইতে পারে এমত ভাবে কোন বস্তু কেহ তাহার ধারে কি তন্মধ্যে রাখিতে বা রাখাইতে পারিবে না। ইহার অন্যথা আচরণ ১০৲ টাকা ও নোটিস জারির পর প্রতিদিন ৩৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২২। কোন পতিত বৃক্ষাদির মালিক অথবা যে জমির উপর ঐ প্রকার বৃক্ষ উৎপন্ন হইয়াছে সেই জমির মালিক কি দখিলকার কমিসানরগণের নোটিসের নির্দ্দিষ্ট সময় মধ্যে তাহা স্থানান্তর করিবেক। অন্যথাচরণে ১০৲ টাকা ও নোটিসের পর প্রতিদিন ৩৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২৩। কোন ঘর প্রাচীর অথবা অন্য কোন ইমারত বা তদংশ সাধারণ রাস্তার কি নর্দ্দমার উপর পড়িলে উক্ত ঘর বা প্রাচীর কি ইমারতের মালিককে কমিসানরগণের নোটিসের নির্দ্দিষ্ট সময় মধ্যে তাহা স্থানান্তর করিতে হইবে। অন্যথাচরণে ১০৲ টাকা ও নোটিসের পর প্রতিদিন ৫৲ টাকা নিরিখে দণ্ড দিতে হইবে।

২৪। কমিসানরগণের সম্মতি অগ্রে না লইয়া লোক যাতায়াতের স্থান দিয়া কেহ কোন প্রণালী নির্ম্মাণ করিতে বা কোন প্রণালীদ্বারা জল চালাইতে পারিবে না। অন্যথাচরণে ১০৲ টাকা ও নোটিসের পর দৈনিক ২৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২৫। মিউনিসিপালের সীমার মধ্যে যে কোন মৎস্য কিম্বা মৎস্য ধরিবার জাল বা অন্য যন্ত্র ধৌত করিতে কিম্বা পাট, শণ বা অন্য কোন উদ্ভিজ দ্রব্য ভিজাইয়া রাখিলে পুষ্করিণীর বা কূপের জল প্রতিবাসিদিগের অস্বাস্থ্যকর বা হানিজনক হইতে পারে এমত কোন বস্তু কেহ কোন পুষ্করিণী বা কূপে ধৌত করিতে বা করাইতে পারিবে না। অন্যথাচরণে ৫৲ টাকা ও নোটিসের পর প্রতিদিন ২৲ টাকা নিরিখে দণ্ড দিতে হইবে।

২৬। কমিসানরগণের লিখিত অনুমতি ভিন্ন কেহ কোন নালা বা জলপথ অবরোধ করিতে পারিবে না এবং সাধারণের স্বাস্থ্যের জন্যে কমিসানরগণ ঐরূপ কোন প্রতিবন্ধক থাকিলে তাহা স্থানান্তর করিতে আজ্ঞা দিতে পারিবেন। অন্যথাচরণে ১০৲ টাকা ও নোটিসের পর প্রতিদিন ৪৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২৭। কোন নালা বা জলপথের পার্শ্বস্থ কোন অংশের স্বত্বাধিকারি কি দখিলকারকে তাহাতে যে প্রকারে কোন ময়লা, ঘন জঙ্গল অথবা অন্য কোন বাধাজনক আবর্জ্জনাদি না থাকে এমত ভাবে রাখিতে হইবে।

sioners, or any of their servants duly authorized to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

28. No person shall allow any pigs to be at large or keep them otherwise than in closed styes.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

29. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier, or farmer, shall, without any delay, cause any meat, fish, or vegetable mater in a noxious state or unfit for food, to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person, appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

30. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale or accumulating any thing on any such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

31. Every owner, occupier or farmer of any bazar, shall, within 14 days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rupees 20, penalty for continued infringement, Rupees 5 daily.

32. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners

Penalty for infringement, Rupees 10

33. No person shall build, or cause to be built, or keep, after prohibition by the Commissioners, any tattee, privy, or urinal, within twenty-four feet of any public road or street, or any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10: penalty for continued infringement after notice, Rupees 3 daily.

34. No person shall make the door of any private privy to open directly on any public other articles connected with the burning of such

এবং সাধারণের স্বাস্থ্য সম্পাদনার্থ কমিস্যনরগণকে অথবা উচিত মতে ক্ষমতাপন্ন তাহাদের কোন কর্ম্মচারিকে উল্লিখিত নালা বা জলপথ পরিদর্শনার্থ প্রবেশ করিতে দিতে হইবেক। অন্যথাচরণে ১০৲ টাকা ও নোটিসের পর প্রতিদিন ৫৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

২৮। কেহ ঘেরা খোয়াড় ব্যতীত অন্য কোন স্থানে শূকর খোলা রাখিতে পারিবে না। অন্যথাচরণে ৫৲ টাকা ও নোটিসের পর প্রতিদিন ২৲ টাকা হিসাবে দণ্ড দিতে হইবে।

২৯। বাজারের বা দোকানের স্বত্বাধিকারি দখিলকারই কি ইজারাদার তাহা পরিষ্কার ও উপযুক্ত অবস্থায় রাখিবে। এবং মিউনিসিপল কমিস্যনরগণ কর্ত্তৃক নোটিস দ্বারা অবধারিত স্থানে উক্ত প্রকার স্বত্বাধিকারি দখিলকার বা ইজারাদার অগৌণে আহারের অনুপযুক্ত ও অপকারজনক মাংস কি মৎস্য কিম্বা উদ্ভিজ্জ দ্রব্যকে স্থানান্তরিত করাইবেক উল্লিখিত স্বত্বাধিকারি দখিলকার বা ইজারাদার কমিস্যনরগণ কর্ত্তৃক ক্ষমতাপন্ন কোন ব্যক্তিকে সূর্য্যোদয় অবধি সূর্য্যাস্ত পর্য্যন্ত ঐ প্রকার স্থানে প্রবেশ করিয়া পরিদর্শন করিতে বাধা দিতে পারিবে না। অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড হইবে।

৩০। যাহাতে কোন গলিপথ বা উপপথ কিম্বা বাজারের রাস্তার বাধা জন্মে এমত ভাবে কেহ কোন বস্তু বিক্রয় জন্য সাজাইয়া বা স্তূবাকার করিয়া রাখিতে কি রাখাইতে পারিবে না অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড দিতে হইবে।

৩১। কোন বাজার স্বাস্থ্যজনক বা পরিষ্কার ভাবে রাখিবার জন্য কমিস্যনরদিগের বিবেচনামতে মল মূত্রাদি ত্যাগের পায়খানা প্রস্তুত করা আবশ্যক হইলে ঐ বাজারের স্বত্বাধিকারি দখিলকার বা ইজারাদারকে কমিস্যনরগণের প্রদত্ত নোটিসের পর ১৪ দিবসের মধ্যে তাহা প্রস্তুত করিয়া দিতে হইবে অন্যথাচরণে ২০৲ টাকা ও ক্রমশঃ ঐরূপ করিতে থাকিলে দৈনিক ৫৲ টাকা নিরিখে দণ্ড হইবে।

৩২। যেখানে কমিস্যনরগণ মল মূত্রাদি ত্যাগের জন্য স্থান নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন সে সকল স্থানে কোন ব্যক্তির বাসস্থান অথবা কমিস্যনরগণের নির্দ্দিষ্ট স্থান ভিন্ন অন্য কোন স্থানে কেহ মল মূত্রাদি ত্যাগ করিতে পারিবে না অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৩৩। কমিস্যনরগণ নিষেধ করিলে পর কেহ প্রকাশ্য ছোট কি বড় রাস্তা হইতে ২৪ ফুট ব্যবধান মধ্যে অথবা ২৪ ফুটের ন্যূন ব্যবধানে কোন ক্ষুদ্র সীমার মধ্যে কোন টাটী কি মল মূত্রাদি ত্যাগের স্থান প্রস্তুত করিতে বা করাইতে পারিবে না অন্যথাচরণে ১০৲ টাকা নোটিস পাওয়ার পর দৈনিক ৩৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

৩৪। লোক চলাচলের সাধারণ কোন পথের দিগে কেহ পায়খানার দ্বার রাখিতে পারিবে না এবং কাহারো পায়খানার দ্বার ঐ ভাবে থাকিলে তাহা

thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

35. No person shall carry night-soil through the streets, except between the hours of 7 P. M. and 8 A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

36. No person shall suffer any offensive matter from any manufactory place of business, stable, or cook-house, to flow into any river, nullah, canal, trank, or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish, or other matter of a noisome kind, for more than twelve hours, in such place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

38. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners, shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising form the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

39. No person shall put on any wall, or on any roof of a house, or on any bank, or tree, or on any other place or thing, facing any road or public place, any preparation of dung to be used as fuel, or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

40. Every person, within whose premises any animal may die, shall within three hours after its death, or, if death occurs at night, within two hours after day-light, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated, and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be

কমিস্যনরগণের ঐ বিষয় সংক্রান্ত নোটিস জারি হওয়ার পর তাহাকে তাহা পরিবর্ত্তন করিতে হইবেক অন্যথাচরণে ২০৲ টাকা ও নোটিস পাওয়ার পর প্রতিদিন ২৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

৩৫। কোন ব্যক্তি রাত্রি ৭ ঘটিকা অবধি দিবা ৮ ঘটিকা পর্য্যন্ত এসময়ে আবৃত আধার ভিন্নঅন্য কোন সময়ে ও অন্য কোন প্রকারে রাস্তা দিয়া মল বহিয়া নিতে পারিবে না। অথবা কমিস্যনরগণকর্ত্তৃক নির্দ্দিষ্ট, স্থান ভিন্ন অন্য কোন স্থানে ঐ ময়লা রাখিতে পারিবে না অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড হইবে।

৩৬। কোন ব্যক্তি কোন কারখানা কি কার্য্য স্থল কি আস্তবল কি রন্ধনশালা হইতে কোন নদী নালা খাল পুষ্করিণী অথবা বাহিরের পয়নালা দিয়া কোন হানিকর দ্রব্য চলিয়া যাইতে দিবে না অন্যথাচরণে ২০৲ টাকা ও নোটীসের পর প্রতিদিন ৫৲ টাকা হিসাবে দণ্ড হইবে।

৩৭। যাহাতে কোন ব্যক্তির বৈরক্তি জন্মে অথবা সাধারণের স্বাস্থ্যের হানি হয় এমত ভাবে ও এমন স্থানে কেহ দ্বাদশ ঘটিকার অধিক কালের জন্য ময়লা কর্দ্দম গোময় ও অস্থি কি মৃত দেহ অথবা আবর্জ্জনা কিম্বা শব্দ করিয়া উঠে এমন কোন বস্তু রাখিতে পারিবে না। অন্যথা আচরণে ২০৲ টাকা দণ্ড হইবে।

৩৮। মিউনিসিপাল কমিস্যনরগণকর্ত্তৃক লোক যাতায়াতের রাস্তা কি ঘর কি পায়খানা কি নর্দ্দমা অথবা ময়লা কূপহইতে যে সকল ময়লা, ধূলা, ভষ্ম মাটি, গোবর, কর্দ্দম কি কোন রকমের আবর্জ্জনাদি একত্রিত হয় সে সকলের উপর তাঁহাদেরই স্বত্ব থাকিবেক তাঁহারা যেরূপ উপযুক্ত বিবেচনা করেন সেই রূপে তাহা বিক্রয় অথবা হস্তান্তর করিতে পারিবেন এবং ঐ সকল বিক্রয়দ্বারা যে টাকা উৎপন্ন হয় তাহা নগর সংস্কর জন্য আক্টের নির্দ্দিষ্ট কার্য্যে নিযোজিত হইবে।

৩৯। কেহ রাস্তার সম্মুখের বা কোন প্রকাশ্য স্থলের কোন প্রাচীরে বা ঘরের ছাতে কি কোন পার্শ্বে বা গাছে বা অন্য কোন স্থানে জ্বালাইবার কি অন্য কোন কর্ম্মের নিমিত্তে গোময়ের ঘুঁটে দিতে পারিবে না, অন্যথাচরণে ৫৲ টাকা দণ্ড হইবে।

৪০। কোন ব্যক্তির বাড়ীর সীমার মধ্যে কোন পশু মরিলে তাহার মৃত্যুর পর তিন ঘন্টার মধ্যে অথবা রাত্রিতে মরিলে সূর্য্যোদয়ের পর ২ ঘন্টার মধ্যে কমিস্যনরগণ যে স্থান মৃত দেহ ত্যাগ করিবার জন্য নির্দ্দিষ্ট করিয়াছেন সেই স্থানে তাহার আপন ব্যয়ে ফেলিতে হইবে অথবা যে ডিবিজনে তাহার বাটী সে ডিবিজনের কন্সারবেন্সী ওভারসিয়রের নিকট সম্বাদ দিতে হইবে। কমিস্যনরগণ যে নিরীখ অবধারিত করেন সে নিরীখানুসারে ঐ ওভারসিয়রকে খরচ দিতে হইবে এবং ঐ ব্যক্তি যদি মৃত পশ্বাদির স্বত্বাধিকারী না হয় এবং স্বত্বাধিকারিকে জানা থাকিলে তবে স্বত্বাধিকারী ঐ খরচের জন্যে দায়ী হইবে। এই প্রকার খরচের টাকা কমিস্যনরগণের প্রাপ্য টাকাস্বরূপ উসুল হইবে। কোন ওভারসিয়র এই প্রকার তত্ত্ব পাইলে মৃত

responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

41. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into highway.

Penalty for infringement, Rupees 20.

42. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

43. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

44. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial grou[illegible] in [illegible]ted of masonry in [illegible]ner that the top of the coffin, [illegible] or the body where no coffin is used, shall be at a less depth than 4 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

45. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse in a grave not constructed of masonry which shall be less than 5 feet deep.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 2 feet from other existing grave.

Penalty for infringement, Rupees 20.

47. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

48. Every person who shall bring or convey or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within six hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

49. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or

দেহ স্থানান্তর করিতে শৈথিল্য করিতে পারিবে না। অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৪১। কোন ব্যক্তি কোন পীড়িত বা জীর্ণ পশু বা জন্তুকে প্রকাশ্য রাস্তায় কিম্বা যেখানে রাখিলে ঐ পশু প্রকাশ্য রাস্তায় যাইতে পারে এমত স্থলে খুলিয়া রাখিতে বা রাখাইতে কিম্বা খোলাইয়া দিতে পারিবে না। অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড হইবে।

৪২। সময়েং কমিস্যনরগণ মৃত দেহ ফেলিবার যে স্থান নির্দ্দিষ্ট করেন তাহা ভিন্ন অন্য কোন স্থানে কোন ব্যক্তি কোন পশুর মৃত দেহ কি তদংশ জমা রাখিতে কি রাখাইতে পারিবে না। অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৪৩। কোন ব্যক্তি উপযুক্ত শ্মশান ভূমিতে বা গোরস্থানে দাহ করা কিম্বা কবর দেওয়া ভিন্ন মৃত দেহ কি তদংশ অন্য কোন স্থানে অন্য কোন ভাবে রাখিতে বা রাখাইতে পারিবে না। অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৪৪। কোন কবর স্থানে ইষ্টকনির্ম্মিত কবরের মধ্যে যাহাতে কাফিনের উপরিভাগ এবং কাফিন ব্যবহৃত না হইলে শবের দেহ ভূমির উপরিভাগ হইতে চারি ফুট নীচে না থাকে এমত ভাবে কে মৃত দেহ কি তদংশ [illegible] কবর দিতে কি দেওয়াইতে পারিবে না; অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৪৫। কোন কবর স্থানে ইষ্টক নির্ম্মিত কবর না হইলে ভূমির উপরিভাগ হইতে ৫ ফুট নীচে না থাকে এমত ভাবে কেহ মৃত দেহ কবর দিতে কি দেওয়াইতে পারিবে না। অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৪৬। কোন কবর স্থানে কোন পূর্ব্ব নির্ম্মিত কবরের অন্যূন ২ ফুটের মধ্যে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না। অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড হইবে।

৪৭। কমিস্যনরগণের অনুমতি ভিন্ন একবার যেখানে মৃত দেহ কবর দেওয়া হইয়াছে তাহাতে পুনঃ অন্য দেহ কবর দেওয়া যাইতে পারিবে না অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড হইবে।

৪৮। যে কোন ব্যক্তি কোন শ্মশান ভূমিতে কোন মৃত দেহ কি তদংশ প্রেরণ করে বা লইয়া যায় বা আনে অথবা আনায় তাহাকে সে স্থলে পঁহুছিবার ৬ ঘণ্টার মধ্যে তাহা দগ্ধ করিতে বা করাইতে হইবে। অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড হইবে।

৪৯। যে কেহ কোন মৃত দেহ বা তদংশ কোন শ্মশান ভূমিতে দগ্ধ করে বা করায় সে তাহা সম্পূর্ণরূপে ভস্ম না হইলে রাখাইয়া আসিতে পারিবে না অথবা উক্ত মৃত দেহ সম্পর্কীয় কোন কাপড় কি অন্য দ্রব্য সম্পূর্ণরূপে ভস্ম না হইলে শ্মশানে কি তৎনিকটে রাখাইয়া

corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

50. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

51. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

Miscellaneous.

52. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway the name by which such highway is to be known. Any person pulling down, destroying, or defacing such name shall be liable to a penalty of Rupees 5.

53. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number shall be liable to a fine of Rupees 5.

54. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be from time to time adjusted by the Commissioners with the sanction of Government.

55. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his lincense when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

56. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act, shall affix or cause to be affixed the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

(Sd.) A. SMITH,
Chairman of the Municipal Commissoners.
The 8th June 1866.

আসিতে পারিবে না। অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড হইবে।

৫০। সাধারণের দৃষ্ট না হয় এমত ভাবে সম্পূর্ণ উপযুক্তমতে আবৃত না করিয়া কেহ প্রকাশ্য রাস্তা দিয়া মৃত দেহ কি তদংশ লইয়া যাইতে পারিবে না। অন্যথাচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

৫১। কমিস্যনরগণের অনুমতি ব্যতিরেকে কেহ প্রকাশ্য রাস্তাতে কোন পশ্বাদি কি গাড়ি একত্রিত করিতে অথবা কোন ছাউনি করিতে পারিবে না। অন্যথা আচরণে ১০৲ টাকা দণ্ড হইবে।

বিবিধ বিষয়ক নিয়ম।

৫২। কোন সাধারণ রাস্তার উপর ঘর, প্রাচীর ইমারত বা বাসস্থান থাকিলে কমিস্যনরগণ তাহার প্রকাশ্য অংশে ঐ রাস্তার নাম লটকাইয়া বা চিত্রিত করিয়া দিতে পারিবেন। এবং যে কেহ ঐ নাম নষ্ট কি উন্মোচন করে অথবা পুঁছিয়া ফেলে তাহার ৫৲ টাকা দণ্ড হইবে।

৫৩। কমিস্যনরগণ কোন ঘরের বা ইমারতের বহির্ভাগে কোন প্রকাশ্য স্থানে অথবা তৎসংক্রান্ত পরিবেষ্টনের দ্বার সাধারণ রাস্তার দিক হইলে তাহাতে উক্ত ঘর ইত্যাদির নম্বর অর্থাৎ সংখ্যা স্থাপন করিতে পারিবেন এবং যে কেহ ঐ নম্বর নষ্ট করে কি উন্মোচন করে কি পুঁছিয়া ফেলে তাহাকে ৫৲ টাকা দণ্ড দিতে হইবে।

৫৪। উল্লিখিত আক্ট কিম্বা অতিরিক্ত নিয়মানুসারে যে সকল লাইসেন্স দেওয়া যায় তন্নিমিত্তে কমিস্যনরগণ যে ফিস ধার্য্য করেন তাহা আইনসিদ্ধ হইবে। এবং সময়ে২ যে সকল ফিস লওয়া যায় তাহা গবর্ণমেণ্টের মঞ্জুরিমতে কমিস্যনরগণ খরচ করিবেন।

৫৫। এই আক্ট কিম্বা তৎসম্পর্কীয় অতিরিক্ত নিয়মানুসারে যে সকল ব্যক্তির পক্ষে লাইসেন্স লওয়া আবশ্যক কমিস্যনরগণ কিম্বা তাহাদের লিখিত অনুমতির দ্বারা উপযুক্তমতে ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক ঐ লাইসেন্স দেখিতে চাহিলে তাহা তাহার দেখাইতে হইবে। অন্যথাচরণে ২০৲ টাকা দণ্ড দিতে হইবে।

৫৬। নগর সৌষ্ঠবসম্বন্ধীয় আক্টের ৪৯ ও ৫১ ধারা মতে রেজিষ্টরি করা কোন গাড়ির মালিক ঐ গাড়ির প্রকাশ্য স্থলে রেজিষ্টরির নম্বর লাগাইয়া দিবেক কি দেওয়াইবেক। অন্যথাচরণে ৫৲ টাকা দণ্ড হইবে।

দস্তখৎ এ ইস্মিথ,
মিউনিসিপল চ্যারমেন।

[*Government Gazette, 28th August* 1866.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্গো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 4, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৪ সেপ্টেম্বর।

HOME DEPARTMENT.

No. 3918.

Simla, the 23rd August 1866.

NOTIFICATION

Under Section 12 of Act II. of 1857, the Governor General in Council is pleased to authorize the affiliation of the Gowhatty School to the Calcutta University in Arts, with effect from the 1st of January 1866.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India

FINANCIAL DEPARTMENT.

No. 1004A.

Simla, the 30th July 1866.

NOTIFICATION.

The Governor General in Council is pleased to direct the publication of the following Rules

হোম ডিপার্টমেণ্ট।

৩৯১৮ নম্বর।

শিমলা। ১৮৬৬ সাল ২৩ আগষ্ট।

বিজ্ঞাপন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৫৭ সালের ২ আইনের ১২ ধারামতে ১৮৬৬ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি কলিকাতার বিশ্ববিদ্যালয়ের সহিত গৌহাটীর বিদ্যালয়ের সংযোগ হইবার অনুমতি দিয়াছেন।

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১০০৪ A নম্বর।

শিমলা। ১৮৬৬ সাল ৩০ জুলাই।

বিজ্ঞাপন।

নোট হারাণ গেলে কি বিকৃতি প্রাপ্ত হইলে তাহার টাকা পাইবার নিম্ন লিখিত বিধি মন্ত্রিসভাধিষ্ঠিত

for the payment of Currency Notes which have been either lost or mutilated :—

Rules regarding the payment of lost or mutilated Government Currency Notes.

1. Notes which have become slightly mutilated will be readily paid to *boná fide* holders upon a written statement as to the circumstances of mutilation, and upon an Indemnity (in the form annexed, marked No. 1) being signed by a Banker or some known responsible person.

2. Applications will be received for the payment of Notes which have been seriously mutilated or wholly lost or destroyed, provided they can be identified by the number and date, but they will be subject to a strict investigation, and will be paid only on the authority of the Head Commissioner of Paper Currency, Calcutta, or of the Commissioner at Madras or Bombay, at whose Head Circle the Note may be payable

3. The title of the applicant to the Note is important, and will vest, in the absence of anything to the contrary, in the last holder of the entire Note If a Note has been divided, and part lost in transmisson between two persons, the one who had never possessed the whole Note would not be regarded as the owner, unless he declared that value or credit had been given for the Note to its full amount Cases may frequently arise when the half of a Note, which has been divided by some dishonest person for the purpose of obtaining value upon each half, may pass into the hands of an innocent holder for value given. His redress would, in that case, be against his correspondent, and only in an exceptional instance would the Currency Department entertain his application for payment

4. The declarations will be prepared by the Currency Department, free of charge, upon Forms numbered 2 and 3—that of the claimant being always made upon Form No. 2 containing the property clause.

5 The Bond of Indemnity will also be prepared by the Currency Department upon Form numbered 4, free of expense to the applicant, except the Government Stamp. It will not in any case be taken for a less consideration than Rupees 100; and in cases where the amount of notes is above Rupees 50, the Bond will be taken in double the amount

6. So far as the declaration and security are concerned, all cases will be submitted to precisely the same form, but a difference will be observed in the period at which payment will be made The most numerous cases will probably be those in which a Note has been divided for safety, and one part is lost In these and in all cases where a

শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব প্রকাশ করিতে আজ্ঞা করিয়াছেন।

গবর্ণমেণ্টের যে নোট হারাণ যায় কি বিকৃতি প্রাপ্ত হয় তাহার টাকা পাইবার বিধি।

১। যদি নোটের অল্প বিকৃতি হয়, তবে তাহা যে প্রকারে বিকৃত হইয়াছে ইহার বিবরণ লিখিয়া কোন ব্যাঙ্কের কি প্রসিদ্ধ বিশিষ্ট ব্যক্তিকর্ত্তৃক স্বাক্ষরিত ক্ষতিনিবারণপত্রের সঙ্গে দিলে ঐ টাকা নোটের প্রকৃত স্বামিকে অনায়াসে দেওয়া যাইতে পারিবে। নিম্ন লিখিত ১ নং পাঠে ঐ পত্র লিখিতে হইবে।

২। যদি নোটের অধিক অংশ বিকৃত হয়, কি যদি হারাইয়া যায় কি নষ্ট হয়, তবে ঐ নোটের নম্বর ও তারিখ নিশ্চয় করিতে পারিলে তাহার টাকা পাইবার প্রার্থনা গ্রাহ্য হইবে। কিন্তু তাহার অতি কসাকসি অনুসন্ধান লওয়া যাইবে এবং কলিকাতায় নোটের প্রধান কমিস্যনর সাহেবের কিম্বা মান্দ্রাজে কি বোম্বাইয়ে কমিস্যনর সাহেবের অর্থাৎ যাঁহার প্রধান চক্রের নোট হয় তাঁহার আদেশ না হইলে টাকা দেওয়া যাইবে না।

৩। নোটের প্রতি প্রার্থকের স্বত্ব অতি গুরুতর বিষয়। সম্পূর্ণ নোট হারাইবার অব্যবহিত পূর্ব্বে যাঁহার হস্তে ছিল তাঁহার প্রকৃত স্বত্ব নাই ইহা দর্শান না গেলে তাঁহারই প্রতি স্বত্ব বর্ত্তিবে। যদি কোন নোটের দুই ভাগ করা যায়, ও অন্য লোকের নিকটে প্রেরণ সময়ে তাহার এক ভাগ হারাণ যায়, তবে সম্পূর্ণ নোট যাঁহার হস্তগত হয় নাই, তিনি স্বামি জ্ঞান হইবেন না। কিন্তু ঐ নোটের সমুদয় টাকার উপযুক্ত মূল্য কি জমা দিয়াছেন, ইহার প্রমাণ করিতে পারিলে স্বামী জ্ঞান হইবেন। স্থলবিশেষে কুটিল ব্যক্তি নোট দুই ভাগ করিয়া আপনি দুই অর্দ্ধেকের উপর মূল্য পাইবার উদ্যোগ করিয়া অর্দ্ধেক নোট কোন দ্রব্যের মূল্য স্বরূপে সরল ব্যক্তির হস্তগত করিতে পারিবে। এমন স্থলে ঐ সরল ব্যক্তি কুটিলের নামে নালিশ করিয়া ক্ষতি শোধ পাইতে পারেন। করেন্সি ডিপার্টমেণ্ট অতি বিশেষ স্থলভিন্ন কেবল কদাচিৎ তাহার টাকা পাইবার প্রার্থনা গ্রাহ্য করিতে পারিবেন।

৪। যে আবেদন করিতে হইবে তাহা করেন্সী ডিপার্টমেণ্টকর্ত্তৃক ২ ও ৩ নম্বরের পাঠানুসারে বিনা মূল্যে প্রস্তুত করা যাইবে। যে ব্যক্তি টাকার দাওয়া করে তাঁহার আবেদন ২ নং পাঠে সর্ব্বদা লিখিতে হইবে। ঐ পাঠে স্বামিত্ব বিষয়ক কথা আছে।

৫। আরো করেন্সী ডিপার্টমেণ্টকর্ত্তৃক ক্ষতিনিবারণ পত্রও ৪ নং পাঠে প্রস্তুত করা যাইবে। তাহাতে গবর্ণমেণ্টের ষ্টাম্পভিন্ন প্রার্থকের অন্য খরচ লাগিবে না। এক শতের ন্যূন টাকার ক্ষতিপূরণ পত্র গ্রাহ্য হইবে না। যদি নোটের মূল্য ৫০৲ টাকার অধিক হয়, তবে তাহার দ্বিগুণের ক্ষতিপূরণপত্র লওয়া যাইবে।

৬। আবেদন ও প্রতিভূসম্পর্কে সকল বিষয়ের একি নিয়মমতে কার্য্য হইবে। কিন্তু টাকা দিবার সময়ের বিশেষ আছে। নিরাপদে পঁহুছিবার আশয়ে নোট দুই ভাগ করিয়া পাঠান গেলে এক ভাগ হরণ হয় বোধ হয় অধিকাংশ স্থলে নোট এইরূপে যায়। এমত স্থলে নোটের অর্দ্ধেক থাকিলে তাহা নির্ণীত করা যাইতে পারে। অতএব হারাইবার পর কেবল দুই মাস গত

portion of the Note remains, from which it can be identified, a period of two months only from the loss will be required to elapse. In cases of entire Notes, when total destruction can be clearly proved, a period of twelve months must elapse; but when it is stated that a Note has merely been "lost," this period will be extended to five years.

7. Exception is necessary in the case of Notes for Rupees 1,000 and upwards, which may be only stated to be "lost." In such case, after the lapse of a year or two, the amount will be invested in Government Securities in the names of the Head Commissioner of Paper Currency and the Comptroller General of Accounts, and the dividends will be paid over to the loser. At the time of making this investment an agreement must be entered into by the claimant with the Currency Department, upon Form numbered 5. If at the end of twenty years from the date of the loss, the Notes be still outstanding, the Government Securities will then be sold, and the proceeds paid to the loser upon his giving security with two sureties, as in the cases before mentioned.

8. Intimation of the loss, destruction or mutilation of a Note or portion of a Note, must be sent to the Office where the Note is payable, thus,—

If it be a Calcutta Circle Note, notice should be sent to the Head Commissioner of Paper Currency, Calcutta.

If a Madras Circle Note, notice should be sent to the Commissioner of Paper Currency, Madras, and the Secretary and Treasurer, Bank of Madras.

If a Bombay Circle Note, notice should be sent to the Commissioner of Paper Currency, Bombay, and the Secretary and Treasurer, Bank of Bombay.

If an Allahabad Circle Note, notice should be sent to the Deputy Commissioner of Paper Currency, Allahabad, and Head Commissioner of Paper Currency, Calcutta.

If a Lahore Circle Note, notice should be sent to the Deputy Commissioner of Paper Currency, Lahore, and Head Commissioner of Paper Currency, Calcutta.

If a Nagpore Circle Note, notice should be sent to the Deputy Commissioner of Paper Currency, Nagpore and Head Commissioner of Paper Currency, Calcutta.

If a Calicut Circle Note, notice should be sent to the Deputy Commissioner of Paper Currency, Calicut, Commissioner of Paper Currency, Madras, and Secretary and Treasurer, Bank of Madras.

[*Government Gazette, 4th September* 1866.]

হইলে টাকা দেওযা যাইবে। যদি পুরা নোট নষ্ট করা যায় ও নষ্ট হইবার স্পষ্ট প্রমাণ হয়, তবে বারো মাস গত না হইলে ঐ নোটের টাকা দেওয়া যাইবে না। কিন্তু নোট হারণ গিয়াছে এইমাত্র উক্তি হইলে পাঁচ বৎসর পরে টাকা দেওয়া যাইবে।

৭। ১০০০৲ ও তদধিক টাকার নোট হারাণগিযাছে এইমাত্র উক্তি হইলে সেই নোটের বিশেষ নিয়ম এই। এক কি দুই বৎসর গত হইলে পর সেই টাকাতে পেপর করেনসীর প্রধান কমিসানর সাহেবের ও হিসাবের কমট্রোলর জেনরল সাহেবের নামে কোম্পানির কাগজ ক্রয করা যাইবে, ও যে ব্যক্তি নোট হারাইয়াছে তাহাকে সুদ দেওযা যাইবে। সেই কোম্পানির কাগজ ক্রয করিবার সমযে ঐ টাকার দাবিদার ৫ নং পাঠে নিযমপত্র লিখিযা করেনসী ডিপার্টমেন্টে দিবেন। ঐ নোট হারাইবার তারিখঅবধি বিশ বৎসর গত হইলেও যদি ঐ নোটের উদ্দেশ পাওযা না যায, তবে গবর্ণমেন্টের কাগজ বিক্রয় হইবে ও যাঁহার নোট হারাইযাছে তিনি পূর্ব্বোক্তমতে দুই জন প্রত্যয প্রতিভূ দিলে ঐ কাগজ বিক্রয়ের টাকা তাঁহাকে দেওযা যাইবে।

৮। নোটের টাকা যে আফিসে আদায় হইতে পারে সেই আফিসে ঐ নোটের কি তাহার এক অংশের হরণ কি নাশ কি বিকৃতির সম্বাদ দিতে হইবে যথা।

যদি কলিকাতা চক্রের নোট হয়, তবে কলিকাতার পেপর করেনসীর হেড কমিসানর সাহেবকে সম্বাদ দিতে হইবে।

যদি মান্দ্রাজ চক্রের নোট হয়, তবে মান্দ্রাজের পেপর করেনসীর কমিসানর সাহেবকে ও মান্দ্রাজ ব্যাঙ্কের সেক্রেটারী ও ট্রেজুরর সাহেবকে সম্বাদ দিতে হইবে।

যদি বোম্বাই চক্রের নোট হয, তবে বোম্বাইযের পেপর করেনসীর কমিসানর সাহেবকে ও বোম্বাই ব্যাঙ্কের সেক্রেটারী ও ট্রেজুরর সাহেবকে সম্বাদ দিতে হইবে।

যদি আলাহাবাদচক্রের নোট হয, তবে আলাহাবাদের পেপর করেনসীর ডেপুটী কমিসানর সাহেবকে ও কলিকাতার পেপর করেন্সীর হেড কমিসানর সাহেবকে সম্বাদ দিতে হইবে।

যদি লাহোরচক্রের নোট হয, তবে লাহোরের পেপর করেন্সীর ডেপুটী কমিসানর সাহেবকে ও কলিকাতার পেপর করেন্সীর হেড কমিসানর সাহেবকে সম্বাদ দিতে হইবে।

যদি নাগপুর চক্রের নোট হয়, তবে নাগপুরে পেপর করেন্সীর ডেপুটী কমিসানর সাহেবকে ও কলিকাতার পেপর করেন্সীর হেড কমিসানর সাহেবকে সম্বাদ দিতে হইবে।

যদি কলিকট চক্রের নোট হয়, তবে কলিকটের পেপর করেন্সীর ডেপুটি কমিসানর সাহেবকে ও মান্দ্রাজের পেপর করেন্সীর কমিসানর সাহেবকে ও মান্দ্রাজ ব্যাঙ্কের সেক্রেটারী ও ট্রেজুরর সাহেবকে সম্বাদ দিতে হইবে।

If a Trichinopoly Circle Note, notice should be sent to the Deputy Commissioner of Paper Currency, Trichinopoly, Commissioner of Paper Currency, Madras, and Secretary and Treasurer, Bank of Madras.

9. The person making the statement respecting a lost or destroyed Note, or portion of Note, will be required to advertise its loss (free of charge) thrice at least, in the *Official Gazette* of the Presidency or place where or within which the note is payable, and once in the *Gazette of India.*

10. Throughout these Rules, the expression "lost note" includes a stolen Note, and the expression "destroyed Note" includes a Note lost under such circumstances as render its recovery physically impossible.

যদি ত্রিচিন্নপল্লি চক্রের নোট হয়, তবে ত্রিচিন্নপল্লির পেপর করেন্সীর ডেপুটী কমিসানর সাহেবকে ও মান্দ্রাজের পেপর করেন্সীর কমিসানর সাহেবকে ও মান্দ্রাজ ব্যাঙ্কের সেক্রেটারী ও ত্রেজুরর সাহেবকে সম্বাদ দিতে হইবে।

৯। যিনি কোন নোট কি নোটের একাংশ হৃত কি নষ্ট হইবার আবেদন করেন, ঐ নোটের টাকা যে রাজধানীর কি স্থানের মধ্যে আদায় হইতে পারে সেই স্থানের রাজকীয় গেজেটে তিনি ন্যূনকল্পে তিন বার ও ইণ্ডিয়া গেজেটে একবার ঐ নোট হারাইবার সম্বাদ প্রকাশ করিবেন। ইহাতে তাঁহার খরচ লাগিবে না।

১০। এই বিধির মধ্যে হারাণ নোট শব্দেতে চোরা নোটও বুঝায়। এবং যদি নোট এমন ভাবে নষ্ট হয় যে তাহা কোন প্রকারে ফিরিয়া পাওয়া যাইতে না পারে, তবে বিনষ্ট নোট শব্দে ঐ প্রকার নোটকে বুঝায়।

FORM No. 1.

WHEREAS I the undersigned have applied to the Head Commissioner of Paper Currency (or Commissioner of Madras or Bombay, as the case may be) for payment of the amount of the annexed Note No dated of which the particulars are given below in consequence of the same being mutilated and having received payment thereof, I do hereby agree to save harmless and keep indemnified the Secretary of State for India in Council from and against all claims and demands which shall or may be made upon him and the Currency Department by any other person or persons for payment of the said Note and of and from all expenses which shall or may be incurred by the said Secretary of State for India in Council in defending any suit at law or in equity that shall or may be commenced against him to recover or enforce payment of the said Note whatsoever. Dated day of 186 .

Witness

Signed sealed, &c.

১ নং পাঠ।

অমুক তারিখের অমুক নম্বরের যে নোটের বিবরণ নিম্ন ভাগে লেখা যাইতেছে সেই নোট বিকৃত হওয়াতে নিম্ন লিখিত আমি পেপর করেনসীর প্রধান কমিসানর সাহেবের (কিম্বা বিষয়বিশেষে মান্দ্রাজের কি বোম্বাইয়ের কমিসানর সাহেবের) নিকটে ঐ নোটের টাকা পাইবার প্রার্থনা করিয়া সেই টাকা পাইয়াছি। এই হেতুক যদি কোন ব্যক্তি কি ব্যক্তিরা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের উপর এবং করেনসী ডিপার্টমেণ্টের উপর উক্ত নোটের টাকা পাইবার কোন দাওয়া করেন, তবে তদ্বিষয়ে কিম্বা যদি উক্ত নোটের টাকা পাইবার কিম্বা বলপূর্ব্বক লইবার নিমিত্তে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত ষ্টেট সেক্রেটারীর নামে আইন কি একুটি পক্ষে কোন মোকদ্দমা করেন, তবে সেই মোকদ্দমার উত্তর করিতে তদীয় যে সকল অর্থ ব্যয় হয় তৎপক্ষে আমি তাঁহাকে নির্ব্বিঘ্নে রক্ষা করিব ও তাঁহার ক্ষতিনিবারণ করিব এতদর্থে এই প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিলাম। সাল তাং

সাক্ষী

স্বাক্ষর ও মোহর করা প্রভৃতি।

FORM No. 2.

I, A B, of do state that on or about the 186 , I sent by Post from the above place contained in a letter and addressed to C D a* Currency Note, the particulars of which are at the foot hereof, which, as I am informed and believe, he has not received of and have since learnt that the [Note] was [" lost" or " destroyed"] by†

* Half of
A portion of
As the case may be

Half Note
Portion of a Note

† Here state the particular circumstances under which the loss or destruction occurred so far as the same are known.

And I the said declarant do further state that, at the time I so despatched the said [Note] I was the lawful holder thereof and that I have never received any consideration or value for the same myself nor hath any other person or persons for my use or benefit as I know or verily believe.

Half
Portion

Signed sealed, &c.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৪ সেপ্টেম্বর।]

Particulars of Currency Note of the Government of India of the Calcutta Circle of Issue, referred to in the above Bond.

Series or date and number of Note.	Value of Note.	Series or date and number of Note.	Value of Note.
†			

† *N B*—The serial letter and number or the date of the Note must be given, besides the consecutive number, thus, A00000, or 0000, dated 13th July 1861

২ নং পাঠ।

অমুক স্থানবাসি শ্রীঅমুক অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কি তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে এক থান করেনসী নোট* পত্রে দিয়া শ্রী অমুকের শিরোনামা লিখিয়া উক্ত স্থানহইতে ডাকযোগে পাঠাইলাম, তাহার বিবরণ নিম্নভাগে লিখিলাম। অবগত হইলাম যে তিনি ঐ নোট পান নাই পরে শুনিলাম যে ঐ নোট হারাইয়া গিয়াছে কি নষ্ট হইয়াছে † এই কথাও বিশ্বাস করি এতদর্থে এই আবেদনপত্র লিখিয়া দিলাম।

আরো আবেদনকারি আমি যে সময় উক্ত নোট‡ পাঠাইয়াছিলাম, সেই সময়ে তাহার ন্যায়মত অধিকারী ছিলাম, এবং ঐ নোটের বিনিময়ে কি তাহার মূল্যস্বরূপ কিছুই কখন পাই নাই এবং আমার জ্ঞান ও সত্য বিশ্বাসত অন্য কোন ব্যক্তি আমার ব্যবহারের কি উপকারের নিমিত্তে ঐ নোটের বিনিময়ে কি তাহার মূল্যস্বরূপ ছু কখন পান নাই এতদর্থে এই আবেদনপত্র লিখিয়া দিলাম।

স্বাক্ষর ও মোহর প্রভৃতি।

* কিম্বা বিষয়বিশেষে অৰ্দ্ধ নোট কি নোটের কাংশ।

† নোট যে প্রকারে হারাণ গেল কি নষ্ট করা গেল হার যত কথা জানা আছে তাহা লিখিতে হইবে।

‡ কি অৰ্দ্ধ নোট প্রভৃতি।

উক্ত প্রতিজ্ঞাপত্রে কলিকাতা চক্রের ভারতবর্ষের গবর্ণমেন্টের যে করেন্সী নোটের উল্লেখ হইয়াছে তাহার বিবরণ এই।

নোটের শ্রেণী কি তারিখ ও নম্বর।	নোটের মূল্য।	নোটের শ্রেণী কি তারিখ ও নম্বর।	নোটের মূল্য।
†			

† নোটের নম্বর যেমন দিতে হয় তেমনি অক্ষর ক্রমে ঐ নোটের অক্ষর ও তৎসংযুক্ত নম্বর ও তারিখ দিতে হইবে যথা A০০০০০ কি ০০০০। ১৮৬১ সাল তাং ১৩ জুলাই।

FORM No. 3.

I, C D, of do state that on or about the 186 ,
as I am informed and believe A B of sent by
the Post therefrom contained in a letter addressed
to me as above a Government Currency Note*
particulars of which are at the foot hereof, which I have not received.

* Half of
One portion of

Signed sealed, &c.

Particulars of Currency Note of the Government of India of the Calcutta Circle of Issue, referred to in the above Bond.

Series or date and number of Note.	Value of Note.	Series or date and number of Note.	Value of Note.
†			

† *N. B.*—The serial letter and number or the date of the Note must be given, besides the consecutive number, thus, $\frac{A}{11}$0000, or 00000, dated 13th July 1861.

... claims and demands ...

and ... said Note ...

৩ নং পাঠ।

অমুক স্থাননিবাসি শ্রী অমুক অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কি তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানবাসি শ্রী অমুক আমার নামে পত্র লিখিয়া তাহাতে গবর্ণমেণ্টের এক খানি করেন্সী নোট * দিয়া উক্ত স্থানবাসি আমার নামে ডাকযোগে পাঠাইলেন ইহা অবগত হইয়াছি ও বিশ্বাস করি। কিন্তু আমার নিকটে ঐ নোট পঁহুছে নাই। এতদর্থে আবেদনপত্র লিখিয়া দিলাম। ঐ নোটের বিবরণ নিম্নভাগে লেখা যাইতেছে।

*কি অর্দ্ধ নোট কি নোটের এক অংশ।

স্বাক্ষর ও মোহর প্রভৃতি।

উক্ত আবেদনপত্রের মধ্যে কলিকাতা চক্রের ভারতবর্ষের গবর্ণমেণ্টের যে করেন্সীর নোটের উল্লেখ হইয়াছে, তাহার বিবরণ এই।

নোটের শ্রেণী কি তারিখ ও নম্বর।	নোটের মূল্য।	নোটের শ্রেণী কি তারিখ ও নম্বর।	নোটের মূল্য।
†			

† মন্তব্য। নোটের নম্বর যেমন দিতে হয় তেমনি অক্ষর ক্রমে ঐ নোটের যে অক্ষর ও তাহার তলে যে নম্বর ও তাহার যে তারিখ আছে তাহাও লিখিতে হইবে। যথা $\frac{A}{11}$০০০০০ কিম্বা ০০০০ নং। ১৮৬১ সাল, তাং ১৩ জুলাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৪ সেপ্টেম্বর।]

FORM No. 4.

Know all men by these presents that we A B of
C D of
and E F of
are held and firmly bound unto the Secretary of State for India in Council in the sum of Rupees

Rs. 100 or double the amount of the Note or Notes whichever is the larger sum.

৩। কৌথালী নদীর সহিত জালাকাটী ভোরাণী খালের সংযোগ স্থান অবধি জলাকাটী নদীতে ইহার সঙ্গম স্থান পর্য্যন্ত।

১। প্রত্যেক নৌকা যখন উপরোক্ত কোন খালে প্রবেশ করে তখন দেয় মাস্নুল অবধারণার্থে খালের কুতঘাটের কার্য্যকারক তাহা মাপ করিতে পারিবেন।

২। বোঝাই কি খালী হউক, নৌকাতে যত মণ বোঝাই ধরে তাহা খালের আইনের ও এই বিধির অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত মতে পরিমাণ করণদ্বারা নিশ্চয় করা যাইবে, অর্থাৎ—

(ক) গলহী অবধি পশ্চদ্ভাগ পর্য্যন্ত জলের রেখা ধরিয়া পরিমাণ করিলে নৌকার যে দীর্ঘতা হয় তাহার অর্দ্ধেক, ও নৌকার খোলের অতি প্রশস্ত স্থানের প্রস্থ এবং জলরেখা অবধি নৌকার তলপর্য্যন্ত গভীরতা, এই তিনের সংখ্যা পরস্পর গুণ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা মণের সংখ্যা বলিয়া সেই সংখ্যার মণের উপর মাস্নুল ধার্য্য করিতে হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিতে গেলে ইঞ্চি ছাড়িয়া কেবল ফুট ধরিতে হইবে, এবং প্রস্থের ও গভীরতার পরিমাণ করিতে গেলে ফুটের চতুর্থাংশ অপেক্ষা ক্ষুদ্রাংশ ছাড়িয়া ফুট ও ফুটের চতুর্থাংশ ধরিতে হইবে।

(গ) কত মাস্নুল লইতে হইবে তাহার হিসাব করিতে গেলে ১০০ মণের যে ভগ্নাংশ ৫০ মণ অপেক্ষা কম তাহা ধরিতে হইবে না। ও ৫০ মণের অধিক যে ভগ্নাংশ তাহা ৫০ মণ ধরিতে হইবে।

৩। দীর্ঘে ৫০ ফুট ও প্রস্থে ৫ ফুটের অধিক হইলে মাড় উক্ত কোন খালে প্রবেশ করিতে পারিবে না। মাড়েরমত দৃঢ়রূপে বান্ধা না হইলে শালাদি কাষ্ঠের কি বাঁশের কি ঘাসের মাড় যাইতে পারিবে না।

৪। যে প্রত্যেক নৌকা উক্ত কোন খালে প্রবেশ করে, নির্দ্দিষ্ট মাস্নুল দিলে তাহার এক খান টিকেট দেওয়া যাইবে। প্রবেশ করণের তারিখ, যত মণী নৌকা, যত মাস্নুল দেওয়া গেল তাহা ঐ টিকিটে লেখা থাকিবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৫ সেপ্টেম্বর।]

5. No vessels whatever, except such as are employed on works connected with the maintenance or improvement of the lines of channels in question, shall be exempted from paying toll.

6. Every vessel or raft which has paid toll shall be allowed three days to pass through any one of the channels, the days of entering and leaving being both included; and any vessel or raft remaining in any part of the channels longer than the period above fixed, shall for each day in excess of such period be charged demurrage equal to one-half of the toll paid. Every vessel or raft remaining in any one of the channels more than one month, without authority from the Supervisor, shall be subject to be summarily removed.

7. Any person infringing any of the above Rules or wilfully interfering in their enforcement, shall be liable, under Section XI. of the Canals' Act, to a fine not exceeding 50 Rupees for any one offence.

LOCAL—CIVIL BUILDINGS.

No. 227.

The 18*th September* 1866.

Declaration under Section II. of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for the formation of a Cemetery near the Railway Station of Jemalpore, it is hereby declared that, for the above purpose, 4*b.*, 13*c.*, 12*d.*, 15*d.* standard, equivalent to 2*b.*, 9*c.*, 10*d.* Pergunnah measurement, more or less, in the village of Alinuggur Mongrowrah, Pergunnah Sakuhrapatty, in the district of Monghyr, are required.

The land is bounded on the East, West, and North by the lands of Mouzah Alinuggur Mungrowrah, and on the South by those of Seecunderpoor.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

W. B. MACRONE,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

[*Government Gazette*, 25*th September* 1866.]

৫। যে সকল নৌকা উক্ত তিন খালের কোন এক খালের রক্ষা কি সৌষ্ঠব করণ সম্পর্কীয় কার্য্যে নিযুক্ত আছে কেবল তাহারই মাসুল লাগিবে না।

৬। যে প্রত্যেক নৌকার কি মাড়ের মাসুল দেওয়া হইয়াছে তাহার ঐ তিন খালের মধ্যে কোন এক খালে প্রবেশ করিবার কি খালহইতে বাহির হইবার দিন সুদ্ধ খাল দিয়া গমনার্থে তিন দিনের অবকাশ দেওয়া যাইবে, ও যে নৌকা কি মাড় পূর্ব্বোক্ত নির্দ্দিষ্ট কালের অধিক উক্ত খালের কোন স্থানে থাকে তাহার উপর বিলম্বজন্য মাসুল বলিয়া দিনপ্রতি অর্দ্ধেক হারে মাসুল লওয়া যাইবে সুপরিন্টেণ্ডেন্টের অনুমতি ব্যতিরেকে কোন নৌকা এক মাসের অধিককাল খালে থাকিলে তাহা সরাসরীমতে স্থানান্তর করা যাইতে পারিবে।

৭। পূর্ব্বোক্ত কোন এক বিধি কোন ব্যক্তি লঙ্ঘন করিলে কি তাহার প্রবল নিবারণ বিষয়ে ইচ্ছাপূর্ব্বক হস্তক্ষেপ করিলে খাল বিষয়ক আইনের ১১ ধারামতে তাহার কোন এক অপরাধের জন্যে ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

স্থানীয় সমাধি নির্ম্মাণ বিষয়ক।

---

২২৭ নম্বর।

১৮৬৬ সাল ১৮ সেপ্টেম্বর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ জামালপুরের রেলওয়ে ষ্টেশনের নিকট সমাধি স্থান প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক দণ্ডের মাপের ৪।।৩ কাঠা ১২ ডি ১৫ ডি অর্থাৎ পরগনার মাপের ২।৪ কাঠা ১০ ডি পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমি মুঙ্গের জিলার অন্তর্গত শাখরাপটি পরগনার আলীনগর মংগ্রৌরা গ্রামে স্থিত।

উক্ত ভূমির পূর্ব্ব, পশ্চিম ও উত্তর সীমা মৌজা আলীনগর মংগ্রৌরার ভূমি, দক্ষিণ সীমা সেকন্দরপুরের ভূমি।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক আছে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

ডবলিউ, বি, মাক্রোন্,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের এক্টিং আসিষ্টাণ্ট
সেক্রেটারী।

NOTIFICATION.

His Honor the Lieutenant-Governor of Bengal having complied with a request made by the residents in "Coolie Bazar" that the name of that place might be changed to "Hastings," as suggested by its proximity to Hastings' Bridge, it is hereby notified that in all public and official communications it is to be henceforth designated as Hastings, and not Coolie Bazar.

Stuart Hogg,
Commissioner of Police.

Calcutta Police Office,
The 13th September 1866.

বিজ্ঞাপন।

কুলিবাজার নিবাসি লোকেরা প্রার্থনা করিয়াছিলেন যে ঐ স্থানের নাম কুলিবাজারের পরিবর্ত্তে হেষ্টিংস হয়, যেহেতু তন্নিকটস্থ সাঁকোর নাম হেষ্টিংস সাঁকো অতএব বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহাতে সম্মত হওয়াতে সংবাদ দেওয়া যাইতেছে যে এই অবধি রাজকীয় ও কার্য্যসম্পর্কীয় পত্রাদিতে কুলিবাজার না লিখিয়া "হেষ্টিংস" লিখিতে হইবে।

ষ্টুয়ার্ট হগ,
পোলীসের কমিস্যনর।

কলিকাতা পোলীস কার্য্যালয়।
১৮৬৬ সাল ১৩ সেপ্টেম্বর।

NOTICE

Is hereby given that from this date the Judge of the Small Cause Court and Cantonment Magistrate of Barrackpore will hold his Office on Wednesday and Saturday in each week, to dispose of the Small Cause Court cases, and on the other days of the week to dispose of the Criminal cases.

E. W. E. Howard, *Major,*
Offg. Judge of the Court of Small Causes
and Cantonment Magistrate of Barrackpore.

The 31st August 1866.

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বারাকপুরের ক্ষুদ্র মোকদ্দার আদালতের জজ ও কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট প্রতি সপ্তাহের বুধ ও শনিবাসরে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের মোকদ্দমার, ও অন্য২ দিনে ফৌজদারী মোকদ্দার বিচার করিবেন।

ই ডবলিউ ই হৌয়ার্ড মেজর,
বারাকপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের
জজ ও কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট।

১৮৬৬ সাল ৩১ আগষ্ট।

Bye-Laws under Act III. (B. C.) of 1864, for the Municipality of Darjeeling.

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. Each quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say :—

The instalment payable on account of the quarter ending ...	31st July.	May be levied on and after	1st May.
	,, Oct.		,, Aug.
	,, Jan.		,, Nov.
	30th April		,, Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioner

১৮৬৪ সালের ৩ আইনমতে দারজিলিঙ্গের বাই লা অর্থাৎ মুনিসিপলটী।

তহসীলের সময় ও বিধি নির্দ্ধারণবিষয়ক।

১। আইন উল্লিখিত প্রত্যেক ত্রৈমাসিকের টাক্স এবং রেট সমুদায় উক্ত ত্রৈমাসিকের প্রারম্ভেই প্রাপ্তব্যরূপে পরিগণিত হইবে এবং তদ্ধেতু উক্ত টাক্স বা রেট কথিত ত্রৈমাসিকের প্রারম্ভের পর যে কোন সময়ে হউক আদায় করা যাইতে পারিবে অর্থাৎ ৩১ জুলাই ৩১ অক্টোবর ৩১ জানুআরি ও ৩০ আপ্রেল যে ত্রৈমাসিকের শেষ হইবে সেই ত্রৈমাসিকের রেট বা টাক্স যথাক্রমে ১লা মে ১লা আগষ্ট ১লা নবেম্বর বা ১লা ফেব্রুআরি অথবা তদপরে সংগৃহীত হইতে পারিবে।

২। তহসীলের ভারপ্রাপ্ত কর্ম্মচারি আইনের ২৯ এবং ৩৯ ধারানুসারে যে সকল ফর্দ্দ প্রস্তুত হইবেক তদ্দৃষ্টে ৪৪ ধারার কথিত বিল সকল প্রস্তুত করাইবেক এবং ঐরূপ প্রস্তুত হওয়া বিল সকল কমিস্যনরদিগের বা তাহারদিগের নিযুক্তীয় অন্য কোন কর্ম্মচারির

or their Secretary, if there be one, to the subordinate officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to shew this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rate or taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

7. The officer to whom a bill may be issued for presentation, shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

8. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall after warning continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution, of a criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

9. Every owner, occupier, or other person, shall permit the Commissioners, or any one appointed by them, under a written authority, for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that

অথবা যদি কেহ তাহাদিগের সেক্রেটারী থাকে তবে তাহাদ্বারা স্বাক্ষরিত হইয়া তহসীল সংক্রান্ত অধীনস্থ কার্য্যকারিদিগকে প্রদত্ত হইবেক এবং তাহারা পশ্চাৎ লিখিত নিয়মানুসারে ঐ সকল বিলের লিখিত ব্যক্তিগণকে তহসীল জন্য প্রদর্শন করাইবে।

৩। তহসীল সংক্রান্ত প্রত্যেক কর্ম্মচারিকে তাহাদিগের তহসীল করিবার ক্ষমতার নিদর্শনস্বরূপ এক এক সর্টিফিকেট প্রদত্ত হইবে এবং ঐরূপ প্রত্যেক সর্টিফিকেটে মিউনিসিপলিটির মোহর ও সভাপতির বা প্রতিনিধি সভাপতির স্বাক্ষর থাকিবেক এবং তহসীল কালীন আবশ্যক হইলে প্রত্যেক কর্ম্মচারি তৎক্ষণাৎ তাহা দেখাইবেক।

৪। তহসীল সংক্রান্ত প্রত্যেক কর্ম্মচারি কোন বিষয়ের প্রাপ্য টাকা পাইলে তাহার এক রসীদ দিবে।

৫। যদি কোন বিষয়ের স্বামির নাম জানা না যায় তবে তাহার এত্তেলানামা জারী করিতে হইলে বা তাহার নামে অপর আইনোক্ত কার্য্য করিতে হইলে সেই বিষয়ের স্বামী বলিয়া উল্লেখ করিলেই যথেষ্ট হইবে এতদ্ভিন্ন অন্য কোন বিবরণের প্রয়োজন হইবে না।

৬। আইনানুসারে প্রাপ্য রেট বা টাক্সের বিল সম্ভব পর হইলে বিলের লিখিত ব্যক্তির নিকট প্রদর্শন করাইতে হইবেক এবং প্রদর্শন অসম্ভব হইলে তাহার বাসস্থানে রাখিয়া আসিবেক তাহা হইলেই ৪৪ ধারার কথিত প্রদর্শন হইয়াছে বুঝিতে হইবেক।

৭। তহীসল করণ জন্য কোন কর্ম্মচারিকে বিল প্রদত্ত হইলে সে উক্ত বিল প্রদর্শন কালীন অথবা প্রদর্শনের তারিখহইতে ১০ দিনের মধ্যে কোন সময়ে তল্লিখিত টাকা গ্রহণ করিবেক।

৮। মিউনিসিপল কমিস্যনরগণ আইনানুসারে চাহিতে পারেন এমত কোন বিষয়ের সিডৌল কিম্বা এত্তেলা কোন ব্যক্তির নিকট প্রেরণ করা হইলে আইনের ৮১ ধারার বিধান মতে জারী হওনের দিবসাবধি সপ্তাহের মধ্যে জিজ্ঞাস্য বিষয়ের সংবাদ সম্বলিত উক্ত সিডৌল বা এত্তেলা মিউনিসিপল কমিস্যনরদিগের কার্য্যালয়ে ফিরিয়া পাঠাইতে হইবে আর যদি কেহ তাহা উক্ত সময়ের মধ্যে না পাঠান তবে সেই ব্যক্তি ৫৲ টাকার অনধিক দণ্ডার্হ হইবেক এবং কমিস্যনরদিগের কর্ত্তৃক সতর্ক করা হইলেও যত দিন পর্য্যন্ত ফিরিয়া দিতে অমনোযোগ করিবে তাহার প্রতিদিন ২৲ টাকা করিয়া দণ্ড দিতে হইবেক। পরন্তু কোন ব্যক্তি জানিয়া শুনিয়া যদি কোন মিথ্যা সংবাদ লিখিয়া দিলে ৫৲ টাকার অনধিক দণ্ডার্হ হইবেক এবং উপযুক্ত বোধ হইলে ভারতবর্ষীয় দণ্ডবিধি অনুসারে তাহার নামে নালিশ করিতে হইলে এই উপবিধিতে কোন প্রতিবন্ধক হইবেক না।

৯। প্রত্যেক স্বামী বাসিন্দা অথবা অন্য কোন ব্যক্তি কমিস্যনরদিগকে কিম্বা তাহাদিগের নিয়োজিত লিখিত পূর্ব্বক ভারপ্রাপ্ত কোন কর্ম্মচারিকে প্রত্যেক আস্তাবলে বা গাড়ি রাখিবার ঘরে অথবা যেখানে আইনের ৩৫ ধারা অনুসারে টাক্স হইবার যোগ্য কোন গাড়ি বা পশ্বাদি থাকে বলিয়া বোধ হয় তত্তৎস্থানে

there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners, or any person duly authorized by them in making such entry and inspection, shall be liable to a fine not exceeding Rupees 20.

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose service may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance, for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty, or wilful breach or neglect of any rule, regulation, or order made or given by competent

সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্তের মধ্যে যে কোন সময়ে হউক প্রবেশ করিয়া তত্ত্বানুসন্ধান করিতে দিবে যে কোন ব্যক্তি কমিস্যনরদিগকে অথবা তাহাদিগের দ্বারা উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত কোন কর্ম্মচারিকে ঐরূপ প্রবেশ ও দর্শন করিতে বাধা দেন তাহার ২০৲ টাকার অনধিক দণ্ডে দণ্ডার্হ হইবেক।

১০। কমিস্যনরগণকর্তৃক অন্যরূপ আদেশীত না হইলে আইনের লিখিত যে সমস্ত ক্রোকী পরওয়ানা প্রচার হইবে তাহা তহসীল সংক্রান্ত কর্ম্মচারিদিগের দ্বারায় জারী হইবেক এবং ক্রোকী দ্রব্যাদি বিক্রয় হওয়া অথবা বাকীদারের নিকট হইতে প্রাপ্য টাকা আদায় না হওয়া পর্য্যন্ত উক্ত দ্রব্যাদি ঐ কর্ম্মচারির জিম্মায় থাকিবেক এবং উক্ত কর্ম্মচারি আইনের লিখিত সি ফারমে ঐ ক্রোকী দ্রব্যাদির এক ফর্দ্দ দিবেক।

১১। ক্রোক হইবামাত্রই যে ব্যক্তি ক্রোক করিবেক সে ক্রোকের তারিখহইতে ৭ রোজের অন্যূন মেয়াদে বিক্রয় দিন স্থির করিয়া বাকীদারের বাটিতে এক ইস্তাহার দিবেক এবং বিক্রয়ের দিনেতে ঢোল শহরতের দ্বারায় সংবাদ দিবেক।

১২। বিক্রয় হইবামাত্রই ঐ বিক্রীত দ্রব্যাদির মুল্য লওয়া ও খরিদ্দারকে বিক্রীত দ্রব্য দেওয়া হইবেক যদ্যপি খরিদ্দার তাহার ডাকের সমুদায় টাকা দিতে অপারক হয় তবে ক্রোক কারী তাহার বিবেচনা অনুসারে উক্ত দ্রব্যাদি সেই দিবসে বা অন্য কোন দিবসে বিক্রয় করিতে পারিবে এবং তাহাতে যদি কোন ক্ষতি হয় তবে প্রথম খরিদ্দার কমিস্যনরদিগের নিকট উক্ত ক্ষতির দাইক হইবে এবং তাহা কমিস্যনরদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় হইবেক।

কমিস্যনরদিগের নিয়োজিত ব্যক্তিগণের আচরণ বিষয়ক।

১৩। কমিস্যনরদিগের কর্তৃক নিয়োজিত কর্ম্মচারিগণকে প্রয়োজন না হইলে এক মাস পূর্ব্বে তদ্বিষয়ের সংবাদ দিলে কিম্বা এক মাসের বেতন পুর্ব্বে দিয়া তাহাদিগকে কর্ম্ম হইতে অবসর করা যাইতে পারিবেক এবং কোন কর্ম্মচারি কর্ম্ম ত্যাগ করিতে চাহিলে তদনুরূপ এক মাস পূর্ব্বে সংবাদ না দিলে অথবা এক মাসের বেতন ক্ষতি স্বীকার না করিলে কর্ম্ম ছাড়িতে পারিবে না।

১৪। কমিস্যনরদিগের অধীনে যে সকল কর্ম্মচারিরা নিযুক্ত আছেন বা ভবিষ্যতে নিযুক্ত হইবেন তাহারা হুকুম পাইলে কমিস্যনরগণ কর্তৃক সময়ে২ নির্দ্দিষ্ট পরিমাণে জামিনী দাখিল করিবেন যে কোন কর্ম্মচারি উপযুক্ত সময়ে বা কমিস্যনরগণ কর্তৃক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐরূপ জামিন দিতে অক্ষম হইবেন তাহাকে কর্ম্ম হইতে অবসর করিবেন।

১৫। যখন কমিস্যনরগণ এমত কোন সন্তোষজনক প্রমাণ পান যে তাহাদিগের নিয়োজিত কোন ব্যক্তি কর্ত্তব্য কর্ম্মে অবহেলা করিয়াছে অথবা কোন নিয়ম ও বিধি বা উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট ব্যক্তির আদেশ ইচ্ছাপুর্ব্বক লঙ্ঘন বা অবহেলা করিয়াছে অথবা বিনা অনু-

authority, or has withdrawn from the duties of his office without permission, or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering loss or injury, or has failed to perform any duty with all due diligence, or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix, or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable, at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any person being, or having been, in their employ, with a view to the recovery or damages for any loss or injury which they may have sustained in consequence of any act done, or omitted to be done, by such person.

On matters of Conservancy.

18. The external roofs and walls of any hut, or any other building whatever, about to be erected or renewed in or near any public highway, shall not be made of grass, leaves, mats, or any other inflammable material.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

19. No person shall dig or make, or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course, or other excavation, without the written permission of the Commissioners.

[*Government Gazette*, 25*th September* 1866.]

মতিতে বা এক মাস পূর্ব্বে সংবাদ না দিয়া স্বীয় কর্ম্ম হইতে বিরত হইয়াছে অথবা এমত কোন কর্ম্ম করিয়াছে বা এমত কোন কর্ম্ম করণে অবহেলা করিয়াছে যদ্দ্বারা কমিস্যনরদিগকে কোন ক্ষতি সহ্য করিতে হইবেক বা হইবার সম্ভাবনা অথবা কোন কর্ম্মে উপযুক্ত পরিশ্রম করে নাই অথবা কোন উচ্চ পদবিশিষ্ট কর্ম্মচারির প্রতি কোন অবাধ্যাচরণ কর্ম্ম করিয়াছে কিম্বা তাঁহার কার্য্যসম্বন্ধে উপযুক্ত বেতনের অতিরিক্ত কাহারও নিকটহইতে নিজের কিম্বা অপর কোন ব্যক্তির নিমিত্ত কিছু গ্রহণ করিয়াছে কিম্বা পাইয়াছে অথবা গ্রহণ করিতে স্বীকার করিয়াছে বা করাইয়াছে অথবা তাহার কর্ম্মসম্বন্ধে জানিয়া শুনিয়া কোন মিথ্যা সংবাদ দিয়াছে কিম্বা অপর কোন আইনের দণ্ডার্হ কর্ম্ম করিয়াছে তাহা হইলে অন্য কোন আইনে যে দণ্ড হইবেক তদতিরিক্ত তাহার এক মাসের বেতন জরীমানা বা কমিস্যনরদিগের নির্দ্ধারিত সময় পর্য্যন্ত কর্ম্মহইতে স্থগিত বা নীচ পদাভিষিক্ত বা কর্ম্মচ্যুত হইবেক কোন ব্যক্তি এইরূপে কর্ম্মচ্যুত হইলে সভাপতি সাহেবের বিবেচনামত তাহার এক মাস অনধিক কালের প্রাপ্য বেতন দণ্ড হইতে পারিবেক।

১৬। কমিস্যনরদিগের কর্তৃক নিয়োজিত কোন কর্ম্মচারির নামে কর্ত্তব্য কর্ম্মের অবহেলা করণে বা অবৈধ আচরণের অভিযোগ করিতে বা গ্রহণ করিতে বা তদ্বিষয়ের অনুসন্ধান করিতে সভাপতি বা প্রতিনিধি সভাপতি পারিবেন।

১৭। কোন কর্ম্মচারির কৃতকার্য্য বা অভিপ্রেত কার্য্যজন্য কমিস্যনরগণ ক্ষতি বা অনিষ্ট বোধ করিলে তাহারা ঐ কর্ম্মচারির বিরুদ্ধে কোন উপযুক্ত আদালতে ক্ষতিপূরণের নালিশ করিতে পারিবেন ইহার দ্বারা সে বিষয়ের কোন নিবারণ রহিল না।

পরিষ্কার বিষয়ক।

১৮। কেহ কোন সাধারণ রাস্তার উপর অথবা তাহার নিকটবর্ত্তি স্থানে গৃহাদি প্রস্তুত কিম্বা কোন ভগ্ন গৃহ পুনঃ নির্ম্মাণ করিতে হইলে তাহার বেষ্টন (অর্থাৎ বেড়া) ও চাল তৃণপত্রাদি বা অন্য কোন শীঘ্র জ্বলনশীল পদার্থ দ্বারা নির্ম্মাণ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

১৯। কমিস্যনরদের লিখিত আজ্ঞা না পাইলে কোন ব্যক্তি কোন স্থানে পুষ্করিণী কি জলাশয় কি কূপ কি খানা কি জলপ্রণালী কি অন্য কোন গর্ত্ত খননকরিতে কি করিতে কিম্বা খননকরাইতে কি করাইতে পারিবে না।

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

20. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

21. No person shall deposit, or cause to be deposited, in, or by the side of, any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

22. No person shall construct, or place over, or by the side of, any public drain, any bridge, platform, building, or structure of any kind, except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

23. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

24. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice, within the time prescribed by the Commissioners

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

25. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

26. No person shall steep in any tank, or ditch, within municipal limits, any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank, or ditch, offensive or noxious to the neighbourhood.

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

২০। কোন ব্যক্তি কোন গৃহ বা অট্টালিকার উপর জল আনয়ন বা নির্গত হওনের জন্য নল অথবা অন্য কোন বস্তু এমত প্রকারে স্থাপন করিতে বা করাইতে পারিবে না যে যদ্দ্বারা ঐ জল নির্গত হইয়া কোন সাধারণ রাস্তার উপর পতিত হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘনের দণ্ড প্রত্যেক দিন ১৲ টাকা করিয়া।

২১। কোন ব্যক্তি কোন সাধারণ নর্দ্দমার বা তাহার পার্শ্বে এমত কোন বস্তু রাখিতে বা রাখাইতে পারিবে না যদ্দ্বারা ঐ নর্দ্দমা বন্দ বা বন্দ হইবার সম্ভাবনা হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘনের দণ্ড প্রত্যেক দিন ৩৲ টাকা করিয়া।

২২। কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন এবং তাঁহারা যেরূপ আদেশ করিবেন তাহার বিপরীতে কেহ কোন সাধারণ নর্দ্দমার উপর বা তাহার ধারে সেতু, মঞ্চ অট্টালিকা বা কোনরূপ প্রকার গৃহ নির্ম্মাণ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

২৩। কোন পতিত বৃক্ষ বা ঝোড়ের স্বামী কিম্বা যে স্থলে ঐ বৃক্ষ ও ঝোড় জন্মিয়া ছিল তাহার স্বামী কিম্বা দখলীকার কমিস্যনরদিগের হইতে সম্বাদ পাইয়া তন্নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৪। কোন গৃহ প্রাচীর বা অন্য কোন গঠন কিম্বা তাহাদিগের কিয়দংশ কোন সাধারণ রাস্তা কিম্বা নর্দ্দমার উপর পতিত হইলে উক্ত গৃহের প্রাচীরের বা গঠনের স্বামী কমিস্যনরগণ হইতে সম্বাদ প্রাপ্তে তন্নির্দ্দিষ্ট কালের মধ্যে তাহা স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৫। কোন ব্যক্তি কোন সাধারণ রাস্তার উপর জল চলিবার পথ প্রস্তুত করিতে কিম্বা ঐরূপ প্রকার পথ দিয়া জল চালাইতে কমিস্যনরেরা যেরূপ প্রকার সম্মতি দিবেন তদ্ভিন্ন কোন প্রকারে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদপ্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৬। মিউনিসিপল সীমার মধ্যে কোন ব্যক্তি কোন পুষ্করিণীতে বা কোন নর্দ্দমাতে পাট, শণ, অথবা অন্য প্রকার উদ্ভিজ্জপদার্থ ভিজাইয়া রাখিতে পারিবে না যদ্দ্বারা ঐ পুষ্করিণী ও নর্দ্দমার জল নিকটস্থ ব্যক্তিদিগের পক্ষে অপকারি হওনের সম্ভব।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৫ সেপ্টেম্বর।]

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2.

27. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course: and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

28. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

29. No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

30. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier, or farmer, shall, without delay, cause any meat, fish, or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person, appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

31. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale or accumulating any thing on any such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

*　　*　　*　　*

32. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

33. No person shall build, or cause to be built or keep, after prohibition by the Commissioners, any tatee, privy, or urinal, within ten feet of any, public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৭। মিউনিসিপল কমিস্যনরদিগের লিখিত আজ্ঞা পত্র ব্যতীত কেহ কোন নর্দ্দমা বা নালা বন্দ করিতে পারিবে না যদি করে তবে সাধারণের স্বাস্থ্য রক্ষার্থে কমিস্যনরেরা তাহা স্থানান্তর করিতে আজ্ঞা দিতে পারিবেন।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৪৲ টাকা।

২৮। কোন নালা বা জলাশয়ের তীরস্থ ভুমির স্বামী বা দখলীকার উক্ত ভুমিতে ময়লাজমী অতিরিক্ত জঙ্গল হইতে বা অন্য কোন বাধা জন্মিতে দিবে না এবং সকল সময়েই মিউনিসিপল কমিস্যনরদিগকে অথবা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত তাহাদিগের কর্ম্মচারিকে পরিষ্কার রাখিবার জন্যে উক্ত নালা বা নর্দ্দমা দেখিতে যাইতে দিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৯। কোন ব্যক্তি শূকর সকল খোলা অথবা শূকর গৃহে বদ্ধ ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

৩০। কোন বাজার বা দোকানের স্বামী দখলিকার বা ইজারদার তাহা উপযুক্ত মত পরিষ্কার ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না এবং উক্ত বাজারের বা দোকানের স্বামী বা দখলিকার কিম্বা ইজারদার অবিলম্বে পচা মৎস্য বা মাংশ ও উদ্ভিজ্জ পদার্থ সকল মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক স্থিরীকৃত স্থানে স্থানান্তর করিবে এবং এই বিষয়ের জন্য মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক নিযুক্ত লোককে উক্ত বাজারের বা দোকানের স্বামী, দখলিকার বা ইজারদার সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত তত্তৎস্থানে প্রবেশ করিয়া তদারক করিতে বাধা দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩১। কোন বাজারের কোন গলি রাস্তা বা অন্য গমনাগমনের পথে বিক্রয়ার্থ কেহ কোন গাটরি বা অন্য কোন দ্রব্য রাখিয়া বা একত্র করিয়া কিম্বা রাখাইয়া বা একত্র করাইয়া তত্তৎ গলি রাস্তা বা গমনাগমনের পথ বদ্ধ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

*　　*　　*　　*

৩২। মিউনিসিপল কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত স্বীয় বাটীর বহির্ভাগে কেহ মল মূত্রাদি ত্যাগ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৩। কমিস্যনরদিগের দ্বারা নিষেধিত হইলে কোন সাধারণ রাস্তাহইতে ১০ ফিটের মধ্যে কিম্বা ঐ পরিমাণের ন্যূন কোন ক্ষুদ্র বাটীর মধ্যে টাটি সেতখানা, কিম্বা মূত্র ত্যাগের স্থান, প্রস্তুত করিতে কিম্বা করাইতে কিম্বা রাখিতে পারিবে না।

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

34. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

35. No person shall carry night-soil through the streets, except between the hours of 11 P. M. and 7 A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

36. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable, or cook-house, to flow into any river, nullah, canal, tank, or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish, or other matter of a noisome kind, for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

38. All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 11 P. M. and 7 A. M.

Penalty for infringement, Rupees 10.

39. No refuse resulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

40. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners, shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

৩৪। কেহ সাধারণ রাস্তার সম্মুখে কোন সেতখানার দ্বার রাখিতে পারিবে না এবং যদি কাহার উক্ত প্রকার দ্বার থাকে তবে কমিস্যনরদিগের নিকট হইতে তদ্বিষয়ের সংবাদ প্রাপ্ত মাত্রই তাহার পরিবর্ত্তন করিয়া লইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

৩৫। অপরাহ্ন ১১ ঘন্টা হইতে পূর্ব্বাহ্ণ ৭ ঘন্টার মধ্যে ব্যতীত কেহ কোন সাধারণ রাস্তা দিয়া এবং উত্তমরূপ আবরিত পাত্র ব্যতীত ময়লা লইয়া যাইতে পারিবে না এবং কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য স্থানে উক্ত ময়লা রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৬। কোন কারখানা বাটী অথবা ব্যবসার নিমিত্ত অন্য কোন স্থান হইতে ময়লা নির্গত হইয়া কোন নদীতে, নালাতে, খানাতে, পুষ্করিণীতে, বা নর্দ্দমায় পড়িতে দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩৭। যদ্দ্বারা কাহার বিরক্ত জন্মাইতে বা সাধারণের স্বাস্থ্য ভঙ্গহইতে পারে এমত কোন স্থানে বা রূপে কেহ ১২ ঘন্টার অতিরিক্ত কালপর্য্যন্ত ময়লা আবর্জ্জনা গোবর, অস্থি, মৃত্যু দেহ, ধূলা, বা অন্য কোন প্রকার দুর্গন্ধময় পদার্থ রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৮। মিউনিসিপল কমিস্যনরগণ যে সকল ধূলা মাটি, ও রাবিস স্থানান্তর করিতে প্রবৃত্ত হইবেন তদসমুদয় আবর্জ্জনা পূর্ব্বাহ্ণ ৪ ঘন্টাহইতে ৮ ঘন্টার মধ্যে যে বাটীর আবর্জ্জনা সেই বাটীর প্রবেশ পথের অনতি দূরে সাধারণ রাস্তার ধারে প্রত্যহ রাখিতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৯। কোন ব্যবসার, বাণিজ্যের বা কারখানার ময়লা কমিস্যনরদিগের নির্দ্ধারিত খরচ না পাইলে স্থানান্তর করিবেন না। এবং এই প্রকার স্থানান্তর করণের যে খরচ তাহা কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন।

৪০। সাধারণ রাস্তা, বাটী, সেতখানা, নর্দ্দমা, এবং শেসপুল হইতে যে সকল ধূলা, মাটি, ছাই, বিষ্ঠা, গোবর ও রাবিসাদি মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক সংগৃহীত হইবে তৎসমুদায় উক্ত কমিস্যনরগণের সম্পত্তি হইবে এবং তাহাদিগের বিবেচনামতে তৎসমুদায় তাহারা বিক্রয় করিতে পারিবেন এবং এইরূপ বিক্রয়ের দ্বারা যে অর্থ লব্ধ হইবেক তাহা ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রূভমেণ্ট আক্টের কার্য্যে পর্য্যবসিত হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৫ সেপ্টেম্বর।]

41. No person shall put on any wall, or on any roof of a house, or on any bank, or tree, or on any other place or thing facing any road or public place, any preparation of dung to be used as fuel, or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

42. Every person, within whose premises any animal may die, shall, within two hours after its death, or, if death occurs at night, within two hours after daylight, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

43. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

44. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

45. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burial ground.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 4 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than 6 feet deep.

Penalty for infringement, Rupees 10.

48. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground

[*Government Gazette*, 25*th September* 1866.]

৪১। জালাইবার কারণ কিম্বা অপর কোন জন্য কেহ কোন প্রাচীরে কিম্বা কোন গৃহের ছাতের উপর গাছে কিম্বা সাধারণ রাস্তার সম্মুখে কোন স্থানে গোবর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।

৪২। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে তাহার মৃত্যুর পর ২ ঘন্টার অথবা রাত্রে মৃত্যু হইলে রাত্র প্রভাত হইলে ২ ঘন্টার মধ্যে তাহার মৃত দেহ নিজে স্বীয় খরচে মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক পশ্বাদির মৃত দেহ নিক্ষেপ করিবার জন্য নিরূপিত স্থানে ফেলিয়া দিবেক। অথবা যে ডিবিজানে তাহার বাটী সেই ডিবিজানের কন্সারভেন্সী ওবরসিয়রের নিকট সংবাদ দিবেক। কিন্তু উক্ত মৃত দেহ স্থানান্তর করণের নিমিত্তে মিউনিসিপল কমিস্যনরগণ যে খরচ নির্দ্ধারিত করিবেন তাহা উল্লিখিত ওবরসিয়রের নিকট দিতে হইবেক। পরন্তু সে পশু যদি উপরিউক্ত ব্যক্তির না হয় এবং যাহার পশু তাহাকে জানিতে পারিলে সমুদয় খরচ তাহাকেই দিতে হইবেক এবং ঐ খরচ মিউনিসিপল কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন এবং কোন ওবরসিয়র ঐরূপ প্রকার মৃত দেহ স্থানান্তর করিতে গাফিলি করিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৩। কোন ব্যক্তি কোন রোগগ্রস্ত বা জীর্ণ পশুকে কোন সাধারণ রাস্তার অথবা যথা হইতে সাধারণ রাস্তায় যাইতে পারে এমত স্থানে ছাড়িয়া দিতে বা দেওয়াইতে কিম্বা আপনি খুলিয়া যাইতে দিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৪। কেহ কোন শব বা শবাংশ কমিস্যনরেরা সময়ে সময়ে যে স্থান নির্দ্দিষ্ট করিবেন তদ্ব্যতীত অন্য কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৫। কেহ কোন নির্দ্ধারিত শশ্মানে বা গোরস্থানে কোন শব কিম্বা শবাংশ দাহ কিম্বা মৃত্তিকাসাৎ ভিন্ন কোনরূপ প্রকারে ফেলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৬। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে মৃত দেহ মৃত্তিকাসাৎ করাইতে হইলে এরূপে প্রবেশিত করাইতে হইবে যে, উক্ত মৃত দেহ কিম্বা তাহার সিন্দুকের উপরিভাগ তথাকার জমির উপরিভাগ হইতে চারি ফুটের অনধিক নিম্নে না থাকে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৭। কোন গোরস্থানে ইষ্টক নির্ম্মিত কবর না হইলে ছয় ফিটের কম গভীর কবরে কেহ কোন মৃত দেহ কবরিত করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৮। কোন গোরস্থানে কেহ কোন বর্ত্তমান কবরের তিন ফিটের অনধিক দূরেতে অন্য এক কবর

at a less distance than 3 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

49. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

50. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within six hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

52. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

53. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

54. No person while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

55. Every corpse, or part of a corpse, that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

56. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

Miscellaneous.

57. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway, the name by which such highway is to be known. Any person pulling down, destroying or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

নির্ম্মাণ বা খনন করিতে অথবা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৯। কোন গোরস্থানে মিউনিসিপল কমিস্যনরগণের দ্বারা নির্দ্দিষ্ট পুংতির বহির্ভূত স্থানে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫০। মিউনিসিপল কমিস্যনরগণের অনুমতি ভিন্ন অন্য যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনর্ব্বার অন্য শব প্রবেশ করণার্থ কেহ খুলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫১। যে কোন ব্যক্তি কোন শবদাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহ ভূমিতে উপস্থিত হইবার পর ৪ ঘণ্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫২। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে হইলে তাহা এরূপে পোড়াইবে যে তাহার কোন অংশ সর্ব্বোতোভাবে ভস্মাবশেষী কৃত হইতে বাঁকী না থাকে। উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বতো ভাবে ভস্মসাৎ না করিয়া উক্ত দাহনস্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৩। কেহ কোন শব বা শবাংশ উত্তমরূপ আচ্ছাদিত ভিন্ন কেহ কোন সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৪। মিউনিসিপল সীমার মধ্য দিয়া কেহ কোন শব বা শবাংশ লইয়া যাইতে হইলে কোন কারণ বশতঃ সাধারণ রাস্তার উপর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৫। যে সকল শব বা শবাংশ ছেদ বিদ্যা শিক্ষার্থে রক্ষিত বা ব্যবহৃত হয় তাহা আবরিত গাড়িতে করিয়া লইয়া যাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৬। কমিস্যনরদিগের অনুমতি ব্যতিরেকে কোন সাধারণ ভূমির উপরে পশু ও শকট জমা করিয়া রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

নানা বিষয়ক।

৫৭। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর ইমারত, প্রাচীর বা স্থান থাকিবেক মিউনিসিপাল কমিস্যনরগণ ইচ্ছা করিলে তাহার প্রকাশ্য অংশে উক্ত রাস্তার নামধেয় কোন দ্রব্য স্থাপন করিতে অথবা তথায় তাহার নাম লেখাইতে পারিবেন কোন ব্যক্তি সেই নাম নষ্ট উন্মোচন অথবা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ২৫ সেপ্টেম্বর ।]

58. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number, shall be liable to a fine of Rupees 5.

59. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

60. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

61. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act, shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

62. No person shall quarry stone, or make any excavation within twenty yards of any public road, without the sanction, in writing, of the Municipal Commissioners.

63. With a view to provide a fund for paying the cost of conserving the Goom Range, a fee of four annas a month will be charged, from the 1st August 1865, on each wood-cutter, and one Rupee on each charcoal-burner, carrying on his business in the Station of Darjeeling; each person on payment of the above sum [illegible] be furnished with a badge.

The following rates to be levied on all timber cut in the Goom Forest:—

	Rs.	As.	P.
Walnut and Chesnut (large leaved) ...	4	0	0
Ditto ditto (small leaved) and Magnolia, Toon, Seycamore and Chilownee ...	3	0	0
All other trees ...	1	0	0

Blair Reid, *Major*,
Deputy Commissioner.

Darjeeling,
The 7th August 1866.

[*Government Gazette, 25th September* 1866.] 12 W

৫৮। মিউনিসিপাল কমিস্যনরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা ইমারতের অথবা ভদ্বেষ্টনের বর্হিভাগে কোন প্রকাশ্য স্থানে উক্ত ঘর বা ইমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন এবং কেহ সেই সংখ্যা নষ্ট উম্মোচন বা পুঁছছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৫৯। আইন বা উপবিধি সমূহের অনুযায়িক মিউনিসিপল কমিস্যনরগণ তাহাদিগের প্রদত্ত অনুজ্ঞাপত্রের কর গ্রহণ করিতে পারিবেন এবং উক্ত করের হার গবর্ণমেন্টের অনুমত্যনুসারে সময়ে২ পরিবর্ত্তিত বা নির্দ্ধারিত করিতে পারিবেন।

৬০। উক্ত আইনের বা আইনঅনুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল ব্যক্তিদিগের অনুজ্ঞাপত্র লইবার প্রয়োজন হইবে তাহারা সেই২ অনুজ্ঞাপত্র কোন মিউনিসিপাল কমিস্যনর অথবা তাহারদিগের নিয়োজিত লিখিত উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে তৎক্ষণাৎ দেখাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৬১। ডিষ্ট্রিক্ট মিউনিসিপাল ইমপ্রুভমেন্ট আক্টের ৪৯ ও ৫১ ধারানুসারে যে সকল শকটাদি রেজিস্টরী হইবেক তাহার স্বামী উক্ত রেজিস্টরীর টিকিট উক্ত শকটাদির কোন প্রকাশ্য স্থানে লাগাইবেক কিম্বা লাগাইতে দিবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।

৬২। মিউনিসিপেল কমিসনারদিগের লেখা হুকুম ব্যতিরেক কোন ব্যক্তি সরকারি রাস্তার নিকট ২০ বিশ গজের মধ্যে পাথর কাটিতে কিম্বা গর্ত্ত করিতে পারিবেক না।

৬৩। গুম পাহাড়ের বন রক্ষা করণার্থে ফণ্ড অর্থাৎ অর্থ সঞ্চয় আবশ্যক হওয়াতে ইংরেজি সন ১৮৬৫ সালের ১ আগস্ট তারিখহইতে প্রত্যেক কাঠুরিয়ার নিকটহইতে ।০ চারি আনা এবং প্রত্যেক ব্যক্তি যাহারা কয়লা তৈয়ার করিয়া ডারজিলিং মোকামে বিক্রয় করে তাহাদের নিকটহইতে ১৲এক টাকা হিসাবে মাসিক লওয়া যাইবেক উপরের লিখিত টাকা দাখিল করিলে প্রত্যেক ব্যক্তিকে এক২ চাপরাশ দেওয়া যাইবেক।

গুম জঙ্গলের বৃহৎ বৃক্ষ সকল কাটিলে নীচের লিখিত নিরিখঅনুসারে টাকা আদায় করা যাইবেক।

আকুরোট এবং কটুজ (বড় পাতা) ...	৪৲ চারি টাকা হিসাবে
ঐ ঐ ছোট পাতা চাঁপ, তুন্দ, বজরাট এবং চিলনি ..	৩৲ তিন টাকা ঐ
আর২ বৃক্ষ সকল ...	১৲ এক টাকা ঐ

ব্লেয়ার রিড মেজর,
ডেপুটী কমিস্যনর।

ডারজিলিং।
১৮৬৬। ৭ আগষ্ট।

MUNICIPALITY OF HOWRAH.

His Honor the Lieutenant-Governor of Bengal, in accordance with the provisions of Section 88, Act III. (B. C.) of 1864, having directed the publication of the following Bye-laws for the Municipality of Howrah in supersession of the existing ones, in the *Bengalee Gazette*, they are hereby published for general information :—

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. Each quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say :—

The instalment payable on account of the quarter ending	31st July	May be levied on and after	1st May.
	„ Oct.		„ Aug.
	„ Jan.		„ Nov.
	30thApril.		„ Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or officers appointed by them, or their Secretary, if there be one, to the subordinate officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman or Vice-Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to shew this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rate or taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ২৫ সেপ্টেম্বর ।]

হাওড়া শহরস্থ মিউনিসিপলিটী ।

বঙ্গদেশের কৌন্সেলের ১৮৬৪ সালের ৩ আইনের ৮৪ ধারার মর্ম্মমতে শ্রীলশ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব হাওড়া শহরের নিমিত্ত প্রচলিত উপবিধির পরিবর্ত্তে নিম্ন লিখিত উপবিধি সকল বাঙ্গলা গেজেটে প্রকাশ করণের অনুমতি প্রদান করায় ঐ সকল উপবিধি সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে এতৎদ্বারা প্রকাশিত হইল ।

তহসীলের সময় ও বিধি নির্দ্ধারণ বিষয়ক ।

১ । আইন উল্লিখিত প্রত্যেক ত্রৈমাসিকের টাক্স এবং রেট সমুদায় উক্ত ত্রৈমাসিকের প্রারম্ভেই প্রাপ্তব্যরূপে পরিগণিত হইবে এবং তদ্ধেতু উক্ত টাক্স বা রেট কথিত ত্রৈমাসিকের প্রারম্ভের পর যে কোন সময়ে হউক আদায় করা যাইতে পারিবে অর্থাৎ ৩১ জুলাই ৩১ অক্টোবর ৩১ জানুআরি ও ৩০ আপ্রেল যে ত্রৈমাসিকের শেষ হইবে সেই ত্রৈমাসিকের রেট বা টাক্স যথাক্রমে ১লা মে ১লা আগষ্ট ১লা নবেম্বর বা ১লা ফেব্রুআরি অথবা তদপরে সংগৃহীত হইতে পারিবে ।

২ । তহসীলের ভারপ্রাপ্ত কর্ম্মচারি আইনের ২৯ এবং ৩৯ ধারানুসারে যে সকল ফর্দ্দ প্রস্তুত হইবেক তদ্দৃষ্টে ৫৪ ধারার কথিত বিল সকল প্রস্তুত করাইবেক এবং ঐরূপ প্রস্তুত হওয়া বিল সকল কমিসনরদিগের বা তাহাদিগের নিযুক্তীয় অন্য কোন কর্ম্মচারির অথবা যদি কেহ তাহাদিগের সেক্রেটারী থাকে তবে তাহাদ্বারা স্বাক্ষরিত হইয়া তহসীল সংক্রান্ত অধীনস্থ কার্য্যকারিদিগকে প্রদত্ত হইবেক এবং তাহারা পশ্চাৎ লিখিত নিয়মানুসারে ঐ সকল বিলের লিখিত ব্যক্তিগণকে তহসীল জন্য প্রদর্শন করাইবে ।

৩ । তহসীল সংক্রান্ত প্রত্যেক কর্ম্মচারিকে তাহাদিগের তহসীল করিবার ক্ষমতার নিদর্শনস্বরূপ এক এক সর্টিফিকেট প্রদত্ত হইবে এবং ঐরূপ প্রত্যেক সর্টিফিকেটে মিউনিসিপলিটির মোহর ও সভাপতির বা প্রতিনিধি সভাপতির স্বাক্ষর থাকিবেক এবং তহসীল কালীন আবশ্যক [illegible] প্রত্যেক কর্ম্মচারি তৎক্ষণাৎ তাহা দেখাইবেক ।

৪ । তহসীল সংক্রান্ত প্রত্যেক কর্ম্মচারি কোন বিষয়ের প্রাপ্য টাকা পাইলে তাহার এক রসীদ দিবে ।

৫ । যদি কোন বিষয়ের স্বামির নাম জানা না যায় তবে তাহার এতলানামা জারী করিতে হইলে বা তাহার নামে অপর আইনোক্ত কার্য্য করিতে হইলে সেই বিষয়ের স্বামী বলিয়া উল্লেখ করিলেই যথেষ্ট হইবে এতদ্ভিন্ন অন্য কোন বিবরণের প্রয়োজন হইবে না ।

৬ । আইনানুসারে প্রাপ্য রেট বা টাক্সের বিল সম্ভব পর হইলে বিলের লিখিত ব্যক্তির নিকট প্রদর্শন করাইতে হইবেক এবং প্রদর্শন অসম্ভব হইলে তাহার বাসস্থানে রাখিয়া আসিবেক তাহা হইলেই ৪১ ধারার কথিত প্রদর্শন হইয়াছে বুঝিতে হইবেক ।

7. The officer to whom a bill may be issued for presentation shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

8. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall, after warning, continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

9. Every owner, occupier, or other person, shall permit the Commissioners, or any one appointed by them under a written authority for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners or any person duly authorized by them in making such entry and inspection shall be liable to a fine not exceeding Rupees 20.

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall,

৭। তহসীল করণ জন্য কোন কর্ম্মচারিকে বিল প্রদত্ত হইলে সে উক্ত বিল প্রদর্শন কালীন অথবা প্রদর্শনের তারিখহইতে ১০ দিনের মধ্যে কোন সময়ে তল্লিখিত টাকা গ্রহণ করিবেক।

৮। মিউনিসিপল কমিস্যনরগণ আইনানুসারে চাহিতে পারেন এমত কোন বিষয়ের সিডৌল কিম্বা এত্তেলা কোন ব্যক্তির নিকট প্রেরণ করা হইলে আইনের ৮১ ধারার বিধানমতে জারী হওনের দিনসাবধি সপ্তাহের মধ্যে জিজ্ঞাস্য বিষয়ের সংবাদ সম্বলিত উক্ত সিডৌল বা এত্তেলা মিউনিসিপল কমিস্যনরদিগের কার্য্যালয়ে ফিরিয়া পাঠাইতে হইবে আর যদি কেহ তাহা উক্ত সময়ের মধ্যে না পাঠান তবে সেই ব্যক্তি ৫৲ টাকার অনধিক দণ্ডার্হ হইবেক এবং কমিস্যনরদিগের কর্ত্তৃক শতর্ক করা হইলেও যত দিন পর্য্যন্ত ফিরিয়া দিতে অমনোযোগ করিবে তাহার প্রতিদিন ২৲ টাকা করিয়া দণ্ড দিতে হইবেক পরন্তু কোন ব্যক্তি জানিয়া শুনিয়া যদি কোন মিথ্যা সংবাদ লিখিয়া দিলে ৫৲ টাকার অনধিক দণ্ডার্হ হইবেক এবং উপযুক্ত বোধ হইলে ভারতবর্ষীয় দণ্ডবিধি অনুসারে তাহার নামে নালিশ করিতে হইলে এই উপবিধিতে কোন প্রতিবন্ধক হইবেক না

৯। প্রত্যেক স্বামী বাসিন্দা অথবা অন্য কোন ব্যক্তি কমিস্যনরদিগকে কিম্বা তাহাদিগের নিয়োজিত লিখিত পূর্ব্বক ভারপ্রাপ্ত কোন কর্ম্মচারিকে প্রত্যেক আস্তাবলে বা গাড়ি রাখিবার ঘরে অথবা যেখানে আইনের ৩৫ ধারা অনুসারে টাক্স হইবার যোগ্য কোন গাড়ি বা পশ্বাদি থাকে বলিয়া বোধ হয় তত্তৎস্থানে সূর্য্যোদয়হইতে সূর্য্যাস্তের মধ্যে যে কোন সময়ে হউক প্রবেশ করিয়া তত্ত্বানুসন্ধান করিতে দিবে যে কোন ব্যক্তি কমিস্যনরদিগকে অথবা তাহাদিগের দ্বারা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মচারিকে ঐরূপ প্রবেশ ও দর্শন করিতে বাধা দেন তাহার ২০৲ টাকার অনধিক দণ্ডে দণ্ডার্হ হইবেক।

১০। কমিস্যনরগণকর্ত্তৃক অন্যরূপ আদেশিত না হইলে আইনের লিখিত যে সমস্ত ক্রোকী পরওয়ানা প্রচার হইবে তাহা তহসীল সংক্রান্ত কর্ম্মচারিদিগের দ্বারায় জারী হইবেক এবং ক্রোকী দ্রব্যাদি বিক্রয় হওয়া অথবা বাকীদারের নিকট হইতে প্রাপ্য টাকা আদায় না হওয়া পর্য্যন্ত উক্ত দ্রব্যাদি ঐ কর্ম্মচারির জিম্মায় থাকিবেক এবং উক্ত কর্ম্মচারি আইনের লিখিত সি ফারমে ঐ ক্রোকী দ্রব্যাদির এক ফর্দ্দ দিবেক।

১১। ক্রোক হইবামাত্রই যে ব্যক্তি ক্রোক করিবেক সে ক্রোকের তারিখহইতে ৭ রোজের অন্যূন মেয়াদে বিক্রয় দিন স্থির করিয়া বাকীদারের বাটীতে এক ইস্তাহার দিবেক এবং বিক্রয়ের দিনেতে ঢোল শহরতের দ্বারায় সংবাদ দিবেক।

১২। বিক্রয় হইবামাত্রই ঐ বিক্রীত দ্রব্যাদির মূল্য লওয়া ও খরিদ্দারকে বিক্রীত দ্রব্য দেওয়া হইবেক যদ্যপি খরিদ্দার তাহার ডাকের সমুদয় টাকা দিতে অপারক হয় তবে ক্রোক কারী তাহার বিবেচনা অনুসারে উক্ত দ্রব্যাদি সেই দিবসে বা অন্য কোন দিবসে বিক্রয় করিতে পারিবে এবং তাহাতে যদি কোন ক্ষতি হয় তবে প্রথম খরিদ্দার কমিস্যনরদিগের নিকট উক্ত

in such case, be responsible to the Commissioners for any loss, which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty or wilful breach or neglect of any rule, regulation, or order made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering loss or injury, or has failed to perform any duty with all due diligence or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

ক্ষতির দাইক হইবে এবং তাহা কমিস্যনরদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় হইবেক।

কমিস্যনরদিগের নিয়োজিত ব্যক্তিগণের আচরণ বিষয়ক।

১৩। কমিস্যনরদিগের কর্ত্তৃক নিয়োজিত কর্ম্মচারিগণকে প্রয়োজন না হইলে এক মাস পূর্ব্বে তদ্বিষয়ের সংবাদ দিলে. কিম্বা এক মাসের বেতন পূর্ব্বে দিয়া তাহাদিগকে কর্ম্ম হইতে অবসর করা যাইতে পারিবেক এবং কোন কর্ম্মচারি কর্ম্ম ত্যাগ করিতে চাহিলে তদস্বরূপ এক মাস পূর্ব্বে সংবাদ না দিলে অথবা এক মাসের বেতন ক্ষতি স্বীকার না করিলে কর্ম্ম ছাড়িতে পারিবে না।

১৪। কমিস্যনরদিগের অধীনে যে সকল কর্ম্মচারির নিযুক্ত আছেন বা ভবিষ্যতে নিযুক্ত হইবেন তাহার হুকুম পাইলে কমিস্যনরগণ কর্ত্তৃক সময়ে২ নির্দ্দিষ্ট পরিমাণে জামিনী দাখিল করিবেন যে কোন কর্ম্মচারি উপযুক্ত সময়ে বা কমিস্যনরগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐরূপ জামিন দিতে অক্ষম হইবেন তাহাকে কর্ম্ম হইতে অবসর করিবেন।

১৫। যখন কমিস্যনরগণ এমত কোন সন্তোষজনক প্রমাণ পান যে তাহাদিগের নিয়োজিত কোন ব্যক্তি কর্ত্তব্য কর্ম্মে অবহেলা করিয়াছে অথবা কোন নিয়ম ও বিধি বা উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট ব্যক্তির আদেশ ইচ্ছা পূর্ব্বক লঙ্ঘন বা অবহেলা করিয়াছে অথবা বিনা অনুমতিতে বা এক মাস পূর্ব্বে সংবাদ না দিয়া স্বীয় কর্ম্ম হইতে বিরত হইয়াছে অথবা এমত কোন কর্ম্ম করিয়াছে বা এমত কোন কর্ম্ম করণে অবহেলা করিয়াছে যদ্দ্বারা কমিস্যনরদিগকে কোন ক্ষতি সহ্য করিতে হইবেক বা হইবার সম্ভাবনা অথবা কোন কর্ম্মে উপযুক্ত পরিশ্রম করে নাই অথবা কোন উচ্চ পদবিশিষ্ট কর্ম্মচারির প্রতি কোন অবাধ্যাচরণ কর্ম্ম করিয়াছে কিম্বা তাঁহার কার্য্যসম্বন্ধে উপযুক্ত বেতনের অতিরিক্ত কাহারও নিকটহইতে নিজের কিম্বা অপর কোন ব্যক্তির নিমিত্ত কিছু গ্রহণ করিয়াছে কিম্বা পাইয়াছে অথবা গ্রহণ করিতে স্বীকার করিয়াছে বা করাইয়াছে অথবা তাহার কর্ম্মসম্বন্ধে জানিয়া শুনিয়া কোন মিথ্যা সংবাদ দিয়াছে কিম্বা অপর কোন আইনের দণ্ডার্হ কর্ম্ম করিয়াছে তাহা হইলে অন্য কোন আইনে যে দণ্ড হইবেক তদতিরিক্ত তাহার এক মাসের বেতন জরীমানা বা কনিস্যনরদিগের নির্দ্ধারিত সময় পর্য্যন্ত কর্ম্মহইতে স্থগিত বা নীচ পদাভিষিক্ত বা কর্ম্মচ্যুত হইবেক কোন ব্যক্তি এইরূপে কর্ম্মচ্যুত হইলে সভাপতি সাহেবের বিবেচনামত তাহার এক মাস অনধিক কালের প্রাপ্য বেতন দণ্ড হইতে পারিবেক।

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any person being or having been in their employ, with a view to the recovery of damages for any loss or injury which they may have sustained in consequence of any act done or omitted to be done by such person.

On matters of Conservancy.

18. The external roofs and walls of any hut, or any other building whatever, about to be erected or renewed in or near any public highway, shall not be made of grass, leaves, mats, or any other inflammable material.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

19. No person shall dig or make, or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course, or other excavation, without the written permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

20. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

21. No person shall deposit, or cause to be deposited in or by the side of any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

22. No person shall construct, or place over, or by the side of any public drain, any bridge, platform, building, or structure of any kind, except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

১৬। কমিস্যনরদিগের কর্তৃক নিয়োজিত কোন কর্ম্মচারির নামে কর্ত্তব্য কর্ম্মের অবহেলা করণে বা অবৈধ আচরণের অভিযোগ করিতে বা গ্রহণ করিতে বা তদ্বিষয়ের অনুসন্ধান করিতে সভাপতি বা প্রতিনিধি সভাপতি পারিবেন।

১৭। কোন কর্ম্মচারির কৃতকার্য্য বা অভিপ্রেত কার্য্যজন্য কমিস্যনরগণ ক্ষতি বা অনিষ্ট বোধ করিলে তাহারা ঐ কর্ম্মচারির বিরুদ্ধে কোন উপযুক্ত আদালতে ক্ষতিপুরণের নালিশ করিতে পারিবেন ইহার দ্বারা সে বিষয়ের কোন নিবারণ রহিল না।

পরিষ্কার বিষয়ক।

১৮। কেহ কোন সাধারণ রাস্তার উপর অথবা তাহার নিকটবর্ত্তি স্থানে গৃহাদি প্রস্তুত কিম্বা কোন ভগ্ন গৃহ পুনঃ নির্ম্মাণ করিতে হইলে তাহার বেষ্টন (অর্থাৎ বেড়া) ও চাল তৃণপত্রাদি বা অন্য কোন স্বত্বর জ্বলনশীল পদার্থ দ্বারা নির্ম্মাণ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

১৯। কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন কোন ব্যক্তি কোন স্থলে কোন পুষ্করিণী বা দীর্ঘিকা বা পয়নালা বা গড়খাই খাদ করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০ টাকা, সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

২০। কোন ব্যক্তি কোন গৃহ বা অট্টালিকার উপর জল আনয়ন বা নির্গত হওনের জন্য নল অথবা অন্য কোন বস্তু এমত প্রকারে স্থাপন করিতে বা করাইতে পারিবে না যে যদ্দ্বারা ঐ জল নির্গত হইয়া কোন সাধারণ রাস্তার উপর পতিত হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘনের দণ্ড প্রত্যেক দিন ১৲ টাকা করিয়া।

২১। কোন ব্যক্তি কোন সাধারণ নর্দ্দমার বা তাহার পার্শ্বে এমত কোন বস্তু রাখিতে বা রাখাইতে পারিবে না যদ্দ্বারা ঐ নর্দ্দমা বন্দ বা বন্দ হইবার সম্ভাবনা হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘনের দণ্ড প্রত্যেক দিন ৩৲ টাকা করিয়া।

২২। কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন এবং তাঁহারা যেরূপ আদেশ করিবেন তাহার বিপরীতে কেহ কোন সাধারণ নর্দ্দমার উপর বা তাহার ধারে সেতু, মঞ্চ অট্টালিকা বা কোনরূপ প্রকার গৃহ নির্ম্মাণ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

23. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

24. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall or erection, shall remove it after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

25. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

26. No person shall steep in any tank, or ditch, within municipal limits, any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank, or ditch offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2.

27. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course; and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

28. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

29. No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

30. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than

২৩। কোন পতিত বৃক্ষ বা ঝোড়ের স্বামী কিম্বা যে স্থলে ঐ বৃক্ষ ও ঝোড় জন্মিয়া ছিল তাহার স্বামী কিম্বা দখলীকার কমিস্যনরদিগের হইতে সম্বাদ পাইয়া তন্নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৪। কোন গৃহ প্রাচীর বা অন্য কোন গঠন কিম্বা তাহাদিগের কিয়দংশ কোন সাধারণ রাস্তা কিম্বা নর্দ্দমার উপর পতিত হইলে উক্ত গৃহের প্রাচীরের বা গঠনের স্বামী কমিস্যনরগণ হইতে সম্বাদ প্রাপ্তে তন্নির্দ্দিষ্ট কালের মধ্যে তাহা স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৫। কোন ব্যক্তি কোন সাধারণ রাস্তার উপর জল চলিবার পথ প্রস্তুত করিতে কিম্বা ঐরূপ প্রকার পথ দিয়া জল চালাইতে কমিস্যনরেরা যেরূপ প্রকার সম্মতি দিবেন তদ্ভিন্ন কোন প্রকারে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদপ্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৬। মিউনিসিপল সীমার মধ্যে কোন ব্যক্তি কোন পুষ্করিণীতে বা কোন নর্দ্দামাতে পাট, শণ, অথবা অন্য প্রকার উদ্ভিজ্জপদার্থ ভিজাইয়া রাখিতে পারিবে না যদ্দ্বারা ঐ পুষ্করিণী ও নর্দ্দমার জল নিকটস্থ ব্যক্তিদিগের পক্ষে অপকারি হওনের সম্ভব।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৭। মিউনিসিপল কমিস্যনরদিগের লিখিত আজ্ঞা পত্র ব্যতীত কেহ কোন নর্দ্দমা বা নালা বন্দ করিতে পারিবে না যদি করে তবে সাধারণের স্বাস্থ্য রক্ষার্থে কমিস্যনরেরা তাহা স্থানান্তর করিতে আজ্ঞা দিতে পারিবেন।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৪৲ টাকা।

২৮। কোন নালা বা জলাশয়ের তীরস্থ ভূমির স্বামী বা দখলিকার উক্ত ভূমিতে ময়লাজমা অতিরিক্ত জঙ্গল হইতে বা অন্য কোন বাধা জন্মিতে দিবে না এবং সকল সময়েই মিউনিসিপল কমিস্যনরদিগকে অথবা উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত তাহাদিগের কর্ম্মচারিকে পরিষ্কার রাখিবার জন্যে উক্ত নালা বা নর্দ্দমা দেখিতে যাইতে দিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৯। কোন ব্যক্তি শূকর সকল খোলা অথবা শূকর গৃহে বদ্ধ ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

৩০। কোন বাজার বা দোকানের স্বামী দখলিকার বা ইজারদার তাহা উপযুক্ত মত পরিষ্কার ভিন্ন অন্য

a clean and proper state; and every such owner, occupier or farmer, shall, without any delay, cause any meat, fish or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

31. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale accumulating any thing on any such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

32. Every owner, occupier, or farmer of any bazar, shall within 14 days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

33. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

34. No person shall build, or cause to be built, or keep, after prohibition by the Commissioners, any tattee, privy, or urinal, within 20 feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

35. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

36. No person shall carry night-soil through the streets, except between the hours of 11 P. M., and 4 A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

[*Government Gazette*, 25*th September* 1866.]

কোন অবস্থায় রাখিতে পারিবে না এবং উক্ত বাজারের বা দোকানের স্বামী বা দখলিকার কিম্বা ইজারদার অবিলম্বে পচা মৎস্য বা মাংশ ও উদ্ভিজ্জ পদার্থ সকল মিউনিসিপল কমিস্যনরগণকর্তৃক স্থিরীকৃত স্থানে স্থানান্তর করিবে এবং এই বিষয়ের জন্য মিউনিসিপল কমিস্যনরগণকর্তৃক নিযুক্ত লোককে উক্ত বাজারের বা দোকানের স্বামী, দখলিকার বা ইজারদার সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত তত্তৎস্থানে প্রবেশ করিয়া তদারক করিতে বাধা দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩১। কোন বাজারের কোন গলি রাস্তা বা অন্য গমনাগমনের পথে বিক্রয়ার্থ কেহ কোন গাঁটরি বা অন্য কোন দ্রব্য রাখিয়া বা একত্র করিয়া কিম্বা রাখাইয়া বা একত্র করাইয়া তত্তৎ গলি রাস্তা বা গমনাগমনের পথ বন্ধ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩২। প্রত্যেক বাজারের স্বামী দখলিকার বা ইজারদার মিউনিসিপল কমিস্যনরগণ হইতে আদেশ প্রাপ্ত হওনের তারিখ অবধি ১৪ দিনের মধ্যে তত্তদ্বাজারের স্বাস্থ্য রক্ষার্থে উক্ত কমিস্যনরগণ যেরূপ উত্তম বিবেচনা করিবেন তদ্রূপ সেতখানা ও মূত্র ত্যাগের স্থান প্রস্তুত করিয়া দিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩৩। মিউনিসিপল কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত স্বীয় বাটীর বহির্ভাগে কেহ মল মূত্রাদি ত্যাগ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৪। কমিস্যনরদিগের দ্বারা নিষেধিত হইলে কোন সাধারণ রাস্তা হইতে ২০ ফিটের মধ্যে কিম্বা ঐ পরিমাণের ন্যূন কোন ক্ষুদ্র বাটীর মধ্যে টাটি সেতখানা, কিম্বা মূত্র ত্যাগের স্থান, প্রস্তুত করিতে কিম্বা করাইতে কিম্বা রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

৩৫। কেহ সাধারণ রাস্তার সম্মুখে কোন সেতখানার দ্বার রাখিতে পারিবে না এবং যদি কাহার উক্ত প্রকার দ্বার থাকে তবে কমিস্যনরদিগের নিকট হইতে তদ্বিষয়ের সংবাদ প্রাপ্ত মাত্রই তাহার পরিবর্ত্তন করিয়া লইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

৩৬। অপরাহ্ন ১১ ঘন্টা হইতে পূর্ব্বাহ্ন ৪ ঘন্টার মধ্যে ব্যতীত কেহ কোন সাধারণ রাস্তা দিয়া এবং উত্তমরূপ আবরিত পাত্র ব্যতীত ময়লা লইয়া যাইতে পারিবে না এবং কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য স্থানে উক্ত ময়লা রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

37. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable, or cook-house, to flow into any river, nullah, canal, tank, or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

38. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish, or other matter of a noisome kind, for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

39. All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 4 A. M. and 8 A. M.

Penalty for infringement, Rupees 10.

40. No refuse resulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

41. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

42. No person shall put on any wall, or on any roof of a house, or on any bank or tree or on any other place or thing facing any road or public place, any preparation of dung to be used as fuel or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

43. Every person, within whose premises any animal may die, shall within two hours after its death, or if death occurs at night, within two hours after day-light, either remove at his own expense the carcasses to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated, and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be res-

৩৭। কোন কারখানা বাটী অথবা ব্যবসার নিমিত্ত অন্য কোন স্থান হইতে ময়লা নির্গত হইয়া কোন নদীতে, নালাতে, খানাতে, পুষ্করিণীতে, বা নর্দ্দমায় পড়িতে দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩৮। যদ্দ্বারা কাহার বিরক্ত জন্মাইতে বা সাধারণের স্বাস্থ্য ভঙ্গ হইতে পারে এমতকোন স্থানে বা রূপে কেহ ১২ ঘণ্টার অতিরিক্ত কালপর্য্যন্ত ময়লা আবর্জ্জনা গোবর, অস্থি, মৃত্যু দেহ, ধূলা, বা অন্য কোন প্রকার দুর্গন্ধময় পদার্থ রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৯। মিউনিসিপল কমিস্যনরগণ যে সকল ধূলা মাটি, ও রাবিস স্থানান্তর করিতে প্রবৃত্ত হইবেন তদসমুদয় আবর্জ্জনা পূর্ব্বাহ্ণ ৪ ঘণ্টাহইতে ৮ ঘণ্টার মধ্যে যে বাটীর আবর্জ্জনা সেই বাটীর প্রবেশ পথের অনতি দূরে সাধারণ রাস্তার ধারে প্রত্যহ রাখিতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪০। কোন ব্যবসার, বাণিজ্যের বা কারখানার ময়লা কমিস্যনরদিগের নির্দ্ধারিত খরচ না পাইলে স্থানান্তর করিবেন না। এবং এই প্রকার স্থানান্তর করণের যে খরচ তাহা কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন।

৪১। সাধারণ রাস্তা বাটী, সেতখানা নর্দ্দমা এবং শেষপুল হইতে যে সকল ধূলা, মাটি, ছাই, বিষ্ঠা, গোবর ও রাবিসাদি মিউনিসিপল করিস্যনরগণকর্ত্তৃক সংগৃহীত হইবে তৎসমুদায় উক্ত কমিস্যনরগণের সম্পাত্তি হইবে এবং তাহাদিগের বিবেচনামতে তৎসমুদায় তাহারা বিক্রয় করিতে পারিবেন এবং এইরূপ বিক্রয়ের দ্বারা যে অর্থ লব্ধ হইবেক তাহা ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুভমেন্ট আক্টের কার্য্যে পর্য্যবসিত হইবেক।

৪২। জ্বালাইবার কারণ কিম্বা অপর কোন জন্য কেহ কোন প্রাচীরে কিম্বা কোন গৃহের ছাতের উপর গাছে কিম্বা সাধারণ রাস্তার সম্মুখে কোন স্থানে গোবর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।

৪৩। কোন ব্যক্তির বটীতে কোন পশু মরিলে তাহার মৃত্যুর পর ২ ঘণ্টার অথবা রাত্রে মৃত হইলে রাত্র প্রভাত হইলে ২ ঘণ্টার মধ্যে তাহার মৃত নিজে স্বীয় খরচে মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক পশ্বাদির মৃত দেহ নিক্ষেপ করিবার জন্য নিরূপিত স্থানে ফেলিয়া দিবেক। অথবা যে ডিবিজানে তাহার বাটী সেই ডিবিজানের কন্সারভেন্সী ওবরসিয়রের নিকট সংবাদ দিবেক। কিন্তু উক্ত মৃত দেহ স্থানান্তর করণের নিমিত্তে মিউনিসিপল কমিস্যনরগণ যে খরচ নির্দ্ধারিত করিবেন তাহা উল্লিখিত ওবরসিয়রের নিকট দিতে হইবেক। পরন্তু সে পশু যদি উপরি উক্ত ব্যক্তির না হয় এবং যাহার পশু তাহাকে জানিতে পারিলে সমুদয় খরচ তাহাকেই দিতে হইবেক এবং ঐ খরচ মিউনিসিপল কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য

ponsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

44. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

45. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 3 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

48. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse in a grave not constructed of masonry which shall be less than 6 feet deep.

Penalty for infringement, Rupees 10.

49. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 2 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

50. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

52. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 2 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

53. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any

টাকার ন্যায় আদায় করিবেন এবং কোন ওবরসিয়র ঐরূপ প্রকার মৃত দেহ স্থানান্তর করিতে গাফিলি করিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টকা।

৪৪। কোন ব্যক্তি কোন রোগগ্রস্ত বা জীর্ণ পশুকে কোন সাধারণ রাস্তায় অর্থবা যথা হইতে সাধারণ রাস্তায় যাইতে পারে এমত স্থানে ছাড়িয়া দিতে বা দেওয়াইতে কিম্বা আপনি খুলিয়া যাইতে দিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৫। কেহ কোন শব বা শবাংশ কমিস্যনরেরা সময়ে সময়ে যে স্থান নির্দ্দিষ্ট করিবেন তদ্ব্যতীত অন্য কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৬। কেহ কোন নির্দ্ধারিত শ্মশানে বা গোরস্থানে কোন শব কিম্বা শবাংশ দাহ কিম্বা মৃত্তিকাসাৎ ভিন্ন কোনরূপ প্রকারে ফেলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৭। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে মৃত দেহ মৃত্তিকাসাৎ করাইতে হইলে এরূপে প্রবেশিত করাইতে হইবে যে, উক্ত মৃত দেহ কিম্বা তাহার সিন্দুকের উপরিভাগ তথাকার জমির উপরিভাগ হইতে তিন ফুটের অনধিক নিম্নে না থাকে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৮। কোন গোরস্থানে ইষ্টক নির্ম্মিত কবর না হইলে ছয় ফিটের কম গভীর কবরে কেহ কোন মৃত দেহ কবরিত করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৯। কোন গোরস্থানে কেহ কোন বর্ত্তমান কবরের দুই ফিটের অনধিক দূরেতে অন্য এক কবর নির্ম্মাণ বা খনন করিতে অথবা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫০। কোন গোরস্থানে মিউনিসিপল কমিস্যনরগণের দ্বারা নির্দ্দিষ্ট পংক্তির বহির্ভূত স্থানে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫১। মিউনিসিপল কমিস্যনরগণের অনুমতি ভিন্ন অন্য যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনর্ব্বার অন্য শব প্রবেশ করণার্থ কেহ খুলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫২। যে কোন ব্যক্তি কোন শবদাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহ ভূমিতে উপস্থিত হইবার পর ২ ঘণ্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৩। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে হইলে তাহা

burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

54. No one shall carry a corpse, or part of a corpse through any highway, unless it to be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

55. No person while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limit, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

56. Every corpse, or part of a corpse that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

57. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

Miscellaneous.

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway the name by which such highway is to be known. Any person pulling down, destroying, or defacing such name shall be liable to a penalty of Rupees 5.

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number shall be liable to a fine of Rupees 5.

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or Bye-laws, and the fees to be so charged shall be from time to time adjusted by the Commissioners with the sanction of Government.

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

62. The owner of any vehicle registered under Sections 19, 51 of the District Municipal Improve-

এরূপে পোড়াইবে যে তাহার কোন অংশ সর্ব্বোতোভাবে ভষ্মাবশেষীকৃত হইতে বাঁকী না থাকে। উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বতোভাবে ভষ্মসাৎ না করিয়া দাহনস্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৪। কেহ কোন শব বা শবাংশ উত্তমরূপে আচ্ছাদিত ভিন্ন কেহ কোন সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৫। মিউনিসিপল সীমার মধ্য দিয়া কেহ কোন শব বা শবাংশ লইয়া যাইতে হইলে কোন কারণ বশতঃ সাধারণ রাস্তার উপর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৬। যে সকল শব বা শবাংশ ছেদ বিদ্যা শিক্ষার্থে রক্ষিত বা ব্যবহৃত হয় তাহা আবরিত গাড়িতে করিয়া লইয়া যাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৭। কমিসানরদিগের অনুমতি ব্যতিরেকে কোন সাধারণ ভূমির উপরে পশু ও শকট জমা করিয়া রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

নানা বিষয়ক।

৫৮। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর ইমারত প্রাচীর বা স্থান থাকিবেক মিউনিসিপল কমিসানরগণ ইচ্ছা করিলে তাহার প্রকাশ্য অংশে উক্ত রাস্তার নামদের কোন দ্রব্য স্থাপন করিতে অথবা তথায় তাহার নাম লেখাইতে পারিবেন কোন ব্যক্তি সেই নাম নষ্ট উন্মোচন অথবা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৫৯। মিউনিসিপল কমিসানরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা ইমারতের অথবা তদেষ্টনের বহির্ভাগে কোন প্রকাশ্য স্থানে উক্ত ঘর বা ইমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন এবং কেহ সেই সংখ্যা নষ্ট উন্মোচন বা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৬০। আইন বা উপবিধি সমূহের অনুযায়িক মিউনিসিপল কমিসানরগণ তাহাদিগের প্রদত্ত অনুজ্ঞাপত্রের কর গ্রহণ করিতে পারিবেন এবং উক্ত করের হার গবর্ণমেণ্টের অনুমত্যনুসারে সময়ে২ পরিবর্ত্তিত বা নির্দ্ধারিত করিতে পারিবেন।

৬১। উক্ত আইনের বা আইনঅনুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল ব্যক্তিদিগের অনুজ্ঞাপত্র লইবার প্রয়োজন হইবে তাহারা সেইং অনুজ্ঞাপত্র কোন মিউনিসিপল কমিসানর অথবা তাহাদিগের নিয়োজিত লিখিত উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে তৎক্ষণাৎ দেখাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৬২। ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুভমেণ্ট আক্টের ১৯ ও ৫১ ধারানুসারে যে সকল শকটাদি রেজি-

ment Act shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

THE following SCALE of FEES for granting LICENSES under Bye-law No. 59, having been approved of by His Honor the Lieutenant-Governor of Bengal, is hereby published for general information:—

Scale of fees for granting Licenses.

1. For maintaining a public necessary under Section 69, Act III. (B. C.) of 1864, 1 Rupee per seat per annum.

2. For temporary occupation of any ground belonging to the Municipal Commissioners, under Section 75, Act III. (B. C.) of 1864, used for all scaffolding or building meterials retained during the day only a monthly rent of 1 Rupee per foot in breadth.

Ditto ditto during the day and night a monthly rent of Rupees 3 per foot in breadth.

3. For all dangerous and offensive trades under Section 77, Act III. (B. C.) of 1864, Rupees 25 per annum.

W. H. D. DUVAL,
Secretary.

OFFICE OF THE MUNICIPAL COMMISSIONERS FOR HOWRAH;
HOWRAH,
The 4th September 1866.

ষ্টরী হইবেক তাহার স্বামী উক্ত রেজিষ্টারীর টিকিট কোন প্রকাশ্য স্থানে লাগাইবেক কিম্বা লাগাইতে দিবেক।

বিধি লংঘনের দণ্ড ৫৲ টাকা।

মিউনিসিপাল কমিসানরগণকর্ত্তৃক যে সকল অনুজ্ঞাপত্র প্রদত্ত হইবেক তাহা উপরোক্ত ৫৯ উপবিধির মর্ম্মানুসারে নিম্নের লিখিত করের ফর্দ্দ শ্রীলশ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর বাহাদুরের মনোনীত হওয়ায় তাহা সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত হইল।

করের ফর্দ্দ।

১। সন ১৮৬৪ সালের ৩ আইনের ৬৯ ধারার লিখিতমত সাধারণের টাটী রাখিতে হইলে প্রত্যেক মুকরের প্রতি বৎসর ১৲ টাকা।

২। সন ১৮৬৪ সালের ৩ আইনের ৭৫ ধারানুসারে মিউনিসিপাল কমিসানরদিগের ভূমির উপর কেবল দিবাভাগের নিমিত্ত ভারা প্রভৃতি বাঁধিয়া কিম্বা গৃহাদি নির্ম্মাণের কারণ ইষ্টকাদি রাখিলে প্রত্যেক ফুট প্রস্থত মাসিক ১৲ টাকা দিতে হইবেক।

ঐ ঐ দিবা রাত্রের নিমিত্তে মাসিক ৩৲ টাকা।

৩। ১৮৬৪ সালের ৩ আইনের ৭৭ ধারা অনুসারে সর্ব্বপ্রকার দুর্গন্ধজনক এবং যাহাতে বিপদ ঘটিতে পারে এমত ব্যবসার নিমিত্ত বৎসর ২৫৲ টাকা।

ডবলিউ এচ ডি ডুবাল,
সেক্রেটারী।

হাওড়া মিউনিসিপল
কমিসানরদিগের কার্য্যালয়,
১৮৬৬। তাং ৪ সেপ্টেম্বর

MUNICIPALITY OF THE SUBURBS OF CALCUTTA.

HIS Honor the Lieutenant-Governor of Bengal, in accordance with the provisions of Section 88, Act III. (B. C.) of 1864, having directed the publication of the following Bye-laws for the Suburbs of Calcutta, in supersession of the existing ones, in the *Calcutta* and *Bengali Gazettes*, they are hereby published for general information:—

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. EACH quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say:—

The instalment payable on account of the quarter ending	31st July.	May be levied on and after.	1st May.
	,, Oct.		,, Aug.
	,, Jan.		,, Nov.
	30th April.		,, Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 30 of the Act, the

কলিকাতা শহরতলিস্থ মিউনিসিপালিটী।

বঙ্গদেশের কৌন্সেলের ১৮৬৪ সালের ৩ আইনের ৮৮ ধারার মর্ম্মমতে শ্রীলশ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা শহরতলির নিমিত্ত প্রচলিত উপবিধির পরিবর্ত্তে নিম্ন লিখিত উপবিধি সকল কলিকাতা ও বাঙ্গলা গেজেটে প্রকাশ করণের অনুমতি প্রদান করায় এ সকল উপবিধি সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে এতদ্দ্বারা প্রকাশিত হইল।

তহসীলের সময় ও বিধি নির্দ্ধারণবিষয়ক।

১। আইন উল্লিখিত প্রত্যেক ত্রৈমাসিকের টাক্স এবং রেট সমুদায় উক্ত ত্রৈমাসিকের প্রারম্ভেই প্রাপ্যরূপে পরিগণিত হইবে এবং তন্নিমিত্ত উক্ত টাক্স বা রেট কথিত ত্রৈমাসিকের প্রারম্ভের পর যে কোন সময়ে হউক আদায় করা যাইতে পারিবে অর্থাৎ ৩১ জুলাই ৩১ অক্টোবর ৩১ জানুয়ারি ও ৩০ আপ্রেল যে ত্রৈমাসিকের শেষ হইবে সেই ত্রৈমাসিকের রেট বা টাক্স যথাক্রমে ১লা মে ১লা আগষ্ট ১লা নবেম্বর বা ১লা ফেব্রুআরি অথবা তদপরে সংগৃহীত হইতে পারিবে।

২। তহসীলের ভারপ্রাপ্ত কর্ম্মচারি আইনের ২৯ এবং ৩৯ ধারানুসারে যে সকল ফর্দ্দ প্রস্তুত হইবেক

collecting Officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or Officers appointed by them or their Secretary, if there be one, to the subordinate Officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting Officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman or Vice Chairman. Every collecting Officer at the time of demanding payment shall be bound to show this certificate if required.

4. The collecting Officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rate or taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

7. The Officer to whom a bill may be issued for presentation shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

8. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the Office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall after warning continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a Criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

তদৃষ্টে ৪৪ ধারার কথিত বিল সকল প্রস্তুত করাইবেক এবং ঐরূপ প্রস্তুত হওয়া বিল সকল কমিস্যনরদিগের বা তাহারদিগের নিযুক্তীয় অন্য কোন কর্ম্মচারির অথবা যদি কেহ তাহাদিগের সেক্রেটারী থাকে তবে তাহাদ্বারা স্বাক্ষরিত হইয়া তহসীল সংক্রান্ত অধীনস্থ কার্য্যকারকদিগকে প্রদত্ত হইবেক এবং তাহারা পশ্চাৎ লিখিত নিয়মানুসারে ঐ সকল বিলের লিখিত ব্যক্তিগণকে তহসীল জন্য প্রদর্শন করাইবে।

৩। তহসীল সংক্রান্ত প্রত্যেক কর্ম্মচারিকে তাহাদিগের তহসীল করিবার ক্ষমতার নিদর্শনস্বরূপ এক এক সর্টিফিকেট প্রদত্ত হইবে এবং ঐরূপ প্রত্যেক সর্টিফিকেটে মিউনিসিপলটির মোহর ও সভাপতির বা প্রতিনিধি সভাপতির স্বাক্ষর থাকিবেক এবং তহসীল কালীন আবশ্যক হইলে প্রত্যেক কর্ম্মচারি তৎক্ষণাৎ তাহা দেখাইবেক।

৪। তহসীল সংক্রান্ত প্রত্যেক কর্ম্মচারি কোন বিষয়ের প্রাপ্য টাকা পাইলে তাহার এক রসিদ দিবে।

৫। যদি কোন বিষয়ের স্বামির নাম জানা না যায় তবে তাহার এত্তেলানামা জারী করিতে হইলে বা তাহার নামে অপর আইনোক্ত কার্য্য করিতে হইলে সেই বিষয়ের স্বামী বলিয়া উল্লেখ করিলেই যথেষ্ট হইবে এতদ্ভিন্ন অন্য কোন বিবরণের প্রয়োজন হইবে না।

৬। আইনানুসারে প্রাপ্য রেট বা টাকসের বিল সম্ভব পর হইলে বিলের লিখিত ব্যক্তির নিকট প্রদর্শন করাইতে হইবেক এবং প্রদর্শন অসম্ভব হইলে তাহার বাসস্থানে রাখিয়া আসিবেক তাহা হইলেই ৪১ ধারার কথিত প্রদর্শন হইয়াছে বুঝিতে হইবেক।

৭। তহীসল করণ জন্য কোন কর্ম্মচারিকে বিল প্রদত্ত হইলে সে উক্ত বিল প্রদর্শন কালীন অথবা প্রদর্শনের তারিখহইতে ১০ দিনের মধ্যে কোন সময়ে তল্লিখিত টাকা গ্রহণ করিবেক।

৮। মিউনিসিপল কমিস্যনরগণ আইনানুসারে চাহিতে পারেন এমত কোন বিষয়ের সিডৌল কিম্বা এত্তেলা কোন ব্যক্তির নিকট প্রেরণ করা হইলে আইনের ৮১ ধারার বিধানমতে জারী হওনের দিবসাবধি সপ্তাহের মধ্যে জিজ্ঞাস্য বিষয়ের সংবাদ সম্বলিত উক্ত সিডৌল বা এত্তেলা মিউনিসিপল কমিস্যনরদিগের কার্য্যালয়ে ফিরিয়া পাঠাইতে হইবে আর যদি কেহ তাহা উক্ত সময়ের মধ্যে না পাঠান তবে সেই ব্যক্তি ৫৲ টাকার অনধিক দণ্ডার্হ হইবেক এবং কমিস্যনরদিগের কর্ত্তৃক সতর্ক করা হইলেও যত দিন পর্য্যন্ত ফিরিয়া দিতে অমনোযোগ করিবে তাহার প্রতিদিন ২৲ টাকা করিয়া দণ্ড দিতে হইবেক পরন্তু কোন ব্যক্তি জানিয়া শুনিয়া যদি কোন মিথ্যা সংবাদ লিখিয়া দিলে ৫৲ টাকার অনধিক দণ্ডার্হ হইবেক এবং উপযুক্ত বোধ হইলে ভারতবর্ষীয় দণ্ডবিধি অনুসারে তাহার নামে নালিশ করিতে হইলে এই উপবিধিতে কোন প্রতিবন্ধক হইবেক না।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ২৫ সেপ্টেম্বর ।]

9. Every owner, occupier or other person, shall permit the Commissioners, or any one appointed by them, under a written authority for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any Coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners or any person duly authorized by them in making such entry and inspection shall be liable to a fine not exceeding Rupees 20.

10. Every distraint made under the Act shall be executed by the collecting Officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting Officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining Officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining Officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance, for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any Officer under the Commissioners, shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

৯। প্রত্যেক স্বামী বাসিন্দা অথবা অন্য কোন ব্যক্তি কমিসানরদিগকে কিম্বা তাহাদিগের নিয়োজিত লিখিত পূর্ব্বক তার প্রাপ্ত কোন কর্ম্মচারিকে প্রত্যেক আস্তাবলে বা গাড়ি রাখিবার ঘরে অথবা যেখানে আইনের ৩৫ ধারা অনুসারে ট্যাক্স হইবার যোগ্য কোন গাড়ি বা পশ্বাদি থাকে বলিয়া বোধ হয় তত্তৎস্থানে সূর্য্যোদয়হইতে সূর্য্যাস্তের মধ্যে যে কোন সময়ে হউক প্রবেশ করিয়া তত্ত্বানুসন্ধান করিতে দিবে যে কোন ব্যক্তি কমিসানরদিগকে অথবা তাহাদিগের দ্বারা উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত কোন কর্ম্মচারিকে ঐরূপ প্রবেশ ও দর্শন করিতে বাধা দেন তাহার ২০৲ টাকার অনধিক দণ্ডে দণ্ডার্হ হইবেক।

১০। কমিসানরগণকর্ত্তৃক অন্যরূপ আদেশীত না হইলে আইনের লিখিত যে সমস্ত ক্রোকী পরওয়ানা প্রচার হইবে তাহা তহসীল সংক্রান্ত কর্ম্মচারিদিগের দ্বারায় জারী হইবেক এবং ক্রোকী দ্রব্যাদি বিক্রয় হওয়া অথবা বাকীদারের নিকট হইতে প্রাপ্য টাকা আদায় না হওয়া পর্য্যন্ত উক্ত দ্রব্যাদি ঐ কর্ম্মচারির জিম্মায় থাকিবেক এবং উক্ত কর্ম্মচারির আইনের লিখিত সি ফারমে ঐ ক্রোকী দ্রব্যাদির এক ফর্দ্দ দিবেক।

১১। ক্রোক হইবামাত্রই যে ব্যক্তি ক্রোক করিবেক সে ক্রোকের তারিখহইতে ৭ রোজের অন্যূন মেয়াদে বিক্রয় দিন স্থির করিয়া বাকীদারের বাটীতে এক ইস্তাহার দিবেক এবং বিক্রয়ের দিনেতে ঢোল শহরতের দ্বারায় সংবাদ দিবেক।

১২। বিক্রয় হইবামাত্রই ঐ বিক্রীত দ্রব্যাদির মূল্য লওয়া ও খরিদ্দারকে বিক্রীত দ্রব্য দেওয়া হইবেক যদ্যপি খরিদ্দার তাহার ডাকের সমুদয় টাকা দিতে অপারক হয় তবে ক্রোককারী তাহার বিবেচনা অনুসারে উক্ত দ্রব্যাদি সেই দিবসে বা অন্য কোন দিবসে বিক্রয় করিতে পারিবে এবং তাহাতে যদি কোন ক্ষতি হয় তবে প্রথম খরিদ্দার কমিসানরদিগের নিকট উক্ত ক্ষতির দায়ীক হইবে এবং তাহা কমিসানরদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় হইবেক।

কমিসারদিগের নিয়োজিত ব্যক্তিগণের আচরণ বিষয়ক।

প্রকার ময়লা ঘন জঙ্গল অথবা অন্য কোন বাধাদি না থাকে এমত ভাবে রাখিতে হইবে এবং সাধারণের স্বাস্থ্য সম্পাদনার্থে কমিস্যানরগণকে অথবা উচিতমতে ক্ষমতাপ্রাপ্ত তাঁহাদের কোন কর্ম্মচারিকে উল্লেখিত নালা বা জলপথ পরিদর্শনার্থ প্রবেশ করিতে দিতে হইবেক।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ দশ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবেক।

২৯। কোন ব্যক্তি শূকর খোলা অথবা শূকর গৃহেবদ্ধ ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবে ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ২৲ দুই টাকা হিসাবে দণ্ড হইবেক।

৩০। বাজারের স্বত্বাধিকারি কি দখিলকার কি ইজারদারদিগের কর্ত্তব্য যে আপন২ বাজার উপযুক্তরূপে পরিষ্কার অবস্থাতে রাখেন এবং ঐ সকল স্বত্বাধিকারি দখিলকার কি ইজারদারদিগের পক্ষে ইহাও কর্ত্তব্য হইবেক যে কোন পচা মাংস বা মৎস্য কি তরকারী ইত্যাদি যে সব দ্রব্য অনিষ্টকারক ও অখাদ্য তাহা মিউনিসিপল কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থানে অবিলম্বে ফেলাইয়া দেওয়ান পরং কমিস্যনরদিগের নিযুক্তীয় কোন ব্যক্তি সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কোন সময়ে কোন এক গৃহেতে পরিদর্শনার্থে চাহিলে ঐ সকল স্বত্বাধিকারি কি দখিলকার কি ইজারদার তাঁহাকে অবরোধ করিতে পারিবেন না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ বিশ টাকা দণ্ড হইবেক।

৩১। যাহাতে কোন গলিপথ বা উপপথ কিম্বা বাজারের রাস্তার বাধা জন্মে এমতভাবে কেহ কোন বস্তু বিক্রয় জন্য সাজাইয়া বা স্তূবাকার করিয়া রাখিতে কি রাখাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৩২। কোন ব্যক্তির বাসস্থানে অথবা কমিস্যনরগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য কোন স্থানে মলমূত্রাদি ত্যাগ করিতে পারিবে না অর্থাৎ যদি কমিস্যনরগণ এমত স্থান নির্দ্দিষ্ট করিয়া দিয়া থাকেন।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৩৩। কমিস্যনরগণ নিষেধ করিলে পর কেহ কোন সাধারণ রাস্তা কি গলি হইতে ১২ ফিট অন্তর মধ্যে অথবা ১২ ফিটের ন্যূন ব্যবধানে কোন ক্ষুদ্র সীমানার মধ্যে কোন টাটি কি মল মূত্রাদি ত্যাগের স্থান প্রস্তুত করিতে বা করাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিনপ্রতি ৩৲ টাকা দণ্ড হইবেক।

৩৪। কোন ব্যক্তি কোন সাধারণ রাস্তার দিগে কোন সেতখানার দ্বার রাখিতে পারিবে না এবং কাহার

thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

35. No person shall carry night-soil through the streets, except between the hours of 4 and 7. A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

36. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable, or cook-house, to flow into any river, nullah, canal, tank, or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish, or other matter of a noisome kind, for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

38. All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 4 and 8 A. M.

Penalty for infringement, Rupees 10.

39. No refuse resulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

40. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners, shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

41. No person shall put on any wall, or on any roof of a house, or on any bank, or tree, or on

সেতখানা দ্বার ঐরূপে থাকিলে কমিসানরদিগের নিকট হইতে তদ্বিষয় নোটিস প্রাপ্ত হওয়ার পর তাহা পরিবর্ত্ত করিতে হইবেক উক্ত নিয়ম উল্লংঘন করিলে পর প্রথম উল্লংঘন জন্য ২০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ২৲ দুই টাকা দণ্ড হইবেক।

৩৫। কোন ব্যক্তি অপরাহ্ন ৪ ঘটিকা অবধি ৭ ঘটিকা পর্য্যন্ত বা আবৃত আধার ভিন্ন অন্য কোন সময়ে ও অন্য কোন প্রকারে রাস্তা দিয়া মল লইয়া যাইতে পারিবে না অথবা কমিসানরগণকর্ত্তৃক নির্দ্দিষ্ট স্থান ভিন্ন অন্য কোন স্থানে ঐ ময়লা রাখিতে পারিবে না

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক

৩৬। কোন ব্যক্তি কারখানা কি কর্ম্মস্থল কি অশ্বশালা কিম্বা রন্ধনশালা হইতে ময়লা বাহির করিয়া কোন নদী নালা, খাল পুষ্করিণী, কি নরদমাতে ফেলিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ২০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিনপ্রতি ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবেক।

৩৭। ক্লেদ ময়লা বিষ্ঠা অস্থি মৃত দেহ জঞ্জাল অথবা অন্য কোন অকর্ম্মণ্য দ্রব্য কেহ এমত স্থানে ও এমত প্রকারে দ্বাদশ ঘণ্টার অধিক কাল রাখিতে পারিবেক না যে তদ্দ্বারা কোন ব্যক্তির বিরক্ত জন্মায় বা সাধারণের স্বাস্থ্যের অনিষ্ট ঘটে।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ কুড়ি টাকা দণ্ড হইবেক।

৩৮। মিউনিসিপল কমিসানরগণ যে সকল ধূলা মাটি ও রাবিশ স্থানান্তর করিতে প্রবৃত্ত হইয়াছেন তৎসমুদয় জঞ্জাল পূর্ব্বাহ্ণে চারিটাহইতে ৮ টার মধ্যে যে বাটীহইতে তাহা ফেলাইবেক সেই বাটীর প্রবেশ রাস্তার একধারে রাখিতে হইবেক।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৩৯। কোন ব্যবসা বাণিজ্য বা কারখানার ময়লা নির্দ্ধারিত নিয়মে খরচ না দিলে মিউনিসিপল কমিসানরগণ স্থানান্তর করিবেন না এবং ঐ প্রকার স্থানান্তর করিতে যে খরচ হইবে তাহা মিউনিসিপল কমিসানরগণের প্রাপ্য পাওনা স্বরূপ আদায় হইবেক।

৪০। সাধারণ রাস্তা বাটী সেতখানা নরদমা এবং সেশপুল হইতে যে সকল ধূলা মাটী ছাই গোবর ও রাবিশআদি মিউনিসিপল কমিসানরগণ কর্ত্তৃক সংগৃহীত হইবেক তৎসমুদয় উক্ত কমিসানরগণের সম্পত্তি হইবেক এবং তাহাদিগের বিবেচনামতে তৎসমুদয় তাহারা বিক্রয় করিতে পারিবেন এবং ঐরূপ বিক্রয় দ্বারা যে অর্থ লাভ হইবে তাহা ডিষ্ট্রিক্ট মিউনিসিপল এমপ্রুবমেণ্ট আক্টের কার্য্যে পর্য্যবসিত হইবে।

৪১। কোন রাস্তার ধারে বা কোন প্রকাশ্য স্থানে দেওয়ালে ঘরের ছাদে কিম্বা কোন ঢিবিতে বা গাছে

any other place or thing facing any road or public place, any preparation of dung to be used as fuel, or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

42. Every person, within whose premises any animal may die, shall, within two hours after its death, or, if death occurs at night, within two hours after daylight, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

43. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

44. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

45. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burial ground.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 4 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than 4 feet deep.

Penalty for infringement, Rupees 10.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২ অক্টোবর :]

কোন পশুর গোবরের ঘুঁটে জ্বালাইবার বা অন্য কোন আবশ্যকের নিমিত্তে দিতে পারিবে না।

উক্ত বিষয় উল্লংঘন করিলে ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবেক।

৪২। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে মত্যুর পর দুই ঘণ্টার মধ্যে কিম্বা যদি রাত্রেতে মরে সূর্য্যোদয়ের দুই ঘন্টার মধ্যে তিনি তাহা আপনা হইতে খরচ দিয়া কমিস্যনরগণ কর্ত্তৃক মৃতু্য রাখিবার নিরূপিত স্থানে স্থানান্তর করিবেন অথবা যে ডিবিজনে তাহার বাটী সেই ডিবিজনে কন্‌সারবন্‌শী ওবারসীয়রের নিকট সংবাদ করিবেন ও তাহাতে কমিস্যনরগণ সময়েং মৃতু্য স্থানান্তর করার যে খরচের নিরিক করিয়া দিবেন সেই নিরিক অনুসারে ঐ ওবারসীয়ারকে সেই খরচ দিতে হইবেক এবং যদি ঐ ব্যক্তি ঐ জন্তুর মালিক না হয় এবং উহার মালিককে জানা জায় তবে তাঁহারি একক ঐ সমুদয় ব্যয়ের দায়ী হইতে হইবে এবং ঐ ব্যয় কমিস্যনরদিগের প্রাপ্য পাওনা স্বরূপ আদায় হইবে কোন ওবরশিয়ারকে যখন জানান যাইবে তখন তিনি ঐ মৃতু্য স্থানান্তর করিতে শৈথিল্য করিবেন না।

উক্ত বিষয় উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৪৩। কোন ব্যক্তি সাধারণ রাস্তার উপর বা অন্য স্থানে কোন পীড়িত বা জির্ণ পশুকে ছাড়িয়া দিলে বা ছাড়াইয়া দিলে বা ছুটিয়া যাইতে দিলে যে স্থান হইতে ঐ পশু কোন সাধারণ রাস্তার উপর যাইতে পারে এমত ছাড়িয়া দিবে না।

উক্ত বিষয় উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৪৪। কোন ব্যক্তি কোন শব বা শবাংশ কমিস্যনরগণকর্ত্তৃক শব রাখার নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য স্থানে রাখিতে বা রাখাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৪৫। নিয়মিত সাধারণ শব দাহের শ্মশানে অথবা গোরস্থানে কোন শব বা শবাংশ দাহন অথবা কবরিত করণ ব্যতীত অন্য কোন প্রকারে ঐ মৃত দেহ বা তদংশ কোন ব্যক্তি ত্যাগ করিতে কি করাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৪৬। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে কোন শব বা শবাংশ কবরিত করিতে কি করাইতে হইলে এরূপে প্রবেশ করাইতে হইবেক যে ঐ শবের কাফিন কি যে স্থানে কাফিন ব্যবহার না হইয়া থাকে ঐ শব জমির উপরিভাগ হইতে ৪ ফিটের অনধিক নীচে না হয়।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ টাকা দণ্ড হইবেক।

৪৭। কোন ব্যক্তি কোন কবরের স্থলে কোন শব বা শবাংশ কবরিত করিতে কি করাইতে আসিলে যদি সে কবর ইষ্টক নির্ম্মিত না হয় তাহা হইলে ৪ ফিট পর্য্যন্ত গর্ত্ত না করিয়া কবর দিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ টাকা দণ্ড হইবেক।

48. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 2 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

49. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

50. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 4 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

52. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

53. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

54. No person while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

55. Every corpse, or part of a corpse, that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

56. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

57. No Elephant to be admitted within the limits of the Municipality without the consent in writing of the Municipal Commissioners.

Penalty for infringement, Rupees 5.

Miscellaneous.

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house,

৪৮। কোন গোরস্থানে কোন বর্ত্তমান কবরের ২ ফীট অনধিক দূরে কেহ অন্য এক কবর খনন করিতে অথবা করাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৪৯। কোন গোরস্থানে কমিস্যনরগণের দ্বারা নির্দ্দিষ্ট পংক্তির বহিষ্কৃত স্থানে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ কুড়ি টাকা দণ্ড হইবেক।

৫০। কমিস্যনরগণের অনুমতি ভিন্ন যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনরায় অন্য শব প্রবেশ করণার্থ খুলিতে পারিবে না উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৫১। যে কোন ব্যক্তি কোন শবদাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহন ভূমিতে উপস্থিত হইবার পর ৪ ঘণ্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৫২। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে আসিলে তাহা পুড়িয়া ভস্মসাৎ না হওয়া পর্য্যন্ত দগ্ধ করিবে উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বতোভাবে ভস্মসাৎ না করিয়া উক্ত দাহন স্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৫৩। মৃত দেহ বা তদংশ সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে হইলে তাহা না দেখা যায় এমত আবর্ত্তন না করিয়া কেহ লইয়া যাইতে পারিবেক না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ টাকা দণ্ড হইবেক।

যখন কোন ব্যক্তি মিউনিসিপলিটির সরহদ্দ দিয়া কোন শব বা শবাংশ লইয়া যাইবেক কোন কারণ প্রযুক্তই সাধারণ রাস্তার কি তাহার নিকট রাখিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ টাকা দণ্ড হইবেক।

৫৫। যে কোন শব বা শবাংশ যাহা অস্ত্রাদিদ্বারায় ছেদন করণার্থে রাখা হইবে তাহা কোন ঘেরাও গাড়ী দ্বারায় স্থানান্তর করিতে হইবেক।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৫৬। কমিস্যনরগণের অনুমতি ব্যতীত কোন সাধারণ ভূমির উপর পশু ও শকট জমা করিয়া রাখিতে কি কোন প্রকার তাম্বু ফেলাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৫৭। মিউনিসিপল কমিসানরদিগের লিখিত সম্মতি না লইয়া কোন ব্যক্তি কোন হস্তী মিউনিসিপল সরহদ্দ মধ্যে আসিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ৫৲ টাকা দণ্ড হইবেক।

বিবিধ বিষয়ক।

৫৮। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর এমারত প্রাচীর বা স্থান থাকিবে মিউনিসিপাল কমিস্যনরগণ

building, wall, or place in any highway, the name by which such highway is to be known. Any person pulling down, destroying or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number, shall be liable to a fine of Rupees 5.

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

62. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act, shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

J. W. Edgar,
Chairman.

Cachar,
The 18th September 1866.

ইচ্ছা করিলে তাহার প্রকাশ্য অংশে উক্ত রাস্তার নাম লিখাইতে পারিবেন যদি কোন ব্যক্তি সে নাম নষ্ট বা উন্মোচন করে কি পুঁছিয়া ফেলায় তাহা হইলে ৫৲ পাঁচ টাকা দণ্ড হইতে পারিবেক।

৫৯। কমিস্যনরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা এমারতের বহির্ভাগের কোন প্রকাশ্য স্থানে অথব তৎসংক্রান্ত প্রকারাদির দ্বার সাধারণ রাস্তার দিগে থাকিলে তাহাতে উক্ত ঘর বা এমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন কেহই সেই সংখ্যা নষ্ট কি উন্মোচন কিম্বা পুঁছিয়া ফেলাইলে ৫৲ পাঁচ টাকা দণ্ড হইতে পারিবে।

৬০। ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুবমেণ্ট আক্ট বা উপবিধি অনুযায়িক কমিস্যনরগণ তাহাদের প্রদত্ত লাইসেনছরকর নিরূপিত করিতে পারিবেন উক্ত করের হার কমিস্যনরগণ গবর্ণমেণ্টের অনুমত্যানুসারে সময়ে২ পরিবর্ত্ত বা নির্দ্ধারিত করিতে পারিবেন।

৬১। আইন অথবা আইনানুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল ব্যক্তি দিগের লাইসেন্স লইবার প্রয়োজন হইবেক তাহারা সেই২ লাইসেন্স কোন কমিস্যনর অথবা তাহাদের নিযোজিত উপযুক্ত ও লিখিত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে দেখাইবে।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৬২। ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুবমেণ্ট আক্টের ৪৯ ও ৫১ ধারানুসারে যে স্বত্বাধিকারির কোন গাড়ী রেজিষ্টরী হইয়া থাকে তিনি ঐ রেজিষ্ট্রসনের সংখ্যা ঐ গাড়ীর কোন প্রকাশ্য স্থানে লাগাইয়া রাখিবেন।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবেক।

J. W. Edgar,
Chairman.

কাছার,
১৮৬৬ সাল ১৮ সেপ্টেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২ অক্টোবর।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক জে বার্গো সাহেবকর্তৃক

Numb. 1419. ১৪১৯)

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 9, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৯ অক্টোবর।

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(*Civil Side.*)

No. 24.

To all Civil Judges,—(dated Calcutta, the 19th June 1866.)

In supersession of their Circulars as below,* the Court are pleased to issue the following instructions regarding the new Registration Act (XX of 1866), to which they request the immediate attention of all Civil Judges of whatsoever grade:—

2. Sections 41, 42, and 43, which prescribe the duties of Civil Courts in certain cases decided by them, are quoted below for easy reference. The difference between their provisions and those of Sections 43 and 45, Act XVI of 1864, should be carefully noted, so that no mistakes may occur in giving effect to the present law.

বঙ্গদেশে ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর অর্ডর।

দেওয়ানীপক্ষ।

২৪ নম্বর।

দেওয়ানী সকল বিচারকর্ত্তা সমীপেষু।

কলিকাতা ১৮৬৬ সাল ১৯ জুন।

হাই কোর্টের সাহেবেরা নিম্ন লিখিত * সরকুলর অর্ডর সকল রহিত করিয়া রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৬৬ সালের নূতন ২০ আইন সম্পর্কে নিম্ন লিখিত উপদেশবাক্য প্রচার করিতেছেন। সকল দেওয়ানী শ্রেণীর বিচারকর্ত্তা তাহাতে অগৌণে মনোযোগ করিবেন।

২। দেওয়ানী আদালত কোন২ মোকদ্দমা নিষ্পত্তি করিলে তাঁহাদের যাহা কর্ত্তব্য তদ্বিষয়ের বিধি ঐ আইনের ৪১, ৪২, ৪৩ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে। দৃষ্টি সুলভের জন্যে ঐ তিন ধারা নিম্নে গৃহীত হইল বর্ত্তমান আইন সফল করণ কার্য্যে প্রমাদ না হয়, এই নিমিত্তে ঐ২ ধারার কথার সঙ্গে ১৮৬৪ সালের ১৬ আইনের ৪৩ ও ৪৫ ধারার যে বৈলক্ষণ্য তাহাতে অবধান করিতে হইবে।

---

*No. 5, dated 31st March 1865.
,, 13 ,, 26th June ,,
,, 21 ,, 5th Sept. ,,
,, 33 ,, 22nd Dec. ,,
,, 2 ,, 2nd Feb. 1866.

* ১৮৬৫ সালের ৩১ মার্চের ৫ নং।
,, ২৬ জুনের ১৩ নং।
,, ৫ সেপ্টেম্বর ২১ নং।
,, ২২ ডিসেম্বরের ৩৩ নং।
১৮৬৬ সালের ২ ফেব্রুআরির ২ নং।

Section 41.—When any Civil Court shall, by a decree or order, declare any document relating to immoveable property which shall have been registered under this Act to be invalid, or when any Civil Court shall pass a decree or order affecting any such document, and such last mentioned decree or order shall create, declare, transfer, limit, or extinguish any right, title, or interest under such document to or in the immoveable property to which it relates, such Court shall cause a Memorandum of the decree or order to be sent to the Registrar within whose district the document was originally registered.

Section 42.—When any Civil Court shall, by a decree or order, create, declare, transfer, limit, or extinguish any right title, or interest of any person to or in any immoveable property situate in any part of British India in which this Act shall operate, such Court shall cause a Memorandum of the said decree or order to sent to the Registrar, or to every Registrar within whose district the whole or any part of such immoveable property is situate, and such Memorandum shall, so far as may be practicable, describe the property in manner required by Section 21.

Section 43.—The costs of and attending the registration under Sections 41 and 42 of any Memorandum of a decree or order shall be costs in the cause, and shall be paid by the Court to the Registrar or to such other person, and in such way as the local Government shall direct in that behalf.

3. The main difference between Section 41 of the present and Section 43 of the repealed law, is that it is now required that Memoranda of decrees or orders affecting registered documents shall be sent to the Officer generally known as the *District Registrar*, that is, "the Registrar within whose district the document was originally registered;" whereas under the now repealed law such Memoranda used to be sent to the Office in which the document was originally registered, which might be, and in most cases no doubt was, the Office of a Sub-Registrar.

4. A somewhat similar difference will be found on comparing Section 42 of the present with Section 45 of the repealed law. The Memoranda of decrees or orders affecting immoveable property should be sent not as heretofore to both District and Deputy or Sub-Registrars, but only to the District Registrar, or to every District Registrar within whose District the whole or any part of such immoveable property is situate. It should be noted that a Memorandum sent under Section 42 should, as far as practicable, describe the

৪১ ধারা। স্থাবর সম্পত্তি বিষয়ক যে লেখ্য এই আইনমতে রেজিষ্টর করা গিয়াছে সেই লেখ্য যদি কোন দেওয়ানী আদালত কোন ডিক্রী কি আজ্ঞাক্রমে অসিদ্ধ প্রকাশ করেন, কিম্বা তদ্রূপ কোন লেখ্যের গুরুত্বের হ্রাসবৃদ্ধিসূচক ডিক্রী কি আজ্ঞা করেন, ও লেখ্য যে স্থাবর সম্পত্তি বিষয়ক হয় তাহাতে ঐ লেখ্যজন্য কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক যদি শেষোক্ত ডিক্রী কি আজ্ঞাক্রমে সৃষ্ট কি অবধারিত কি হস্তান্তরিত কি সংকুচিত কি বিলুপ্ত হয়, তবে ঐ লেখ্য আদৌ যে রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে রেজিষ্টর করা যায় তাঁহার নিকটে ঐ আদালত ঐ ডিক্রীর কি আজ্ঞার মর্ম্মাত্মক পত্র প্রেরণ করিবেন ইতি।

৪২ ধারা। এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন স্থানে প্রচলিত হয়, যদি কোন দেওয়ানী আদালত ডিক্রী কি আজ্ঞা দ্বারা সেই স্থানবর্ত্তি কোন স্থাবর সম্পত্তির উপর কি সম্পত্তিতে কোন ব্যক্তির কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক সৃষ্টি কি প্রকাশ কি হস্তান্তর কি সংকোচ কি বিলোপ করেন, তবে ঐ সমুদয় স্থাবর সম্পত্তি কি তাহার কোন অংশ যে রেজিষ্ট্রারের কি যেং রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে তাঁহারদের প্রত্যেক জনের নিকটে ঐ আদালত ঐ ডিক্রীর কি আজ্ঞার মর্ম্মাত্মকপত্র প্রেরণ করিবেন, এবং ২১ ধারাতে সম্পত্তি নির্দ্দেশ করিবার যে নিয়ম ব্যক্ত হইয়াছে ঐ মর্ম্মাত্মকপত্রে ঐ সম্পত্তি সাধ্যমতে সেই নিয়মে নির্দ্দিষ্ট হইবে ইতি।

৪৩ ধারা। ৪১ ও ৪২ ধারামতে ডিক্রীর কি আজ্ঞার কোন মর্ম্মাত্মক লিপি রেজিষ্টর করণের ও তৎকরণসম্পর্কীয় যে ব্যয় হয়, তাহা মোকদ্দমার খরচার মধ্যে ধরিতে হইবে, এবং আদালত রেজিষ্ট্রারকে সেই টাকা দিবেন কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যাঁহাকে যে প্রকারে ঐ টাকা দেওনের আজ্ঞা করেন আদালত তাঁহাকে সেই প্রকারে দিবেন ইতি।

৩। যে আইন রহিত হইয়াছে, তাহার ৪৩ ধারার ও বর্ত্তমান আইনের ৪১ ধারার এই বিশেষ বৈলক্ষণ্য। প্রথমোক্ত ধারামতে লেখ্য রেজিষ্টর হইয়া তৎসম্পর্কীয় কোন ডিক্রী কি আজ্ঞা হইলে আদৌ যে কার্য্যালয়ে রেজিষ্টর করা যায়, ঐ ডিক্রীর মর্ম্মাত্মক লিপি সেই কার্য্যালয়ে পাঠাইতে হইত। সব-রেজিষ্ট্রারেরও আফিসে হইলে হইতে পারিত, অনেক স্থলে তথায় প্রেরণ হইত সন্দেহ নাই। কিন্তু নূতন আইনক্রমে, যাঁহাকে সাধারণমতে ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার বলিয়া জানা যায় তাঁহারি অর্থাৎ ঐ লেখ্য আদৌ যে রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে রেজিষ্টর করা যায় তাঁহার নিকটে ঐ মর্ম্মাত্মকপত্র পাঠাইতে হইবে।

৪। এই আইনের ৪২ ধারা স্থগিত আইনের ৪৫ ধারার সহিত মিলাইলে প্রায় তদ্রূপ বৈলক্ষণ্য দৃষ্ট হইবে। যে ডিক্রী কি আজ্ঞা স্থাবর সম্পত্তির প্রতি বর্ত্তে তাহার মর্ম্মাত্মক লিপি ডিষ্ট্রিক্ট এবং ডেপুটী কি সব রেজিষ্ট্রার উভয়ের নিকটে পূর্ব্বে পাঠাইতে হইত। এইক্ষণে কেবল ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের নিকটে কিম্বা ঐ স্থাবর সম্পত্তির সমুদয় কি কোন অংশ যেং রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে তাঁহারদের প্রত্যেক জনের নিকটে পাঠাইতে হইবে। ৪২ ধারামতে যে মর্ম্মাত্মক লিপি প্রেরণ করা যায়, তাহাতে ২১ ধারার আজ্ঞানুসারে সম্পত্তির বর্ণনা সাধ্যমতে

property in the manner required by Section 21. The Court trust that they may receive no complaint of a non-observance of this provision of the law; for, unless the Memorandum contains a proper description of the property, the purposes for which it is required are entirely defeated, and the Memorandum is useless.

5. Whenever a judgment is recorded in English, the Memorandum to be sent to the Office for registration should be invariably drawn up in that language; for it is evident that the substance of decrees or orders passed by a Judge, of the nature of those entered in such Memoranda, can be best expressed in the language in which the original judgments were delivered.

6. Subordinate Courts should keep a copy of of every Memorandum sent to the District Registrar, and the High Court is pleased to direct that, in forwarding the records of appealed cases, all Courts of first instance, and all subordinate Courts of Appeal, shall attach to the judgment appealed against a copy of the Memorandum (or Memoranda) sent in for registration.

7. In connection with Section 43, which it will be observed is an entirely new provision of of the law, the High Court desire to point out that the costs of registration should be entered in every decree or order registered under Sections 41 and 42. The cost to be charged in the decree or order should, in accordance with the Schedule sanctioned by His Excellency the Governor General in Council, be calculated in the following manner:—

"The costs to be paid on Memoranda sent by the Civil Courts under Section 41 should be estimated at Rs. 2 in each case.

"The costs to be paid in Memoranda of decrees sent by the Civil Courts under Section 42 should be estimated on the value of the property affected by the decree according to the scale given in the Schedule A, *viz*:—

"Where the value shall not exceed

	Fee. Rs.	As.
Rs. 25	0	4
Exceeding Rs. 25 but not exceeding Rs. 100 ...	0	8
" 100 " ... 500 ...	1	0
" 500 " ... 1,000 ...	1	8
" 1,000 " ... 4,000 ...	2	0
and for every further Rs. 4,000 or part thereof	1	0

(NOTE.—Where Memoranda have to be sent to more than one District Registrar's Office, the costs calculated as above shall be forwarded by the

[*Government Gazette, 9th October* 1866.]

লিখিতে হইবে, এই কথা মন্তব্য। হাই কোর্টের সাহেবেরা আইনের এই বিধান অপালনের কোন অভিযোগ প্রাপ্ত না হন এই বাসনা। যেহেতুক ঐ মর্ম্মাত্মকপত্রে সম্পত্তির যথোচিত বর্ণনা না থাকিলে, যে অভিপ্রায়ে তাহা করিবার আদেশ হয় সেই অভিপ্রায়টি ব্যর্থ ও সেই মর্ম্মাত্মকপত্র অকর্ম্মণ্য হয়।

৫। যদি ইঙ্গলণ্ডীয় ভাষায় নিষ্পত্তি লেখা যায় তবে কার্য্যালয়ে রেজিষ্টর করিবার জন্যে যে মর্ম্মাত্মকলিপি পাঠাইতে হইবে তাহাও সেই ভাষায় লেখা উচিত। ফলত ঐ মর্ম্মাত্মকপত্রে বিচারকর্ত্তার যে ডিক্রীর কি আজ্ঞার মর্ম্ম লিখিতে হয়, নিষ্পত্তি যে ভাষায় ব্যক্ত হইয়াছে সেই ভাষায় ঐ মর্ম্মও উৎকৃষ্টরূপে ব্যক্ত হইতে পারে ইহা স্পষ্ট।

৬। নিম্ন আদালত ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের নিকটে যে মর্ম্মাত্মকলিপি প্রেরণ করেন তাহার প্রতিলিপি সর্ব্বদা নিকটে রাখিবেন। মোকদ্দমা আদৌ শুনিতে সক্ষম সকল আদালত এবং নিম্ন শ্রেণীর সকল আপীল আদালত যে সময়ে আপীলী মোকদ্দমার লেখ্যপত্র প্রেরণ করেন, সেই সময়ে যে নিষ্পত্তির উপর আপীল হয় তাহার সঙ্গে রেজিষ্টর হইবার জন্যে যে২ মর্ম্মাত্মক লিপি প্রেরণ করেন তাহারও প্রতিলিপি পাঠান, হাই কোর্টের এই আদেশ।

৭। ৪৩ ধারা এই আইনঘটিত সম্পূর্ণ নূতন বিধি। তৎসম্পর্কে হাই কোর্ট এই কথা জ্ঞাত করিতে চাহেন, ৪১ ও ৪২ ধারামতে যে প্রত্যেক ডিক্রী কি আজ্ঞা রেজিষ্টর করা যায়, রেজিষ্টর করিতে যত খরচ লাগে তাহাও তাহাতে লিখিতে হইবে। ডিক্রীর কি আজ্ঞাপত্রের মধ্যে কত খরচ লিখিতে হইবে তাহার হিসাব মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে তফসীল অনুমোদন করিয়াছেন সেই তফসীল অনুসারে ধরিতে হইবে। যথা;—

৪১ ধারামতে যে মর্ম্মাত্মকলিপি দেওয়ানী আদালতহইতে প্রেরণ করা যায়, তাহার খরচ প্রত্যেক স্থলে ২৲ টাকা ধরিতে হইবে।

যখন ৪২ ধারামতে ডিক্রীর মর্ম্মাত্মকপত্র দেওয়ানী আদালতহইতে প্রেরণ করা যায়, তখন ডিক্রী যে সম্পত্তি সংক্রান্ত হয়, সেই সম্পত্তির মূল্যক্রমে ঐ মর্ম্মাত্মকপত্রের খরচ A চিহ্নিত তফসীলের হারানুসারে ধরিতে হইবে। যথা

	ফী
সম্পত্তির মূল্য ২৫৲ টাকার অধিক না হইলে	।০
২৫৲ টাকার অধিক ১০০৲ টাকার অনধিক হইলে	॥০
১০০৲ ঐ ঐ ৫০০৲ ঐ ঐ ...	১৲
৫০০৲ ঐ ঐ ১০০০৲ ঐ ঐ ...	১॥০
১০০০৲ ঐ ঐ ৪০০০৲ ঐ ঐ ...	২৲
তদধিক ৪০০০৲ টাকার কি তাহার কোন অংশের উপর অধিক	১৲

মন্তব্য। যদি দুই কি অধিক ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের কার্য্যালয়ে মর্ম্মাত্মকপত্র পাঠাইতে হয়, তবে ডিক্রী যে সম্পত্তির প্রতি বর্ত্তে তাহার অধিকাংশ

Court to the Office in the District in which the principal part of the property affected by the decree is situate, and Rs. 1 shall be forwarded to each of the other Offices to which Memoranda are sent.)"

8. It will be observed that, for registering a Memorandum under Section 41, Rs. 2 only will be charged as costs in the decree or order, whereas for a Memorandum under Section 42, a calculation will be necessary under the scale quoted in the foregoing rule.

9. To illustrate the mode of dealing with a Memorandum under Section 42 of a decree in which the property is valued at Rs. 23,000, and is situated in Moorshedabad, Rajshahye, and Nuddea, the greater portion of the property being in the last named district, the Court would point out that the charge for registration would be calculated in the following manner :—

	Rs.	As.
For the first 4,000 ...	2	0
For four successive sums of 4,000 ...	4	0
For a broken portion ...	1	0
For registration in Morshedabad and Rajshahye ...	2	0
	9	0

The greater portion of the property being situated in Nuddea, the full fee, *viz.*, Rs. 7, would be credited to the Registration Fund of that District, the sum of Re. 1 being credited to the Funds of Moorshedabad and Rajshahye, to the Registrars of which districts Memoranda should also be sent.

10. Civil Court should bear in mind such charges and at the time of the execution of any such decree or order should be careful to see that the Government dues are deducted from the monies realized in execution before any payment is made to the judgment-creditor. The dues should be deposited in Court, and, as the local Government has as yet issued no orders regarding the payment of such monies, they should be made over, without delay, to the District Registrar or Registrars as may be. The High Court take this opportunity of impressing on all Judges the necessity for guarding against any loss by fraud or embezzlement.

11. Forms for the preparation of Memoranda under Sections 41 and 42 are hereto annexed. They are the same as those now in use which were prescribed by Circular No. 5, dated 31st March 1865, except that an additional column has been added to show the amount of costs entered in the decree or order, which will on execution of the said decree or order, be realized and paid into the credit of the Registration Fund.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৯ অক্টোবর।]

যে জিলার অন্তর্গত থাকে উপরোক্ত হিসাবমতে অবধারিত খরচ সেই জিলার কার্য্যালয়ে দিতে হইবে ও অন্য যে সকল কার্য্যালয়ে মর্ম্মাত্মকপত্র পাঠাইতে হয় তাহাতে এক টাকা করিয়া দেওয়া যাইবে।

৮। দৃষ্ট হইবে যে, ডিক্রীর কি আজ্ঞাপত্রের মধ্যে ৪১ ধারামতে মর্ম্মাত্মকপত্র রেজিষ্টর করিতে কেবল ২৲ টাকা খরচ লিখিতে হইবে। ৪২ ধারামত মর্ম্মাত্মকপত্রের খরচ উল্লিখিত বিধির নিরূপিত হারানুসারে হিসাব করা আবশ্যক।

৯। ইহার আদর্শ এই। ২৩০০০৲ টাকা মূল্যের কোন সম্পত্তি মুরশিদাবাদ রাজশাহী নদীয়া এই তিন জিলাতে আছে, অধিকাংশ নদীয়ার অন্তর্গত। সেই সম্পত্তিসংক্রান্ত ডিক্রীর যে মর্ম্মাত্মকপত্র ৪২ ধারামতে পাঠাইতে হয়, তাহার রেজিষ্টরী খরচের হিসাব এইরূপে ধরিতে হইবে, যথা —

প্রথম ৪০০০৲ টাকা উপর ...	২৲
তৎপরে ৪০০০৲ টাকার ৪ গুণের উপর ...	৪৲
৪০০০৲ টাকার ভগ্নাংশের উপর ...	১৲
মুরশিদাবাদে ও রাজশাহীতে রেজিষ্টর করিবার ...	২৲
	৯৲

সম্পত্তির অধিকাংশ নদীয়ার অন্তর্গত এই হেতুক ঐ জিলার রেজিষ্টরী ফণ্ডে সম্পূর্ণ ৭৲ টাকা ফী জমা দিতে হইবে। মুরশিদাবাদের ও রাজশাহীর যে২ ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের নিকটে মর্ম্মাত্মকপত্র পাঠাইতে হয় সেই২ জিলার তহবীলে এক২ টাকা জমা দিতে হইবে।

১০। দেওয়ানী আদালতের সর্ব্বদা সেই খরচ মনে রাখা উচিত। তদ্রূপ কোন ডিক্রী কি আজ্ঞা সাধন কালে তদ্দ্বারা যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে গবর্ণমেণ্টের প্রাপ্য টাকা অগ্রে পরিশোধ না করিয়া ডিক্রীমত খাতককে কিছুই না দেওয়া যায় এই বিষয়ে মনোযোগ করিবেন। সেই টাকা আদালতে গচ্ছিত করিতে হইবে। স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক তদ্রূপ টাকা পরিশোধ করিবার কোন আজ্ঞা অদ্যাপি প্রচার হয় নাই এহেতুক আদালতের কর্ত্তব্য যে ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারকে কি বিষয় বিশেষে রেজিষ্ট্রারদিগকে ঐ টাকা অব্যাজে দেন। প্রতারণা কি অপহরণদ্বারা কোন ক্ষতি না হয়, এই বিষয়ে বিচারকর্ত্তারদের মনোযোগ করা আবশ্যক, হাই কোর্টের সাহেবেরা তাঁহাদিগকে এই সুযোগে সতর্ক করিতেছেন।

১১। ৪১ ও ৪২ ধারামতে যে মর্ম্মাত্মকপত্র লিখিতে হইবে তাহার পাঠ নিম্নভাগে দেওয়া যাইবে। ১৮৬৫ সালের ৩১ মার্চ তারিখের ৫ নম্বরের সরক্যুলর অর্ডরেতে যে পাঠের ব্যবহার নির্দ্ধারিত হইয়াছিল, এই পাঠ প্রায়ই তত্তুল্য। কেবল ডিক্রীতে কি আজ্ঞাপত্রে যে খরচ নিরূপণ হইল তাহা দেখাইবার আর এক ঘর করা গিয়াছে। ঐ ডিক্রী কি আজ্ঞা সাধন হইলে, সেই খরচ আদায় হইয়া রেজিষ্ট্রেশন ফণ্ডে জমা হইবে।

12. In those districts in which the Bengali language is used, the names of persons and places in the Memoranda should be written in the Bengali character; but in those districts in which the proceedings are drawn up in the Persian character, the names of persons and places should be written in Hindee over the corresponding names in Persian, for it is possible to read a name written in Persian character in half a dozen different ways, and there is no certainty as to the orthography.

13. With the view of ensuring the performance of the duties connected with the preparation of these Memoranda, the High Court request that every Civil Court, in recording its judgment and decree or order in a case requiring registration, will enter the words "and a copy of Memorandum A (or B), as required by Section 41 (or Section 42) of Act XX of 1866, shall be forwarded to the Office (or Offices) of the Registrar (or Registrars) of

14. The Quarterly Statements required by paragraph 8, Circular No. 5, dated 31st March 1865, should be forwarded as heretofore.

15. The High Court trust that, under the supervision of District Judges, the duty of preparing and forwarding Memoranda to Registration Offices has been regularly and punctually performed by all the Civil Courts. If it has, in any instance, been neglected, such neglect should be at once reported to the High Court, and measures should be taken, without delay, to bring up any arrears.

16. The High Court also desire to remind all Civil Judges that the provisions of Sections 41, 42, 43, Act XX of 1866, will apply only to decrees and orders passed subsequently to the 1st May 1866, those of a prior date being governed by the provisions of Act XVI of 1864, and that its terms apply to original as well as to appealed suits in which the decree or order passed concerns a registered document relating to immoveable property or creates, declares, transfers, limits, or extinguishes any right, title, or interest of any person to or in any immoveable property situate in any part of British India in which Act XX of 1866 shall operate.

17. With a view of ensuring uniformity of practice, the Court is pleased to issue the following rules regarding the preparation of Memoranda of Registration :—

A. In decrees of a Court of first instance dismissing a plaintiff's claim to any right, title, or

১২। বাঙ্গলা ভাষা যে২ জিলাতে প্রচলিত হয়, সেই২ জিলায় মর্ম্মাত্মকপত্র লিখিত ব্যক্তিদের ও স্থানের নাম বঙ্গভাষায় লিখিতে হইবে। যে২ জিলাতে মোকদ্দমাঘটিত কার্য্যপত্র পারস্য অক্ষরে লেখা যায়, সেই২ জিলাতে পারস্য অক্ষরের লিখিত নামের উপর দেবনাগরী অক্ষরে ঐ নাম লিখিতে হইবে, যেহেতুক পারস্য অক্ষরের লিখিত নাম নানা প্রকারে পাঠ করা যায়, বানানেরও নিশ্চিত নিয়ম নাই।

১৩। ঐ মর্ম্মাত্মকপত্র প্রস্তুত করণ সম্পর্কীয় কার্য্য নিশ্চয়ই সম্পাদন হয় এই নিমিত্তে হাই কোর্টের সাহেবদের এই আদেশ। কোন মোকদ্দমায় যদি নিষ্পত্তি ও ডিক্রী কি আজ্ঞাপত্র রেজিস্টর করা আবশ্যক হয়, তবে দেওয়ানী বিচারকর্ত্তা যে সময়ে ঐ নিষ্পত্তি প্রভৃতি লেখেন, সেই সময়ে এই কথাও লিখিবেন " এবং ১৮৬৬ সালের ২০ আইনের ৪১ ধারামতে (কি ৪২ ধারামতে) A (কিম্বা B) চিহ্নিত যে মর্ম্মাত্মকপত্র দিতে হইবে তাহার প্রতিলিপি অমুকস্থানের রেজিষ্ট্রারের আফিসে (কি অমুক২ স্থানের রেজিষ্ট্রারদিগের আফিসে) পাঠাইতে হইবে।"

১৪। ১৮৬৫ সালের ৩১ মার্চ তারিখের ৫ নং সরক্যুলর অর্ডরের ৮ দফাতে যে ত্রৈমাসিক কৈফিয়ৎ পাঠাইবার আদেশ হইল তাহা পূর্ব্ববৎ পাঠাইতে থাকিবা।

১৫। জিলার জজ সাহেবদিগের তত্ত্বাবধানে ঐ মর্ম্মাত্মকপত্র লিখিবার ও রেজিস্টরী আফিসে পাঠাইবার কার্য্য দেওয়ানী সকল আদালতকর্ত্তৃক নিয়মিতরূপে ও যথাসময়ে সম্পাদিত হইয়াছে, হাই কোর্টের সাহেবদিগের এই দৃঢ় আশা। কিন্তু যদিচ কোন স্থলে সেই কার্য্য করিতে শৈথিল্য হইয়া থাকে, তবে হাই কোর্টে তাহা অগৌণে জ্ঞাত করিয়া যাহা করিতে বাকী থাকে তাহা অবিলম্বে করিবার সদুপায় করা যায়।

১৬। আরো হাই কোর্টের সাহেবেরা দেওয়ানী সকল বিচারকর্ত্তাকে এই কথা মনে করাইতে চাহেন। যে সকল ডিক্রী ও আজ্ঞাপত্র ১৮৬৬ সালের ১ মে তারিখের পরে প্রচারিত হয়, কেবল তাহার প্রতি ১৮৬৬ সালের ২০ আইনের ৪১, ৪২, ৪৩ ধারার বিধি বর্ত্তিবে। ঐ তারিখের পূর্ব্বের সকল ডিক্রীর ও আজ্ঞাপত্রের বিষয়ে ১৮৬৪ সালের ১৬ আইনের বিধানমতে কার্য্য হইবে। আরো ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন স্থানে ১৮৬৬ সালের ২০ আইন প্রচলিত হয় যদি কোন ডিক্রী কি আজ্ঞা সেই স্থানবর্ত্তি স্থাবর সম্পত্তিসংক্রান্ত রেজিষ্টর করা কোন লেখ্যের প্রতি বর্ত্তে, কিম্বা সেই সম্পত্তির উপর কি সেই সম্পত্তিতে কোন ব্যক্তির কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক সৃষ্টি কি প্রকাশ কি হস্তান্তর কি সঙ্কোচ কি বিলোপ করে, তবে যে মোকদ্দমায় ঐ ডিক্রী কি আজ্ঞা প্রচারিত হয় তাহা প্রথমোপস্থিত কি আপীলী মোকদ্দমা হইলেও উক্ত ২০ আইনের বিধান তাহার প্রতি বর্ত্তে।

১৭। রেজিস্টর করণার্থ মর্ম্মাত্মকপত্র প্রস্তুত করিবার একি নিয়ম হইবার জন্যে হাই কোর্ট তাহা প্রস্তুত করিবার নিম্ন লিখিত বিধি করিয়াছেন।

A. স্থাবর সম্পত্তিতে কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক পাইবার দাওয়া প্রথমে উপস্থিত হইলে যদি

interest to or in any immoveable property, no Memorandum need be prepared.

B. In decrees of an Appellate Court affirming the decree of a Court of first instance dismissing *in toto* a plaintiff's claim to or in immoveable property, no Memorandum need be prepared.

C. In decrees of a Court of first instance decreeing either wholly or in part a right, title, or interest in immoveable property claimed by the plaintiff, a Memorandum must be prepared as to the property decreed: if, on appeal, the decree be affirmed without alteration or modification, no Memorandum need be forwarded.

D. In decrees of an Appellate Court in which the decree of the lower Court is modified or reversed, wholly or in part, a Memorandum as to the part so modified or reversed, should be prepared and forwarded.

E. When a decree of a Court of first instance declares a registered document relating to immoveable property invalid, or when such Court passes a decree affecting such document, and such decree shall create, declare, transfer, limit, or extinguish any right, title, or interest under such document to or in the immoveable property to which it refers, or to any part thereof, a Memorandum should be prepared.

F. When a decree of an Appellate Court simply affirms the order of a Court of first instance on points relating to a registered document of immoveable property, no Memorandum need be prepared; but if such decree modifies or in any way varies or reverses that of the lower Court, a Memorandum relating to the portion of it so modified, varied, or reversed, should be prepared.

G. When a decree has been passed by a Court of Justice in a suit instituted under Section 230 of Act VIII of 1859, in favor of the applicant as plaintiff, either wholly or in part, a Memorandum should be prepared of the property decreed; and if, on appeal, that decree be wholly or partially varied or reversed, a Memorandum showing such variation and reversal should be prepared; but if the decree of the first Court be affirmed, no Memorandum is necessary.

H. When a sale of immoveable property made in execution of a decree has been confirmed by the Court, under Sections 256 and 257 of Act VIII of 1859, a Memorandum of sale and confirmation should be prepared; and if on appeal, that sale

আদালত বাদির সেই দাওয়ার নিরাকরণ করেন, তবে সেই ডিক্রীর মর্ম্মাত্মকপত্র প্রস্তুত করিবার প্রয়োজন নাই।

B. যে আদালতে মোকদ্দমা প্রথম উপস্থিত করা যায় সেই আদালত স্থাবর সম্পত্তি সংক্রান্ত বাদির দাওয়ার সম্পূর্ণ নিরাকরণসূচক যে ডিক্রী করেন আপীল আদালত সেই ডিক্রী বলবৎ করিলে তাহার মর্ম্মাত্মকপত্র প্রস্তুত করিবার প্রয়োজন নাই।

C. যে আদালতে মোকদ্দমা প্রথম উপস্থিত করা যায়, সেই আদালতে বাদী কোন স্থাবর সম্পত্তিতে স্বত্ব কি অধিকার কি সম্পর্ক দাওয়া করিলে যদি ডিক্রীক্রমে তাহা সম্পূর্ণরূপে কি অংশতঃ দৃঢ়ী করা যায়, তবে যে সম্পত্তির ডিক্রী হইল তৎসংক্রান্ত মর্ম্মাত্মকপত্র প্রস্তুত করিতে হইবে। তাহার উপর আপীল হইয়া যদি নিবর্ত্তন ও পরিবর্ত্তনভিন্ন ডিক্রী স্থিরীকৃত হয়, তবে আপীল আদালতের ডিক্রীর মর্ম্মাত্মকপত্র পাঠাইবার প্রয়োজন নাই।

D. আপীল আদালতের ডিক্রীতে যদি অধঃস্থ আদালতের সম্পূর্ণ ডিক্রী কি তাহার এক অংশ পরাবৃত্ত কি অন্যথা করা যায়, তবে যে অংশের পরিবর্ত্তন কি অন্যথা করা যায় তৎসম্পর্কে একখানি মর্ম্মাত্মকপত্র প্রস্তুত করিয়া পাঠাইতে হইবে।

E. স্থাবর সম্পত্তি বিষয়ক লেখ্য রেজিষ্টর হইলে পর কোন আদালতে প্রথমোপস্থিত মোকদ্দমায় যদি আদালত সেই লেখ্য অসিদ্ধ প্রকাশ কিম্বা ঐ লেখ্য সম্পর্কীয় কোন ডিক্রী করেন, এবং লেখ্য যে স্থাবর সম্পত্তি সম্পর্কীয় হয়, তাহাতে কি তাহার কোন অংশে ঐ লেখ্যের বলে যে স্বত্ব কি অধিকার কি সম্পর্ক থাকে তাহা যদি ঐ ডিক্রীক্রমে সৃষ্ট কি প্রকাশ কি হস্তান্তর কি সঙ্কোচ কি বিলোপ করা যায়, তবে মর্ম্মাত্মক পত্র প্রস্তুত করিতে হইবে।

F. যে আদালতে মোকদ্দমা প্রথমে উপস্থিত হয়, সেই আদালত স্থাবর সম্পত্তিবিষয়ক রেজিষ্টী লেখ্য সংক্রান্ত কোন২ বিষয়ের আজ্ঞা করিলে যদি আপীল আদালতের ডিক্রীক্রমে সেই আজ্ঞা কেবল স্থিরীকৃত হয়, তবে মর্ম্মাত্মকপত্র প্রস্তুত করিবার প্রয়োজন নাই। কিন্তু যদি সেই ডিক্রীদ্বারা নিম্ন আদালতের ডিক্রী পরিবর্ত্তন হয় কিম্বা কোন প্রকারে তাহার রূপান্তর কি অন্যথা করা যায়, তবে যে অংশের তদ্রূপ পরিবর্ত্তন কি রূপান্তর কি অন্যথা করা গেল সেই অংশসম্পর্কীয় মর্ম্মাত্মকপত্র প্রস্তুত করিতে হইবে।

G. ১৮৫৯ সালের ৮ আইনের ২৩০ ধারামতে মোকদ্দমা উপস্থিত করা গেলে যদি দেওয়ানী আদালতে বাদিস্বরূপ প্রার্থকের পক্ষে সম্পূর্ণ প্রার্থনার কি তাহার অংশের ডিক্রী হয়, তবে যে সম্পত্তির ডিক্রী হইল তাহার মর্ম্মাত্মকপত্র প্রস্তুত করিতে হইবে। তাহার উপর আপীল হইয়া যদি সম্পূর্ণ ডিক্রীর কি তাহার একাংশের রূপান্তর কি অন্যথা করা যায় তবে সেই রূপান্তর কি অন্যথা দর্শাইবার মর্ম্মাত্মকপত্র প্রস্তুত করিতে হইবে। কিন্তু যদি প্রথম আদালতের ডিক্রী স্থিরীকৃত হয়, তবে মর্ম্মাত্মকপত্রের আবশ্যক নাই।

H. ডিক্রী সাধনক্রমে স্থাবর সম্পত্তি বিক্রয় হইলে যদি আদালত ১৮৫৯ সালের ৮ আইনের ২৫৬ ও ২৫৭ ধারাক্রমে ঐ বিক্রয় সিদ্ধ করেন, তবে বিক্রয়ের ও বিক্রয়সিদ্ধির আজ্ঞার মর্ম্মাত্মকলিপি প্রস্তুত করিতে হইবে। আপীল হইয়া যদি সেই বিক্রয়ের

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৯ অকটোবর।]

should be reversed, a Memorandum of such order of reversal should be prepared by the Appellate Court.

I. When under Act X. of 1865, in which the decree of the lower Court probate is granted or refused, by a District Judge, of a will containing words sufficient to pass immoveable property, a Memorandum should be prepared.

J. If, on a review of a judgment, a Court shall set aside, modify, or in any way interfere with the decree as originally passed, then, if a Memorandum of the original decree has been forwarded to the proper Registration Office, a Memorandum should also be forwarded, notifying the extent of the modification or reversal made by the order passed in review.

K. No Memorandum need be prepared of orders passed by any Court under Act XXVII of 1860, nor those passed under Act XIX of 1841, nor those under Section 2 of Regulation I of 1798 and Sections 7 and 8, Regulation XVII of 1806, nor of Act XL of 1858, nor of those passed under Section 15 of Act XIV of 1859, nor under Sections 246 and 269 of Act VIII of 1859, nor in short of any order passed with reference to immoveable property in any of the miscellaneous cases entered in the Monthly Statement No. 2 which have not been explicitly mentioned in these rules.

18. It only remains for the Court to notice other portions of the Registration Act which affect the duties of Civil Judges.

19. The instruments of which registration is compulsory are decribed in Section 17, in connection with which Section 49 should be read. This Section declares that "no instrument required by Section 17 to be registered shall be received in evidence in any Civil proceeding in any Court, or shall be acted on by any public servant, as defined in the Indian Penal Code, or shall affect any property comprised therein unless it shall have been registered in accordance with the provisions of this Act."

20. In Section 18 are mentioned the documents of which registration is not compulsory, but optional. The privileges which attend the registration of the documents specified in Clauses 1, 2, and 3 of Section 18 are declared in Section 50, which enacts that such instruments duly

অন্যথা হয়, তবে আপীল আদালত সেই অন্যথা সূচক আজ্ঞার মর্ম্মাত্মকলিপি প্রস্তুত করিবেন।

I. যে প্রবেটের কথার দ্বারা স্থাবর সম্পত্তি হস্তান্তর করা যাইতে পারে যদি জিলার জজ সাহেব ১৮৬৫ সালের ১০ আইনমতে তদ্রূপ প্রবেট দেন কি দিতে অস্বীকার করেন, তবে মর্ম্মাত্মকপত্র প্রস্তুত করিতে হইবে।

J. নিষ্পত্তির পুনর্ব্বিচার কালে যদি কোন আদালত প্রথম প্রকাশিত ডিক্রী অন্যথা কি রূপান্তর করেন কি তাহাতে কোন প্রকারে হস্তক্ষেপ করেন, তবে সেই প্রথম ডিক্রীর মর্ম্মাত্মকপত্র উপযুক্ত রেজিষ্টরী কার্য্যালয়ে পূর্ব্বে প্রেরিত হইয়া থাকিলে পুনর্ব্বিচারক্রমে প্রচারিত ঐ আজ্ঞারও মর্ম্মাত্মকলিপি প্রেরণ করিতে হইবে। সেই আজ্ঞাক্রমে পূর্ব্ব ডিক্রীর যদ্রূপ মতান্তর কি অন্যথা করা যায় তাহা সেই মর্ম্মাত্মকপত্রে ব্যক্ত হইবেক।

K. ১৮৬০ সালের ২৭ আইনমতে কি ১৮৪১ সালের ১৯ আইনমতে কিম্বা ১৭৯৮ সালের ১ আইনের ২ ধারামতে ও ১৮০৬ সালের ১৭ আইনের ৭ ও ৮ ধারামতে কি ১৮৫৮ সালের ৪০ আইনমতে ও ১৮৫৯ সালের ১৪ আইনের ১৫ ধারামতে ও ১৮৫৯ সালের ৮ আইনের ২৪৬ ও ২৬৯ ধারামতে কোন আদালত কোন আজ্ঞা করিলে কিম্বা বিবিধ প্রকারের যেং মোকদ্দমা ২ নং মাসিক কৈফিয়তে লেখা গিয়া থাকে ও এই বিধিতে স্পষ্ট ব্যক্ত হয় নাই এমত কোন মোকদ্দমায় স্থাবর সম্পত্তি সম্পর্কীয় যে কোন আজ্ঞা হইলে তাহার মর্ম্মাত্মকপত্র প্রস্তুত করিবার প্রয়োজন নাই।

১৮। রেজিষ্টরী আইনের অন্য যেং অংশ দেওয়ানী বিচারকর্ত্তাদের কর্ত্তব্য কর্ম্মের প্রতি অর্শে তদ্বিষয় হাই কোর্টের এক্ষণে লিখিতব্য।

১৯। যেং লেখ্যের রেজিষ্টরী অবশ্যই করিতে হইবে তাহা ১৭ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে। তাহার সঙ্গে ৪৯ ধারার কথাও পাঠ করিতে হইবে। সেই ৪৯ ধারার কথা এই। ১৭ ধারাক্রমে যে লেখ্য রেজিস্টর করিবার আজ্ঞা হইয়াছে তাহা যদি এই আইনের বিধানানুসারে রেজিস্টর না হয়, তবে কোন আদালতে দেওয়ানী ব্যবহারঘটিত কোন কার্য্যেতে তাহা প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে না এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনেতে যাঁহারা রাজকীয় কার্য্যকারক বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছেন এমত কোন কার্য্যকারক সেই লেখ্যানুযায়ি কার্য্য করিবেন না ও সেই লেখ্য তল্লিখিত সম্পত্তি পক্ষে ফলোপধায়ক হইবেন।।

২০। যেং লেখ্যের রেজিষ্টরী করা আবশ্যক নহে স্বেচ্ছাধীনমাত্র, তাহা ১৮ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে। ঐ ধারার ১, ২, ৩ প্রকরণের উল্লিখিত লেখ্যের রেজিষ্টরী করিলে যে লভ্য সম্ভাবনা তাহা ৫০ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে। সেই ধারার এই আজ্ঞা, ঐ লেখ্য যদি নিয়মিতমতে রেজিষ্টরী করা যায়, তবে সেই সম্পত্তি

[Government Gazette 9th October 1866.]

registered " shall take effect as regards the property comprised therein against every unregistered instrument relating to the same property, whether such instrument be of the same nature as the unregistered instrument, or not." Section 48 further enacts, with reference to " all instruments duly registered under Act XX of 1866 and relating to moveable or immoveable property," that they shall " take effect against any oral agreement or declaration relating to the same property."

21. The time from which a registered document operates is specified in Section 47. The period of six years, from the time when the cause of suit arose, is the limitation fixed by Section 51 of Act XX of 1866, and also by Clause 16, Section 16 of Act XIV of 1859, for suits to recover money lent or interest, or for the breach of any contract when such engagement in writing has been duly registered under the Act.

22. the mode in which Civil Courts are to enforce obligations which have been *specially* registered under Section 52, is laid down in Sections 53, 54, and 55, to which the High Court request the careful attention of all Civil Judges. The Court content themselves with observing that, contrary to the provisions of Act XVI of 1864, the record of agreement made by the parties needs to be signed only by the Registering Officer and the obligor.

23. Section 84 is also an important provision of the law, but it applies exclusively to the Courts of District Judges. The High Court expect that all cases of this description will be taken up and decided soon after the presentation of the petition, as it is a matter of importance that there should be no delay in such cases.

24. The Judges will open a new head in the Monthly Statement No. 2 for " Petitions under Section 84, of Act XX of 1866 to establish a right to have a document registered," and another for Petitions under Section 53 of the same Act to enforce agreements recorded on specially registered obligations.

By Order &c.,

(Signed) L. R. Tottenham,
Offg. Registrar.

বিষয়ক অন্য কোন লেখ্য রেজিষ্টরী লেখ্যের তুল্য ভাবের হইলে কি না হইলেও তল্লিখিত সম্পত্তি সম্পর্কে ঐ রেজিষ্টরী লেখ্য সেই সম্পত্তি বিষয়ক রেজিষ্টরী না করা প্রত্যেক লেখ্যের অপেক্ষা বলবৎ হইবে। আরো স্থাবর কি অস্থাবর সম্পত্তি বিষয়ক যে সকল লেখ্য এই আইনমতে উপযুক্তরূপে রেজিষ্টর করা যায় তদ্বিষয়ে ৪৮ ধারার এই আজ্ঞা, রেজিষ্টরী লেখ্য সেই সম্পত্তি বিষয়ক কোন মৌখিক সংশ্রবের কি প্রতিজ্ঞার বিপক্ষে প্রবলতর হইবে।

২১। রেজিষ্টরী লেখ্য যে সময়াবধি বলবৎ হইবে তাহা ৪৭ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে। ঋণ কিম্বা সুদের নিয়মপত্র কিম্বা কোন চুক্তিপত্র লিখিত হইয়া আইন মতে উপযুক্তরূপে রেজিষ্টর করা গেলে পর সেই ঋণ কি সুদ আদায় করণের কি সেই চুক্তিভঙ্গের মোকদ্দমা হইলে ১৮৬৬ সালের ২০ আইনের ৫১ ধারা এবং ১৮৫৯ সালের ১৪ আইনের ১৬ ধারার ১৬ প্রকরণমতে ঐ মোকদ্দমার হেতু হইবার সময়াবধি মোকদ্দমা করিবার ছয় বৎসর কাল নিরূপণ হইয়াছে।

২২। নিবন্ধপত্রাদি ৫২ ধারাক্রমে বিশেষমতে রেজিষ্টর হইলে দেওয়ানী আদালতের দ্বারা তাহা প্রবল করণের বিধি ৫৩, ৫৪, ৫৫, ধারাতে অবধারিত হইয়াছে। হাই কোর্টের সাহেবেরা দেওয়ানী সকল বিচারকর্ত্তাকে তদ্বিষয় বিশেষমতে মনোযোগ করিতে আদেশ করেন। তদ্বিষয়ে হাই কোর্টের সাহেবদের এই মাত্র বক্তব্য ১৮৬৪ সালের ১৬ আইনের বিধানের অন্যথায় উভয় পক্ষ যে নিবন্ধপত্র করেন তাহাতে কেবল রেজিষ্টরী কার্য্যকারকের ও নিবদ্ধ ব্যক্তির স্বাক্ষর করিতে হইবে।

২৩। ৮৪ ধারাতে উক্ত আইনের গুরুতর বিধি আছে কিন্তু কেবল জিলার জজ সাহেবদের আদালতের প্রতি বর্ত্তে। এই প্রকারের সকল মোকদ্দমা দরখাস্ত উপস্থিত হইবার পরেই অব্যাজে গৃহীত হইয়া নিষ্পত্তি হইবে, হাই কোর্টের সাহেবদের এই আশা, যেহেতু তদ্রূপ মোকদ্দমায় বিলম্ব মাত্র না হওয়া গুরুতর বিষয়।

২৪। ১৮৬৬ সালের ২০ আইনের ৮৪ ধারামতে লেখ্য রেজিষ্টর করিবার স্বত্ব স্থাপনের প্রার্থনাপত্র এবং যে নিবন্ধপত্র বিশেষমতে রেজিষ্টর করা যায় সেই আইনের ৫৩ ধারামতে ঐ নিবন্ধপত্রের লিখিত নিয়ম বলবৎ করণের প্রার্থনাপত্র জজ সাহেবেরা এই দুই বিষয়ের ২টা নূতন ঘর ২ নং মাসিক কৈফিয়তে করিবেন ইতি।

আজ্ঞাক্রমে,

এল আর টটেনহাম।
একটিং রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৯ অক্টোবর।]

FORM A.

Serial No. of registered instruments, with Page, No., and Volume of Register in which it has been entered.	Names of parties to and No. of the suit, and whether an original or appeal suit.	Description of the immoveable property referred to in the instrument.	Effect of the decree or order on the instrument.	Date on which decree or order was passed.	Name and official designation of Officer by whom the decree or order was passed.	Fees for Registration.
No. 1 of 1865, 1st January 1865. Register of Hooghly.	Ram Dass *versus* Hurro Chunder Dass. Original suit No. 16 of 1865 (or Appeal No. 120 of 1865.)	10 beegahs of land, Mouzah Shahpore, or Pergunnah Selimabad, Zillah Hooghly, bounded on the north by, &c., &c.	Declares it to be invalid.	10th July 1865.	Mr. John Smith, Judge of Hooghly.	

A f-ছুত পাঠ।

রেজিষ্টরী লেখ্যের ক্রমিক নম্বর ও রেজিষ্টরী বহীর যে খণ্ডে যে অঙ্কক্রমে যে পৃষ্ঠায় লেখা হইয়াছে তাহা।	মোকদ্দমার উভয় পক্ষের নাম ও নম্বর এবং প্রথম উপস্থিত কি আপীল।	লেখ্যেতে যে প্রকারের স্থাবর সম্পত্তির উল্লেখ হইল।	গখ্যের প্রতি ডিক্রীর কি আজ্ঞার যে ফল।	ডিক্রী কি আজ্ঞা যে তারিখে হয়।	যে কার্য্যকারক ঐ ডিক্রী কি আজ্ঞা করেন তাঁহার নাম ও পদসম্পর্কীয় খ্যাতি।	রেজিষ্টর করিবার ফী।
১৮৬৫ সালের ১ নং। ১৮৬৫ সালের ১ জানুআরি। হুগলীর রেজিষ্টর।	রামদাস বাদী হরচন্দ্র দাস প্রতিবাদী প্রথম উপস্থিত ১৮৬৫ সালের ১৬ নং মোকদ্দমা কিম্বা ১৮৬৫ সালের ১২০ নং আপীল।	হুগলী জিলার অন্তর্গত সলিমাবাদ পরগনা মৌজা শাপুরের দশ কিঘা ভূমি। তাহার চতুঃসীমা এই।	সিদ্ধ প্রকাশ হইল।	১৮৬৫ সালের ১০ জুলাই।	হুগলীর জজ শ্রীজান স্মিথ সাহেব।	

FORM B.

Names of parties to and No. of the suits, and whether an original or appeal suit.	Description of the immoveable property affected by the decree or order.	Effect of the decree or order on the said property.	Date on which decree or order was passed.	Name and official designation of Officer by whom the decree or order was passed.	Fees for Registration.
Obhoy Churn Mitter *vs.* Kalidass Mitter. Original suit No. 9 of 1865 (or Appeal No. 200 of 1865.)	Zemindaree A in the Zillah of Hooghly.	Declares the adoption of the plaintiff to have been invalid, and declares the succession of the defendant to the said property as the nearest heir of the late proprietor under the Law.	15th May 1865.	Baboo Rampershaud Mookerjea, Principal Sudder Ameen.	

B চিহ্নিত পাঠ।

মোকদ্দমার উভয় পক্ষের নাম ও নম্বর ও মোকদ্দমা প্রথম উপস্থিত কি আপীল।	ডিক্রী কি আজ্ঞা যে স্থাবর সম্পত্তির প্রতি অর্শে তাহার বর্ণন।	ঐ সম্পত্তির প্রতি ডিক্রীর কি আজ্ঞার ফল।	ডিক্রী কি আজ্ঞা যে তারিখে হয়।	যে কার্য্যকারক ঐ ডিক্রী কি আজ্ঞা করেন তাঁহার নাম ও পদসম্পর্কীয় খ্যাতি।	রেজিষ্টর করিবার ফী।
অভয়াচরণ মিত্র বাদী কালিদাস মিত্র প্রতিবাদী ১৮৬৫ সালের ৯ নং প্রথম উপস্থিত মোকদ্দমা কিম্বা ১৮৬৫ সালের ২০ নং আপীল।	হুগলী জিলার অন্তর্গত অমুক জমীদারী।	বাদির পোষ্যপুত্রত্ব অসিদ্ধ হইল এবং প্রতিবাদী মৃত অধিকারির সান্নিহিত কুটুম্ব বলিয়া ব্যবস্থা মতে ঐ সম্পত্তির উত্তরাধিকারী প্রকাশ করা গেল।	১৮৬৫ সাল ১৫ মে।	প্রধান সদরআমীন বাবু রমাপ্রসাদ মুখোপাধ্যায়।	

Quarterly Statement.

FORM C.

Name and designation of Civil Judge.	Number of decrees and orders passed relating to immoveable property.	Number of Memorandum sent in accordance with Sections 41 and 42, Act XX of 1865, state separately.

[*Government Gazette, 9th October* 1866.]

ত্রৈমাসিক কৈফিয়ৎ।

C চিহ্নিত পাঠ।

দেওয়ানী বিচারকর্ত্তার নাম ও পদসম্পর্কীয় খ্যাতি।	স্থাবর সম্পত্তিসম্পর্কীয় যত ডিক্রী ও আজ্ঞা প্রচার হইয়াছে।	১৮৬৫ সালের ২০ আইনের ৪১ ও ৪২ ধারামতে যত মর্ম্মাত্মকপত্র পাঠান হইয়াছে তাহা স্বতন্ত্র লিখিতে হইবে।

No. 34.

To all Civil Judges,—(dated Calcutta, the 11th September 1866.)

To enable it to exercise a more effective supervision over the proceedings of the Civil Courts in cases of execution of decree, the High Court is pleased to direct that a column be inserted in the monthly Statements Nos. 2 and 3, showing the number of such cases pending more than three months. Cases pending for more than one year will be separately shown in the column set apart for the purpose; and explanation will be required in regard to all cases pending more than three months. The explanation should invariably mention the date of the last *bonâ fide* application in execution, that is, the last application which was followed up by some act done in furtherance of execution either by the Court or the Judgment Creditor.

By order, &c.,

(Signed) L. R. TOTTENHAM,
Officiating Registrar.

৩৪ নম্বর।

সকল দেওয়ানী বিচারকর্ত্তা সমীপেষু।

কলিকাতা ১৮৬৬ সাল ১১ সেপ্টেম্বর।

ডিক্রী সাধনের মোকদ্দমায় দেওয়ানী আদালতের যে কার্য্য হইয়া থাকে তাহার উপর হাই কোর্ট অপেক্ষাকৃত ফলজনকরূপে তত্ত্বাবধান হইতে পারে এই কারণে হাই কোর্টের সাহেবেরা ২ ও ৩ নম্বরের মাসিক কৈফিয়তে নূতন এক ঘর করিতে আদেশ করিয়াছেন। তদ্রূপ যে মোকদ্দমা তিন মাসের অধিকাল উপস্থিত থাকে তাহার সংখ্যা ঐ ঘরে লিখিতে হইবে। এবং বৎসরের অধিক কাল যে সকল মোকদ্দমা উপস্থিত থাকে তাহা দেখাইবার স্বতন্ত্র এক ঘর আছে। তাহাতেই লেখা যাইবে। তিন মাসের অধিক কাল যে সকল মোকদ্দমা উপস্থিত আছে তাহার হেতু জ্ঞাত করিতে হইবে। ডিক্রী সাধন সংক্রান্ত যে প্রার্থনাপত্র সর্ব্বশেষে হইয়াছে অর্থাৎ যে প্রার্থনাপত্র হইলে আদালত কিম্বা বিচারানুযায়ি মহাজন কর্ত্তৃক ডিক্রী সাধন সম্পর্কীয় কোন কার্য্য হইয়া থাকে সেই প্রার্থনাপত্রের তারিখ ঐ হেতুবাদের মধ্যে লিখিতে হইবে।

আজ্ঞাক্রমে,

এল আর টটেনহাম।
একটিং রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

Rules passed by the High Court of Judicature at Fort William in Bengal, in accordance with Section 4, Act XX of 1865, for qualification, admission, and enrolment of Pleaders and Mooktears in the Courts in the Province of Chota Nagpore.

1. Pleaders in the Courts in the Province of Chota Nagpore shall, as regards qualification, be of two grades.

2. Pleaders of higher grade shall be competent to appear, plead, and act in any Civil, Criminal, or Revenue Court in the Provice.

3. Those of the lower grade shall be competent to appear, plead, and act in the Courts of the Assistant Commissioners and Moonsiffs in the said Province.

4. Mooktears, duly admitted and enrolled may, subject to the conditions of their certificates as to the class of Courts in which they are authorized to practice, appear, and act in any Civil Court, and may appear, plead, and act in any Criminal Court within the said Province.

5. All persons who, on the 1st January 1866, were Pleaders or were lawfully qualified to act as Pleaders in any of the Courts in the Province, are qualified to be admitted and enrolled as Pleaders, subject to the provisions of Act XX of 1865. Such persons must make their applications for enrolment in the manner prescribed in Section 43 of the said Act.

Qualifications for Pleaders of the higher Grade.

6. Every Pleader of the higher grade, admitted and enrolled under the Rules passed by the High Court on the 2nd of May 1866, for the qualification, admission, and enrolment of Pleaders and Mooktears in Mofussil Courts of the Regulation Provinces, is competent by virtue of Section 2 of the said Rules to appear, plead, and act in any Civil, Criminal or Revenue Court in the Province of Chota Nagpore.

7. Every Pleader of the lower grade, admitted and enrolled under the aforesaid Rules, who shall satisfy the High Court that he has passed the Entrance Examination of the University of Calcutta, Madras or Bombay, shall, subject to the conditions of his certificate as to the class of Courts in which he is authorized to practise, be competent to appear, plead, and act in any of the Civil, Criminal or Revenue Courts in the said Province.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট ১৮৬৫ সালের ২০ আইনের ৪ ধারামতে ছোট নাগপুর প্রদেশের সকল আদালতে প্লীডর ও মোক্তারদের কার্য্য ক্ষমতার ও গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার এই বিধি প্রচলিত করিয়াছেন।

১। ছোট নাগপুর প্রদেশের আদালত সকলে কার্য্য ক্ষমতা সম্পর্কে প্লীডরদের দুই শ্রেণী হইবে।

২। প্রথম শ্রেণীর প্লীডরেরা উক্ত প্রদেশের কোন দেওয়ানী কি ফৌজদারী কি রাজস্বের আদালতে উপস্থিত হইয়া সমর্থন ও কর্ম্ম করিতে সক্ষম হইবেন।

৩। দ্বিতীয় শ্রেণীর প্লীডরেরা উক্ত প্রদেশের আসিষ্টান্ট কমিস্যনর ও মুনসেফদের আদালতে উপস্থিত হইয়া সমর্থন ও কর্ম্ম করিতে সক্ষম হইবেন।

৪। মোক্তারেরাও যখন নিয়মিতরূপে গ্রাহ্য হন ও তাঁহাদের নাম ফর্দ্দে লেখা যায়, তখন তাঁহাদের সংশিতপত্রক্রমে প্রাপ্ত যে শ্রেণীর আদালতে ব্যবহার করিবার অনুমতি হয় তদনুসারে তাঁহারা উক্ত প্রদেশের অন্তর্গত কোন দেওয়ানী আদালতে উপস্থিত হইয়া কার্য্য করিতে সক্ষম হইবেন। এবং কোন ফৌজদারী আদালতেও উপস্থিত হইয়া সমর্থন ও কার্য্য করিতে পারিবেন।

৫। যে সকল ব্যক্তি ১৮৬৬ সালের জানুআরি মাসের প্রথম দিবসে উক্ত প্রদেশের কোন আদালতে উকীল ছিলেন কিম্বা উকীল স্বরূপে কার্য্য করিবার আইনমতে ক্ষমতাপন্ন ছিলেন তাঁহারা ১৮৬৫ সালের ২০ আইনের বিধানমতে উকীল স্বরূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার যোগ্য হন। সেই ব্যক্তিদের আবশ্যক যে উক্ত আইনের ৪৩ ধারার নির্দ্দিষ্টমতে নাম লেখাইবার প্রার্থনা করেন।

প্রথম শ্রেণীর উকীলদের কর্ম্মক্ষমতার বিধি।

৬। আইনের অধীন প্রদেশের মফঃসল আদালতে উকীল ও মোক্তারস্বরূপে কর্ম্মক্ষম ও গ্রাহ্য হইবার এবং ফর্দ্দে নাম লেখাইবার নিমিত্তে হাই কোর্টের ১৮৬৫ সালের ২ মে তারিখের প্রচলিত বিধিমতে প্রথম শ্রেণীর যে প্রত্যেক উকীল গ্রাহ্য হইয়াছেন ও ফর্দ্দে নাম লেখাইয়াছেন তিনি উক্ত বিধির ২ ধারার বলে ছোট নাগপুর প্রদেশের দেওয়ানী কি ফৌজদারী কি রাজস্বের কোন আদালতে উপস্থিত হইয়া সমর্থন ও কার্য্য করিতে সক্ষম হইবেন।

৭। পূর্ব্বোক্ত বিধিমতে দ্বিতীয় শ্রেণীর যে প্রত্যেক উকীল গ্রাহ্য হইয়াছেন ও ফর্দ্দে নাম লেখাইয়াছেন তিনি যদি হাই কোর্টের এমত হৃদ্বোধ জন্মাইতে পারেন যে কলিকাতার কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন, তবে তাঁহার প্রাপ্ত সংশিপত্রক্রমে যে শ্রেণীর আদালতে ব্যবহার করিবার অনুমতি হইয়াছে তদনুসারে তিনি উক্ত প্রদেশে অন্তর্গত দেওয়ানী কি ফৌজদারী কি রাজস্বের কোন আদালতে উপস্থিত হইয়া সমর্থন ও কর্ম্ম করিতে পারিবেন।

Qualifications for Pleaders of the lower Grade.

8. Every Pleader of the lower grade admitted and enrolled under the aforesaid Rules, who shall not have passed the Entrance Examination of University of Calcutta, Madras or Bombay, but who shall satisfy the High Court that he has obtained a certificate of having passed the examination for a Government Vernacular Scholarship or minor Scholarship, shall be competent to be a Pleader of the lower grade in the said Province.

9. Every person may be admitted as a Pleader of the lower grade in the said Province, who shall satisfy the Court that he possesses a competent knowledge of the subjects mentioned in this clause by producing a certificate from the Examiners hereinafter mentioned, that he has passed an examination in the Regulations, Enactments, and Text Books set opposite to the respective subjects.

Subjects.	Regulations, Enactments, and Text Books.
1*st.*—The relation of Landlord and Tenant.	Act X of 1859 : Act VI. of 1862 (Bengal Council).
2*nd.*—Law of Mortgages.	Regulation I. of 1798, Act XVII. of 1806 (the parts in force.)
3*rd.*—The Law of Limitation.	Act XIV. of 1859.
4*th.*—The Law relating to Interest and Usury	Acts XXXII. of 1839 and XXVIII. of 1855.
5*th.*—The Law relating to Stamps.	Acts X. of 1862 and XVIII. of 1865.
6*th.*—Civil Procedure.	Acts VIII. of 1859 and XXIII. of 1861.
7*th.*—The Law of Evidence.	Act II. of 1855, and Norton on Evidence.
8*th.*—Criminal Law and Procedure.	Penal Code (Act XLV. of 1860) Code of Criminal Procedure (Act XXV. of 1861.)

10. The examination will be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners in pursuance of Section 6, Act XX. of 1865, and according to such Regulations as shall be made by the said Government for conducting such examinations.

11. The application to the High Court for admission shall be made within three years from the time of the applicant's passing the examination, or within such further time as the Court shall for any special reason allow.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৯ অকুটোবর।]

দ্বিতীয় শ্রেণীর উকীলদিগের কর্ম্মক্ষমতার বিধি।

৮। পূর্ব্বোক্ত বিধিমতে দ্বিতীয় শ্রেণীর যে প্রত্যেক উকীল গ্রাহ্য হইয়াছেন ও ফর্দ্দে নাম লেখাইয়াছেন, তিনি যদি কলিকাতার কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের বিশ্ব বিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষাতে উত্তীর্ণ না হইয়া থাকেন কিন্তু হাই কোর্টের এমত হৃদ্বোধ জন্মাইতে পারেন যে গবর্ণমেন্টের এদেশীয় ভাষায় ছাত্ররৃত্তির কিম্বা দ্বিতীয় শ্রেণীর ছাত্ররৃত্তির পরীক্ষাতে উত্তীর্ণ হওয়ার সংশিতপত্র প্রাপ্ত হইয়াছেন, তবে উক্ত প্রদেশে তিনি দ্বিতীয় শ্রেণীর উকীল হইতে সক্ষম হইবেন।

৯। নিম্ন লিখিত বিষয়ের পার্শ্বে যে২ আইন ও বিধান ও পুস্তক নির্দ্দিষ্ট হইল কোন ব্যক্তি তাহাতে পরীক্ষোত্তীর্ণ হওয়ার সংশিতপত্র পরীক্ষকদের নিকটে প্রাপ্ত হইয়া দর্শাওন দ্বারা এই ধারার লিখিত বিষয়ের উপযুক্ত জ্ঞান প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে হাই কোর্টের হৃদ্বোধ জন্মাইলে তিনি উক্ত প্রদেশের দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ গ্রাহ্য হইতে পারিবেন।

বিষয়,	আইন, বিধান, পুস্তক।
প্রথম। ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সম্বন্ধ	১৮৫৯ সা. ১০ আ. ও বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬২ সা. ৬ আ.।
দ্বিতীয়। বন্ধক বিষয়ি ব্যবস্থা	১৭৯৮ সা. ১ আ. ও ১৮০৬ সা. ১৭ আ. (যে অংশ প্রবল আছে)।
তৃতীয়। মেয়াদি আইন	১৮৫৯ সা. ১৪ আ.।
চতুর্থ। সুদ ও অধিক সুদ গ্রহণ বিষয়ি	১৮৩৯ সা. ৩২ আ. ও ১৮৫৫ সা. ২৮ আ.।
পঞ্চম। ইষ্টাম্পা বিষয়ি আইন	১৮৬২ সা. ১০ আ. ও ১৮৬৫ সা. ১৮ আ.।
ষষ্ঠ। দেওয়ানী কার্য্যবিধানের আইন	১৮৫৯ সা. ৮ আ. ও ১৮৬১ সা. ২৩ আ.।
সপ্তম। প্রমাণ বিষয়ক আইন	১৮৫৫ সা. ২ আ. এবং সাক্ষ্য বিষয়ক নর্টন সাহেবের পুস্তক।
অষ্টম। ফৌজদারী ব্যবস্থা ও কার্য্যবিধান	দণ্ডবিধির (১৮৬০ সা. ৪৫) আইন, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সা. ২৫ আ.।

১০। বঙ্গদেশের গবর্ণমেন্ট ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষক পদে নিযুক্ত করেন, তাঁহাদের সম্মুখে উক্ত গবর্ণমেন্ট ঐ পরীক্ষা কার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে।

১১। প্রার্থকের পরীক্ষোত্তীর্ণ হইবার সময়াবধি তিন বৎসরের মধ্যে কিম্বা কোর্ট বিশেষ কোন কারণে অধিক যে সময়ের অনুমতি দেন সেই সময়ের মধ্যে হাই কোর্টে গ্রাহ্য হইবার প্রার্থনা করিতে হইবে।

12. In order to qualify a person to present himself for examination for the lower grade—

1st.—He must hold a certificate of having passed the Entrance Examination of the University of Calcutta, Madras, or Bombay, or a certificate of having passed the examination for a Government Vernacular Scholarship, or minor Scholarship.

2nd.—He must hold a satisfactory certificate of good moral character.

3rd.—He must be between the ages of 20 and 35 years.

13. Every candidate for examination for the lower grade shall, six weeks at least before the day fixed for the examination, give notice to the Deputy Commissioner of the District in which he resides of his intention to present himself at the ensuing examination, and shall establish to the satisfaction of such Deputy Commissioner that he possesses the qualifications declared by Rule 12 to be necessary for such candidates.

14. The Deputy Commissioner if satisfied that the candidate possesses such qualifications, shall thereupon enter his name, the name of his father, his place of residence, and his age, in a register, with a certificate to the effect that the Deputy Commissioner has been satisfied that he possesses the necessary qualifications, and shall furnish the candidate with a copy of, or an extract from, the said register.

15. Before the date of examination every candidate for the lower grade shall pay a fee of Rupees 10 into the Government Treasury of the District. The candidate shall at the same time present to the Collector the copy of the register furnished to him under Rule 14, and the Collector's receipt for the fee shall be endorsed thereon. Every candidate for examination shall produce to the Examiners the copy of the register granted to him by the Deputy Commissioner with the Collector's receipt endorsed thereon.

16. Any person who shall have passed for the lower grade under the preceding Rules, and who shall desire to be admitted, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise, Rupees 10, and shall, on presentation of the Examiner's certificate and of the Collector's receipt for the said sum of Rupees 10, be entitled to apply to the High Court for admission and enrolment.

17. The application, together with the certificate and receipt mentioned in Rule 16, shall be presented to the Deputy Commissioner of the District in which the applicant intends ordinarily to practise, and shall be forwarded by him to

[*Government Gazette.* 9*th October* 1866.]

১২। কোন ব্যক্তি দ্বিতীয় শ্রেণীর পরীক্ষা দিবার জন্যে উপস্থিত হইবার যোগ্য হন এই নিমিত্তে প্রয়োজন যে,

(১) তিনি কলিকাতার কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষোত্তীর্ণ হওয়ার সংশিতপত্র কিম্বা গবর্ণমেণ্টের এদেশীয় ভাষার ছাত্র বৃত্তি কি দ্বিতীয় শ্রেণীর ছাত্রবৃত্তির পরীক্ষোত্তীর্ণ হওয়ার সংশিতপত্র প্রাপ্ত হন।

(২) হৃদ্বোধজনক সুনীতিরীতির সংশিতপত্র প্রাপ্ত হন।

(৩) ২০ বৎসরের ন্যূন ও ৩৫ বৎসরের অধিক বয়স্ক না হন।

১৩। দ্বিতীয় শ্রেণীর নিমিত্তে পরীক্ষাদানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার ডেপুটী কমিস্যনর সাহেবকে আগামি পরীক্ষা হইবার নিরূপিত দিনের পূর্ব্বে অতিন্যূন ছয় সপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন। এবং বিধির ১২ ধারাতে ঐ পদাকাঙ্ক্ষিদের যে২ যোগ্যতা প্রয়োজন প্রকাশ হইয়াছে তাঁহার সেই যোগ্যতা আছে ডেপুটী কমিস্যনর সাহেবের হৃদ্বোধমতে ইহা প্রতিপন্ন করিবেন।

১৪। ডেপুটী কমিস্যনর সাহেব ঐ পদাকাঙ্ক্ষির সেই যোগ্যতাগুণবত্তার বিষয় হৃদ্বোধমতে জ্ঞাত হইলে, তিনি রেজিষ্টরে ঐ ব্যক্তির ও তদীয় পিতার নাম ও তাঁহার বাসস্থান ও বয়স লিখিবেন, ও তিনি প্রয়োজনানুসারে যোগ্যতা প্রাপ্ত হইয়াছেন এই বিষয়ে আপন হৃদ্বোধ হওয়ার সংশিতপত্রও ঐ রেজিষ্টরে লিখিবেন, এবং ঐ পদাকাঙ্ক্ষিকে ঐ রেজিষ্টরের প্রতিলিপি কি তাহাহইতে উদ্ধৃত কথা দিবেন।

১৫। পরীক্ষা দিবার তারিখের পূর্ব্বে দ্বিতীয় শ্রেণীর পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার অন্তর্গত গবর্ণমেণ্টের অর্থাগারে ১০৲ টাকা শুল্ক দিবেন। এবং বিধির ১৪ ধারামতে রেজিষ্টরের যে প্রতিলিপি পাইয়াছেন তাহাও তৎকালে কালেক্টর সাহেবের গোচর করিবেন, ঐ প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেব ঐ শুল্কের রসীদ লিখিয়া দিবেন। পরীক্ষাদানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি জজ সাহেবের দত্ত রেজিষ্টরের প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেবের রসীদ সুদ্ধ ঐ প্রতিলিপি পরীক্ষকদিগকে দেখাইবেন।

১৬। কোন ব্যক্তি দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ১০৲ টাকা দিবেন, এবং পরীক্ষকদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ১০৲ টাকার রসীদ দেখাইলে তিনি হাই কোর্টে গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইবার স্বত্ববান হইবেন।

১৭। প্রার্থক সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিতে মনস্থ করেন সেই জিলার ডেপুটী কমিস্যনর সাহেবকে তিনি ঐ প্রার্থনা এবং এই বিধির ১৬ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ দেখাইবেন। এবং ডেপুটী কমিস্যনর সাহেব তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখ্য

the Registrar of the High Court with any remarks which he may think fit to make thereon.

18. Upon the applicant's being admitted and enrolled by the High Court, a certificate to that effect shall be forwarded by the Registrar of High Court to the Deputy Commissioner of the District, who, upon the applicant's delivering and leaving with him a declaration in writing signed by the said applicant in conformity with the recital in the form of certificate given in the 2nd Schedule to Act XX. of 1865, shall grant him a certificate as required by the said Act.

RULES FOR MOOKHTARS.

19. *1st.*—Any person qualified to be admitted as a Pleader of either grade shall be entitled to be admitted as Mookhtar.

2nd.—Any person qualified to present himself for examination for a Pleadership of either grade may present himself for examination to be admitted as Mookhtar.

3rd.—Any person who can satisfy the Deputy Commissioner of the District that he possesses the following qualifications may be admitted to examination for the office of Mookhtar, *viz* :—

A.—That he is a person of good moral character.

B.—That he has received a liberal education.

C.—That he is not above the age of 35 years, unless he has been previously practising as a Mookhtar, in which case no limit of age will be prescribed.

20. Every candidate for examination as a Mookhtar shall, six weeks at least before the day fixed for the examination, give notice to the Deputy Commissioner of the District in which he resides of his intention to present himself at the ensuing examination, and he shall at the time of giving such notice establish to the satisfaction of such Deputy Commissioner that he possesses all the qualifications declared by Rule 19 to be necessary for such candidates.

21. The Deputy Commissioner, if satisfied that the candidate possesses such qualifications, shall
[illegible]upon enter his name, the name of his father
[illegible] of residence, and his age, in a regi[illegible] ter,
possesses
there[illegible]essary qate to the effect tha[illegible] shall furnish the
his place [illegible]h a copy of, or an extract from, the
with a certifi[illegible]

22. Before the date of examination every candidate [illegible]ll pay a fee of Rupees 5 into the Government Treasury of the District. The candidate shall, at the same time, present to the Collector the copy of the register furnished to him under Rule 21, and the Collector's receipt for the fee shall be endorsed thereon. The applicant shall produce to

বিহিত বোধ করেন তাহার সহিত ঐ সংশিতপত্র প্রভৃতি হাই কোর্টের রেজিষ্ট্রারের নিকটে প্রেরণ করিবেন।

১৮। প্রার্থক হাই কোর্টে গ্রাহ্য হইলে ও তাঁহার নাম ফর্দ্দে লেখা গেলে হাই কোর্টের রেজিষ্ট্রার সেই মর্ম্মের সর্টিফিকট জিলার ডেপুটী কমিস্যনর সাহেবের নিকটে প্রেরণ করিবেন। পরে ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলের সংশিতপত্রের পাঠে যে কথা ব্যক্ত হইয়াছে প্রার্থক সেই কথা অনুযায়ি প্রতিজ্ঞাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া জজ সাহেবকে দিয়া তাঁহার নিকটে রাখিবেন, পরে জজ সাহেব তাঁহাকে উক্ত আইনঅনুযায়ি সংশিতপত্র দিবেন।

মোক্তারদের বিধি।

১৯। (১) যিনি একতর শ্রেণীর উকীলস্বরূপ গ্রাহ্য হইবার যোগ্য হন তিনি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইবার স্বত্ববান।

(২) যিনি একতর শ্রেণীর ওকালতীর পরীক্ষা দানার্থে উপস্থিত হইবার যোগ্য আছেন, তিনি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইবার জন্যে পরীক্ষা দিতে উপস্থিত হইতে পারিবেন।

(৩) পশ্চাৎ লিখিত গুণ প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে যিনি জিলার ডেপুটী কমিস্যনর সাহেবের স্ববোধ জন্মাইতে পারেন তিনি মোক্তারের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইতে পারিবেন। বিশেষতঃ

(ক) তিনি সুনীতিরীতির ব্যক্তি।

(খ) বিশিষ্টমতে বিদ্যাশিক্ষা করিয়াছেন।

(গ) ৩৫ বৎসরের উর্দ্ধ বয়স্ক নহেন। কিন্তু যদি পূর্ব্বে মোক্তারের কর্ম্ম করিয়া থাকেন, তবে বয়সের কোন সীমা অবধারিত হইবে না।

২০। মোক্তারী কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার ডেপুটী কমিস্যনর সাহেবকে আগামি পরীক্ষা হইবার নিরূপিত দিনের পূর্ব্বে অতি ন্যূন ছয় হপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন। এবং এই বিধির ১৯ ধারাতে ঐ পদাকাঙ্ক্ষিদের যেং যোগ্যতা প্রয়োজন প্রকাশ হইয়াছে তাঁহার সেই যোগ্যতা আছে ডেপুটী কমিস্যনর সাহেবের স্ববোধমতে ইহা প্রতিপন্ন করিবেন।

২১। ডেপুটী কমিস্যনর সাহেব ঐ পদাকাঙ্ক্ষির সেই যোগ্যতাগুণবত্তার বিষয় স্ববোধমতে জ্ঞাত হইলে, তিনি রেজিষ্টরে ঐ ব্যক্তির ও তদীয় পিতার নাম ও তাঁহার বাসস্থান ও বয়স লিখিবেন, ও তিনি প্রয়োজনানুসারে যোগ্যতাপত্র প্রাপ্ত হইয়াছেন এই বিষয়ে [illegible] ঐ রেজিষ্টরে লিখিবেন, এবং ঐ পদাকাঙ্ক্ষিকে ঐ রেজিষ্টরের প্রতিলিপি কি তাহাহইতে উদ্ধৃত কথা দিবেন।

২২। মোক্তারের পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন পরীক্ষা দিবার তারিখের পূর্ব্বে জিলার অন্তর্গত গবর্ণমেণ্টের অর্থাগারে ৫৲ টাকা শুল্ক দিবেন। এবং বিধির ২১ ধারামতে রেজিষ্টরের যে প্রতিলিপি পাইয়াছেন তাহাও তৎকালে কালেক্টর সাহেবের গোচর করিবে কালেক্টর সাহেব তাহার পৃষ্ঠে ঐ শুল্কের রসীদ লিখিয়া দিবেন। জজ সাহেবের দস্ত রেজিষ্টরের যে

the Examiners the copy of the register granted to him by the Judge, with the Collector's receipt endorsed thereon.

23. The examination shall be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners in pursuance of Section 6, Act XX. of 1865, and according to such Regulations as shall be made by the said Government for conducting such examinations. The examination shall be in the following subjects :—

Code of Civil Procedure.
Law of Limitation.
Stamp Laws.
Penal Code and Code of Criminal Procedure.

24. Any person who shall pass the examination as a Mookhtar, and who shall desire to be admitted, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 8, and shall, on presentation of the certificate of the Examiners and of the Collector's receipt for the said sum of Rupees 8, be entitled to apply to the High Court for admission and enrolment.

25. The application, together with the certificate and receipt required by Rule 24, shall be presented to the Deputy Commissioner of the District in which the applicant intends ordinarily to practise, and shall be forwarded by the Deputy Commissioner to the Registrar of the High Court, with such remarks as he may think fit to make thereon.

26. Upon the applicant's being admitted and enrolled by the High Court, a certificate to that effect shall be forwarded by the Registrar of the High Court to the Deputy Commissioner of the District, who upon the applicant's delivering and leaving with him a declaration in writing, signed by the said applicant in conformity with the recital in the form of certificate given in the 2nd Schedule to Act XX. of 1865, shall grant him a certificate as required by the said Act.

27. If any person having passed the examination entitling him to be admitted and enrolled as a Mookhtar shall fail to apply for such admission and enrolment for a period of three years, he shall not be admitted and enrolled, unless, by special order of the High Court, the time for such application shall be extended.

28. Provided that any person who, on the 1st January 1866, had been practising for the term of one year at least immediately preceding that date as a Mookhtar in a Criminal Court, and who shall satisfy the Deputy Commissioner of the District in which he ordinarily practised that he is a person

প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেবের রসীদ লিখিত হইয়াছে পরীক্ষাদানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি পরীক্ষকদিগকে ঐ প্রতিলিপি দেখাইবেন।

২৩। বঙ্গদেশের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেণ্ট ঐ পরীক্ষা কার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে। পশ্চাৎলিখিত পুস্তকে পরীক্ষা হইবে, যথা—

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন।
মিয়াদী আইন।
ইষ্টাম্পের আইন।
দণ্ডবিধির আইন ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন।

২৪। কোন ব্যক্তি মোক্তারস্বরূপ পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ৮৲ টাকা দিবেন এবং পরীক্ষকেরদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ৮৲ টাকার রসীদ দেখাইলে তিনি হাই কোর্টে গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইবার স্বত্ববান হইবেন।

২৫। প্রার্থক সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিতে মনস্থ করেন, সেই জিলার ডেপুটী কমিস্যনর সাহেবকে ঐ প্রার্থনা এবং এই বিধির ২৪ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ দেখাইবেন। এবং ডেপুটী কমিস্যনর সাহেব তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহার সহিত ঐ সংশিতপত্রপ্রভৃতি হাই কোর্টের রেজিষ্ট্রারের নিকটে প্রেরণ করিবেন।

২৬। প্রার্থক হাই কোর্টে গ্রাহ্য হইলে ও তাঁহার নাম ফর্দ্দে লেখা গেলে হাই কোর্টের রেজিষ্ট্রার সেই মর্ম্মের সর্টিফিকুট জিলার ডেপুটী কমিস্যনর সাহেবের নিকটে প্রেরণ করিবেন। পরে ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলের সংশিতপত্রের পাঠে যে কথা ব্যক্ত হইয়াছে, প্রার্থক সেই কথানুযায়ি প্রতিজ্ঞাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া ডেপুটী কমিস্যনর সাহেবকে দিয়া, তাঁহার নিকট রাখিবেন, পরে তিনি তাঁহাকে উক্ত আইনঅনুযায়ি সংশিতপত্র দিবেন।

২৭। যে প্রকারের পরীক্ষা দিলে কোন ব্যক্তি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইতে ও ফর্দ্দে নাম লেখাইতে পারেন সেই প্রকারের পরীক্ষোত্তীর্ণ হইলে পর যদি সেই ব্যক্তি তিন বৎসরপর্য্যন্ত তদ্রূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা না করেন, তবে হাই কোর্টের বিশেষ আজ্ঞাক্রমে সেই প্রার্থনা করিবার সময় বৃদ্ধি না হইলে তিনি গ্রাহ্য হইবেন না ও ফর্দ্দে তাঁহার নাম লেখা যাইবে না।

২৮। পরন্তু যদি কোন ব্যক্তি ১৮৬৬ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে অতি ন্যূন এক বৎসর পর্য্যন্ত ফৌজদারী আদালতে মোক্তারস্বরূপে কর্ম্ম করিয়া আসিতেছেন, এবং সুনীতিরীতির লোক ও আইন ও কার্য্যবিধান বিষয়ক জ্ঞানদ্বারা মোক্তারস্বরূপে কার্য্য করিয়া থাকিতে ক্ষমতাপন্ন আছেন এই বিষয়

of good moral character, and qualified by his knowledge of Law and Procedure to continue practising as Mookhtar, shall be admitted to practise in any Criminal Court.

29. If any person having been admitted and enrolled as a Pleader or Mookhtar shall neglect to take out a certificate, or, having obtained a certificate, shall fail to renew it for a period of three years, he shall be suspended, and shall not be entitled to receive a certificate, or to have his certificate renewed without further orders of the High Court.

30. Any person, who, having been admitted as a Pleader or Mookhtar, shall accept any appointment under Government, or shall enter into any trade or other business, shall give notice thereof to the High Court, who may thereupon pass such orders as the said Court may think fit.

31. Any person, who shall hold any appointment under Government, or shall carry on any trade or other business at the time of his application for admission as a Pleader or Mookhtar, shall state the fact in his application for admission.

32. Any wilful violation of any of the above Rules shall subject a Pleader or Mookhtar to suspension or dismissal.

In continuation of the Rules passed by the High Court on the 2nd of May last, in accordance with Section 4, Act XX. of 1865, for the qualification, admission, and enrolment of Pleaders and Mookteārs in Mofussil Courts of the Regulation Provinces, and with reference to Rule 41 thereof.

It is hereby ordered that the whole of the said Rules with the exception of Rule 41, shall extend to the Province of Assam, subject to the following exceptions, namely, that the examination of Pleaders of the lower grade for the Districts of Kamroop, Durrung, Nowgong, Seebsagur, and Luckimpore, shall not include the 4th and 6th subjects specified in Rule 18, and that in lieu thereof the candidates shall be examined in Act XXIII. of 1863 (for the adjudication of claims to Waste Lands) and the Rules of the Government of Bengal with reference to the sale of Waste Lands.

তিনি সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিতে মনস্থ করেন যদি সেই জিলার ডেপুটী কমিস্যনর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন, তবে ফৌজদারী কোন আদালতে ব্যবহার করিতে গ্রাহ্য হইবেন।

২৯। যদি কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইয়া ও ফর্দ্দে নাম লেখাইয়া সংশিতপত্র লইতে শৈথিল্য করেন, কিম্বা সংশিতপত্র প্রাপ্ত হইলেও তিন বৎসর পর্য্যন্ত নূতন পত্র লইতে ত্রুটি করেন, তবে তাঁহার কর্ম্ম স্থগিত হইবে ও হাই কোর্টহইতে অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি সংশিতপত্র পাইতে কিম্বা নূতন সংশিতপত্র লইতে স্বত্ববান হইবেন না।

৩০। কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইলে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্মে নিযুক্ত হন, কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে হাই কোর্টে তাঁহার সেই কথা জানাইতে হইবে ও ঐ কোর্ট যদ্রূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

৩১। কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্মে নিযুক্ত থাকেন, কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে গ্রাহ্য হইবার প্রার্থনাপত্রে তিনি সেই কথা জ্ঞাত করিবেন।

৩২। কোন উকীল কি মোক্তার ইচ্ছাপূর্ব্বক পূর্ব্বলিখিত কোন বিধি লংঘন করিলে তিনি কিয়ৎকাল কি চিরকালের নিমিত্তে পদচ্যুত হইবেন।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট ১৮৬৫ সালের ২০ আইনের ৪ ধারামতে গত মে মাসের ২ তারিখে আইনের অধীন সকল মফঃসল আদালতের উকীল ও মোক্তারদের কর্ম্মক্ষমতার ও গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার যে সকল বিধি প্রচলিত করিয়াছেন তদতিরিক্ত ঐ বিধির ৪১ ধারার উপলক্ষে এই বিধি প্রচলিত করিলেন।

৪১ ধারাভিন্ন সমস্ত বিধি আসাম প্রদেশে প্রচলিত হইবে, কিন্তু কামরূপ ও দরঙ্গ ও নৌগাঁ ও শিবসাগর ও লক্ষ্মীপুরের দ্বিতীয় শ্রেণীর উকীলদের পরীক্ষাকালে বিধির ১৮ ধারার নির্দ্দিষ্ট চতুর্থ ও ষষ্ঠ বিষয় ধরা যাইবে না। উক্ত দুই বিষয়ের পরিবর্ত্তে পরীক্ষার্থিদিগকে ১৮৬৩ সালের ২৩ আইনের (অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়ার নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইনের) এবং পতিত ভূমি বিক্রয়ার্থ বঙ্গদেশের গবর্ণমেণ্ট যেহ বিধি করিয়াছেন তদ্বিষয়ের পরীক্ষা দিতে হইবে।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2161.

APPOINTMENTS.

The 19th September 1866.

Mr. M. Rattray to officiate as a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in the Cuttack Division, and to be posted to Balasore, during the absence, on leave, of Coomar Brijendranarain Deb, or until further orders. Mr. Rattray will exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the Districts of the Cuttack Division.

The 24th September 1866.

Mr. W. B. Oldham, Assistant Magistrate and Collector, Beerbhoom, is transferred to Cuttack, and vested temporarily with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

Mr. W. F. Meres, Assistant Magistrate and Collector, Maldah, is transferred to Balasore, and vested temporarily with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

The 25th September 1866.

Dr. J. Dinwiddie to be a Sub-Assistant Commissioner in the Cossyah and Jynteah Hills, in addition to his duties as Medical Officer at Shillong.

Baboo Dinonath Addy, Deputy Magistrate and Deputy Collector of Nuddea, to have temporary charge of the Sub-Division of Ranaghat, and to officiate as Vice-Chairman of the Municipal Commissioners for the Towns of Ranaghat and Santipore, during the absence, on leave, of Baboo Mohima Chunder Pal, or until further orders.

The 26th September 1866.

Mr. A. J. R. Bainbridge to be Magistrate and Collector of Burdwan.

Mr. D. J. McNeile to be Magistrate and Collector of Hooghly, but to continue to conduct the special duty in which he is at present engaged.

The 27th September 1866.

The following Officers have been appointed Visitors of the Lunatic Asylums at the Stations mentioned, under Section 2, Act XXXVI. of 1858, *viz.* :—

For the Dacca Asylum.

The Judge ... } Of the District.
The Joint-Magistrate .. }

For the Patna Asylum.

The Judge ... } Of the District.
The Joint-Magistrate

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২১৬১ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১৯ সেপ্টেম্বর।

শ্রীযুত কুমার ব্রজেন্দ্রনারায়ণ দেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এম রাট্রে সাহেব কটক খণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন, তিনি বালেশ্বরে অবস্থিত হইবেন। ও কটক খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৪ সেপ্টেম্বর।

বীরভূমের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ বি ওল্‌ডহাম সাহেব কটকে নিযুক্ত হইয়াছেন, এবং শেষোক্ত জিলাতে কিয়ৎকালের নিমিত্তে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

মালদহের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এফ মিয়র্স সাহেব বালেশ্বরে নিযুক্ত হইয়াছেন, এবং শেষোক্ত জিলাতে কিয়ৎকালের নিমিত্তে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৫ সেপ্টেম্বর।

ডাক্তর শ্রীযুত জে ডিন্‌উইডী সাহেব শিলঙ্গে আপনার চিকিৎসকের কর্ম্মাতিরিক্ত কাশীয়া ও জয়ন্তী পর্ব্বতের সব-আসিষ্টাণ্ট কমিস্যনর হইবেন।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দীননাথ আঢ্য কিয়ৎকালের নিমিত্তে রাণাঘাট শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং শ্রীযুক্ত মহিমাচন্দ্র পালের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে, অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত রাণাঘাট ও শান্তিপুর নগরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতির কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৬ সেপ্টেম্বর।

শ্রীযুত এ জে আর বেনব্রিজ সাহেব বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত ডি জে মাকনীল সাহেব হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু তিনি এইক্ষণে যে কর্ম্ম করিতেছেন তাহাই করিতে থাকিবেন।

১৮৬৬ সাল ২৭ সেপ্টেম্বর।

নিম্নলিখিত কার্য্যকারকেরা ১৮৫৮-সালের ৩৬ আইনের ২ ধারামতে পশ্চাৎ লিখিত স্থানের ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীর পরিদর্শক হইবেন। অর্থাৎ

ঢাকার ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটী।

জিলার { জজ সাহেব।
জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব।

পাটনার ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটী।

জিলার { জজ সাহেব।
জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব।

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Gowhatty, *viz.* :—

Mr. G. H. French.
„ A. B. Fisher.
„ R. Bainbridge.
„ F. Bainbridge.
Lieutenant-Colonel R. Campbell.
Mr. F. Trotter.
„ R. Smart.
Baboo Boloram Phookhun.
Rajah Kundurpeshar Singh.
Baboo Deobur Burdolie.

Mr. W. Macpherson to be a Magistrate and Collector of the Second Grade in Cuttack.

Mr. W. R. Larminie to officiate as Magistrate and Collector of Rungpore.

Mr. W. Cornell to be Joint-Magistrate and Deputy Collector of Moorshedabad, but to officiate as Joint-Magistrate and Deputy Collector of Cuttack, on being relieved by Mr. Macpherson, and until further orders.

The 28th September 1866.

Mr. W. H. Thompson, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Comercolly, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and Deputy Collector in Pubna. Mr. Thompson is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

Baboo Neelmoney Dass is appointed to the Sixth Grade of the Subordinate Executive Service, to be Special Sub-Registrar of Assurances under Act XX. of 1866 in the Sub-District of Chittagong, and to be a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in Chittagong. Baboo Neelmoney Dass is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in that District. This appointment will have effect from the date on which Baboo Neelmoney Dass may have taken charge.

The 29th September 1866.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Burrisaul, *viz.* :—

Mr. A. Anley.
„ H. Rattray.

The 2nd October 1866.

Mr. G. L. T. Hurris to officiate as Magistrate

নিম্নলিখিত মহাশয়েরা গৌহাটীর সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন, যথা—

শ্রীযুত জি এচ ফ্রেঞ্চ সাহেব।
„ এ বি ফিসর সাহেব।
„ আর বেন্‌ব্রিজ সাহেব।
„ এফ বেন্‌ব্রিজ সাহেব।
লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত আর কাম্বেল সাহেব।
শ্রীযুত এফ ট্রটর সাহেব।
„ আর স্মার্ট সাহেব।
„ বাবু বলরাম ফুকন।
„ রাজা কন্দর্পেশ্বর সিংহ।
„ বাবু দেববর বর্দ্দলই।

শ্রীযুত ডবলিউ মাকফরসন সাহেব কটকে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেকুটর হইবেন।

শ্রীযুত ডবলিউ আর লার্ম্মিনি সাহেব রঙ্গপুরের মাজিষ্ট্রেট ও কালেক্‌টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ কর্ণেল সাহেব মুরশিদাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর হইবেন, শ্রীযুত মাকফরসন সাহেব কর্ত্তৃক অবকাশ প্রাপ্ত না হওন কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কটকের জাইণ্ট মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৮ সেপ্টেম্বর।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকুটর শ্রীযুত ডবলিউ এচ তামসন সাহেব কুকারখালী শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং পাবনায় অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ডেপুটী ও কালেকুটরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইতে কিম্বা উক্ত সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

শ্রীযুত বাবু নীলমণিদাস অধঃস্থ ষষ্ঠ শ্রেণীর কর্ম্মচারির পদে নিযুক্ত হইয়া ১৮৬৬ সালের ২০ আইনমতে চট্টগ্রাম সব-ডিষ্ট্রিক্‌টের নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার এবং চট্টগ্রামে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন। তিনি উক্ত জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন। যে তারিখে শ্রীযুত বাবু নীলমণি দাস উক্ত কার্য্যের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি উক্ত নিয়োগ প্রবল হইবে।

১৮৬৬ সাল ২৯ সেপ্টেম্বর।

নিম্নলিখিত মহাশয়েরা বরিশালের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত এ আন্‌লী সাহেব।
„ এচ রাট্রে সাহেব।

১৮৬৬ সাল ২ অক্টোবর।

শ্রীযুত আর বি কক্রেল সাহেবের স্বাজকীয় কর্ম্মো-

on deputation, of Mr. R. V. Cockerell, or until further orders.

This cancels the appointment of Mr. G. S. Park to Chittagong, notified in the *Calcutta Gazette* of the 5th ultimo. Mr. Park will continue to officiate as Magistrate and Collector of Hooghly, until relieved by Mr. D. J. McNeile.

Dr. N. Jackson to be Medical Officer of Cuttack.

This cancels the appointment of Surgeon J. Elliot to Cuttack, notified in the *Calcutta Gazette* of the 26th ultimo.

Dr. B. B. Ford to be Medical Officer of Balasore.

Sub-Assistant Surgeon Unnoda Churn Kastogree to have Medical charge of the Civil Station of Maldah.

LEAVE OF ABSENCE.

The 25th September 1866.

Baboo Doorgadoss Chowdry, Deputy Magistrate and Deputy Collector of Jessore, for one month and a half, from the 7th proximo, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

Baboo Gobind Mohun Ghose, Uncovenanted Assistant to the Commissioner of Rajshahye, for one month and a half, from the 6th proximo, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

Baboo Mohima Chunder Pal, Deputy Magistrate and Deputy Collector of Ranaghat, for three weeks, from the 12th proximo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

The 28th September 1866.

Mr. F. Grant, Assistant Commissioner, Western Dooars of Bootan, for one month, from the 1st proximo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

The 29th September 1866.

Shahebzada Ahmed Ali Khan, Deputy Magistrate and Deputy Collector of Maldah, for one month, from the 13th proximo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. C. D. Linton, Judge of the Courts of Small Causes at Chooadangah and Meherpore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

The 1st October 1866.

Moulvy Dillawur Hossein Ahmed, Deputy Magistrate and Deputy Collector of Jamooie, for one week, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules. The Magistrate of Monghyr will remain in charge of the Sub-Division during the Moulvie's absence.

আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জি এল টি হারিস সাহেব চট্টগ্রামের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি এস পার্ক সাহেবের চট্টগ্রামে নিয়োগের যে কথা গত মাসের ১১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল। শ্রীযুত ডি জে মাক্নীল সাহেব কর্ত্তৃক অবকাশ প্রাপ্ত না হওন পর্য্যন্ত শ্রীযুত পার্ক সাহেব হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

ডাক্তর শ্রীযুত এন জাকসন সাহেব কটকের চিকিৎসক হইবেন।

সর্জ্জন শ্রীযুত জে এলিয়ট সাহেবের কটকে নিয়োগের যে কথা এই মাসের ২ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

ডাক্তর শ্রীযুত বি বি ফর্ড সাহেব বালেশ্বরের চিকিৎসক হইবেন।

সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত অন্নদাচরণ কাষ্টগিরি মালদহের সিবিল মোকামের চিকিৎসা কার্য্যের ভার পাইবেন।

ছুটী।

১৮৬৬ সাল ২৫ সেপ্টেম্বর।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দুর্গাদাস চৌধুরী ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে আগামি মাসের ৭ তারিখ অবধি দেড় মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর কমিসনর সাহেবের অচিহ্নিত আসিষ্টান্ট শ্রীযুত বাবু গোবিন্দমোহন ঘোষ ভরাতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে আগামি মাসের ৬ তারিখ অবধি দেড় মাসের ছুটী পাইয়াছেন।

রাণাঘাটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহিমাচন্দ্র পাল অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি মাসের ১২ তারিখ অবধি তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৮ সেপ্টেম্বর।

ভুটানের পশ্চিম দুয়ারের আসিষ্টান্ট কমিসনর শ্রীযুত এফ গ্রান্ট সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি মাসের ১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৯ সেপ্টেম্বর।

মালদহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সাহেবজাদা আহম্মদ আলী খাঁ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি মাসের ১৩ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

মেহেরপুর ও চুয়াডাঙ্গার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত সি ডি লিন্টন সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১ অক্টোবর।

জমুইয়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী দিলাওয়ার হুসেন আহম্মদ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন। মৌলবীর অনুপস্থান কালে মুঙ্গেরের মাজিষ্ট্রেট সাহেবের প্রতি উক্ত শাখাখণ্ডের কর্ম্মের ভার থাকিবে।

Leave of absence during the ensuing Dusserah vacation, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, has been granted to the following Officers on the dates mentioned below, *viz.*:—

The 28th September 1866.

Baboo Lukhinarain Mitter, Additional Principal Sudder Ameen of Mymensing.

Moulvy Musheeatoollah, Sudder Ameen of Bograh.

The 1st October 1866.

Moulvy Sumeenooddeen Ahmed, Sudder Ameen of Backergunge.

Moulvy Syud Saadut Hossein, Sudder Ameen of Shahabad.

Moulvy Muhiooddeen, Sudder Ameen of Tirhoot.

NOTIFICATIONS.

The 28th September 1866.

Supplementary Commissions of the Peace for the Town of Calcutta were granted by the High Court of Judicature at Fort William in Bengal on the 14th instant, directed to the undermentioned gentlemen, *viz.*:—

Baboo Jadub Kissen Sing.

„ Pertap Chunder Ghose, B. A.

The 29th September 1866.

Major A. K. Comber, Deputy Commissioner of Luckimpore, having resumed his duties on the forenoon of the 7th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 17th ultimo, is cancelled.

NOTIFICATION.

The 26th September 1866.

Under the provisions of Section 6, Act XX. of 1866, (*the Indian Registration Act*), the Lieutenant-Governor is pleased to declare the strip of land required to be taken for the proposed line of Railway between Jogotee, in the District of Nuddea, and Goalundo, in the District of Furreedpore, to be a Sub-District for the purposes of that Act.

APPOINTMENT.

The 26th September 1866.

Mr. E. D. Lockwood is appointed to be Special Sub-Registrar of Assurances of the above Sub-District.

NOTIFICATION.

The 15th September 1866.

It is hereby notified that the Lieutenant-Governor is pleased to extend the operation of Act VIII.,

নিম্ন লিখিত তারিখে নিম্ন লিখিত কার্য্যকারকদিগকে অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্ধে ছুটী দেওয়া গেল, যথা—

১৮৬৬ সাল ২৮ সেপ্টেম্বর।

ময়মুনসিংহের আডিস্যনল প্রধান সদর আমীন শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মিত্র।

বগুড়ার সদর আমীন শ্রীযুত মৌলবী মশীয়াৎ উল্লা।

১৮৬৬ সাল ১ অক্টোবর।

বাকরগঞ্জের সদর আমীন শ্রীযুত মৌলবী সমীরুদ্দীন আহম্মদ।

শাহাবাদের স র আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ সায়াদৎ হুসেন।

ত্রিহুতের সদর আমীন শ্রীযুত মৌলবী মহীউদ্দীন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৮ সেপ্টেম্বর।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট নিম্ন লিখিত মহাশয়দের নামে এই মাসের ১৪ তারিখে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ অতিরিক্ত কমিস্যন প্রদান করিয়াছেন। যথা—

শ্রীযুত বাবু যাদবকৃষ্ণ সিংহ।

„ বাবু প্রতাপচন্দ্র ঘোষ বি, এ,।

১৮৬৬ সাল ২৯ সেপ্টেম্বর।

লক্ষ্মীপুরের ডেপুটী কমিস্যনর মেজর শ্রীযুত এ কে কোম্বর সাহেব এই মাসের ৭ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্ম পুনঃগ্রহণ করাতে গত মাসের ১৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৬ সেপ্টেম্বর।

১৮৬৬ সালের ২০ আইনের (অর্থাৎ ভারতবর্ষীয় রেজিষ্টরী আইনের) ৬ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব প্রকাশ করিতেছেন যে, নদীয়া জিলার অন্তর্গত জগতী, ও ফরীদপুর জিলার অন্তর্গত গোয়ালন্দ এই দুই স্থানের মধ্যে প্রস্তাবিত রেল পথের নিমিত্তে যে ভূমি লওয়া প্রয়োজন, উক্ত আইনের অভিপ্রায় সাধনার্থে তাহা সব-ডিষ্ট্রিক্ট হইবে।

নিয়োগ।

১৮৬৬ সাল ২৬ সেপ্টেম্বর।

শ্রীযুত ই ডি লকুউড সাহেব উপরোক্ত সব-ডিষ্ট্রিক্টের নিদর্শন পত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৫ সেপ্টেম্বর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ছোট দেশীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক প্রাপ্ত ভূপ্রদেশ ভারতবর্ষীয় গবর্ণ-

1859 (Civil Procedure Code) to the tract of country lately ceded by the Government of Bootan and annexed to the Presidency of Bengal by the Notification of the Government of India, dated the 4th July last, published in the *Gazette of India*, and re-published in the *Calcutta Gazette* of the 18th idem.

NOTIFICATION.

The 20th September 1866.

It is hereby notified that the provisions of Act XX. of 1856 have been extended to the village of Rahiny, which has been joined with the union of Kooshtea, in the Nuddea District.

Rahiny is bounded on the North by Bahadoorkhally, on the South by Meerpore, on the East by the River Kalligunga, and on the West by the villages of Hurrissunkurpore and Nugur Mahomedpore.

Under Section 10 of the said Act, it is hereby further notified that the tax to be levied in the said village shall be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the tax.

NOTIFICATION.

The 28th September 1866.

The Lieutenant-Governor of Bengal has been pleased to approve and confirm the boundary line as now laid down between the District of Sylhet and the Cossyah Hills, and which is as follows:—

Commencement of the Boundary.—From the forking of the Dullai and Doobree Rivers, a little to the East of Teriah Ghaut, the boundary runs along the course of the former river as far as Kulloo Churra, marked by the 1st Pillar, which it follows to the Pankhin Khal (Pillar 2), up the Pankhin Khal to its head (Pillar 3), thence across cultivated land (Pillar 4) and jungle and swamp to the head of Kooree Khal (Pillar 5) along the Kooree Khal to the Soonai River (Pillar 6), across the Soonai River to the Rungamattee Teelah (Pillar 7), thence along the Echamullee Khal to Kala Teelah, or Kalee Baree, marked by a Durgah, or temple of stones, and thence on to Kadir Koriah, exactly as laid down in the Revenue Survey Map filed in the Sylhet Collectorate and the Panchbree Middee, which it runs up for a short distance to the Geekari Khal, thence along that Khal passing a Durgah

any tattee, privy, or urinal, within 10 feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

34. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

35. No person shall carry night soil through the streets, except between the hours of 10 P. M. and 4 A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

36. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable or cook house to flow into any river, nullah, canal, tank, or surface drain.

Penalty for infringement, Rupees 20, penalty for continued infringement after notice, Rupees 5 daily.

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish or other matter of a noisome kind, for more than twelve hours in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

38. All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 4 and 8 A. M.

Penalty for infringement, Rupees 10.

39. No refuse fesulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

40. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected ftom the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof

ঐ পরিমাণের স্থান কোন ক্ষুদ্র বাটীর মধ্যে টাটি সেতখানা, কিম্বা মূত্র ত্যাগের স্থান, প্রস্তুত করিতে কিম্বা করাইতে কিম্বা রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

৩৪। কেহ সাধারণ রাস্তার সম্মুখে কোন সেতখানার দ্বার রাখিতে পারিবে না এবং যদি কাহার উক্ত প্রকার দ্বার থাকে তবে কমিসানরদিগের নিকট হইতে তদ্বিষয়ের সংবাদ প্রাপ্ত মাত্রই তাহার পরিবর্ত্তন করিয়া লইবেক।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

৩৫। অপরাহ্ণ ১০ ঘণ্টা হইতে পূর্ব্বাহ্ণ ৪ ঘণ্টার মধ্যে ব্যতীত কেহ কোন সাধারণ রাস্তা দিয়া এবং উত্তমরূপ আবরিত পাত্র ব্যতীত ময়লা লইয়া যাইতে পারিবে না এবং কমিসানরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য স্থানে উক্ত ময়লা রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৬। কোন কারখানা বাটী অথবা ব্যবসার নিমিত্ত অন্য কোন স্থান হইতে ময়লা নির্গত হইয়া কোন নদীতে, নালাতে, খানাতে, পুষ্করিণীতে, বা নরদমায় পড়িতে দিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩৭। যদ্দ্বারা কাহার বিরক্ত জন্মাইতে বা সাধারণের স্বাস্থ্য ভঙ্গহইতে পারে এমত কোন স্থানে বা রূপে কেহ ১২ ঘণ্টার অতিরিক্ত কালপর্য্যন্ত ময়লা আবর্জ্জনা গোবর, অস্থি মৃত্যু দেহ, ধূলা, বা অন্য কোন প্রকার দুর্গন্ধময় পদার্থ রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৮। মিউনিসিপল কমিসানরগণ যে সকল ধূলা মাটি, ও রাবিস স্থানান্তর করিতে প্রবৃত্ত হইবেন তদসমুদয় আবর্জ্জনা পূর্ব্বাহ্ণ ৪ ঘণ্টাহইতে ৮ ঘণ্টার মধ্যে যে বাটীর আবর্জ্জনা সেই বাটীর প্রবেশ পথের অনতি দূরে সাধারণ রাস্তার ধারে প্রত্যহ রাখিতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৯। কোন ব্যবসার, বাণিজ্যের বা কারখানার ময়লা কমিসানরদিগের নির্দ্ধারিত খরচ না পাইলে স্থানান্তর করিবেন না। এবং এই প্রকার স্থানান্তর করণের যে খরচ তাহা কমিসানরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন।

৪০। সাধারণ রাস্তা, বাটী, সেতখানা, নর্দ্দমা, এবং শেসপুল হইতে যে সকল ধূলা, মাটি, ছাই, বিষ্ঠা, গোবর ও রাবিসাদি মিউনিসিপল কমিসানরগণকর্ত্তৃক সংগৃহীত হইবে তৎসমুদায় উক্ত কমিসানরগণের সম্পত্তি হইবে এবং তাহাদিগের বিবেচনামতে তৎসমুদায় তাহারা বিক্রয় করিতে পারিবেন এবং এইরূপ বিক্রয়ের দ্বারা যে অর্থ লব্ধ হইবেক তাহা ডিস্ট্রিক্ট

shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

41. No person shall put on any wall or on any roof of a house, or on any bank or tree. or on any other place or thing facing any road or public place, any preparation of dung to be used as fuel, or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

42. Every person, within whose premises any animal may die, shall, within two hours after its death, or, if death occurs at night, within two hours after daylight, either remove at his own expense the carcasses to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the Conservancy Overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said Overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No Overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

43. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

44. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

45. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 4 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried in any burial ground, any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than 6 feet deep.

Penalty for infringement, Rupees 10.

মিউনিসিপল ইমপ্রুভমেন্ট আক্টের কার্য্যে পর্য্যবসিত হইবেক।

৪১। জ্বালাইবার কারণ কিম্বা অপর কোন জন্য কেহ কোন প্রাচীরে কিম্বা কোন গৃহের ছাতের উপর গাছে কিম্বা সাধারণ রাস্তার সম্মুখে কোন স্থানে গোবর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।

৪২। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে তাহার মৃত্যুর পর ২ ঘন্টার অথবা রাত্রে মৃত্যু হইলে রাত্র প্রভাত হইলে ২ ঘন্টার মধ্যে তাহার মৃত দেহ নিজে স্বীয় খরচে মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক পশ্বাদির মৃত দেহ নিক্ষেপ করিবার জন্য নিরূপিত স্থানে ফেলিয়া দিবেক। অথবা যে ডিবিজানে তাহার বাটী সেই ডিবিজানের কন্‌সারভেন্সী ওবরসিয়রের নিকট সংবাদ দিবেক। কিন্তু উক্ত মৃত দেহ স্থানান্তর করণের নিমিত্তে মিউনিসিপল কমিস্যনরগণ যে খরচ নির্দ্ধারিত করিবেন তাহা উল্লিখিত ওবরসিয়রের নিকট দিতে হইবেক। পরন্তু সে পশু যদি উপরিউক্ত ব্যক্তির না হয় এবং যাহার পশু তাহাকে জানিতে পারিলে সমুদয় খরচ তাহাকেই দিতে হইবেক এবং ঐ খরচ মিউনিসিপল কমিসানরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন এবং কোন ওবরসিয়র ঐরূপ প্রকার মৃত দেহ স্থানান্তর করিতে গাফিলি করিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৩। কোন ব্যক্তি কোন রোগ গ্রস্ত বা জীর্ণ পশুকে কোন সাধারণ রাস্তায় অথবা যথা হইতে সাধারণ রাস্তায় যাইতে পারে এমত স্থানে ছাড়িয়া দিতে বা দেওয়াইতে কিম্বা আপনি খুলিয়া যাইতে দিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৪। কেহ কোন শব বা শবাংশ কমিস্যনরেরা সময়ে২ যে স্থান নির্দ্দিষ্ট করিবেন তদ্ব্যতীত অন্য কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৫। কেহ কোন নির্দ্ধারিত শ্মশানে বা গোরস্থানে কোন শব কিম্বা শবাংশ দাহ কিম্বা মৃত্তিকাসাৎ ভিন্ন কোনরূপ প্রকারে ফেলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৬। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে মৃত দেহ মৃত্তিকাসাৎ করাইতে হইলে এরূপে প্রবেশিত করাইতে হইবে যে, উক্ত মৃত দেহ কিম্বা তাহার সিন্দুকের উপরিভাগ তথাকার জমির উপরিভাগ হইতে চারি ফুটের অনধিক নিম্নে না থাকে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৭। কোন গোরস্থানে ইষ্টক নির্ম্মিত কবর না হইলে ছয় ফিটের কম গভীর কবরে কেহ কোন মৃত দেহ কবরিত করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০ টাকা।

48. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 4 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

49. No person shall build or dig or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

50. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corps, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt within 4 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

52. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

53. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

54. No person while carrying any corpse or part of a corpse, through the precincts falling within Municipal limit, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

55. Every corpse, or part of a corpse, that has been kept or used for purposes of dessection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

56. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

Miscellaneous.

57. The Commissioners may cause to be put up or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway, the name by which such highway is to be known. Any person pulling down, destroying or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

৪৮। কোন গোরস্থানে কেহ কোন বর্ত্তমান কবরের চারি ফিটের অনধিক দূরেতে অন্য এক কবর নির্ম্মাণ বা খনন করিতে অথবা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৯। কোন গোরস্থানে মিউনিসিপল কমিস্যনরগণের দ্বারা নির্দ্দিষ্ট পংক্তির বহির্ভূত স্থানে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫০। মিউনিসিপল কমিস্যনরগণের অনুমতি ভিন্ন অন্য যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনর্ব্বার অন্য শব প্রবেশ করণার্থ কেহ খুলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫১। যে কোন ব্যক্তি কোন শব দাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহ ভূমিতে উপস্থিত হইবার পর ৪ ঘণ্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫২। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে হইলে তাহা এরূপে পোড়াইবে যে তাহার কোন অংশ সর্ব্বোতোভাবে ভস্মাবশেষীকৃত হইতে বাঁকী না থাকে। উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বোতোভাবে ভস্মসাৎ না করিয়া উক্ত দাহনস্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৩। কেহ কোন শব বা শবাংশ উত্তমরূপ আচ্ছাদিত ভিন্ন কেহ কোন সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৪। মিউনিসিপল সীমার মধ্য দিয়া কেহ কোন শব বা শবাংশ লইয়া যাইতে হইলে কোন কারণ বশতঃ সাধারণ রাস্তার উপর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৫। যে সকল শব বা শবাংশ ছেদ বিদ্যা শিক্ষার্থে রক্ষিত বা ব্যবহৃত হয় তাহা আবরিত গাড়িতে করিয়া লইয়া যাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৬। কমিস্যনরদিগের অনুমতি ব্যতিরেকে কোন সাধারণ ভূমির উপরে পশু ও শকট জমা করিয়া রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

নানা বিষয়ক।

৫৭। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর ইমারত, প্রাচীর বা স্থান থাকিবেক মিউনিসিপল কমিস্যনরগণ ইচ্ছা করিলে তাহার প্রকাশ্য অংশে উক্ত রাস্তার নাম যেয় কোন দ্রব্য স্থাপন করিতে অথবা তথায় তাহার নাম লেখাইতে পারিবেন কোন ব্যক্তি সেই নাম নষ্ট উন্মোচন অথবা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

58. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing, any such number, shall be liable to a fine of Rupees 5.

59. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

60. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

61. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

The following scale of fees for granting licenses under Bye-law No. 59, having been approved of by His Honor the Lieutenant-Governor of Bengal, is hereby published for general information:—

Scale of fees for granting Licenses.

1. License for maintaining a public necessary under Section 69, Act III. (B. C.) of 1864, 1 Rupee per seat per annum.

2. Ditto for slaughter-houses, under Section 1, Act VII. (B. C.) of 1865, Rupees 50 per annum.

3. Ditto for temporary occupation of any ground belonging to the Municipal Commissioners, under Section 75, Act III. (B. C.) of 1864, used for all scaffolding or building materials retained during the day only a monthly rent of 1 Rupee per foot in breadth.

Ditto ditto during the day and night a monthly rent of Rupees 3 per foot in breadth.

4. Ditto for all dangerous and offensive trades, under Section 77, Act III. (B. C.) of 1864, Rupees 25 per annum.

E. Vere Haldane,
Vice-Chairman.

Office of the Municipal Commissioners for the Suburbs of Calcutta; }
Alipore, }
The 17th July 1866. }

৫৮। মিউনিসিপল কমিস্যনরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা ইমারতের অথবা তদ্বেষ্টনের বহির্ভাগে কোন প্রকাশ্য স্থানে উক্ত ঘর বা ইমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন এবং কেহ সেই সংখ্যা নষ্ট উন্মোচন বা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৫৯। আইন বা উপবিধি সমূহের অনুযায়িক মিউনিসিপল কমিস্যনরগণ তাঁহাদিগের প্রদত্ত অনুজ্ঞাপত্রের কর গ্রহণ করিতে পারিবেন এবং উক্ত করের হার গবর্ণমেণ্টের অনুমতানুসারে সময়েং পরিবর্ত্তিত বা নির্দ্ধারিত করিতে পারিবেন।

৬০। উক্ত আইনের বা আইনঅনুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল ব্যক্তিদিগের অনুজ্ঞাপত্র লইবার প্রয়োজন হইবে তাহারা সেইং অনুজ্ঞাপত্র কোন মিউনিসিপল কমিস্যনর অথবা তাহারদিগের নিয়োজিত লিখিত উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে তৎক্ষণাৎ দেখাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৬১। ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুভমেণ্ট আক্টের ৪৯ ও ৫১ ধারানুসারে যে সকল শকটাদি রেজিষ্টরী হইবেক তাহার স্বামী উক্ত রেজিষ্টরীর টিকিট উক্ত শকটাদির কোন প্রকাশ্য স্থানে লাগাইবেক কিম্বা লাগাইতে দিবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।

মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক যে সকল অনুজ্ঞা পত্র প্রদত্ত হইবেক তাহা উপরোক্ত ৫৯ উপবিধির মর্ম্মানুসারে নিম্নের লিখিত করের ফর্দ্দ শ্রীলশ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর বাহাদুরের মনোনীত হওয়ায় তাহা সর্ব্ব সাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত হইল।

করের ফর্দ্দ।

১। সন ১৮৬৪ সালের ৩ আইনের ৬৯ ধারার লিখিত মত সাধারণের টাটী রাখিতে হইলে প্রত্যেক ফুকরের প্রতি বৎসর ১৲ টাকা।

২। সন ১৮৬৫ সালের ৭ আইনের ১ ধারার বিধিমত প্রত্যেক পশু হত্যা স্থানের প্রতি বৎসর ৫০৲ টাকা।

৩। সন ১৮৬৪ সালের ৩ আইনের ৭৫ ধারানুসারে মিউনিসিপল কমিস্যনরদিগের ভূমির উপর কেবল দিবাভাগের নিমিত্ত ভারাপ্রভৃতি বান্ধিয়া কিম্বা গৃহাদি নির্ম্মাণের কারণ ইষ্টকাদি রাখিলে প্রত্যেক ফুট প্রস্থ মাসিক ১৲ টাকা দিতে হইবেক।

ঐ ঐ দিবা রাত্রের নিমিত্ত মাসিক ৩৲ টাকা।

৪। ১৮৬৪ সালের ৩ আইনের ৭৭ ধারা অনুসারে সর্ব্বপ্রকার দুর্গন্ধজনক এবং যাহাতে বিপদ ঘটিতে পারে এমত ব্যবসার নিমিত্ত বৎসর ২৫৲ টাকা।

E. Vere Haldane.
প্রতিনিধি সভাপতি।

আলীপুর মিউনিসিপল }
কমিস্যনরদিগের কার্য্যালয়, }
১৮৬৬। তাং ১০ আগষ্ট। }

[*Government Gazette*, *9th October* 1866.]

MUNICIPALITY OF CACHAR.

His Honor the Lieutenant-Governor of Bengal, in accordance with the provisions of Section 84 of Act III (B. C.), of 1864, having directed the publication of the following Bye-Laws, for the Cachar Municipality in the *Bengalee Gazette*, they are hereby published for general information :—

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. Each quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say :—

The instalment payable on account of the quarter ending ...	31st July. ,, Oct. ,, Jan 30th April	May be levied on and after	1st May. ,, Aug. ,, Nov. ,, Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or their Secretary, if there be one, to the subordinate officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect ; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman Every collecting officer at the time of demanding payment shall be bound to show this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rate or taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person ; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

কাছাড়ের মুনিসিপালিটী ।

বঙ্গদেশের কৌন্সেলের ১৮৬৪ সালের ৩ আইনের ৮৪ ধারার মর্ম্মমতে শ্রীলশ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কাছাড় মিউনিসিপলিটীর নিম্ন লিখিত উপবিধি সকল বাঙ্গলা গেজেটে প্রকাশ করণের অনুমতি প্রদান করায় ঐ সকল উপবিধি সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে এতদ্দ্বারা প্রকাশিত হইল।

যে সময়ে ও যে প্রকারে রেট এবং টাক্স আদায় করা যাইবে তাহার নিয়ম।

১। আইন উল্লিখিত প্রত্যেক ত্রৈমাসিকের টাক্স এবং রেট সমুদয় উক্ত ঐ মাসিকের প্রারম্ভেই প্রাপ্তব্য রূপে পরিগণিত হইবে এবং তদ্ধেতুক উক্ত টাক্স বা রেট কথিত ত্রৈমাসিকের প্রারম্ভের যে কোন সময় হউক আদায় করা যাইতে পারিবে। অর্থাৎ

ত্রৈমাসিকের কিস্তি কোন মাসের শেষে দিতে হইবে।	৩১ জুলাই ৩১ অক্টোবর ৩১ জানুআরি ৩০ এপ্রেল	যে সময়ে কি যে সময়ের পর আদায় করিবে।	১ মে ১ আগষ্ট ১ নবেম্বর ১ ফেব্রুআরি

২। আইনের ২৯ এবং ৩৯ ধারার মর্ম্মানুযায়ি যে লিষ্টী সকল প্রস্তুত হইবে তহসীল কর্ম্মচারি বিল প্রস্তুত করিতে তাহাহইতে করিবেন ও ঐ বিলে কমিসনরদিগের অথবা যদি তাহাদের অনেক সম্পাদক থাকে তাঁহারি নাম দস্তখৎ হইয়া নিম্ন লিখিত প্রণালীমতে তহসীল সেরেস্তার কোন এক অধস্থ কর্ম্মচারির নিকট বিলের লিখিত ব্যক্তিদিগের উপর জারি করণার্থে দেওয়া যাইবেক।

৩। প্রত্যেক তহসিল কর্ম্মচারির নিকট তাঁহার টাক্স আদায় করার ক্ষমতা থাকা বিষয় একখানা সর্টিফিকট থাকিতে হইবে এবং ঐ সর্টিফিকট মিউনিসিপলটীর মোহর ও সভাপতির নাম দস্তখৎ থাকিবে কোন তহসীল কর্ম্মচারি কোন টাকা চাহিবার সময় যদি কেহ ঐ সর্টিফিকট দেখিতে চাহে তবে দেখাইতে হইবে।

৪। যখন যে তহসীল কর্ম্মচারি কোন টাকা প্রাপ্ত হন তাহার রসিদ তাহাকে দিতে হইবে।

৫। যদি কোন বিষয়ের স্বামির নাম জানা না যায় তবে তাহার এত্তালা কি বিল কি আইনোক্ত অন্য কোন কর্ম্ম করিতে হইলে সেই বিষয়ের স্বামী বলিয়া উল্লেখ করিলেই যথেষ্ট হইবে এতদ্ভিন্ন অন্য কোন বিবরণের প্রয়োজন হইবে না।

৬। আইনানুযায়ি যে টাক্স ও রেটের টাকার জন্য বিল প্রস্তুত হইবে তাহা স্বয়ং ঐ বিলের লিখিত প্রত্যেক ব্যক্তির উপরে জারী করিতে হইবেক কিন্তু যদি ঐ নামিক ব্যক্তির প্রতি জারী করা অসাধ্য হয় তা হইলে ঐ বিল তাহার নিয়মিত বাস স্থানে রাখিতে হইবেক এবং এই প্রকার রাখিলেই আইনের ৪৪ ধারানুসারে জারী হইল এমত জ্ঞান করা যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ ৯ অক্টোবর ।]

7. The officer to whom a bill may be issued for presentation, shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

8. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall after warning continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

9. Every owner, occupier, or other person, shall permit the Commissioners, or any one appointed by them, under a written authority, for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners, or any person duly authorized by them in making such entry and inspection, shall be liable to a fine not exceeding Rupees 20.

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint ; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale ; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such

৭। যে কর্ম্মচারির নিকটে কোন বিল জারি করণার্থে অর্পণ করা যাইবেক তিনি ঐ বিল জারি করিয়াই তাহার টাকা লইবেন কিম্বা ঐ বিল জারি করার দিবস হইতে ১০ দিবস মধ্যে কোন এক সময় লইতে পারিবেন।

৮। প্রত্যেক ব্যক্তি যাহার নিকট হইতে কমিসানরেরা উক্ত আইনের ৮১ ধারা অনুসারে রিকুইজিসন জারিক্রমে কোন এত্তালা বা সিডিউল চাহিবেন ঐ ব্যক্তি রিকুইজিসন প্রাপ্ত দিন হইতে এক সপ্তাহ মধ্যে ঐ সিডিউল কি এত্তালা লিখিয়া কমিসানরদিগের কার্য্যালয়ে পাঠাইবেন কোন ব্যক্তি এমত করিতে ক্রটি করিলে ৫৲ টাকার অনধিক দণ্ডনীয় হইবেক এবং সতর্ক করিয়া দেওয়ার পর ক্রমাগত যত দিন ঐরূপ ক্রটি হইবেক দিনপ্রতি ২৲ দুই টাকার অনধিক দণ্ড হইবেক ও কোন ব্যক্তি অশুদ্ধ কি মিথ্যা এত্তালা বা সিডিউল পাঠাইলে ৫৲ পাঁচ টাকা পর্য্যন্ত দণ্ড হইবেক আর যদি ঐরূপ কার্য্যদ্বারা দণ্ডবিধি মতে ফৌজদারীতে কোন নালিশ করিতে হয় এই উপবিধি দ্বারায় তদ্বিষয় কোন নিবারণ রহিল না।

৯। কোন কোচ গৃহে বা অশ্বশালায় যে স্থানে এমত বিশ্বাস হয় যে কোন গাড়ি কি জন্তু যাহা উল্লেখিত আইনের ৩৫ ধারানুসারে টাক্স যোগ্য হইবেক এমত আছে তাহাতে কমিসানরগণ অথবা লিখিতাদেশানুসারে তাঁহাদের নিযুক্তীয় কোন ব্যক্তি সূর্য্যোদয়হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত তথাতে প্রবেশপূর্ব্বক তাহা পরিদর্শন করিতে চাহিলে কোন সত্ত্বাধিকারী কি দখিলকার কি অন্য ব্যক্তি তাহারদিগকে ঐরূপ করিতে দিবেন কোন ব্যক্তি কমিসানরগণকে অথবা তাঁহাদের কর্তৃক উচিতমতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তিকে ঐ মত প্রবেশ করিতে কি পরিদর্শন করিতে অবরোধ করিলে ২০৲ টাকার অনধিক দণ্ড যোগ্য হইবেক।

১০। কমিসানরগণ অন্য হুকুম না করিলে উক্ত আইনানুসারে যে ক্রোক হইবে তাহা তহসীল কর্ম্মচারি দ্বারা সম্পাদন হইবে এবং ঐ ক্রোকী সম্পত্তি নীলাম বিক্রী করা কিম্বা বাকীদার হইতে প্রাপ্য টাকা উসুল হওয়া পর্য্যন্ত উক্ত কর্ম্মকারকের জেম্মায় থাকিবে এবং আইন উল্লেখিত সি, চিহ্নিত ফারমমতে তাঁহার ক্রোকী মালের এক ফর্দ্দ দাখিল করিতে হইবেক।

১১। ক্রোক হওয়ার পরক্ষণেই ক্রোক করণিয়া কার্য্যকারক ক্রোক করার দিনাবধি অন্যূন ৭ দিনের পরে ঐ ক্রোকী মাল নীলামে বিক্রয় করা বিষয় বাকীদারের ঘরে এক নোটিস লটকাইয়া দিবেক এবং নীলামের দিবসে ঢোলদ্বারা সর্ব্বসাধারণেরে জ্ঞাত করান যাইবেক।

১২। নীলামে বিক্রয় হইবার পরক্ষণেই বিক্রীত বস্তুর মুল্য আদায় করিয়া খরিদ্দারকে ঐ বস্তু বুঝাইয়া দিতে হইবেক যদি ক্রেতা সমুদায় মূল্যের টাকা আদায় করিতে অসমর্থ হয় তবে ক্রোককারী সেই দিনে কি অন্য কোন দিনে আপন বিবেচনামতে পুনরায় সেই বস্তু বিক্রয় করিলে তাহা আইনসিদ্ধ গণ্য হইবে এবং এমতাবস্থায় কোন ক্ষতি হইলে

case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose service may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance, for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty, or wilful breach or neglect of any rule, regulation, or order made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission, or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering loss or injury, or has failed to perform any duty with all due diligence, or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix, or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable, at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

তজ্জন্য পূর্ণ পরিমাণে কমিস্যনরগণের নিকট দায়ী হইবেক ও যত টাকার ক্ষতি হয় তাহা কমিস্যনরগণের প্রাপ্য টাকা স্বরূপ আদায় করা যাইবেক।

কমিস্যনরদিগের নিযুক্তীয় কর্ম্মচারিদিগের কর্ম্ম বিষয়ে নিয়ম।

১৩। কমিস্যনরদিগের কর্ত্তৃক নিয়োজিত কর্ম্মচারিগণ নিষ্প্রয়োজন হইলে এক মাস পূর্ব্বে তদ্বিষয়ের সংবাদ দিলে কিম্বা এক মাসের বেতন পূর্ব্বে দিলে তাঁহারদিগকে ছাড়ান যাইতে পারিবেক এবং কোন কর্ম্মচারি কর্ম্ম ত্যাগ করিতে চাহিলে তদনুরূপ এক মাস পূর্ব্বে সংবাদ না দিলে কর্ম্ম ত্যাগ করিতে পারিবেন না যদি ত্যাগ করেন তবে তাঁহার এক মাসের দরমাহা জব্দ হইবেক।

১৪। কমিস্যনরদিগের অধীন এক্ষণে যে সকল কর্ম্মচারিরা নিযুক্ত আছেন বা ভবিষ্যতে নিযুক্ত হইবেন তাঁহারা হুকুম পাইলে কমিস্যনরগণ কর্ত্তৃক সময়ের নির্দ্দিষ্ট পরিমাণে জামিন দাখিল করিবেন যে কোন কর্ম্মচারি উপযুক্ত সময় বা কমিস্যনরগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐরূপ জামিন না দিবেন তিনি কর্ম্মচ্যুত হইবেন।

১৫। ইহা যদি প্রমাণ হয় যে কমিস্যনরগণ কর্ত্তৃক নিয়োজিত কোন কর্ম্মকারক কোন আইন কি রীতি অথবা ক্ষমতাপন্ন হাকিমের হুকুম আপন ইচ্ছামতে অবহেলা করে কিম্বা আপন কর্ত্তব্য কর্ম্ম করিতে ত্রুটি করে কি বিনা অনুমতিতে অথবা এক মাস পূর্ব্বে সংবাদ না দিয়া আপন কর্ম্ম ত্যাগ করে কিম্বা যে কার্য্য করাতে কি না করাতে কমিস্যনরগণের কোন প্রকার ক্ষতি হইতে পারে এমত কোন কর্ম্ম করে কি না করে অথবা আপন কর্ম্ম নিয়মিত পরিশ্রম সহকারে নির্ব্বাহ করিতে ত্রুটি করে অথবা কোন উপরিস্থ কর্ম্মচারির নিকট অবাধ্যতার কার্য্য জন্য দোষী হয় অথবা ন্যায্য বেতন ভিন্ন নিজের কি অন্যের নিমিত্তে কোন উৎকোচ গ্রহণ করে বা প্রাপ্ত হয় কি গ্রহণ করিতে স্বীকৃত হয় কি প্রাপ্ত হইতে চেষ্টা করে অথবা আপন পদে থাকিয়া কোন আপীসের কার্য্যসংক্রান্ত এমত কোন সমাচার প্রচার করে যাহা সে মিথ্যা বলিয়া জানে অথবা বিশ্বাস করে কিম্বা অন্য কোন আইনানুসারে শাস্তি পাওয়ার যোগ্য কোন কর্ম্ম করে তবে অন্য কোন আইনানুসারে তাহার প্রতি যে দণ্ড হইতে পারে তদ্ব্যতিরিক্ত তাঁহার এক মাসের অনধিক কালের বেতন দণ্ড হইবেক কিম্বা কমিস্যনরগণ তাহাকে যত কাল পর্য্যন্ত সস্পেণ্ড বা নিম্ন পদস্থ করিয়া রাখিতে স্থির করেন তত কাল তাহাকে ঐ প্রকার দণ্ডিত হইতে হইবেক কিম্বা তাহাকে সরাসরিরূপে কর্ম্মচ্যুত করা যাইবেক এই প্রকার কর্ম্মচ্যুত ব্যক্তির সভাপতির বিবেচনামতে এক মাসের অনধিক কালের প্রাপ্য বেতন ও এলোএন্স কর্ত্তন হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৯ অক্টোবর।]

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any person being, or having been, in their employ, with a view to the recovery or damages for any loss or injury which they may have sustained in consequence of any act done, or omitted to be done, by such person.

On matters of Conservancy.

18. No owner or occupeir of any house or shop in the Bazar or other person shall thatch such house with grass or leaves or other material, than bamboo, mats or tiles board or masonary.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

19. No person shall dig or make, or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course, or other excavation, without the written permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

20. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or full upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

21. No person shall deposit, or cause to be deposited, in, or by the side of, any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

১৬। কমিস্যনরদিগের কর্ত্তৃক নিয়োজিত কোন কার্য্যকারকের কোন কুকার্য্য করা কি কর্ত্তব্য কার্য্য করিতে গাফিলী করা জন্য কোন নালিশ উত্থাপন করিতে বা লইতে বা তদারক করিতে হইলে তাহা সভাপতি অথবা প্রতিনিধি সভাপতি করিতে পারিবেন।

১৭। কোন কর্ম্মচারির কোন কর্ম্ম করা কি না করা জন্য কমিস্যনরদিগের কোন ক্ষতি বা অনিষ্ট ঘটিয়া থাকিলে ক্ষতি পূরণের দাবিতে উক্ত ব্যক্তির বিরুদ্ধে কোন উপযুক্ত আদালতে তাঁহারা নালিশ করিতে পারিবেন ঐ বিষয় ইহার দ্বারা কোন নিবারণ হইল না।

নগর পরিপাটি করার বিষয়।

১৮। বাজার অন্তর্গত কোন গৃহের বা দোকানের কোন স্বত্বাধিকারী কি দখিলকার কি অন্য কোন ব্যক্তি ঐ সব গৃহাদি ছাইতে বাঁশের চাটাই টালী তক্তা বা ইষ্টক দ্বারা ভিন্ন উলু তৃণ বা বৃক্ষের পত্র বা অন্য কোন দ্রব্যাদি দ্বারা ছাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ৩৲ টাকা দণ্ড হইবেক।

১৯। কোন ব্যক্তিকে কোন স্থলে কোন পুষ্করিণী বা দির্ঘীকা বা পয়নালা বা গড়খাই খাত করিতে বা করাইতে হইলে কমিস্যনরদিগের লিখিত অনুমতি লইতে হইবেক।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি তিন টাকা হিসাবে দণ্ড হইবেক।

২০। কোন ব্যক্তি বাটীর জল নির্গত করিবার জন্য বাটীর বা অন্য কোন এমারতের উপর কোন নল বা জলপ্রণালী যাহার জল সাধারণ রাস্তার উপর পড়িতে পারে এমত নির্ম্মাণ করিতে কি করাইতে পারিবেন না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ৫৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ১৲ টাকা হিসাবে দণ্ড হইবেক।

২১। কোন ব্যক্তি সরকারি নরদমার মধ্যে বা ধারে এমত কোন কিছু ফেলিতে বা ফেলাইতে পারিবে না যাহার দ্বারা নরদমা বন্ধ হইয়াছে বা হইতে পারে।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ দশ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ৩৲ তিন টাকা হিসাবে দণ্ড হইবেক।

[*Government Gazette, 9th October* 1866.]

22. No person shall construct, or place over, or by the side of, any public drain, any bridge, platform, building, or structure of any kind, except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

23. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

24. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

25. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

26. No person shall steep in any tank, or ditch, within municipal limits, any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank, or ditch, offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2.

27. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course: and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

28. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep

২২। কমিস্যনরগণ যে প্রকার হুকুম দিবেন সেই প্রকার ব্যতীত এবং তাঁহাদের লিখিত অনুমতি ব্যতিরেকে কোন সরকারী নরদমার উপর কোন পুল বা মাচা বা অন্য কিছু ইষ্টক দ্বারা নির্ম্মাণ করিতে পারিবেক না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য দশ ১০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ৩৲ তিন টাকা হিসাবে দণ্ড হইবেক।

২৩। কোন পতিত বৃক্ষ বা চারার মালিক অথবা যে স্থানে ঐ বৃক্ষ ও চারা জন্মায় তাহার মালিক কমিস্যনরদিগের লিখিত ম্যাদ মধ্যে ঐ সকল বৃক্ষ বা চারা স্থানান্তর করিবে।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ দশ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ২৲ দুই টাকা হিসাবে দণ্ড হইবেক।

২৪। যদি কোন প্রাচীর বা অন্য কোন গৃহাদি ভাঙ্গিয়া কোন সাধারণ রাস্তা কি কোন নরদমার উপর পতিত হয় তবে ঐ প্রাচীরের কি গৃহাদির মালিক তাহার সংবাদ প্রাপ্তান্তর কমিস্যনরদিগের কৃত নির্দ্ধারিত সময় মধ্যে তাহা স্থানান্তর করাইবে।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ টাকা দণ্ড হইবেক ও নেটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ৫৲ টাকা হিসাবে দণ্ড হইবেক।

২৫। কোন ব্যক্তি কোন বাজারের সাধারণ রাস্তা দিয়া জল আনয়ন জন্য কোন খাল কাটিতে অথবা কোন খাল দ্বারায় জল আনয়ন করিতে প্রথমতঃ কমিস্যনরদিগের তদ্বিষয় আদেশ না লইয়া পারিবেক না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ দশ টাকা দণ্ড হইবেক ও নোটীস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিনপ্রতি ২৲ টাকা হিসাবে দণ্ড হইবেক।

২৬। মিউনিসিপল সীমান্তর্গত কোন পুষ্করিণী কি নরদমাতে কেহ শণ কি পাট কি অন্য কোন উদ্ভিদ পদার্থ পচাইতে দিতে পারিবে না যদ্দ্বারা ঐ পুষ্করিণী কি নরদমার জল খারাপ হইয়া তন্নিকটস্থ স্থানের হানিজনক হয় উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ৫৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ২৲ দুই টাকা হিসাবে দণ্ড হইবেক।

২৭। কোন ব্যক্তি কমিস্যনরদিগের লিখিত অনুমতি ব্যতীত কোন নালা বা জলপথ অবরোধ করিতে পারিবে না এবং কেহ কোন বাধা জন্মাইলে তাহা সাধারণের স্বাস্থ্য সম্পাদনার্থে স্থানান্তর করার ক্ষমতা কমিস্যনরদিগের থাকিবেক।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ টাকা দণ্ড হইবেক ও নোটীস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ৪৲ টাকা হিসাবে দণ্ড হইবেক।

২৮। কোন নালার কিম্বা জলপথের পার্শ্বস্থ কোন অংশের স্বত্বাধিকারী কি দখিলকারকে তাহাতে কোন

it free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

29. No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

30. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier, or farmer, shall, without any delay, cause any meat, fish, or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person, appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

31. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale or accumulating any thing on any such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

32. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

33. No person shall build, or cause to be built or keep, after prohibition by the Commissioners, any tatee, privy, or urinal, within 12 feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

34. No person shall make the door of any private privy to open directly on any public

প্রকার ময়লা ঘন জঙ্গল অথবা অন্য কোন বাধাদি না থাকে এমত ভাবে রাখিতে হইবে এবং সাধারণের সাস্থ্য সম্পাদনার্থে কমিস্যনরগণকে অথবা উচিতমতে ক্ষমতাপ্রাপ্ত তাঁহাদের কোন কর্ম্মচারিকে উল্লেখিত নালা বা জলপথ পরিদর্শনার্থ প্রবেশ করিতে দিতে হইবেক।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ দশ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবেক।

২৯। কোন ব্যক্তি শূকর খোলা অথবা শূকর গৃহে-বদ্ধ ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবে ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ২৲ দুই টাকা হিসারে দণ্ড হইবেক।

৩০। বাজারের স্বত্বাধিকারি কি দখিলকার কি ইজারদারদিগের কর্ত্তব্য যে আপন২ বাজার উপযুক্তরূপে পরিষ্কার অবস্থাতে রাখেন এবং ঐ সকল স্বত্বাধিকারি দখিলকার কি ইজারদারদিগের পক্ষে ইহাও কর্ত্তব্য হইবেক যে কোন পচা মাংস বা মৎস্য কি তরকারী ইত্যাদি যে সব দ্রব্য অনিষ্টকারক ও অখাদ্য তাহা মিউনিসিপল কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থানে অবিলম্বে ফেলাইয়া দেওয়ান পরং কমিস্যনরদিগের নিযুক্তীয় কোন ব্যক্তি সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কোন সময়ে কোন এক গৃহেতে পরিদর্শনার্থে চাহিলে ঐ সকল স্বত্বাধিকারি কি দখিলকার কি ইজারদার তাঁহাকে অবরোধ করিতে পারিবেন না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ বিশ টাকা দণ্ড হইবেক।

৩১। যাহাতে কোন গলিপথ বা উপপথ কিম্বা বাজারের রাস্তার বাধা জন্মে এমতভাবে কেহ কোন বস্তু বিক্রয় জন্য সাজাইয়া বা স্তুবাকার করিয়া রাখিতে কি রাখাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৩২। কোন ব্যক্তির বাসস্থানে অথবা কমিস্যনরগণ কর্তৃক নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য কোন স্থানে মলমূত্রাদি ত্যাগ করিতে পারিবে না অর্থাৎ যদি কমিস্যনরগণ এমত স্থান নির্দ্দিষ্ট করিয়া দিয়া থাকেন।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৩৩। কমিস্যনরগণ নিষেধ করিলে পর কেহ কোন সাধারণ রাস্তা কি গলি হইতে ১২ ফিট অন্তর মধ্যে অথবা ১২ ফিটের ন্যূন ব্যবধানে কোন ক্ষুদ্র সীমানার মধ্যে কোন টাটি কি মল মূত্রাদি ত্যাগের স্থান প্রস্তুত করিতে বা করাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিনপ্রতি ৩৲ টাকা দণ্ড হইবেক।

৩৪। কোন ব্যক্তি কোন সাধারণ রাস্তার দিগে কোন সেতখানার দ্বার রাখিতে পারিবে না এবং কাহার

thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

35. No person shall carry night-soil through the streets, except between the hours of 4 and 7. A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

36. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable, or cook-house, to flow into any river, nullah, canal, tank, or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish, or other matter of a ~~noisome kind,~~ for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

38. All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 4 and 8 A. M.

Penalty for infringement, Rupees 10.

39. No refuse resulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

40. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners, shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

41. No person shall put on any wall, or on any roof of a house, or on any bank, or tree, or on

সেতখানা দ্বার ঐরূপে থাকিলে কমিস্যনরদিগের নিকট হইতে তদ্বিষয় নোটিস প্রাপ্ত হওয়ার পর তাহা পরিবর্ত্ত করিতে হইবেক উক্ত নিয়ম উল্লংঘন করিলে পর প্রথম উল্লংঘন জন্য ২০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ২৲ দুই টাকা দণ্ড হইবেক ।

৩৫ । কোন ব্যক্তি অপরাহ্ণ ৪ ঘটিকা অবধি ৭ ঘটিকা পর্য্যন্ত বা আবৃত আধার ভিন্ন অন্য কোন সময়ে ও অন্য কোন প্রকারে রাস্তা দিয়া মল লইয়া যাইতে পারিবে না অথবা কমিস্যনরগণকর্ত্তৃক নির্দ্দিষ্ট স্থান ভিন্ন অন্য কোন স্থানে ঐ ময়লা রাখিতে পারিবে না

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক

৩৬ । কোন ব্যক্তি কারখানা কি কর্ম্মস্থল কি অশ্ব-শালা কিম্বা রন্ধনশালা হইতে ময়লা বাহির করিয়া কোন নর্দা নালা, খাল পুষ্করিণী, কি নরদমাতে ফেলিতে পারিবে না ।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ২০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিনপ্রতি ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবেক ।

৩৭ । ক্লেদ ময়লা বিষ্ঠা অস্থি মৃত দেহ জঞ্জাল অথবা অন্য কোন অবর্ম্মণ্য দ্রব্য কেহ এমত স্থানে ও এমত প্রকারে দ্বাদশ ঘণ্টার অধিক কাল রাখিতে পারিবেক না যে তদ্দ্বারা কোন ব্যক্তির বিরক্ত জন্মায় বা সাধারণের স্বাস্থ্যের অনিষ্ট ঘটে ।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ কুড়ি টাকা দণ্ড হইবেক ।

৩৮ । মিউনিসিপল কমিস্যনরগণ যে সকল ধূলা মাটি ও রাবিশ স্থানান্তর করিতে প্রবৃত্ত হইয়াছেন তৎসমুদয় জঞ্জাল পূর্ব্বাহ্নে চারিটাহইতে ৮ টার মধ্যে যে বাটীহইতে তাহা ফেলাইবেক সেই বাটীর প্রবেশ রাস্তার একধারে রাখিতে হইবেক ।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক ।

৩৯ । কোন ব্যবসা বাণিজ্য বা কারখানার ময়লা নির্দ্ধারিত নিয়মে খরচ না দিলে মিউনিসিপল কমিস্যনরগণ স্থানান্তর করিবেন না এবং ঐ প্রকার স্থানান্তর করিতে যে খরচ হইবে তাহা মিউনিসিপল কমিস্যনরগণের প্রাপ্য পাওনা স্বরূপ আদায় হইবেক ।

৪০ । সাধারণ রাস্তা বাটী সেতখানা নরদমা এবং সেশপুল হইতে যে সকল ধূলা মাটী ছাই গোবর ও রাবিশআদি মিউনিসিপল কমিস্যনরগণ কর্ত্তৃক সংগৃহীত হইবেক তৎসমুদয় উক্ত কমিস্যনরগণের সম্পত্তি হইবেক এবং তাহাদিগের বিবেচনামতে তৎসমুদয় তাহারা বিক্রয় করিতে পারিবেন এবং ঐরূপ বিক্রয় দ্বারা যে অর্থ লাভ হইবে তাহা ডিষ্ট্রিক্ট মিউনিসিপল এমপ্রুবমেণ্ট আক্টের কার্য্যে পর্য্যবসিত হইবে ।

৪১ । কোন রাস্তার ধারে বা কোন প্রকাশ্য স্থানে দেওয়ালে ঘরের ছাদে কিম্বা কোন ভিত্তিতে বা গাছে

any other place or thing facing any road or public place, any preparation of dung to be used as fuel, or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

42. Every person, within whose premises any animal may die, shall, within two hours after its death, or, if death occurs at night, within two hours after daylight, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

43. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

44. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

45. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burial ground.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 4 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than 4 feet deep.

Penalty for infringement, Rupees 10.

[*Government Gazette, 9th October* 1866.]

কোন পশুর গোবরের ঘুঁটে জ্বালাইবার বা অন্য কোন আবশ্যকের নিমিত্তে দিতে পারিবে না।

উক্ত বিষয় উল্লংঘন করিলে ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবেক।

৪২। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে মত্যুর পর দুই ঘণ্টার মধ্যে কিম্বা যদি রাত্রেতে মরে সূর্য্যোদয়ের দুই ঘণ্টার মধ্যে তিনি তাহা আপনা হইতে খরচ দিয়া কমিস্যানরগণ কর্ত্তৃক মৃত্যু রাখিবার নিরূপিত স্থানে স্থানান্তর করিবেন অথবা যে ডিবিজনে তাহার বাটী সেই ডিবিজনে কন্সারবন্শী ওবারসীয়রের নিকট সংবাদ করিবেন ও তাহাতে কমিস্যানরগণ সময়েং মৃত্যু স্থানান্তর করার যে খরচের নিরিক করিয়া দিবেন সেই নিরিক অনুসারে ঐ ওবারসীয়ারকে সেই খরচ দিতে হইবেক এবং যদি ঐ ব্যক্তি ঐ জন্তুর মালিক না হয় এবং উহার মালিককে জানা জায় তবে তাঁহারি একক ঐ সমুদয় ব্যায়ের দায়ী হইতে হইবে এবং ঐ ব্যয় কমিস্যানরদিগের প্রাপ্য পাওনা স্বরূপ আদায় হইবে কোন ওবরশিয়ারকে যখন জানান যাইবে তখন তিনি ঐ মৃত্যু স্থানান্তর করিতে শৈথিল্য করিবেন না।

উক্ত বিষয় উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৪৩। কোন ব্যক্তি সাধারণ রাস্তার উপর বা অন্য স্থানে কোন পীড়িত বা জির্ণ পশুকে ছাড়িয়া দিলে বা ছাড়াইয়া দিলে বা ছুটিয়া যাইতে দিলে যে স্থান হইতে ঐ পশু কোন সাধারণ রাস্তার উপর যাইতে পারে এমত ছাড়িয়া দিবে না।

উক্ত বিষয় উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৪৪। কোন ব্যক্তি কোন শব বা শবাংশ কমিস্যানরগণকর্ত্তৃক শব রাখার নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য স্থানে রাখিতে বা রাখাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৪৫। নিয়মিত সাধারণ শব দাহের শ্মশানে অথবা গোরস্থানে কোন শব বা শবাংশ দাহন অথবা কবরিত করণ ব্যতীত অন্য কোন প্রকারে ঐ মৃত দেহ বা তদংশ কোন ব্যক্তি ত্যাগ করিতে কি করাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৪৬। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে কোন শব বা শবাংশ কবরিত করিতে কি করাইতে হইলে এরূপে প্রবেশ করাইতে হইবেক যে ঐ শবের কাফিন কি যে স্থানে কাফিন ব্যবহার না হইয়া থাকে ঐ শব জমির উপরিভাগ হইতে ৪ ফিটের অনধিক নীচে না হয়।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ টাকা দণ্ড হইবেক।

৪৭। কোন ব্যক্তি কোন কবরের স্থলে কোন শব বা শবাংশ কবরিত করিতে কি করাইতে আসিলে যদি সে কবর ইষ্টক নির্ম্মিত না হয় তাহা হইলে ৪ ফিট পর্য্যন্ত গর্ত্ত না করিয়া কবর দিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ টাকা দণ্ড হইবেক।

48. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 2 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

49. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

50. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 4 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

52. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

53. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

54. No person while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

55. Every corpse, or part of a corpse, that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

56. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

57. No Elephant to be admitted within the limits of the Municipality without the consent in writing of the Municipal Commissioners.

Penalty for infringement, Rupees 5.

Miscellaneous.

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house,

৪৮। কোন গোরস্থানে কোন বর্ত্তমান কবরের ২ ফীট অনধিক দূরে কেহ অন্য এক কবর খনন করিতে অথবা করাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৪৯। কোন গোরস্থানে কমিস্যনরগণের দ্বারা নির্দ্দিষ্ট পংক্তির বহিষ্কৃত স্থানে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ কুড়ি টাকা দণ্ড হইবেক।

৫০। কমিস্যনরগণের অনুমতি ভিন্ন যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনরায় অন্য শব প্রবেশ করণার্থ খুলিতে পারিবে না উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৫১। যে কোন ব্যক্তি কোন শবদাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহন ভূমিতে উপস্থিত হইবার পর ৪ ঘণ্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৫২। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে আসিলে তাহা পুড়িয়া ভস্মসাৎ না হওয়া পর্য্যন্ত দগ্ধ করিবে উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বতোভাবে ভস্মসাৎ না করিয়া উক্ত দাহন স্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৫৩। মৃত দেহ বা তদংশ সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে হইলে তাহা না দেখা যায় এমত আবর্ত্তন না করিয়া কেহ লইয়া যাইতে পারিবেক না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ টাকা দণ্ড হইবেক।

যখন কোন ব্যক্তি মিউনিসিপলিটির সরহদ্দ দিয়া কোন শব বা শবাংশ লইয়া যাইবেক কোন কারণ প্রযুক্তই সাধারণ রাস্তার কি তাহার নিকট রাখিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ টাকা দণ্ড হইবেক।

৫৫। যে কোন শব বা শবাংশ যাহা অস্ত্রাদিদ্বারায় ছেদন করণার্থে রাখা হইবে তাহা কোন ঘেরাও গাড়ী দ্বারায় স্থানান্তর করিতে হইবেক।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৫৬। কমিস্যনরগণের অনুমতি ব্যতীত কোন সাধারণ ভূমির উপর পশু ও শকট জমা করিয়া রাখিতে কি কোন প্রকার তাম্বু ফেলাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৫৭। মিউনিসিপল কমিস্যনরদিগের লিখিত সম্মতি না লইয়া কোন ব্যক্তি কোন হস্তী মিউনিসিপল সরহদ্দ মধ্যে আনিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ৫৲ টাকা দণ্ড হইবেক।

বিবিধ বিষয়ক।

৫৮। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর এমারত প্রাচীর বা স্থান থাকিবে মিউনিসিপল কমিস্যনরগণ

building, wall, or place in any highway, the name by which such highway is to be known. Any person pulling down, destroying, or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number, shall be liable to a fine of Rupees 5.

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

62. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act, shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

J. W. Edgar,
Chairman.

Cachar,
The 18*th September* 1866.

ইচ্ছা করিলে তাহার প্রকাশ্য অংশে উক্ত রাস্তার নাম লিখাইতে পারিবেন যদি কোন ব্যক্তি সে নাম নষ্ট বা উন্মোচন করে কি পুঁচিয়া ফেলায় তাহা হইলে ৫৲ পাঁচ টাকা দণ্ড হইতে পারিবেক।

৫৯। কমিস্যনরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা এমারতের বহির্ভাগের কোন প্রকাশ্য স্থানে অথবা তৎসংক্রান্ত প্রকারাদির দ্বার সাধারণ রাস্তার দিগে থাকিলে তাহাতে উক্ত ঘর বা এমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন কেহই সেই সংখ্যা নষ্ট কি উন্মোচন কিম্বা পুঁচিয়া ফেলাইলে ৫৲ পাঁচ টাকা দণ্ড হইতে পারিবে।

৬০। ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুবমেন্ট আক্ট বা উপবিধি অনুযায়িক কমিস্যনরগণ তাহাদের প্রদত্ত লাইসেনছরকর নিরূপিত করিতে পারিবেন উক্ত করের হার কমিস্যনরগণ গবর্ণমেন্টের অনুমত্যনুসারে সময়ে২ পরিবর্ত্ত বা নির্দ্ধারিত করিতে পারিবেন।

৬১। আইন অথবা আইনানুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল ব্যক্তি দিগের লাইসেন্স লইবার প্রয়োজন হইবেক তাহারা সেইং লাইসেন্স কোন কমিস্যনর অথবা তাহাদের নিযোজিত উপযুক্ত ও লিখিত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে দেখাইবে।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৬২। ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুবমেন্ট আক্টের ৪৯ ও ৫১ ধারানুসারে যে স্বত্বাধিকারির কোন গাড়ী রেজিষ্টরী হইয়া থাকে তিনি ঐ রেজিষ্ট্রসনের সংখ্যা ঐ গাড়ীর কোন প্রকাশ্য স্থানে লাগাইয়া রাখিবেন।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবেক।

J. W. Edgar,
Chairman.

কাছার,
১৮৬৬ সাল ১৮ সেপ্টেম্বর।

NOTIFICATION.

His Honor the Lieutenant-Governor of Bengal having complied with a request made by the residents in "Coolie Bazar" that the name of that place might be changed to "Hastings," as suggested by its proximity to Hastings' Bridge, it is hereby notified that in all public and official communications it is to be henceforth designated as Hastings, and not Coolie Bazar.

Stuart Hogg,
Commissioner of Police.

Calcutta Police Office,
The 13*th September* 1866.

বিজ্ঞাপন।

কুলিবাজার নিবাসি লোকেরা প্রার্থনা করিয়াছিলেন যে ঐ স্থানের নাম কুলিবাজারের পরিবর্ত্তে হেষ্টিংস হয় যেহেতু তন্নিকটস্থ সাঁকোর নাম হেষ্টিংস সাঁকো অতএব বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহাতে সম্মত হওয়াতে সংবাদ দেওয়া যাইতেছে যে এই অবধি রাজকীয় ও কার্য্যসম্পর্কীয় পত্রাদিতে কুলিবাজার না লিখিয়া "হেষ্টিংস" লিখিতে হইবে।

ষ্টুয়ার্ট হগ,
পোলীসের কমিস্যনর।

কলিকাতা পোলীস কার্য্যালয়।
১৮৬৬ সাল ১৩ সেপ্টেম্বর।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 16, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১৬ অক্টোবর।

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(*Civil Side.*)

No. 2671.

From H. Beverley, Esq., Officiating Registrar-General, Lower Provinces, to the Registrar of High Court,—(dated Fort William, the 25th July 1866.)

In reply to your letter No. 2287, dated 13th instant, I have the honor to say that the Memorandum A to be despatched by the Civil Courts under Section 42 of the Registration Act should, for the current year, be engrossed on hand-laid Demy paper, supplies of which can be issued by the Superintendent of Stationery, printed in whatever form may be prescribed by the Court.

In future I shall take measures to have a sufficient supply of hand-laid Medium indented for, that all the Registers of this Department may be uniform.

2. As Memoranda forwarded under Section 41 have to be *copied* into the Registers, it does not signify what size or description of paper is

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

(দেওয়ানীপক্ষ।)

২৬৭১ নম্বর।

হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকট বঙ্গপ্রভৃতি দেশের একটিং রেজিষ্ট্রার জেনরল শ্রীযুত এচ বেবরলি সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম, ১৮৬৬ সাল ২৫ জুলাই।

তোমার বর্ত্তমান মাসের ১৩ তারিখের ২২৮৭ নম্বরের পত্রের এই উত্তর সম্মানপূর্ব্বক লিখিতেছি। রেজিষ্টরী আইনের ৪২ ধারামতে দেওয়ানী আদালতের A চিহ্নিত যে মর্ম্মাত্মকপত্র প্রেরণ করিতে হইবে, তাহা চলিত বৎসরে হ্যাণ্ড লেড ডিমাই কাগজে লিখিতে হইবে। হাই কোর্টের সাহেবেরা ঐ পত্র লিখিবার যে পাঠ নিরূপণ করেন, তাহা ঐ কাগজে মুদ্রিত হইয়া কাগজ কলমপ্রভৃতির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে পাওয়া যাইতে পারিবে।

এই ডিপার্টমেণ্টের সকল রেজিষ্টর এক পরিমাণের হয়, এই নিমিত্তে আমি হ্যাণ্ড লেড মিডিয়ম নামক এক প্রকারের প্রচুর কাগজ আনাইতে উদ্যোগ করিব।

২। ৪১ ধারামতে যে মর্ম্মাত্মকপত্র পাঠাইতে হয় রেজিষ্টরী বহীতে তাহার প্রতিলিপি করা যাইবে, এই কারণে যে পরিমাণের যে প্রকারের কাগজে লেখা যায়,

issued, but probably Foolscap would, for some reasons, be most convenient.

(Sd.) H. **Beverley**,
Offg. Registrar-General, L. P.

MEMORANDUM.

No. 37.

Forwarded for the information and guidance of all Civil Judges subordinate to the High Court.

By Order, &c.,
(Signed) L. R. **Tottenham**,
Offg. Registrar.

Fort William,
The 20th September 1866.

তাহাতে কিছু আইসে যায় না, কিন্তু নানা কারণে ফুলস্কাপ কাগজ উত্তম বোধ হয়।

এচ বেবরলি।
বঙ্গপ্রভৃতি দেশের একটিং রেজিষ্ট্রার জেনরল।

স্মারক লিপি।

৩৭ নম্বর।

হাই কোর্টের অধীন সকল দেওয়ানী বিচারকর্ত্তার জ্ঞান ও উপদেশার্থে পাঠান গেল।

আজ্ঞাক্রমে।
এল আর টটেনহাম।
একটিং রেজিষ্ট্রার।

ফোর্ট উলিয়ম।
১৮৬৬ সাল ২০ সেপ্টেম্বর

John Robinson, *Bengalee Translator.*

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2238.

APPOINTMENTS.

The 25th September 1866.

Subject to the sanction of the Government of India, Mr. R. Sinclair is appointed to have Medical charge of the Chitpore Camp and Pauper Hospital.

The 1st October 1866.

Baboo Luckhinarain Bose, Third Grade Sub-Assistant Surgeon, to have Medical charge of the temporary Pauper Hospital at Chitpore, with effect from the date on which he may have joined that Institution.

The 2nd October 1866.

Mr. N. A. Chick, Registrar of Hackney Carriages and Palankeens, Calcutta, to be also Registrar of Hackney Carriages and Palankeens in Howrah, under Act V. (B. C.) of 1866.

Captain W. Winson to be a Municipal Commissioner for the Town of Bhaugulpore.

The 3rd October 1866.

Lieutenant C. H. Garbett to be an Assistant Commissioner in Assam, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class.

Lieutenant H. J. Peet to officiate as an Assistant Commissioner in Assam, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, during the absence, on deputation, of Lieutenant N. Lowis, or until further orders.

The 4th October 1866.

Mr. R. Porch to officiate as Joint-Magistrate and Deputy Collector of Moorshedabad.

Mr. H. S. Beadon to be an Assistant to the Magistrate and Collector of Nuddea, to have

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২২৩৮ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ২৫ সেপ্টেম্বর।

শ্রীযুত আর সিংক্লেয়ার সাহেব চিৎপুরের অন্নক্ষেত্রে ও দুস্থেরদের হাসপাতালে চিকিৎসকতা কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন কিন্তু তাঁহার নিযুক্ত হওন বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেন্টের সম্মতির অপেক্ষা।

১৮৬৬ সাল ১ অক্টোবর।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ বসু কিয়ৎকালের নিমিত্তে চিতপুরে দুস্থেরদের ঔষধালয়ে চিকিৎসা কর্ম্মের ভার গ্রহণ করিবেন তিনি সেই ঔষধালয়ের কর্ম্মে যে তারিখে প্রবর্ত্ত হন সেই তারিখ অবধি ঐ নিয়োগ প্রবল হইবে।

১৮৬৬ সাল ২ অক্টোবর।

কলিকাতার ছকড়া গাড়ীর ও পালকীর রেজিষ্ট্রার শ্রীযুত এন এ চিক সাহেব ১৮৬৬ সালের বঙ্গদেশীয় ৫ আইনমতে হাওড়ার ছকড়া গাড়ীর ও পালকীর রেজিষ্ট্রার হইবেন।

কাপ্তান শ্রীযুত ডবলিউ উইনসন সাহেব ভাগলপুর নগরের মুনিসিপল কমিস্যনর হইবেন।

১৮৬৬ সাল ৩ অক্টোবর।

লেপ্টেনেন্ট শ্রীযুত সি এচ গারবেট সাহেব আসামে আসিষ্টান্ট কমিস্যনর হইয়া অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত এন লৌইস সাহেব রাজকীয় কর্ম্মোপলক্ষে যত কাল স্থানান্তরে থাকেন কিম্বা যত কাল অন্য আজ্ঞা না হয় তত কাল পর্য্যন্ত শ্রীযুত এচ জে পীট সাহেব আসামে আসিষ্টান্ট কমিস্যনরের কর্ম্ম করিয়া অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ৪ অক্টোবর।

শ্রীযুত আর পর্চ সাহেব মুরশিদাবাদে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ এস বীডন সাহেব নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইয়া কুষ্ট্যা শাখা

charge of the Sub-Division of Kooshteah, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and Deputy Collector in that District. Mr. Beadon is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose. Mr. Beadon is also appointed to be Chief Officer of Customs at Kooshteah, under Act VI. of 1863.

Mr. W. Macpherson, Magistrate and Collector of Cuttack, is appointed to be ex-officio Assistant to the Superintendent of the Tributary Mehals.

The following transfers of District Superintendents of Police have been sanctioned by the Lieutenant-Governor with effect from the 1st December next, *viz*:—

Captain G. J. Reeves, from Gya to Tirhoot.

Major C. Reay, from Tirhoot to Darjeeling.

Captain F. N. Miles, from Chumparun to Gya.

Mr. R. W. King, from Darjeeling to Sarun.

Lieutenant R. M. Skinner, from Sarun to Chumparun.

Mr. H. V. H. Roberts to be a Probationary Assistant Superintendent of Police in Hooghly.

The 6th October 1866.

Mr. C. A. Fisher to be a Probationary Assistant Superintendent of Police in Gya.

LEAVE OF ABSENCE.

The 2nd October 1866.

Major H. M. Boddam, Deputy Commissioner of Hazareebaugh, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Mr. H. S. Thompson, Judge of the Small Cause Court of Backergunge, with powers of Principal Sudder Ameen, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the commencement of the ensuing Dusserah vacation. The Judge of the District will remain in charge of Mr. Thompson's office in the Principal Sudder Ameen's Department, and the current duties of the Small Cause Court will be conducted by the Head Clerk of the Court during Mr. Thompson's absence.

[*Government Gazette*, *16th October* 1866.]

খণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইবেন। উক্ত জিলার মধ্যে তিনি অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ও সেই সেশন আদালতে কি হাই কোর্টে বিচার হইবার জন্যে লোক দিগকে সমর্পণ করিতে কিম্বা উপস্থিত হইবার প্রতিভূ গ্রহণ করিতে ও তদর্থে যে সকল ক্ষমতার আবশ্যক তদনুসারে কার্য্য করিতে ক্ষমতাপন্ন হইবেন আরো ১৮৬৩ সালের ৬ আইনমতে তিনি কুষ্ট্যাতে মাসুলের প্রধান কর্ম্মচারির পদে নিযুক্ত হইয়াছেন।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ মাকফরসন সাহেব স্বীয় পদোপলক্ষে পেশকশি মহালের সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পোলিসের নিম্ন লিখিত ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টদিগের স্থান পরিবর্ত্তনের অনুমতি দিয়াছেন আগামি ডিসেম্বর মাসের ১ তারিখ অবধি তাহা প্রবল হইবে।

কাপ্তান শ্রীযুত জি জে রীবস সাহেব গয়া হইতে ত্রিহুতে যাইবেন।

মেজর শ্রীযুত সি রে সাহেব ত্রিহুতহইতে দারজিলিঙ্গে গমন করিবেন।

কাপ্তান শ্রীযুত এফ এন মাইলস সাহেব চাম্পারণ হইতে গয়াতে যাইবেন।

শ্রীযুত আর ডবলিউ কিং সাহেব দারজিলিঙ্গহইতে সারণে যাইবেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত আর এম স্কিনর সাহেব সারণহইতে চাম্পারণে যাইবেন।

শ্রীযুত এচ বি এচ রবর্টস সাহেব হুগলীতে পোলীসের প্রবেশনরি আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন।

১৮৬৬ সাল ৬ অক্টোবর।

শ্রীযুত সি এ ফিসর সাহেব গয়াতে পোলীসের প্রবেশনরি আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন।

ছুটী।

১৮৬৬ সাল ২ অক্টোবর।

হাজারিবাগের ডেপুটী কমিসানর মেজর শ্রীযুত এচ এম বডাম সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারাক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ভারতবর্ষের পক্ষে মান্যবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখে যে আজ্ঞা প্রচার করেন তদনুক্রমে বাকরগঞ্জের প্রধান সদর আমীনের ক্ষমতাপ্রাপ্ত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত এচ এস তামসন সাহেব দুর্গোৎসবের বন্দের আরম্ভাবধি দুই মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানে প্রধান সদর আমীনের কর্ম্ম বিভাগে তামসন সাহেবের যে কর্ম্ম আছে জিলার জজ সাহেব সেই কর্ম্মের ভার গ্রহণ করিবেন। ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতের চলিত কর্ম্ম ঐ আদালতের হেড ক্লার্ক চালাইবেন।

Mr. W. Davey, Deputy Magistrate and Deputy Collector of Chittagong, for three months, from the 26th instant, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

The 3rd October 1866.

Baboo Madhub Chunder Moitra, Deputy Magistrate and Deputy Collector of Rungpore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the commencement of the Doorga Poojah Holidays.

Captain A. E. Campbell, Assistant Commissioner, Nowgong, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, in extension of the leave sanctioned under orders of the 22nd ultimo.

Leave of absence during the ensuing Dusserah vacation, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, has been granted to the following Officers, on the dates mentioned, *viz.* :—

The 2nd October 1866.

Moulvy Bussurooddeen Ahmed, Sudder Ameen of Mymensing.

The 3rd October 1866.

Baboo Gobind Chunder Sandyal, Sudder Ameen of Bhaugulpore.

Leave of absence for one month during the ensuing Dusserah vacation has been granted to the following Officers, under Section 16 of the Uncovenanted Service Absentee Rules, on the dates mentioned, *viz.* :—

The 5th October 1866.

Baboo Nobin Kissen Paulit, Judge of the Small Cause Court of Midnapore.

Syed Imdad Ally, Judge of the Small Cause Court of Mozufferpore.

The 6th October 1866.

Mr. W. Wright, Judge of the Small Cause Court of Cuttack.

Baboo Degumbur Biswas, Judge of the Small Cause Court of Moorshedabad.

Mr. W. Gordon Young, Commissioner of Chittagong, for two weeks, under Section 6 of the Covenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 16th July last.

NOTIFICATIONS.

The 1st October 1866.

The Lieutenant-Governor has been pleased to sanction the establishment of a Ferry at Soilcopa cross the River Coomar, in the District of Jessore, and to declare it public under Regulation VI. of 1819.

ভারতবর্ষের পক্ষে মান্যবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখে যে আজ্ঞা প্রচার করেন তদনুক্রমে চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ডেবি সাহেব বর্ত্তমান মাসের ২৬ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৩ অক্টোবর।

রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মাধবচন্দ্র মৈত্র অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে দুর্গোৎসবের বন্দের আরম্ভাবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

নৌগাঁয়ের আসিষ্টান্ট কমিস্যনর কাপ্তান শ্রীযুত এ ই কাম্বেল সাহেব গত মাসের ২২ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে নিম্নলিখিত কার্য্যকারকেরা পশ্চাৎ লিখিত তারিখে দুর্গোৎসবের বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২ অক্টোবর।

ময়মনসিংহের সদর আমীন শ্রীযুত মৌলবী বসরউদ্দী আহম্মদ।

১৮৬৬ সাল ৩ অক্টোবর।

ভাগলপুরের সদর আমীন শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র সান্ন্যাল।

নিম্নলিখিত কার্য্যকারকেরা দুর্গোৎসবের বন্দে অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে পশ্চাৎ লিখিত তারিখে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৫ অক্টোবর।

মেদিনীপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু নবীণকৃষ্ণ পালিত।

মজফরপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত সৈদ ইমদাদ আলি।

১৮৬৬ সাস ৬ অক্টোবর।

কটকের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত ডবলিউ রাইট সাহেব।

মুরশিদাবাদের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু দিগম্বর বিশ্বাস।

চট্টগ্রামের কমিস্যনর শ্রীযুত ডবলিউ গর্ডন ইয়ং সাহেব গত জুলাই মাসের ১৬ তারিখের অজ্ঞাক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১ অক্টোবর।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যশোহর জিলার অন্তর্গত কুমার নদীর তীরস্থ শৈল কোপাতে খেয়া ঘাট স্থাপন করিবার ও ১৮ ১৯ সালের ৬ আইনমতে তাহা রাজকীয় ঘাট প্রকাশ করিবার অনুমতি দিয়াছেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১৬ অক্টোবর।]

The 2nd October 1866.

The leave of absence granted to Mr. R. Grant, Assistant Superintendent of Police, Burhee, under orders of the 25th August last, will have effect from the 11th ultimo, instead of from the 1st idem, as notified in the *Calcutta Gazette* of the 29th August last.

The 3rd October 1866.

The appointment of Mr. W. O'Reilly, Deputy Magistrate and Deputy Collector of Balasore, to have charge of the Sub-Division of Bhuddruck, and the transfer of Mr. T. H. H. Shortt from that Sub-Division to the Sudder Station of Balasore, notified in the *Calcutta Gazette* of the 12th ultimo, are cancelled.

Mr. Shortt will continue to be in charge of the Sub-Division of Bhuddruck, and

Mr. O'Reilly to be employed at the Sudder Station of Balasore.

The 6th October 1866.

Dr. W. H. Hayes, Deputy Commissioner of Singbhoom, having resumed his duties on the 26th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 26th July last, and of which he availed himself on the 3rd ultimo, is cancelled.

The 9th October 1866.

The services of Surgeon J. Elliot, M. D., are re-placed at the disposal of the Government of India, in the Miltary Department.

DECLARATION UNDER SECTION 2 OF ACT VI. OF 1857.

The 5th October 1866.

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for Mahomedan and Hindoo Burial Grounds, and for a Hindoo Burning Ghât, it is hereby declared that, for the above purposes, the three plots of land mentioned below, measuring three kanges, more or less, in the Talook of Moulavi Golam Ahia, Moonshee Amzud Ali, Moonshee Ahmed Ali, Moulavi Busseer Ali, and Moonshee Wazed Ali, Mouzah Jannagar, in the town of Commillah, are required.

For the Hindoo Burning Ghât.

PLOT I. Bounded on the North by Plot II. and a Banian tree; on the South and East by the Goomty River and Mookeem's rice field, and on the West by Shomusdy's Depa.

১৮৬৬ সাল ২ অক্টোবর।

বর্হির পোলিসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত আর গ্রাণ্ট সাহেবকে গত আগষ্ট মাসের ২৫ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী দেওয়া যায় তাহা সেপ্টেম্বর মাসের ৪ তারিখের বাঙ্গলা গেজেটের বিজ্ঞাপনমতে সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি আরম্ভ না হইয়া ঐ মাসের ১১ তারিখ অবধি আরম্ভ হইবে।

১৮৬৬ সাল ৩ অক্টোবর।

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ওরাইলি সাহেব ভদ্রক শাখাখণ্ডের ভার প্রাপ্ত হইবেন এবং শ্রীযুত টি এচ এচ শর্ট সাহেব সেই শাখাখণ্ডহইতে বালেশ্বরের সদর মোকামে যাইবেন এই যে কথা গত মাসের ১৮ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হইয়াছিল তাহা রহিত হইল।

শ্রীযুত শর্ট সাহেব ভদ্রক শাখাখণ্ডের ভারপ্রাপ্ত থাকিবেন।

শ্রীযুত ওরাইলি সাহেব বালেশ্বর সদর মোকামে কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ৬ অক্টোবর।

সিংহভূমের ডেপুটী কমিস্যনর ডাক্তর শ্রীযুত ডবলিউ এচ হেস সাহেব গত মাসের ২৬ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন অতএব গত জুলাই মাসের ২৬ তারিখের আজ্ঞামতের যে ছুটী তিনি গত মাসের ৩ তারিখে গ্রহণ করিয়াছিলেন তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

১৮৬৬ সাল ৯ অক্টোবর।

ডাক্তর শ্রীযুত জে এলিয়ট সাহেব মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনরায় নিযুক্ত হইয়াছেন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামত জ্ঞাপনপত্র।

১৮৬৬ সাল ৫ অক্টোবর।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মহম্মদীয় ও হিন্দু সমাধিস্থান এবং শ্মশান করণার্থে ভূমি লওয়া প্রয়োজন এই হেতুক প্রকাশ করা গেল যে উক্ত অভিপ্রায়ে কমিল্যা নগরের মৌজা জান্নগরের অন্তর্গত মৌলবী গোলাম আহিয়া ও মুনসি আমজদ আলি ও মুনসি আহমেদ আলি ও মৌলবী বসীর আলি ও মুনসি ও ওয়াজেদ আলির তালুকের অন্তর্গত তিন কাণি পরিমাণ নিম্নলিখিত তিন কেতা ভূমির প্রয়োজন হইয়াছে।

শ্মশানের জন্যে।

১ নং কেতার উত্তর সীমা ২ নং কেতার অশ্বত্থ গাছ দক্ষিণ ও পূর্ব্ব সীমা গুমতী নদী ও মুকীমের ধান্য ক্ষেত পশ্চিম সীমা সমর্সাদ্দির দ্বীপ।

For the Mahomedan and Hindoo Burial Grounds.

PLOT II. Bounded on the North by Nur Mahomed's sugar-cane plantation; on the South by the Burning Ghat; on the East by the Goomty River, and on the West by Shomusdy Mistree's rice land.

PLOT III. Bounded on the North by Rujub Ali and Warish Chupprassie's land; on the South and West by Moonohazee's sugar-cane plantation, a Chatian tree and the River Goomty, and on the East by the River Goomty.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

মুসলমান ও হিন্দুদের সমাধিস্থানের জন্যে।

২ নং কেতার উত্তর সীমা নূর মহম্মদের ইক্ষুর ক্ষেত দক্ষিণ সীমা শ্মশান পূর্ব্বসীমা গুমতী নদী ও পশ্চিম সীমা সমসদ্দি মিস্ত্রির ধান্য ক্ষেত।

৩ নং কেতার উত্তর সীমা রজবআলি ও ওয়ারিস চাপরাসির জমী দক্ষিণ ও পশ্চিম সীমা মনুহাজির ইক্ষুরক্ষেত, ছাতিম গাছ ও গুমতী নদী, পূর্ব্বসীমা গুমতী নদী।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

LOCAL.—COMMUNICATIONS.

No. 213.

The 27th August 1866.

NOTIFICATION.

It is hereby notified, under Section 2 of the *Canals' Act* (V. of 1864, B. L. C.), that the provisions of the said Act shall apply to the three following navigable channels in the Backergunge District, from the 1st November 1866, *viz:*—

1. The River Damooda, connecting Rivers Balessur and Kotcha and Kaligunga known in its various parts as Perozepur, Kumarkhali, Denakhali, and Hula Hat.

2. The Cowcally River from its junction with the Kotcha and Kaligunga Rivers up to the place from where the Jallakatty Bhorani Khall rises, known in its various parts as Shoina and Cowcally.

3. The Jallakatty Bhorani Khall from its junction with River Cowcally to its opening with the River Jallakatty, known in its various parts as Myshani, Gabkhan, and Jallakatty.

Under Section 6 of the Canals' *Act*, the Lieutenant-Governor of Bengal has been pleased to fix the following rates for the levy of tolls at the undermentioned places on the said channels on or after the 1st November 1866.

1. On the River connecting Balessur and Kotcha ...	At Perozepur, at the junction with the Balessur.
2. On the Khall connecting Rivers Jallakatty and Cowcally ...	At Jallakatty, at the junction with the Jallakatty River.

পবলিক ওকর্স ডিপার্টমেণ্ট।

স্থানীয়। গমনাগমন বিষয়ক।

২১৩ নম্বর।

১৮৬৬ সাল ২৭ আগষ্ট।

বিজ্ঞাপন।

১৮৬৪ সালের (বঙ্গদেশীয়) ৫ আইনের অর্থাৎ খালবিষয়ক আইনের ২ ধারার বিধানমতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বাকরগঞ্জ জিলার অন্তর্গত নিম্নলিখিত নৌকাগম্য তিন খালের প্রতি উক্ত আইনের বিধান আগামি নবেম্বর মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে। যথা—

১। দামোদর নদ। এই নদের দ্বারা বালেশ্বর ও কোটচা ও কালিগঙ্গা নদীর যোগ হয়। স্থানে২ তাহার পিরোজপুর, ও কুমারখালি, ও দেনুয়াখালি, ও হুলাহাট নাম হইয়া থাকে।

২। কৌয়াখালী নদী। কোটচা ও কালিগঙ্গা নদীর সঙ্গে ইহার সংযোগ স্থান অবধি জালাকাটী ভোরাণী খালের উৎপত্তির স্থান পর্য্যন্ত স্থানে২ তাহার শয়না ও কৌখালী নাম হইয়া থাকে।

৩। জালাকাটী ভোরানী খাল। কৌখালী নদীর সহিত ইহার সংযোগ স্থান অবধি জালাকাটী নদীর সহিত ইহার সঙ্গম স্থান পর্য্যন্ত স্থানে২ তাহার মৈশানী ও গাবখাঁ, ও জালাকাটী নাম হইয়া থাকে।

খালবিষয়ক আইনের ৬ ধারামতে বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৬ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি উক্ত খালের নিম্ন লিখিত স্থানে নিম্ন লিখিত হারে মাসুল আদায় হইবার আজ্ঞা করিয়াছেন।

১ বালেশ্বরের ও কোটচা নদের সংযোজক নদীতে	বালেশ্বর নদীর সংযোগ স্থান পিরোজপুরে।
২ জালাকাটী ও কৌখালী নদীসংযোজক খালে	জালাকাটী নদীর সংযোগ স্থানে জালাকাটীতে

Description of Vessels.		Rates of Tolls.
On all boats or other vessels, whether laden or empty ...	per 100 maunds of tonnage	0 2 0
Rafts of timber, bamboos, or grass not exceeding 50 feet in length and 5 feet in width	per raft ...	0 4 0

No. 214.

NOTIFICATION.

The following draft of Rules having reference to the undermentioned three navigable channels in the Backergunge District, *viz:*—

1. The River Damooda connecting Rivers Balessur and Kotcha and Kaligunga,—

2. The Cowcally River from its junction with the Kotcha and Kaligunga Rivers up to the place from where the Jallakatty Bhorani Khall rises,—

3. The Jallakatty Bhorani Khall from its junction with River Cowcally to its opening into the River Jallakatty,—is published for information under the provisions of Section XI. of the Canals' Act (V. of 1864, B. L. C.) :—

1. Every vessel on entering any of the above navigable channels shall be liable to measurement by the Officer in charge of the Toll Station, for the purposes of ascertaining the amount of toll to be paid.

2. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the Canals' Act and of these Rules, be determined by the following measurements:—

(a.) The product of half the length of the vessel, from stern to stern, measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel, is to be taken as the number of maunds upon which toll should be levied.

(b.) The measurement of the length is to be made in feet, rejecting inches. The measurement of the breadth and depth is to be made in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(c.) In calculating the amount of toll to be levied, any fraction of 100 maunds, less than fifty maunds, is to be omitted; and a fraction exceeding fifty maunds is to be charged as fifty maunds only.

[*Government Gazette*, 16*th October* 1866.]

নৌকাদির বর্ণনা।		মাসুলের হার।
বোঝাই হউক কি না হউক সকল নৌকাদির কি অন্য জলযানের উপর..	১০০ মণ প্রতি	৶০
শালাদিকাষ্ঠের ও বাঁশের ও ঘাঁসাদির ঝাড় দৈর্ঘ্য ৫০ ও প্রস্থ ৫ ফুটের অনধিক হইলে ...	ঝাড় প্রতি।	।০

২১৪ নম্বর।

বিজ্ঞাপন।

বাকরগঞ্জ জিলার অন্তর্গত নৌকাগম্য নিম্ন লিখিত তিন খালের বিষয়ি বিধির নিম্ন লিখিত পাণ্ডুলিপি (১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৫ আইনের) অর্থাৎ খাল বিষয়ক আইনের ১১ ধারার বিধানমতে সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১। দামোদর নদ। এই নদের সঙ্গে বালেশ্বর ও কোটচা ও কালীগঙ্গা নদীর যোগ হয়।

২। কৌখালী নদী। কোটচা ও কালীগঙ্গা নদীর সহিত ইহার সংযোগ স্থান অবধি জালাকাটী ভোরাণী খালের উৎপত্তি স্থান পর্য্যন্ত।

৩। কৌখালী নদীর সহিত জলাকাটী ভোরাণী খালের সংযোগ স্থান অবধি জলাকাটী নদীতে ইহার সঙ্গম স্থান পর্য্যন্ত।

১। প্রত্যেক নৌকা যখন উপরোক্ত কোন খালে প্রবেশ করে তখন দেয় মাসুল অবধারণার্থে খালের কুতঘাটের কার্য্যকারক তাহা মাপ করিতে পারিবেন।

২। বোঝাই কি খালী হউক, নৌকাতে যত মণ বোঝাই ধরে তাহা খালের আইনের ও এই বিধির অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত মতে পরিমাণ করণদ্বারা নিশ্চয় করা যাইবে, অর্থাৎ—

(ক) গলই অবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত জলের রেখা ধরিয়া পরিমাণ করিলে নৌকার যে দীর্ঘতা হয় তাহার অর্দ্ধেক, ও নৌকার খোলের অতি প্রশস্ত স্থানের প্রস্থ এবং জলরেখা অবধি নৌকার তলপর্য্যন্ত গভীরতা, এই তিনের সংখ্যা পরস্পর গুণ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা মণের সংখ্যা বলিয়া সেই সংখ্যার মণের উপর মাসুল ধার্য্য করিতে হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিতে গেলে ইঞ্চি ছাড়িয়া কেবল ফুট ধরিতে হইবে, এবং প্রস্থের ও গভীরতার পরিমাণ করিতে গেলে ফুটের চতুর্থাংশ অপেক্ষা ক্ষুদ্রাংশ ছাড়িয়া ফুট ও ফুটের চতুর্থাংশ ধরিতে হইবে।

(গ) কত মাসুল লইতে হইবে তাহার হিসাব করিতে গেলে ১০০ মণের যে ভগ্নাংশ ৫০ মণ অপেক্ষা কম তাহা ধরিতে হইবে না। ও ৫০ মণের অধিক যে ভগ্নাংশ তাহা ৫০ মণ ধরিতে হইবে।

3. No raft will be admitted into any of the channels in excess of fifty feet in length or five feet in breadth. No timber, bamboos, or grass will be admitted, except securely and compactly packed in the form of a raft.

4. Every vessel entering any of the channels shall be furnished with a ticket on paying the prescribed toll. The ticket will specify the date of entry the maundage of the vessel, and the amount of toll paid.

5. No vessels whatever, except such as are employed on works connected with the maintenance or improvement of the lines of channels in question, shall be exempted from paying toll.

6. Every vessel or raft which has paid toll shall be allowed three days to pass through any one of the channels, the days of entering and leaving being both included; and any vessel or raft remaining in any part of the channels longer than the period above fixed, shall for each day in excess of such period be charged demurrage equal to one-half of the toll paid. Every vessel or raft remaining in any one of the channels more than one month, without authority from the Supervisor, shall be subject to be summarily removed.

7. Any person infringing any of the above Rules or wilfully interfering in their enforcement, shall be liable, under Section XI. of the Canals' Act, to a fine not exceeding 50 Rupees for any one offence.

COMMUNICATIONS,—LOCAL.

No. 234.

The 22nd September 1866.

NOTIFICATIONS.

It is hereby notified, under Section II. of the *Canals' Act*, 1864, (No. V. of B. L. C.), that the provisions of the said Act shall apply to the following navigable channel in the Dacca District from the 1st January 1867, *viz:*—

1. The bed and channel of the Dholai Khal from the River Booreegunga, at the Town of Dacca, to the Baloo River near Teermony.

Under Section VI. of the *Canals' Act*, the Lieutenant-Governor of Bengal has been pleased to fix the following rates for the levy of toll at

৩। দীর্ঘে ৫০ ফুট ও প্রস্থে ৫ ফুটের অধিক হইলে মাড় উক্ত কোন খালে প্রবেশ করিতে পারিবে না। মাড়ের মত দৃঢ়রূপে বান্ধা না হইলে শালাদি কাষ্ঠের কি বাঁশের কি ঘাসের মাড় যাইতে পারিবে না।

৪। যে প্রত্যেক নৌকা উক্ত কোন খালে প্রবেশ করে, নির্দ্দিষ্ট মাসুল দিলে তাহার এক খান টিকেট দেওয়া যাইবে। প্রবেশ করণের তারিখ, যত মণী নৌকা, যত মাসুল দেওয়া গেল তাহা ঐ টিকিটে লেখা থাকিবে।

৫। যে সকল নৌকা উক্ত তিন খালের কোন এক খালের রক্ষা কি সৌষ্ঠব করণ সম্পর্কীয় কার্য্যে নিযুক্ত আছে কেবল তাহারই মাসুল লাগিবে না।

৬। যে প্রত্যেক নৌকার কি মাড়ের মাসুল দেওয়া হইয়াছে তাহার ঐ তিন খালের মধ্যে কোন এক খালে প্রবেশ করিবার কি খালহইতে বাহির হইবার দিনসুদ্ধ খাল দিয়া গমনার্থে তিন দিনের অবকাশ দেওয়া যাইবে, ও যে নৌকা কি মাড় পূর্ব্বোক্ত নির্দ্দিষ্ট কালের অধিক উক্ত খালের কোন স্থানে থাকে তাহার উপর বিলম্বজন্য মাসুল বলিয়া দিনপ্রতি অর্দ্ধেক হারে মাসুল লওয়া যাইবে। সুপরিন্টেণ্ডেন্টের অনুমতি ব্যতিরেকে কোন নৌকা এক মাসের অধিককাল খালে থাকিলে তাহা সরাসরীমতে স্থানান্তর করা যাইতে পারিবে।

৭। পূর্ব্বোক্ত কোন এক বিধি কোন ব্যক্তি লঙ্ঘন করিলে কি তাহার প্রবল হওয়ার নিবারণ বিষয়ে ইচ্ছাপূর্ব্বক হস্তক্ষেপ করিলে খাল বিষয়ক আইনের ১১ ধারামতে তাহার কোন এক অপরাধের জন্যে ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

স্থানীয়। গমনাগমন বিষয়ক।

২৩৪ নম্বর।

১৮৬৬ সাল ২২ সেপ্টেম্বর।

বিজ্ঞাপন।

১৮৬৪ সালের (বঙ্গদেশীয়) ৫ আইনের অর্থাৎ খালবিষয়ক আইনের ২ ধারার বিধানমতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জিলার অন্তর্গত নিম্ন লিখিত নৌকাগম্য খালের প্রতি উক্ত আইনের বিধান ১৮৬৭ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে। যথা—

১। ঢাকা নগরের নিকট বুড়ী গঙ্গা নদী অবধি ত্রিমোহনীর নিকট বালুনদী পর্য্যন্ত ধোলাই খালের খাত।

খালবিষয়ক আইনের ৬ ধারামতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৭ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি উক্ত খালের নিম্নলিখিত স্থানে

the under-mentioned places on the said channel on and after the 1st of January 1867 :—

DAYAGUNGE AND TEERMONY.

Description of Vessels.	Rates of Tolls.		
	Rs.	As.	P.
On all boats or other vessels, whether laden or empty, per 100 maunds of tonnage ...	0	2	0
Rafts of timber, bamboos or grass not exceeding 50 feet in length and 5 feet in breadth, per raft...	0	4	0

No. 235.

The following draft of Rules having reference to the under-mentioned navigable channel in the District of Dacca, *viz* :—The line of channel connecting the Booreegunga with the Baloo River near Teermony is published for information, under the provisions of Section XI. of the Canals' Act, (No. V., 1864, B. L. C.) :—

1. Every vessel on entering the above navigable channel shall be liable to measurement by the Officer in charge of the Toll Station, for the purpose of ascertaining the amount of toll to be levied.

2. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the *Canals' Act* and of these Rules, be determined by the following measurements :—

(*a.*) The product of half the length of the vessel from the stem to stern measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel, is to be taken as the number of maunds on which toll shall be levied.

(*b.*) The measurement of the length is to be made in feet, rejecting inches. The measurement of the breadth and depth is to be made in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(*c.*) In calculating the amount of toll to be levied, any fraction of 100 maunds less than 50 maunds is to be omitted; and a fraction exceeding 50 maunds is to be charged as 50 maunds only.

3. No raft will be admitted into the channel in excess of fifty feet in length or five feet in breadth. No timber, bamboos or grass will be admitted, except securely and compactly packed in the form of a raft.

4. Every vessel entering the channel shall, on paying the prescribed toll, be furnished with a

নিম্ন লিখিত হারে মাসুল আদায় হইবার আজ্ঞা করিয়াছেন।

দয়াগঞ্জ ও ত্রিমোহনী।

নৌকাদির বর্ণনা।	মাসুলের হার।
বোঝাই হউক কি না হউক সকল নৌকাদির কি অন্য জলযানের উপর ১০০/ মণ প্রতি ...	৵০
শালাদি কাষ্ঠের ও বাঁশের ও ঘাসাদির মাড় দৈর্ঘ্য ৫০ ও প্রস্থ ৫ ফুটের অনধিক হইলে মাড় প্রতি ...	।০

২৩৫ নম্বর।

ঢাকা জিলার অন্তর্গত নিম্ন লিখিত নৌকাগম্য খালের অর্থাৎ বুড়ীগঙ্গার সহিত ত্রিমোহনীর নিকট বালু নদীর সংযোগকারি খালের বিষয়ি বিধির নিম্ন লিখিত পাণ্ডুলিপি (১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৫ আইনের) অর্থাৎ খাল বিষয়ক আইনের ১১ ধারার বিধানমতে সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১। প্রত্যেক নৌকা যখন উপরোক্ত কোন খালে প্রবেশ করে তখন দেয় মাসুল অবধারণার্থে খালের কুত ঘাটের কার্য্যকারক তাহা মাপ করিবেন।

২। বোঝাই কি খালী হউক, নৌকাতে যত মণ বোঝাই ধরে তাহা খালের আইনের ও এই বিধির অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত মতে পরিমাণ করণদ্বারা নিশ্চয় করা যাইবে, অর্থাৎ—

(ক) গলহী অবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত জলের রেখা ধরিয়া পরিমাণ করিলে নৌকার যে দির্ঘতা হয় তাহার অর্দ্ধেক, ও নৌকার খোলের অতি প্রশস্ত স্থানের প্রস্থ এবং ঐ রেখা অবধি নৌকার তল পর্য্যন্ত গভীরতা এই তিনের সংখ্যা পরস্পর গুণ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা মণের সংখ্যা বলিয়া সেই সংখ্যাক্রমে মাসুল ধার্য্য করিতে হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিতে গেলে ইঞ্চি ছাড়িয়া কেবল ফুট ধরিতে হইবে, এবং প্রস্থের ও গভীরতার পরিমাণ করিতে গেলে ফুটের চতুর্থাংশ অপেক্ষা ক্ষুদ্রাংশ ছাড়িয়া ফুট ও ফুটের চতুর্থাংশ ধরিতে হইবে।

(গ) কত মাসুল লইতে হইবে তাহার হিসাব করিতে গেলে ১০০ মণের যে ভগ্নাংশ ৫০ মণ অপেক্ষা কম তাহা ধরিতে হইবে না। ও ৫০ মণের অধিক যে ভগ্নাংশ তাহা ৫০ মণ ধরিতে হইবে।

৩। দীর্ঘে ৫০ ফুট ও প্রস্থে ৫ ফুটের অধিক হইলে মাড় উক্ত কোন খালে প্রবেশ করিতে পারিবে না। মণ্ডের মত দৃঢ়রূপে বান্ধা না হইলে শালাদি কাষ্ঠের কি বাঁশের কি ঘাসের মাড় যাইতে পারিবে না।

৪। যে প্রত্যেক নৌকা উক্ত কোন খালে প্রবেশ করে, নির্দ্দিষ্ট মাসুল দিলে তাহার এক খান টিকিট

ticket. The ticket will specify the date of entry, the maundage of the vessel, and the amount of toll paid, and must be produced whenever asked for by the Supervisor, or those duly authorized by him to do so. Payment at one Toll Station shall clear the vessel ot the other Station, at which the ticket must be given up to the Toll Collector.

5. No vessels whatever, except such as are employed on works connected with the maintenance or improvement of the line of channel in question, shall be exempted from paying toll.

6. Every vessel or raft which has paid toll shall be allowed three days to pass through the channel, the days of entering and leaving being both included; and any vessel or raft remaining in any part of the channel longer than the period above fixed shall, for each day in excess of such period, be charged demurrage equal to one-half of the toll paid. Every vessel or raft remaining in the channel more than one month, without authority from the Supervisor, shall be subject to be summarily removed.

7. Any person infringing any of the above Rules, or wilfully interfering in their enforcement, shall be liable, under Section XI. of the *Canals' Act*, to a fine not exceeding fifty Rupees for any one offence.

W. B. MACRONE,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

Leave of Absence for the ensuing Dusserah Vacation under paragraph 16 *of the Uncovenanted Absentee Rules.*

The 25th September 1866.

Baboo Hemchunder Das, Moonsiff of Lechragunge, Zilllah Dacca.

Baboo Nittyanund Gangooly, Moonsiff of Manickgunge, Zillah Dacca.

Moulvie Abdoor Rouf, Moonsiff of Culnah, Zillah East Burdwan.

LEAVE OF ABSENCE.

The 9th October 1866.

Baboo Mothooralal Roy, Moonsiff of Dhamnuggur, Zillah Cuttack, for two months, under orders of the Secretary of State, No. 225, dated 18th November 1865.

APPOINTMENTS.

The 9th October 1866.

Baboo Khetterpersad Mookerjee, Moonsiff of Serajgunge, Zillah Rajshahye, to be Moonsiff of Belmaria, Zillah Rajshahye.

দেওয়া যাইবে। প্রবেশ করণের তারিখ, যত মণী নৌকা, যত মাস্থল দেওয়া গেল তাহা ঐ টিকিটে লেখা থাকিবে। এবং তত্ত্বাবধারক কিম্বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি তাহা চাহিবামাত্র দিতে হইবে। এক কুত ঘাটে মাস্থল দিলে অন্য যে কুত ঘাটে মাস্থল সংগ্রহকারিকে টিকিট দিতে হইবে সেখানে আর মাস্থল লাগিবে না।

৫। যে সকল নৌকা উক্ত খাল রক্ষা কি সৌষ্ঠব করণ সম্পর্কীয় কার্য্যে নিযুক্ত আছে কেবল তাহারই মাস্থল লাগিবে না অন্য সকলের উপর মাস্থল লাগিবে।

৬। যে প্রত্যেক নৌকার কি মাড়ের মাস্থল দেওয়া হইয়াছে ঐ খালের মধ্যে তাহার প্রবেশ করিবার কি খালহইতে বাহির হইবার দিনস্থদ্ধ খাল দিয়া গমনার্থে তিন দিনের অবকাশ দেওয়া যাইবে, ও যে নৌকা কি মাড় পূর্ব্বোক্ত নির্দ্দিষ্ট কালের অধিক উক্ত খালের কোন স্থানে থাকে তাহার উপর বিলম্ব জন্য মাস্থল বলিয়া দিনপ্রতি অর্দ্ধেক হারে মাস্থল লওয়া যাইবে। স্থপরিন্টেণ্ডেন্টের অনুমতি ব্যতিরেকে কোন নৌকা এক মাসের অধিক কাল খালে থাকিলে তাহা সরাসরীমতে স্থানান্তর করা যাইতে পারিবে।

৭। পূর্ব্বোক্ত কোন এক বিধি কোন ব্যক্তি লংঘন করিলে কি তাহার প্রবল হওয়ার নিবারণ বিষয়ে ইচ্ছাপূর্ব্বক হস্তক্ষেপ করিলে খাল বিষয়ক আইনের ১১ ধারামতে তাহার কোন এক অপরাধের জন্যে ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

ডবলিউ, বি, মাক্রোন্,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং আসিষ্টান্ট
সেক্রেটারী।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিম্ন লিখিত মহাশয়েরা অচিহ্নিত কার্য্যকারকদিগের ছুটীর বিধির ১৬ ধারামতে দুর্গোৎসবের বন্ধে ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৫ সেপ্টেম্বর।

জিলা ঢাকার লেছরাগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু হেমচন্দ্র দাস।

জিলা ঢাকার মাণিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু নিত্যানন্দ গঙ্গোপাধ্যায়।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের কালনার মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুর রৌফ।

ছুটী।

১৮৬৬ সাল ৯ অক্টোবর।

শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ১৮ তারিখের ২২৫ নম্বরের আজ্ঞাক্রমে জিলা কটকের ধমনগরের মুনসেফ শ্রীযুত বাবু মথুরালাল রায় দুই মাসের ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

১৮৬৬ সাল ৯ অক্টোবর।

জিলা রাজশাহীর সেরাজগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু ক্ষেত্রপ্রসাদ মুখোপাধ্যায় জিলা রাজশাহীর বেলমারিয়ার মুনসেফ হইবেন।

Baboo Kalee Prosunno Mookerjee, Moonsiff of Belmaria, Zillah Rajshahye, to be Moonsiff of Serajgunge, Zillah Rajshahye.

L. R. TOTTENHAM,
Offg. Registrar.

জিলা রাজশাহীর বেলমারিয়ার মুনসেফ শ্রীযুত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায় ঐ জিলার সেরাজগঞ্জের মুনসেফ হইবেন।

এল আর টটেনহাম,
একটিং রেজিষ্টার।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ই-তিহার।

১৪২৬ নং।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৬ সাল তারিখ ৯ নবেম্বর শুক্রবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন আফিমের একাদশ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩,৩৩০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ২,০০০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ১,৩৩০

জুমলা সিন্দুক ৩,৩৩০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৫ সালের ২৬ অকুটোবর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৬ সালের ১৪ এবং ২৪ নবেম্বর এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৬ সালের ১৪ নবেম্বর বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিম্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬৬ সালের ২৪ নবেম্বর শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্‌তেহারের লিখিত পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

	বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৬ সাল তারিখ ৫ ডিসেম্বর বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২,০০০	১,৩৭০	৩,৩৭০

আর এল মাঙ্গলস্। একটিং ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উইলিয়ম সন ১৮৬৬ সাল তারিখ ১১ অকুটোবর।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চব্বিশপরগনা।

এস্তেহারনামা কাছারি কালেকুটরি জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবৎ ইংরাজী সন ১৮৬৬ সালের ১ নবেম্বর ঐ জেলার কালেকুটরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৬৬ সাল তারিখ ৫ অকুটোবর।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৪১ নং কীং পরগনে মুড়াগাছা মৌজে ছুদীয়া ওগয়রহ লিখিত মালিক জয়গোপাল সরকার সদর জমা কোম্পানি ৭০৩৷৶/১১.

J. S. CARSTAIRS,
for Collector.

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্ন লিখিত মাহাল সন ১৮৬৬ সালের নাগাএদ কিস্তি সেপ্টেম্বরের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৬৬ সালের ১৯ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৫ অগ্রহায়ণ সোমবার জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অব্যর্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৬। ২ অক্টোবর মোং সন ১২৭৩। ১৭ আশ্বিন।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজির নম্বর	নাম মাহাল	নাম তালুকদারান	সদর জমা	কৈফিয়ত
১	প্রথম শ্রেণী মাহাল	৯	কিঃ পরগনে কাশিপুর পঃ কাশিপুর	কাশিনাথ চৌধুরী সুভদ্রা নিত্যকালী ভুবনেশ্বরী কমলমণী সর্ণময়ী ভোলানাথ তারিণীপ্রসাদ তারাসুন্দরী শিবসুন্দরী মনোহণ ঘোষ ঈশানচন্দ্র রায় ও শ্যামাচরণ ভট্ট রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যা	৮০৭৪৶০ বাদ এই জমার মধ্যে রাজকিশোর সেন আইনানুসারে রকম ১৮৷৶১৭৷৷ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় জমা ৪৬৬৷৷৵০ বাদ চন্দ্রমুখী দাস্যা রকম ১৮৷৶১৭৷৷ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় জমা ৪৬৬৷৵০ ৯৩৩৷০ বাকী ৭১৪০৸৶০	রাজকিশোর সেন ও চন্দ্রমুখি দাস্যার অংশ বাদে অন্যান্য সরিকানের অংশ নীলাম হইবেক

W. L. HEELEY,
Collector.

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের নীচের লিখিত মহাল সকল সন ১৮৬৬ সালের নাগাদী ২৮ সেপ্টেম্বর তলবের সরকারী বাকী মালগুজারীর আদায়ের নিমিত্তে সন ১৮৬৬ সালের ১৯ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৫ অগ্রহায়ণ সোমবার দিবা দুই প্রহরের পর অত্র জেলা বর্দ্ধমানের কালেক্টরি কাছারিতে নিলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ৫ অক্টোবর।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১৫৮ নং সমুদ্রগড়ি পরগণে সাতসৈকা মালিক শ্রীমতী রহিমণ নেছা বিবি দিগর সদর জমা ২৭১০৷৷১১ টাকা
৫১৭৯ নং চর চণ্ডীপুর পং জাহাঙ্গিরাবাদ মালিক ফজলর রহিম সদর জমা ৫১১৮৵১১ টাকা

A. J. R. BAINBRIDGE,
Collector.

জিলা ত্রিপুরা।

ইস্তেহারনামা কাছারি কালেক্টরি এই যে।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে ত্রিপুরা জিলার নিম্নে লিখিত মহালাত মালগুজারী বাকী বাবৎ ১৮৬৬ ইং ২০ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা ৬ অগ্রহায়ণ রোজ মঙ্গলবার এ জিলার কালেক্টরি কাছারিতে বিনা আপত্যে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ ইং ২৯ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা তাং ১৪ আশ্বিন।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

নম্বর রেজিষ্টরী।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকী।	
১৩। কমিস্যনরদিগের কর্ত্তৃক নিয়োজিত কর্ম্মচারিগণ নিষ্প্রয়োজন হইলে এক মাস পূর্ব্বে তদ্বিষয়ের সংবাদ দিলে কিম্বা এক মাসের বেতন পূর্ব্বে দিলে তাঁহারদিগকে ছাড়ান যাইতে পারিবেক এবং কোন কর্ম্মচারি কর্ম্ম ত্যাগ করিতে চাহিলে তদনুরূপ এক মাস পূর্ব্বে সংবাদ না দিলে কর্ম্ম ত্যাগ করিতে পারিবেন না যদি ত্যাগ করেন তবে তাহার এক মাসের দরমাহা জব্দ হইবেক।

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

১৪। কমিস্যনরদিগের অধীন এক্ষণে যে সকল কর্ম্মচারিরা নিযুক্ত আছেন বা ভবিষ্যতে নিযুক্ত হইবেন তাঁহারা হুকুম পাইলে কমিস্যনরগণ কর্ত্তক সময়েং নির্দ্দিষ্ট পরিমাণে জামিন দাখিল করিবেন যে কোন কর্ম্মচারি উপযুক্ত সময় বা কমিস্যনরগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐরূপ জামিন না দিবেন তিনি কর্ম্মচ্যুত হইবেন।

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty, or wilful breach or neglect of any rule, regulation, or order made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission, or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering loss or injury, or has failed to perform any duty with all due diligence, or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from

১৫। ইহা যদি প্রমাণ হয় যে কমিস্যনরগণকর্ত্তৃক নিয়োজিত কোন কর্ম্মকারক কোন আইন কি রীতি অথবা ক্ষমতাপন্ন হাকিমের হুকুম আপন ইচ্ছামতে অবহেলা করে কিম্বা আপন কর্ত্তব্য কর্ম্ম করিতে ত্রুটি করে কি বিনা অনুমতিতে অথবা এক মাস পূর্ব্বে সংবাদ না দিয়া আপন কর্ম্ম ত্যাগ করে কিম্বা যে কার্য্য করাতে কি না করাতে কমিস্যনরগণের কোন প্রকার ক্ষতি হইতে পারে এমত কোন কর্ম্ম করে কি না করে অথবা আপন কর্ম্ম নিয়মিত পরিশ্রম সহকারে নির্ব্বাহ করিতে ত্রুটি করে অথবা কোন উপরিস্থ কর্ম্মচারির নিকট অবাধ্যতার কার্য্য জন্য দোষী হয় অথবা ন্যায্য বেতন ভিন্ন নিজের কি অন্যের নিমিত্তে কোন উৎকোচ গ্রহণ করে বা প্রাপ্ত হয় কি গ্রহণ করিতে স্বীকৃত হয় কি প্রাপ্ত হইতে চেষ্টা করে অথবা আপন পদে থাকিয়া কোন আপীসের কার্য্যসংক্রান্ত এমত কোন সমাচার প্রচার করে যাহা সে মিথ্যা বলিয়া জানে অথবা বিশ্বাস করে কিম্বা অন্য কোন আইনানুসারে শাস্তি পাওয়ার যোগ্য কোন কর্ম্ম করে তবে অন্য কোন আইনানুসারে তাহার প্রতি যে দণ্ড হইতে পারে তদ্ব্যতিরিক্ত তাঁহার এক মাসের অনধিক কালের বেতন দণ্ড হইবেক কিম্বা কমিস্যনরগণ তাহাকে যত কাল পর্য্যন্ত সস্পেণ্ড বা নিম্ন পদস্থ করিয়া রাখিতে স্থির করেন তত কাল তাহাকে ঐ প্রকার দণ্ডিত হইতে হইবেক কিম্বা তাহাকে সরাসরিরূপে কর্ম্মচ্যুত করা যাইবেক এই প্রকার কর্ম্মচ্যুত ব্যক্তির সভাপতির বিবে-

office for such period as the Commissioners may fix, or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable, at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any person being, or having been, in their employ, with a view to the recovery or damages for any loss or injury which they may have sustained in consequence of any act done, or omitted to be done, by such person.

On matters of Conservancy.

18. No owner or occupier of any house or shop in the Bazar or other person shall thatch such house with grass or leaves or other material, than bamboo, mats or tiles board or masonry.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

19. No person shall dig or make, or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course, or other excavation, without the written permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

20. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

21. No person shall deposit, or cause to be deposited, in, or by the side of, any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

তন্মধ্যে এক মাসের অনধিক কালের প্রাপ্য বেতন ও এলোএন্সুস কর্ত্তন হইবেক।

১৬। কমিসনরদিগের, কর্ত্তৃক নিয়োজিত কোন কার্য্যকারকের কোন কুকার্য্য করা কি কর্ত্তব্য কার্য্য করিতে গাফিলী করা জন্য কোন নালিশ উত্থাপন করিতে বা লইতে বা তদারক করিতে হইলে তাহা সভাপতি অথবা প্রতিনিধি সভাপতি করিতে পারিবেন।

১৭। কোন কর্ম্মচারির কোন কর্ম্ম করা কি না করা জন্য কমিসনরদিগের কোন ক্ষতি বা অনিষ্ট ঘটিয়া থাকিলে ক্ষতি পুরণের দাবিতে উক্ত ব্যক্তির বিরুদ্ধে কোন উপযুক্ত আদালতে তাঁহারা নালিশ করিতে পারিবেন ঐ বিষয় ইহার দ্বারা কোন নিবারণ রহিল না।

নগর পরিপাটি করার বিষয়।

১৮। বাজার অন্তর্গত কোন গৃহের বা দোকানের কোন স্বত্বাধিকারী কি দখিলকার কি অন্য কোন ব্যক্তি ঐ সব গৃহাদি ছাইতে বাঁশের চাটাই টালী তক্তা বা ইষ্টক দ্বারা ভিন্ন উলু তৃণ বা বৃক্ষের পত্র বা অন্য কোন দ্রব্যাদি দ্বারা ছাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ৩৲ টাকা দণ্ড হইবেক।

১৯। কোন ব্যক্তিকে কোন স্থলে কোন পুষ্করিণী বা দির্ঘীকা বা পয়নালা বা গড়খাই খাত করিতে বা করাইতে হইলে কমিসনরদিগের লিখিত অনুমতি লইতে হইবেক,

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি তিন টাকা হিসাবে দণ্ড হইবেক।

২০। কোন ব্যক্তি বাটীর জল নির্গত করিবার জন্য বাটীর বা অন্য কোন এমারতের উপর কোন নল বা জলপ্রণালী যাহার জল সাধারণ রাস্তার উপর পড়িতে পারে এমত নির্ম্মাণ করিতে কি করাইতে পারিবেন না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ৫৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ১৲ টাকা হিসাবে দণ্ড হইবেক।

২১। কোন ব্যক্তি সরকারি নরদমার মধ্যে বা ধারে এমত কোন কিছু ফেলিতে বা ফেলাইতে পারিবে না যাহার দ্বারা নরদমা বন্ধ হইয়াছে বা হইতে পারে।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ দশ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ৩৲ তিন টাকা হিসাবে দণ্ড হইবেক।

22. No person shall construct, or place over, or by the side of, any public drain, any bridge, platform, building, or structure of any kind, except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

23. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

24. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

25. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

26. No person shall steep in any tank, or ditch, within municipal limits, any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank, or ditch, offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2.

27. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course: and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

28. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep

২২। কমিসনরগণ যে প্রকার হুকুম দিবেন সেই প্রকার ব্যতীত এবং তাঁহাদের লিখিত অনুমতি ব্যতিরেকে কোন সরকারী নরদমার উপর কোন পুল বা মাচা বা অন্য কিছু ইষ্টক দ্বারা নির্ম্মাণ করিতে পারিবেক না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য দশ ১০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ৩৲ তিন টাকা হিসাবে দণ্ড হইবেক।

২৩। কোন পতিত বৃক্ষ বা চারার মালিক অথবা যে স্থানে ঐ বৃক্ষ ও চারা জন্মায় তাহার মালিক কমিসনরদিগের লিখিত ম্যাদ মধ্যে ঐ সকল বৃক্ষ বা চারা স্থানান্তর করিবে।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ দশ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ২৲ দুই টাকা হিসাবে দণ্ড হইবেক।

২৪। যদি কোন প্রাচীর বা অন্য কোন গৃহাদি ভাঙ্গিয়া কোন সাধারণ রাস্তা কি কোন নরদমার উপর পতিত হয় তবে ঐ প্রাচীরের কি গৃহাদির মালিক তাহার সংবাদ প্রাপ্তান্তর কমিসনরদিগের কৃত নির্দ্ধারিত সময় মধ্যে তাহা স্থানান্তর করাইবে।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ৫৲ টাকা হিসাবে দণ্ড হইবেক।

২৫। কোন ব্যক্তি কোন বাজারের সাধারণ রাস্তা দিয়া জল আনয়ন জন্য কোন খাল কাটিতে অথবা কোন খাল দ্বারায় জল আনয়ন করিতে প্রথমতঃ কমিসনরদিগের তদ্বিষয় আদেশ না লইয়া পারিবেক না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ দশ টাকা দণ্ড হইবেক ও নোটীস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিনপ্রতি ২৲ টাকা হিসাবে দণ্ড হইবেক।

২৬। মিউনিসিপল সীমান্তর্গত কোন পুষ্করিণী কি নরদমাতে কেহ শণ কি পাট কি অন্য কোন উদ্ভিদ পদার্থ পচাইতে দিতে পারিবে না যদ্দ্বারা ঐ পুষ্করিণী কি নরদমার জল খারাপ হইয়া তন্নিকটস্থ স্থানের হানিজনক হয় উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ৫৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ২৲ দুই টাকা হিসাবে দণ্ড হইবেক।

২৭। কোন ব্যক্তি কমিসনরদিগের লিখিত অনুমতি ব্যতীত কোন নালা বা জলপথ অবরোধ করিতে পারিবে না এবং কেহ কোন বাধা জন্মাইলে তাহা সাধারণের সাস্থ্য সম্পাদনার্থে স্থানান্তর করার ক্ষমতা কমিসনরদিগের থাকিবেক।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ টাকা দণ্ড হইবেক ও নোটীস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ৪৲ টাকা হিসাবে দণ্ড হইবেক।

২৮। কোন নালার কিম্বা জলপথের পার্শ্বস্থ কোন অংশের স্বত্বাধিকারী কি দখিলকারকে তাহাতে কোন

it free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

29. No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

30. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier, or farmer, shall, without any delay, cause any meat, fish, or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person, appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

31. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale or accumulating any thing on any such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

32. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

33. No person shall build, or cause to be built or keep, after prohibition by the Commissioners, any tatee, privy, or urinal, within 12 feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

34. No person shall make the door of any private privy to open directly on any public

প্রকার ময়লা ঘন জঙ্গল অথবা অন্য কোন বাধাদি না থাকে এমত ভাবে রাখিতে হইবে এবং সাধারণের স্বাস্থ্য সম্পাদনার্থে কমিসানরগণকে অথবা উচিতমতে ক্ষমতাপ্রাপ্ত তাঁহাদের কোন কর্ম্মচারিকে উল্লেখিত নালা বা জলপথ পরিদর্শনার্থ প্রবেশ করিতে দিতে হইবেক।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ দশ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবেক।

২৯। কোন ব্যক্তি শূকর খোলা অথবা শূকর গৃহে-বদ্ধ ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবে ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ২৲ দুই টাকা হিসাবে দণ্ড হইবেক।

৩০। বাজারের স্বত্বাধিকারি কি দখিলকার কি ইজারদারদিগের কর্ত্তব্য যে আপনং বাজার উপযুক্তরূপে পরিষ্কার অবস্থাতে রাখেন এবং ঐ সকল স্বত্বাধিকারি দখিলকার কি ইজারদারদিগের পক্ষে ইহাও কর্ত্তব্য হইবেক যে কোন পচা মাংস বা মৎস্য কি তরকারী ইত্যাদি যে সব দ্রব্য অনিষ্টকারক ও অখাদ্য তাহা মিউনিসিপল কমিসানরদিগের নির্দ্দিষ্ট স্থানে অবিলম্বে ফেলাইয়া দেওয়ান পরং কমিসানরদিগের নিযুক্তীয় কোন ব্যক্তি সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কোন সময়ে কোন এক গৃহেতে পরিদর্শনার্থে চাহিলে ঐ সকল স্বত্বাধিকারি কি দখিলকার কি ইজারদার তাঁহাকে অবরোধ করিতে পারিবেন না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ বিশ টাকা দণ্ড হইবেক।

৩১। যাহাতে কোন গলিপথ বা উপপথ কিম্বা বাজারের রাস্তার বাধা জন্মে এমতভাবে কেহ কোন বস্তু বিক্রয় জন্য সাজাইয়া বা স্তূবাকার করিয়া রাখিতে কি রাখাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৩২। কোন ব্যক্তির বাসস্থানে অথবা কমিসানরগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য কোন স্থানে মলমূত্রাদি ত্যাগ করিতে পারিবে না অর্থাৎ যদি কমিসানরগণ এমত স্থান নির্দ্দিষ্ট করিয়া দিয়া থাকেন।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৩৩। কমিসানরগণ নিষেধ করিলে পর কেহ কোন সাধারণ রাস্তা কি গলি হইতে ১২ ফিট অন্তর মধ্যে অথবা ১২ ফিটের ন্যূন ব্যবধানে কোন ক্ষুদ্র সীমানার মধ্যে কোন টাটি কি মল মূত্রাদি ত্যাগের স্থান প্রস্তুত করিতে বা করাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ১০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিনপ্রতি ৩৲ টাকা দণ্ড হইবেক।

৩৪। কোন ব্যক্তি কোন সাধারণ রাস্তার দিগে কোন সেতখানার দ্বার রাখিতে পারিবে না এবং কাহার

[*Government Gazette*, 16*th October* 1866.]

thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

35. No person shall carry night-soil through the streets, except between the hours of 4 and 7 A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

36. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable, or cook-house, to flow into any river, nullah, canal, tank, or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish, or other matter of a noisome kind, for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

38. All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 4 and 8 A. M.

Penalty for infringement, Rupees 10.

39. No refuse resulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

40. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners, shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

41. No person shall put on any wall, or on any roof of a house, or on any bank, or tree, or on

সেতখানা দ্বার ঐরূপে থাকিলে কমিস্যনরদিগের নিকট হইতে তদ্বিষয় নোটিস প্রাপ্ত হওয়ার পর তাহা পরিবর্ত্ত করিতে হইবেক উক্ত নিয়ম উল্লংঘন করিলে পর প্রথম উল্লংঘন জন্য ২০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিন প্রতি ২৲ দুই টাকা দণ্ড হইবেক ।

৩৫ । কোন ব্যক্তি অপরাহ্ণ ৪ ঘটিকা অবধি ৭ ঘটিকা পর্য্যন্ত বা আবৃত আধার ভিন্ন অন্য কোন সময়ে ও অন্য কোন প্রকারে রাস্তা দিয়া মল লইয়া যাইতে পারিবে না অথবা কমিস্যনরগণকর্ত্তৃক নির্দ্দিষ্ট স্থান ভিন্ন অন্য কোন স্থানে ঐ ময়লা রাখিতে পারিবে না

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক

৩৬ । কোন ব্যক্তি কারখানা কি কর্ম্মস্থল কি অশ্বশালা কিম্বা রন্ধনশালা হইতে ময়লা বাহির করিয়া কোন নদী নালা, খাল পুষ্করিণী, কি নরদমাতে ফেলিতে পারিবে না ।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে প্রথম উল্লংঘন জন্য ২০৲ টাকা দণ্ড হইবেক ও নোটিস প্রাপ্তান্তর ক্রমাগত যত দিন উল্লংঘন করা হয় দিনপ্রতি ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবেক ।

৩৭ । ক্লেদ ময়লা বিষ্ঠা অস্থি মৃত দেহ জঞ্জাল অথবা অন্য কোন অবর্ম্মণ্য দ্রব্য কেহ এমত স্থানে ও এমত প্রকারে দ্বাদশ ঘণ্টার অধিক কাল রাখিতে পারিবেক না যে তদ্দ্বারা কোন ব্যক্তির বিরক্ত জন্মায় বা সাধারণের স্বাস্থ্যের অনিষ্ট ঘটে ।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ কুড়ি টাকা দণ্ড হইবেক ।

৩৮ । মিউনিসিপল কমিস্যনরগণ যে সকল ধুলা মাটি ও রাবিশ স্থানান্তর করিতে প্রবৃত্ত হইয়াছেন তৎসমুদয় জঞ্জাল পূর্ব্বাহ্নে চারিটাহইতে ৮ টার মধ্যে যে বাটীহইতে তাহা ফেলাইবেক সেই বাটীর প্রবেশ রাস্তার এক ধারে রাখিতে হইবেক ।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক ।

৩৯ । কোন ব্যবসা বাণিজ্য বা কারখানার ময়লা নির্দ্ধারিত নিয়মে খরচ না দিলে মিউনিসিপল কমিস্যনরগণ স্থানান্তর করিবেন না এবং ঐ প্রকার স্থানান্তর করিতে যে খরচ হইবে তাহা মিউনিসিপল কমিস্যনরগণের প্রাপ্য পাওনা স্বরূপ আদায় হইবেক ।

৪০ । সাধারণ রাস্তা বাটী সেতখানা নরদমা এবং সেশপুল হইতে যে সকল ধূলা মাটী ছাই গোবর ও রাবিশআদি মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক সংগৃহীত হইবেক তৎসমুদয় উক্ত কমিস্যনরগণের সম্পত্তি হইবেক এবং তাহাদিগের বিবেচনামতে তৎসমুদয় তাহারা বিক্রয় করিতে পারিবেন এবং ঐরূপ বিক্রয় দ্বারা যে অর্থ লাভ হইবে তাহা ডিষ্ট্রিক্ট মিউনিসিপল এমপ্রুবমেণ্ট আক্টের কার্য্যে পর্য্যবসিত হইবে ।

৪১ । কোন রাস্তার ধারে বা কোন প্রকাশ্য স্থানে দেওয়ালে ঘরের ছাদে কিম্বা কোন ঢিবিতে বা গাছে

any other place or thing facing any road or public place, any preparation of dung to be used as fuel, or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

42. Every person, within whose premises any animal may die, shall, within two hours after its death, or, if death occurs at night, within two hours after daylight, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

43. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

44. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

45. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burial ground.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 4 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than 4 feet deep.

Penalty for infringement, Rupees 10.

কোন পশুর গোবরের যুঁটে জ্বালাইবার বা অন্য কোন আবশ্যকের নিমিত্তে দিতে পারিবে না।

উক্ত বিষয় উল্লংঘন করিলে ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবেক।

৪২। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে মৃত্যুর পর দুই ঘন্টার মধ্যে কিম্বা যদি রাত্রেতে মরে সূর্য্যোদয়ের দুই ঘন্টার মধ্যে তিনি তাহা আপনা হইতে খরচ দিয়া কমিসনরগণ কর্ত্তৃক মৃত্যু রাখিবার নিরূপিত স্থানে স্থানান্তর করিবেন অথবা যে ডিবিজনে তাহার বাটী সেই ডিবিজনে কন্সারবন্সী ওবারসীয়রের নিকট সংবাদ করিবেন ও তাহাতে কমিসনরগণ সময়ে২ মৃত্যু স্থানান্তর করার যে খরচের নিরিক করিয়া দিবেন সেই নিরিক অনুসারে ঐ ওবারসীয়ারকে সেই খরচ দিতে হইবেক এবং যদি ঐ ব্যক্তি ঐ জন্তুর মালিক না হয় এবং উহার মালিককে জানা জায় তবে তাঁহারি একক ঐ সমুদয় ব্যয়ের দায়ী হইতে হইবে এবং ঐ ব্যয় কমিসনরদিগের প্রাপ্য পাওনা স্বরূপ আদায় হইবে কোন ওবরশিয়ারকে যগন জানান যাইবে তখন তিনি ঐ মৃত্যু স্থানান্তর করিতে শৈথিল্য করিবেন না।

উক্ত বিষয় উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৪৩। কোন ব্যক্তি সাধারণ রাস্তার উপর বা অন্য স্থানে কোন পীড়িত বা জীর্ণ পশুকে ছাড়িয়া দিলে বা ছাড়াইয়া দিলে বা ছুটিয়া যাইতে দিলে যে স্থান হইতে ঐ পশু কোন সাধারণ রাস্তার উপর যাইতে পারে এমত ছাড়িয়া দিবে না।

উক্ত বিষয় উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৪৪। কোন ব্যক্তি কোন শব বা শবাংশ কমিসনরগণকর্ত্তৃক শব রাখার নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য স্থানে রাখিতে বা রাখাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৪৫। নিয়মিত সাধারণ শব দাহের শ্মশানে অথবা গোরস্থানে কোন শব বা শবাংশ দাহন অথবা কবরিত করণ ব্যতীত অন্য কোন প্রকারে ঐ মৃত দেহ বা তদংশ কোন ব্যক্তি ত্যাগ করিতে কি করাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৪৬। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে কোন শব বা শবাংশ কবরিত করিতে কি করাইতে হইলে এরূপে প্রবেশ করাইতে হইবেক যে ঐ শবের কাফিন কি যে স্থানে কাফিন ব্যবহার না হইয়া থাকে ঐ শব জমির উপরিভাগ হইতে ৪ ফিটের অনধিক নীচে না হয়।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ টাকা দণ্ড হইবেক।

৪৭। কোন ব্যক্তি কোন কবরের স্থলে কোন শব বা শবাংশ কবরিত করিতে কি করাইতে আসিলে যদি সে কবর ইষ্টক নির্ম্মিত না হয় তাহা হইলে ৪ ফিট পর্য্যন্ত গর্ত্ত না করিয়া কবর দিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ টাকা দণ্ড হইবেক।

48. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 2 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

49. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

50. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 4 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

52. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

53. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

54. No person while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

55. Every corpse, or part of a corpse, that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

56. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

57. No Elephant to be admitted within the limits of the Municipality without the consent in writing of the Municipal Commissioners.

Penalty for infringement, Rupees 5.

Miscellaneous.

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house,

৪৮। কোন গোরস্থানে কোন বর্ত্তমান কবরের ২ ফীট অনধিক দূরে কেহ অন্য এক কবর খনন করিতে অথবা করাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৪৯। কোন গোরস্থানে কমিস্যনরগণের দ্বারা নির্দ্দিষ্ট পংক্তির বহিষ্কৃত স্থানে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ কুড়ি টাকা দণ্ড হইবেক।

৫০। কমিস্যনরগণের অনুমতি ভিন্ন যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনরায় অন্য শব প্রবেশ করণার্থ খুলিতে পারিবে না উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৫১। যে কোন ব্যক্তি কোন শবদাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহন ভূমিতে উপস্থিত হইবার পর ৪ ঘণ্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৫২। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে আসিলে তাহা পুড়িয়া ভস্মসাৎ না হওয়া পর্য্যন্ত দগ্ধ করিবে উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বতোভাবে ভস্মসাৎ না করিয়া উক্ত দাহন স্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৫৩। মৃত দেহ বা তদংশ সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে হইলে তাহা না দেখা যায় এমত আবর্ত্তন না করিয়া কেহ লইয়া যাইতে পারিবেক না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ টাকা দণ্ড হইবেক।

যখন কোন ব্যক্তি মিউনিসিপলিটির সরহদ্দ দিয়া কোন শব বা শবাংশ লইয়া যাইবেক কোন কারণ প্রযুক্তই সাধারণ রাস্তার কি তাহার নিকট রাখিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ টাকা দণ্ড হইবেক।

৫৫। যে কোন শব বা শবাংশ যাহা অস্ত্রাদিদ্বারায় ছেদন করণার্থে রাখা হইবে তাহা কোন ঘেরাও গাড়ী দ্বারায় স্থানান্তর করিতে হইবেক।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৫৬। কমিস্যনরগণের অনুমতি ব্যতীত কোন সাধারণ ভূমির উপর পশু ও শকট জমা করিয়া রাখিতে কি কোন প্রকার তাম্বু ফেলাইতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ১০৲ দশ টাকা দণ্ড হইবেক।

৫৭। মিউনিসিপল কমিস্যনরদিগের লিখিত সম্মতি না লইয়া কোন ব্যক্তি কোন হস্তী মিউনিসিপল সরহদ্দ মধ্যে আনিতে পারিবে না।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ৫৲ টাকা দণ্ড হইবেক।

বিবিধ বিষয়ক।

৫৮। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর এমারত প্রাচীর বা স্থান থাকিবে মিউনিসিপল কমিস্যনরগণ

building, wall, or place in any highway, the name by which such highway is to be known. Any person pulling down, destroying, or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number, shall be liable to a fine of Rupees 5.

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

62. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act, shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

J. W. EDGAR,
Chairman.

CACHAR,
The 18*th September* 1866.

ইচ্ছা করিলে তাহার প্রকাশ্য অংশে উক্ত রাস্তার নাম লিখাইতে পারিবেন যদি কোন ব্যক্তি সে নাম নষ্ট বা উন্মোচন করে কি পুঁচিয়া ফেলায় তাহা হইলে ৫৲ পাঁচ টাকা দণ্ড হইতে পারিবেক।

৫৯। কমিস্যনরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা এমারতের বহির্ভাগের কোন প্রকাশ্য স্থানে অথবা তৎসংক্রান্ত প্রকারাদির দ্বার সাধারণ রাস্তার দিগে থাকিলে তাহাতে উক্ত ঘর বা এমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন কেহই সেই সংখ্যা নষ্ট কি উন্মোচন কিম্বা পুঁচিয়া ফেলাইলে ৫৲ পাঁচ টাকা দণ্ড হইতে পারিবে।

৬০। ডিস্ট্রিক্‌ট মিউনিসিপল ইমপ্রুবমেন্ট আক্‌ট বা উপবিধি অনুযায়িক কমিস্যনরগণ তাহাদের প্রদত্ত লাইসেন্সছরকর নিরূপিত করিতে পারিবেন উক্ত করের হার কমিস্যনরগণ গবর্ণমেণ্টের অনুমত্যনুসারে সময়ে২ পরিবর্ত্ত বা নির্দ্ধারিত করিতে পারিবেন।

৬১। আইন অথবা আইনানুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল ব্যক্তি দিগের লাইসেন্স লইবার প্রয়োজন হইবেক তাহারা সেই২ লাইসেন্স কোন কমিস্যনর অথবা তাহাদের নিযোজিত উপযুক্ত ও লিখিত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে দেখাইবে।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ২০৲ টাকা দণ্ড হইবেক।

৬২। ডিস্ট্রিক্‌ট মিউনিসিপল ইমপ্রুবমেন্ট আক্‌টের ৪৯ ও ৫১ ধারানুসারে যে স্বত্বাধিকারির কোন গাড়ী রেজিষ্টরী হইয়া থাকে তিনি ঐ রেজিষ্ট্রসনের সংখ্যা ঐ গাড়ীর কোন প্রকাশ্য স্থানে লাগাইয়া রাখিবেন।

উক্ত নিয়ম উল্লংঘন করিলে ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবেক।

J. W. EDGAR,
Chairman.

কাছার,
১৮৬৬ সাল ১৮ সেপ্টেম্বর।

INSOLVENT COURT.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the Matter of TOM SELWIN MACAULAY BREWER, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 1st day of December next, is appointed for further

যোত্রহীনের আদালত।

কলিকাতা যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন টম সেলউইন মাকালী ব্রুয়র সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির

hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 11th day of April 1866, until the first day of October instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 11*th October* 1866.

The like notice in the matter of GREGORY GEORGE GREGORY, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 1st February 1855 to 1st October instant.

The like notice in the matter of NATHANIEL SHERBOURNE, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 6th February 1866 to 6th October instant.

জন্যে আগামি ডিসেম্বর মাসের ১ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে, এবং ১৮৬৬ সালের আপ্রিল মাসের ১১ তারিখঅবধি বর্ত্তমান অকুটোবর মাসের ১ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব অর্পণ করা গিয়াছে, ও প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

আসৈনী সাহেবের দফ্তরখানা।
কলিকাতা, ১৮৬৬ সাল ১১ অকুটোবর

যোত্রহীন গ্রিগরি জর্জ্জ গ্রিগরি সাহেবের বিষয়ে সেই প্রকারের সংবাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৫৫ সালের ফেব্রুআরি মাসের ১ তারিখঅবধি বর্ত্তমান অকুটোবর মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব অর্পণ করা গিয়াছে।

যোত্রহীন নাথানিএল সরবর্ণ সাহেবের বিষয়ে সেই প্রকারের সংবাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬৬ সালের ফেব্রুআরি মাসের ৬ তারিখঅবধি বর্ত্তমান অকুটোবর মাসের ৬ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব অর্পণ করা গিয়াছে।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এফ জে বার্ণো সাহেবক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 23, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২৩ অক্টোবর।

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

No. 36.

(Civil Side.)

To all District Judges and Principal Suddor Ameens,—(dated Calcutta, the 12th September 1866.)

THE number of cases exhibited in the Periodical Statements as having been remanded by the Lower Appellate Courts leads the High Court to doubt whether sufficient regard is commonly had to the provisions of Sections 351 and 352 of the Civil Procedure Code. The Court, therefore, direct me to bring to your notice that by Section 351, a remand may be ordered when the Lower Court has disposed of the case on some preliminary point, *so as to exclude any evidence of fact* which shall appear to the Appellate Court essential to the rights of the parties, and the decision of the Lower Court, upon such preliminary point, has been reversed in appeal, and also that by Section 352 it is not competent to the Appellate Court to remand a case for a second decision by the Lower Court except as provided in the last preceding Section, that is, unless the case has been decided on a preliminary point which has been reversed, and that decision has excluded any evidence of fact which is necessary to the full

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

৩৬ নম্বর।

জিলার সকল জজ সাহেব ও প্রধান সদর আমীন সমীপেষু। কলিকাতা। ১৮৬৬ সাল ১২ সেপ্টেম্বর।

নিয়মিত সময়ের কৈফিয়তে দৃষ্ট হইল যে; নিম্ন আপীল আদালত হইতে অনেক মোকদ্দমা ফিরিয়া পাঠান যাইতেছে। তাহার সংখ্যা দেখিয়া, দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৫১ ও ৩৫২ ধারার প্রতি উপযুক্তমতে মনোযোগ হয় নাই, তাই কোর্টের সাহেবেরদের এই অনুভব হইল। এইহেতুক তাঁহারা তোমাকে এই কথা স্মরণ করাইতে আদেশ করিয়াছেন। ৩৫১ ধারার মর্ম্ম এই, নিম্ন আদালত যদি প্রথম স্থলীয় কোন বিষয় ধরিয়া মোকদ্দমা নিষ্পত্তি করেন, কিন্তু তাহাতে বৃত্তান্তঘটিত কোন প্রমাণ ত্যাজ্য হয় অথচ আপীল আদালত উভয় পক্ষের স্বত্ব সম্পর্কে সেই প্রমাণ অতি আবশ্যক জ্ঞান করেন, ও প্রথম স্থলের বিচার্য্য সেই বিষয়ে অধঃস্থ আদালতের নিষ্পত্তির উপর আপীল হইলে যদি ঐ নিষ্পত্তির অন্যথা হয়, এমত স্থলে সেই মোকদ্দমা ফিরিয়া পাঠান যাইতে পারিবে। ৩৫২ ধারার মর্ম্ম এই, ইহার পূর্ব্ব ধারার যেরূপ বিধি হইয়াছে, আপীল আদালত অন্য কোন নিয়মতে নিম্ন আদালতের দ্বিতীয়বার নিষ্পত্তির নিমিত্তে মোকদ্দমা ফিরিয়া পাঠাইতে পারেন না। অর্থাৎ প্রথম স্থলীয় কোন বিষয় ধরিয়া মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর যদি তাহার অন্যথা হইয়া থাকে, ও মোকদ্দমার উভয়

elucidation of the rights of the parties in the suit.

2. The High Court, also, has reason to believe that in many instances the Lower Appellate Courts remand cases decided below on a preliminary point, or on erroneous grounds, even when the evidence upon the record is sufficient to enable the Appellate Court to pronounce a satisfactory judgment in the case. This course of procedure, I am to remark, is opposed to Section 353 of the Code of Civil Procedure. Again, cases are frequently remanded when the Lower Court has omitted to raise or try any issue or determine any question of fact which in the opinion of the Appellate Court is essential to the right determination of the suit on its merits, and the record is not sufficient to enable the Appellate Court to determine such issue on questions of fact. Such remands, I am directed to observe, are not warranted by Law. In such cases Appellate Courts are competent, under Section 354, to frame an issue or issues, and to refer them to the Lower Court for trial The Lower Court is thereupon to proceed to try such issue or issues, and to return to the Appellate Court its finding, together with the evidence.

3. If further evidence in the shape of a report of an Ameen, or of any other nature, be required by the Appellate Court, the case should not be remanded for that purpose; but under Sections 355 and 356, the Appellate Court should either require the Lower Court to order the preparation of such reports, or take the evidence required and transmit it to the Appellate Court, or should take the evidence, if it can be so taken, before itself, the Appellate Court being careful always to record the reasons for the admission of additional evidence.

4. The Court direct very particular attention to these instructions.

By Order, &c.,

(Sd.) L. R. TOTTENHAM,
Offg. Registrar.

পক্ষের স্বত্ব সম্পূর্ণরূপে প্রকাশ করিবার জন্যে যে বৃত্তান্তের প্রমাণ লওয়া আবশ্যক ঐ নিষ্পত্তিতে যদি সেই প্রমাণ পরিত্যক্ত হইয়া থাকে, তবে ফিরিয়া পাঠান যাইতে পারিবে।

২। আরো অধঃস্থ আদালত প্রথম স্থলীয় বিষয় ধরিয়া কিম্বা ভ্রমাত্মক কোন হেতুতে মোকদ্দমা নিষ্পত্তি করিলে পর মোকদ্দমার লেখ্যপত্রের মধ্যে যে প্রমাণ থাকে তদ্দৃষ্টে নিম্ন আপীল আদালত যদিও সন্তোষজনকরূপে মোকদ্দমা নিষ্পত্তি করিতে সক্ষম হন, তথাপি তাহা বারম্বার ফিরিয়া পাঠাইয়া থাকেন, হাই কোর্টের সাহেবেরা কোন বিশ্বস্ত হেতুতে ইহা জানিতে পাইয়া কহিতেছেন যে, উক্ত কার্য্য দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৩৫৩ ধারার বিপক্ষ। অপর, আপীল আদালতের বিবেচনায় দোষগুণক্রমে মোকদ্দমার যথার্থ নিষ্পত্তি হওনার্থে যে ইসুর বিচার করা আবশ্যক অধঃস্থ আদালত যদি তদ্রূপ কোন ইসু নিরূপণ কি তাহার বিচার না করেন, কিম্বা বৃত্তান্তঘটিত যে বিষয়ের নির্ণয় করা আবশ্যক যদি তাহা নির্ণয় না করেন এবং বৃত্তান্তঘটিত সেই বিষয় লইয়া আপীল আদালত যাহাতে সেই ইসু নির্ণয় করিতে সক্ষম হন যদি লেখ্যপত্রও তাদৃশ পূর্ণ না হয় তবে মোকদ্দমা ফিরিয়া পাঠান গিয়া থাকে। আদেশমতে জানাইতেছি যে মোকদ্দমার তদ্রূপ প্রত্যর্পণ আইনসম্মত নহে। উক্ত স্থলে আপীল আদালত ৩৫৪ ধারামতে এক কি অধিক ইসু নিরূপণ করিয়া অধঃস্থ আদালতের বিচারার্থে সমর্পণ করিতে পারেন। তাহা হইলে অধঃস্থ আদালত সেই এক কি অধিক ইসুর বিচার করিতে প্রবর্ত্ত হইয়া প্রমাণ সহিত আপনার নিষ্পত্তি আপীল আদালতে প্রতিদান করিবেন।

৩। যদি আপীল আদালতে আমীনের রিপোর্ট কি প্রকারান্তরের অধিক প্রমাণের আবশ্যক হয়, তবে সেই অভিপ্রায়ে মোকদ্দমা প্রত্যর্পণ করা বিহিত নয়। ৩৫৫ ও ৩৫৬ ধারামতে আপীল আদালত ঐ রিপোর্ট প্রস্তুত করিবার আজ্ঞা করণার্থে কিম্বা প্রয়োজনীয় প্রমাণ গ্রহণ করিয়া আপীল আদালতে প্রেরণ করণার্থে অধঃস্থ আদালতকে আজ্ঞা করিতে পারিবেন। অথবা আপনি সেই প্রমাণ লইতে পারিলে, লইবেন। কিন্তু সেই অধিক প্রমাণ গ্রহণ করিবার হেতু লিপিবদ্ধ করিতে সর্ব্বদাই মনোযোগী হইবেন।

৪। হাই কোর্ট এই উপদেশের প্রতি বিশেষ মনোযোগ করিবার আদেশ করিতেছেন।

আজ্ঞাক্রমে,

এল আর টটেনহাম,
একটিং রেজিষ্ট্রার

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৩ অক্টোবর।]

HOME DEPARTMENT.

No. 5352.

Simla, the 12th October 1866.

NOTIFICATION.

Privilege leave of absence is granted to the Hon'ble H. B. Riddell, Director-General of the Post Office of India, for seven weeks, from the 15th instant.

Mr. A. M. Monteath, Under-Secretary in the Home Department, will officiate for Mr. Riddell as Director-General of the Post Office of India.

No. 5354.

Mr. G. R. Elsmie, of the Civil Service, will officiate for Mr. Monteath as Under-Secretary in the Home Department, until further orders.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

হোম ডিপার্টমেণ্ট।

৫৩৫২ নম্বর।

সিমলা, ১৮৬৬ সাল ১২ অকটোবর।

বিজ্ঞাপন।

ভারতবর্ষের ডাকঘরের ডৈরেকটর জেনরল মান্যবর শ্রীযুত এচ বি রিডেল সাহেব বর্ত্তমান মাসের ১৫ তারিখ অবধি সাত সপ্তাহ অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত রিডেল সাহেবের পরিবর্ত্তে হোম ডিপার্টমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত এ এম মন্টীথ সাহেব ভারতবষের ডাকঘরের ডৈরেকটর জেনরলের কর্ম্ম করিবেন।

৫৩৫৪ নম্বর।

শ্রীযুত মন্টীথ সাহেবের স্থানে সিবিল সংক্রান্ত কার্য্যকারক শ্রীযুত জি আর এলসমি সাহেব যত কাল অন্য আজ্ঞা না পান তত কাল পর্য্যন্ত হোম ডিপার্টমেণ্টে ছোট সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2292.

APPOINTMENTS.

The 5th October 1866.

The Reverend A. McKenna, Chittagong, is licensed under Section 47, Part V., Act V. of 1865, to grant Certificates of Marriage between Native Christians being converts from any religion in India.

The 9th October 1866.

Mr. C. C. Stevens to be Vice-Chairman of the Municipal Commissioners, and Dr. J. Duncan to be a Municipal Commissioner for the Town of Arrah.

Mr. J. F. Campbell to be Secretary to the Local Committee of Public Instruction at Debrooghur.

The 10th October 1866.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Furreedpore, *viz:—*

Mr. S. J. Kilby.
Baboo Sreenath Roy.

Dr. Vincent Richards to be a Member of, and Secretary to the Local Committee of Public Instruction at Bancoorah.

The 12th October 1866.

Mr. H. C. Bowser to be Secretary to the Local Committee of Public Instruction at Rungpore.

Dr. J. F. N. Wise to officiate as Civil Assistant Surgeon of Dacca, during the absence, on

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২২৯২ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ৫ অকটোবর।

এদেশীয় যে লোকেরা ভারতবর্ষীয় কোন ধর্ম্ম ত্যাগ করিয়া খ্রীষ্টীয় ধর্ম্ম গ্রহণ করেন তাঁহারদের বিবাহের সংশিতপত্র দান করিতে চাটিগাঁয়ের পাদরি শ্রীযুত এ মাকেনা সাহেব ১৮৬৫ সালের ৫ আইনের পঞ্চম খণ্ডের ৪৭ ধারামতে অনুমতিপত্র প্রাপ্ত হইয়াছেন।

১৮৬৬ সাল ৯ অকটোবর।

শ্রীযুত সি সি ষ্টিবন্স সাহেব আরা নগরের মুনিসিপল কমিসানরদিগের প্রতিনিধি সভাপতি হইবেন ও ডাক্তর শ্রীযুত জে ডনকান সাহেব এক জন মুনিসিপল কমিসানর হইবেন।

শ্রীযুত জে এফ কাম্বেল সাহেব দেবরুগড়ে সর্ব্বসাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

১৮৬৬ সাল ১০ অকটোবর।

নিম্ন লিখিত মহোদয়গণ ফরীদপুরে বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন, বিশেষতঃ—

শ্রীযুত এস জে কিলবি সাহেব।
,, বাবু শ্রীনাথ রায়।

ডাক্তর শ্রীযুত বিনসেণ্ট রিচার্ডস সাহেব বাঁকুড়াতে বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর ও সেক্রেটারী হইবেন।

১৮৬৬ সাল ১২ অকটোবর।

শ্রীযুত এচ সি বৌসর সাহেব রঙ্গপুরে বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

ডাক্তর শ্রীযুত ডবলিউ বি বীটসন সাহেব ছুটী লইয়াছেন। তাঁহার অনুপস্থিতি কালে কি অন্য আজ্ঞা না

leave, of Dr. W. B. Beatson, or until further orders.

Dr. J. Duncan to officiate as Civil Assistant Surgeon of Chittagong, but not to join until relieved of his present duties at Arrah.

Baboo Mirtonjoy Bose, Sub-Assistant Surgeon, Chittagong Dispensary, to have temporary charge of the Civil Station until the arrival of Dr. J. Duncan, or until further orders.

Mr. W. V. G. Tayler, Magistrate and Collector of Pubna, to be a Magistrate and Collector of the First Grade.

Mr. A. T. Maclean to be a Magistrate and Collector of the Second Grade in Pooree, but to continue to officiate as Magistrate and Collector of Tirhoot, until further orders.

Mr. J. Geoghegan to be Joint-Magistrate and Deputy Collector of Monghyr, but to continue to officiate, until further orders, as Junior Secretary to the Government of Bengal.

Mr. A. Mackenzie to be Under-Secretary to the Government of Bengal.

The above four appointments will have effect from the date of Mr. G. N. Barlow's departure on furlough.

Baboo Chunder Seekur Banerjee to officiate as Uncovenanted Assistant to the Commissioner of Burdwan, during the absence, on leave, of Mr. J. R. Angus, or until further orders.

The 13th October 1866.

In modification of the orders of the 1st instant, published in the *Calcutta Gazette* of the 10th idem, the following appointments have been sanctioned, *viz.* :—

Third Grade Sub-Assistant Surgeon Lukhinarain Bose to have charge of the North Suburban Hospital at Chitpore, with effect from the date on which he may have taken charge.

Baboo Oghore Nath Mookerjee, a Licentiate of Medicine of the Calcutta University, to have charge of the temporary Pauper Hospital at Chitpore, with effect from the date on which he may have taken charge.

Leave of Absence.

The 6th October 1866.

Captain Q. D. Parsons, District Superintendent of Police, 24-Pergunnahs, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 5th ultimo, or any other date on which he may have availed himself of the leave. The privilege leave of absence for four days

হওন পর্য্যন্ত ডাক্তর শ্রীযুত জে এফ এন ওয়াইজ সাহেব ঢাকার সিবিল আসিষ্টান্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন।

ডাক্তর শ্রীযুত জে ডনকান সাহেব চাটিগাঁয়ের সিবিল আসিষ্টান্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন কিন্তু আরাতে তাঁহার যে কর্ম্ম আছে তাহা অন্যের হস্তে অর্পণ না করিলে তিনি চাটিগাঁয়ে যাইবেন না।

ডাক্তর শ্রীযুত জে ডনকান সাহেব যত দিন চাটিগাঁয়ে গমন না করেন তত দিন কি আজ্ঞান্তর না হওন পর্য্যন্ত চাটিগাঁয়ের ঔষধালয়ের সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু মৃত্যুঞ্জয় বসু সিবিল ষ্টেশনে ডাক্তরের কর্ম্ম করিবেন।

পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এ টি মাকলীন সাহেব পুরীতে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু যত কাল অন্য আজ্ঞা না পান তত কাল ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জে গিওগান সাহেব মুঙ্গেরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। কিন্তু যত কাল আজ্ঞা না পান তত কাল বঙ্গদেশের গবর্ণমেন্টের দ্বিতীয় সেক্রেটারীর কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এ মাকেঞ্জি সাহেব বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী হইবেন।

শ্রীযুত জি এন বারলো সাহেব নিযমিত ছুটী লইয়া যে তারিখে গমন করিবেন সেই তারিখ অবধি উপর লিখিত চতুষ্টয় নিয়োগ প্রবল হইবে।

শ্রীযুত জে আর আঙ্গস সাহেব ছুটী লইয়াছেন। তাঁহার অনুপস্থিতি কালে কি আজ্ঞান্তর না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু চন্দ্রশিখর বন্দ্যোপাধ্যায় বর্দ্ধমানের কমিস্যনর সাহেবের অচিহ্নিত আসিষ্টান্টের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১৩ অক্টোবর।

বর্ত্তমান মাসের ১ তারিখের যে আজ্ঞা ১৬ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ করা যায়, তাহার মতান্তর হইয়া নিম্ন লিখিত নিয়োগ হইবার অনুমতি হইয়াছে।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত লক্ষ্মীনারায়ণ বসু চিৎপুরে উত্তর শাখানগরের হাস্পাতালের কর্ম্মের ভার গ্রহণ করিবেন। যে তারিখে সেই ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি এই নিয়োগ প্রবল হইবে।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ল'ইসেনসিয়ট অফ মেডিসন এই উপাধি প্রাপ্ত বাবু শ্রীযুত অঘোরনাথ মুখোপাধ্যায় কিয়ৎকালের জন্যে চিৎপুরে দুঃস্থেরদের হাসপাতালের কর্ম্মের ভার লইবেন। যে তারিখে ঐ ভার গ্রহণ করেন, সেই তারিখ অবধি এই নিয়োগ প্রবল হইবে।

ছুটী।

১৮৬৬ সাল ৬ অক্টোবর।

২৪ পরগনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত কিউ ডি পারসন্স সাহেব চিহ্নিত কার্য্যকারবদিগের ছুটীর বিধির ৬ ধারানুসারে গত মাসের ৫ তারিখ অবধি কিম্বা অন্য যে তারিখে ছুটী লন সেই তারিখ অবধি দুই মাসের ছুটী পাইয়াছেন। গত মে মাসের ১১ তারিখে আজ্ঞা ক্রমে শ্রীযুত পারসন্স সা-

granted to Captain Parsons, under orders of the 11th May last, is cancelled.

The 12th October 1866.

Mr. C. F. Magrath, Assistant Magistrate and Collector, Burdwan, for eight days, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

Mr. N. H. Thomson, Second Judge, Calcutta Court of Small Causes, for twelve months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Lieutenant E. E. Grigg, Assistant Commissioner, Cossyah and Jynteah Hills, for three months on Medical Certificate, from the 26th ultimo, under the Financial Resolution dated 22nd February 1856, together with preparatory leave for twenty-nine days.

Mr. J. Combe, Officiating Joint-Magistrate and Deputy Collector of Monghyr, for three months, from the 5th proximo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Mr. T. Norman, Assistant Magistrate and Deputy Collector of Meherpore, for one month and ten days, from the 6th instant, under Section 6 of the Covenanted Service Absentee Rules. The Officiating Joint-Magistrate and Deputy Collector of Nuddea will remain in charge of the Sub-Division during Mr. Norman's absence.

Baboo Kalidass Paulit, Deputy Magistrate and Deputy Collector of Hazareebaugh, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Mr. J. D. Savi, Sub-Deputy Opium Agent of Tirhoot, for one month, under paragraph 6 of the Uncovenanted Service Absentee Rules. Mr. P. Cosserat, Sub-Deputy Opium Agent of Hajeepore, will take charge of Mr. Savi's Office during the latter's absence.

Moulvie Abdoor Rubb, Sudder Ameen of Purneah, during the Dusserah vacation, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Baboo Mohesh Chunder Roy, Sudder Ameen of Hooghly, for one month during the Dusserah vacation, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Bhor Sing Seeim, Assistant Superintendent of Police, Cossyah and Jynteah Hills, for two months, from the 15th instant, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

Moulvie Wajeeqollah, Deputy Magistrate and Deputy Collector, Beerbhoom, for one month, from the 1st proximo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

হেবকে অনুগ্রহের যে চারি দিন ছুটী দেওয়া গিয়াছিল তাহা রহিত হইয়াছে।

১৮৬৬ সাল ১২ অক্টোবর।

বর্দ্ধমানের আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি এফ মাগ্রাথ সাহেব রাজধানীর চিকিৎসকদিগের স্থায়ি কমিটীর সম্মুখে উপস্থিত হইবার জন্যে আট দিনের ছুটী পাইয়াছেন।

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের দ্বিতীয় জজ শ্রীযুত এন এচ তামসন সাহেব অচিহ্নিত কার্য্যকারকদিগের ছুটীর বিধির ১১ ধারামতে ১২ মাসের ছুটী পাইয়াছেন।

কাশিয়া ও জয়ন্তীয় পর্ব্বতের আসিস্টান্ট কমিস্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত ই ই গ্রিগ সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখের নির্দ্ধারণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২৬ তারিখঅবধি তিন মাসের ছুটী ও প্রস্তুত হইবার জন্যে ঊনত্রিশ দিনের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে কোম সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারানুসারে আগামি মাসের ৫ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

মেহেরপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি নরমান সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারানুসারে বর্ত্তমান মাসের ৬ তারিখ অবধি এক মাস দশ দিনের ছুটী পাইয়াছেন। তাহার অনুপস্থিতি কালে নদীয়ার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ঐ শাখাখণ্ডের তত্ত্বাবধারকত্ব কর্ম্মে থাকিবেন।

হাজারিবাগের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কালীদাস পালিত যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের আফীনের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত জে ডি সাবি সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থিতি কালে হাজীপুরের আফীনের সব ডেপুটী এজেন্ট শ্রীযুত পি কসিরাট সাহেব তাঁহার কার্য্যালয়ের কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

পূরণীয়ার সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুর রব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে দুর্গোৎসবের বন্দে ছুটী পাইয়াছেন।

হুগলীর সদর আমীন শ্রীযুত বাবু মহেশচন্দ্র রায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারানুসারে দুর্গোৎসবে এক মাসের ছুটী পাইয়াছেন।

ভারতবর্ষের পক্ষে মান্যবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখে যে আজ্ঞা প্রচার করিয়াছিলেন তদনুসারে কাশিয়া ও জয়ন্তীয় পর্ব্বতের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ভোর সিং সীইম বর্ত্তমান মাসের ১৫ তারিখ অবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

বীরভূমের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওয়াজীউল্লা অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি মাসের ১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

Baboo Otool Churn Mullick, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, for five days, without pay, from the 25th instant.

Mr. J. R. Angus, Uncovenanted Assistant to the Commissioner of Burdwan, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave.

Surgeon Major C. R. Francis, Officiating Principal of the Calcutta Medical College, for one month, on Medical Certificate, under the Financial Resolution dated 22nd February 1856, in extension of the leave granted to him under orders of the 31st August last.

NOTIFICATIONS.

The 6th October 1866.

The Lieutenant-Governor has been pleased to sanction the transfer of the Police Station of Luckhaipore to Burrachuttee, in the District of Gya.

The 11th October 1866.

The leave granted to Moulvy Itrut Hossein, Principal Sudder Ameen of Gya, under orders of the 22nd ultimo, is cancelled at his own request.

Mr. W. B. Buckle, Governor General's Agent at Moorshedabad, having returned to his duties on the 19th March last from the leave which was granted to him under orders of the 27th January preceding, and of which he availed himself on the 1st February, the unexpired portion of the leave is cancelled.

NOTIFICATION.

The 8th October 1866.

With the sanction of His Excellency the Governor General in Council, the Lieutenant-Governor is pleased to declare that the rules under Clause 7, Section 19 of Act XXII., 1864, for the prevention of venereal diseases among European Troops, shall have force within the Cantonments of Dinapore, Barrackpore, Dum-Dum, Darjeeling (including Sinchall and Julapahar,) Chinsurah, Berhampore, and Hazareebaugh from the 1st of January 1867.

Under Section 25 of the aforesaid Act, His Excellency the Governor General in Council has sanctioned the extension of the operation of these rules to all places within certain limits outside the above-mentioned Cantonments, as specified below :—

CANTONMENT OF DINAPORE.—To all places within a line drawn around the Cantonment at a distance of four miles from the Cantonment boundary pillars.

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অতুলচরণ মল্লিক বর্ত্তমান মাসের ২৫ তারিখ অবধি বিনা বেতনে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

বর্দ্ধমানের কমিস্যনর সাহেবের অচিহ্নিত আসিষ্টান্ট শ্রীযুত জে আর আঙ্গস সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার মেডিকাল কালেজের একটিং প্রিন্সিপাল সর্জন মেজর শ্রীযুত সি আর ফ্রান্সিস সাহেব গত আগষ্ট মাসের ৩১ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান তদতিরিক্ত ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৫৬ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখের নির্দ্ধারণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৬ অকুটোবর।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব গয়া জিলার লথাইপুর পোলীস থানা উঠাইয়া বারাছতীতে স্থাপন করিবার অনুমতি দিয়াছেন।

১৮৬৬ সাল ১১ অকুটোবর।

গয়ার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ইত্রৎ হুসেনকে গত মাসের ২২ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

মুরশিদাবাদে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এজেন্ট শ্রীযুত ডবলিউ বি বকল সাহেব গত জানুআরি মাসের ২৭ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান তাহা ফেব্রুআরি মাসের ১ তারিখে গ্রহণ করিয়া মার্চ মাসের ১৯ তারিখে আপনার কর্ম্মে প্রত্যাগমন করেন। অতএব ঐ ছুটীর অবশিষ্ট অংশ রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৮ অকুটোবর।

মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই আজ্ঞা করিয়াছেন। ইউরোপীয় সৈন্যেরদের উপদংশ রোগ নিবারণার্থ যে বিধি ১৮৬৪ সালের ২২ আইনের ১৯ ধারার ৭ প্রকরণক্রমে প্রণীত হইয়াছে, তাহা ১৮৬৭ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি এই২ সৈন্যাবাসে প্রচলিত হইবে। বিশেষত দানাপুর। চানক। দমদমা। দারজীলিং (ইহার মধ্যে সিঞ্চাল ও জলপাহাড় গণ্য)। চুঁচুঁড়া। বহরমপুর। ও হাজারীবাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব উক্ত আইনের ২৫ ধারামতে উক্ত সৈন্যাবাসের বহির্ভূত বিশেষ সীমার মধ্যবর্ত্তি স্থানেও ঐ বিধি প্রচলিত করিবার অনুমতি দিয়াছেন। সেই সীমা নিম্নভাগে নির্দ্দিষ্ট হইল।

দানাপুর সৈন্যাবাস। এই সৈন্যাবাসের সীমানিরূপক স্তম্ভহইতে চতুর্দ্দিগে চারি মাইল রেখা টানিলে তাহার মধ্যে যত স্থান পড়ে সেই২ স্থানে ঐ বিধি চলিবে।

Barrackpore.—On the left bank of the river Hooghly,—a tract of country bounded by that river on the West and contained within an irregular line, following the Northern and Eastern boundary of Mouzah Ishapore, till it cuts the Ishapore Khall near Baubunpore, then running East and South down the Ishapore Khall and Nawai Nuddee to the north-west corner of Mouzah Koolyah, after that following the Southern and Eastern boundary of Mouzah Tittaghur till it joins the river Hooghly. On the right bank of the River Hooghly, to Serampore, Bydebatty, Chattra, and all other villages within two miles of the river opposite to Barrackpore.	চাণক। ভাগিরথীর উত্তর তীরে। সেই নদী পশ্চিম সীমা মানিয়া তাহাহইতে ইষাপুর মৌজার উত্তর ও পূর্ব্ব সীমা দিয়া ভবনপুরের নিকট ইষাপুর খাল কাটিয়া পূর্ব্ব ও দক্ষিণ মুখে সেই খালের ও নাওয়াই নদীর ধারে২ মৌজা কুলয়ার উত্তর পশ্চিম কোণ পর্য্যন্ত ও টিটাগড়ের দক্ষিণ ও পশ্চিম সীমা দিয়া ভাগিরথী পর্য্যন্ত রেখা টানিলে, ঐ রেখার মধ্যে যত স্থান পড়ে তাহাতে এবং নদীর দক্ষিণ তীরস্থ শ্রীরামপুর বৈদ্যবাটী চাত্রা প্রভৃতি যত গ্রাম চানকহইতে দুই মাইলের মধ্যে পড়ে তাহাতে ঐ বিধি চলিবে।
Dum-Dum.—The whole of the Sub-Division of Dum-Dum, and so much of the Suburbs of Calcutta as lie North of the Belgatchya road and East of the Eastern Bengal Railway, up to the point at which it enters the jurisdiction of Thannah Auryadah.	দমদমা। দমদমা নামে খ্যাত সম্পূর্ণ শাখাখণ্ডে ও বেলগাছিয়া রাস্তার উত্তরে ও ইষ্টর্ণ বেঙ্গাল রেলওয়ের পূর্ব্বদিগে আঁড়িয়াদহ থানার এলাকার অগ্রভাগ পর্য্যন্ত কলিকাতা শাখানগরের যে২ অংশ আছে তাহাতে ঐ বিধি চলিবে।
Darjeeling.—The Darjeeling Bazar.	দারজীলিঙ্গ। দারজীলিঙ্গের বাজারে ঐ বিধি চলিবে।
Chinsurah.—To a tract bounded thus:—South by the French territory of Chandernagore from the River Hooghly to the Simla Railway Bridge. West by the Railway line from Simla Railway Bridge to the Hooghly Railway Station. North by the Grand Trunk Road from the Hooghly Railway Station to the River at Ballee. East by the River Hooghly.	চুঁচুড়া। ভাগিরথী অবধি শিমল্যা রেলওয়ের পুল পর্য্যন্ত ফ্রান্সীয়েরদের অধিকৃত চন্দননগর দক্ষিণ সীমা, শিমল্যার রেলওয়ের পুল অবধি হুগলী রেলওয়ে ষ্টেশনপর্য্যন্ত রেল পথ পশ্চিম সীমা, হুগলী রেলওয়ে ষ্টেশন অবধি বালির নিকট নদী পর্য্যন্ত বড় রাস্তা উত্তর সীমা, ভাগিরথী পূর্ব্ব সীমা ধরিয়া এই চতুঃসীমার মধ্যে যে দেশ সেই দেশে ঐ বিধি চলিবে।
Berhampore.—To a tract bounded as follows:—North by the upper sluice gate and the Kalkapore Jheel as far as Jhaokhola; West by the River Bhagirruttee; East the road from Jhaokhola towards Banjitty to where it crosses the main road to Cossim Bazar; thence along the Cossim Bazar Road to Punchanund; thence along the upper Moorshedabad road to the end of the old avenue; thence down the road leading to the regimental butts into the Kishnaghur road, and along the Kishnaghur road to where the Chultea road breaks off; South by the Chultea road from the point where that road leaves the Kishnaghur road up to the Bhagiruttee River, or in other words the Southern boundary of the village known as Zemindary which stands to the South of Gora Bazar.	বহরমপুর। উপরিস্থ জলদ্বার দিয়া ঝাওখোলা পর্য্যন্ত কালিকাপুর ঝীল উত্তর সীমা, ভাগিরথী পশ্চিম সীমা। ঝাওখোলা অবধি বাঞ্জিটির রাস্তা যে স্থানে কাশিমবাজারের বড়. রাস্তা কাটে সেই স্থান পর্য্যন্ত, পরে তথাহইতে পূর্ব্বকালীন তরুপংক্তির শেষ পর্য্যন্ত মুরশিদাবাদের উত্তর রাস্তা তথাহইতে সৈন্যদের গুলি করিবার লক্ষ্য স্তম্ভাদিতে যাইবার রাস্তা দিয়া কৃষ্ণনগরের রাস্তা ধরিয়া যে স্থানে চলতিয়া রাস্তার বিয়োগ হয় সেই স্থানপর্য্যন্ত ঐ কৃষ্ণনগরের রাস্তা পূর্ব্ব সীমা। যে স্থানে চলতিয়ার ও কৃষ্ণনগরের রাস্তার বিযোগ হয় সেই স্থানাবধি ভাগিরথীপর্য্যন্ত ঐ চলতিয়া রাস্তা দক্ষিণ সীমা, অর্থাৎ গোরাবাজারের দক্ষিণে জমিদারী নামক যে গ্রাম আছে সেই গ্রামের দক্ষিণ সীমা, এই চতুঃসীমার মধ্যে যত স্থান সেই সকল স্থানে ঐ বিধি চলিবে।
Hazareebaugh.—To all places within a circle drawn round the Cantonment at a distance of five miles from the Cantonment boundary pillars.	হাজারীবাগ। সৈন্যাবাসের সীমানিরূপক যে স্তম্ভ আছে তাহাহইতে চতুর্দ্দিগে পাঁচ মাইলের মধ্যে যত স্থান পড়ে সেই সকল স্থানে ঐ বিধি চলিবে।

The following Order issued by the Government of India, in the Financial Department, is re-published for general information :—

From E. H. LUSHINGTON, Esq., Secretary to the Government of India, Financial Department, to the Officiating Head Commissioner of Paper Currency,—(No. 2515, dated Simla, the 2nd October 1866.)

I AM directed to acknowledge the receipt of your letter No. 254, dated the 10th September 1866, stating that inconvenience is caused by that part of paragraph 8 of Financial Notification No. 1004A., dated the 30th July 1866, which directs that intimation of the loss, destruction, or mutilation of a note or portion of a note of a Branch Circle be given to the Head Commissioner, and suggesting that this requirement of the 8th paragraph be cancelled, as intimation of the stoppage of notes is always sent by the Deputy Commissioner to the Head Officer while it is inconvenient for the losers to address both the Head Office and the Deputy Commissioner of the Branch Circle, and their doing so may lead to confusion.

2. The Governor General in Council is pleased to adopt your suggestion, and I am to request that the Commissioner of Madras may be informed that, under the amendment now authorized, the loss of a Currency Note of the Calicut or Trichinopoly Circle need not be intimated to him by the losers.

ORDERED, that a copy of the foregoing be published in the *Gazette of India.*

NOTIFICATION.

The 13th October 1866.

In modification of the Rules published on the 16th May 1865, under Sections 11 and 13 of Act VII. (B. C.) of 1864 (for regulating the manufacture, deposit, transport, and sale of Salt in the Provinces under the conrol of the Lieutenant-Governor of Bengal and for securing the payment of duty thereon) the Lieutenant-Governor has been pleased to approve of the following revised Rules 39 and 40 :—

XXXIX. On a despatch of Salt covered by a wholesale or Attraffee Rowannah arriving at the warehouse or shop of any Salt Trader, situated at any place within the limits notified in Section 12 of the Act, the proprietor shall within twenty-four hours notify its arrival in writing to the Collector of the District, specifying in such notice the number and date of the Rowannah, the quantity and description of Salt covered by it, and the place whence the Salt was obtained. Omission or neglect to comply with this Rule shall render such trader liable to a penalty not exceeding Rupees 10 for each offence.

XL. Every Salt trader carrying on business within the limits notified under Section 12 of the

ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের নিম্ন লিখিত আজ্ঞা প্রচলিত হইয়াছে। তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

পেপর করেন্সীর একটিং হেড কমিসানর সাহেবের নিকটে ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী শ্রীযুত ই এচ লশিংটন সাহেবের শিমলাতে লিখিত ১৮৬৬ সালের ২ অক্টোবর তারিখের ২৫১৫ নম্বরের পত্র।

আপনকার ১৮৬৬ সালের ১০ সেপ্টেম্বর তারিখের ২৫৪ নম্বরের পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে। ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৬ সালের ৩০ জুলাই তারিখের ১০০৪ A নম্বরের জ্ঞাপনপত্রের ৮ ধারার এক অংশে এই আজ্ঞা হইয়াছিল যে, শাখাচক্রের কোন নোট কি নোটের কোন অংশ হারাণ গেলে কি নষ্ট কি বিকৃত করা গেলে হেড কমিসানর সাহেবকে সেই কথা জ্ঞাত করিতে হইবে। ফলতঃ কোন নোটের টাকা দেওয়া বন্ধ হইলে ডেপুটী কমিসানর সর্ব্বদা প্রধান কার্য্যকারককে সেই কথা জ্ঞাত করিয়া থাকেন। কিন্তু যাঁহারদের নোট হারাইয়া যায় প্রধান কার্য্যালয়ে এবং শাখা চক্রের ডেপুটী কমিসানরকেও তাঁহারদের সম্বাদ দিতে হইলে অত্যন্ত ক্লেশ হয় ও তাহাতে গোলযোগ হওয়ার সম্ভাবনা প্রযুক্ত আপনি উক্ত পত্রে ৮ ধারার ঐ অংশ উঠাইয়া দিবার পরামর্শ দিয়াছেন।

২। শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আপনার সেই পরামর্শ গ্রাহ্য করিয়াছেন। অতএব কালিকট কি ত্রিচিঞ্চপল্লি চক্রের করেন্সী নোট হারাণ গেলে, উক্ত সংশোধিত বিধিমতে, যাঁহাদের ঐ নোট হারাণ যায়, মান্দ্রাজের কমিসানর সাহেবকে তাঁহাদের সেই কথা জ্ঞাত করিবার প্রয়োজন হইবে না। এই কথা তাঁহাকে জানাইতে হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৩ অক্টোবর।

১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের (অর্থাৎ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অধীন প্রদেশে লবণ প্রস্তুত করণ ও নিকটে রাখণ ও চালান ও বিক্রয় করণের আইন সংশোধন ও সংগ্রহ করিবার আইনের) ১১ ও ১৩ ধারামতে যে বিধি ১৮৬৫ সালের ১৬ মে তারিখে প্রচারিত হয়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা মতান্তর করিয়া নিম্ন প্রকারে সংশোধিত ৩৯ ও ৪০ ধারা অনুমোদন করিয়াছেন।

৩৯ ধারা। আইনের ১২ ধারামতে যে২ সীমার বিজ্ঞাপন প্রকাশ হইল আত্রাফী রওয়ানাক্রমে চালান হইয়া সেই সীমার অন্তর্গত কোন স্থানে কোন লবণ ব্যাপারির গোলাতে কি দোকানে পহুছিলে, ঐ দোকানের কি গোলার কর্ত্তা চব্বিশ ঘন্টার মধ্যে জিলার কালেক্টর সাহেবকে ঐ লবণ পহুছিবার সম্বাদ লিখিয়া জানাইবেন। রওয়ানার নম্বর ও তারিখ ও তাহাতে যত ও যে প্রকারের লবণ চালান হইয়াছে ও যে স্থানহইতে লবণ পাওয়া গিয়াছে ঐ সকল কথা ঐ পত্রে লিখিয়া জানাইবেন। এই বিধি মতে কর্ম্ম না করিলে কি করিতে উপেক্ষা করিলে, ব্যাপারির প্রত্যেকবার দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৪০। যে লবণব্যাপারী এই আইনের ১২ ধারামত অবধারিত সীমার মধ্যে কর্ম্ম চালান, তাহার নিকট

Act shall, on the 1st of every month, submit to the Collector of the District, or to the nearest Abkaree Darogah, a signed Statement specifying the quantity of Salt sold under each document in his hands during the previous month, as well as the quantity of Salt remaining in store under each such document on the last day of such month. Omission or neglect to comply with this Rule shall subject such trader to a fine of Rupees 20 for each offence.

DECLARATIONS UNDER SECTION II., ACT VI. OF 1857.

The 8th October 1866.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for a road along the Strand from Saragur to Gur, at Santipore, in the District of Nuddea, it is hereby declared that a strip of land, measuring 7,900 feet in length, with an average breadth of 60 feet, more or less, is required for the above purpose.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for the site of the Kooshtea Post Office, it is hereby declared that, for the above purpose, a plot of land, comprising about five cottahs, situated in Mouzah Mozimpore, Pergunnah Mohamedshahee, Zillah Nuddea, and bounded on the North by the Government Road, and on the East, South, and West by Mr. Kenny's land, is required.

This Declaration is made, under the provisions of Section II., Act VI. of 1857, to all whom it may concern.

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for a Cemetery for the Armenian Community, it is hereby declared that, for the above purpose, a piece of land, measuring five beegahs, more or less, situated in Mouzah Kuncurgatcheea, being portion of holding No. 178, Sub-Division XI., Grand Division III., Khas Mehal Dhee Punchannogram, is required.

The land is bounded on the North and East by land being the property of Baboo Ram Chand Bannerjee, comprised in the same holding; on the

যে রওয়ানামতের যত লবণ কোন মাসের মধ্যে বিক্রয় হয় ও যে রওয়ানামতের যত লবণ ঐ মাসের শেষ দিনে তাঁহার হাতে থাকে এই কথার এক কৈফিয়তে তিনি আপনি দস্তখৎ করিয়া তৎপশ্চাৎ মাসের প্রথম তারিখে জিলার কালেক্টর সাহেবের কি সন্নিহিত আবকারী দারোগার নিকটে পাঠাইবেন। এই বিধিমতে কর্ম্ম না করিলে, কি করিতে উপেক্ষা করিলে ব্যাপারির প্রত্যেকবার ২০ টাকার অর্থদণ্ড হইতে পারিবে।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে জ্ঞাপনি।

১৮৬৬ সাল ৮ অক্টোবর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন, যে রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ নদীয়া জিলার শান্তিপুরের অন্তর্গত শারাগড় অবধি গড় পর্য্যন্ত নদীর ধারে রাস্তা করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া প্রয়োজন। এহেতুক উক্ত কার্য্যের নিমিত্তে ৭৯০০ ফুট দীর্ঘ ও ন্যূনাধিক ৬০ ফুট প্রশস্ত ভূমি লওয়ার আবশ্যক প্রকাশ করা গেল।

২। এই বিষয়ে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের নিকটে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই কথা জ্ঞাত করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কুশত্যাতে ডাকঘর করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া প্রয়োজন। এই হেতুক উক্ত কর্ম্মের নিমিত্তে নদীয়া জিলার মহম্মদশাহী পরগণার মজিমপুর মৌজার অন্তর্গত ন্যূনাধিক পাঁচ কাঠা পরিমাণের এক খণ্ড ভূমি লওয়া আবশ্যক প্রকাশ করা গেল। ঐ ভূমির সীমা এই২ উত্তর সীমা গবর্ণমেন্টের রাস্তা। পূর্ব্ব দক্ষিণ পশ্চিম সীমা কেনি সাহেবের ভূমি।

তাহাতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহাদের জানিবার জন্যে এই জ্ঞাপনি ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে প্রকাশ করা গেল।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ আরমাণীদের সমাধিস্থান করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে ভূমি লওয়া প্রয়োজন। এই হেতুক উক্ত কার্য্যের নিমিত্তে খাস মহাল ডিহি পঞ্চাননগ্রামের ৩ নং খণ্ডের ১১ নং শাখাখণ্ডের ১৭৮ নং যোতের একাংশ মৌজা কাঁকরগাছিয়ার অন্তর্গত ন্যূনাধিক পাঁচ বিঘা ভূমি লওয়ার আবশ্যক প্রচার করা গেল।

ঐ ভূমির উত্তর ও পূর্ব্বদিগে সেই যোতের অন্তর্গত বাবু রামচাঁদ বন্দ্যোপাধ্যায়ের ভূমি। দক্ষিণদিগের একাংশ নারিকেলডাঙ্গার বড় রাস্তা ও একাংশ

South partly by the Narcoldangha main road and partly by the Greek Cemetery; and on the West by the Kuncurgatcheea west road.

This Declaration is made, under the provisions of Section II., Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.

COMMUNICATIONS,—LOCAL.

No. 234.

The 22nd September 1866.

NOTIFICATION.

It is hereby notified, under Section II. of the *Canals' Act*, 1864, (No. V. of B. L. C.), that the provisions of the said Act shall apply to the following navigable channel in the Dacca District from the 1st January 1867, *viz:*—

1. The bed and channel of the Dholai Khal from the River Booreegunga, at the Town of Dacca, to the Baloo River near Teermony.

Under Section VI. of the *Canals' Act*, the Lieutenant-Governor of Bengal has been pleased to fix the following rates for the levy of toll at the under-mentioned places on the said channel on and after the 1st of January 1867:—

DAYAGUNGE AND TEERMONY.

Description of Vessels.	Rates of Tolls.		
	Rs.	As.	P.
On all boats or other vessels, whether laden or empty, per 100 maunds of tonnage ...	0	2	0
Rafts of timber, bamboos or grass not exceeding 50 feet in length and 5 feet in breadth, per raft...	0	4	0

গ্রীক লোকেরদের সমাধিস্থান। পশ্চিমদিগে কাঁকরগাছিয়ার পশ্চিম রাস্তা।

তাহাতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জানিবার জন্যে এই জ্ঞাপনি ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

স্থানীয়। গমনাগমন বিষয়ক বিজ্ঞাপন।

২৩৪ নম্বর।

১৮৬৬ সাল ২২ সেপ্টেম্বর।

বিজ্ঞাপন।

১৮৬৪ সালের (বঙ্গদেশীয়) ৫ আইনের অর্থাৎ খালবিষয়ক আইনের ২ ধারার বিধানমতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জিলার অন্তর্গত নিম্ন লিখিত নৌকাগম্য খালের প্রতি উক্ত আইনের বিধান ১৮৬৭ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে। যথা—

১। ঢাকা নগরের নিকট বুড়ী গঙ্গা নদী অবধি ত্রিমোহনীর নিকট বালুনদী পর্য্যন্ত ধোলাই খালের খাত।

খালবিষয়ক আইনের ৬ ধারামতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৭ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি উক্ত খালের নিম্নলিখিত স্থানে নিম্ন লিখিত হারে মাসুল আদায় হইবার আজ্ঞা করিয়াছেন।

দয়াগঞ্জ ও ত্রিমোহনী।

নৌকাদির বর্ণনা।	মাসুলের হার।
বোঝাই হউক কি না হউক সকল নৌকাদির কি অন্য জলযানের উপর ১০০/ মণ প্রতি ...	৵০
শালাদি কাষ্ঠের ও বাঁশের ও ঘাসাদির মাড় দৈর্ঘ্য ৫০ ও প্রস্থ ৫ ফুটের অনধিক হইলে মাড় প্রতি ...	।০

No. 235.

The following draft of Rules having reference to the under-mentioned navigable channel in the District of Dacca, *viz* :—The line of channel connecting the Booreegunga with the Baloo River near Teermony is published for information, under the provisions of Section XI. of the Canals' Act, (No. V., 1864, B. L. C.) :—

1. Every vessel on entering the above navigable channel shall be liable to measurement by the Officer in charge of the Toll Station, for the purpose of ascertaining the amount of toll to be levied.

2. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the *Canals' Act* and of these Rules, be determined by the following measurements :—

(*a.*) The product of half the length of the vessel from the stem to stern measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel, is to be taken as the number of maunds on which toll shall be levied.

(*b.*) The measurement of the length is to be made in feet, rejecting inches. The measurement of the breadth and depth is to be made in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(*c.*) In calculating the amount of toll to be levied, any fraction of 100 maunds less than 50 maunds is to be omitted; and a fraction exceeding 50 maunds is to be charged as 50 maunds only.

3. No raft will be admitted into the channel in excess of fifty feet in length or five feet in breadth. No timber, bamboos or grass will be admitted, except securely and compactly packed in the form of a raft.

4. Every vessel entering the channel shall, on paying the prescribed toll, be furnished with a ticket. The ticket will specify the date of entry, the maundage of the vessel, and the amount of toll paid, and must be produced whenever asked for by the Supervisor, or those duly authorized by him to do so. Payment at one Toll Station shall clear the vessel at the other Station, at which the ticket must be given up to the Toll Collector.

5. No vessels whatever, except such as are employed on works connected with the maintenance or improvement of the line of channel in question, shall be exempted from paying toll.

6. Every vessel or raft which has paid toll shall be allowed three days to pass through the channel, the days of entering and leaving being both included; and any vessel or raft remaining in any part of the channel longer than the period

২৩৫ নম্বর।

ঢাকা জিলার অন্তর্গত নিম্ন লিখিত নৌকাগম্য খালের অর্থাৎ বুড়ীগঙ্গার সহিত ত্রিমোহনীর নিকট বালু নদীর সংযোগকারি খালের বিষয়ি বিধির নিম্ন লিখিত পাণ্ডুলিপি (১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৫ আইনের) অর্থাৎ খাল বিষয়ক আইনের ১১ ধারার বিধানমতে সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১। প্রত্যেক নৌকা যখন উপরোক্ত কোন খালে প্রবেশ করে তখন দেয় মাসুল অবধারণার্থে খালের কুত ঘাটের কার্য্যকারক তাহা মাপ করিবেন।

২। বোঝাই কি খালী হউক, নৌকাতে যত মণ বোঝাই ধরে তাহা খালের আইনের ও এই বিধির অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত মতে পরিমাণ করণদ্বারা নিশ্চয় করা যাইবে, অর্থাৎ—

(ক) গলষ্টী অবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত জলের রেখা ধরিয়া পরিমাণ করিলে নৌকার যে দির্ঘতা হয় তাহার অর্দ্ধেক, ও নৌকার খোলের অতি প্রশস্ত স্থানের প্রস্থ এবং জলরেখা অবধি নৌকার তল পর্য্যন্ত গভীরতা এই তিনের সংখ্যা পরস্পর গুণ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা মণের সংখ্যা বলিয়া সেই সংখ্যাক্রমে মাসুল ধার্য্য করিতে হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিতে গেলে ইঞ্চি ছাড়িয়া কেবল ফুট ধরিতে হইবে, এবং প্রস্থের ও গভীরতার পরিমাণ করিতে গেলে ফুটের চতুর্থাংশ অপেক্ষা ক্ষুদ্রাংশ ছাড়িয়া ফুট ও ফুটের চতুর্থাংশ ধরিতে হইবে।

(গ) কত মাসুল লইতে হইবে তাহার হিসাব করিতে গেলে ১০০ মণের যে ভগ্নাংশ ৫০ মণ অপেক্ষা কম তাহা ধরিতে হইবে না। ও ৫০ মণের অধিক যে ভগ্নাংশ তাহা ৫০ মণ ধরিতে হইবে।

৩। দীর্ঘে ৫০ ফুট ও প্রস্থে ৫ ফুটের অধিক হইলে মাড় উক্ত কোন খালে প্রবেশ করিতে পারিবে না। মাড়ের মত দৃঢ়রূপে বান্ধা না হইলে শালাদি কাষ্ঠের কি বাঁশের কি ঘাসের মাড় যাইতে পারিবে না।

৪। যে প্রত্যেক নৌকা উক্ত কোন খালে প্রবেশ করে, নির্দ্দিষ্ট মাসুল দিলে তাহার এক খান টিকিট দেওয়া যাইবে। প্রবেশ করণের তারিখ, যত মণী নৌকা, যত মাসুল দেওয়া গেল তাহা ঐ টিকিটে লেখা থাকিবে। এবং তত্ত্বাবধারক কিম্বা তৎকর্ত্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি তাহা চাহিবামাত্র দিতে হইবে। এক কুত ঘাটে মাসুল দিলে অন্য যে কুত ঘাটে মাসুল সংগ্রহকারিকে টিকিট দিতে হইবে সেখানে আর মাসুল লাগিবে না।

৫। যে সকল নৌকা উক্ত খাল রক্ষা কি সৌষ্ঠব করণ সম্পর্কীয় কার্য্যে নিযুক্ত আছে কেবল তাহারই মাসুল লাগিবে না অন্য সকলের উপর মাসুল লাগিবে।

৬। যে প্রত্যেক নৌকার কি মাড়ের মাসুল দেওয়া হইয়াছে ঐ খালের মধ্যে তাহার প্রবেশ করিবার কি খাল হইতে বাহির হইবার দিনশুদ্ধ খাল দিয়া গমনার্থে তিন দিনের অবকাশ দেওয়া যাইবে, ও যে নৌকা কি মাড় পূর্ব্বোক্ত নির্দ্দিষ্ট কালের অধিক উক্ত খালের

above fixed shall, for each day in excess of such period, be charged demurrage equal to one-half of the toll paid. Every vessel or raft remaining in the channel more than one month, without authority from the Supervisor, shall be subject to be summarily removed.

7. Any person infringing any of the above Rules, or wilfully interfering in their enforcement, shall be liable, under Section XI. of the *Canals' Act,* to a fine not exceeding fifty Rupees for any one offence.

No. 247.

The 9th October 1866.

Declaration under Sections II. and XXXIII. of Act VI. of 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for the construction of a road from Siligooree to Sivoke in continuation of the Ganges and Darjeeling road, it is hereby declared that, for the above purpose, a strip of land, measuring nine miles, more or less, in length, and ninety feet, more or less, in width, is required, The land is situated partly in Talook Dabgram. Pergunnah Bykuntpore, and partly in the jungle mehal of the same Pergunnah, and starts from the new Ganges and Darjeeling road at a point to the East of the proposed bridge over the Mahanuddy river on that road and extending to the North and North-East to a point on the northern boundary of Zillah Rungpore, near the village of Dhoopgatchee.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

W. B. MACRONE,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

কোন স্থানে থাকে তাহার উপর বিলম্ব জন্য মাস্থল বলিয়া দিনপ্রতি অর্দ্ধেক হারে মাস্থল লওয়া যাইবে। সুপরিন্টেণ্ডেন্টের অনুমতি ব্যতিরেকে কোন নৌকা এক মাসের অধিক কাল খালে থাকিলে তাহা সরাসরীমতে স্থানান্তর করা যাইতে পারিবে।

৭। পূর্ব্বোক্ত কোন এক বিধি কোন ব্যক্তি লংঘন করিলে কি তাহার প্রবল হওয়ার নিবারণ বিষয়ে ইচ্ছাপূর্ব্বক হস্তক্ষেপ করিলে খাল বিষয়ক আইনের ১১ ধারামতে তাহার কোন এক অপরাধের জন্যে ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

---

২৪৭ নম্বর।

১৮৬৬ সাল ৯ অক্টোবর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারার মত জ্ঞাপনি;

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ গঙ্গা ও দারজীলিঙ্গের রাস্তা বৃদ্ধি করিয়া শিলগুড়ীঅবধি শিবোকপর্য্যন্ত চালাইবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে ভূমি লওয়া প্রয়োজন। এই হেতুক ন্যূনাধিক নয় মাইল দীর্ঘ ও নব্বই ফুট প্রশস্ত ভূমি লওয়ার আবশ্যক প্রচার করা গেল। সেই ভূমির একাংশ বৈকুণ্ঠপুর পরগনার তালুক দেবগ্রামের ও একাংশ সেই পরগণার জঙ্গল মহালের অন্তর্গত। গঙ্গার ও দারজিলিঙ্গের রাস্তায় মহানদীর উপর যে স্থানে সাঁকো নির্ম্মাণ করিবার প্রস্তাব হইয়াছে তাহার পূর্ব্বাংশে সেই নূতন রাস্তা আরম্ভ হইয়া উত্তর ও উত্তর পূর্ব্ব মুখে রঙ্গপুর জিলার উত্তর সীমা ধুপগাছী গ্রামের নিকট পর্য্যন্ত চলিবে।

২। যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জানিবার জন্যে এই জ্ঞাপনি ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে প্রকাশ করা গেল।

ডবলিউ, বি, মাক্রোন্,
পবলিক ওর্কস ডিপাটমেন্টে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং আসিষ্টান্ট
সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা চব্বিশপরগনা।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবৎ ইংরাজী সন ১৮৬৬ সালের ১ নবেম্বর ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৬৬ সাল তারিখ ৫ অক্টোবর।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৫১ নং কীং পরগনে মুড়াগাছা মৌজে হুদীয়া ওগয়রহ লিখিত মালিক জয়গোপাল সরকার সদর জমা কোম্পানি ৭০৩৶/১১

J. S. CARSTAIRS,
for Collector.

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্ন লিখিত মাহাল সন ১৮৬৬ সালের নাগাএদ কিস্তি সেপ্টেম্বরের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৬৬ সালের ১৯ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৫ অগ্রহায়ণ সোমবার জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অবার্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৬। ২ অকুটোবর মোং সন ১২৭৩। ১৭ আশ্বিন।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজির নম্বর	নাম মাহাল	নাম তালুকদারান	সদর জমা	কৈফিয়ত
১	প্রথম শ্রেণী মাহাল	৯	কিঃ পরগনে কাশিপুর পঃ কাশিপুর	কাশিনাথ চৌধুরী সুভদ্রা নিত্যকালী ভুবনেশ্বরী কমলমণী সর্ণময়ী ভোলানাথ তারিণীপ্রসাদ তারাসুন্দরী শিবসুন্দরী মধোহণ ঘোষ ঈশানচন্দ্র রায় ও শ্যামাচরণ ভট্ট রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যা	৮০৭৪৶০ বাদ এই জমার মধ্যে রাজকিশোর সেন আইনানুসারে রকম ১৮৶১৭॥ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় জমা ৪৬৬॥৵০ বাদ চন্দ্রমুখী দাস্যা রকম ১৮৶১৭॥ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় জমা ৪৬৬॥৵০ ৯৩৩।০ বাকী ৭১২০৸৶০	রাজকিশোর সেন ও চন্দ্রমুখি দাস্যার অংশ বাদে অন্যান্য সরিকানের অংশ নীলাম হইবেক

W. L. HEELEY,
Collector.

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের নীচের লিখিত মহাল সকল সন ১৮৬৬ সালের নাগাদী ২৮ সেপ্টেম্বর তলবের সরকারী বাকী মালগুজারীর আদায়ের নিমিত্তে সন ১৮৬৬ সালের ১৯ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৫ অগ্রহায়ণ সোমবার দিবা দুই প্রহরের পর অত্র জেলা বর্দ্ধমানের কালেক্টরি কাছারিতে নিলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ৫ অকুটোবর।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১৫৮ নং সমুদ্রগড়ি পরগণে সাতটৈকা মালিক শ্রীমতী রহিমণ নেছা বিবি দিগর সদর জমা ২৭১০॥১১ টাকা

৫১৭৭ নং চর চণ্ডীপুর পং জাহাঙ্গিরাবাদ মালিক ফজলর রহিম সদর জমা ৫১১৸/১১ টাকা

A. J. R. BAINBRIDGE,
Collector.

জিলা ত্রিপুরা।

ইস্তেহারনামা কাছারি কালেক্টরি এই যে।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে ত্রিপুরা জিলার নিম্নে লিখিত মহালাত মালগুজারী বাকী বাবৎ ১৮৬৬ ইং ২০ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা ৬ অগ্রহায়ণ রোজ মঙ্গলবার এ জিলার কালেক্টরি কাছারিতে বিনা আপত্যে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ ইং ২৯ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা তাং ১৪ আশ্বিন।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

নম্বর রেজিষ্টরী।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকী।	
১২৯৮	পং সরাইল কিং।৶০ আনা	নবকৃষ্ণ রায় রাজকৃষ্ণ রায়	১১৬৭৫৸৵১০	২০৯৮॥৭	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।
১২৯৯	পং সরাইল কিং।/১২ গণ্ডা	নবকৃষ্ণ রায় রাজকৃষ্ণ রায়	১১৮৫০।৶৩	২১৫১॥৶২	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

F. G. MILLETT,
Collector.

NOTIFICATION OF THE DACCA MUNICIPALITY.

His Honor the Lieutenant-Governor of Bengal, in accordance with the provisions of Section 85, Act III. (B. C.) 1864, having directed the publication of the following Bye-laws for the City of Dacca, they are hereby published for general information :—

Bye-laws under Act III. (B. C.) of 1864.

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. Each quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say :—

The instalment payable on account of the quarter ending	31st July	May be levied on and after	1st May.
	„ Oct.		„ Aug.
	„ Jan.		„ Nov.
	30th April.		„ Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or their Secretary, if there be one, to the subordinate officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to shew this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rate or taxes leviable under the Act, shall,

শহর ঢাকা মিউনিসিপালিটী সংক্রান্ত বিজ্ঞাপন।

বঙ্গদেশের কৌন্সেলের ১৮৬৪ সালের ৩ আইনের ৮৫ ধারার মর্ম্মমতে শ্রীলশ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ঢাকা শহরের নিমিত্ত প্রচলিত উপবিধির পরিবর্ত্তে নিম্ন লিখিত উপবিধি সকল বাঙ্গলা গেজেটে প্রকাশ করণের অনুমতি প্রদান করায় ঐ সকল উপবিধি সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে এতদ্দ্বারা প্রকাশিত হইল।

১৮৬৪ ইংরেজীর ৩ আক্টসম্পর্কীয় অতিরিক্ত নিয়ম যে সময়ে যেমতে টেক্স ও রেট আদায় করিতে হইবে তাহার নিয়ম।

১। উক্ত আইনের উল্লিখিত রেট এবং টেক্স ত্রৈমাসিক কিস্তিঅনুসারে আদায় করিতে হইবেক যে তিন মাসের জন্যে ঐ কিস্তি আদায় হইবে তাহার আরম্ভেতেই টাক্স দেনা গণ্য হইবেক এবং তাহার আরম্ভের পর যে কোন সময়ে হউক ঐ টাকা আদায় করা যাইবেক। যথা

টেক্সের কিস্তি যেং ত্রৈমাসিকের শেষে দেয় হইবেক।	৩১ জুলাই	যে তারিখে কিম্বা যে তারিখের পর আদায় হইবে।	১ মে
	৩১ অক্টোবর		১ আগষ্ট
	৩১ জানুআরি		১ নবেম্বর
	৩০ এপ্রেল		১ ফেব্রুআরি

২। এই আক্টের ২৯ ও ৩৯ ধারামতে যে লিষ্টি প্রস্তুত করা যায় তদ্দৃষ্টে তহসিল মোহরের ঐ আক্টের ৪৪ ধারানুসারে এক বিল প্রস্তুত করিবেক। ঐ প্রকার প্রস্তুত করা বিল কমিস্যনরগণের কিম্বা তাহাদের সেক্রেটরী কেহ থাকিলে তাহার দস্তখৎ হওনান্তর টেক্স উসুলকারি অধস্থ মোহরেরকে দেওয়া যাইবে এবং সে উক্ত বিল বিলের লিখিত ব্যক্তির নিকট নিম্নাঙ্কিত রীতিমতে উপস্থিত করিবে।

৩। প্রত্যেক তহসীল মোহরেরকে তহসীল করার জন্যে এক সর্টিফিকেটের দ্বারা ক্ষমতা দেওয়া যাইবে এবং এই প্রকার সর্টিফিকেটে মিউনিসিপাল আফিসের মোহর ও চ্যারমেনের দস্তখৎ থাকিবে। তহসীলের মোহরের টেক্স আদায়ের সময় প্রয়োজন হইলে এই সর্টিফিকেট দেখাইতে হইবে।

৪। তহসীলের মোহরের টেক্স আদায় করণান্তর তজ্জন্যে রসীদ দিবে।

৫। কোন স্বত্বাধিকারির নাম জানা না থাকিলে এই আক্টমতে যে সকল নোটিস কি বিল কি অন্যান্য কাগজাত জারি হয় তাহাতে বিশেষ বর্ণনাব্যতীত কেবল মাত্র যে সম্পত্তির উপর রেট ধার্য্য হয় তৎস্বত্বাধিকারি বলিয়া লিখিলেই যথেষ্ট হইবে।

৬। ঐ আক্টের লিখিত রেট ও টেক্স সম্পর্কীয় যে টাকা প্রাপ্য হয় তাহার বাবত প্রত্যেক বিল তল্লি-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৩ অক্টোবর।]

if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

7. The officer to whom a bill may be issued for presentation shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

8. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall, after warning, continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

9. Every owner, occupier, or other person, shall permit the Commissioners, or any one appointed by them under a written authority for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners or any person duly authorized by them in making such entry and inspection shall be liable to a fine not exceeding Rupees 20.

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his dis-

খিত ব্যক্তির নিজ হস্তে দেওয়া যাইতে পারিলে দেওয়া যাইবে নতুবা উক্ত বিল তাহার বাসস্থানে রাখিয়া আসিতে হইবে এই প্রকার জারি হইলে ও ৪৪ ধারামতে জারি হইয়াছে বলিয়া গণ্য করা যাইবে।

৭। যে তহসীলের কর্ম্মচারিকে এই প্রকার বিল জারি করার নিমিত্তে দেওয়া যায় সে জারি করার সময় অথবা জারি করার প্রথম দিবসাবধি দশ দিবসের মধ্যে টাকা উসুল করিবে।

৮। কমিস্যনরগণ কোন ব্যক্তিহইতে আইনমতে লিখিত পরওয়ানা দ্বারা কোন তফসীল বা রিটর্ণ তলব করিলে ও এই আক্টের ৮১ ধারার মর্ম্মমতে তাহার উপর কোন পরওয়ানা জারি হইলে তাহাকে ঐ পরওয়ানা জারির তারিখ অবধি ১ সপ্তাহের মধ্যে ঐ তপসীল বা রিটর্ণ দাখিল করিয়া দিতে হইবে কেহ এতদ্বিষয় অবহেলা করিলে তাহার ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে অথবা ঐ প্রকার সতর্ক করার পরে উল্লিখিত কাগজাদি দাখিল করিতে অবহেলা করিতে থাকিলে প্রতিদিন ২৲ টাকার অনধিক দণ্ড হইবে। যদি কেহ মিথ্যা কি অশুদ্ধ তপসীল বা রিটর্ণ দাখিল করে তাহা হইলে তাহার পাঁচ টাকা দণ্ড হইবে এবং ঐরূপ কার্য্য ন্যায়ামত চালাইবার জন্য দণ্ডবিধির আইনঅনুসারে তাহার উপর কোন ফৌজদারী মোকদ্দমা চালাই এই অতিরেক নিয়মে কোন বাধা জন্মাইবে না।

৯। এই আক্টের ৩৫ ধারামতে টেক্স যোগ্য কোন গাড়ি বা জন্তু কাহারো গৃহে বা আস্তবলে আছে বলিয়া বিশ্বাস হইলে কমিস্যনরগণ কি তাহাদের লিখিত আদেশ দ্বারা নিযুক্তীয় অন্য কোন ব্যক্তি তথায় প্রবেশ করিয়া পরিদর্শন করিতে চাহিলে সূর্য্যোদয়হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত যে কোন সময় হউক ঐ গৃহ বা আস্তবলের স্বত্বাধিকারি বা দখলকার প্রভৃতি তাহাকে কোন বাধা জন্মাইতে পারিবে না কমিস্যনরগণ কি তাহারা এই প্রকারে প্রবেশ করিয়া দর্শন করিবার নিমিত্তে যাহাকে নিয়োজিত করেন তাহাকে কেহ ঐ প্রকার প্রবেশ বা পরিদর্শন করিতে বাধা জন্মাইলে তাহার ২০৲ টাকার অনধিক দণ্ড হইবে।

১০। কমিস্যনরগণ অন্য হুকুম না করিলে এই আক্টমতে যে ক্রোক হইবে তাহা তহসীল কর্ম্মচারির দ্বারা নির্ব্বাহ হইবে এবং ক্রোকী মাল নীলাম বিক্রী করা কিম্বা বাকীদার হইতে প্রাপ্য টাকা উসুল হওয়া পর্য্যন্ত উক্ত কর্ম্মকারকের জিম্মায় থাকিবে এবং তাহার এই আক্টের উল্লিখিত সি চিহ্নিত ফারমমতে ক্রোকী মালের এক ফর্দ্দ দাখিল করিতে হইবে।

১১। ক্রোক হওয়ার পরক্ষণেই ক্রোককরণিয়া কার্য্যকারক ক্রোক করার দিনাবধি অন্যূন সাত দিনের পরে কোন ক্রোকী মাল নীলামে বিক্রয় জন্যে বাকীদারের এক নোটিস লটকাইয়া দিবে এবং নীলামের দিনে ঢোলদ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইবে।

১২। নীলামে বিক্রয় হইবার পরক্ষণেই বিক্রীত বস্তুর মূল্য আদায় করিয়া খরিদারকে বুঝাইয়া দিতে হইবে যদি ক্রেতা সমুদয় মূল্যের টাকা আদায় করিতে অসমর্থ হয় তবে ক্রোককারী সেই দিনে কি অন্য কোন সময়ে আপন বিবেচনামতে পুনরায় সেই মাল বিক্রয়

cretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss, which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required so to do, furnish good security of such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty or wilful breach or neglect of any rule, regulation, or order made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering loss or injury, or has failed to perform any duty with all due diligence or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

করিলে তাহা আইন সিদ্ধ গণ্য হইবে এবং এমতাবস্থায় কোন ক্ষতি হইলে তজ্জন্যে পূর্ব্ব খরিদার কমিস্যনরগণের নিকট দায়ী হইবে ও ঐ প্রকারে যত টাকার ক্ষতি হয় তাহা কমিস্যনরগণের প্রাপ্য টাকা স্বরূপ উক্ত খরিদার হইতে আদায় করা যাইবে।

কমিস্যনরগণ কর্ত্তৃক নিযুক্তীয় ব্যক্তিদিগের চরিত্র সংশোধন বিষয়ক নিয়ম।

১৩। যে সকল ব্যক্তিদিগকে কমিস্যনরগণ নিযুক্ত করেন তাহাদিগকে কর্ম্মে রাখা প্রয়োজন না হইলে তাহাদিগকে পূর্ব্বে সংবাদ কিম্বা এক মাসের অগ্রিম বেতন দিয়া অবসর করা যাইতে পারিবে। এবং ঐ প্রকারের কোন কর্ম্মকারক এক মাস পূর্ব্বে সংবাদ না দিয়া আপন কর্ম্ম ত্যাগ করিতে পারিবে না যদি করে তবে তাহার এক মাসের বেতন কর্ত্তন হইবে।

১৪। কমিস্যনরগণের অধীনস্থ আফিসে যে সকল ব্যক্তি নিযুক্ত আছে কিম্বা পরে নিযুক্ত হইবে তাহাদিগকে কমিস্যনরগণ সময়২ যত টাকার জামিন লওয়া আবশ্যক বোধ করেন তত টাকার জামিন উপযুক্ত সময়ের মধ্যে দিতে হইবে। কোন ব্যক্তি কমিস্যনরগণের নির্দ্দিষ্ট সময় মধ্যে ঐ প্রকার জামিন দিতে না পারিলে উক্ত কর্ম্মের প্রতি তাহার দাবি থাকিবেক না এবং তাহাকে পদচ্যুত করা যাইবে।

১৫। ইহা যদি প্রমাণ হয় যে কমিস্যনরগণকর্ত্তৃক নিয়োজিত কোন কর্ম্মকারক কোন আইন কি রীতি অথবা ক্ষমতাপন্ন হাকিমের হুকুম আপন ইচ্ছামতে অবহেলা করে কিম্বা আপন কর্ত্তব্য কর্ম্ম করিতে ত্রুটি করে কি বিনা অনুমতিতে অথবা এক মাস পূর্ব্বে সংবাদ না দিয়া আপন কর্ম্ম ত্যাগ করে কিম্বা যে কার্য্য করাতে কি না করাতে কমিস্যনরগণের কোন প্রকার ক্ষতি হইতে পারে এমত কোন কার্য্য করে কি না করে অথবা আপন কর্ম্ম নিয়মিত পরিশ্রমের সহিত নির্ব্বাহ করিতে ত্রুটি করে অথবা কোন উপরিস্থ কর্ম্মচারির নিকট অবাধ্যতার কার্য্য জন্য দোষী হয় অথবা ন্যায্য বেতন ভিন্ন নিজের কি অন্যের নিমিত্তে কোন উৎকোচ গ্রহণ করে বা প্রাপ্ত হয় কি গ্রহণ করিতে স্বীকৃত হয় কি প্রাপ্ত হইতে চেষ্টা করে অথবা আপন পদে থাকিয়া কোন আফিসের কার্য্যসংক্রান্ত এমত কোন সমাচার প্রচার করে যাহা যে মিথ্যা বলিয়া জানে অথবা বিশ্বাস করে কিম্বা অন্য কোন আইনানুসারে শাস্তি পাওয়ার যোগ্য কোন কর্ম্ম করে তবে অন্য কোন আইনানুসারে তাহার প্রতি যে দণ্ড হইতে পারে তৎব্যতিরিক্ত তাহার এক মাসের অনধিক কালের বেতন দণ্ড হইবে কিম্বা কমিস্যনরগণ তাহাকে যত কাল সস্পেণ্ড বা নিম্নপদস্থ করিয়া রাখিতে স্থির করেন তত কাল তাহাকে ঐ প্রকার দণ্ডিত হইতে হইবে কিম্বা তাহাকে সরাসরিরূপে কর্ম্মচ্যুত করা যাইবে এই প্রকার পদচ্যুত ব্যক্তির চ্যারমেনের বিবেচনামতে এক মাসের অনধিক কালের প্রাপ্য বেতন ও এলোএন্স কর্ত্তন হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৩ অক্টোবর।]

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any person being or having been in their employ, with a view to the recovery of damages for any loss or injury which they may have sustained in consequence of any act done or omitted to be done by such person.

On matters of Conservancy.

18. The external roofs and walls of any hut, or any other building whatever, about to be erected or renewed in or near any public highway, shall not be made of grass, leaves, mats, or any other inflammable material.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

19. No person shall dig or make, or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course, or other excavation, without the written permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

20. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

21. No person shall deposit, or cause to be deposited in or by the side of any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

22. No person shall construct, or place over, or by the side of any public drain, any bridge, platform, building, or structure of any kind, except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

১৬। কমিস্যনরগণদ্বারা নিযুক্তীয় কোন ব্যক্তির দুশ্চরিত্রতা অথবা আপন কর্ত্তব্য কর্ম্মের প্রতি শৈথিল্যতার বিষয়ে তাহার বিরুদ্ধে চ্যারমেন কিম্বা ভাইশ চ্যারমেন কোন মোকদ্দমা উত্থাপিত কি গ্রহণ কি তাহার তদারক করিতে পারিবেন।

১৭। কমিস্যনরগণের অধীনস্থ কোন কর্ম্মচারি কোন কর্ম্মদ্বারা অথবা কোন কর্ম্মের ত্রুটিদ্বারা তাহাদের কোন ক্ষতি বা অপকার করিলে ক্ষমতাপন্ন আদালতে তাহার নামে ক্ষতি পুরণার্থ মোকদ্দমা উত্থাপন করিতে এই অতিরিক্ত নিয়মে কোন বাধা জন্মাইবে না।

পরিষ্কার বিষয়ক।

১৮।, কেহ কোন সাধারণ রাস্তার উপর অথবা তাহার নিকটবর্ত্তি স্থানে গৃহাদি প্রস্তুত কিম্বা কোন ভগ্ন গৃহ পুনঃ নির্ম্মাণ করিতে হইলে তাহার বেষ্টন (অর্থাৎ বেড়া) ও চাল তৃণপত্রাদি বা অন্য কোন সত্বর জ্বলনশীল পদার্থ দ্বারা নির্ম্মাণ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

১৯। কমিস্যনরদের লিখিত অনুমতি ভিন্ন কোন ব্যক্তি কোন স্থলে কোন পুষ্করিণী বা দীর্ঘিকা বা পয়নালা বা গড়খাই খাদ করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০ টাকা, সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

২০। কোন ব্যক্তি কোন গৃহ বা অট্টালিকার উপর জল আনয়ন বা নির্গত হওনের জন্য নল অথবা অন্য কোন বস্তু এমত প্রকারে স্থাপন করিতে বা করাইতে পারিবে না যে যদ্দ্বারা ঐ জল নির্গত হইয়া কোন সাধারণ রাস্তার উপর পতিত হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘনের দণ্ড প্রত্যেক দিন ১৲ টাকা করিয়া।

২১। কোন ব্যক্তি সাধারণ নর্দ্দমা বা তাহার পার্শ্বে এমন কোন বস্তু রাখিতে বা রাখাইতে পারিবে না যদ্দ্বারা ঐ নর্দ্দমা বন্দ বা বন্দ হইবার সম্ভাবনা হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘনের দণ্ড প্রত্যেক দিন ৩৲ টাকা করিয়া।

২২। কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন এবং তাঁহারা যেরূপ আদেশ করিবেন তাহার বিপরীতে কেহ কোন সাধারণ নর্দ্দমার উপর বা তাহার ধারে সেতু, মঞ্চ অট্টালিকা বা কোনরূপ প্রকার গৃহ নির্ম্মাণ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

23. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

XVI. If the Canal Officers be unable to ascertain the name and place of business or of abode of the owner of the cargo of any vessel or boat seized under the Canals' Act, he shall notify the seizure in the most public manner available.

XVII. In the event of any damage or injury being occasioned to be Canal works by wilfulness or negligence on the part of any person in charge of a vessel, the Canal Officers may detain the vessel within the Canal for a period not exceeding 24 hours, provided, that within that period the Canal Officers shall lodge a complaint against such person in charge of the vessel before a Magistrate under Section XVI. of the Canals' Act.

XVIII. The banks or berms of the Canals shall not be used as wharves for the deposit of goods, under a penalty of 10 Rupees for each offence; but except in special cases, when the permission of the Canal Officers will be necessary, all articles shall be removed to the outer banks of the Canals, and all such arteles as shall not be

১২। নৌকাদি রাত্রিতে লঙ্গর করিলে নালার বাম তীরে লঙ্গর করিবে।

১৩। নালার তীরের পার্শ্বে কেবল একং নৌকা বদ্ধ হইতে পারে তদ্রূপ বদ্ধ নৌকার বহির্ভাগে নালার কার্য্যকারকের অনুমতি বিনা অন্য নৌকা বদ্ধ হইবে না ও থাকিবে না। কিন্তু যাহাতে অন্য নৌকার আপদ কি গতি রোধ কি গমন নিবৃত্তি হইতে পারে কোন নৌকা এমন ভাবে রাখিতে হইবে না। নৌকা লঙ্গর করিয়া থাকিলে কোন বাঁশ তুলিয়া রাখিতে হইবে না। এই বিধি লংঘন হইলে প্রত্যেক অপরাধের ৫৲ টাকা অর্থদণ্ড হয়।

১৪। নৌকা লাগান করিলে তাহা দৃঢ়মতে বদ্ধ করিয়া রাখিতে হইবে। ও তাহা রক্ষা করিবার জন্যে কোন ব্যক্তির সেই নৌকায় থাকিতে হইবে। এই বিধি লংঘন হইলে প্রত্যেক অপরাধের ৫৲ টাকা অর্থদণ্ড হয়।

১৫। যদি নৌকা ভঙ্গ হয় কিম্বা মগ্ন নৌকাদির দ্বারা যদি নালাতে গমনাগমনের অবরোধ হয়, তবে ঐ নৌকাদি যাঁহার জিম্মায় থাকে নালার কর্ম্মকারকেরা তাঁহাকে অগৌণে ঐ নৌকা স্থানান্তর করিতে আজ্ঞা করিবেন ও তাহা করিবার উপযুক্ত মতে সাহায্য করিবেন। যদি ঐ নৌকার কি মাড়ের স্বামির সন্ধান পাওয়া না যায়, কিম্বা যদি সেই ব্যক্তি ঐ প্রতিবন্ধকতা ত্বরায় স্থানান্তর করিতে উপযুক্ত উদ্যোগ না করেন, কিম্বা খালের কর্ম্মকারকেরা যথোচিত সহায়তা প্রদান করিলে যদি তদনুসারে কর্ম্ম না করেন কি করিতে শৈথিল্য করেন, তবে ঐ কর্ম্মকারকেরা স্বামিদের খরচে সেই অবরোধক দ্রব্য আপনারাই স্থানান্তর করিবেন। স্বামিরা খরচ না দিলে ১৮৬৪ সালের খালের আইনের ৯ ধারার নির্দ্দিষ্টমতে ঐ খরচ আদায় করা যাইবে।

১৬। খালের আইন অনুসারে কোন নৌকা কি পোত ধৃত হইয়া রাখা গেলে যদি খালের কার্য্যকারকেরা মালের স্বামির নাম ও কর্ম্মস্থান কি নিবাসের সন্ধান পাইতে না পারেন, তবে তিনি ঐ নৌকা ধৃত হইবার সম্বাদ সাধ্যমতে প্রকাশরূপে প্রচার করিবেন।

১৭। নৌকা যাহার জিম্মায় থাকে এমত কোন ব্যক্তির যথেষ্টাচার কি শৈথিল্যদ্বারা যদি নালা সংক্রান্ত কোন বিষয়ের ক্ষতি কি হানি হয়, তবে খালের কর্ম্মকারকেরা চব্বিশ ঘণ্টার অনধিক কাল খালের মধ্যে সেই নৌকা রাখিতে পারিবেন। কিন্তু নৌকা যাহার জিম্মায় থাকে তাঁহার নামে খালের কার্য্যকারকেরা সেই সময়ের মধ্যে খালের আইনের ১৬ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করিবেন।

১৮। খালের তীর কি তাহার নিকট স্থান মাল রাখিবার স্থান স্বরূপ ব্যবহার করিতে হইবে না। করিলে প্রত্যেক অপরাধের ১০৲ টাকার অর্থদণ্ড হয়। কোন বিশেষ গতিকে খালের কার্য্যকারকদিগের অনুমতি প্রাপ্ত হইলে পর সকল দ্রব্য খালের তীরের বহির্ভাগে লইয়া রাখা যাইতে পারিবে। তদ্রূপ যে সকল দ্রব্য ছয় দিনের মধ্যে খালের তীরের সীমার অন্তরবর্ত্তি স্থান-

finally removed from within the boundaries of the Canals within a period of six days after being so deposited, shall be liable to a charge of four annas per 100 maunds.

XIX. The Canals may be closed once a year, for effecting the necessary repairs to them, on one month's notice of the intention so to close them; but in the event of any sudden emergency, the Canals may be closed at any time without prior notice, and no claim shall be made in such case by owners of vessels or others for compensation on account of detention.

XX. All offences against the provisions of these Rules shall be punishable as provided for in Section XVIII. of the "Canals' Act, 1864," and all fines imposed may be recovered in the manner mentioned in Section XVII. of the same Act.

XXI. The term "Canal Officers" in the foregoing Rules shall include the persons alluded to in Section VIII. of the "Canals' Act, 1864," and any other persons who may be specially appointed to exercise such powers by the person appointed to collect the tolls.

No. 254.

The 18th October 1866.

With reference to Notification in this Department, No. 234, dated the 20th June 1865, it is hereby declared that, under Section VI. of the *Canals' Act*, 1864, the Lieutenant-Governor of Bengal has been pleased to fix the rates of toll laid down in the above Notification as the rates that are to be levied on the Midnapore Canal, and on the Balasore Canal, from the expiration of the period named in the Notification until further orders.

2. The Lieutenant-Governor of Bengal, under the power vested in him by Section VIII. of the said *Canals' Act*, 1864, hereby appoints the Agent and Manager of the East India Irrigation and Canal Company for the time being to collect tolls on the navigable channels aforesaid, *viz.*, the Midnapore Canal and the Balasore Canal until further orders.

W. B. MACRONE,

Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

[*Government Gazette, 6th November* 1866.]

হইতে স্থানান্তর না করা যায়, তাহার উপর ১০০ মণ প্রতি ।০ আনা লওয়া যাইবে।

১৯। প্রয়োজনমতে নালা সারাইবার জন্যে তাহা বৎসরে একবার বন্ধ হইতে পারিবে। বন্ধ করিবার পূর্ব্বে এক মাসের সম্বাদ দেওয়া যাইবে। কিন্তু যদি হঠাৎ অত্যাবশ্যক হয় তবে পূর্ব্বে সম্বাদ না দিয়া তাহা কোন সময়ে বন্ধ হইতে পারিবে। তাহা হইলে কোন নৌকার স্বামিগণ কি অন্যেরা নৌকাদি বন্ধ রাখিবার জন্যে ক্ষতিপূরণের দাওয়া করিতে পারিবেন না।

২০। এই বিধি উল্লংঘন দোষের দণ্ড খালের ১৮৬৪ সালের আইনের ১৮ ধারার বিধানমতে হইবে। ও অর্থদণ্ডের আজ্ঞা হইলে ঐ অর্থ ঐ আইনের ১৭ ধারার লিখিতমতে আদায় হইতে পারিবে।

২১। এই বিধির মধ্যে খালের কার্য্যকারক যে শব্দ আছে ১৮৬৪ সালের খালের আইনের ৮ ধারাতে যে ব্যক্তিদের উল্লেখ হইয়াছে সেই শব্দে সেই ব্যক্তিদিগকে বুঝাইবে। এবং মাসুল আদায় করণার্থে যে ব্যক্তি নিযুক্ত হন, তিনি ঐ ক্ষমতামতে কার্য্য করিবার জন্যে বিশেষমতে অন্য যে ব্যক্তিদিগকে নিযুক্ত করেন, সেই শব্দে তাঁহারদিগকেও বুঝাইবে।

---

২৫৪ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অক্টোবর।

এই ডিপার্টমেন্টহইতে ১৮৬৫ সালের জুন মাসের ২০ তারিখের ২৩৪ নম্বরের যে জ্ঞাপনি প্রকাশ হইয়াছে তদুপলক্ষে ইহাতে প্রকাশ করা গেল যে ঐ জ্ঞাপনিতে যে কাল নিরূপণ হইয়াছে সেই কাল অতীত হওনের সময়াবধি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ জ্ঞাপনিক্রমে মাসুল যে হারে লইতে হয়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৪ সালের খালের আইনের ৬ ধারামতে মেদিনীপুরের খালে ও বালেশ্বরের খালে সেই হারে মাসুল লওয়া ধার্য্য করিয়াছেন।

২। ১৮৬৪ সালের উক্ত খালের আইনের ৮ ধারাক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুক্রমে তিনি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নৌকাদির গমনীয় উক্ত নালাতে অর্থাৎ মেদিনীপুরের খালে ও বালেশ্বরের খালে মাসুল আদায় করণার্থে ইস্ট ইণ্ডিয়া ইরিগেশন ও ক্যানাল কোম্পানির এজেন্ট ও মানেজর যিনি যে সময়ে হন তাঁহাকে নিযুক্ত করিয়াছেন।

ডবলিউ বি মাক্রোন।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের
গবর্ণমেন্টের একটিং আসিষ্টান্ট সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

SANTIPORE MUNICIPALITY.

HIS Honor the Lieutenant-Governor of Bengal, in accordance with the provisions of Section 88, Act III (B. C.) of 1864, having directed the publication of the following Bye-Laws for the Municipality of Santipore, in supersession of the existing ones, in the *Bengalee Gazette*, they are hereby published for general information :—

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1 EACH quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say :—

The instalment payable on account of the quarter ending ...	31st July.	May be levied on and after	1st May.
	„ Oct.		„ Aug.
	„ Jan.		„ Nov.
	30th April		„ Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or their Secretary, if there be one, or of the chief collecting officer, to the subordinate officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect ; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to shew this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৬ । ৬ নবেম্বর ।]

গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

শান্তিপুর মিউনিসিপালিটী।

বঙ্গদেশের কৌন্সেলের ১৮৬৪ সালের ৩ আইনের ৮৮ ধারার মর্ম্মমতে শ্রীলশ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব শহর শান্তিপুরের নিমিত্ত প্রচলিত উপবিধির পরিবর্ত্তে নিম্ন লিখিত উপবিধি সকল বাঙ্গলা গেজেটে প্রকাশ করণের অনুমতি প্রদান করায় ঐ সকল উপবিধি সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে এতদ্দ্বারা প্রকাশিত হইল।

তহসীলের সময় ও বিধি নির্দ্ধারণ বিষয়ক।

১। আইন উল্লিখিত প্রত্যেক ত্রৈমাসিকের টাক্স এবং রেট সমুদায় উক্ত ত্রৈমাসিকের প্রারম্ভেই প্রাপ্তব্যরূপে পরিগণিত হইবে এবং তদ্ধেতু উক্ত টাক্স বা রেট কথিত ত্রৈমাসিকের প্রারম্ভের পর যে কোন সময়ে হউক আদায় করা যাইতে পারিবে অর্থাৎ

টেক্সের কিস্তি যে২ ত্রৈমাসিকের শেষে দেয় হইবেক।	৩১ জুলাই	যে তারিখে কিম্বা যে তারিখের পর আদায় হইবে।	১ মে
	৩১ অক্টোবর		১ আগস্ট
	৩১ জানুআরি		১ নবেম্বর
	৩০ আপ্রেল		১ ফেব্রুআরি

২। তহসীলের ভারপ্রাপ্ত কর্ম্মচারি আইনের ২৯ এবং ৩৯ ধারানুসারে যে সকল ফর্দ্দ প্রস্তুত হইবেক তদ্দৃষ্টে ৪৪ ধারার কথিত বিল সকল প্রস্তুত করাইবেক এবং ঐরূপ প্রস্তুত হওয়া বিল সকল কমিস্যনরদিগের বা তাহারদিগের নিযুক্ত অন্য কোন কর্ম্মচারির অথবা যদি কেহ তাহাদিগের সেক্রেটারী কিম্বা তহসীল সংক্রান্ত প্রধান কার্য্যকারক থাকে তবে তাহাদ্বারা স্বাক্ষরিত হইয়া তহসীল সংক্রান্ত অধীনস্থ কার্য্যকারিদিগকে প্রদত্ত হইবেক এবং তাহারা পশ্চাৎ লিখিত নিয়মানুসারে ঐ সকল বিলের লিখিত ব্যক্তিগণকে তহসীল জন্য প্রদর্শন করাইবে।

৩। তহসীল সংক্রান্ত প্রত্যেক কর্ম্মচারিকে তাহাদিগের তহসীল করিবার ক্ষমতার নিদর্শনস্বরূপ এক এক সর্টিফিকেট প্রদত্ত হইবে এবং ঐরূপ প্রত্যেক সর্টিফিকেটে মিউনিসিপালিটির মোহর ও সভাপতির বা প্রতিনিধি সভাপতির স্বাক্ষর থাকিবেক এবং তহসীল কালীন আবশ্যক হইলে প্রত্যেক কর্ম্মচারি তৎক্ষণাৎ তাহা দেখাইবেক।

৪। তহসীল সংক্রান্ত প্রত্যেক কর্ম্মচারি কোন বিষয়ের প্রাপ্য টাকা পাইলে তাহার এক রসীদ দিবে।

৫। যদি কোন বিষয়ের স্বামির নাম জানা না যায় তবে তাহার এত্তলানামা জারী করিতে হইলে বা তাহার নামে অপর আইনোক্ত কার্য্য করিতে হইলে সেই বিষয়ের স্বামী বলিয়া উল্লেখ করিলেই যথেষ্ট হইবে এতদ্ভিন্ন অন্য কোন বিবরণের প্রয়োজন হইবে না।

6. Every bill, for any sum due on account of the rate or taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the notice of demand shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

7. The officer to whom a bill may be issued for presentation, shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

8. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall after warning continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

9. Every owner, occupier, or other person, shall permit the Commissioners, or any one appointed by them, under a written authority, for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners, or any person duly authorized by them in making such entry and inspection, shall be liable to a fine not exceeding Rupees 20.

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

৬। আইনানুসারে প্রাপ্য রেট বা টাকুসের বিল সম্ভবপর হইলে লিখিত ব্যক্তির নিকট প্রদর্শন করাইতে হইবেক এবং প্রদর্শন অসম্ভব হইলে ঐ প্রাপ্য টাকুসের নুটীস তাহার বাসস্থানে রাখিয়া আসিবেক তাহা হইলেই ৪৪ ধারার কথিত প্রদর্শন হইয়াছে বুঝিতে হইবেক।

৭। তহসীল করণ জন্য কোন কর্ম্মচারিকে বিল প্রদত্ত হইলে সে উক্ত বিল প্রদর্শন কালীন অথবা প্রদর্শনের তারিখহইতে ১০ দিনের মধ্যে কোন সময়ে তল্লিখিত টাকা গ্রহণ করিবেক।

৮। মিউনিসিপল কমিস্যনরগণ আইনানুসারে চাহিতেপারেন এমত কোন বিষয়ের সিডৌল কিম্বা এত্তেলা কোন ব্যক্তির নিকট প্রেরণ করা হইলে আইনের ৮১ ধারার বিধানমতে জারী হওনের দিবসাবধি সপ্তাহের মধ্যে জিজ্ঞাস্য বিষয়ের সংবাদ সম্বলিত উক্ত সিডৌল বা এত্তেলা মিউনিসিপল কমিস্যনরদিগের কার্য্যালয়ে ফিরিয়া পাঠাইতে হইবে আর যদি কেহ তাহা উক্ত সময়ের মধ্যে না পাঠান তবে সেই ব্যক্তি ৫৲ টাকার অনধিক দণ্ডার্হ হইবেক এবং কমিস্যনরদিগের কর্ত্তৃক সতর্ক করা হইলেও যত দিন পর্য্যন্ত ফিরিয়া দিতে অমনোযোগ করিবে তাহার প্রতিদিন ২৲ টাকা করিয়া দণ্ড দিতে হইবেক। পরন্তু কোন ব্যক্তি জানিয়া শুনিয়া যদি কোন মিথ্যা সংবাদ লিখিয়া দিলে ৫৲ টাকার অনধিক দণ্ডার্হ হইবেক এবং উপযুক্ত বোধ হইলে ভারতবর্ষীয় দণ্ডবিধি অনুসারে তাহার নামে নালিশ করিতে হইলে এই উপবিধিতে কোন প্রতিবন্ধক হইবেক না।

৯। প্রত্যেক স্বামী বাসিন্দা অথবা অন্য কোন ব্যক্তি কমিস্যনরদিগকে কিম্বা তাহাদিগের নিয়োজিত লিখিত পূর্ব্বক ভারপ্রাপ্ত কোন কর্ম্মচারিকে প্রত্যেক আস্তাবলে বা গাড়ি রাখিবার ঘরে অথবা যেখানে আইনের ৩৫ ধারা অনুসারে টাকুস হইবার যোগ্য কোন গাড়ি বা পশ্বাদি থাকে বলিয়া বোধ হয় তত্তৎস্থানে সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্তের মধ্যে যে কোন সময়ে হউক প্রবেশ করিয়া তত্ত্বানুসন্ধান করিতে দিবে যে কোন ব্যক্তি কমিস্যনরদিগকে অথবা তাহাদিগের দ্বারা উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত কোন কর্ম্মচারিকে ঐরূপ প্রবেশ ও দর্শন করিতে বাধা দেন তাহার ২০৲ টাকার অনধিক দণ্ডে দণ্ডার্হ হইবেক।

১০। কমিস্যনরগণকর্ত্তৃক অন্যরূপ আদেশিত না হইলে আইনের লিখিত যে সমস্ত ক্রোকী পরওয়ানা প্রচার হইবে তাহা তহসীল সংক্রান্ত কর্ম্মচারিদিগের দ্বারায় জারী হইবেক এবং ক্রোকী দ্রব্যাদি বিক্রয় হওয়া অথবা বাকীদারের নিকট হইতে প্রাপ্য টাকা আদায় না হওয়া পর্য্যন্ত উক্ত দ্রব্যাদি ঐ কর্ম্মচারির জিম্মায় থাকিবেক এবং উক্ত কর্ম্মচারি আইনের লিখিত সি ফারমে ঐ ক্রোকী দ্রব্যাদির এক ফর্দ্দ দিবেক।

১১। ক্রোক হইবামাত্রই যে ব্যক্তি ক্রোক করিবেক সে ক্রোকের তারিখহইতে ৭ রোজের অন্যূন মেয়াদে বিক্রয় দিন স্থির করিয়া বাকীদারের বাটিতে এক ইস্তাহার দিবেক এবং বিক্রয়ের দিনেতে ঢোল শহরতের দ্বারায় সংবাদ দিবেক।

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance, for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty, or wilful breach or neglect of any rule, regulation, or order made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission, or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering loss or injury, or has failed to perform any duty with all due diligence, or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person

১২। বিক্রয় হইবামাত্রই ঐ বিক্রীত দ্রব্যাদির মূল্য লওয়া ও খরিদ্দারকে বিক্রীত দ্রব্য দেওয়া হইবেক যদ্যপি খরিদ্দার তাহার ডাকের সমুদায় টাকা দিতে অপারক হয় তবে ক্রোককারী তাহার বিবেচনা অনুসারে উক্ত দ্রব্যাদি সেই দিবসে বা অন্য কোন দিবসে বিক্রয় করিতে পারিবে এবং তাহাতে যদি কোন ক্ষতি হয় তবে প্রথম খরিদ্দার কমিস্যনরদিগের নিকট উক্ত ক্ষতির দাইক হইবে এবং তাহা কমিস্যনরদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় হইবেক।

কমিস্যনরদিগের নিয়োজিত ব্যক্তিগণের আচরণ বিষয়ক।

১৩। কমিস্যনরদিগের কর্ত্তৃক নিয়োজিত কর্ম্মচারিগণকে প্রয়োজন না হইলে এক মাস পূর্ব্বে তদ্বিষয়ের সংবাদ দিলে কিম্বা এক মাসের বেতন পূর্ব্বে দিয়া তাহাদিগকে কর্ম্ম হইতে অবসর করা যাইতে পারিবেক এবং কোন কর্ম্মচারি কর্ম্ম ত্যাগ করিতে চাহিলে তদনুরূপ এক মাস পূর্ব্বে সংবাদ না দিলে অথবা এক মাসের বেতন ক্ষতি স্বীকার না করিলে কর্ম্ম ছাড়িতে পারিবে না।

১৪। কমিস্যনরদিগের অধীনে যে সকল কর্ম্মচারিরা নিযুক্ত আছেন বা ভবিষ্যতে নিযুক্ত হইবেন তাহারা হুকুম পাইলে কমিস্যনরগণ কর্ত্তৃক সময়ে২ নির্দ্দিষ্ট পরিমাণে জামিনী দাখিল করিবেন যে কোন কর্ম্মচারি উপযুক্ত সময়ে বা কমিস্যনরগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐরূপ জামিন দিতে অক্ষম হইবেন তাহাকে কর্ম্ম হইতে অবসর করিবেন।

১৫। যখন কমিস্যনরগণ এমত কোন সন্তোষজনক প্রমাণ পান যে তাহাদিগের নিয়োজিত কোন ব্যক্তি কর্ত্তব্য কর্ম্মে অবহেলা করিয়াছে অথবা কোন নিয়ম ও বিধি বা উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট ব্যক্তির আদেশ ইচ্ছা পূর্ব্বক লঙ্ঘন বা অবহেলা করিয়াছে অথবা বিনা অনুমতিতে বা এক মাস পূর্ব্বে সংবাদ না দিয়া স্বীয় কর্ম্ম হইতে বিরত হইয়াছে অথবা এমত কোন কর্ম্ম করিয়াছে বা এমত কোন কর্ম্ম করণে অবহেলা করিয়াছে যদ্দ্বারা কমিস্যনরদিগকে কোন ক্ষতি সহ্য করিতে হইবেক বা হইবার সম্ভাবনা অথবা কোন কর্ম্মে উপযুক্ত পরিশ্রম করে নাই অথবা কোন উচ্চ পদবিশিষ্ট কর্ম্মচারির প্রতি কোন অবাধ্যাচরণ কর্ম্ম করিয়াছে কিম্বা তাঁহার কার্য্যসম্বন্ধে উপযুক্ত বেতনের অতিরিক্ত কাহারও নিকটহইতে নিজের কিম্বা অপর কোন ব্যক্তির নিমিত্ত কিছু গ্রহণ করিয়াছে কিম্বা পাইয়াছে অথবা গ্রহণ করিতে স্বীকার করিয়াছে বা করাইয়াছে অথবা তাহার কর্ম্মসম্বন্ধে জানিয়া শুনিয়া কোন মিথ্যা সংবাদ দিয়াছে কিম্বা অপর কোন আইনের দণ্ডার্হ কর্ম্ম করিয়াছে তাহা হইলে অন্য কোন আইনে যে দণ্ড হইবেক তদতিরিক্ত তাহার এক মাসের বেতন জরীমানা বা কমিস্যনরদিগের নির্দ্ধারিত সময় পর্য্যন্ত কর্ম্মহইতে স্থগিত বা নীচ পদাভিষিক্ত বা কর্ম্মচ্যুত হইবেক কোন ব্যক্তি এইরূপে কর্ম্মচ্যুত হইলে সভাপতি সাহেবের

shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix, or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable, at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any person being, or having been, in their employ, with a view to the recovery or damages for any loss or injury which they may have sustained in consequence of any act done, or omitted to be done, by such person.

On matters of Conservancy.

18. The external roofs and walls of any hut, or any other building whatever, about to be erected or renewed within the boundaries of the Municipality, shall not be made of grass, leaves, mats, or any other inflammable material without the written permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

19. No person shall dig or make, or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course, or other excavation, without the written permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

20. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare, and all persons shall take such order with existing spouts, &c., as may be necessary to prevent injury to any public road or thoroughfare when called upon to do so by the Commissioners.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

[*Government Gazette, 6th November* 1866.]

বিবেচনামত তাহার এক মাস অনধিক কালের প্রাপ্য বেতন দণ্ড হইতে পারিবেক।

১৬। কমিসানরদিগের কর্তৃক নিয়োজিত কোন কর্ম্মচারির নামে কর্ত্তব্য কর্ম্মের অবহেলা করণে বা অবৈধ আচরণের অভিযোগ করিতে বা গ্রহণ করিতে বা তদ্বিষয়ের অনুসন্ধান করিতে সভাপতি বা প্রতিনিধি সভাপতি পারিবেন।

১৭। কোন কর্ম্মচারির কৃতকার্য্য বা অভিপ্রেত কার্য্যজন্য কমিসানরগণ ক্ষতি বা অনিষ্ট বোধ করিলে তাহারা ঐ কর্ম্মচারির বিরুদ্ধে কোন উপযুক্ত আদালতে ক্ষতিপূরণের নালিশ করিতে পারিবেন ইহার দ্বারা সে বিষয়ের কোন নিবারণ রহিল না।

পরিষ্কার বিষয়ক।

১৮। কেহ কোন সাধারণ রাস্তার সীমার মধ্যে গৃহাদি প্রস্তুত কিম্বা কোন ভগ্ন গৃহ পুনঃ নির্ম্মাণ করিতে হইলে তাহার বেষ্টন অর্থাৎ বেড়া ও চাল তৃণপত্রাদি বা অন্য কোন সত্বর জ্বলনশীল পদার্থ দ্বারা নির্ম্মাণ করিতে হইলে কমিসানরদিগের লিখিত অনুমতি ভিন্ন পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

১৯। কমিসানরদিগের লিখিত অনুমতি ভিন্ন কোন ব্যক্তি কোন স্থলে কোন পুষ্করিণী বা দীর্ঘিকা বা কূপ বা পয়নালা বা গড়খাই খাদ করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

২০। কোন ব্যক্তি কোন গৃহ বা অট্টালিকার উপর জল আনয়ন বা নির্গত হওনের জন্য নল অথবা অন্য কোন বস্তু এমত প্রকারে স্থাপন করিতে বা করাইতে পারিবে না যে যদ্দ্বারা ঐ জল নির্গত হইয়া কোন সাধারণ রাস্তার উপর পতিত হয়। এবং যাহাদিগের ঐ রূপ নালা ইত্যাদি স্থাপিত আছে তাহারা অনুমতি গ্রহণ করিয়া এমত উপায় অবলম্বন করিবেক যদ্দ্বারা সাধারণ রাস্তার অনিষ্ট না হয় কিন্তু এতদ্রূপ কোন কার্য্য কমিসানরগণের অনুমতি ব্যতীত হইবেক না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘনের দণ্ড প্রত্যেক দিন ১৲ টাকা করিয়া।

21. No person shall deposit, or cause to be deposited, in, or by the side of, any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

22. No person shall construct, or place over, or by the side of, any public drain, any bridge, platform, building, or structure of any kind, except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

23. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

24. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

25. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

26. No person shall steep in any tank, or ditch, within municipal limits, any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank, or ditch, offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

27. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course: and the Commissioners may order the removal of any such obstruction. This power of removal shall extend to any obstruction existing at the time this Bye-Law is sanctioned.

Penalty for infringement Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

২১। কোন ব্যক্তি কোন সাধারণ নর্দ্দমার বা তাহার পার্শ্বে এমত কোন বস্তু রাখিতে বা রাখাইতে পারিবে না যদ্দ্বারা ঐ নর্দ্দমা বন্দ বা বন্দ হইবার সম্ভাবনা হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘনের দণ্ড প্রত্যেক দিন ৩৲ টাকা করিয়া।

২২। কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন এবং তাঁহারা যেরূপ আদেশ করিবেন তাহার বিপরীতে কেহ কোন সাধারণ নর্দ্দমার উপর বা তাহার ধারে সেতু, মঞ্চ অট্টালিকা বা কোনরূপ প্রকার গৃহ নির্ম্মাণ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

২৩। কোন পতিত বৃক্ষ বা ঝোড়ের স্বামী কিম্বা যে স্থলে ঐ বৃক্ষ ও ঝোড় জন্মিয়া ছিল তাহার স্বামী কিম্বা দখলীকার কমিস্যনরদিগের হইতে সম্বাদ পাইয়া তন্নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৪। কোন গৃহ প্রাচীর বা অন্য কোন গঠন কিম্বা তাহাদিগের কিয়দংশ কোন সাধারণ রাস্তা কিম্বা নর্দ্দমার উপর পতিত হইলে উক্ত গৃহের প্রাচীরের বা গঠনের স্বামী কমিস্যনরগণ হইতে সম্বাদ প্রাপ্তের তন্নির্দ্দিষ্ট কালের মধ্যে তাহা স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৫। কোন ব্যক্তি কোন সাধারণ রাস্তার উপর জল চলিবার পথ প্রস্তুত করিতে কিম্বা ঐরূপ প্রকার পথ দিয়া জল চালাইতে কমিস্যনরেরা যেরূপ প্রকার সম্মতি দিবেন তদ্ভিন্ন কোন প্রকারে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদপ্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৬। মিউনিসিপল সীমার মধ্যে কোন ব্যক্তি কোন পুষ্করিণীতে বা কোন নর্দ্দমাতে পাট, শণ, অথবা অন্য প্রকার উদ্ভিজ্জ পদার্থ ভিজাইয়া রাখিতে পারিবে না যদ্দ্বারা ঐ পুষ্করিণী ও নর্দ্দমার জল নিকটস্থ ব্যক্তিদিগের পক্ষে অপকারি হওনের সম্ভব।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৭। মিউনিসিপল কমিস্যনরদিগের লিখিত আজ্ঞাপত্র ব্যতীত কেহ কোন নর্দ্দমা বা নালা বন্দ করিতে পারিবে না যদি করে তবে কমিস্যনরেরা তাহা স্থানান্তর করিতে আজ্ঞা দিতে পারিবেন। এবং এই উপবিধি প্রচলিত হওন সময়ে যদি কেহ কোন নালা বন্দ করে তাহা স্থানান্তর করণের ক্ষমতা কমিস্যনরদিগের থাকিবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৪৲ টাকা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৬ নবেম্বর।]

28. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

২৮। কোন নালা বা জলাশয়ের তীরস্থ ভূমির স্বামী বা দখলীকার উক্ত ভূমিতে ময়লাজমী অতিরিক্ত জঙ্গল হইতে বা অন্য কোন বাধা জন্মিতে দিবে না এবং সকল সময়েই মিউনিসিপল কমিস্যনরদিগকে অথবা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত তাহাদিগের কর্ম্মচারিকে পরিষ্কার রাখিবার জন্যে উক্ত নালা বা নর্দ্দমা দেখিতে যাইতে দিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

29. No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

২৯। কোন ব্যক্তি শূকর সকল খোলা অথবা শূকর গৃহে বদ্ধ ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের ২৲ টাকা।

30. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier, or farmer, shall, without any delay, cause any meat, fish, or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person, appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

৩০। কোন বাজার বা দোকানের স্বামী দখলিকার বা ইজারদার তাহা উপযুক্ত মত পরিষ্কার ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না এবং উক্ত বাজারের বা দোকানের স্বামী বা দখলিকার কিম্বা ইজারদার অবিলম্বে পচা মৎস্য বা মাংস ও উদ্ভিজ্জ পদার্থ সকল মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক স্থিরীকৃত স্থানে স্থানান্তর করিবে এবং এই বিষয়ের জন্য মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক নিযুক্ত লোককে উক্ত বাজারের বা দোকানের স্বামী, দখলিকার বা ইজারদার সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত তত্তৎস্থানে প্রবেশ করিয়া তদারক করিতে বাধা দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

31. No person shall in any way obstruct, or allow to be obstructed, any lane, walk, bye-way, thoroughfare, road or public highway in any bazar, or in any other part of the Municipality, by exposing for sale or accumulating or depositing any thing on any such lane, walk, bye-way, thoroughfare, road or public highway, or by keeping any carts, carriages, palkies or other vehicles and conveyances or any animal standing thereon, provided that it shall be allowable for carts to stand much on the side of any lane, road, &c, as possible for period as may be necessary to unload.

Penalty for infringement, Rupees 10.

৩১। গলি বা গমনাগমনের পথে কিম্বা সাধারণ প্রশস্ত পথে কিম্বা মিউনিসিপালিটীর কোন অধিকারভুক্ত পথে অথবা বাজারের মধ্যের পথে গাড়ি পালকি প্রভৃতি বা অন্য কোন দ্রব্যাদি সংবর্দ্ধিত করিতে পারিবে না। বোঝাই গাড়ি হইলে দ্রব্য ঢালিতে যে সময় আবশ্যক কেবল তাহাই পাইবে তদতিরিক্ত কাল পর্য্যন্ত উহাও রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

32. Every owner, occupier or farmer of any bazar, shall, within 14 days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement, Rupees 5 daily.

৩২। প্রত্যেক বাজরের স্বামী দখলিকার বা ইজারদার মিউনিসিপল কমিস্যনরগণ হইতে আদেশ প্রাপ্ত হওনের তারিখ অবধি ১৪ দিনের মধ্যে তত্তদ্বাজারের স্বাস্থ্য রক্ষার্থে উক্ত কমিস্যনরগণ যেরূপ উত্তম বিবেচনা করিবেন তদ্রূপ সেতখানা ও মূত্র ত্যাগের স্থান প্রস্তুত করিয়া দিবে।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

33. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

34. No person shall build, or cause to be built, or keep, after prohibition by the Commissioners, any tatee, privy, or urinal, within 15 feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

35. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

36. No person shall carry night-soil through the streets, except between the hours of 5 A. M. and 10. A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

37. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable, or cook-house, to flow into any river, nullah, canal, tank, or surface drain, road, lane, walk or thoroughfare.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

38. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish, or other matter of a noisome kind, for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

39. All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 12 midnight and 8 A. M.

Penalty for infringement, Rupees 10.

40. No refuse resulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for

৩৩। মিউনিসিপল কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত স্বীয় বাটীর বহির্ভাগে কেহ মল মূত্রাদি ত্যাগ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৪। কমিস্যনরদিগের দ্বারা নিষেধিত হইলে কোন সাধারণ রাস্তাহইতে ১৫ ফিটের মধ্যে কিম্বা ঐ পরিমাণের ন্যূন কোন ক্ষুদ্র বাটীর মধ্যে টাটি সেতখানা, কিম্বা মূত্র ত্যাগের স্থান, প্রস্তুত করিতে কিম্বা করাইতে কিম্বা রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

৩৫। কেহ সাধারণ রাস্তার সম্মুখে কোন সেতখানার দ্বার রাখিতে পারিবে না এবং যদি কাহার উক্ত প্রকার দ্বার থাকে তবে কমিস্যনরদিগের নিকট হইতে তদ্বিষয়ের সংবাদ প্রাপ্ত মাত্রই তাহার পরিবর্ত্তন করিয়া লইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

৩৬। পূর্ব্বাহ্ন ৫ ঘণ্টাহইতে ১০ ঘণ্টার মধ্যে ব্যতীত কেহ কোন সাধারণ রাস্তা দিয়া এবং উত্তমরূপ আবৃত পাত্র ব্যতীত ময়লা লইয়া যাইতে পারিবে না এবং কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য স্থানে উক্ত ময়লা রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৭। কোন কারখানা বাটী কিম্বা ব্যবসার নিমিত্ত অন্য কোন স্থান ও আস্তাবল হইতে ময়লা দ্রব্য ও জলাদি নির্গত করাইয়া কোন নদী ও নালা ও খানা ও পুষ্করিণী কিম্বা নর্দ্দমা ও রাস্তা ও গলি কিম্বা রাজপথে ফেলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের ৫৲ টাকা করিয়া।

৩৮। যদ্দ্বারা কাহার বিরক্ত জন্মাইতে বা সাধারণের স্বাস্থ্য ভঙ্গ হইতে পারে এমত কোন স্থানে বা রূপে কেহ ১২ ঘণ্টার অতিরিক্ত কালপর্য্যন্ত ময়লা আবর্জ্জনা গোবর, অস্থি, মৃত্যু দেহ, ধূলা, বা অন্য কোন প্রকার দুর্গন্ধময় পদার্থ রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৯। মিউনিসিপল কমিস্যনরগণ যে সকল ধূলা মাটি, ও রাবিস স্থানান্তর করিতে প্রবৃত্ত হইবেন তৎসমুদয় আবর্জ্জনা রাত্রি দুই প্রহর অর্থাৎ ১২ ঘণ্টার সময় হইতে পর দিবস পূর্ব্বাহ্ন ৮ ঘণ্টার মধ্যে যে বাটীর আবর্জ্জনা সেই বাটীর প্রবেশ পথের অনতিদূরে সাধারণ রাস্তার ধারে প্রত্যহ রাখিতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪০। কোন ব্যবসার, বাণিজ্যের বা কারখানার ময়লা কমিস্যনরদিগের নির্দ্ধারিত খরচ না পাইলে স্থানান্তর করিবেন না। এবং এই প্রকার স্থানান্তর করণের

removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.	যে খরচ তাহা কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন।
41. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners, shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think, proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.	৪১। সাধারণ রাস্তা, বাটী, সেতখানা, নর্দ্দমা, এবং শেসপুল হইতে যে সকল ধূলা, মাটি, ছাই, বিষ্ঠা, গোবর ও রাবিসাদি মিউনিসিপল কমিস্যনরগণকর্তৃক সংগৃহীত হইবে তৎসমুদায় উক্ত কমিস্যনরগণের সম্পত্তি হইবে এবং তাহাদিগের বিবেচনামতে তৎসমুদায় তাহারা বিক্রয় করিতে পারিবেন এবং এইরূপ বিক্রয়ের দ্বারা যে অর্থ লব্ধ হইবেক তাহা ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুভমেন্ট আক্টের কার্য্যে পর্য্যবসিত হইবেক।
42. No person shall put on any wall, or on any roof of a house, or on any bank, or tree, or on any other place or thing facing any road or public place, any preparation of dung to be used as fuel, or for any other purpose.	৪২। জ্বালাইবার কারণ কিম্বা অপর কোন জন্য কেহ কোন প্রাচীরে কিম্বা কোন গৃহের ছাতের উপর গাছে কিম্বা সাধারণ রাস্তার সম্মুখে কোন স্থানে গোবর রাখিতে পারিবে না।
Penalty for infringement, Rupees 5.	বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।
43. Every person, within whose premises any animal may die, shall, within three hours after its death, or, if death occurs at night, within two hours after daylight, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer or peon of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.	৪৩। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে তাহার মৃত্যুর পর ৩ ঘণ্টার অথবা রাত্রে মৃত্যু হইলে রাত্রি প্রভাত হইলে ২ ঘণ্টার মধ্যে তাহার মৃত নিজে স্বীয় খরচে মিউনিসিপল কমিস্যনরগণকর্তৃক পশ্বাদির মৃত দেহ নিক্ষেপ করিবার জন্য নিরূপিত স্থানে ফেলিয়া দিবেক। অথবা যে ডিবিজানে তাহার বাটী সেই ডিবিজানের কন্‌সারভেন্সী ওবরসিয়রের কিম্বা পিয়াদার নিকট সংবাদ দিবেক। কিন্তু মৃত দেহ স্থনান্তর করণের নিমিত্তে মিউনিসিপল কমিস্যনরগণ যে খরচ নির্দ্ধারিত করিবেন তাহা উল্লিখিত ওবরসিয়রের নিকট দিতে হইবেক। পরন্তু সে পশু যদি উপরিউক্ত ব্যক্তির এবং যাহার পশু তাহাকে জানিতে পারিলে সমুদয় খরচ তাহাকেই দিতে হইবেক এবং ঐ খরচ মিউনিসিপল কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন এবং কোন ওবরসিয়র ঐরূপ প্রকার মৃত দেহ স্থানান্তর করিতে গাফিলি করিবেন না।
Penalty for infringement, Rupees 10.	বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।
44. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.	৪৪। কোন ব্যক্তি কোন রোগগ্রস্ত বা জীর্ণ পশুকে কোন সাধারণ রাস্তায় অথবা যথা হইতে সাধারণ রাস্তায় যাইতে পারে এমত স্থানে ছাড়িয়া দিতে বা দেওয়াইতে কিম্বা আপনি খুলিয়া যাইতে দিবে না।
Penalty for infringement, Rupees 20.	বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।
45. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.	৪৫। কেহ কোন শব বা শবাংশ কমিস্যনরেরা সময়ে সময়ে যে স্থান নির্দ্দিষ্ট করিবেন তদ্ব্যতীত অন্য কোন স্থানে রাখিতে পারিবে না।
Penalty for infringement, Rupees 10.	বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

[*Government Gazette, 6th November* 1866.]

46. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 4 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

48. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than 6 feet deep.

Penalty for infringement, Rupees 10.

49. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 2 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

50. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

52. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 6 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

53. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes, or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

54. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

55. No person while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৬ নবেম্বর।]

৪৬। কেহ কোন নির্দ্ধারিত শ্মশানে বা গোরস্থানে কোন শব কিম্বা শবাংশ দাহ কিম্বা মৃত্তিকাসাৎ ভিন্ন কোনরূপ প্রকারে ফেলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৭। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে মৃত দেহ মৃর্ত্তিকাসাৎ করাইতে হইলে এরূপ প্রবেশিত করাইতে হইবে যে, উক্ত মৃত দেহ কিম্বা তাহার সিন্ধুকের উপরিভাগে তথাকার জমির উপরিভাগ হইতে ৪ ফিটের অনধিক নিম্নে না থাকে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৮। কোন গোরস্থানে ইষ্টক নির্ম্মিত কবর না হইলে ছয় ফিটের কম গভীর কবরে কেহ কোন মৃত দেহ কবরিত করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৯। কোন গোরস্থানে কেহ কোন বর্ত্তমান কবরের দুই ফিটের অনধিক দূরেতে অন্য এক কবর নির্ম্মাণ বা খনন করিতে অথবা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫০। কোন গোরস্থানে মিউনিসিপল কমিস্যনরগণের দ্বারা নির্দ্দিষ্ট পংক্তির বহির্ভূত স্থানে কেহ কোন কবর নিম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫১। মিউনিসিপাল কমিস্যনরগণের অনুমতি ভিন্ন অন্য যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনর্ব্বার অন্য শব প্রবেশ করণার্থ কেহ খুলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫২। যে কোন ব্যক্তি কোন শবদাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহ ভূমিতে উপস্থিত হইবার পর ৬ ঘন্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৩। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে হইলে তাহা এরূপে পোড়াইবে যে তাহার কোন অংশ সর্ব্বোতোভাবে ভস্মাবশেষীকৃত হইতে বাকী না থাকে। উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বতোভাবে ভস্মসাৎ না করিয়া উক্ত দাহন স্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৪। কেহ কোন শব বা শবাংশ উত্তমরূপে আচ্ছাদিত ভিন্ন কেহ কোন সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৫। মিউনিসিপল সীমার মধ্য দিয়া কেহ কোন শব বা শবাংশ লইয়া যাইতে হইলে কোন কারণ বশতঃ সাধারণ রাস্তার উপর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

56. Every corpse, or part of that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

57. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

Miscellaneous.

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway, the name by which such highway is to be known. Any person pulling down, destroying, or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number, shall be liable to a fine of Rupees 5.

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

62. The owner of any vehicle registered under Sections 19, 51 of the District Municipal Improvement Act, shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

63. The penalty laid down for infringing bye-laws is in each case the maximum.

H. Ulick Browne,
Chairman.

The 12th October 1866.

৫৬। যে সকল শব বা শবাংশ ছেদ বিদ্যা শিক্ষার্থে রক্ষিত বা ব্যবহৃত হয় তাহা আবরিত গাড়িতে করিয়া লইয়া যাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৭। কমিস্যনরদিগের অনুমতি ব্যতিরেকে কোন সাধারণ ভূমির উপরে পশু ও শকট জমা করিয়া রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

নানা বিষয়ক।

৫৮। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর ইমারত, প্রাচীর বা স্থান থাকিবেক মিউনিসিপাল কমিস্যনরগণ ইচ্ছা করিলে তাহার প্রকাশ্য অংশে উক্ত রাস্তার নামধেয় কোন দ্রব্য স্থাপন করিতে অথবা তথায় তাহার নাম লেখাইতে পারিবেন কোন ব্যক্তি সেই নাম নষ্ট উন্মোচন অথবা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৫৯। মিউনিসিপাল কমিস্যনরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা ইমারতের অথবা তদ্বেষ্টনের বহির্ভাগে কোন প্রকাশ্য স্থানে উক্ত ঘর বা ইমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন এবং কেহ সেই সংখ্যা নষ্ট উন্মোচন বা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৬০। আইন বা উপবিধি সমূহের অনুযায়িক মিউনিসিপাল কমিস্যনরগণ তাহাদিগের প্রদত্ত অনুজ্ঞাপত্রের কর গ্রহণ করিতে পারিবেন এবং উক্ত করের হার গবর্ণমেণ্টের অনুমত্যনুসারে সময়ে২ পরিবর্ত্তিত বা নিয়মিত করিতে পারিবেন।

৬১। উক্ত আইনের বা আইনঅনুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল ব্যক্তিদিগের অনুজ্ঞাপত্র লইবার প্রয়োজন হইবে তাহারা সেই২ অনুজ্ঞাপত্র কোন মিউনিসিপাল কমিস্যনর অথবা তাহারদিগের নিয়োজিত লিখিত উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে তৎক্ষণাৎ দেখাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৬২। ডিষ্ট্রিক্ট মিউনিসিপাল ইমপ্রুভমেণ্ট আক্টের ১৯ ও ৫১ ধারানুসারে যে সকল শকটাদি রেজিষ্টরী হইবেক তাহার স্বামী উক্ত রেজিষ্টরীর টিকিট কোন প্রকাশ্য স্থানে লাগাইবেক কিম্বা লাগাইতে দিবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।

৬৩। এই উপবিধি সকল লঙ্ঘনে যে২ পরিমাণ জরিমানা নির্দ্ধারিত করা হইয়াছে প্রত্যেক মোকদ্দমায় উহার অধিক দণ্ড হইবেক না।

এচ ইউলিক ব্রোন।
চ্যারমেন

১৮৬৬ সাল ১২ অক্টোবর।

[*Government Gazette, 6th November* 1866.]

KISHNAGHUR MUNICIPALITY.

His Honor the Lieutenant-Governor of Bengal, in accordance with the provisions of Section 88, Act III. (B. C.) of 1864, having directed the publication of the following Bye-laws for the Municipality of Kishnaghur, in supersession of the existing ones, in the *Bengalee Gazette*, they are hereby published for general information :—

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. Each quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say :—

The instalment payable on account of the quarter ending	31st July	May be levied on and after	1st May.
	,, Oct.		,, Aug.
	,, Jan.		,, Nov.
	30th April.		,, Feb.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

28. No person shall allow any pigs to be at large, unless in a charge of a herdman.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

29. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier, or farmer, shall, without any delay, cause any meat, fish, or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier or farmer, shall obstruct any person, appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

30. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale or accumulating any thing on any such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

31. Every owner, occupier or farmer of any bazar, shall, within fourteen days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement, Rupees 5 daily.

32. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

২৬। মিউনিসিপল কমিস্যনরদিগের লিখিত আজ্ঞা পত্র ব্যতীত কেহ কোন নরদমা বা নালা বন্ধ করিতে পারিবে না যদি করে তবে সাধারণের স্বাস্থ্য রক্ষার্থে কমিস্যনরেরা তাহা স্থানান্তর করিতে আজ্ঞা দিতে পারিবেন।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৪৲ টাকা।

২৭। কোন নালা বা জলাশয়ের তীরস্থ ভূমির স্বামী বা দখলিকার উক্ত ভূমিতে ময়লাজমী অতিরিক্ত জঙ্গল হইতে বা অন্য কোন বাধা জন্মিতে দিবে না এবং সকল সময়েই মিউনিসিপল কমিস্যনরদিগকে অথবা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত তাহাদিগের কর্ম্মচারিকে পরিষ্কার রাখিবার জন্যে উক্ত নালা বা নরদমা দেখিতে যাইতে দিবে।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৮। কোন ব্যক্তি শূকর সকল খোলা রাখিতে পারিবে না তাহা রাখালের হেপাজাতে রাখিতে হইবেক।

বিধি লংঘনের দণ্ড ৫৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৯। কোন বাজার বা দোকানের স্বামী দখলিকার বা ইজারদার তাহা উপযুক্ত মত পরিষ্কার ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না এবং উক্ত বাজারের বা দোকানের স্বামী বা দখলিকার কিম্বা ইজারদার অবিলম্বে পচা মৎস্য বা মাংস ও উদ্ভিজ্জ পদার্থ সকল মিউনিসিপাল কমিস্যনরগণ কর্ত্তৃক স্থিরীকৃত স্থানে স্থানান্তর করিবে এবং এই বিষয়ের জন্য মিউনিসিপল কমিস্যনরগণ কর্ত্তৃক নিযুক্ত লোককে উক্ত বাজারের বা দোকানের স্বামী, দখলীকার বা ইজারদার সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত তত্তৎস্থানে প্রবেশ করিয়া তদারক করিতে বাধা দিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৩০। কোন বাজারের কোন গলি রাস্তা বা অন্য গমনাগমনের পথে বিক্রয়ার্থ কেহ কোন গাঁটরি বা অন্য কোন দ্রব্য রাখিয়া বা একত্র করিয়া কিম্বা রাখাইয়া বা একত্র করাইয়া তত্তৎ গলি রাস্তা বা গমনাগমনের পথ বন্ধ করিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৩১। প্রত্যেক বাজারের স্বামী, দখলিকার বা ইজারদার মিউনিসিপল কমিস্যনরগণ হইতে আদেশ প্রাপ্ত হওনের তারিখঅবধি ১৪ দিনের মধ্যে তত্তদ্বাজারের স্বাস্থ্য রক্ষার্থে উক্ত কমিস্যনরগণ যেরূপ উত্তম বিবেচনা করিবেন তদ্রূপ সেতখানা ও মূত্র ত্যাগের স্থান প্রস্তুত করিয়া দিবে।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩২। মিউনিসিপল কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত স্বীয় বাটীর বহির্ভাগে কেহ মল মূত্রাদি ত্যাগ করিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

33. No person shall build, or cause to be built, or keep, after prohibition by the Commissioners, any tattee, privy, or urinal within (*) feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

34. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

35. No person shall carry the night-soil through the streets, except between the hours of 9 P. M. and 4 A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

36. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable or cook-house, to flow into any river, nullah, canal, tank or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish or other matter of a noisome kind, for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

38. All dust, dirt and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 7 P. M. and 9 P. M.

Penalty for infringement, Rupees 10.

39. No refuse resulting from any business, trade or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

40. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners, who shall have power to sell or

৩৩। কমিস্যনরদিগের দ্বারা নিষেধিত হইলে কোন সাধারণ রাস্তাহইতে * ফিটের মধ্যে কিম্বা ঐ পরিমাণের ন্যূন কোন ক্ষুদ্র বাটীর মধ্যে টাটি সেতখানা, কিম্বা মূত্র ত্যাগের স্থান, প্রস্তুত করিতে কিম্বা করাইতে কিম্বা রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

৩৪। কেহ সাধারণ রাস্তার সম্মুখে কোন সেতখানার দ্বার রাখিতে পারিবে না এবং যদি কাহার উক্ত প্রকার দ্বার থাকে তবে কমিস্যনরদিগের নিকট হইতে তদ্বিষয়ের সংবাদ প্রাপ্তমাত্রই তাহার পরিবর্ত্তন করিয়া লইবেক।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

৩৫। অপরাহ্ন ৯ ঘণ্টাহইতে পূর্ব্বাহ্ন ৪ ঘণ্টার মধ্যে ব্যতীত কেহ কোন সাধারণ রাস্তা দিয়া এবং উত্তমরূপ আবরিত পাত্র ব্যতীত ময়লা লইয়া যাইতে পারিবে না এবং কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থানব্যতীত অন্য স্থানে উক্ত ময়লা রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৬। কোন কারখানা বাটী অথবা ব্যবসার নিমিত্ত অন্য কোন স্থানহইতে ময়লা নির্গত হইয়া কোন নদীতে, নালাতে, খালাতে, পুষ্করিণীতে, বা নরদমায় পড়িতে দিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩৭। যদ্দ্বারা কাহার বিরক্ত জন্মাইতে বা সাধারণের স্বাস্থ্য ভঙ্গহইতে পারে এমত কোন স্থানে বা রূপে কেহ ১২ ঘণ্টার অতিরিক্ত কাল পর্য্যন্ত ময়লা আবর্জ্জনা গোবর, অস্থি মৃত্যু দেহ, ধূলা, বা অন্য কোন প্রকার দুর্গন্ধময় পদার্থ রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৮। মিউনিসিপল কমিস্যনরগণ যে সকল ধূলা মাটি, ও রাবিস স্থানান্তর করিতে প্রবৃত্ত হইবেন তৎসমুদয় আবর্জ্জনা পূর্ব্বাহ্ন ৪ ঘণ্টাহইতে ৮ ঘণ্টার মধ্যে যে বাটীর আবর্জ্জনা সেই বাটীর প্রবেশ পথের অনতিদূরে সাধারণ রাস্তার ধারে প্রত্যহ রাখিতে হইবে।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৯। কোন ব্যবসার, বাণিজ্যের বা কারখানার ময়লা কমিস্যনরদিগের নির্দ্ধারিত খরচ না পাইলে স্থানান্তর করিবেন না। এবং এই প্রকার স্থানান্তর করণের যে খরচ তাহা কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন।

৪০। সাধারণ রাস্তা, বাটী, সেতখানা, নর্দ্দমা এবং শেষপুলহইতে যে সকল ধূলা, মাটি, ছাই, বিষ্ঠা গোবর ও রাবিসাদি মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক সংগৃহীত হইবে এবং তাহাদিগের বিবেচনামতে তৎ-

---

* To be fixed afterwards.

* পরে স্থির করা যাইবে।

dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

41. No person shall put on any wall, or on any roof of a house, or on any bank, or tree, or on any other place or thing facing any broad carriage thoroughfare any preparation of dung to be used as fuel or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

42. Every person, within whose premises any animal may die, shall, within two hours after its death, or, if death occurs at night, within two hours after daylight, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

43. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

44. No person shall tether animals within 10 yards, of any highway, or road.

Penalty for infringement Rupees 10.

45. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall dispose or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 3 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

[*Government Gazette, 6th November* 1866.]

সমুদয় তাহারা বিক্রয় করিতে পারিবেন এবং এইরূপ বিক্রয়ের দ্বারা যে অর্থ লব্ধ হইবেক তাহা ডিষ্ট্রিক্ট মিউনিসিপাল ইমপ্রুভমেন্ট আক্টের কার্য্যে পর্য্যবসিত হইবেক।

৪১। জ্বালাইবার কারণ কিম্বা অপর কোন জন্য কেহ গাড়ি যাইবার চৌড়া রাস্তার সম্মুখে কোন প্রাচীরে কিম্বা কোন গৃহের ছাদের উপর কি পুকুরের ধারে কি গাছে কি অন্য কোন স্থানে গোবর রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ৫৲ টাকা।

৪২। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে তাহার মৃত্যুর পর ২ ঘণ্টার অথবা রাত্রে মৃত্যু হইলে রাত্রি প্রভাত হইলে ২ ঘণ্টার মধ্যে তাহার মৃত দেহ নিজে স্বীয় খরচে মিউনিসিপাল কমিস্যনরগণকর্ত্তৃক পশ্বাদির মৃত দেহ নিক্ষেপ করিবার জন্য নিরূপিত স্থানে ফেলিয়া দিবেক। অথবা যে ডিবিজানে তাহার বাটী সেই ডিবিজানের কন্সারভেন্সী ওবরসিয়রের নিকট সংবাদ দিবেক। কিন্তু উক্ত মৃত দেহ স্থানান্তর করণের নিমিত্তে মিউনিসিপাল কমিস্যনরগণ যে খরচ নির্দ্ধারিত করিবেন তাহা উল্লিখিত ওবরসিয়রের নিকট দিতে হইবেক। পরন্তু সে পশু যদি উপরি উক্ত ব্যক্তির না হয় এবং যাহার পশু তাহাকে জানিতে পারিলে সমুদয় খরচ তাহাকেই দিতে হইবেক এবং ঐ খরচ মিউনিসিপাল কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন এবং কোন ওবরসিয়র ঐরূপ প্রকার মৃত দেহ স্থানান্তর করিতে গাফিলি করিবেন না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৩। কোন ব্যক্তি কোন রোগগ্রস্ত বা জীর্ণ পশুকে কোন সাধারণ রাস্তায় অথবা যথা হইতে সাধারণ রাস্তায় যাইতে পারে এমত স্থানে ছাড়িয়া দিতে বা দেওয়াইতে কিম্বা আপনি খুলিয়া যাইতে দিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৪। কোন ব্যক্তি কোন রাস্তায় কি পথের ১০ গজের মধ্যে কোন পশু বাঁধিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৫। কেহ কোন শব বা শবাংশ কমিসনরেরা সময়েং যে স্থান নির্দ্দিষ্ট করিবেন তদ্ব্যতীত অন্য কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৬। কেহ কোন নির্দ্ধারিত শ্মশানে বা গোরস্থানে কোন শব কিম্বা শবাংশ দাহ কিম্বা মৃত্তিকাসাৎ ভিন্ন কোনরূপ প্রকারে ফেলিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৭। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে মৃত দেহ মৃত্তিকাসাৎ করাইতে হইলে এরূপে প্রবেশিত করাইতে হইবে যে, উক্ত মৃত দেহ কিম্বা তাহার সিন্দুকের উপরিভাগ তথাকার জমির উপরিভাগ হইতে তিন ফুটের অনধিক নিম্নে না থাকে।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

48. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than 5 feet deep.

Penalty for infringement, Rupees 10.

49. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 4 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

50. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

52. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 2 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

53. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

54. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

55. No person, while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

56. Every corpse, or part of a corpse, that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

57. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

৪৮। কোন গোরস্থানে ইষ্টক নির্ম্মিত কবর না হইলে ছয় ফিটের কম গভীর কবরে কেহ কোন মৃত দেহ কবরিত করিতে বা করাইতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৯। কোন গোরস্থানে কেহ কোন বর্ত্তমান কবরের চারি ফিটের অনধিক দূরেতে অন্য এক কবর নির্ম্মাণ বা খনন করিতে অথবা করাইতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫০। কোন গোরস্থানে মিউনিসিপল কমিস্যনরগণের দ্বারা নির্দ্দিষ্ট পুংক্তির বহির্ভূত স্থানে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫১। মিউনিসিপল কমিস্যনরগণের অনুমতি ভিন্ন অন্য যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনর্ব্বার অন্য শব প্রবেশ করণার্থ কেহ খুলিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫২। যে কোন ব্যক্তি কোন শব দাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহ ভূমিতে উপস্থিত হইবার পর ২ ঘন্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৩। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে হইলে তাহা এরূপে পোড়াইবে যে তাহার কোন অংশ সর্ব্বোতোভাবে ভস্মাবশেষীকৃত হইতে বাঁকী না থাকে। উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বোতোভাবে ভস্মসাৎ না করিয়া উক্ত দাহনস্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৪। কেহ কোন শব বা শবাংশ উত্তমরূপ আচ্ছাদিত ভিন্ন কেহ কোন সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৫। মিউনিসিপল সীমার মধ্য দিয়া কেহ কোন শব বা শবাংশ লইয়া যাইতে হইলে কোন কারণ বশতঃ সাধারণ রাস্তার উপর রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৬। যে সকল শব বা শবাংশ ছেদবিদ্যা শিক্ষার্থে রক্ষিত বা ব্যবহৃত হয় তাহা আবরিত গাড়িতে করিয়া লইয়া যাইতে হইবেক।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৭। কমিস্যনরদিগের অনুমতি ব্যতিকে কোন সাধারণ ভূমির উপরে পশু ও শকট জমা করিয়া রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৬ নবেম্বর।]

Miscellaneous.

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway, the name by which such highway is to be known. Any person pulling down, destroying or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number, shall be liable to a fine of Rupees 5.

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

62. The owner of any vehicle registered under Sections 49, 51, of the District Municipal Improvement Act, shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

J. MONRO,
Chairman.

JESSORE MUNICIPAL OFFICE.
The 29th October 1866.

নানা বিষয়ক।

৫৮। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর ইমারত, প্রাচীর বা স্থান থাকিবেক মিউনিসিপল কমিসানরগণ ইচ্ছা করিলে তাহার প্রকাশ্য অংশে উক্ত রাস্তার নামধেয় কোন দ্রব্য স্থাপন করিতে অথবা তথায় তাহার নাম লেখাইতে পারিবেন কোন ব্যক্তি সেই নাম নষ্ট উন্মোচন অথবা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৫৯। মিউনিসিপল কমিসানরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা ইমারতের অথবা তদ্বেষ্টনের বহির্ভাগে কোন প্রকাশ্য স্থানে উক্ত ঘর বা ইমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন এবং কেহ সেই সংখ্যা নষ্ট উন্মোচন বা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৬০। আইন বা উপবিধি সমূহের অনুসারিক মিউনিসিপল কমিসানরগণ তাঁহাদিগের প্রদত্ত অনুজ্ঞা পত্রের কর গ্রহণ করিতে পারিবেন এবং উক্ত করের হার গবর্ণমেণ্টের অনুমত্যানুসারে সময়২ পরিবর্ত্তিত বা নির্দ্ধারিত করিতে পারিবেন।

৬১। উক্ত আইনের বা আইনঅনুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুসারিক যে সকল ব্যক্তিদিগের অনুজ্ঞাপত্র লইবার প্রয়োজন হইবে তাহারা সেই২ অনুজ্ঞাপত্র কোন মিউনিসিপল কমিসানর অথবা তাহারদিগের নিয়োজিত লিখিত উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে তৎক্ষণাৎ দেখাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৬২। ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইম্প্রুভমেণ্ট আক্টের ৪৯ ও ৫১ ধারানুসারে যে সকল শকটাদি রেজিষ্টরী হইবেক তাহার স্বামী উক্ত রেজিষ্টরীর টিকিট উক্ত শকটাদির কোন প্রকাশ্য স্থানে লাগাইবেক কিম্বা লাগাইতে দিবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫ টাকা।

জে মনরো।
চ্যারমেন।

যশোহরের মুনিসিপল দফ্তরখানা।
১৮৬৬ সাল ২৯ অক্টোবর।

NOTICE.

CALCUTTA MUNICIPALITY.

NOTICE is hereby given that the valuation and measurement of the portion of the Northern Division of the Town, noted in the margin, has been completed, and that the Books containing the said valuations and the rates assessed can be inspected on any day (Sundays excepted), at the Office of the Justices, between the hours of 11 o'clock A. M. and 4 o'clock P. M., free of charge.

Bounded on the South by Sobah Bazar Street, on the North by Unnopoorna Ghaut, on the East by Chitpore Road, and on the West by the River Hooghly.

বিজ্ঞাপন।

ইহার দ্বারা জ্ঞাত করা হইল যে, শহরের নর্থ ডিবিজনের (১) বাটী সকলের মূল্য ও জমির পরিমাণ সকল নিশ্চিত করা হইয়াছে যে বহীতে ঐ মূল্য ও নির্দ্ধারিত কর সকল লেখা হইয়াছে তাহা বিনা ব্যয়ে বেলা ১১ ঘণ্টা নাগায়েদ ৪ ঘণ্টার সময় সকলের মধ্যে সাধারণকর্ত্তৃক দৃষ্টি করা হইতে পারিবেক, জষ্টিস অব দি পিস সকলে ২৬ নবেম্বর তারিখঅবধি ঐ নির্দ্ধারিত করের সংশোধনজন্য আপীল সকল শুনিতে আরম্ভ করিবেন,

অর্থাৎ যে সকল বাটীর নম্বর দক্ষিণ শোভাবাজার ষ্ট্রীট, উত্তর অন্নপূর্ণা ঘাট, পূর্ব্ব চিতপুর রোড, পশ্চিম রিভার হুগলী।

The Justices will, on the 26th day of November instant, proceed to revise the said valuation and assessment, and to hear all appeals connected therewith, but no such appeal can be heard unless the amount of rate has been deposited with the Justices, in accordance with the Provisions of Section 27 of Act VI of 1866, B. C., on or before the 22nd day of November instant, and unless such appeal be preferred by the person who at the time the appeal is made shall be recorded in the said Book as the owner of the premises to which such appeal refers, or by the occupiers thereof, or by their Agents.

ROBT. TURNBULL,
Secretary to the Justices of the Peace.

OFFICE OF THE JUSTICES OF THE PEACE,
1, CHOWRINGHEE ROAD;
Calcutta, 1st November 1866.

কিন্তু ৬ আইনের ১৮৬৬ সালের ২৭ ধারানুসারে রেট আগত নাগায়েদ ২২ নবেম্বর অবধি জমা রাখিয়া আপীল করিলে গ্রাহ্য হইবেক। এবং যাহাদিগের নাম বাটীওয়ালা ও ভারাটীয়া কিম্বা এজেন্ট বলিয়া বহীতে লেখা যায়, তাহাদিগের আপীল শুনা যাইবেক।

আদেশানুসারে,
রবার্ট টরণবুল,
জষ্টিস অব দি পিসদিগের সেক্রেটর।

জষ্টিস অব দি পিসদিগের আফিস,
১ নং চৌরঙ্গী রোড,
কলিকাতা, ১ নবেম্বর ১৮৬৬ সাল।

LAND ADVERTISEMENT.

ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্ন লিখিত মাহাল সন ১৮৬৬ সালের নাগাএদ কিস্তি সেপ্টেম্বরের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৬৬ সালের ১৯ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৫ অগ্রহায়ণ সোমবার জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অব্যর্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৬। ২ অকুটোবর মোং সন ১২৭৩। ১৭ আশ্বিন।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজির নম্বর	নাম মাহাল	নাম তালুকদারান	সদর জমা	কৈফিয়ত
১	প্রথম শ্রেণী মাহাল	৯	কিঃ পরগনে কাশিপুর পঃ কাশিপুর	কাশিনাথ চৌধুরী সুভদ্রা নিত্যকালী ভবনেশ্বরী কমলমণী সর্ণময়ী ভোলানাথ তারিণীপ্রসাদ তারাসুন্দরী শিবসুন্দরী মন্মোহণ ঘোষ ঈশানচন্দ্র রায় ও শ্যামাচরণ ভট্ট রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যা	৮০৭৪৶০ বাদ এই জমার মধ্যে রাজকিশোর সেন আইনানুসারে রকম ১৮।৶১৭॥ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় জমা ৪৬৬॥৶০ বাদ চন্দ্রমুখী দাস্যা রকম ১৮।৶১৭॥ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় জমা ৪৬৬॥৶০ ৯৩৩।০ বাকী ৭১৪০৸৶০	রাজকিশোর সেন ও চন্দ্রমুখি দাস্যার অংশ বাদে অন্যান্য সরিকানের অংশ নীলাম হইবেক

W. L. HEELEY,
Collector.

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের নীচের লিখিত মহাল সকল সন ১৮৬৬ সালের নাগাদী ২৮ সেপ্টেম্বর তলবের সরকারী

বাকী মালগুজারীর আদায়ের নিমিত্তে সন ১৮৬৬ সালের ১৯ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৫ অগ্রহায়ণ সোমবার দিবা দুই প্রহরের পর অত্র জেলা বর্দ্ধমানের কালেক্টরি কাছারিতে নিলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ৫ অকটোবর।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১৫৮ নং সমুদ্রগড়ি পরগণে সাতসৈকা মালিক শ্রীমতী রহিমণ নেছা বিবি দিগর সদর জমা ২৭১০৷৷১১ টাকা
৫১৭৭ নং চর চণ্ডীপুর পং জাহাঙ্গিরাবাদ মালিক ফজলর রহিম সদর জমা ৫১১৬/১১ টাকা

A. J. R. Bainbridge,
Collector.

জিলা ত্রিপুরা।

ইস্তেহারনামা কাছারি কালেক্টরি এই যে।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে ত্রিপুরা জিলার নিম্নে লিখিত মহালাত মালগুজারী বাকী বাবৎ ১৮৬৬ ইং ২০ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা ৬ অগ্রহায়ণ রোজ মঙ্গলবার এ জিলার কালেক্টরি কাছারিতে বিনা আপত্যে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ ইং ২৯ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা তাং ১৪ আশ্বিন।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

নম্বর রেজিস্টরী।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকী।	
১২৯৮	পং সরাইল কিং ।৶০ আনা	নবকৃষ্ণ রায় রাজকৃষ্ণ রায়	১১৬৭৫৮৶১০	২০৯৮৷৭	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।
১২৯৯	পং সরাইল কিং ।/১২ গণ্ডা	নবকৃষ্ণ রায় রাজকৃষ্ণ রায়	১১৮৫০৷৶৩	২১৫১৷৷৶২	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

F. G. Millett,
Collector.

[*Government Gazette, 6th November* 1866.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 13, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১৩ নবেম্বর।

HOME DEPARTMENT.

Legislative.

Simla, the 2nd October 1866.

The following Bill and Statement of Objects and Reasons accompanying it are published for general information by order of His Excellency the Governor General, under the 19th of the Rules for the conduct of Business at Meetings of the Council of the Governor General of India for the purposes of making Laws and Regulations :—

A Bill to consolidate and amend the law relating to Merchant Ships, Seamen, and Passengers by Sea.

[Preamble.]

Whereas it is expedient to consolidate and amend the law relating to Merchant Ships, Seamen, and Passengers by Sea ; It is hereby enacted as follows :—

PART I.

Preliminary.

[Short Title. Commencement of Act.]

I. This Act shall be called "The Indian Shipping Act, 1867," and shall come into operation on the 1st of March 1867.

দেশীয় ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

শিমলা। ১৮৬৬ সাল ২ অক্টোবর।

আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের যে মন্ত্রিসভা হয় তাহার কার্য্য চালাইবার বিধির ১৯ ধারামতে আইনের নিম্ন লিখিত পাণ্ডুলিপি এবং অভিপ্রায় ও হেতুর বর্ণনা মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

বাণিজ্য জাহাজ ও নাবিক ও সমুদ্রপথে গমনশীল লোকসম্পার্কীয় আইন সংশোধন ও সংগ্রহ করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বাণিজ্য জাহাজ এবং নাবিক ও সমুদ্রপথে গমনশীল ব্যক্তিদের বিষয়ে যে২ আইন আছে তাহা সংশোধন করিয়া সংগ্রহ করা বিহিত এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা গেল।

প্রথম খণ্ড।

পরিভাষা।

[সংক্ষেপ নাম ও আইন প্রচলিত হইবার বিষয়ের কথা।]

১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় জাহাজসংক্রান্ত ১৮৬৭ সালের আইন" নামে খ্যাত হইবে ও ১৮৬৭ সালের মার্চ মাসের ১ দিবসাবধি প্রচলিত হইবেক ইতি।

[Repeal of Acts.]

II. The Acts specified in the first Schedule hereto are hereby repealed, except as to the repeal of Acts and parts of Acts effected thereby; and except as to acts done, penalties incurred, and agreements made before the passing of this Act. All things duly done under any of the Acts hereby repealed shall be considered as having been done under this Act.

[Interpretation Clause.]

III. In this Act, unless there be something repugnant in the subject or context:—

"British India" means the territories which are or may become vested in Her Majesty or Her Successors by the Statute 21 and 22 Vic., Cap. 106, entitled "Act for the better Government of India;"

"Magistrate" includes a Magistrate of Police appointed under Act No. XIII. of 1856 (*for regulating the Police of the Towns of Calcutta, Madras, and Bombay, and the several Stations of the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca*), a Joint-Magistrate and any person lawfully exercising the powers of a Magistrate and a Justice of the Peace, and, at the Port of Aden, the Political Resident and his Assistant;

[" Local Government."]

"Local Government" means the person or persons for the time being immediately administering the executive Government of that portion of British India where the port or place in question is situate;

"Ship" includes every description of vessel used in navigation not propelled by oars;

[" Home-trade ship."]

"Home-trade ship" includes every ship employed in trading between any ports of the said territories, or between any port of the said territories and any port or place on the Continent of India, or in the Island of Ceylon;

[" Foreign-going ship."]

"Foreign-going ship" includes every ship employed in trading between any port of the said territories and any port or place not in the said territories, nor on the Continent of India nor in the Island of Ceylon;

[" Master."]

"Master" includes every person (except a pilot) having command or charge of any ship;

[" Seaman."]

"Seaman" includes every person (except masters, pilots, and apprentices) employed or engaged in any capacity on board any ship;

[গবর্ণমেন্ট গেজেট ১৮৬৬। ১৩ নবেম্বর।]

[যে২ আইন রহিত হইল তাহার কথা।]

২ ধারা। এই আইনের প্রথম তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে তাহা এতদ্দ্বারা রহিত করা গেল। কিন্তু সেই২ আইনের যে কথাদ্বারা অন্য আইনের কি আইনের কোন অংশ রহিত করা গেল তাহা বলবৎ থাকিবে এবং এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কার্য্য করা যায় ও যে দণ্ড বর্ত্তে ও যে নিয়মপত্র করা যায় তৎসম্পর্কে পূর্ব্বোক্ত আইন রহিত হইবে না। এতৎক্রমে যে২ আইন রহিত হইল তন্মধ্যে কোন আইনক্রমে যে সকল নিয়মিত কার্য্য করা যায় তাহা এই আইনক্রমে করিবার তুল্য জ্ঞান হইবে ইতি।

[অর্থ করণের ধারা।]

৩ ধারা। বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথাক্রমে অসঙ্গত না হইলে এই আইনেতে—

মহারাজ্ঞী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়ের আইন অর্থাৎ ভারতবর্ষের সুশাসনার্থ আইনদ্বারা যে সকল দেশ শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর কি তদীয় উত্তরাধিকারিদের প্রতি বর্ত্তে কি বর্ত্তিবে, "ব্রিটনীয় ভারতবর্ষ" শব্দে সেই সকল দেশ বুঝায়।

"কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের ও পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা উপনিবেশের পুলিসের বিধান করণার্থ" ১৮৫৬ সালের ১৩ আইনমতে পুলিসের যে মাজিষ্ট্রেট নিযুক্ত হন তিনি এবং জাইন্ট মাজিষ্ট্রেট ও যে কোন ব্যক্তি আইনক্রমে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করেন তিনি ও শান্তিরক্ষার্থ জুষ্টিস এবং আদেন বন্দরে পলিটিকাল রেসিডন্ট সাহেব ও তাঁহার আসিস্টান্ট এই সকল কার্য্যকারক "মাজিষ্ট্রেট" শব্দের মধ্যে গণ্য।

[স্থানীয় গবর্ণমেন্ট।]

লক্ষিত বন্দর কি স্থান ব্রিটনীয় ভারতবর্ষের যে খণ্ডে থাকে সেই খণ্ডে যে ব্যক্তি কি ব্যক্তিরা যৎকালে কর্তৃত্ব কার্য্যের অব্যবহিত নিরূপণাধিকারী হন "স্থানীয় গবর্ণমেন্ট" শব্দে তাঁহাকে কি তাঁহাদিগকে বুঝাইবে।

যে কোন প্রকারের জলযান দাঁড় দ্বারা বাহিত না হয় জাহাজ শব্দে সেই পোত বুঝাইবে।

[দেশীয় বাণিজ্য জাহাজ।]

উক্ত দেশের অন্তর্গত বন্দরের মধ্যে কিম্বা উক্ত দেশের এবং ভারতবর্ষ মহাদ্বীপের কিম্বা সিংহলদ্বীপের অন্তর্গত অন্য বন্দরের কি স্থানের মধ্যে যে জাহাজ বাণিজ্য দ্রব্য লইয়া গমনাগমন করে তাহা "দেশীয় বাণিজ্য জাহাজ" শব্দে গণ্য।

[দেশান্তরগামি জাহাজ।]

উক্ত দেশের অন্তর্গত বন্দরের এবং উক্ত দেশের কিম্বা ভারতবর্ষ মহাদ্বীপের কি সিংহল দ্বীপের বহির্ভূত কোন বন্দরের কি স্থানের মধ্যে যে প্রত্যেক জাহাজ বাণিজ্য দ্রব্য লইয়া গমনাগমন করে "দেশান্তরগামি জাহাজ" শব্দে ঐ জাহাজ বুঝাইবে।

[অধ্যক্ষ।]

আড়কাটিভিন্ন যে ব্যক্তি কোন জাহাজের অধ্যক্ষতা কি তত্ত্বাবধান করেন "অধ্যক্ষ" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

[নাবিক।]

অধ্যক্ষ ও আড়কাটি ও শিক্ষার্থি ভিন্ন যে ব্যক্তি জাহাজের যে কোন কর্ম্মে নিযুক্ত কি প্রবর্ত্ত থাকেন নাবিক শব্দে তাঁহাকে বুঝাইবে।

"Section" and "Part" respectively mean Section and part of this Act.

[Number. Gender.]

Words importing the singular number include the plural: words importing the plural number include the singular: and words importing the masculine gender, include females.

["Person."]

"Person" includes any Company or Association or body of persons whether incorporated or not.

[Nothing in Act to apply to British and Foreign Navies.]

IV. Nothing herein contained shall apply to ships belonging to or in the service of Her Majesty or belonging to any foreign Government; and nothing in Parts III to XIII, both inclusive, except as otherwise hereinafter provided, shall extend to any ship belonging to the subjects of any foreign Government.

PART II.

Of the Registry of Ships.

[Ships to be registered. Certificate of Registry.]

V. No ship shall be deemed a British ship under the proclamation issued by the Governor General of India in Council pursuant to the Statute 3rd and 4th Vic., Cap. 56, entitled "An Act to regulate the trade of ships built and trading within the limits of the East India Company's Charter," unless the person or persons claiming property therein shall have caused the same to have been registered at some one of the ports hereinafter mentioned in British India, and shall have obtained a certificate of such registry from the person authorised to make such registry, and grant such certificate as hereinafter directed. Such certificates shall be in the following form:—

"This is to certify that in pursuance of "The Indian Shipping Act, 1867" (*here insert the name or names, and occupation and residence, of subscribing owner or owners*) having made and subscribed the declaration required by the said Act and having declared that he (*or* they) together with (*names, occupations, and residence of non-subscribing owners*), is (*or* are) sole owner (*or* owners, in the proportions specified on the back hereof), of the ship called the (*ships's name*), of (*place at which the ship shall be registered*), which is of the burthen of (*number of tons*), and whereof (*master's name*) is master; and that the said ship was (*when and where built,*) and (*name and employment of Surveying Officer*) having

"ধারা" ও "খণ্ড" শব্দে এই আইনের ধারা ও খণ্ড বুঝাইবে।

[বচন ও লিঙ্গ।]

এক বচনান্ত শব্দের মধ্যে বহুবচনান্ত সেই শব্দ গণ্য ও বহুবচনান্ত শব্দের মধ্যে একবচনান্ত সেই শব্দ গণ্য। ও পুংলিঙ্গ বোধক শব্দের মধ্যে স্ত্রীগণও ধর্ত্তব্য।

[ব্যক্তি।]

কোন কোম্পানি কি সমাজ কি ব্যক্তিগণ সমবায়িত হউন কি না হউন ব্যক্তি শব্দের মধ্যে তাঁহাদিগকেও বুঝাইবে ইতি।

[এই আইনগত কোন কথা ব্রিটনীয় ও ভিন্ন দেশীয় জাহাজের প্রতি না বর্ত্তিবার কথা।]

৪ ধারা। এই আইনের লিখিত কোন কথা শ্রীশ্রীমতী মহারাণীর কি তদীয় সেনাতে নিযুক্ত কিম্বা ভিন্ন দেশীয় কোন গবর্ণমেণ্টের জাহাজের প্রতি বর্ত্তিবে না এবং ৩ অবধি ১৩ পর্য্যন্ত সমস্ত খণ্ডের যে২ কথা ভিন্ন দেশীয় কোন রাজার প্রজাগণের কোন জাহাজের প্রতি এই আইনের বিধানক্রমে বর্ত্তান যায় তদ্ভিন্ন ঐ২ খণ্ডের কোন কথা ঐ২ জাহাজের প্রতি বর্ত্তিবে না ইতি।

দ্বিতীয় খণ্ড।

জাহাজ রেজিষ্টরী করণের বিধি।

[যে প্রকারের জাহাজ রেজিষ্টরী করিতে হইবে তাহার ও রেজিষ্টরী হইবার সংশিতপত্রের কথা।]

৫ ধারা। যদি কোন ব্যক্তি কি ব্যক্তিরা কোন জাহাজে স্বামিত্বের দাওয়া করিয়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত পশ্চাৎ লিখিত কোন এক বন্দরে ঐ জাহাজ রেজিষ্টরী না করান ও সেই রেজিষ্টরী করিবার ও নিম্ন লিখিত সংশিতপত্র দান করিবার ক্ষমতাপন্ন ব্যক্তির স্থানে ঐ রেজিষ্টরী হইবার সংশিতপত্র প্রাপ্ত না হন, তবে "কোম্পানি বাহাদুরের চার্টর-লিখিত দেশের সীমার মধ্যে নির্ম্মিত ও বাণিজ্যে নিযুক্ত জাহাজদ্বারা বাণিজ্যের বিধান করিবার আইন" নামে শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার তৃতীয় ও চতুর্থ বৎসরের ৫৬ অধ্যায়ের আইনক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে ঘোষণাপত্র প্রচার করেন উক্ত জাহাজ সেই পত্রানুসারি ব্রিটনীয় জাহাজ জ্ঞান হইবে না। সংশিতপত্রের পাঠ এই।—

ভারতবর্ষীয় জাহাজসংক্রান্ত ১৮৬৭ সালের আইনেতে যে পরিজ্ঞাপনপত্র করিবার আদেশ হইয়াছে (নিম্নভাগে লিখিতব্য স্বামির কি স্বামিদের নাম ও ব্যবসায় ও বাসস্থান এই স্থলে লিখিতে হইবে) ইঁহারা উক্ত আইন অনুসারে সেই পত্র করিয়া স্বাক্ষর করিয়াছেন এবং তিনি (কি তাঁহারা) ও তৎসহিত শ্রীঅমুক অমুক (যে স্বামিরা নিম্নভাগে নাম লেখেন নাই তাঁহাদের নাম ও ব্যবসায় ও বাস লিখিতব্য) (জাহাজ যে স্থানে রেজিষ্টর হইল সেই স্থানের) অমুক নামাখ্য জাহাজের (অদ্বিতীয়) স্বামী (কিম্বা এই পত্রের পৃষ্ঠ লিখিত অংশমতে স্বামী) আছেন ইহা প্রকাশ করিয়াছেন। সেই জাহাজে এত টন বোঝাই ধরে। অধ্যক্ষের নাম শ্রী অমুক। ঐ জাহাজ অমুক সময়ে অমুক স্থানে নির্ম্মিত হইয়াছিল, এবং (ঐ জাহাজের অবস্থাদির অনুসন্ধান কর্ত্তা অমুক ব্যবসায়ি) শ্রী অমুক আমাদিগকে নিশ্চিত-

certified to us that the said ship has (*number*) decks and (*number*) masts, that her (*here insert the measurement as ascertained by the rules hereinafter mentioned* that she is (*how rigged*) rigged with a (*standing or running*) bowsprit, is (*description of stern*) sterned, (*carvel or clincker*) built, has (*whether any or no*) gallery, and (*kind of head, if any*) head; and the said subscribing owner or owners having consented and agreed to the above description, the said ship called the (*name*) has been duly registered at the port of (*name of port*), certified under our hands at, the Custom House, in the said port of *name of port*, this (*date*) day of (*name of month*) in the year (*words at length*).

(Signed) ————

Collector or Registrar of Shipping.

And on the back of such Certificate of Registry there shall be an account of the parts or shares held by each of the owners (where there are more owners than one) mentioned and described in such certificate, in the form and manner following:—

Names of several owners within mentioned.			Number of shares held by each owner.
Name	...	...	Thirty-two.
Name	...	...	Sixteen.
Name	...	...	Eight.

&c., &c."

(Signed) ————

Collector.

[Ports of Registry.]

VI. The ports at which registration shall be made, shall be the ports of Calcutta, Madras, Bombay, and such other places subordinate to the Local Governments of British India, as such Governments respectively may, from time to time, declare to be registering ports under this Act: Provided that ships built at any place other than any of such ports shall be allowed to make their first voyage to any of such ports, being the ports at which it is intended they shall be registered under a certificate to be granted by the Principal British Officer at the place where the ship is built, or if there be no British Officer in authority there, then by three merchants of such place. Such certificate shall contain all the particulars with regard to the ownership and description of the ships contained in a Certificate of Registry, and shall specify the ports at which it is intended that they shall respectively be registered, and shall have all the effect of a Certificate of Registry under this Act, during the first voyage from the place of building to the ports at which the ships respectively shall be afterwards registered: Provided

মতে জ্ঞাত করিয়াছেন যে উক্ত জাহাজের এত তুতক এত মাস্তুল ও নিম্নলিখিত বিধিমতে মাপ নিরূপণ করিয়া জাহাজের এত পরিমাণ ও রজ্জুআদি অমুক প্রকারে সজ্জিত হইল তাহার বোস্পৃটের রজ্জু কপিকলের মধ্য দিয়া (কি কলভিন্ন) সজ্জিত আছে, তাহার পশ্চাৎ ভাগ অমুক প্রকারের, তক্তা সোজাসুজি (কি স্তরে২) গাঁথা আছে, তাহার পশ্চাৎ ভাগে গালরী আছে (কি নাই) ও অগ্রভাগে অমুক প্রকারের প্রতিমূর্ত্তি আছে (কি নাই।) এবং উক্ত স্বামী (কি স্বামিরা) জাহাজের উক্ত বর্ণনা যথার্থ স্বীকার করিয়াছেন। অতএব অমুক নামা উক্ত জাহাজ অমুক নামক বন্দরে উপযুক্তমতে রেজিস্টরী করা গিয়াছে। উক্ত নামক বন্দরের কষ্টম হৌসে আমরা অমুক সালের (বৎসরের সংখ্যা অক্ষরে লিখিতে হইবে) অমুক মাসের অমুক দিবসে এই সংশিতপত্র দিয়া তাহাতে স্বাক্ষর করিলাম ইতি।

স্বাক্ষর।

কালেক্টর কি শিপিং রেজিষ্ট্রার।

ঐ সংশিতপত্রে যদি দুই কি তদধিক জন স্বামির নাম লেখা থাকে তবে প্রত্যেক জনের যত অংশ কি ভাগ আছে তাহা ঐ রেজিস্টরীর সংশিতপত্রের পৃষ্ঠে নিম্ন প্রকারে লিখিতে হইবে। যথা,

এই সংশিতপত্রের লিখিত স্বামিদের নাম।			প্রত্যেক জনের যত অংশ।
নাম	...	...	বত্রিশ।
নাম	...	...	ষোল
নাম	...	...	আট ইত্যাদি।

স্বাক্ষর।

কালেক্টর।

[রেজিস্টরী করিবার বন্দর।]

৬ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দরে জাহাজের রেজিস্টরী হইতে পারিবে। এবং ব্রিটনীয় ভারতবর্ষের নানা স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ আপনারদের অধীন যে২ স্থান এই আইনমত রেজিস্টরী করিবার বন্দর প্রকাশ করেন সেই২ স্থানে রেজিস্টরী হইতে পারিবে। কিন্তু যদি কোন জাহাজ পূর্ব্বোক্ত কোন বন্দরভিন্ন অন্য স্থানে নির্ম্মিত হয়, তবে নির্ম্মাণস্থানে ব্রিটনীয় যে প্রধান কর্ম্মচারী থাকেন তিনি সংশিতপত্র দিলে, কিম্বা সেই স্থানে ব্রিটনীয় কোন কর্ম্মচারী না থাকিলে ঐ স্থানের তিন জন বণিক সংশিতপত্র দিলে, পূর্ব্বোক্ত যে কোন বন্দরে রেজিস্টর করিবার অভিপ্রায় থাকে, জাহাজ প্রথম যাত্রায় সেই বন্দরে যাইতে পাইবে। রেজিস্টরীর সংশিতপত্রে জাহাজের স্বামিত্বের ও বর্ণনার যে২ বিবরণ লিখিতে হয়, ঐ সংশিতপত্রেও সেই সকল কথা এবং যে বন্দরে জাহাজ রেজিস্টরী করিবার অভিপ্রায় হয় তাহাও লিখিতে হইবে। এবং জাহাজের নির্ম্মাণ স্থানহইতে রেজিস্টর হইবার স্থানপর্য্যন্ত জাহাজের প্রথম যাত্রাসম্পর্কে ঐ সংশিতপত্র এই আইনমতে রেজিস্টরীর সংশিতপত্রের তুল্য বলবৎ হইবে। কিন্তু পূর্ব্বোক্তমতে প্রথম যাত্রায় গমনশীল ঐ জাহাজ রেজিস্টরী হইবার নিমিত্তে যত কাল সেই প্রথম যাত্রায় গমন করিতেছে কেবল তত কালপর্য্যন্ত ব্রিট-

that such ship so proceeding on their first voyage as aforesaid shall be deemed British ships only whilst duly prosecuting such first voyage for the purpose of registry, and if they be not registered within a reasonable time after their arrival at the port of registry, the owner or master of such ship shall be liable, on information in any Court in British India by the Advocates-General of the respective Presidencies, to a penalty not exceeding five thousand Rupees.

[Registrars.]

VII. The persons authorized to make such registry, and to grant such certificates as aforesaid, shall be the collector of duties at any port in the said territories, and such other different persons as the Local Government may, from time to time, appoint in that behalf.

[Book of Registry.]

VIII. At every port where registry shall be made in pursuance of this Act a book shall be kept by the Registering Officer in which all the particulars contained in the form of the Certificate of the Registry hereinbefore directed to be used shall be duly entered. Every registry shall be numbered in progression, beginning such progressive numeration at the commencement of each year: And such Registering Officer shall forthwith, or within one month at the furthest, send to the Local Government to which he is subordinate a true copy, together with the number of every certificate which shall be by him so granted.

[Declaration.]

IX. No registry shall henceforth be made or certificate be granted, until the following declaration be made or subscribed before the Registering Officer, by the owner or major part of the owners of the ship required to be registered:—

I, *A B*, of (*place of residence and occupation*), do truly declare that the ship (*name*) of (*port or place*) whereof (*master's name*) is at present master, being (*kind of build, burthen, &c., as described in the certificate of the Surveying Officer*), was (*when and where*) built, and that I the said (*A B*) and the other owners (*names and occupations, if any, and where they respectively reside*) am (*or* are) sole owner (*or* owners) of the said ship, and that no other person or persons whatever hath or have any right, title, interest, share or property therein or thereto; and that I the said (*A B*) and the said other owners (if any) am (*or* are) truly and *bonâ fide* a subject (*or* subjects) of Her Majesty for whom the Governor General of India in Council has power to legislate, and that no person not

ষীয় জাহাজ জ্ঞান হইবে। সেই রেজিষ্ট্রী বন্দরে পঁহুছিবার পর যদি উপযুক্ত সময়ের মধ্যে রেজিষ্ট্রী না হয়, তবে ঐ২ প্রেসীডেন্সীর আডবোকেট জেনরল সাহেব ব্রিটনীয় ভারতবর্ষের কোন আদালতে সেই কথা জ্ঞাত করিলে ঐ জাহাজের স্বামির কি অধ্যক্ষের পাঁচ সহস্র টাকার অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[রেজিষ্ট্রারদের কথা।]

৭ ধারা। পূর্ব্বোক্ত দেশের অন্তর্গত কোন বন্দরে যিনি মাস্তুল আদায় করিবার কার্য্যে নিযুক্ত হন তিনি, এবং স্থানীয় গবর্ণমেণ্ট অন্য কি ভিন্ন যে ব্যক্তিদিগকে সময়ে২ নিযুক্ত করেন তাঁহারা, পূর্ব্বোক্ত রেজিষ্ট্রী করিতে ও সংশিতপত্র প্রদান করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[রেজিষ্ট্রী বহীর কথা।]

৮ ধারা। যে প্রত্যেক বন্দরে এই আইন অনুক্রমে রেজিষ্ট্রী কার্য্য করা যায়, সেই বন্দরে রেজিষ্ট্রী কার্য্যকারক একখানি বহী রাখিবেন। উপরি ভাগে রেজিষ্ট্রীর সংশিতপত্র যে পাঠে করিবার আজ্ঞা হইয়াছে সেই পাঠে যে সকল বিবরণ লেখা গেল, তাহা ঐ বহীতে লিখিতে হইবে। রেজিষ্ট্রী বহীতে যে প্রত্যেক বিষয় লেখা যায় তাহাতে ১, ২, ক্রমে নম্বর দেওয়া যাইবে। প্রতি বৎসরের আরম্ভে ১ অবধি নম্বর দিতে হইবে। উক্ত রেজিষ্ট্রী কার্য্যকারক কোন সংশিতপত্র দিলে পর, স্থানীয় যে গবর্ণমেণ্টের অধীন হন সেই গবর্ণমেণ্টে অগোণে কিম্বা গৌণ হইলে এক মাসের অনধিক কালের মধ্যে ঐ সংশিতপত্রের নম্বরসহিত তাহার অবিকল প্রতিলিপি প্রেরণ করিবেন ইতি।

[পরিজ্ঞাপনের কথা।]

৯ ধারা। যে জাহাজের রেজিষ্ট্রী করিতে হইবে, তাহার স্বামী কি স্বামিরদের মধ্যে অধিকাংশ ব্যক্তি রেজিষ্ট্রী কার্য্যকারকের সম্মুখে নিম্ন লিখিত কথা পরিজ্ঞাপন ও তাহাতে স্বাক্ষর না করিলে, রেজিষ্ট্রী করা যাইবে না ও সংশিতপত্র দেওয়া যাইবে না। পরিজ্ঞাপনপত্রের মর্ম্ম এই।

অমুক বন্দরের কি স্থানের অমুক নামক জাহাজে অমুক সাহেব এক্ষণে অধ্যক্ষ আছেন, (সর্বেয়র কার্য্যকারক সাহেবের সর্টিফিকটে যদ্রূপ নির্দ্দিষ্ট হইয়াছে, তদ্রূপে নির্ম্মিত ও এত মণ বোঝাইধারী) সেই জাহাজ অমুক সময়ে অমুক স্থানে নির্ম্মিত হইয়াছিল। ও অমুক স্থানবাসি শ্রী অমুক আমি ঐ জাহাজের একি স্বামী (কিম্বা অনেক স্বামী থাকিলে) আমি, এবং (অমুক২ স্থানবাসি অমুক২ ব্যবসায়ী শ্রী অমুক ও শ্রী অমুক প্রভৃতি) আমরা ঐ জাহাজের স্বামী আছি। তাহাতে অন্য কোন ব্যক্তির কি ব্যক্তিরদের কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক কি অংশ কি স্বামিত্ব নাই। আরো মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর যে প্রজারদের পালনার্থ ব্যবস্থা করিতে ক্ষমতাপন্ন হন, উক্ত শ্রী অমুক আমি এবং উক্ত অন্য স্বামিরা সত্য ও প্রকৃত তাঁহার প্রজা। ও যে জন পূর্ব্বোক্তরূপ প্রজা নহে উক্ত জাহাজে

being subject as aforesaid, directly or indirectly, hath any share or part interest in the said ship.

Provided that if the Registering Officer shall see occasion to doubt the truth of any of the facts contained in the above declaration, he shall not deem such declaration to be conclusive, but may refuse the registry or certificate; and his discretion exercised in this behalf shall be subject only to an appeal to the Local Government to which he is subordinate.

[Further declaration where requisite number of joint owners do not attend]

X. In case the required number of joint owners of any ship shall not personally attend to make and subscribe the declaration hereinbefore directed to be made and subscribed, then and in such case such owner as shall personally attend and make and subscribe the declaration aforesaid, shall further declare that the part owner or part owners of such ship then absent, is or are not resident within twenty miles of such port or place, and hath or have not, to the best of his knowledge or belief, wilfully absented himself in order to avoid the making the declaration hereinbefore directed to be made and subscribed, or is prevented by illness from attending to make and subscribe the said declaration.

[Measurement to be made]

XI. Previous to the registering or granting of any Certificate of Registry as aforesaid, some person appointed by the Local Government, taking to his assistance, if he shall judge it necessary, some person skilled in the building and admeasurement of ships, shall go on board of every such ship that is to be registered, and shall strictly and accurately examine and admeasure every such ship as to all and every particular contained in the form of the certificate hereinbefore directed, in the presence of the master, or of any other person who shall be appointed for that purpose on the part of the owner, or in his absence, by the said master, and shall deliver a true and just account in writing of all such particulars of the build, description, and admeasurement of every such ship as are specified in the form of the certificate above recited to the Officer authorized to make such Registry and grant such Certificate of Registry as aforesaid. The said master, or other person attending on the part of the owner, is hereby required to sign his name also to the certificate of such [illegible]

এমত কোন ব্যক্তির স্পষ্টরূপে কি চক্রান্তে কোন অংশ কি অংশিত্ব সম্পর্ক নাই। এই কথা অমুক স্থানবাসি শ্রী অমুক আমি সত্য জানাইলাম ইতি।

পরন্তু উক্ত পরিজ্ঞাপনপত্রে যে সকল কথা ব্যক্ত হইয়াছে যদি রেজিষ্টরী কার্য্যকারক কোন হেতুতে তাহার কোন কথার সত্যতা বিষয়ে সন্দেহ করেন, তবে ঐ পরিজ্ঞাপন সিদ্ধান্ত জ্ঞান করিবেন না, বরং ঐ রেজিষ্টরী করিতে কি সংশিতপত্র দিতে অস্বীকার করিতে পারিবেন। আর এই বিষয়ে তিনি স্বীয় বিবেচনামতে যাহা করেন তাহার উপর তিনি স্থানীয় যে গবর্ণমেণ্টের অধীন হন কেবল সেই গবর্ণমেণ্টে আপীল হইতে পারিবে ইতি।

[স্বামিরদের যত জনের উপস্থিত হওয়া প্রয়োজন তত জন উপস্থিত না হইলে অধিক পরিজ্ঞাপনের কথা।]

১০ ধারা। ইহার পূর্ব্ব ধারাতে যে পরিজ্ঞাপনপত্র করিয়া স্বাক্ষর করিবার আদেশ হইয়াছে, তাহা করিবার জন্যে জাহাজের সাধারণ যত স্বামির উপস্থিত হইবার প্রয়োজন যদি তত জন উপস্থিত না হন, তবে যে স্বামী স্বয়ং উপস্থিত হইয়া উক্ত পরিজ্ঞাপন করিয়া তাহাতে স্বাক্ষর করেন, তাঁহার এই অধিক কথার পরিজ্ঞাপন করিতে হইবে, যথা ঐ জাহাজের স্বামিত্বের যে অংশী কি অংশিগণ তৎকালে উপস্থিত নহেন, তিনি কি তাঁহারা ঐ বন্দর কি স্থানহইতে বিশ মাইলের মধ্য কোন স্থানে বাস করেন না এবং উপরিভাগে যে পরিজ্ঞাপন করিয়া স্বাক্ষর করিবার আজ্ঞা হইয়াছে তাহা না করণের অভিপ্রায়ে তিনি কি তাঁহারা ইচ্ছাপূর্ব্বক অনুপস্থিত হন নাই অথবা তিনি কি তাঁহারা পীড়াপ্রযুক্ত উপস্থিত হইয়া ঐ পরিজ্ঞাপন করিয়া তাহাতে স্বাক্ষর করিতে পারিলেন না ইহা আমি আপন জ্ঞান ও বিশ্বাসমতে কহিতে পারি ইতি।

[মাপ লইবার কথা।]

১১ ধারা। পূর্ব্বোক্তমতে কোন জাহাজের রেজিষ্টরী হইবার কি রেজিষ্টরীর সংশিতপত্র দত্ত হইবার পূর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিযুক্ত ব্যক্তি তদ্রূপ যে জাহাজের রেজিষ্টরী করিতে হইবে সেই জাহাজে যাইবেন, ও যদি আবশ্যক বোধ করেন, তবে জাহাজের নির্ম্মাণ ও পরিমাণ করিবার দক্ষ কোন ব্যক্তিকে সঙ্গে লইয়া অধ্যক্ষের সাক্ষাতে কিম্বা অন্য যে ব্যক্তি স্বামির পক্ষে নিযুক্ত হন তাঁহার সাক্ষাতে কিম্বা স্বামির অনুপস্থানে উক্ত অধ্যক্ষকর্ত্তৃক নিযুক্ত ব্যক্তির সাক্ষাতে পূর্ব্বোক্ত সংশিতপত্রের পাঠে যে সকল বিবরণ লিখিবার আদেশ হইয়াছে, সেই সকল ও সেই প্রত্যেক বিষয় সম্পর্কে অতি সূক্ষ্ম ও যথার্থরূপে তদ্রূপ প্রত্যেক জাহাজের পরীক্ষা ও পরিমাণ গ্রহণ করিবেন। ও উপরোক্ত সংশিতপত্রের পাঠে যেং বৃত্তান্ত নির্দ্দিষ্ট হইয়াছে, তদ্রূপ প্রত্যেক জাহাজের নির্ম্মাণের ও প্রকারের ও পরিমাণের সেই বৃত্তান্তের সত্য ও যথার্থ বিবরণ লিখিয়া যে কার্য্যকারক রেজিষ্টরী করিতে ও রেজিষ্টরীর সংশিতপত্র প্রদান করিতে ক্ষমতাপন্ন হন তাঁহাকে দিবেন। উক্ত নিরূপপত্রে যে সকল কথা লিখিত ও নির্দ্দিষ্ট হয় তাহাতে সেই অধ্যক্ষ কিম্বা স্বামির পক্ষে অন্য যে ব্যক্তি উপস্থিত থাকেন, তিনি যদি [illegible] হন [illegible]

veying or Examining Officer, in testimony of the truth thereof: provided such master or other person shall consent and agree to the several particulars set forth and described therein.

[Rules of measurement.]

XII. From and after the commencement of this Act, the tonnage of every ship required by law to be registered shall, previous to her being registered, be measured and ascertain while her hold is clear, and according to the following rule (that is to say), divide the length of the upper deck between the afterpart of the stem and the forepart of the stern-post, into six equal parts Depths: at the foremost, the middle, and the aftermost of those points of division, measure in feet and decimal parts of a foot the depths from the under side of the upper deck to the ceiling at the limber strake. In the case of a break in the upper deck, the depths are to be measured from a line stretched in a continuation of the deck. Breadths: divide each of those three depths into five equal parts, and measure the inside breadths at the following points, *videlicet*, at one-fifth and at four-fifths from the upper deck of the foremost and aftermost depths, and at two-fifths and four-fifths from the upper deck of the midship depth. Length: at half the midship depth measure the length of the vessel from the afterpart of the stem to the forepart of the sternpost, then to twice the midship depth add the foremost and the aftermost depths (for the sum of the depths; add together the upper and lower breadths at the foremost division, three times the upper breadth and the lower breadth at the midship division, and the upper and twice the lower breadth at the after division, for the sum of the breadths; then multiply the sum of the depths by the sum of the breadths, and this product by the length, and divide the final product by three thousand five hundred, which will give the number of tons for register. If the vessel have a poop or half deck, or a break in the upper deck, measure the inside mean length, breadth, and height of such part thereof as may be included within the bulk-head; multiply these three measurements together and dividing the product by 92·4, the quotient will be the number of tons to be added to the result as above found. In order to ascertain the tonnage of open vessels, the depths are to be measured from the upper edge of the upper strake.

[Measurement of steam vessels.]

XIII. In each of the several rules hereinbefore prescribed, when applied for the purpose of ascertaining the tonnage of any ship propelled by steam, the tonnage due to the cubical contents of the engine-room shall be deducted from the total tonnage of the ship as determined by either of the rules

[*Government Gazette, 13th November 1860.*]

হইল, যে ঐ পরিদর্শক কি পরীক্ষাকারির কথার সত্যতার প্রমাণে তিনিও ঐ বিবরণপত্রে আপনার নাম স্বাক্ষর করেন ইতি।

[পরিমাণের বিধি।]

১২ ধারা। আইন প্রচলিত হইবার সময়াবধি আইনঅনুসারে যে সকল জাহাজ রেজিষ্টরী করিতে হয় তাহা রেজিষ্টর করিবার পূর্ব্বে, খোল শূন্য থাকিতে ঐ জাহাজের প্রসর নিম্ন লিখিত বিধিমতে পরিমাণ করিয়া নিশ্চয় করিতে হইবে। বিশেষতঃ জাহাজের অগ্রভাগের অন্তর্ভাগ হইতে পশ্চাদভাগের অন্তর্ভাগ পর্য্যন্ত উপরিস্থ তুতক যত দীর্ঘ হয়, তাহা মাপিয়া সমান ছয় ভাগ কর। গভীরতার পরিমাণ। উক্ত ছয় ভাগের প্রথম ও মধ্যম ও শেষ ভাগে তুতকের নিম্নভাগহইতে লিম্বর ষ্ট্রেকের অর্থাৎ জাহাজের অন্তরস্থ তলভাগের তক্তা পর্য্যন্ত কত ফুট ও ফুটের কত দশাংশ দীর্ঘ হয় তাহার মাপ লও। উপরিস্থ তুতকের যে স্থানহইতে মাপ করিতে হইবে সেই স্থানে যদি ফাঁক থাকে তবে ঐ শূন্য স্থানে দড়ি কশিয়া টানিয়া সেই স্থানহইতে মাপ লইতে হইবে। প্রশস্ততার পরিমাণ। গভীরতার যে পরিমাণ গ্রহণ হইয়াছে, তাহার প্রত্যেককে সমান পাঁচ ভাগে বিভাগ কর, পরে প্রথম ও শেষ যে স্থানে দীর্ঘতার মাপ করা গেল, তাহার উক্ত পঞ্চ ভাগের প্রথমও চতুর্থ আঁকে এবং মধ্যম স্থানের ঐ পঞ্চম ভাগের দ্বিতীয় ও চতুর্থ আঁকে প্রশস্ততার মাপ লও। দীর্ঘতার মাপ। গভীরতার মধ্য ভাগের মধ্যাংশ ধরিয়া অগ্রভাগের অন্তর্ভাগ হইতে পশ্চাদ্ভাগের অন্তর্ভাগ পর্য্যন্ত দীর্ঘতার পরিমাণ লও। পরে সেই মধ্যাংশের গভীরতার দ্বিগুণ ধর ও তাহাতে প্রথম ও শেষভাগের গভীরতার অঙ্ক সঙ্কলন করিলে গভীরতাব মোটাঙ্ক পাওয়া যায়। পরে প্রথম ভাগের প্রথম ও চতুর্থ আঁকে যত প্রশস্ততা ধরা গিয়াছে তাহা, এবং মধ্যভাগের দ্বিতীয় ও চতুর্থাঙ্কে যত প্রশস্ততা ধরা গিয়াছে তাহার তিন গুণ, ও শেষ ভাগের প্রথমাঙ্কে যে প্রশস্ততা তাহাও চতুর্থাঙ্কে প্রশস্ততার দ্বিগুণ এই সকলে মোট পরিসর ধরিতে হইবে। পরে গভীরতার মোট ও প্রশস্ততার মোটাঙ্ক পূরণ করিয়া তাহার ফলিতাঙ্ক দীর্ঘতার অঙ্কে পূরণ কর ও শেষ ফলিতাঙ্ক ৩৫০০ দ্বারা হরণ কর। যত টন রেজিষ্টর করিতে হইবে তাহা ঐ ফলে জানা যাইবে। যদি জাহাজের ছত্রী থাকে কি অর্দ্ধতুতক কি তুতকের এক ভাগের ভঙ্গি হয় তবে ঐ ভাগের দুই দেওয়ালের মধ্য যে স্থান তাহার দীর্ঘতা ও প্রশস্ততা ও উচ্চতার মধ্যম পরিমাণ লইয়া ঐ তিনের পূরণ করিয়া ফলিতাঙ্ক ৯২.৪ দ্বারা হরণ কর তাহাতে যত টন লব্ধ হয় তাহা উক্ত হিসাবমতে নিরূপিত টনের সহিত সঙ্কলন কর। যদি জাহাজ অনর্গল অর্থাৎ সোজাসোজী হয়, তবে তলস্থ উপরি ভাগের তক্তার উপরাংশ হইতে গভীরতার পরিমাণ লইয়া জাহাজের বোঝাই নিরূপণ করিতে হইবে ইতি।

[ষ্টীম জাহাজের পরিমাণ লইবার কথা।]

১৩ ধারা। ষ্টীমের বলে যে জাহাজ প্রচলিত হয়, যখন তাহার প্রসর নিরূপণ করিবার জন্যে পূর্ব্ববিধিমতে করা যায়, তখন পূর্ব্বোক্ত বিধিমতে জাহাজে যত টন ধরিতে পারে, তাহার মোটহইতে কলঘরের পরিমাণানুসারে তাহার অংপ্রসর বাদ দিতে হইবে। অবশিষ্ট যে অঙ্ক থাকে জাহাজ তত টনধারী বলিয়া

aforesaid, and the remainder shall be deemed the true register tonnage of the said ship. The tonnage due to the cubical contents of the engine-room shall be determined in the following manner (that is to say),—measure the inside length of the engine-room in feet and decimal parts of a foot from the foremost to the aftermost bulk-head, then multiply the said length by the depth of the ship at the midship division as aforesaid, and the product by the inside breadth at the same division at two-fifths of the depth from the deck taken as aforesaid, and divide the last product by 92·4, and the quotient shall be deemed the tonnage due to the cubical contents of the engine-room.

[Alterations in steam-vessels requiring new registry.]

XIV. The tonnage due to the cubical contents of the engine-room and also the length of the engine-room, shall be set forth in the Certificate of Registry as part of the description of the ship, and any alteration of such tonnage due to the cubical contents of the engine-room, or of such length of the engine-room, after registry, shall be deemed to be an alteration requiring registry *de novo*.

[Measurement of laden vessels.]

XV. For the purpose of ascertaing the tonnage of all such ships whether belonging to the United Kingdom or otherwise, as there shall be occasion to measure while their cargoes are on board, the following rule shall be observed and is hereby established (that is to say,)—measure, *first*, the length on the upper deck between the after-part of the steam and the forepart of the stern-post; *secondly*, the inside breadth on the underside of the upper deck at the middle point of the length; and, *thirdly*, the depth from the underside of the upper deck down the pump well to the skin: multiply these three dimensions together, and divide the product by one hundred and thirty, and the quotient will be the amount of the register tonnage of such ships.

[Registered tonnage to be marked on main beam.]

XVI. The true amount of the register tonnage of every merchant ship belonging to the United Kingdom, to be ascertained according to the rule by this Act established in respect of such ships, shall be deeply carved or cut in figures of at least three inches in length on the main beam of every such ship, prior to her being registered.

[Registered tonnage to be repeated in every subseqnent register.]

XVII. Whenever the tonnage of any ship shall have been ascertained according to the rules herein prescribed, such amount of tonnage

রেজিষ্টর হইবে। কলঘরের ঘন পরিমাণ বিবেচনায় যত টন বাদ দিতে হইবে তাহা নিরূপণ করিবার বিধি এই। কলঘরের সম্মুখ প্রাচীরহইতে পশ্চাৎ প্রাচীর পর্য্যন্ত যত ফুট ও ফুটের যত দশমাংশ হয় তাহার পরিমাণ লও। পরে জাহাজে পূর্ব্বোক্ত মধ্যভাগে যে গভীরতা নিরূপণ হইয়াছে তাহা এই কল ঘরের দীর্ঘতাতে পূরণ কর। ও তূতকহইতে সেই মধ্যভাগের পঞ্চাংশের দ্বিতীয়াংশে অন্তরীয় প্রশস্ততার পরিমাণ লইয়া সেই ফলিতাঙ্কে পূরণ কর। এই শেষ ফলিতাঙ্ক ৯২·৪ দ্বারা হরণ কর তাহাতে যে লব্ধ হয় কলঘরের ঘনপরিমাণানুসারে তত টন ধরিতে হইবে ইতি।

[ষ্টীমরের পরিবর্ত্তন হইয়া নূতন রেজিষ্টরীর প্রয়োজন হইলে তাহার কথা।]

১৪ ধারা। কলঘরের ঘন পরিমাণ বিবেচনায় তাহার যত টন ধরিতে হইবে তাহা ও কলঘরের দীর্ঘতা জাহাজের বর্ণনার একাংশস্বরূপে রেজিষ্টরীর সংশিতপত্রে লিখিতে হইবে। রেজিষ্টরী হইবার পরে যদি কলঘরের ঘণ পরিমাণ পরিবর্ত্তন হওয়াতে অধিক কি অল্প টন ধরে কিম্বা যদি কলঘরের দীর্ঘতার পরিবর্ত্তন হয় তবে সেই পরিবর্ত্তন হেতুক নূতন রেজিষ্টরী হওয়া আবশ্যক জ্ঞান হইবে ইতি।

[বোঝাই জাহাজের পরিমাণ লইবার বিধি।]

১৫ ধারা। সংযুক্ত রাজ্যের কি অন্য দেশের জাহাজে মাল বোঝাই থাকিতে যদি তাহার পরিমাণ গ্রহণ করা প্রয়োজন হয়, তবে নিম্ন লিখিত বিধি অবধারিত হইয়াছে। সেই বিধিমতে কর্ম্ম করিতে হইবে। বিশেষতঃ প্রথমতঃ জাহাজের অগ্রভাগের অন্তরাংশহইতে পশ্চাদ্ভাগের অন্তরাংশ পর্য্যন্ত উপরি তূতকের পরিমাণ। দ্বিতীয়তঃ ঐ দীর্ঘতার মধ্যভাগে তূতকের নিম্নাংশের প্রশস্ততার পরিমাণ, ও তৃতীয়, তূতকের নিম্নভাগহইতে জল তুলিবার কূপ দিয়া তলস্থ তক্তা পর্য্যন্ত গভীরতার পরিমাণ লইয়া ও তিন পরিমাণের অঙ্ক পূরণ করিয়া ফলিতাঙ্ক ১৩০ দ্বারা হরণ কর তাহাতে যে অঙ্ক লব্ধ হয় জাহাজের তত টন বোঝাই ধরিতে হইবে ইতি।

[যত টনধারি বলিয়া জাহাজ রেজিষ্টর হয় তাহা প্রধান কড়ীতে অঙ্কিত করিবার কথা।]

১৬ ধারা। সংযুক্ত রাজ্যের কোন বাণিজ্য জাহাজে যত টন ধরে এই আইনেতে ঐ জাহাজ সম্পর্কে যে বিধি নিরূপণ হইয়াছে তদনুসারে তাহা যথার্থমতে অবধার্য্য হইলে পর, সেই জাহাজ রেজিষ্টর করিবার অগ্রে সেই অঙ্ক জাহাজের প্রধান কড়িতে তিন ইঞ্চির অন্যূন পরিমাণের অঙ্কে গভীররূপে খোদিত করা যাইবে ইতি।

[পশ্চাৎ যতবার রেজিষ্টর করা যায় ততবার ঐ বোঝা ধার্য্য হইবার কথা।]

১৭ ধারা। কোন জাহাজে যত টন ধরে তাহা পূর্ব্ব বিধিমতে অবধার্য্য হইলে, যখন ঐ জাহাজের আকারের কি [illegible] পরিবর্ত্তন না হয় কিম্বা ঐ জাহাজে

shall ever after be deemed the tonnage of such ship, and shall be repeated in every subsequent registry of such ship, unless it shall happen that any alteration has been made in the form or burthen of such ship, or it shall be discovered that the tonnage of ship had been erroneously taken and computed.

[Fraudulent use of Certificate.]

XVIII. If such certificate as aforesaid shall be sold, lent, or otherwise disposed of to any person other than those for whose use it is granted, or shall be made use of for the service of any ship other than the ship for which it is granted, such certificate shall thenceforth be void, and the master or any owner of the ship who shall be proved to have sold, lent, or disposed of such certificate, or made use of the same as aforesaid, or shall have concurred in or been privy to the committing any such offence, shall be liable, upon conviction by information as aforesaid, to a penalty not exceeding ten thousand Rupees. In case such ships shall be lost or taken by the enemy, burnt or broken up, or otherwise prevented from returning to the port at which she is registered, or shall on any account have lost and forfeited the privileges of a British ship, or shall have been seized and legally condemned for illicit trading, or shall have been taken in execution for debt and sold by due process of law, or shall have been sold to the Crown, or shall under any circumstances have been registered *de novo*, the certificate, if preserved, shall be delivered up, within one month after the arrival of the master in any port or place in British India to the Registering Officer at such port, in default whereof the master or any of the owners shall be liable, on conviction by information as aforesaid, in a penalty not exceeding five thousand Rupees. If any person not being such subject as aforesaid shall purchase or otherwise become entitled to the whole or to any part or share of or any interest in such ship, and the same shall be within the limits or any port of British India, then and in such case the Certificate of Registry shall, within seven days after such purchase or transfer of property in such ship, be delivered up to the Registering Officer at such port, and if such ship shall be in any place not within British India when such purchase or transfer of property shall take place, then the certificate shall be delivered up within fourteen days after the arrival of such ship or of the master thereof in any port of British India to the Registering Officer at such port, in default whereof the master or any of the owners shall be liable, on conviction before any Justice of the Peace, in a penalty not exceeding five thousand Rupees.

যত টন ধরে তাহার হিসাব নিরূপণে প্রমাদ হইল ইহা যত কাল প্রকাশ না হয়, তত কাল পর্য্যন্ত ঐ জাহাজে তত টন ধরে এমত বোধ হইবে, ও জাহাজের যতবার রেজিস্টরী করিতে হয় ততবার ততটনধারি জাহাজ বলিয়া তাহা রেজিস্টরী করিতে হইবে ইতি।

[সংশিতপত্রের প্রতারণাভাবে ব্যবহার করিবার কথা।]

১৮ ধারা। পূর্ব্বোক্ত সংশিতপত্র যাঁহার ব্যবহারের নিমিত্তে দেওয়া গিয়াছে যদি তদ্ভিন্ন অন্য ব্যক্তিকে বিক্রয় করা কি ধার দেওয়া যায়, কিম্বা প্রকারান্তরে হস্তান্তর করা যায়, কিম্বা যে জাহাজের নিমিত্তে দেওয়া গিয়াছে তদ্ভিন্ন অন্য কোন জাহাজে ব্যবহার হয়, তবে ঐ সংশিতপত্র তদবধি ব্যর্থ হইবে। ও সেই সংশিতপত্র বিক্রয় করিয়াছেন কি ধার দিয়াছেন কি হস্তান্তর করিয়াছেন কিম্বা পূর্ব্বোক্তমতে ব্যবহার করিয়াছেন, কিম্বা তদ্রূপ কোন অপরাধে সম্মত হইয়াছেন কি তদ্বিষয়ে সহজ্ঞানী ছিলেন এই কথা জাহাজের যে অধ্যক্ষের কি স্বামির নামে সপ্রমাণ হয়, তাঁহার প্রতি পূর্ব্বোক্ত জ্ঞাপনদ্বারা ঐ অপরাধ নির্ণয় হইলে তাঁহার দশ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। যদি তদ্রূপ কোন জাহাজ হয় কি শত্রুর হস্তে পড়ে কি দগ্ধ কি ভগ্ন হয় কিম্বা যে বন্দরে রেজিস্টরী হইয়াছিল প্রকারান্তরের বিপত্তি হেতুক সেই বন্দরে প্রত্যাগমন করিতে না পারে, কিম্বা কোন কারণে ব্রিটনীয় জাহাজের লভ্য হত ও বর্জ্জিত হয় কিম্বা বিনানুমতির বণিজ্যাচরণ হেতুক ধৃত হইয়া আইনমতে দণ্ডিত হয়, কিম্বা ঋণ সাধন হেতুক ধৃত হইয়া আইনের ক্রমানুসারে বিক্রয় হয়, কিম্বা রাজার নিকটে বিক্রয় করা যায়, কিম্বা যদি কোন কারণে তাহার নূতন রেজিস্টর করিতে হয়, তবে ঐ সংশিতপত্র সুরক্ষিত হইলে অধ্যক্ষ যখন ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যান, তখন সেই স্থানে পঁহুছিলে পর এক মাসের মধ্যে ঐ বন্দরের রেজিস্টরী কার্য্যকারককে ঐ সংশিতপত্র দিবেন। যদি না দেন তবে পূর্ব্বোক্ত সম্বাদক্রমে ঐ অপরাধ নির্ণয় হইলে অধ্যক্ষের কিম্বা স্বামিরদের মধ্য কোন ব্যক্তির পাঁচ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। যদি পূর্ব্বোক্ত মতের প্রজাভিন্ন কোন ব্যক্তি ঐ জাহাজ ক্রয় করেন, কিম্বা প্রকারান্তরে ঐ জাহাজের সমুদয় কি এক অংশ কি ভাগ কি তাহাতে কোন সম্পর্ক প্রাপ্ত হন, ও সেই জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরের সীমার মধ্যে থাকে, তবে ঐ জাহাজ ক্রয় করণের কি জাহাজে স্বামিত্ব হস্তান্তর করণের পর সাত দিনের মধ্যে ঐ বন্দরস্থ রেজিস্টরী কার্য্যকারককে ঐ রেজিস্টরীর সংশিতপত্র অর্পণ করা যাইবে। যদি ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে জাহাজ থাকনকালে ঐ ক্রয় কি স্বামিত্ব হস্তান্তর করা যায়, তবে সেই জাহাজ কি তদধ্যক্ষ ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে পঁহুছিলে পর চতুর্দ্দশ দিনের মধ্যে ঐ বন্দরের রেজিস্টরী কার্য্যকারককে ঐ সংশিতপত্র ফিরিয়া দিতে হইবে। যদি না দেওয়া যায় তবে শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে অপরাধ প্রমাণ হইলে অধ্যক্ষের কিম্বা স্বামিদের মধ্যে কোন ব্যক্তির পাঁচ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Change of Master.]

XIX. When and so often as the master of any ship registered in manner hereinbefore directed shall be changed, the master or owner of such ship shall deliver to the person hereinbefore authorized to make such registry and grant such Certificates of Registry at the port where such change shall take place, if it be a port within British India the Certificate of Registry belonging to such ship, who shall thereupon indorse and subscribe a memorandum of such change, and shall forthwith give notice of the same to the proper officer of the port or place where such ship was last registered pursuant to this Act, who shall likewise make a memorandum of the same in the book of registers which is hereby directed and required to be kept, and shall forthwith give notice thereof in like manner as of the original entry. But if the change do not take place in any port within British India, then such delivery, memorandum, and endorsement shall be made and notice given at the first port within British India at which the new master shall arrive after such change. In default of such delivery of the certificate, such new master or any of the owners shall be liable, on conviction before a Justice of the Peace, to a penalty not exceeding five thousand Rupees.

[Name of ship.]

XX. It shall not be lawful for any owner of any ship to give any name to such ship other than that by which she was first registered in pursuance of this Act. The owner of every ship which shall be so registered, shall, before such ship, after such registry, shall begin to take in any cargo, paint or cause to be painted, in white, or yellow letters of a length of not less than four inches, upon a black ground on some conspicuous part of the stern, the name by which such ship shall have been registered pursuant to this Act, and the port to which she belongs, in a distinct and legible manner, and shall so keep and preserve the same. If such owner or master of such ship shall permit such ship to begin to take in cargo before her name has been so painted as aforesaid, or shall wilfully alter, erase, obliterate, or in anywise hide or conceal, or cause or procure or permit the same to be done, or shall in any written or printed paper or other document describe such ship by any name other than that by which she was first registered pursuant to this Act, or shall verbally describe, or cause or procure or permit such ship to be described by any other name to any Officer of Revenue in the due execution of his duty, then and in every such case the Certificate of Registry shall thenceforth become void, and such owner or mas-

[অধ্যক্ষ পরিবর্ত্তনের কথা।]

১৯ ধারা। উপর লিখিত বিধিমতে যে জাহাজ রেজিস্টর করা যায় যদি অধ্যক্ষের পরিবর্ত্তন হয় তবে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে তদ্রূপ পরিবর্ত্তন হইলে যিনি সেই বন্দরে পূর্ব্বোক্ত রেজিস্টরী করিবার ও রেজিস্টরী সংশিতপত্র দিবার ক্ষমতাপন্ন হন, তাঁহাকে ঐ অধ্যক্ষ কি স্বামী ঐ জাহাজের রেজিস্টরীর সংশিতপত্র দিবেন। তিনি ঐ পত্রের পৃষ্ঠে অধ্যক্ষ পরিবর্ত্তনের কথা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া এই আইন অনুসারে ঐ জাহাজ যে বন্দরে কি স্থানে অব্যবহিত পূর্ব্বে রেজিস্টর করা যায়, তথাকার উপযুক্ত কার্য্যকারককে ঐ অধ্যক্ষ পরিবর্ত্তনের সম্বাদ দিবেন। তিনি সেই সম্বাদ পাইলে এই আইনেতে যে রেজিস্টরী বহী করিয়া রাখিবার আজ্ঞা ও আদেশ হইয়াছে তাহার মধ্যে ঐ কথা লিখিবেন, এবং আদৌ তাহাতে লিখিলে যেরূপ সম্বাদ প্রচার করিতেন তদ্রূপই প্রচার করিবেন। যদি উক্ত পরিবর্ত্তন ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত বন্দর ভিন্ন কোন স্থানে করা যায়, তবে নূতন অধ্যক্ষ ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত প্রথম যে বন্দরে পঁহুছেন সেই বন্দরে ঐ সংশিতপত্র দেওয়া যাইবে ও পত্রের পৃষ্ঠে ঐ পরিবর্ত্তনের মন্তব্য কথা লেখা যাইবে ও ঐ সম্বাদ প্রচারিত হইবে। যদি ঐ সংশিতপত্র তদ্রূপে না দেওয়া যায়, তবে শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে অপরাধ প্রমাণ হইলে ঐ নূতন অধ্যক্ষের কি স্বামিদের কোন জনের পাঁচ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[জাহাজের নামের কথা।]

২০ ধারা। জাহাজ এই আইন অনুসারে যে নামে রেজিস্টর হইয়াছে কোন স্বামী ঐ জাহাজের অন্য নাম দিতে পারিবেন না। পূর্ব্বোক্তমতে যে জাহাজ রেজিস্টর করা যায় তাহা রেজিস্টর হইলে পর ও তাহাতে কোন মাল বোঝাই করিতে আরম্ভ করিবার পূর্ব্বে ঐ জাহাজ এই আইনানুসারে যে নামে রেজিস্টর করা যায়, স্বামী জাহাজের পশ্চাদ্ভাগে কৃষ্ণবর্ণ তক্তাদির উপর শুক্ল কি হরিদ্বর্ণ চারি ইঞ্চির অন্যূন পরিমাণের অক্ষরে ঐ নাম, ও জাহাজ যে বন্দরের হয় সেই বন্দরের নাম স্পষ্ট ও সুপাঠ্যরূপে লিখিবেন কি লেখাইবেন ও সেই নাম তদ্রূপই রাখিবেন ও রক্ষা করিবেন। যদি স্বামী কি অধ্যক্ষ জাহাজের নাম পূর্ব্বোক্তমতে লেখাইবার পূর্ব্বে সেই জাহাজে কোন মাল উঠাইতে দেন, কিম্বা নাম লেখা গেলে পর যদি ইচ্ছাপূর্ব্বক তাহা পরিবর্ত্তন কি অবমর্দন করেন, কি উঠাইয়া দেন, কিম্বা কোন প্রকারে লুকাইয়া রাখেন কি গুপ্ত করেন কিম্বা অন্য দ্বারা তদ্রূপ করান কি করিতে প্রবৃত্তি কি অনুমতি দেন, কিম্বা এই আইন অনুসারে জাহাজের যে নাম প্রথম রেজিস্টর করা গিয়াছে যদি লিখিত কি মুদ্রিত কোন পত্রে কি অন্য লেখ্যে অন্য নামে ঐ জাহাজের বর্ণনা করেন, কিম্বা রাজস্বসম্পর্কীয় কোন কার্য্যকারক যে সময়ে আপন কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন করিতেছেন সেই সময়ে যদি অন্য নামোল্লেখে ঐ জাহাজের বাচনিক বর্ণনা করেন কি অন্য দ্বারা করান কি করিতে প্রবৃত্তি কি অনুমতি দেন, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে রেজিস্টরীর সংশিতপত্র তৎকালাবধি ব্যর্থ হইবে এবং পূর্ব্বোক্ত আধি-

ter of such ship shall be liable, on information as aforesaid, to a penalty not exceeding ten thousand Rupees.

[Certificate of building.]

XXI. Every person who shall apply for Certificate of the Registry of any ship, shall, and is hereby required to produce to the person authorized to grant such certificate, a true and full particular under the hand of the builder of such ship, or in case the want of such certificate can be satisfactorily accounted for, then to produce other sufficient evidence of the proper denomination, and of the time when and the place where such ship was built, and also an exact account of her tonnage, and shall also make and subscribe a declaration before the person hereinbefore authorized to grant such certificate that the ship for which such certificate is required is the same as that which is so described by the builder as aforesaid.

[Certificate lost or mislaid.]

XXII. If the Certificate of Registry of any ship shall be lost or mislaid, so that the same cannot be found or obtained for her use when needful, and proof thereof shall be made to the satisfaction of the Registering Officer of the port at which the ship is registered, such Officer shall and may, where the certificate shall have been lost or mislaid, permit such ship to be registered *de novo*, and a certificate thereof to be granted: Provided always that if such ship be absent and far distant from the port to which she belongs, or by reason of the absence of the owner or of any other impediment, registry of the same cannot then be made in sufficient time, such Registering Officer shall and may grant a license for the present use of such ship, and such license shall, for the time and to the extent specified therein and no longer, be of the same force and virtue as a Certificate of Registry granted under this Act: Provided always that if the Certificate of Registry shall at any time afterwards be found, the same shall be forthwith delivered to the proper Officers of Customs to be cancelled, and that no illegal use be made of the same, in default whereof the original certificate, and the renewed certificate and license shall thenceforth become void. Any person wilfully detaining the certificate so required to be cancelled, or making any illegal use thereof, shall be liable, on conviction before any Justice of the Peace, in a penalty not exceeding five thousand Rupees.

[Detention of certificate.]

XXIII. In case any person who shall have received or obtained by any means, or for any purpose whatever, the Certificate of the Registry of any

ক্রমে ঐ জাহাজের স্বামির কি অধ্যক্ষের দশ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[জাহাজ নির্ম্মাণের সংশিতপত্রের কথা।]

২১ ধারা। যে ব্যক্তি কোন জাহাজের রেজিষ্টরীর সংশিতপত্র প্রার্থনা করেন, তাঁহার প্রতি এই আজ্ঞা হইল। তিনি ঐ জাহাজ নির্ম্মাতার স্বাক্ষরযুক্ত ঐ জাহাজের সত্য ও সম্পূর্ণ বৃত্তান্তপত্র ঐ সংশিতপত্রপ্রদানের ক্ষমতাপন্ন ব্যক্তিকে দেখাইবেন। যদি ঐ সংশিতপত্র না থাকার হেতু হৃদ্বোধমতে প্রকাশ করিতে পারেন, তবে জাহাজের নির্ম্মিতি বিধানের যে উপযুক্ত খ্যাতি, ও নির্ম্মাণের স্থানের ও সময়ের উপযুক্ত অন্য প্রমাণ, ও জাহাজে যত বোঝাই ধরে তাহার যথার্থ বিবরণপত্র দেখাইবেন। ও নির্ম্মাতা পূর্ব্বোক্তমতে যে জাহাজের বর্ণনা করিয়াছেন, সেই জাহাজের নিমিত্তে ঐ সংশিতপত্রের প্রার্থনা হইতেছে ঐ ব্যক্তি ঐ সংশিতপত্র প্রদানের ক্ষমতাপন্ন পূর্ব্বোক্ত ব্যক্তির সাক্ষাতে এই মর্ম্মের পরিজ্ঞাপন করিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

[সংশিতপত্র হারান গেলে কি অদৃশ্য হইলে তদ্বিষয়ের কথা।]

২২ ধারা। কোন জাহাজের রেজিষ্টরীর সংশিতপত্র হারান গেলে কি অলক্ষ্য স্থানে থাকিলে যদি প্রয়োজনমতে ব্যবহারের জন্যে তাহার সন্ধান কি প্রাপ্তি না হয়, ও জাহাজ যে বন্দরে রেজিষ্টরী হইল, সেই বন্দরের রেজিষ্টরী কার্য্যকারকের হৃদ্বোধমতে তাহা হারাইবার প্রমাণ করা যায়, তবে ঐ সংশিতপত্র হারান গেলে কি অলক্ষ্য স্থানে থাকিলে ঐ কার্য্যকারক সেই জাহাজের নূতন রেজিষ্টরী করিতে দিবেন, ও তাহার সংশিতপত্র দেওয়াইবেন। পরন্তু জাহাজ যে বন্দরের হয় সেই বন্দরে অনুপস্থিতি কি দূরবর্ত্তিতাপ্রযুক্ত কিম্বা স্বামির অবর্ত্তমানতা কি অন্য প্রতিবন্ধকতা হেতুক যদি তৎকালে জাহাজের রেজিষ্টরী উপযুক্ত সময়ের মধ্যে করা যাইতে না পারে, তবে ঐ রেজিষ্টরী কার্য্যকারক ঐ জাহাজের তাৎকালিক ব্যবহারার্থে এক খান অনুমতিপত্র দিবেন ও দিতে পারিবেন, ও সেই অনুমতিপত্রে যে কাল ও যে সীমা নির্দ্ধারিত হয় সেই কালের ও সেই সীমার অনধিক পর্য্যন্ত ঐ অনুমতিপত্র এই আইনমতে দত্ত রেজিষ্টরীর সংশিতপত্রের তুল্য বলবৎ ও ফলবৎ হইবে। পরন্তু যদি রেজিষ্টরীর সেই সংশিতপত্র কোন সময়ে পুনঃ পাওয়া যায়, তবে প্রয়োজন যে কষ্টমের উপযুক্ত কার্য্যকারকদিগকে অগোণে ব্যর্থ করিবার জন্যে দেওয়া যায় ও অবৈধ ব্যবহার না হয়, এই বিষয়ে ত্রুটি হইলে আদ্য সংশিতপত্র ও নূতন সংশিতপত্র ও অনুমতিপত্র তদবধি ব্যর্থ হইবে। যে সংশিতপত্র তদ্রূপে বিলোপ করিবার আজ্ঞা হইল যদি কোন ব্যক্তি তাহা ইচ্ছাপূর্ব্বক নিকট রাখেন কিম্বা তাহার অবৈধ ব্যবহার করেন তবে শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে দোষ প্রমাণ হইলে তাহার পাঁচ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[সংশিতপত্র আটক রাখিবার কথা।]

২৩ ধারা। যদি কোন ব্যক্তি আপনাকে তদ্রূপ কোন জাহাজের অধ্যক্ষ কি স্বামী কি স্বামিরদের অন্যতর ব্যক্তি কহিয়া কি অন্য কোন প্রকারে ও কোন অভিপ্রায়ে

such ship (whether he shall claim to be the master or to be the owner or one of the owners of such ship, or not), shall wilfully detain and refuse to deliver up the same to the proper Officers of Customs, for the purposes of such ship, as occasion shall require, or to the person having the actual command, possession, and management of such ship as the ostensible and reputed master, or as the ostensible and reputed owner thereof, it may and shall be lawful to and for any such last-mentioned person to make complaint on oath of such detainer and refusal to any Justice of the Peace residing near to the place where such detainer and refusal shall be and on such complaint the said Justice shall, and is hereby required by warrant under his hand and seal, to cause the person so complained against to be brought before him to be examined touching such detainer and refusal. If it shall appear to the said Justice on examination of such person, or otherwise, that the said Certificate of Registry is not lost or mislaid, but is wilfully detained by the said person, he shall be subject, on conviction before such Justice, to a penalty not exceeding one thousand Rupees ; and the said Justice shall, and he is hereby required to certify the aforesaid detainer, refusal, and conviction to the person who granted such Certificate of Registry for such ship who shall, on the terms and conditions of law being complied with, make registry of such ship *de novo*, and grant a Certificate thereof conformably to law, notifying on the back of such Certificate the ground upon which the ship was so registered *de novo*. If the person who shall have detained and refused to deliver up such Certificate of Registry as aforesaid, or shall be verily believed to have detained the same, shall have absconded so that the said warrant of the Justice cannot be executed upon him, and proof thereof shall be made to the satisfaction of the Registering Officer of the port at which the ship was registered, it shall be lawful for the said Officer to permit such ship to be registered *de novo*, or otherwise, in his discretion, to grant a license for the present use of such ship in like manner as is hereinbefore provided in the case wherein the Certificate of Registry is lost or mislaid.

[Registration *de novo*.]

XXIV. If any ship, after she shall have been registered pursuant to the directions of this Act, shall in any manner whatever be altered so as not to correspond with all the particulars contained in the certificate of her registry, or if any alteration shall take place in the ownership of any ship,

ঐ জাহাজের রেজিষ্টরী সংশিতপত্র প্রাপ্ত হন ও গ্রহণ করেন, এবং জাহাজের কার্য্যের নিমিত্তে প্রয়োজন হইলেও যদি ইচ্ছাপূর্ব্বক সেই পত্র আটক করিয়া রাখেন, ও কষ্টমের উপযুক্ত কার্য্যকারককে কিম্বা যাঁহাকে অধ্যক্ষ বলিয়া দেখা ও বলা যায় কিম্বা যাঁহাকে স্বামী বলিয়া দেখা ও বলা যায় ঐ জাহাজ এমত যে ব্যক্তির আজ্ঞাধীন ও অধিকারে ও তত্ত্বাধীনে থাকে তাঁহাকে যদি ঐ সংশিতপত্র দিতে স্বীকার না করেন, তবে ঐ পত্র আটক করণ কি দিতে স্বীকার না করণ কার্য্য যে স্থানে হইয়াছে শেষোক্ত প্রকারের কোন ব্যক্তি সেই স্থানের নিকটবাসি শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের নিকটে শপথপূর্ব্বক ঐ কার্য্যের অভিযোগ করিতে পারিবেন। তদ্রূপ অভিযোগ হইলে উক্ত জষ্টিসের প্রতি এই কর্ম্ম করিবার আদেশ হইল, যাঁহার নামে অভিযোগ হইয়াছে, সেই আটক রাখন ও দিতে স্বীকার না করণ বিষয়ে তাঁহার পরীক্ষা লইবার জন্যে তিনি আপনার স্বাক্ষরিত ও মোহরাঙ্কিত আজ্ঞাপত্র দ্বারা ঐ ব্যক্তিকে আপনার সম্মুখে উপস্থিত করেন। যদি উক্ত জষ্টিস তাঁহার পরিক্ষা দ্বারা কি অন্য প্রকারে দেখিতে পান যে রেজিষ্টরীর উক্ত সংশিতপত্র হারান যায় নাই ও অলক্ষ্য স্থানে রাখা যায় নাই, কিন্তু সেই ব্যক্তি তাহা ইচ্ছাপূর্ব্বক আটক রাখেন তবে উক্ত জষ্টিসের সম্মুখে ঐ অপরাধ নির্ণয় হইলে তাঁহার এক সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। এবং যে ব্যক্তি ঐ জাহাজের রেজিষ্টরীর উক্ত সংশিতপত্র দিয়াছিলেন তাঁহাকে উক্ত জষ্টিস ঐ ব্যক্তির উক্ত পত্র আটক রাখনের ও দিতে স্বীকার না করিবার ও তাঁহার অপরাধ নির্ণয় হইবার কথা সংশিতমতে জ্ঞাত করিবেন ও তাঁহাকে ইহাদ্বারা জ্ঞাত করিতে আজ্ঞা হইল। আইনের নিয়ম ও বিধিমতে কার্য্য হইলে পর যিনি ঐ সংশিতপত্র দিয়াছিলেন তিনি ঐ জাহাজের নূতন রেজিষ্টরী করিয়া আইন অনুসারে তদ্বিষয়ের সংশিতপত্র দিবেন। ও যে কারণে জাহাজের নূতন রেজিষ্টর হইয়াছে তাহা ঐ সংশিতপত্রের পৃষ্ঠে লিখিবেন। যে ব্যক্তি রেজিষ্টরীর পূর্ব্বোক্ত সংশিতপত্র আটক করিয়াছেন, ও দিতে স্বীকার করেন নাই, কিম্বা যাঁহার বিষয়ে তদ্রূপ আটক করিবার দৃঢ় বিশ্বাস হইল, তিনি পলায়ন করাতে যদি জষ্টিসের আজ্ঞাপত্র তাঁহার উপর সাধন হইতে না পারে, এবং জাহাজ যে বন্দরে রেজিষ্টর হইয়াছে যদি সেই বন্দরের রেজিষ্টরী কার্য্যকারকের হৃদ্বোধমতে সেই বিষয়ের প্রমাণ করা যায়, তবে সেই কার্য্যকারক ঐ জাহাজের নূতন রেজিষ্টর হইবার অনুমতি দিতে পারিবেন কিম্বা যদি বিহিত বোধ করেন তবে রেজিষ্টরীর সংশিতপত্র হারান গেলে কি অলক্ষ্য স্থানে থাকিলে ঐ জাহাজের তাৎকালিক ব্যবহারার্থে অনুমতিপত্র দিবার যে বিধান পূর্ব্বে নির্ণীত হইয়াছে সেই বিধানমতে অনুমতিপত্র দিতে পারিবেন ইতি।

[নূতন রেজিষ্টরী করিবার বিধি।]

২৩ ধারা। কোন জাহাজ এই আইনের বিধানানুসারে রেজিষ্টরী হইলে পর যদি তাহার আকারের কোন প্রকারে পরিবর্ত্তন করা যায়, ও তৎপ্রযুক্ত রেজিষ্টরীর সংশিতপত্রে যে সকল কথা বর্ণিত হইয়াছে তাহা সঙ্গত না, হয় কিম্বা যদি ঐ জাহাজের স্বামিত্বের কিম্বা এক কি অধিক অংশের স্বামিত্বের পরিবর্ত্তন হয়, তবে জাহাজ

er of any share or shares thereof, in such cases such ship shall be registered *de novo* in manner hereinbefore required as soon as she returns to the port to which she belongs, or to any other port within British India, on failure whereof such ship shall be deemed to be a ship not duly registered, and any person making use of a certificate for the purposes of any ship which has been granted in respect of the same, after the same ought to have been registered *de novo*, shall be liable, on conviction before any Justice of the Peace, to a penalty not exceeding five thousand Rupees.

[Testimony of Registering Officers.]

XXV. The Registering Officer at any port or place, and the person acting for him, shall, upon every reasonable request by any person whomsoever, produce and exhibit for his inspection and examination any declaration made by any such owner, and also any register or entry in any book of registry required, and shall upon every reasonable request by any person whomsoever permit him to take a copy, or extract thereof respectively. The copy of any such oath or declaration, registry or entry, shall, upon being proved to be a true copy thereof respectively, be received as evidence upon every trial without the production of the original, and without the testimony or attendance of any Registering Officer, or other person acting for him respectively, in all cases, as fully as such original if produced by any Registering Officer, or other person acting for him, could or might legally be admittted or received in evidence.

[False declaration. Falsifying documents.]

XXVI. If any person shall falsely make declaration to any of the matters hereinbefore required to be verified by declaration, or if any person shall counterfeit, erase, alter, or falsify any certificate or other instrument in writing required or directed to be obtained, granted, or produced by this Act, or shall knowingly or wilfully make use of any certificate or other instrument so counterfeited, erased, altered, or falsified, or shall wilfully grant such certificate or other instrument in writing, knowing it to be false, such person shall, for every such offence, be liable on conviction upon information as aforesaid, to a penalty not exceeding ten thousand Rupees. If any such offence be committed by the owner of any ship, the certificate of such ship shall thenceforth be void.

[Ships of Native States.]

XXVII. When any ship duly registered under this Act, or under any statute for the time being in force in the United Kingdom, shall come to be

যে বন্দরের হয়, সেই বন্দরে প্রত্যাগমন করিলে কিম্ব ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন বন্দরে গেলে তাহার পূর্ব্বোক্ত প্রকারে নূতন রেজিষ্টর করিতে হইবে। অ করা গেলে ঐ জাহাজ উপযুক্তমতে রেজিষ্টর না হওয় জ্ঞান হইবে। ও তাহার নূতন রেজিষ্টর হওয়া উচিত হইলে পর যদি কোন ব্যক্তি জাহাজের কোন প্রয়োজনোপলক্ষে পূর্ব্বদত্ত কোন সংশিতপত্রের ব্যবহার করেন, তবে শান্তিরক্ষার্থ কোন জষ্টীসের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তাঁহার পাঁচ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[রেজিষ্টরী কার্য্যকারকদিগের সাক্ষ্যের কথা।]

২৫ ধারা। যদি কোন ব্যক্তি কোন বন্দরের কি স্থানের রেজিষ্টরী কার্য্যকারকের ও তৎপরিবর্ত্তে কর্ম্মকারির নিকটে যুক্তিমতে প্রার্থনা করেন, তবে তিনি তাঁহার দৃষ্টি ও নিরীক্ষণ করিবার জন্যে উপরোক্ত কোন স্বামির কৃত পরিজ্ঞাপনপত্র এবং কোন রেজিষ্টরী বহীর লিখিত কোন কথা কি রেজিষ্টরও দেখাইবেন, এবং কোন ব্যক্তি যুক্তিমত প্রার্থনা করিলে তাহাকে উক্ত কোন কথার প্রতিলিপি কি অংশের প্রতিলিপি লইতে দিবেন। তদ্রূপ কোন শপথের কি পরিজ্ঞাপনের কি রেজিষ্টরীর কি লিখিত কথার প্রতিলিপি সেই২ কথার অবিকল প্রতিলিপি প্রমাণ হইলে, তাহা প্রত্যেক বিচারের কালে আদ্যলিপির তুল্য প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে। ফলতঃ কোন রেজিষ্টরী কার্য্যকারক কিম্বা তাঁহার পক্ষে কর্ম্মকারি কোন ব্যক্তি সেই আদ্যলিপি উপস্থিত করিলে তাহা আইনমতে যেমন প্রমাণস্বরূপে গ্রাহ্য কি গৃহীত হইত সেই প্রকারে গ্রাহ্য হইবে এ আদ্যলিপি দেখাইবার ও কোন রেজিষ্টরী কার্য্যকারকের কি তাঁহার পক্ষে কর্ম্মকারি অন্য ব্যক্তির সাক্ষ্য লওনের বা উপস্থিত হওনের প্রয়োজন হইবে না ইতি

[মিথ্যা পরিজ্ঞাপনের ও লিপি মিথ্যা করণের কথা।]

২৬ ধারা। পূর্ব্বোল্লিখিত যে২ কথা পরিজ্ঞাপনদ্বারা সত্যাকরণের আজ্ঞা হইয়াছে, যদি কোন ব্যক্তি সেই২ কথা সম্পর্কে মিথ্যা পরিজ্ঞাপন করেন, কিম্বা এই আইনক্রমে যে কোন সংশিতপত্র কি লিখিত অন্য লিপি প্রাপ্ত হইবার কি দিবার কি দেখাইবার আজ্ঞা কি আদেশ হইয়াছে, যদি কোন ব্যক্তি তাহা কৃত্রিম করেন কি উঠাইয়া দেন কি পরিবর্ত্তন কি মিথ্যা করেন কিম্বা তদ্রূপ কৃত্রিম করা কি উঠাইয়া দেওয়া কি পরিবর্ত্তন কি মিথ্যা করা কোন সংশিতপত্র কি অন্য লেখ্য জ্ঞান কি ইচ্ছাপূর্ব্বক ব্যবহার করেন, কিম্বা সেই সংশিতপত্র কি অন্য লেখ্য মিথ্যা জানিয়া তাহা ইচ্ছাপূর্ব্বক দেন, তবে পূর্ব্বোক্ত জ্ঞাপনিক্রমে সেই ব্যক্তির অপরাধ নির্ণয় হইলে, তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে দশ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। যদি কোন জাহাজের স্বামী তদ্রূপ অপরাধ করেন তবে তৎকালাবধি ঐ জাহাজের সংশিতপত্র ব্যর্থ হইবে ইতি।

[এদেশীয় রাজগণের জাহাজের কথা।]

২৭ ধারা। এই আইন অনুসারে কিম্বা সংযুক্ত রাজ্যেতে যে ব্যবস্থা যে সময়ে বলবৎ হয় সেই ব্যবস্থামতে কোন জাহাজ রীতিমতে রেজিষ্টরী হইলে পর যদি

to furnish such certified copy to any person applying at a reasonable time for the same, upon payment of the sum of one Rupee.

[Register and Certificates of Registry to be *primâ facie* proof of contents.]

XXXIV. Every such register, or such copy of a register, and also every Certificate or Registry granted under this Act, or any of the said Acts of Parliament, and purporting to be signed as required by law, shall be recieved in evidence in any Court of Justice, or before any person having by law or by consent of parties authority to hear, receive and examine evidence as aforesaid, as *primâ facie* proof of all the matters contained or recited in such register, when the register or such copy thereof as aforesaid, is produced, and of all the matters contained or recited in or endorsed on such Certificate of Registry, when the said certificate is produced.

PART III.

Of Official Logs.

[Official logs to be kept in forms sanctioned by Local Government.]

XXXV. An official log-book of every ship registered at any port or place in British India, except Home-trade ships of a burden not exceeding three hundred tons, shall be kept in a form sanctioned by the local Government, and such official log may, at the discretion of the master or owner, either be kept distinct from the ordinary ship's log or united therewith, so that in all cases all the blanks in the official log be duly filled up.

[Entries to be made in due time.]

XXXVI. Every entry in every official log shall be made as soon as possible after the occurrence to which it relates, and if not made on the same day as the occurrence to which it relates shall be made and dated so as to show the date of the occurrence, and of the entry respecting it; and in no case shall any entry therein in respect of any occurrence happening previously to the arrival of the ship at her final port of discharge be made more than twenty-four hours after such arrival.

[Entries required in official log.]

XXXVII. Every master of a ship for which an official log-book is hereby required, shall make

সময়ে সংশিত প্রতিলিপি প্রার্থনা করেন তবে ১৲ টাকা দিলে রেজিষ্টর যাঁহার তত্ত্বাবধানে থাকে তাঁহাকে ঐ প্রতিলিপি দিতে আদেশ হইল ইতি।

[রেজিষ্টরে ও রেজিষ্টরী সংশিতপত্রে যাহা লেখা থাকে সেই রেজিষ্টর ও পত্রই তাহার আদি প্রমাণ হইবার কথা।]

৩৪ ধারা। তদ্রূপ প্রত্যেক রেজিষ্টর কি রেজিষ্টরের প্রত্যেক প্রতিলিপি এবং এই আইনমতে কিম্বা পারলিমেণ্টের পূর্ব্বোক্ত কোন আইনমতে রেজিষ্টরীর যে প্রত্যেক সংশিতপত্র দেওয়া যায়, আইনমতে তাহাতে স্বাক্ষর হইবার আভাস দেখা গেলে, সেই রেজিষ্টর কি তাহার পূর্ব্বোক্ত প্রতিলিপি যখন কোন দেওয়ানী আদালতে কিম্বা যে ব্যক্তি আইনক্রমে কি উভয় পক্ষের সম্মতিক্রমে পূর্ব্বোক্তমতে সাক্ষ্য শ্রবণ ও গ্রহণ ও পরীক্ষা করিতে ক্ষমতাপন্ন হন তাঁহার সম্মুখে অর্পণ করা যায়, তখন আদৌ দৃষ্টে ঐ রেজিষ্টর কি প্রতিলিপি সেই রেজিষ্টরের লিখিত কথার এবং যখন রেজিষ্টরীর উক্ত সংশিতপত্র উপস্থিত করা যায়, তখন সেই সংশিতপত্রে লিখিত কি উল্লিখিত কি তৎপৃষ্ঠে লিখিত কথার প্রমাণ হইবে ইতি।

তৃতীয় খণ্ড।

সরকারী টপনামার বিধি।

[স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে প্রণালীর অনুমতি করেন সেই প্রণালীতে সরকারী টপনামা লিখিবার কথা।]

৩৫ ধারা। দেশীয় বাণিজ্যের তিন শত টনের অনধিক বোঝাইয়ের জাহাজভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে সকল জাহাজ রেজিষ্টরী করা যায় তাহাতে স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে পাঠের অনুমতি করেন সেই পাঠে সরকারী টপনামা রাখিতে হইবেক। ও কাপ্তানের কিম্বা স্বামির বিবেচনামতে সেই সরকারী টপনামা জাহাজের নিয়মিত টপনামার পৃথক্ রাখা যাইবেক কিম্বা তাহার সঙ্গে সংযুক্ত হইবেক। কিন্তু ইহাতে সর্ব্বদা প্রয়োজন যে, সরকারী টপনামায় যে সকল স্থানে কিছু কথা লিখিবার বাকী থাকে, তাহা তাহাতে নিয়মিতরূপে লেখা যায় ইতি।

[তাহাতে যে কথা লিখিতে হয় তাহা উপযুক্ত সময়ে লিখিবার কথা।]

৩৬ ধারা। কোন ব্যাপারের যে কথা টপনামায় লিখিতে হয় তাহা সেই ব্যাপার ঘটিবার পরে সাধ্যমতে ত্বরা করিয়া লিখিতে হইবেক ও যে দিনে সেই ব্যাপার ঘটে সেই দিনে যদি তাহার কথা না লেখা যায়, তবে ঐ কথা এমন ভাবে লিখিতে হইবেক ও তাহার এমন তারিখ দিতে হইবেক যে ঐ ব্যাপার যে তারিখে ঘটে ও তাহার কথা যে তারিখে লেখা যায় এই দুই প্রকাশ থাকে। আরো শেষ যে বন্দরে গেলে জাহাজের মাল উবরাণ যাইবে সেই বন্দরে পঁহুছিবার আগে যে কোন ব্যাপার ঘটে, তাহার কোন কথা ঐ জাহাজের পঁহুছিবার চব্বিশ ঘণ্টার পর কখন লিখিতে হইবেক না ইতি।

[সরকারী টপনামায় যেহ কথা লিখিতে হইবেক তাহার কথা।]

৩৭ ধারা। এই আইন দ্বারা যে জাহাজের সরকারী টপনামা রাখিবার আজ্ঞা হইয়াছে, সেই জাহাজের

or cause to be made therein entries of the following matters (that is to say),—

[Convictions.]

(1)—Every legal conviction of any member of his crew, and the punishment inflicted:

[Offence.]

(2)—Every offence committed by any member of his crew for which it is intended to prosecute or to enforce a forfeiture, or to exact a fine, together with such statement concerning the reading over such entry, and concerning the reply (if any) made to the charge, as required by Section 140:

[Punishment.]

(3)—Every offence for which punishment is inflicted on board, and the punishment inflicted:

[Conduct, &c., of crew.]

(4)—A statement of the conduct, character, and qualifications of each of his crew, or a statement that he declines to give an opinion on such particulars:

[Illness and injuries.]

(5)—Every case of illness or injury happening to any member of the crew, with the nature thereof, and the medical treatment adopted (if any:)

[Deaths.]

(6)—Every case of death happening on board and of the cause thereof:

[Births.]

(7)—Every birth happening on board, with the sex of the infant, and the names of the parents:

[Marriages.]

(8)—Every marriage taking place on board, with the names and ages of the parties:

[Quitting ship.]

(9)—The name of every seaman or apprentice who ceases to be a member of the crew, otherwise than by death, with the place, time, manner, and cause thereof:

[Wages of men entering Navy.]

(10)—The amount of wages due to any seaman who enters Her Majesty's service during the voyage:

[Wages of deceased seamen.]

(11)—The wages due to any seaman or apprentice who dies during the voyage, and the gross amount of all deductions to be made therefrom:

[Sale of deceased men's effects.]

(12)—The sale of the effects of any seaman or apprentice who dies during the voyage, including a statement of each article sold and of the sum received for it:

কাপ্তান তাহাতে এই২ বিষয়ের কথা লিখিবেন কি লেখাইবেন। অর্থাৎ,

[দোষ প্রমাণ হওনের কথা।]

১। জাহাজীয় লোকদের মধ্যে কোন ব্যক্তি আইনমতে অপরাধী প্রমাণ হইলে তাহার, ও যে দণ্ড করা গেল তাহার কথা।

[অপরাধের কথা।]

২। নাবিকদের মধ্যে কোন লোক কোন অপরাধ করিলে, যদি সেই অপরাধের অভিযোগ হইবার, কিম্বা সম্পত্তি দণ্ড সাধন করিবার, কি অর্থদণ্ড আদায় করিবার মনস্থ থাকে, তবে সেই অপরাধ লিখিতে হইবেক, ও সেই অপরাধের লিখিত কথা ঐ ব্যক্তির নিকটে পাঠ করা গেল এই কথা ও সেই ব্যক্তি অভিযোগের কিছু উত্তর করিলে ঐ উত্তর এই আইনের ১৪০ ধারামতে লিখিতে হইবে।

[দণ্ডের কথা।]

৩। যে২ অপরাধ করিলে জাহাজে দণ্ড করা যায় ও যে দণ্ড করা গেল তাহার কথা।

[নাবিকেরদের আচারপ্রভৃতির কথা।]

৪। নাবিকেরদের মধ্যে এক২ জনের আচার ও রীতিচরিত্রের ও গুণাদির কথা, কিম্বা তিনি সেই২ বিষয়ে স্বীয় মত জানাইতে চাহেন না এই কথা।

[পীড়া ও আঘাতের কথা।]

৫। নাবিকদের মধ্যে কোন কাহার কিছু পীড়া কি আঘাত হইলে তাহা, ও যে প্রকারের পীড়াপ্রভৃতি হয়, ও চিকিৎসা হইলে যে প্রকারের চিকিৎসা হইয়াছে তাহার কথা।

[মৃত্যুর কথা।]

৬। জাহাজে কেহ মরিলে তাহার কথা ও মরণের কারণ।

[জন্মের কথা।]

৭। জাহাজে শিশু অর্থাৎ বালক কি বালিকা জন্মিলে তাহার কথা ও পিতামাতার নাম।

[বিবাহের কথা।]

৮। জাহাজে কাহার বিবাহ হইলে তাহার কথা ও পুরুষের ও স্ত্রীর নাম ও বয়স।

[জাহাজ ছাড়িয়া যাইবার কথা।]

৯। যে কোন নাবিক কি শিক্ষার্থী মরণ ভিন্ন প্রকারান্তরে জাহাজীয় লোক বর্জ্জিত হয় তাহার নাম ও যে২ স্থানে ও সময়ে ও প্রকারে ও কারণে নাবিকদের মধ্যে গণ্য নয় তাহার কথা।

[যুদ্ধজাহাজে যাহারা ভর্ত্তি হয় তাহারদের বেতনের কথা।]

১০। জাহাজের যাত্রা কালে যে কোন নাবিক শ্রীশ্রীমতী মহারাণীর অধীন জাহাজের কর্ম্মে ভর্ত্তি হয় তাহারদের যত বেতন পাওনা থাকে তাহার কথা।

[মৃত নাবিকেরদের বেতনের কথা।]

১১। জাহাজের যাত্রাকালে যে কোন নাবিক কি শিক্ষার্থী মরে তাহার যত বেতন পাওনা থাকে ও তাহাহইতে যত টাকা বাদ দিতে হইবে তাহার মোট।

[মৃত নাবিকেরদের দ্রব্যসামগ্রী বিক্রয়ের কথা।]

১২। জাহাজের যাত্রাকালে যে কোন নাবিক কি শিক্ষার্থী মরে তাহার দ্রব্যসামগ্রী বিক্রয় হইবার কথা ও যে২ দ্রব্য বিক্রয় হইল ও এক২ দ্রব্য যে দরে বিক্রয় হইল তাহার কথা।

[Collisions.]

(13)—Every collision with any other ship, and the circumstances under which the same occurred.

[Entries how to be signed.]

XXXVIII. The entries hereby required to be made in official log-books shall be signed as follows (that is to say), every such entry shall be signed by the master and by the mate or some other of the crew, and every entry of illness, injury, death, or birth, shall be also signed by the surgeon or medical practitioner on board (if any): and every entry of wages due to, or of the sale of the effects of, any seaman or apprentice who dies, shall be signed by the master and by the mate and some other member of the crew; and every entry of wages due to any seaman who enters Her Majesty's service shall be signed by the master and by the seaman, or by the officer authorized to receive the seaman into such service.

[Penalties in respect of official logs.]

XXXIX. The following offences in respect of official log-books shall be punishable as hereinafter mentioned (that is to say),—

(1.)—If in any case an official log-book is not kept in the manner hereby required, or if any entry hereby directed to be made in any such log-book is not made at the time and in the manner hereby directed, the master shall, for each such offence, incur the specific penalty herein mentioned in respect thereof, or where there is no such specific penalty, a penalty not exceeding fifty Rupees.

(2.)—Every person who makes or procures to be made or assists in making any entry in an official log-book, in respect of any occurrence happening previously to the arrival of the ship at her final port of discharge in British India, more than twenty-four hours after such arrival shall, for each such offence, incur a penalty not exceeding three hundred Rupees.

(3.)—Every person who wilfully destroys or mutilates or renders illegible any entry in any official log-book, or who wilfully makes or procures to be made or assists in making any false or fraudulent entry or omission in any such log-book, shall, for each such offence, be liable to imprisonment, with or without hard labour, for a term not exceeding one year.

[Entries in official logs to be received in evidence.]

XL. All entries made in any official log-book as hereinbefore directed shall be received in

[অন্য জাহাজে ধাক্কা লাগিবার কথা।]

১৩। অন্য কোন জাহাজে ধাক্কা লাগিলে তাহার কথা ও যে প্রকারে হইয়াছিল তাহার বর্ণন।

[ঐ সকল কথাতে যে প্রকারে স্বাক্ষর করিতে হইবেক তাহার কথা।]

৩৮ ধারা। এই আইনেতে সরকারী টপনামার যে২ কথা লিখিবার আজ্ঞা হইয়াছে, সেই২ কথায় এই২ প্রকারে স্বাক্ষর করিতে হইবেক, অর্থাৎ, সেই প্রকারের লেখা প্রত্যেক কথাতে কাপ্তান ও মালিম কিম্বা নাবিকেরদের কোন ব্যক্তি স্বাক্ষর করিবেন। পীড়ার কি আঘাতের কি মৃত্যুর কি জন্মের যে২ কথা লেখা যায় জাহাজে কোন ডাক্তর কি চিকিৎসক সাহেব থাকিলে তিনিও তাহাতে স্বাক্ষর করিবেন। কোন নাবিক কি শিক্ষার্থী মরিলে তাহার পাওনা বেতনের কিম্বা তাহার দ্রব্যসামগ্রী বিক্রয় হইবার যে২ কথা লেখা যায় তাহাতে কাপ্তান ও মালিম ও নাবিকেরদের মধ্যে কোন এক জন স্বাক্ষর করিবেন। ও কোন নাবিক শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজে ভর্ত্তি হইলে, তাহার পাওনা বেতনের কথায় কাপ্তান ও সেই নাবিক স্বাক্ষর করিবেন, কিম্বা যে সাহেব ঐ নাবিককে ভর্ত্তি করিতে ক্ষমতা পান তিনি তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

[সরকারী টপনামা সম্পর্কীয় দণ্ডের কথা।]

৩৯ ধারা। সরকারী টপনামা সম্পর্কীয় যে২ অপরাধ নিম্নে লেখা যাইতেছে তাহার এই২ দণ্ড হইবে। বিশেষতঃ—

১। এই আইনে টপনামা যে প্রকারে রাখিবার আজ্ঞা হইয়াছে সেই প্রকারে যদি না রাখা যায়, কিম্বা তদ্রূপ টপনামায যে কোন কথা লিখিবার আজ্ঞা হইযাছে সেই কথা যদি এই আইনের আজ্ঞাপিত সময়ে ও প্রকারে না লেখা যায, তবে এই আইনে সেই অপরাধের যে বিশেষ দণ্ড নির্দ্দিষ্ট হইযাছে ঐ কাপ্তানের তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে সেই দণ্ড হইবে, অথবা যদি তদ্রূপ কোন দণ্ড নির্দ্দিষ্ট না থাকে, তবে তাঁহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত দণ্ড হইবে।

২। ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে শেষ যে বন্দরে জাহাজের মাল উত্তরাণ যাইবে সেই বন্দরে পঁহুছিবার আগে যে ব্যাপার ঘটে যদি কোন ব্যক্তি ঐ জাহাজ পঁহুছিবার চব্বিশ ঘণ্টা গত হইলে পর সরকারী টপনামায় ঐ ব্যাপার লেখে কি লেখায় কি লিখিতে সাহায্য করে, তবে সেই জনের তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তিন শত টাকাপর্য্যন্ত দণ্ড হইবে।

৩। যে কেহ ইচ্ছাপুর্ব্বক সরকারী টপনামার লিখিত কোন কথা নষ্ট কি পরিবর্ত্তন করে কি অপাঠ্য করে, কিম্বা যে কেহ সেই প্রকারের কোন টপনামায় ইচ্ছাপুর্ব্বক কোন মিথ্যা কথা কি প্রতারণাক্রমে কোন কথা লেখে কি লেখায় কি লিখিতে সাহায্য করে, কিম্বা কোন কথা ছাড়ে কি ছাড়ায় কি ছাড়িতে সাহায্য করে, সেই লোক তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে কঠিন পরিশ্রমসহিত কি তদ্ভিন্ন এক বৎসর পর্য্যন্ত কারাবদ্ধ হইতে পারিবে ইতি।

[টপনামার লিখিত কথা প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবার কথা।]

৪০ ধারা। এই আইনের আজ্ঞামতে যে সকল কথা কোন সরকারী টপনামায় লেখা যায়, ন্যায়মতে

evidence in any proceeding in any Court of Jus e, subject to all just exceptions.

[Official logs to be delivered to Shipping Master on ship's arrival at port of destination in India.]

XLI. The master of every foreign-going ship shall, within forty-eight hours after the ship's arrival at her final port of destination in British India, or upon the discharge of the crew, whichever first happens, deliver to the Shipping Master before whom the crew is discharged, the official log-book of the voyage; and the master or owner of every Home-trade ship of a burden exceeding three hundred tons, shall, within twenty-one days after the thirtieth day of June and the thirty-first day of December in every year, transmit or deliver to some Shipping Master in British India the official log-book for the preceding half year; and every master or owner who refuses or neglects to deliver his official log-book, as hereby required, shall be subject to a penalty not exceeding two hundred Rupees.

[Official logs to be transmitted to Shipping Master in case of transfer of ship and in case of loss.]

XLII. If any ship ceases, by reason of transfer of ownership or change of employment, to fall within the operation of Section 35, the master or owner thereof shall, if such ship is then in any port in British India, within one month, and if she is elsewhere, within six months, deliver or transmit to the Shipping Master at the port to which the ship belonged, the official log-book duly made out to the time at which she ceased to be within such operation, and in default shall, for each offence, incur a penalty not exceeding one hundred Rupees; and if any ship is lost or abandoned, the master or owner thereof, shall, if practicable, and as soon as possible, deliver or transmit to the Shipping Master at the port to which the ship belonged, the official log-book (if any) duly made out to the time of such loss or abandonment, and in default shall, for each offence, incur a penalty not exceeding one hundred Rupees.

PART IV.

Enquiries into Wrecks.

[Enquiry may be instituted in cases of wreck and casualty.]

XLIII. In any of the cases following (that is to say),—

Whenever any ship, whether British or foreign, is lost, abandoned, or materially

বর্জ্জনীয় কথাভিন্ন ঐ সকল কথা কোন আদালতে কোন মোকদ্দমায় প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে ইতি।

[জাহাজ ভারতবর্ষের লক্ষিত বন্দরে পঁহুছিলে শিপিং মাষ্টর সাহেবেকে সরকারী টপনামা দিবার কথা।]

that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners, or any person duly authorized by them in making such entry and inspection, shall be liable to a fine not exceeding Rupees 20.

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required as to do furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of

আস্তাবলে বা গাড়ি রাখিবার ঘরে অথবা যেখানে আইনের ৩৫ ধারা অনুসারে টাক্স হইবার যোগ্য কোন গাড়ি বা পশ্বাদি থাকে বলিয়া বোধ হয় তত্তৎস্থানে সূর্য্যোদয়হইতে সূর্য্যাস্তের মধ্যে যে কোন সময়ে হউক প্রবেশ করিয়া তত্ত্বানুসন্ধান করিতে দিবে যে কোন ব্যক্তি কমিসানরদিগকে অথবা তাহাদিগের দ্বারা উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত কোন কর্ম্মচারিকে ঐরূপ প্রবেশ ও দর্শন করিতে বাধা দেন তাহার ২০৲ টাকার অনধিক দণ্ডে দণ্ডার্হ হইবেক।

১০। কমিসানরগণকর্ত্তৃক অন্যরূপ আদেশিত না হইলে আইনের লিখিত যে সমস্ত ক্রোকী পরওয়ানা প্রচার হইবে তাহা তহসীল সংক্রান্ত কর্ম্মচারিদিগের দ্বারায় জারী হইবেক এবং ক্রোকী দ্রব্যাদি বিক্রয় হওয়া অথবা বাকীদারের নিকট হইতে প্রাপ্য টাকা আদায় না হওয়া পর্য্যন্ত উক্ত দ্রব্যাদি ঐ কর্ম্মচারির জিম্মায় থাকিবেক এবং উক্ত কর্ম্মচারির আইনের লিখিত সি ফারমে ঐ ক্রোকী দ্রব্যাদির এক ফর্দ্দ দিবেক।

১১। ক্রোক হইবামাত্রই যে ব্যক্তি ক্রোক করিবেক সে ক্রোকের তারিখহইতে ৭ রোজের অন্যূন মেয়াদে বিক্রয় দিন স্থির করিয়া বাকীদারের বাটীতে এক ইস্তাহার দিবেক এবং বিক্রয়ের দিনেতে ঢোল শহরতের দ্বারায় সংবাদ দিবেক।

১২। বিক্রয় হইবামাত্রই ঐ বিক্রীত দ্রব্যাদির মূল্য লওয়া ও খরিদ্দারকে বিক্রীত দ্রব্য দেওয়া হইবেক যদ্যপি খরিদ্দার তাহার ডাকের সমুদয় টাকা দিতে অপারক হয় তবে ক্রোককারী তাহার বিবেচনা অনুসারে উক্ত দ্রব্যাদি সেই দিবসে বা অন্য কোন দিবসে বিক্রয় করিতে পারিবে এবং তাহাতে যদি কোন ক্ষতি হয় তবে প্রথম খরিদ্দার কমিসানরদিগের নিকট উক্ত ক্ষতির দাইক হইবে এবং তাহা কমিসানরদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় হইবেক।

কমিসানরদিগের নিয়োজিত ব্যক্তিগণের
আচরণ বিষয়ক।

১৩। কমিসানরদিগের কর্ত্তৃক নিয়োজিত কর্ম্মচারিগণকে প্রয়োজন না হইলে এক মাস পূর্ব্বে তদ্বিষয়ক সংবাদ দিলে কিম্বা এক মাসের বেতন পূর্ব্বে দিয়া তাহাদিগকে কর্ম্ম হইতে অবসর করা যাইতে পারিবেক এবং কোন কর্ম্মচারি কর্ম্ম ত্যাগ করিতে চাহিলে তদনুরূপ এক মাস পূর্ব্বে সংবাদ না দিলে অথবা এক মাসের বেতন ক্ষতি স্বীকার না করিলে কর্ম্ম ছাড়িতে পারিবে না।

১৪। কমিসানরদিগের অধীনে যে সকল কর্ম্মচারিরা নিযুক্ত আছেন বা ভবিষ্যতে নিযুক্ত হইবেন তাহারা হুকুম পাইলে কমিসানরগণ কর্ত্তৃক সময়ে২ নির্দ্দিষ্ট পরিমাণে জামিনী দাখিল করিবেন যে কোন কর্ম্মচারি উপযুক্ত সময়ে বা কমিসানরগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐরূপ জামিন দিতে অক্ষম হইবেন তাহাকে কর্ম্ম হইতে অবসর করিবেন।

১৫। যখন কমিসানরগণ এমত কোন সন্তোষজনক প্রমাণ পান যে তাহারদিগের নিয়োজিত কোন ব্যক্তি কর্ত্তব্য কর্ম্মে অবহেলা করিয়াছে অথবা কোন নিয়ম ও

duty, or wilful breach, or neglect of any rule, regulation, or order made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering, loss or injury, or has failed to perform any duty with all due diligence, or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix, or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable, at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any person being or having been in their employ, with a view to the recovery of damages for any loss or injury which they may have sustained in consequence of any act done or omitted to be done by such person.

On matters of Conservancy.

18. No person shall dig or make, or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course, or other excavation, without the written permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

19. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or

বিধি বা উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট ব্যক্তির আদেশ ইচ্ছা পূর্ব্বক লঙ্ঘন বা অবহেলা করিয়াছে অথবা বিনা অনুমতিতে বা এক মাস পুর্ব্বে সংবাদ না দিয়া স্বীয় কর্ম্ম হইতে বিরত হইয়াছে অথবা এমত কোন কর্ম্ম করিয়াছে বা এমত কোন কর্ম্ম করণে অবহেলা করিয়াছে যদ্দ্বারা কমিস্যনরদিগকে কোন ক্ষতি সহ্য করিতে হইবেক বা হইবার সম্ভাবনা অথবা কোন কর্ম্মে উপযুক্ত পরিশ্রম করে নাই অথবা কোন উচ্চ পদবিশিষ্ট কর্ম্মচারির প্রতি কোন অবাধ্যাচরণ কর্ম্ম করিয়াছে কিম্বা তাঁহার কার্য্যসম্বন্ধে উপযুক্ত বেতনের অতিরিক্ত কাহারও নিকটহইতে নিজের কিম্বা অপর কোন ব্যক্তির নিমিত্ত কিছু গ্রহণ করিয়াছে কিম্বা পাইয়াছে অথবা গ্রহণ করিতে স্বীকার করিয়াছে বা করাইয়াছে অথবা তাহার কর্ম্মসম্বন্ধে জানিয়া শুনিয়া কোন মিথ্যা সংবাদ দিয়াছে কিম্বা অপর কোন আইনের দণ্ডার্হ কর্ম্ম করিয়াছে তাহা হইলে অন্য কোন আইনে যে দণ্ড হইবেক তদতিরিক্ত তাহার এক মাসের বেতন জরীমানা বা কমিস্যনরদিগের নির্দ্ধারিত সময় পর্য্যন্ত কর্ম্মহইতে স্থগিত বা নীচপদাভিষিক্ত বা কর্ম্মচ্যুত হইবেক কোন ব্যক্তি এইরূপে কর্ম্মচ্যুত হইলে সভাপতি সাহেবের বিবেচনামত তাহার এক মাস অনধিক কালের প্রাপ্য বেতন দণ্ড হইতে পারিবেক।

১৬। কমিস্যনরদিগের কর্ত্তৃক নিয়োজিত কোন কর্ম্মচারির নামে কর্ত্তব্য কর্ম্মের অবহেলা করণে বা অবৈধ আচরণের অভিযোগ করিতে বা গ্রহণ করিতে বা তদ্বিষয়ের অনুসন্ধান করিতে সভাপতি বা প্রতিনিধি সভাপতি পারিবেন।

১৭। কোন কর্ম্মচারির কৃতকার্য্য বা অভিপ্রেত কার্য্যজন্য কমিস্যনরগণ ক্ষতি বা অনিষ্ট বোধ করিলে তাহারা ঐ কর্ম্মচারির বিরুদ্ধে কোন উপযুক্ত আদালতে ক্ষতিপূরণের নালিশ করিতে পারিবেন ইহার দ্বারা সে বিষয়ের কোন নিবারণ রহিল না।

পরিষ্কার বিষয়ক।

১৮। কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন কোন ব্যক্তি কোন স্থলে কোন পুষ্করিণী বা দীর্ঘিকা বা পয়নালা বা গড়খাই খাদ করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

১৯। কোন ব্যক্তি কোন গৃহ বা অট্টালিকার উপর জল আনয়ন বা নির্গত হওনের জন্য নল অথবা অন্য

other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

20. No person shall deposit, or cause to be deposited, in, or by the side of, any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

21. No person shall construct, or place over, or by the side of, any public drain, any bridge, platform, building, or structure of any kind, except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

22. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

23. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

24. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

25. No person shall steep in any tank, or ditch, within municipal limits, any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank or ditch offensive or noxious to the neighbourhood. The Commissioners may, if they see fit, revove this prohibition from certain tanks, ditches, &c., within the limits of the municipality.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2.

[*Government Gazette*, 13th *November* 1866.]

কোন বস্তু এমত প্রকারে স্থাপন করিতে বা করাইতে পারিবে না যে যদ্দারা ঐ জল নির্গত হইয়া কোন সাধারণ রাস্তার উপর পতিত হয়।

বিধি লংঘনের দণ্ড ৫৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘনের দণ্ড প্রত্যেক দিন ১৲ টাকা করিয়া।

২০। কোন ব্যক্তি কোন সাধারণ নর্দ্দমার বা তাহার পার্শ্বে এমত কোন বস্তু রাখিতে বা রাখাইতে পারিবে না যদ্দারা ঐ নরদমা বন্দ বা বন্দ হইবার সম্ভাবনা হয়।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘনের দণ্ড প্রত্যেক দিন ৩৲ টাকা করিয়া।

২১। কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন এবং তাঁহারা যেরূপ আদেশ করিবেন তাহার বিপরীতে কেহ কোন সাধারণ নরদমার উপর বা তাহার ধারে সেতু, মঞ্চ অট্টালিকা বা কোনরূপ প্রকার গৃহ নির্ম্মাণ করিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

২২। কোন পতিত বৃক্ষ বা ঝোড়ের স্বামী কিম্বা যে স্থলে ঐ বৃক্ষ ও ঝোড় জন্মিয়া ছিল তাহার স্বামী কিম্বা দখলীকার কমিসানরদিগের হইতে সম্বাদ পাইয়া তন্নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিবে।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৩। কোন গৃহ প্রাচীর বা অন্য কোন গঠন কিম্বা তাহাদিগের কিয়দংশ কোন সাধারণ রাস্তা কিম্বা নরদমার উপর পতিত হইলে উক্ত গৃহের প্রাচীরের বা গঠনের স্বামী কমিস্যনরগণহইতে সম্বাদ প্রাপ্তে তন্নির্দ্দিন্ট কালের মধ্যে তাহা স্থানান্তর করিবে।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৪। কোন ব্যক্তি কোন সাধারণ রাস্তার উপর জল চলিবার পথ প্রস্তুত করিতে কিম্বা ঐরূপ প্রকার পথ দিয়া জল চালাইতে কমিস্যনরেরা যেরূপ প্রকার সম্মতি দিবেন তদ্ভিন্ন কোন প্রকারে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৫। মিউনিসিপল সীমার মধ্যে কোন ব্যক্তি কোন পুষ্করিণীতে বা কোন নরদমাতে পাট, শণ, অথবা অন্য প্রকার উদ্ভিজ্জ পদার্থ ভিজাইয়া রাখিতে পারিবে না যদ্দারা ঐ পুষ্করিণী ও নরদমার জল নিকটস্থ ব্যক্তিদিগের পক্ষে অপকারি হওনের সম্ভব।

বিধি লংঘনের দণ্ড ৫৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

26. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course; and the Commissioners may order the removal of any such obstruction or grounds of public health.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

27. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense, vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

28. No person shall allow any pigs to be at large, unless in a charge of a herdman.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

29. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier, or farmer, shall, without any delay, cause any meat, fish, or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier or farmer, shall obstruct any person, appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

30. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale or accumulating any thing on any such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

31. Every owner, occupier or farmer of any bazar, shall, within fourteen days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement, Rupees 5 daily.

32. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৩ নবেম্বর।]

২৬। মিউনিসিপল কমিসানরদিগের লিখিত আজ্ঞা পত্র ব্যতীত কেহ কোন নরদমা বা নালা বন্ধ করিতে পারিবে না যদি করে তবে সাধারণের স্বাস্থ্য রক্ষার্থে কমিসানরেরা তাহা স্থানান্তর করিতে আজ্ঞা দিতে পারিবেন।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৪৲ টাকা।

২৭। কোন নালা বা জলাশয়ের তীরস্থ ভূমির স্বামী বা দখলিকার উক্ত ভূমিতে ময়লাজমী অতিরিক্ত জঙ্গল হইতে বা অন্য কোন বাধা জন্মিতে দিবে না এবং সকল সময়েই মিউনিসিপল কমিসানরদিগকে অথবা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত তাহাদিগের কর্ম্মচারিকে পরিষ্কার রাখিবার জন্যে উক্ত নালা বা নরদমা দেখিতে যাইতে দিবে।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৮। কোন ব্যক্তি শূকর সকল খোলা রাখিতে পারিবে না তাহা রাখালের জেপাজাতে রাখিতে হইবেক।

বিধি লংঘনের দণ্ড ৫৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৯। কোন বাজার বা দোকানের স্বামী দখলিকার বা ইজারদার তাহা উপযুক্ত মত পরিষ্কার ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না এবং উক্ত বাজারের বা দোকানের স্বামী বা দখলিকার কিম্বা ইজারদার অবিলম্বে পচা মৎস্য বা মাংস ও উদ্ভিজ্জ পদার্থ সকল মিউনিসিপল কমিসানরগণ কর্ত্তৃক স্থিরীকৃত স্থানে স্থানান্তর করিবে এবং এই বিষয়ের জন্য মিউনিসিপল কমিসানরগণ কর্ত্তৃক নিযুক্ত লোককে উক্ত বাজারের বা দোকানের স্বামী, দখলিকার বা ইজারদার সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত তত্তৎস্থানে প্রবেশ করিয়া তদারক করিতে বাধা দিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৩০। কোন বাজারের কোন গলি রাস্তা বা অন্য গমনাগমনের পথে বিক্রয়ার্থ কেহ কোন গাঁটরি বা অন্য কোন দ্রব্য রাখিয়া বা একত্র করিয়া কিম্বা রাখাইয়া বা একত্র করাইয়া তত্তৎ গলি রাস্তা বা গমনাগমনের পথ বন্ধ করিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৩১। প্রত্যেক বাজারের স্বামী, দখলিকার বা ইজারদার মিউনিসিপল কমিসানরগণ হইতে আদেশ প্রাপ্ত হওনের তারিখঅবধি ১৪ দিনের মধ্যে তত্তদ্বাজারের স্বাস্থ্য রক্ষার্থ উক্ত কমিসানরগণ যেরূপ উত্তম বিবেচনা করিবেন তদ্রূপ সেতখানা ও মূত্র ত্যাগের স্থান প্রস্তুত করিয়া দিবে।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩২। মিউনিসিপল কমিসানরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত স্বীয় বাটীর বহির্ভাগে কেহ মল মূত্রাদি ত্যাগ করিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

33. No person shall build, or cause to be built, or keep, after prohibition by the Commissioners, any tattee, privy, or urinal within (*) feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

34. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

35. No person shall carry the night-soil through the streets, except between the hours of 9 P. M. and 4 A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

36. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable or cook-house, to flow into any river, nullah, canal, tank or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish or other matter of a noisome kind, for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

38. All dust, dirt and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 7 P. M. and 9 P. M.

Penalty for infringement, Rupees 10.

39. No refuse resulting from any business, trade or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

40. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners, who shall have power to sell or

৩৩। কমিস্যনরদিগের দ্বারা নিষেধিত হইলে কোন সাধারণ রাস্তাহইতে * ফিটের মধ্যে কিম্বা ঐ পরিমাণের ন্যূন কোন ক্ষুদ্র বাটীর মধ্যে টাটি সেতখানা, কিম্বা মূত্র ত্যাগের স্থান, প্রস্তুত করিতে কিম্বা করাইতে কিম্বা রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

৩৪। কেহ সাধারণ রাস্তার সম্মুখে কোন সেতখানার দ্বার রাখিতে পারিবে না এবং যদি কাহার উক্ত প্রকার দ্বার থাকে তবে কমিস্যনরদিগের নিকট হইতে তদ্বিষয়ের সংবাদ প্রাপ্তমাত্রই তাহার পরিবর্ত্তন করিয়া লইবেক।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

৩৫। অপরাহ্ন ৯ ঘন্টাহইতে পূর্ব্বাহ্ন ৪ ঘন্টার মধ্যে ব্যতীত কেহ কোন সাধারণ রাস্তা দিয়া এবং উত্তমরূপ আবরিত পাত্র ব্যতীত ময়লা লইয়া যাইতে পারিবে না এবং কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থানব্যতীত অন্য স্থানে উক্ত ময়লা রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৬। কোন কারখানা বাটী অথবা ব্যবসার নিমিত্ত অন্য কোন স্থানহইতে ময়লা নির্গত হইয়া কোন নদীতে, নালাতে, খানাতে, পুষ্করিণীতে, বা নৰ্দ্দমায় পড়িতে দিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩৭। যদ্দ্বারা কাহার বিরক্ত জন্মাইতে বা সাধারণের স্বাস্থ্য ভঙ্গহইতে পারে এমত কোন স্থানে বা রূপে কেহ ১২ ঘন্টার অতিরিক্ত কাল পর্য্যন্ত ময়লা আবর্জ্জনা গোবর, অস্থি মৃত্যু দেহ, ধূলা, বা অন্য কোন প্রকার দুর্গন্ধময় পদার্থ রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৮। মিউনিসিপল্ কমিস্যনরগণ যে সকল ধূলা মাটি, ও রাবিস স্থানান্তর করিতে প্রবৃত্ত হইবেন তৎসমুদয় আবর্জ্জনা পূর্ব্বাহ্ণ ৭ ঘন্টাহইতে ৮ ঘন্টার মধ্যে যে বাটীর আবর্জ্জনা সেই বাটীর প্রবেশ পথের অনতিদূরে সাধারণ রাস্তার ধারে প্রত্যহ রাখিতে হইবে।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৯। কোন ব্যবসার, বাণিজ্যের বা কারখানার ময়লা কমিসানরদিগের নির্দ্ধারিত খরচ না পাইলে স্থানান্তর করিবেন না। এবং এই প্রকার স্থানান্তর করণের যে খরচ তাহা কমিসানরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন।

৪০। সাধারণ রাস্তা, বাটী, সেতখানা, নর্দ্দমা এবং শোষপুলহইতে যে সকল ধূলা, মাটি, ছাই, বিষ্ঠা গোবর ও রাবিসাদি মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক সংগৃহীত হইবে এবং তাহাদিগের বিবেচনামতে তৎ-

---

* To be fixed afterwards.

* পরে স্থির করা যাইবে।

dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

41. No person shall put on any wall, or on any roof of a house, or on any bank, or tree, or on any other place or thing facing any broad carriage thoroughfare any preparation of dung to be used as fuel or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

42. Every person, within whose premises any animal may die, shall, within two hours after its death, or, if death occurs at night, within two hours after daylight, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcase at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

43. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

44. No person shall tether animals within 10 yards, of any highway, or road.

Penalty for infringement Rupees 10.

45. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall dispose or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 3 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৬ । ১৩ নবেম্বর ।]

সমুদয় তাহারা বিক্রয় করিতে পারিবেন এবং এইরূপ বিক্রয়ের দ্বারা যে অর্থ লব্ধ হইবেক তাহা ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুভমেন্ট আক্টের কার্য্যে পর্য্যবসিত হইবেক।

৪১। জ্বালাইবার কারণ কিম্বা অপর কোন জন্য কেহ গাড়ি যাইবার চৌড়া রাস্তার সম্মুখে কোন প্রাচীরে কিম্বা কোন গৃহের ছাদের উপর কি পুকুরের ধারে কি গাছে কি অন্য কোন স্থানে গোবর রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ৫৲ টাকা।

৪২। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে তাহার মৃত্যুর পর ২ ঘণ্টার অথবা রাত্রে মৃত্যু হইলে রাত্র প্রভাত হইলে ২ ঘণ্টার মধ্যে তাহার মৃত দেহ নিজে স্বীয় খরচে মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক পশ্বাদির মৃত দেহ নিক্ষেপ করিবার জন্য নিরূপিত স্থানে ফেলিয়া দিবেক। অথবা যে ডিবিজানে তাহার বাটী সেই ডিবিজানের কন্সারভেন্সী ওবরসিয়রের নিকট সংবাদ দিবেক। কিন্তু উক্ত মৃত দেহ স্থানান্তর করণের নিমিত্তে মিউনিসিপল কমিস্যনরগণ যে খরচ নির্দ্ধারিত করিবেন তাহা উল্লিখিত ওবরসিয়রের নিকট দিতে হইবেক। পরন্তু সে পশু যদি উপরি উক্ত ব্যক্তির না হয় এবং যাহার পশু তাহাকে জানিতে পারিলে সমুদয় খরচ তাহাকেই দিতে হইবেক এবং ঐ খরচ মিউনিসিপল কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন এবং কোন ওবরসিয়র ঐরূপ প্রকার মৃত দেহ স্থানান্তর করিতে গাফিলি করিবেন না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৩। কোন ব্যক্তি কোন রোগগ্রস্ত বা জীর্ণ পশুকে কোন সাধারণ রাস্তায় অথবা যথা হইতে সাধারণ রাস্তায় যাইতে পারে এমত স্থানে ছাড়িয়া দিতে বা দেওয়াইতে কিম্বা আপনি খুলিয়া যাইতে দিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৪। কোন ব্যক্তি কোন রাস্তায় কি পথের ১০ গজের মধ্যে কোন পশু বাঁধিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৫। কেহ কোন শব বা শবাংশ কমিসনরেরা সময়েং যে স্থান নির্দ্দিষ্ট করিবেন তদ্ব্যতীত অন্য কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৬। কেহ কোন নির্দ্ধারিত শ্মশানে বা গোরস্থানে কোন শব কিম্বা শবাংশ দাহ কিম্বা মৃত্তিকাসাৎ ভিন্ন কোনরূপ প্রকারে ফেলিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৭। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে মৃত দেহ মৃত্তিকাসাৎ করাইতে হইলে এরূপে প্রবেশিত করাইতে হইবে যে, উক্ত মৃত দেহ কিম্বা তাহার সিন্দুকের উপরিভাগ তথাকার জমির উপরিভাগ হইতে তিন ফুটের অনধিক নিম্নে না থাকে।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

48. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than 5 feet deep.

Penalty for infringement, Rupees 10.

49. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 4 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

50. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

52. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 2 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

53. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

54. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

55. No person, while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

56. Every corpse, or part of a corpse, that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

57. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

[*Government Gazette*, 13*th November* 1866.]

৪৮। কোন গোরস্থানে ইষ্টক নির্ম্মিত কবর না হইলে ছয় ফিটের কম গভীর কবরে কেহ কোন মৃত দেহ কবরিত করিতে বা করাইতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৯। কোন গোরস্থানে কেহ কোন বর্ত্তমান কবরের চারি ফিটের অনধিক দূরেতে অন্য এক কবর নির্ম্মাণ বা খনন করিতে অথবা করাইতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫০। কোন গোরস্থানে মিউনিসিপল কমিস্যনরগণের দ্বারা নির্দ্দিষ্ট পুংক্তির বহির্ভূত স্থানে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫১। মিউনিসিপল কমিস্যনরগণের অনুমতি ভিন্ন অন্য যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনর্ব্বার অন্য শব প্রবেশ করণার্থ কেহ খুলিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫২। যে কোন ব্যক্তি কোন শব দাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহ ভূমিতে উপস্থিত হইবার পর ২ ঘন্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৩। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে হইলে তাহা এরূপে পোড়াইবে যে তাহার কোন অংশ সর্ব্বোতোভাবে ভস্মাবশেষীকৃত হইতে বাঁকী না থাকে। উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বোতোভাবে ভস্মসাৎ না করিয়া উক্ত দাহনস্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৪। কেহ কোন শব বা শবাংশ উত্তমরূপ আচ্ছাদিত ভিন্ন কেহ কোন সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৫। মিউনিসিপল সীমার মধ্য দিয়া কেহ কোন শব বা শবাংশ লইয়া যাইতে হইলে কোন কারণ বশতঃ সাধারণ রাস্তার উপর রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৬। যে সকল শব বা শবাংশ ছেদবিদ্যা শিক্ষার্থে রক্ষিত বা ব্যবহৃত হয় তাহা আবরিত গাড়িতে করিয়া লইয়া যাইতে হইবেক।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৭। কমিস্যনরদিগের অনুমতি ব্যতিকে কোন সাধারণ ভূমির উপরে পশু ও শকট জমা করিয়া রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

Miscellaneous.

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway, the name by which such highway is to be known. Any person pulling down, destroying or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number, shall be liable to a fine of Rupees 5.

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

62. The owner of any vehicle registered under Sections 49, 51, of the District Municipal Improvement Act, shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

J. Monro,
Chairman.

Jessore Municipal Office.
The 29th October 1866.

নানা বিষয়ক।

৫৮। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর ইমারত, প্রাচীর বা স্থান থাকিবেক মিউনিসিপল কমিস্যনরগণ ইচ্ছা করিলে তাহার প্রকাশ্য অংশে উক্ত রাস্তার নামধের কোন দ্রব্য স্থাপন করিতে অথবা তথায় তাহার নাম লেখাইতে পারিবেন কোন ব্যক্তি সেই নাম নষ্ট উন্মোচন অথবা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৫৯। মিউনিসিপল কমিস্যনরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা ইমারতের অথবা তদ্বেষ্টনের বহির্ভাগে কোন প্রকাশ্য স্থানে উক্ত ঘর বা ইমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন এবং কেহ সেই সংখ্যা নষ্ট উন্মোচন বা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা, দণ্ডার্হ হইবেক।

৬০। আইন বা উপবিধি সমূহের অনুযায়িক মিউনিসিপল কমিস্যনরগণ তাহাদিগের প্রদত্ত অনুজ্ঞা পত্রের কর গ্রহণ করিতে পারিবেন এবং উক্ত করের হার গবর্ণমেণ্টের অনুমত্যানুসারে সময়ে২ পরিবর্ত্তিত বা নির্দ্ধারিত করিতে পারিবেন।

৬১। উক্ত আইনের বা আইনঅনুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল ব্যক্তিদিগের অনুজ্ঞাপত্র লইবার প্রয়োজন হইবে তাহারা সেই২ অনুজ্ঞাপত্র কোন মিউনিসিপল কমিস্যনর অথবা তাহারদিগের নিয়োজিত লিখিত উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে তৎক্ষণাৎ দেখাইতে হইবেক।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৬২। ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুভমেণ্ট আক্টের ৪৯ ও ৫১ ধারানুসারে যে সকল শকটাদি রেজিষ্টরী হইবেক তাহার স্বামী উক্ত রেজিষ্টরীর টিকিট উক্ত শকটাদির কোন প্রকাশ্য স্থানে লাগাইবেক কিম্বা লাগাইতে দিবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫ টাকা।

জে মনরো।
চ্যারমেন।

যশোহরের মুন্সিপল দফ্তরখানা।
১৮৬৬ সাল ২৯ অক্টোবর।

NOTICE.

CALCUTTA MUNICIPALITY.

The public are informed that, under a Resolution of the Justices of the Peace for the Town of Calcutta, passed at the adjourned Quarterly Meeting held on the 1st of November 1866, the name of "Cossitollah Street" has been changed to "Bentinck Street."

By Order,

Robt. Turnbull,
Secretary to the Justices of the Peace.

Office of the Justices of the Peace,
1, *Chowringhee Road;*
Dated 6th November 1866.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৩ নবেম্বর।]

বিজ্ঞাপন।

এলাকে কালেক্টরি জিলা ত্রিপুরা।

পং সরাইল হিং ।৶০ ও হিং ।/১২ গণ্ডার নীলামের দিন ১৮৬৬ ইং ২০ নবেম্বর ধার্য্য হইয়া ঐ সনের ২৩ অক্টোবরে ১৪২১ নং গবর্ণমেণ্ট গেজেটে ছাপা হইয়াছে বাস্তবিক ঐ সকল মহালের নীলাম রহিত হইয়াছে ইতি ১৮৬৬ ইং ২ নবেম্বর।

F. G. MILLETT,
Collector.

জিলা মুরশিদাবাদ৭

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্ন লিখিত মাহাল সন ১৮৬৬ সালের নাগাএদ কিস্তি সেপ্টেম্বরের রাজস্বের বাকী আদায় কারণ ইং ১৮৬৬ সালের ১৯ নবেম্বর মোতাবক সন ১২৭৩ সালের ৫ অগ্রহায়ণ সোমবার জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অব্যর্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৬। ২ অকুটোবর মোং সন ১২৭৩। ১৭ আশ্বিন।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজির নম্বর	নাম মাহাল	নাম তালুকদারান	সদর জমা	কৈফিয়ত
১	প্রথম শ্রেণী মাহাল	৯	কিঃ পরগনে কাশিপুর পঃ কাশিপুর	কাশিনাথ চৌধুরী সুভদ্রা নিত্যকালী ভুবনেশ্বরী কমলমণী সর্ব্বময়ী ভোলানাথ তারিণীপ্রসাদ তারাসুন্দরী শিবসুন্দরী মম্মোহণ ঘোষ ঈশানচন্দ্র রায় ও শ্যামাচরণ ভট্ট রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যা	৮০৭৪৶০ বাদ এই জমার মধ্যে রাজকিশোর সেন আইনানুসারে রকম ১৮৷৶১৭৷৷ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় জমা ৪৬৬৷৷৶০ বাদ চন্দ্রমুখী দাস্যা রকম ১৮৷৶১৭৷৷ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় জমা ৪৬৬৷৷৶০ ৯৩৩।০ বাকী ৭১৪০৸৶০	রাজকিশোর সেন ও চন্দ্রমুখি দাস্যার অংশ বাদে অন্যান্য সরিকানের অংশ নীলাম হইবেক

W. L. HEELEY,
Collector.

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পুর্ব্বাংশ বর্দ্ধমানের নীচের লিখিত মহাল সকল সন ১৮৬৬ সালের নাগাদী ২৮ সেপ্টেম্বর তলবের সরকারী বাকী মালগুজারীর আদায়ের নিমিত্তে সন ১৮৬৬ সালের ১৯ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৫ অগ্রহায়ণ সোমবার দিবা দুই প্রহরের পর অত্র জেলা বর্দ্ধমানের কালেক্টরি কাছারিতে নিলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ৫ অকুটোবর।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১৪৮ নং সমুদ্রগড়ি পরগণে [illegible] মালিক শ্রীমতী রহিমণ নেছা বিবি দিগর সদর জমা ২৭১০৷৷১১ টাকা।
৫২৭৭ নং চর চণ্ডীপুর পং [illegible] মালিক কজলর রহিম সদর জমা ৫১১৮/১১ টাকা।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

উকিল ও মোক্তার পরীক্ষাবিষয়ক নূতন আইন অর্থাৎ—

১। (মোক্তারস্গাইড নামক) অর্থাৎ ১৮৫৯ সালের ৮ আইন নজীর সহিত ১৮৬১ সালের ২৩ আইন ১৮৬৩ সালের ৯ আইন ছোট আদালতের ১৮৬৫ সালের ১১ আইন মিয়াদি বিষয়ে ১৮৫৯ সালের ১৪ আইন নজীর সহিত ইষ্টাম্প বিষয়ক ১৮৬২ সালের ১০ আইন ১৮৬৫ সালের ১৮ আইন পরন্তু ১৭৯৩ সালের ১১। ১৪। ৪৪ আইনের রদ ত্যাগ করিয়া ও একত্রে সংগ্রহ করিয়া মূল্য ৩৲

২। রেবিনিউ হেণ্ডবুক অর্থাৎ রাজস্ববিষয়ক সম্পূর্ণ আইন ও আক্ট ১৭৯৩ সাল নাগাএদ ১৮৬৫ সাল পর্য্যন্ত রদ ত্যাগ করিয়া মুদ্রাঙ্কিত হইল মূল্য ৮৲ ও বান্ধাই ৯৲ ও ডাক মাসুল ক্রেতাকে দিতে হইবেক আরো অন্যান্য আইন বিক্রয় নিমিত্ত প্রস্তুত আছে।

শ্রী বেণীমাধব দে এণ্ড কোং।

কলিকাতা বটতলা ২৪৬ নং দোকান।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১৩ নবেম্বর।]

লিকাতা বাঙ্গালি সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের অধ্যক্ষ শ্রীযুক্ত এফ্ দ্রে বার্জো সাহেবকর্তৃক

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 20, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২০ নবেম্বর।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

A Bill to consolidate and amend the law relating to Merchant Ships, Seamen, and Passengers by Sea.

[Continued from page 1627.]

PART VI.

Of the Examinations and Certificates of Masters and Mates.

[Examinations.]

LIV. Examinations shall be instituted for persons who intend to become masters or mates of foreign-going ships, or of Home-trade ships, of a burden exceeding three hundred tons, or who wish to procure certificates of competency hereinafter mentioned

[Local Government to appoint examiners. Rules for conduct of Examination Fees.]

LV. The Local Government or any Board or Officer duly authorized by the Local Government in that behalf shall, from time to time, nominate two or more competent persons for the purpose of examining the qualifications of the applicants for examination. The Local Government may, with the sanction of the Governor General of India in

দেশীয় ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

বাণিজ্য জাহাজ ও নাবিক ও সমুদ্রপথে গমনশীল লোকসম্পর্কীয় আইন সংশোধন ও সংগ্রহ করিবার আইনের পাণ্ডুলিপি।

[১৬২৭ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ষষ্ঠ খণ্ড।

কাপ্তানের ও মালিমের পরীক্ষা লইবার ও সংশিতপত্র দিবার বিধি।

[পরীক্ষা লইবার কথা।]

৫৪ ধারা। যাঁহারা বিদেশগমনীয় জাহাজের কি দেশীয় বাণিজ্য দ্রব্যের তিন শত টনের অধিক বোঝাইয়ের জাহাজের কাপ্তান কি মালিম হইতে চাহেন, কিম্বা নিম্ন লিখিত যোগ্যতার সংশিতপত্র পাইতে চাহেন, তাঁহারদের পরীক্ষা লইবার নিয়ম করা যাইবেক ইতি।

[স্থানবিশেষের গবর্ণমেণ্টহইতে পরীক্ষকদিগকে নিযুক্ত করিবার ও পরীক্ষা লইবার বিধির ও ফীর কথা।]

৫৫ ধারা। যাঁহারা পরীক্ষা দিতে প্রার্থনা করেন স্থানবিশেষের গবর্ণমেণ্ট, কিম্বা সেই কর্ম্মের নিমিত্তে ঐ গবর্ণমেণ্টহইতে নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত কোন বোর্ড, কি কোন কার্য্যকারক সাহেব, তাঁহারদের উপযুক্ত গুণবত্তার পরীক্ষা লইবার জন্যে সময়েং দুই কি ততোধিক জন উপযুক্ত ব্যক্তিকে মনোনীত করিবেন। স্থানবিশেষের গবর্ণমেণ্ট মন্ত্রিসভা-

Council, make rules for the conduct of such examinations, and as to the qualifications to be required, and such rules shall be strictly adhered to by all examiners. Fees at the following rates shall be paid by all applicants for examination :—

For a certificate as Master ...	Ten Rupees.
Ditto ditto as Mate ...	Five „

[Certificates of competency.]

LVI. The Local Government or such Board or Officer as aforesaid shall deliver to every applicant who is reported by the examiners to have passed the examination satisfactorily, and to have given satisfactory evidence of his sobriety, experience, ability, and general good conduct on boardship, a certificate (hereinafter called a "certificate of competency") to the effect that he is competent to act as master or mate of a foreign-going ship, or of a Home-trade ship, of a burden exceeding three hundred tons, as the case may be.

[Certificates of service.]

LVII. Certificates of service differing in form from certificates of competency shall be granted as follows (that it to say),—

(1)—Every person who, before the passing of this Act, has served as master in the British merchant service or as master of any foreign-going ship registered under Act No. X. of 1841, or who shall attain or has attained the rank of Lieutenant, Master, passed Mate, or second Mate, or any higher rank, in the service of Her Majesty or of the late East India Company, shall be entitled to a certificate of service as master for foreign-going ships :

(2)—Every person who, before the passing of this Act, has served as mate in the British merchant service or as mate of any such ship as aforesaid, shall be entitled to a certificate of service as mate for foreign-going ships :

(3)—Every person who, before the passing of this Act, has served as master or mate of a Home-trade ship of a burden exceeding three hundred tons, shall be entitled to a certificate of service as master or mate (according to such previous service) for such Home-trade ships :

And each of such certificates of service shall contain particulars of the name and of the length and nature of the previous service of the person to whom it is delivered ; and the Local Government or such other authority as aforesaid shall deliver such certificates of service to the various persons so respectively entitled thereto upon their proving themselves to have attained such rank or

ধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে ঐ পরীক্ষা লইবার বিধি, ও কর্ম্মের উপযুক্ত হইবার জন্যে যেপর্য্যন্ত জ্ঞানাদির প্রয়োজন তাহার বিধি করিতে পারিবেন। পরীক্ষকেরা সেই সকল বিধি অতিদৃঢ়রূপে মানিয়া কার্য্য করিবেন। পরীক্ষার্থিরদের এই হিসাবে ফী দিতে হইবে অর্থাৎ

কাপ্তানের সর্টিফিকিট পাইবার জন্যে	১০৲ টাকা।
মালিমের ঐ ঐ	৫৲ টাকা।

[কর্ম্মযোগ্যতার সংশিতপত্রের কথা।]

৫৬ ধারা। পরীক্ষকদের রিপোর্টমতে যাঁহারা হৃদ্বোধমতে পরীক্ষা দিয়াছেন ও জাহাজে থাকিবার কালে পরিমিতাচারের ও অনুশীলনের ও কর্ম্মক্ষমতার ও সাধারণমতে সদাচারের উপযুক্ত প্রমাণ দিয়াছেন, স্থানবিশেষের গবর্ণমেণ্ট কিম্বা পূর্ব্বোক্ত মতের বোর্ড কি কার্য্যকারক সাহেব তাঁহারদিগকে সংশিতপত্র দিবেন। এই আইনে তাহা "যোগ্যতার সংশিতপত্র" বলা গিয়াছে। ঐ পত্রের মর্ম্ম এই, তিনি দেশান্তরগামি কিম্বা বিষয় বিশেষে দেশীয় বাণিজ্যের তিন শত টনের অধিক বোঝাইয়ের জাহাজের কাপ্তানের কি মালিমের কার্য্য করিবার যোগ্য ইতি।

[কর্ম্মের সংশিতপত্রের কথা।]

৫৭ ধারা। যোগ্যতার সংশিতপত্রের ও কর্ম্মের সংশিতপত্রের পাঠের বিশেষ আছে। নিম্ন লিখিত ব্যক্তিরা তাহা পাইতে পারিবেন, অর্থাৎ—

১।—যে কেহ এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে ব্রিটনীয় বাণিজ্য জাহাজের কাপ্তানের কর্ম্ম করিয়াছেন, কিম্বা ১৮৪১ সালের ১০ আইনমতে রেজিষ্টরীকরা দেশান্তরগমনীয় কোন জাহাজের কাপ্তানের কর্ম্ম করিয়াছেন, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কি ভূতপূর্ব্ব কোম্পানি বাহাদুরের জাহাজে কর্ম্ম করিয়া লেপ্টেনেণ্টের কি কাপ্তানের কি পরীক্ষোত্তীর্ণ মালিমের কি দ্বিতীয় মালিমের পদ পাইয়াছেন কি পান, তিনি দেশান্তরগমনীয় জাহাজের কাপ্তানের কর্ম্মের সংশিতপত্র পাইতে পারিবেন।

২।—যে কেহ এই আইন প্রচলিত হইবার অগ্রে ব্রিটনীয় বাণিজ্য জাহাজের কি পূর্ব্বোক্তমতের কোন জাহাজের মালিমের কর্ম্ম করিয়াছেন, তিনি দেশান্তরগমনীয় জাহাজের মালিমের কর্ম্মের সংশিতপত্র পাইতে পারিবেন।

৩।—যে কেহ এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে বাণিজ্যের তিন শত টনের অধিক বোঝাইয়ের দেশীয় জাহাজের কাপ্তানের কি মালিমের কর্ম্ম করিয়াছেন, তিনি (আপনার সেই পূর্ব্বের কর্ম্মানুসারে) দেশীয় বাণিজ্যের জাহাজের কাপ্তানের কি মালিমের কর্ম্মের সংশিতপত্র পাইতে পারিবেন।

ও যাঁহাকে কর্ম্মের সেইরূপ সংশিতপত্র দেওয়া যায় তাঁহার নাম, ও তিনি যত কাল ও যে প্রকারের কর্ম্ম করিয়াছিলেন তাহার বিশেষ কথা, ঐ পত্রে লিখিয়া দেওয়া যাইবে। ও যে ব্যক্তিরা পূর্ব্বোক্তমতের পদপ্রাপ্ত হইয়াছিলেন ও পূর্ব্বোক্তমতে কর্ম্ম করিয়াছিলেন ইহার প্রমাণ করিয়া, ও পূর্ব্বোক্তমতের বিশেষ কথার সম্পূর্ণ ও হৃদ্বোধজনক বৃত্তান্ত কহিয়া, সেই প্রকারের সংশিতপত্র পাইবার যোগ্য হন স্থানবিশেষের

to have served as aforesaid, and upon their giving a full and satisfactory account of the particulars aforesaid.

[No foreign-going ship and no Home-trade ship above 300 tons to go to sea without certificated master, &c.]

LVIII. No foreign-going ship or Home-trade ship of a burden exceeding three hundred tons shall go to sea from any port in British India, unless the master and one officer besides the master have obtained and possess valid and appropriate certificates either of competency or service under this Act or under the Merchant Shipping Act, 1854; and whoever, having been engaged to serve as master or mate, goes to sea as aforesaid as such master or mate without being at the time entitled to and possessed of such a certificate as hereinbefore required, and whoever employs any person as such master or mate without ascertaining that he is at the time entitled to and possessed of such certificate, shall, for each such offence, be liable to a penalty of five hundred Rupees.

[Certificates for foreign-going ships available for Home-trade ships.]

LIX. Every certificate of competency for a foreign-going ship shall be deemed to be of a higher grade than the corresponding certificate for a Home-trade ship, and shall entitle the lawful holder thereof to go to sea in the corresponding grade in such last-mentioned ship; but no certificate for a Home-trade ship shall entitle the holder to go to sea as master or mate of a foreign-going ship.

[Record of grants, cancellations, &c, of certificates.]

LX. All certificates, whether of competency or service, shall be made in duplicate, and one part shall be delivered to the person entitled to the certificate, and the other shall be kept and recorded as the Local Government shall direct. A note of all orders made for cancelling, suspending, altering, or otherwise affecting any certificate in pursuance of the powers herein contained shall be entered in the record of certificates.

[Loss of certificate.]

LXI. Whenever any master or mate proves to the satisfaction of the Local Government or such other authority as aforesaid, that he has, without fault on his part, lost or been deprived of any certificate already granted to him, a copy of the certificate to which, by the record so kept as aforesaid, he appears to be entitled, shall be delivered

গবর্ণমেণ্ট কিম্বা পুর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক তাঁহারদিগকে কর্ম্মের ঐ সংশিতপত্র দিবেন ইতি।

[দেশান্তরগামি জাহাজের ও দেশীয় বাণিজ্যের ৩০০ টনের অধিক বোঝাইয়ের জাহাজের কাপ্তান প্রভৃতি সংশিতপত্রপ্রাপ্ত না হইলে সেই জাহাজের সমুদ্রে যাইতে না পারিবার কথা।]

৫৮ ধারা। দেশান্তরগমনীয় কোন জাহাজের কিম্বা দেশীয় বাণিজ্যের তিন শত টনের অধিক বোঝাইয়ের জাহাজের কাপ্তান ও তদ্ভিন্ন এক জন মালিম যদি এই আইনমতে কিম্বা ১৮৫৪ সালের বাণিজ্য জাহাজের আইনমতে যোগ্যতার কি কর্ম্মের বলবৎ ও উপযুক্ত সংশিতপত্র না পান ও তাহা যদি তাঁহারদের কাছে না থাকে, তবে সেই জাহাজ ভারতবর্ষের কোন বন্দর ছাড়িয়া সমুদ্রে যাইবে না। ও যে কেহ কাপ্তানের কি মালিমের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া, তৎকালে পূর্ব্বোক্ত সংশিতপত্র পাইবার যোগ্য না হইয়া ও তাহা না পাইয়াও কাপ্তান কি মালিম স্বরূপে উক্তমতে সমুদ্রে যান সেই ব্যক্তি, এবং সেই কর্ম্ম করিবার সময়ে তদ্রূপ সংশিতপত্র পাইবার যোগ্য আছেন ও তাহা পাইয়াছেন ইহা নিশ্চয়মতে না জানিয়া যে কেহ তাঁহাকে কাপ্তানের কি মালিমের কর্ম্ম দেন তিনিও তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকা অর্থদণ্ডের যোগ্য হইবেন ইতি।

[দেশান্তরগমনীয় জাহাজের সংশিতপত্র দেশীয় বাণিজ্যের জাহাজে চলন হইতে পারিবার কথা।]

৫৯ ধারা। দেশান্তরগমনীয় জাহাজের নিমিত্তে যোগ্যতার যে সংশিতপত্র তাহা দেশীয় বাণিজ্যের জাহাজের নিমিত্তে সমান প্রকারের সংশিতপত্র হইতে শ্রেষ্ঠ জ্ঞান হইবেক, ও কোন ব্যক্তি তাহা ন্যায্যমতে প্রাপ্ত হইলে সেই সংশিতপত্র লিখিত সমান শ্রেণীর কর্ম্মকারকস্বরূপে দেশীয় বাণিজ্যের জাহাজে সমুদ্রে যাইতে পারিবেন। কিন্তু দেশীয় বাণিজ্যের জাহাজের নিমিত্তে কোন সংশিতপত্র পাইলে তিনি বিদেশগমনীয় জাহাজের কাপ্তান কি মালিমস্বরূপে সমুদ্রে যাইতে পারিবেন না ইতি।

[সংশিতপত্র দেওয়া গেলে কি ব্যর্থ প্রভৃতি হইলে রিকার্ড করিবার কথা।]

৬০ ধারা। যোগ্যতার কি কর্ম্মের যে সকল সংশিতপত্র দেওয়া যায় তাহা দোহর করিয়া লিখিতে হইবে, এক খানি ঐ সংশিতপত্র পাইবার যোগ্য ব্যক্তিকে দেওয়া যাইবেক। অন্য খানি স্থানবিশেষের গবর্ণমেণ্ট যেমন আজ্ঞা করেন তেমনি রাখিয়া রিকার্ড করা যাইবে। এই আইনের লিখিত ক্ষমতানুসারে কোন সংশিতপত্র ব্যর্থ কি স্থগিত করিবার কিম্বা তাহার কোনমতে পরিবর্ত্তন করিবার যে সকল আজ্ঞা হয় তাহার কথা সংশিতপত্রের রিকার্ডে লিখিয়া দিতে হইবেক ইতি।

[সংশিতপত্র হারাণ গেলে তাহার কথা।]

৬১ ধারা। কোন কাপ্তানকে কি মালিমকে যে সংশিতপত্র দেওয়া গিয়াছিল তাহা হারাণ গিয়াছে কিম্বা তাঁহার নিকট হইতে হরণ করা গিয়াছে কিন্তু তাঁহার নিজ দোষ নয়, যদি তিনি স্থানবিশেষের গবর্ণমেণ্টের কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেবের হৃদ্বোধমতে এই কথার প্রমাণ করিতে পারেন, তবে পূর্ব্বোক্ত রিকার্ডমতে তাঁহার যে সংশিতপত্র

[*Government Gazette*, 20th November 1866.]

to him, and shall have all the effect of the original.

[Sections 54 to 61 of this Act not to apply to ships registered under this Act, under certain circumstances.]

LXII. Sections 54 to 61 (both inclusive) shall not apply to ships registered under this Act, and trading between ports in India and the coast of Arabia, when such ships are navigated and manned exclusively by Arabs, Lascars, or other Asiatic Masters and Seamen.

PART VII.

Of the Engagement of Seamen.

[Licenses to procure seamen.]

LXIII. The Local Government, or any Board or Officer duly authorized by the Local Government in that behalf may grant to such persons as may be deemed fit, licenses to engage or supply seamen for merchant ships, to continue for such periods, to be upon such terms, and to be revocable upon such conditions as the Government thinks proper.

[Penalties.]

LXIV. The following offences shall be punishable as hereinafter mentioned (that is to say),—

[For supplying seamen without license.]

(1)—If any person not licensed as aforesaid, other than the owner or master or mate of the ship, or some person who is *bonâ fide* the servant and in the constant employ of the owner, or a Shipping Master duly appointed as aforesaid, engages or supplies any seaman to be entered on board any ship, he shall for each seaman so engaged or supplied incur a penalty not exceeding one hundred Rupees.

[For employing unlicensed persons.]

(2)—If any person employs any unlicensed person, other than persons so excepted as aforesaid, for the purpose of engaging or supplying any seaman to be entered on board any ship, he shall for each seaman so engaged or supplied incur a penalty not exceeding one hundred Rupees, and, if licensed, shall in addition forfeit his license.

পাইবার যোগ্যতা দৃষ্ট হয় তাহার প্রতিলিপি তাঁহাকে দেওয়া যাইবেক, ও তাহাতে আদ্য লিপির সমান ফল দর্শিবে ইতি।

[স্থলবিশেষে এই আইনমতে রেজিষ্টরী করা জাহাজের উপর ৫৪ অবধি ৬১ পর্য্যন্ত ধারার বিধান না খাটিবার কথা।]

দেশীয় ষষ্ঠ পদাতিক সৈন্যদলের লেপ্টেনেণ্ট শ্রীযুত এম ও বয়ড সাহেব আসামে আসিষ্টাণ্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন, এবং কাপ্তান শ্রীযুত ডবলিউ সি এস ক্লার্ক সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত জে গ্রেগরি সাহেব নাগা পর্ব্বতের ডেপুটী কমিস্যনর হইবেন।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেবের রাজকীয় বিশেষ কার্য্যোপলক্ষে অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর বি চাপমান সাহেব নদীয়া খণ্ডের রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ৭ নবেম্বর।

মানভূমের জরীপী কার্য্যের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাখাল দাস হালদার অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মে মাসের ৩১ তারিখ অবধি আগষ্ট মাসের ১৩ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

Baboo Sreenath Mookerjee, Sub-Assistant Surgeon of the Charitable Dispensary at Mozufferpore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Mr. W. H. Coxe, Professor, Kishnaghur College, for six months, without pay, under the Financial Notification, dated 4th June 1864.

The 8th November 1866.

The late Mr. J. G. Medlicott, Inspector of Schools, South-West Division, obtained leave of absence, from the 13th April to 2nd May last, under pararaph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 9th November 1866.

Baboo Doorgaguty Banerjee, Specail Sub-Registrar of Assurances, Gya, for ten days, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, in extension of the leave granted to him under orders of the 15th ultimo.

The 10th November 1866.

Mr H. L. Oliphant, Deputy Commissioner of Lohardugga, for one month, from the 29th ultimo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

The 12th November 1866

Lieutenant W. J. Williamson, Assistant Commissioner of the Garrow Hills, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Lalla Faqueer Chand Lall, Deputy Magistrate and Deputy Collector of Bhuboouh, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may avail himself of the leave.

Mr. W. G. Deare, Deputy Magistrate and Deputy Collector of Magoorah, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may be relieved by his successor.

Mr. A. H. Giles, District Superintendent of Police, Nuddea, is allowed leave of absence from 18th to the 25th September last, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Lieutenant E. G. Lillingston, Assistant Commissioner, Lohardugga, for fifteen days, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 21st December next, or any subsequent date on which he may avail himself of the leave.

Baboo Grish Chunder Mitter, Uncovenanted Assistant to the Commissioner of Chota Nagpore.

[*Government Gazette*, *20th November* 1866.]

মজঃফরপুরের দাতব্য ঔষধালয়ের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু শ্রীনাথ মুখোপাধ্যায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

কৃষ্ণনগর কালেজের অধ্যাপক শ্রীযুত ডবলিউ এচ কক্স সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৪ সালের জুন-মাসের ৪ তারিখের বিজ্ঞাপনমতে বিনা বেতনে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৮ নবেম্বর।

দক্ষিণ পশ্চিম খণ্ডের বিদ্যালয়সমূহের ভূতপূর্ব্ব তত্ত্বাবধায়ক শ্রীযুত জে জি মেডলিকট সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত আপ্রিল মাসের ১৩ তারিখ অবধি মে মাসের ২ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৯ নবেম্বর।

গয়ার নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু দুর্গাগতি বন্দ্যোপাধ্যায় গত মাসের ১৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১০ নবেম্বর।

লোহারডগার ডেপুটী কমিসানর শ্রীযুত এচ এল অলিফাণ্ট সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে গত মাসের ২৯ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১২ নবেম্বর।

গারোপর্ব্বতের আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ জে উলিয়মসন সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

ভুবুয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত লালা ফকিরচাঁদ লাল যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

মাগুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ জি ডিয়র সাহেব যে তারিখে তাঁহার পদ-গ্রাহিদ্বারা অবকাশ প্রাপ্ত হন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ এচ জাইলস সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত সেপ্টেম্বর মাসের ১৮ অবধি ২৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

লোহারডাগার আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত ই জি লিলিংষ্টন সাহেব আগামি ডিসেম্বর মাসের ২১ তারিখ অবধি কিম্বা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

ছোট নাগপুরের কমিসানর সাহেবের অচিহ্নিত আসিষ্টাণ্ট শ্রীযুত বাবু গিরীশচন্দ্র মিত্র যে তারিখে

for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Baboo Lukhikant Roy, Deputy Magistrate and Deputy Collector of Cox's Bazar, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may be relieved of the charge of the Sub-Division.

Lieutenant R. P. Dawis, Officiating District Superintendent of Police, Howrah, for seventeen days, preparatory to proceeding to Europe on Medical leave.

Mr. J. A. Floyd, Officiating District Superintendent of Police, Gowalparah, for two months, from the 4th ultimo, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

Mr. T. J. Maltby, District Superintendent of Police, Backergunge, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Dr. R. O'Conor, Medical Officer of Nowgong, for one month, from the 14th ultimo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules. Dr. Imthurn, Medical Officer of Durrung, will take temporary charge of the Civil Station of Nowgong, during Dr. O'Conor's absence.

NOTIFICATIONS.

The 9th November 1866.

The services of Baboo Kalidas Palit, Deputy Collector of Hazareebaugh, are placed at the disposal of the Board of Revenue for employment, in connection with the Ramghur Estate. This cancels the leave granted to Baboo Kalidas Palit, under orders of the 12th ultimo.

The leave granted to Mr. F. J. R. Walker, Deputy Magistrate and Deputy Collector of Serajgunge, under orders of the 20th September last, is cancelled at his own request.

Captain A. E. Campbell, Officiating Deputy Commissioner of Gowalparah, having resumed his duties on the 9th ultimo, the unexpired portion of the leave granted to him, under orders of the 3rd idem, is cancelled.

Mr. C. T. Metcalfe, C. S., having reported his return by the Steamer *Golconda*, which reached the Sandheads on the 29th ultimo, the unexpired portion of his leave is cancelled.

NOTIFICATION.

The 5th November 1866.

Nilkunt Rai, son of Gour Persad Rai, late Record-keeper in the Office of the Magistrate of

ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

কক্সবাজারের ডেপুটীর মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু লক্ষ্মীকান্ত রায় উক্ত শাখাখণ্ডের কর্ম্মের ভার হইতে যে তারিখে অবকাশ পান সেই তারিখঅবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

হাবড়ার পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত আর ;পি ডেবিস সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে সতের দিনের ছুটী পাইয়াছেন।

গোয়ালপাড়ার পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে এ ফ্লয়ড সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে গত মাসের ৪ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত টি জে মালটবী সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

নৌগাঁয়ের চিকিৎসক ডাক্তর শ্রীযুত আর ও'কনর সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত মাসের ১৪ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানকালে দরঙ্গের চিকিৎসক ডাক্তর শ্রীযুত ইমথর্ণ সাহেব কিয়ৎকালের নিমিত্তে নৌগাঁয়ের সিবিল মোকামের কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৯ নবেম্বর।

হাজারীবাগের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালিদাস পালিত রামগড় মাহাল সংক্রান্ত কার্য্যে নিযুক্ত হওনার্থে রেবিনিউ বোর্ডেব আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন। অতএব গত মাসের ১২ তারিখের আজ্ঞামতে তিনি যে ছুটী পান তাহা ইহাতে রহিত হইল।

শেরাজগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ জে আর ওয়াকর সাহেব গত সেপ্টেম্বর মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনাক্রমে রহিত হইল।

গোয়ালপাড়ার একটিং ডেপুটী কমিস্যনর কাপ্তান শ্রীযুত এ ই কাম্বেল সাহেব গত মাসের ৯ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করাতে ঐ মাসের ৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত সি টি মেটকাফ সাহেব গলকণ্ডা নামক বাষ্পীয় জাহাজে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করাতে তাঁহার ছুটীর অবশিষ্টাংশ রহিত হইল। উক্ত জাহাজ গত মাসের ২৯ তারিখে গঙ্গাসাগরে পঁহুছে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৫ নবেম্বর।

পুরীর মাজিষ্ট্রেটের কার্য্যালয়ের ভূতপূর্ব্ব মহাফেজ শ্রীগৌর প্রসাদ রায়ের পুত্র শ্রীনীল কণ্ঠ রায় জাল

Pooree, having been convicted of preparing a forged power of attorney and of attempting to procure its attestation by the Deputy Magistrate of Pooree, and having been sentenced to five years' rigorous imprisonment, is hereby declared incapable of again serving Government in any capacity

NOTIFICATION.

The 13th November 1866.

It is hereby notified that, with the sanction of the Government of India, the Lieutenant-Governor has been pleased to abolish the Sub-Division of North Cachar, in Assam, and to constitute a separate district, consisting of that part of the district of Nowgong which lies on the right bank of the River Dhunseeri, the Naga Hills and the country on both banks of the River Doyeng.

The name of the district will, for the present, be the Naga Hills, and its Head-Quarters will be at Samoogooting. It will be administered by a Deputy Commissioner, under the control of the Commissioner of Assam.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.

No. 249.

The 22nd October 1866.

NOTIFICATION.

The following Rules having reference to the undermentioned three navigable channels in the Backergunge District, *viz.*:—

1. The River Damooda connecting Rivers Balessur and Kotcha and Kaligunga,—

2. The Cowcally River from its junction with the Kotcha and Kaligunga Rivers up to the place from where the Jallakatty Bharani Khall rises,—

মোক্তারনামা প্রস্তুত করণ এবং পুরীর ডেপুটী মাজিষ্ট্রেটের দ্বারা তাহাতে স্বাক্ষর করাইবার উদ্যোগ করণাপরাধী প্রমাণ হওয়াতে তাঁহার কঠিন পরিশ্রমের সহিত পাঁচ বৎসর কারাবন্ধনের আজ্ঞা হয়, অতএব ইহাতে প্রকাশ করা যাইতেছে যে তিনি পুনরায় গবর্ণমেন্টের কোন কার্য্যে নিযুক্ত হইতে পারিবেন না।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৩ নবেম্বর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ভারতবর্ষের গবর্ণমেন্টের সম্মতিক্রমে আসামের অন্তর্গত উত্তর কাছাড়ের শাখাখণ্ড উঠিয়া দিয়া নৌগাঁ জিলার যে অংশ ধনশ্রী নদীর দক্ষিণ তটে আছে তাহা এবং নগাপর্ব্বত ও দোয়েং নদীর উভয় তটস্থ দেশ লইয়া স্বতন্ত্র এক জিলা করিলেন।

উক্ত জিলার নাম এখন নাগাপর্ব্বত, তাহার সদর মোকাম সামুগুটিঙ্গে হইবে। আসামের কমিসানর সাহেবের কর্তৃত্বাধীন হইয়া এক জন ডেপুটী কমিসানর তাহার কার্য্য সম্পাদন করিবেন।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

২৪৯ নম্বর।

১৮৬৬ সাল ২২ অক্টোবর।

বিজ্ঞাপন।

খালের আইন (বঙ্গদেশীয় ১৮৬৪ সালের ৫ আইনের) ১১ ও ১২ ধারার বিধানমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বাকরগঞ্জ জিলার অন্তর্গত নৌকার গমনীয় নিম্ন লিখিত তিন নালার বিষয়ে নিম্ন লিখিত বিধি প্রকাশ করিয়াছেন।

১। দামোদর নদ। এই নদের দ্বারা বালেশ্বর ও কোটচা ও কালীগঙ্গা নদীর সংযোগ হয়।

২। কোখালী নদী। কোটচা ও কালীগঙ্গা নদীর সহিত ইহার সংযোগ স্থান অবধি জালাকাটী ভারণী খালের উৎপত্তি স্থান পর্য্যন্ত।

3. The Jallakatty Bharani Khall from its junction with River Cowcally to its opening into the River Jallakatty, have been passed this day by the Lieutenant-Governor of Bengal under the provisions of Sections XI. and XII. of the *Canals' Act* (V. of 1864, B. L. C.) :—

1. Every vessel on entering any of the above navigable channels shall be liable to measurement by the Officer in charge of the Toll Station, for the purpose of ascertaining the amount of toll to be paid.

2. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the *Canals' Act* and of these Rules, be determined by the following measurements :—

(a.) The product of half the length of the vessel from stem to stern, measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel is to be taken as the number of maunds upon which toll should be levied.

(b.) The measurement of the length is to be made in feet, rejecting inches. The measurement of the breadth and depth is to be made in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(c.) In calculating the amount of toll to be levied, any fraction of 100 maunds, less than fifty maunds, is to be omitted; and a fraction exceeding fifty maunds is to be charged as fifty maunds only.

3. No raft will be admitted into any of the channels in excess of fifty feet in length or five feet in breadth. No timber, bamboos, or grass will be admitted, except securely and compactly packed in the form of a raft.

4. Every vessel entering any of the channels shall be furnished with a ticket on paying the prescribed toll. The ticket will specify the date of entry, the maundage of the vessel, and the amount of toll paid.

5. No vessels whatever, except such as are employed on works connected with the main-

৩। কৌখালী নদীর সহিত জলাকাটী ভারণী খালের সংযোগ স্থান অবধি জলাকাটী নদীতে ইহার সঙ্গম স্থান পর্য্যন্ত।

১। প্রত্যেক নৌকা যখন উপরোক্ত কোন নালাতে প্রবেশ করে তখন দেয় মাসুল অবধারণ করণার্থে কুতঘাটের কার্য্যকারক তাহা মাপ করিতে পারিবেন।

২। বোঝাই কি খালী হউক, নৌকাতে যত মণ ধরে তাহা খালের আইনের ও এই বিধির অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত মতে পরিমাণ করণদ্বারা নিশ্চয় করা যাইবে, অর্থাৎ—

(ক) গলহী অবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত জলের রেখা ধরিয়া পরিমাণ করিলে নৌকার যে দীর্ঘতা হয় তাহার অর্দ্ধেক, ও নৌকার খোলের অতি প্রশস্ত স্থানের প্রস্থ এবং জলরেখা অবধি নৌকার তলপর্য্যন্ত গভীরতা, এই তিনের সংখ্যা পরস্পর গুণ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা মণের সংখ্যা বলিয়া সেই সংখ্যার মণের উপর মাসুল ধার্য্য করিতে হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিতে গেলে ইঞ্চি ছাড়িয়া কেবল ফুট ধরিতে হইবে, এবং প্রস্থের ও গভীরতার পরিমাণ করিতে গেলে ফুট ও ফুটের চতুর্থাংশ ধরিতে হইবে। চতুর্থাংশের ন্যূনাংশ ত্যাজ্য।

(গ) কত মাসুল লইতে হইবে ইহার হিসাব করিলে ১০০ মণের যে ভগ্নাংশ ৫০ মণের কম হয় তাহা ধরিতে হইবে না। ও ৫০ মণের অধিক যে ভগ্নাংশ তাহা কেবল ৫০ মণ ধরিতে হইবে।

৩। দীর্ঘে ৫০ ফুট ও প্রস্থে ৫ ফুটের অধিক হইলে মাড় উক্ত কোন নালায় প্রবেশ করিতে পারিবে না। মাড়ের মত দৃঢ়রূপে বান্ধা না হইলে শালাদি কাষ্ঠের কি বাঁশের কি ঘাসের মাড় নালায় প্রবেশ করিতে পারিবে না।

৪। যে প্রত্যেক নৌকা উক্ত কোন নালায় প্রবেশ করে, নির্দ্দিষ্ট মাসুল দিলে তাহার এক খান টিকিট দেওয়া যাইবে। প্রবেশ করণের তারিখ, যত মণী নৌকা, যত মাসুল দেওয়া গেল তাহা ঐ টিকিটে নির্দ্দিষ্ট থাকিবে।

৫। যে সকল নৌকা উক্ত কোন নালার রক্ষা কি সৌষ্ঠব করণসম্পর্কীয় কার্য্যে নিযুক্ত হয় কেবল তাহা-

tenance or improvement of the lines of channels in question, shall be exempted from paying toll.

6. Every vessel or raft which has paid toll shall be allowed three days to pass through any one of the channels, the days of entering and leaving being both included, and any vessel or raft remaining in any part of the channels longer than the period above fixed, shall, for each day in excess of such period, be charged demurrage equal to one-half of the toll paid. Every vessel or raft remaining in any one of the channels more than one month, without authority from the Supervisor, shall be subject to be summarily removed.

7. Any person infringing any of the above Rules, or wilfully interfering in their enforcement, shall be liable, under Section XI. of the Canals' Act, to a fine not exceeding 50 Rupees for any one offence.

No. 250.

The 22nd October 1866.

APPOINTMENT.

The Collector of Backergunge is appointed, under Sections VIII. and XIII. of Act V. of 1864 (B. L. C.,) Collector of Tolls and Supervisor of the Canals specified in the aforementioned Notification, with effect from the date on which the provisions of the foregoing Act came into operation on those Canals.

No. 251.

The 18th October 1866.

NOTIFICATION.

Agreeably to Section II. of the Canals' Act (V. of 1864, B. L. C.) it is hereby declared that the provisions of the said "Canals' Act, 1864," shall, from and after the 1st January 1867, apply to the under-mentioned navigable channels :—

Canal from Cuttack at Jugguthpore, on the River Beropa, to the Tidal Lock beyond Attaboa, to be called the Kendraparrah Canal.

1st Section (or from Cuttack to the Brahminee River) of the Canal from the River Beropa at Cuttack to Oolabarriah to be called the High Level Canal.

[*Government Gazette*, *20th November* 1866.]

রই মাসুল লাগিবে না। অন্য সকল নৌকাদির মাসুল লাগিবে।

৬। নৌকার কি মাড়ের মাসুল দেওয়া গেলে উক্ত কোন নালায় প্রবেশ করিবার কি তাহাহইতে বাহির হইবার দিনসুদ্ধ নালায় চলিবার তিন দিনের অবকাশ দেওয়া যাইবে, ও যে নৌকা কি মাড় অধিক কাল উক্ত নালার কোন স্থানে থাকে তাহার উপর গহরী জন্য দিনপ্রতি পুর্ব্বদত্ত মাসুলের অর্দ্ধেকের হারে মাসুল লওয়া যাইবে। কোন নৌকা কি মাড় তত্ত্বাবধারকের অনুমতিব্যতিরেকে উক্ত কোন নালায় এক মাসের অধিককাল থাকিলে তাহা ত্বরায় বাহির করিয়া দেওয়া যাইতে পারিবে।

৭। যদি কোন ব্যক্তি পুর্ব্বোক্ত কোন বিধি লঙ্ঘন করে কি তাহার প্রবল হওয়ার নিবারণ বিষয়ে ইচ্ছাপুর্ব্বক হস্তক্ষেপ করে তবে খালের আইনের ১১ ধারামতে কোন এক অপরাধের ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

---

২৫০ নম্বর।

১৮৬৬ সাল ২২ অক্টোবর।

নিয়োগ।

বঙ্গদেশীয় ১৮৬৪ সালের ৫ আইনের ৮ ও ১৩ ধারামতে বাকরগঞ্জের কালেক্টর সাহেব পুর্ব্ব লিখিত জ্ঞাপনির নির্দ্দিষ্ট নালার মাসুলের আদায়কারি ও তত্ত্বাবধারি পদে নিযুক্ত হইয়াছেন। উক্ত আইনের বিধান যে তারিখে উক্ত নালায় প্রচলিত হয়, সেই তারিখঅবধি ঐ নিয়োগ প্রবল হইবে।

---

২৫১ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অক্টোবর।

বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় ১৮৬৪ সালের ৫ আইনের অর্থাৎ খালের আইনের ২ ধারাক্রমে ইহাতে প্রকাশ করা গেল যে ১৮৬৪ সালের উক্ত খালের আইনের বিধান ১৮৬৭ সালের জানুআরি মাসের প্রথম দিবসাবধি নৌকাদির গমনীয় নিম্ন লিখিত নালার প্রতি বর্ত্তিবে।

কটকের বীরপা নদীর তীরস্থ জগৎপুরহইতে আতাবোয়ার জোয়ার-ভাটার জলদ্বারবিশিষ্ট স্থানপর্য্যন্ত যে নালা। তাহার নাম কেন্দ্রপাড়ার নালা।

কটকের বীরপা নদী অবধি উলুবেড়িয়া পর্য্যন্ত ঐ খালের প্রথম ভাগ (কটকহইতে ব্রাহ্মণী নদী পর্য্যন্ত) হাই লেবেল নালা নামে খ্যাত হইবে।

No. 252.

The 18th October 1866.

With reference to Notification by this Department, No. 251, dated the 18th October 1866, it is hereby notified, under Section VI. of the "Canals' Act, 1864," that it is intended to levy Toll at the following Rates, and at the undermentioned places on the "Kendraparah Canal" and on the 1st Section of the "High Level Canal," from and after the 1st January 1867 :—

Schedule of Rates of Toll to be charged on the Kendraparah Canal.

DESCRIPTION.		Entering from the East.					Entering from the West.				
		At Tidal Lock.	At Attaboe.	At Lokenathpore.	At Kendraparah.	At Mahantisai.	At Jugguthpore.	At Mahantisai.	At Kendraparah.	At Lokenathpore.	At Attaboe.
		Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.
Vessels ...	⅌ 100 maunds.	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5
Timber in rafts ...	⅌ timber.	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0
Bamboos in floats ...	⅌ 100 bamboos.	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0

Passenger Boats.—A charge of ¼ (a quarter) pie per head, per mile, over and above the Toll leviable from the Boats by measurement.

N. B.—This charge will be leviable from the owners of the Boats, and not from the passengers.

Schedule of the Rates of Toll to be charged on the 1st Section of the High Level Canal, or up to the Brahminee River.

DESCRIPTION.		Entering from the North.				Entering from the South.			
		At the Brahminee River.	At Nealpore.	At Byree.	At Tomghy.	At Cuttack.	At Tomghy.	At Byree.	At Nealpore.
		Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.
Vessels ...	⅌ 100 maunds.	0 6 0	0 6 0	0 6 0	0 6 0	0 6 0	0 6 0	0 6 0	0 6 0
Timber in rafts ...	⅌ timber ...	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0
Bamboos in floats.	⅌ 100 bamboos	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0

Passenger Boats.—A charge of a ¼ (a quarter) pie per head, per mile, over and above the Toll leviable from the Boats by measurement.

N. B.—This charge will be leviable from the owners of the Boats, and not from passengers.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২০ নবেম্বর।]

২৫২ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অক্টোবর।

এই ডিপার্টমেণ্টের ১৮৬৬ সালের ১৮ অক্টোবরের তারিখের ২৫১ নম্বরের যে জ্ঞাপনি প্রকাশ হইয়াছিল তদুপলক্ষে [illegible] দেওয়া গেল যে, ১৮৬৪ সালের খালের আইনের ৬ ধারামতে ১৮৬৭ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি কেন্দ্রপাড়া খালায় ও হাই লেবেল খালায় প্রথম ভাগের নিম্ন লিখিত স্থানে নিম্ন লিখিত হারে মাসুল আদায় করিবার অভিপ্রায় আছে।

কেন্দ্রপাড়ার খালে যে হারে মাসুল আদায় হইবে তাহার তফসীল।

বেওরা।	পূর্ব্বদিক্ হইতে মালায় গেলে।					পশ্চিমদিক্ হইতে মালায় গেলে।				
	জলঘারে	আত্তাবোয়াতে	লোকনাথপুরে	কেন্দ্রপাড়ায়	মহকিশরে	জগৎপুরে	মহকিশরে	কে[illegible]	লোকনাথপুরে	আত্তাবোয়াতে
নৌকাদির ১০০ মণ প্রতি ...	৷৷৫	৷৷৫	৷৷৫	৷৷৫	৷৷৫	৷৷৫	৷৷৫	৷৷৫	৷৷৫	৷৷৫
ঝাড়ে বদ্ধ বাহাদুরী কাট প্রতি	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০
ঝাড়ে বদ্ধ ১০০ বাঁশ প্রতি ...	৷০	৷০	৷০	৷০	৷০	৷০	৷০	৷০	৷০	৷০

গহনা নৌকা হইলে নৌকা মাপ করিয়া যত মাসুল আদায় হইতে পারিবে তদুপরি ও তদ্ভিন্ন প্রত্যেক জন চড়নদারের নিমিত্তে মাইল প্রতি ইংরেজী পাইর চতুর্থাংশ লওয়া যাইবে।

মন্তব্য। এই মাসুল চড়নদারদের স্থানে লওয়া যাইবে না, নৌকার স্বামির স্থানে আদায় হইবে।

হাই লেবেল খালের প্রথম ভাগে ব্রাহ্মণী নদীপর্য্যন্ত যে হারে মাসুল আদায় হইবে তাহার তফসীল।

বেওরা।	উত্তরদিক্ হইতে মালায় গেলে।				দক্ষিণদিক্ হইতে মালায় গেলে।			
	ব্রাহ্মণী নদীতে	নীলপুরে	বৈরীতে	তোকমীতে	বাঙ্কে	তোকমীতে	বৈরীতে	নীলপুরে
নৌকাদির ১০০ মণ প্রতি ...	৷৵০	৷৵০	৷৵০	৷৵০	৷৵০	৷৵০	৷৵০	৷৵০
ঝাড়ে বদ্ধ বাহাদুরী কাট প্রতি ...	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০
ঝাড়ে বদ্ধ ১০০ বাঁশ প্রতি ...	৷০	৷০	৷০	৷০	৷০	৷০	৷০	৷০

গহনা নৌকা হইলে নৌকা মাপ করিয়া যত মাসুল আদায় হইতে পারিবে তদুপরি ও তদ্ভিন্ন প্রত্যেক জন চড়নদারের নিমিত্তে মাইল প্রতি ইংরেজী পাইর চতুর্থাংশ লওয়া যাইবে।

মন্তব্য। এই মাসুল চড়নদারের স্থানে লওয়া যাইবে না, নৌকার স্বামির স্থানে আদায় হইবে।

No. 253.

The 18th October 1866.

The following draft Rules having reference to the Kendrapara Canal and the First Section of the "High Level Canal" from Cuttack to Ooloobarriah, are hereby published under the provisions of Section XI. of the "Canals' Act, 1864." (No. V., B. L. C.) :—

I. Every vessel on entering either of the above Canals shall be liable to measurement for the purpose of ascertaining the amount of toll the vessel should pay, according to the schedule of rates authorized by Government to be charged on the Canal.

II. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the "Canals' Act, 1864," and of these Rules, be determined by the following measurements :—

(a.) The product of half the length of the vessel from stem to stern measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel, is to be taken as the number of maunds upon which toll shall be levied.

(b.) The measurement of the length is to be made in feet, rejecting inches, and the measurement of the breadth and depth in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(c.) In calculating the amount of toll to be levied on vessels exceeding 100 maunds tonnage, any fraction of 100 maunds less than 25 maunds is to be omitted; exceeding 25 and not exceeding 50 maunds, is to be charged as 25 maunds only; exceeding 50 and not exceeding 75 maunds to be charged as 50 maunds only; and exceeding 75 maunds, as 75 maunds only. Above one thousand maunds no fraction of 100 maunds tonnage is to be charged. Toll will be charged on vessels under 100 maunds tonnage on the actual measurements of the vessels, omitting fractions of tens of maunds.

III. Every vessel entering either of the above Canals shall be furnished with a ticket on paying the prescribed toll. The ticket shall specify the station at which it has been issued, the name of the person in charge of the vessel, the date the vessel entered the Canal, the point to which it may proceed in the Canal, the maundage of the vessel, the amount of toll charged, and the number of days for which the vessel may remain in the Canal, and the date of such last day. The number of days which the vessel may remain in

২৫৩ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অক্টোবর।

কটকহইতে উলুবেড়িয়াপর্য্যন্ত কেন্দ্রপাড়ার যে নালা ও হাই লেবেল নালার যে প্রথমভাগ আছে তদুপলক্ষে নিম্নলিখিত বিধির পাণ্ডুলিপি ১৮৬৪ সালের খালের (বঙ্গদেশীয় ৫ আইনের) ১১ ধারার বিধানমতে প্রকাশ করা গেল।

১। কোন নৌকাদি উক্ত একতর নালাতে প্রবেশ করিলে, গবর্ণমেণ্টের অনুমতিক্রমে সেই নালার যে হারে মাসুল আদায় হইতে পারিবে, ইহা নিরূপণ করিবার জন্যে ঐ নৌকাদি মাপ করা যাইতে পারিবে।

২। ১৮৬৪ সালের খালের আইন ও এই বিধি সফল করিবার জন্যে, খালি কি বোঝাই প্রত্যেক নৌকাতে যত মণ ধরিতে পারে তাহা নিম্ন প্রকারে মাপিয়া নিরূপণ করা যাইবে।

(ক) নৌকার পার্শ্বে জলের যে চিহ্ন আছে সেই চিহ্ন স্থানে নৌকার অগ্রভাগঅবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত যত ফুট লম্বা তাহার অর্দ্ধেক, ও ভিতরে নৌকার অতি চৌড়া স্থান যত ফুট চৌড়া ও জলের সেই চিহ্নস্থানাবধি নৌকার তলভাগ পর্য্যন্ত যত ফুট গভীর এই সকল অঙ্ক পূরণ করিয়া যে ফলিতাঙ্ক হয় নৌকাতে তত মণ ধরে বলিয়া তাহার উপর মাসুল আদায় হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিলে কেবল ফুট ধরিতে হইবে। ইঞ্চি সকল ত্যাজ্য। প্রশস্ততার ও গভীরতার পরিমাণ গ্রহণ করিলে ফুটের চতুর্থাংশ পর্য্যন্ত ধরা যাইবে। চতুর্থাংশের ন্যূন অংশ ত্যাজ্য।

(গ) যে নৌকায় ১০০ মণের অধিক ধরে তাহার উপর যত মাসুল আদায় করিতে হইবে ইহার হিসাব করিলে, ১০০ মণের অধিক ২৫ মণের ন্যূনাংশ ত্যাজ্য। ২৫ মণের অধিক কিন্তু ৫০ মণের অনধিক হইলে ২৫ মণের মাসুল ধরিতে হইবে। ৫০ মণের অধিক কিন্তু ৭৫ মণের অনধিক হইলে কেবল ৫০ মণের মাসুল ধরিতে হইবে। ৭৫ মণের অধিক হইলে কেবল ৭৫ মণ ধরিতে হইবে। যদি এক হাজার মণের অধিক হয় তবে এক২ শত মণের ন্যূনাংশের উপর মাসুল আদায় হইবে না। যদি নৌকায় এক শত মণের কম ধরে তবে মাপ হইয়া যত মণ ধরে তাহার উপর মাসুল ধরা যাইবে কিন্তু দশ২ মণের ন্যূনাংশ ত্যাজ্য।

৩। কোন নৌকা পূর্ব্বোক্ত কোন নালায় প্রবেশ করিয়া অবধারিত মাসুল দিলে তাহার একখানি টিকিট দেওয়া যাইবে। টিকিট যে স্থানে দেওয়া গেল সেই স্থানের নাম, ও নৌকাদি যাহার জিম্মায় আছে সেই মাঝীর নাম ও নৌকাদি যে তারিখে নালায় প্রবেশ করে সেই তারিখ ও নালায় যত দূর যাইবে, ও নৌকাদিতে যত মণ ধরে, ও যত মাসুল দেওয়া গিয়াছে, ও নৌকাদি ঐ নালাতে যত দিন থাকিতে পারে ও সেই শেষ দিন যে মাসের যে তারিখ এই সকল কথা ঐ টিকিটে নির্দ্দিষ্ট হইবে। নৌকাদি অধিক মাসুল না দিয়া নালাতে যত দিন থাকিতে পারে

the Canal without additional payment, shall be calculated at the rate of one day for every 8 miles, for portion of 8 miles, to be traversed.

IV. Toll may be paid at the first station either for the entire number of Toll Stations on the line of navigation, or for any less number of stations.

V. The tickets thus given may be demanded for inspection by any duly authorized Canal Officer, and must be kept on board and at hand for that purpose. They must be shewn at each Toll Station the vessel has to pass, as a passport that no further payment of toll is to be demanded. The tickets shall be delivered up at the last Toll Station.

VI. Owners of vessels may compound by the payment of a fixed sum, for the use of the whole or a portion of either of the above Canals for any period that may be agreed upon, not exceeding one year. Each vessel so compounded for shall be furnished with a ticket shewing the amount of toll paid, the period for which the toll has been compounded for, and the limits of the Canal within which the vessel may pass; such ticket shall be kept on board the vessel and shall be produced when required under Rule V., but shall be given up only on the date of the expiry of the period for which granted, and at the station from whence issued.

VII. Duplicates of lost tickets, of which the numbers and the dates of entry can be satisfactorily established will be granted by Officers in charge of Toll Stations on payment of a fee of one Rupee.

VIII. Vessels remaining in the Canals for a period exceeding that allowed under Rule III. will pay a demurrage of eight annas per 100 maunds per diem for each day or part of a day that they may remain in excess.

IX. No boats above 18 feet beam over all, and no rafts or floats of more than 10 feet width and 150 in length, will be allowed to enter the Canals.

X. It will not be compulsory for the locks to be opened to single vessels of less than 500 maunds burden, except in the case of mail or despatch boats; but the locks shall be opened for the passage of boats at least twice a day.

XI. Vessels must have their masts fitted so that they can be let down with ease and speed, and when under sail, vessels must always keep in the middle of the Canal; when being tracked, vessels are, as far as practicable, to keep to their port or left side of the Canals.

তাহার হিসাব করিবার বিধি এই, যত দূর যাইবে, তাহার আট২ মাইলের প্রতি কি আট মাইলের কোন অংশ প্রতি এক দিন ধরিতে হইবে।

৪। নালার মধ্যে যত স্থানে মাস্থল দিতে হইবে সেই সকল স্থানের কিম্বা তাহার মধ্যে যত ইচ্ছা তত স্থানের মাস্থল প্রথম চৌকীতে দেওয়া যাইতে পারিবে।

৫। পুর্ব্বোক্ত যে টিকিট দেওয়া যায়, ঐ নালার সংক্রান্ত উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক তাহা দেখিবার জন্যে কোন সময়ে দাওয়া করিতে পারিবেন। এই জন্যে ঐ টিকিট নৌকায় সর্ব্বদা নিকটে রাখিতে হইবে। নৌকাদি প্রথম চৌকীতে মাস্থল দিলে পর অন্য যে সকল চৌকীর নিকট হইয়া যায় সেই২ চৌকীতে মাস্থল দিতে হইবে না, ইহার প্রমাণ স্বরূপে সকল মাস্থল চৌকীতে ঐ টিকিট দেখাইতে হইবে। শেষ মাস্থল চৌকীতে টিকিট দিয়া ফেলিতে হইবে।

৬। নৌকাদির স্বামিরা এক বৎসরের অনধিক কোন কাল পর্য্যন্ত উক্ত নালার সমুদয় স্থানে কি কোন অংশে নৌকা চালাইবার জন্যে মাস্থলের চুক্তি করিয়া লইতে পারিবেন। যে নৌকাসংক্রান্ত তদ্রূপ চুক্তি করা যায়, সেই নৌকাতে একখানি টিকিট দেওয়া যাইবে। যত মাস্থল দেওয়া গেল ও যত কালের নিমিত্তে মাস্থলের চুক্তি হইয়াছে, ও সেই নৌকা নালার যে২ স্থানে যাইতে পাইবে, এই সকল কথা ঐ টিকিটে নির্দ্দিষ্ট থাকিবে। ঐ টিকিট নৌকাতে রাখিতে হইবে, ও ৫ ধারামতে দেখাইবার আদেশ হইলেই দেখাইতে হইবে। যত কালের চুক্তি হইয়াছে সেই কালের শেষ তারিখে যে চৌকীহইতে ঐ টিকিট পাওয়া গিয়াছিল সেই চৌকীতে তাহা ফিরিয়া দিতে হইবে।

৭। যদি কোন টিকিট হারাণ যায়, তবে তাহার নম্বর ও তাহা লিখিবার তারিখ হৃদ্বোধমতে সপ্রমাণ হইতে পারিলে মাস্থল চৌকীর কার্য্যকারকেরা এক টাকা ফী লইয়া ঐ মর্ম্মের নূতন টিকিট দিবেন।

৮। নালার মধ্যে নৌকার থাকিবার যে কাল ৩ ধারাতে অবধারিত হইয়াছে, কোন নৌকা তাহার অধিক কাল থাকিলে, প্রতি দিনের কি এক দিনের কোন অংশের উপর গহরী বলিয়া ১০০/ মণ প্রতি আট আনা দিতে হইবে।

৯। কোন নৌকা সর্ব্বসুদ্ধ ১৮ ফুটের অধিক চৌড়া হইলে কিম্বা কোন মাড় দশ ফুটের অধিক চৌড়া কি ১৫০ ফুটের অধিক লম্বা হইলে নালায় যাইতে পাইবে না।

১০। নৌকার যাতায়াতের জন্যে জলদ্বার দিনে দুই বার খোলা যাইবে। যে নৌকাতে ৫০০/ মণের কম ধরে এমত কেবল একি নৌকা উপস্থিত হইলে তাহার জন্যে দ্বার অবশ্য খুলিতে হইবে এমত নয়। কিন্তু ডাকের কি ডাকীদের নৌকা হইলে খোলা যাইবে।

১১। নৌকাদির মাস্তুল এমন বসাইতে হইবে, যে অনায়াসে ও ত্বরায় নামান যায়। ও পাল তুলিয়া গেলে নৌকা সর্ব্বদা নালার মাঝখানে থাকিবে। যখন গুণ টানিয়া যায় তখন যত কাল সাধ্য তত কাল নালার বাম তীরে চলিবে।

XII. All vessels anchoring at night are to keep to their port or left bank of the Canals.

XIII. Only one vessel shall be allowed to make fast along and in a line with the Canal banks, and no vessel shall be made fast, or be placed outside of vessels so secured, without the permission of a Canal Officer. No vessel shall, however, be placed in such a position as to endanger the safety of other vessels, to obstruct their passage, or to impede the navigation: and no bamboos or poles shall be allowed to be erected on vessels when at anchor. Any infringement of this rule will be punishable by a fine not exceeding Rupees 5 for each offence.

XIV. Every vessel when put to shall be securely fastened, and shall at all times have some person in attendance on board of it. Any infringement of this rule will be punishable by a fine not exceeding Rupees 5 for each offence.

XV. In every case of wreck or obstruction of the channel by sunken vessels, the Canal Officers may call upon the person in charge of the vessel to remove the same without delay, and shall give every reasonable assistance towards so doing. But should the owner of the vessel or raft be not forthcoming, or should he not use reasonable expedition in removing the obstruction, or should he decline or fail to use proper assistance which may be offered to him by the Canal Officers, these Officers may undertake the removal of the obstruction themselves at the cost of the owner of the boat, recovering the expense in the manner laid down in Section IX. of the "Canals' Act, 1864."

XVI. If the Canal Officers be unable to ascertain the name and place of business or of abode of the owner of the cargo of any vessel or boat seized under the Canals' Act, he shall notify he seizure in the most public manner available.

XVII. In the event of any damage or injury being occasioned to the Canal works by wilfulness or negligence on the part of any person in charge of a vessel, the Canal Officers may detain the essel within the Canal for a period not exceeding 4 hours, provided that within that period the Canal Officers shall lodge a complaint against uch person in charge of the vessel before a Magistrate under Section XVI. of the Canals' Act.

XVIII. The banks or berms of the Canals hall not be used as wharves for the deposit of goods, under a penalty of 10 Rupees for each offence; but except in special cases, when the ermission of the Canal Officers will be necessary, ll articles shall be removed to the outer banks of he Canals, and all such articles as shall not be

১২। নৌকাদি রাত্রিতে লঙ্গর করিলে নালার বাম তীরে লঙ্গর করিবে।

১৩। নালার তীরের পার্শে কেবল একং নৌকা বদ্ধ হইতে পারে তদ্রূপ বদ্ধ নৌকার বহির্ভাগে নালার কার্য্যকারকের অনুমতি বিনা অন্য নৌকা বদ্ধ হইবে না ও থাকিবে না। কিন্তু যাহাতে অন্য নৌকার আপদ কি গতি রোধ কি গমন নিবৃত্তি হইতে পারে কোন নৌকা এমন ভাবে রাখিতে হইবে না। নৌকা লঙ্গর করিয়া থাকিলে কোন বাঁশ তুলিয়া রাখিতে হইবে না। এই বিধি লংঘন হইলে প্রত্যেক অপরাধের ৫৲ টাকা অর্থদণ্ড হয়।

১৪। নৌকা লাগান করিলে তাহা দৃঢ়মতে বদ্ধ করিয়া রাখিতে হইবে। ও তাহা রক্ষা করিবার জন্যে কোন ব্যক্তির সেই নৌকায় থাকিতে হইবে। এই বিধি লংঘন হইলে প্রত্যেক অপরাধের ৫৲ টাকা অর্থদণ্ড হয়।

১৫। যদি নৌকা ভগ্ন হয় কিম্বা মগ্ন নৌকাদির দ্বারা যদি নালাতে গমনাগমনের অবরোধ হয়, তবে ঐ নৌকাদি যাঁহার জিম্মায় থাকে নালার কর্ম্মকারকেরা তাঁহাকে অগোণে ঐ নৌকা স্থানান্তর করিতে আজ্ঞা করিবেন ও তাহা করিবার উপযুক্ত মতে সাহায্য করিবেন। যদি ঐ নৌকার কি মাড়ের স্বামির সন্ধান পাওয়া না যায়, কিম্বা যদি সেই ব্যক্তি ঐ প্রতিবন্ধকতা ত্বরায় স্থানান্তর করিতে উপযুক্ত উদ্যোগ না করেন, কিম্বা খালের কর্ম্মকারকেরা যথোচিত সহায়তা প্রদান করিলে যদি তদনুসারে কর্ম্ম না করেন কি করিতে শৈথিল্য করেন, তবে ঐ কর্ম্মকারকেরা স্বামিদের খরচে সেই অবরোধক দ্রব্য আপনারাই স্থানান্তর করিবেন। স্বামিরা খরচ না দিলে ১৮৬৪ সালের খালের আইনের ৯ ধারার নির্দ্দিষ্টমতে ঐ খরচ আদায় করা যাইবে।

১৬। খালের আইন অনুসারে কোন নৌকা কি পোত ধৃত হইয়া রাখা গেলে যদি খালের কার্য্যকারকেরা মালের স্বামির নাম ও কর্ম্মস্থান কি নিবাসের সন্ধান পাইতে না পারেন, তবে তিনি ঐ নৌকা ধৃত হইবার সম্বাদ সাধ্যমতে প্রকাশরূপে প্রচার করিবেন।

১৭। নৌকা যাহার জিম্মায় থাকে এমত কোন ব্যক্তির যথেষ্টাচার কি শৈথিল্যদ্বারা যদি নালা সংক্রান্ত কোন বিষয়ের ক্ষতি কি হানি হয়, তবে খালের কর্ম্মকারকেরা চব্বিশ ঘণ্টার অনধিক কাল খালের মধ্যে সেই নৌকা রাখিতে পারিবেন। কিন্তু নৌকা যাহার জিম্মায় থাকে তাঁহার নামে খালের কার্য্যকারকেরা সেই সময়ের মধ্যে খালের আইনের ১৬ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করিবেন।

১৮। খালের তীর কি তাহার নিকট স্থান মাল রাখিবার স্থান স্বরূপ ব্যবহার করিতে হইবে না। করিলে প্রত্যেক অপরাধের ১০৲ টাকার অর্থদণ্ড হয়। কোন বিশেষ গতিকে খালের কার্য্যকারকদিগের অনুমতি প্রাপ্ত হইলে পর সকল দ্রব্য খালের তীরের বহির্ভাগে লইয়া রাখা যাইতে পারিবে। তদ্রূপ যে সকল দ্রব্য ছয় দিনের মধ্যে খালের তীরের সীমার অন্তরবর্ত্তি স্থান-

finally removed from within the boundaries of the Canals within a period of six days after being so deposited, shall be liable to a charge of four annas per 100 maunds.

XIX. The Canals may be closed once a year, for effecting the necessary repairs to them, on one month's notice of the intention so to close them; but in the event of any sudden emergency, the Canals may be closed at any time without prior notice, and no claim shall be made in such case by owners of vessels or others for compensation on account of detention.

XX. All offences against the provisions of these Rules shall be punishable as provided for in Section XVIII. of the "Canals' Act, 1864," and all fines imposed may be recovered in the manner mentioned in Section XVII. of the same Act.

XXI. The term "Canal Officers" in the foregoing Rules shall include the persons alluded to in Section VIII. of the "Canals' Act, 1864," and any other persons who may be specially appointed to exercise such powers by the person appointed to collect the tolls.

No. 254.

The 18th October 1866.

With reference to Notification in this Department, No. 234, dated the 20th June 1865, it is hereby declared that, under Section VI. of the *Canals' Act*, 1864, the Lieutenant-Governor of Bengal has been pleased to fix the rates of toll laid down in the above Notification as the rates that are to be levied on the Midnapore Canal, and on the Balasore Canal, from the expiration of the period named in the Notification until further orders.

2. The Lieutenant-Governor of Bengal, under the power vested in him by Section VIII. of the said *Canals' Act*, 1864, hereby appoints the Agent and Manager of the East India Irrigation and Canal Company for the time being to collect tolls on the navigable channels aforesaid, *viz.*, the Midnapore Canal and the Balasore Canal until farther orders.

W. B. Macrone,

Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

হইতে স্থানান্তর না করা যায়, তাহার উপর ১০০ মণ প্রতি ।০ আনা লওয়া যাইবে।

১৯। প্রয়োজনমতে নালা সারাইবার জন্যে তাহা বৎসরে একবার বন্ধ হইতে পারিবে। বন্ধ করিবার পূর্ব্বে এক মাসের সম্বাদ দেওয়া যাইবে। কিন্তু যদি হঠাৎ অত্যাবশ্যক হয় তবে পূর্ব্বে সম্বাদ না দিয়া তাহা কোন সময়ে বন্ধ হইতে পারিবে। তাহা হইলে কোন নৌকার স্বামিগণ কি অন্যেরা নৌকাদি বন্ধ রাখিবার জন্যে ক্ষতিপূরণের দাওয়া করিতে পারিবেন না।

২০। এই বিধি উল্লংঘন দোষের দণ্ড খালের ১৮৬৪ সালের আইনের ১৮ ধারার বিধানমতে হইবে। ও অর্থদণ্ডের আজ্ঞা হইলে ঐ অর্থ ঐ আইনের ১৭ ধারার লিখিতমতে আদায় হইতে পারিবে।

২১। এই বিধির মধ্যে খালের কার্য্যকারক যে শব্দ আছে ১৮৬৪ সালের খালের আইনের ৮ ধারাতে যে ব্যক্তিদের উল্লেখ হইযাছে সেই শব্দে সেই ব্যক্তিদিগকে বুঝাইবে। এবং মাসুল আদায় করণার্থে যে ব্যক্তি নিযুক্ত হন, তিনি ঐ ক্ষমতামতে কার্য্য করিবার জন্যে বিশেষমতে অন্য যে ব্যক্তিদিগকে নিযুক্ত করেন, সেই শব্দে তাঁহারদিগকেও বুঝাইবে।

---

২৫৪ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অক্টোবর।

এই ডিপার্টমেণ্টহইতে ১৮৬৫ সালের জুন মাসের ২০ তারিখের ২৩৪ নম্বরের যে জ্ঞাপনি প্রকাশ হইয়াছে তদুপলক্ষে ইহাতে প্রকাশ করা গেল যে ঐ জ্ঞাপনিতে যে কাল নিরূপণ হইয়াছে সেই কাল অতীত হওনের সময়াবধি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ জ্ঞাপনিক্রমে মাসুল যে হারে লইতে হয়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৪ সালের খালের আইনের ৬ ধারামতে মেদিনীপুরের খালে ও বালেশ্বরের খালে সেই হারে মাসুল লওয়া ধার্য্য করিয়াছেন।

২। ১৮৬৪ সালের উক্ত খালের আইনের ৮ ধারাক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুক্রমে তিনি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নৌকাদির গমনীয় উক্ত নালাতে অর্থাৎ মেদিনীপুরের খালে ও বালেশ্বরের খালে মাসুল আদায় করণার্থে ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কানাল কোম্পানির এজেণ্ট ও মানেজর যিনি যে সময়ে হন তাঁহাকে নিযুক্ত করিয়াছেন।

ডবলিউ বি মাক্রোন।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

১৬৫১ নং।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৬ সাল তারিখ ৫ ডিসেম্বর বুধবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন আফিমের দ্বাদশ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩,৩৭০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ২,০০০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ১,৩৭০

জুমলা সিন্দুক ৩,৩৭০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেন্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৫ সালের ২৬ অকুটোবর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৬ সালের ১০ এবং ২০ ডিসেম্বর এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগন যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৬ সালের ১০ ডিসেম্বর সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬৬ সালের ২০ ডিসেম্বর বৃহস্পতিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

আর এল মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উইলিয়ম সন ১৮৬৬ সাল তারিখ ১৫ নবেম্বর।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

এলাকে কালেক্‌টরি জিলা ত্রিপুরা।

পঃ সরাইল হিং ।৶০ ও হিং ।/১২ গণ্ডার নীলামের দিন ১৮৬৬ ইং ২০ নবেম্বর ধার্য্য হইয়া ঐ সনের ২৩ অকটোবরে ১৪২১ নং গবর্ণমেন্ট গেজেটে ছাপা হইয়াছে বাস্তবিক ঐ সকল মহালের নীলাম রহিত হইয়াছে ইতি ১৮৬৬ ইং ২ নবেম্বর।

F. G. MILLETT,
Collector.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২০ নবেম্বর।]

BURDWAN MUNICIPALITY.

BYE-LAWS UNDER ACT III. (B. C.) OF 1864.

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. EACH quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say:—

The instalment payable on account of the quarter ending	31st July ,, Oct. ,, Jan. 30th April.	May be levied on and after	1st May. ,, Aug. ,, Nov. ,, Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or their Secretary, if there be one, to the subordinate officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to shew this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rater and taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

[*Government Gazette, 20th November* 1866.]

বর্দ্ধমান মিউনিসিপালিটী।

১৮৬৪ সালের ৩ আইন সম্পর্কীয় অতিরিক্ত নিয়ম।

যে সময়ে ও যে প্রকারে রেট ও টাক্স আদায় করিতে হইবে তাহার নিয়ম।

১। উক্ত আইনের লিখিত রেট এবং টাক্স ত্রৈমাসিক কিস্তিমতে আদায় হইবে। যে তিন মাসের জন্য ঐ কিস্তির টাকা দেয় হইবেক তাহার আরম্ভেই দেনা গণ্য করা যাইবেক এবং তাহার আরম্ভের পর যে কোন সময়ে হউক ঐ টাকা আদায় করা যাইতে পারিবেক। অর্থাৎ

৩১ জুলাই ৩১ অকুটোবর ৩১ জানুআরি ৩০ আপ্রেল	এই২ তারিখের শেষে যে২ কিস্তি দেনা হয় তাহা।	১ মে ১ আগষ্ট ১ নবেম্বর ১ ফেব্রুআরি	তারিখে কি তাহার পর কোন সময়ে আদায় করা যাইবেক।

২। উক্ত আইনের ২৯ ও ৩৯ ধারার বিধানমতে যে সকল লিষ্টি প্রস্তুত হয় তাহাহইতে তহসীলকারী কর্ম্মচারী ৪৪ ধারার নির্দ্দেশমত বিল তৈয়ার করিবে। ঐ রূপ বিল প্রস্তুত হইলে কমিসানরদিগের অথবা তাহারদের সম্পাদক থাকিলে তাহার দস্তখৎ যুক্তে টাক্স মহকুমায় অধস্তঃ কর্ম্মচারিদিগকে দেওয়া যাইবে ও তাহারা পশ্চাৎ নির্দ্দিষ্ট প্রকারে বিলের লিখিত ব্যক্তিদিগের নিকট ঐ বিল উপস্থিত করিবে।

৩। প্রত্যেক তহসীলকারী কর্ম্মচারীকে আদায় করণের ক্ষমতাপত্র দেওয়া যাইবে ও সেই প্রকার ক্ষমতাপত্রে মিউনিসিপাল আফিসে মোহর ও সভাপতির দস্তখৎ থাকিবে। আদায় কালীন কেহ উক্ত ক্ষমতাপত্র দেখিতে চাহিলে প্রত্যেক সরকার তাহা দেখাইতে বাধ্য হইবে।

৪। তহসীলকারি সরকার পাওনা টাকা লইয়া তাহার রসীদ দিবে।

৫। যখন কোন সম্পত্তির স্বামীর নাম জানিতে পারা না যায় তখন উক্ত আইনানুরে কোন নোটিস, বিল কি অপর কোন হুকুম প্রচার করিতে হইলে যে সম্পত্তির উপর টাক্স ধার্য্য করা যায় তাহার স্বামী বলিয়া উল্লেখ করিলেই তাহাকে বুঝিবার নিমিত্ত প্রচুর হইবে।

৬। উক্ত আইনের লিখিত কোন টাক্স বা রেট আদায়ের বাবৎ কোন বিল স্বয়ং ঐ বিলের লিখিত ব্যক্তিকে দিতে হইবে, যদি ঐরূপ বিলের লিখিত ব্যক্তিকে স্বয়ং ঐ বিল দেওয়া যাইতে না পারে তবে তাহার নিয়ত বাসস্থানে রাখিয়া আসিতে হইবে এবং ঐরূপ জারী হইলেই ৪৪ ধারানুসারে জারী হওয়া গণ্য হইবে।

7. The officer to whom a bill may be issued for presentation shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

8. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall, after warning, continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

9. Every owner, occupier, or other person, shall permit the Commissioners, or any one appointed by them under a written authority, for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners or any person duly authorized by them in making such entry and inspection shall be liable to a fine not exceeding Rupees 20.

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall,

৭। দিবার জন্য বিল যে সরকারের জিম্মা করা যায় সে বিল দিবার কালীন কি বিল দিবার সময়হইতে দশ দিনের মধ্যে কোন সময়ে ঐ বিলের টাকা লইবে।

৮। কমিস্যনরেরা আইনানুসারে যে সকল তপসীল বা রিটর্ণ তলব করিতে পারেন তাহা লিখিত হুকুম দ্বারা কোন লোকের নিকট চাহিলে তাহাকে সেই প্রকার তপসীল বা রিটর্ণ ৮১ ধারার নির্দ্দিষ্ট প্রকারে হুকুম জারী হইবার তারিখহইতে সপ্তাহের মধ্যে কমিস্যনরদিগের কাছারিতে দাখিল করিতে হইবে। যে কেহ তাহা না করিবে তাহার ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে এবং সতর্ক করিয়া দিবার পর যত দিন হুকুম তামীল না করিবেক প্রতিদিন ২৲ টাকার অনধিক দণ্ড দিতে হইবে। যে কেহ মিথ্যা বা অশুদ্ধ তফসীল বা রিটর্ণ দাখিল করিবেক তাহার ৫৲ টাকা দণ্ড হইবে। পরন্তু এই অতিরিক্ত নিয়মের কোন কথাতে দণ্ডবিধির আইনানুসারে কার্য্যের বাধা হইবেক না।

৯। কোন গাড়ীখানা বা আস্তাবলে গাড়ী কি কোন পশ্বাদি থাকা বিবেচনা হইলে ঐ গাড়ী কি পশ্বাদির উপর ৩৫ ধারামতে টাক্স ধার্য্য করণ সূর্য্যোদয়হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কোন সময়ে কমিস্যনরদিগকে কি তাহাদের দ্বারা উপযুক্ত লিখিত হুকুমানুসারে নিযুক্ত কোন লোককে ঐ গাড়ীখানা কি আস্তাবল দেখিবার জন্য বাটীর স্বামী কি বাসাদার কি অপর ব্যক্তি ছাড়িয়া দিবে। যে কোন ব্যক্তি কমিস্যনরদিগকে কি তাহারদের দ্বারা উপযুক্তমতে নিয়োজিত কোন লোককে ঐরূপ প্রবেশ করিতে কি দেখিতে না দিবে তাহার ২০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

১০। কমিস্যনরেরা অন্যরূপ আদেশ না করিলে উক্ত আইনানুসারে যে সকল ক্রোক হইবেক তাহা আদায়কারী কর্ম্মচারির দ্বারা করা যাইবেক এবং যে দ্রব্য ক্রোক করা যায় তাহা নীলাম হওন বা বাকীদারের নিকট বাকী আদায় হওন পর্য্যন্ত টাক্স আদায়কারী কর্ম্মচারীর জিম্মায় থাকিবে এবং তাহাকে উক্ত আইনের নির্দ্দিষ্ট সি চিহ্নিত ফারমে ক্রোক করা দ্রব্যের এক ফর্দ্দ দিতে হইবে।

১১। ক্রোক করণের অব্যবহিত কাল পরেই ক্রোককারী আমলা ক্রোকের তারিখহইতে সাত দিনের কম না হয় এরূপে নীলামের দিন ধার্য্য করিয়া নীলামের এক কেতা নোটিস বাকীদারের বাটীতে লটকাইয়া দিবে এবং নীলামের দিনে ঢোলের দ্বারা জ্ঞাত করা যাইবেক।

২৫। মিউনিসিপল সীমার মধ্যে কোন ব্যক্তি কোন পুষ্করিণীতে বা কোন নরদমাতে পাট, শণ, অথবা অন্য প্রকার উদ্ভিজ্জ পদার্থ ভিজাইয়া রাখিতে পারিবে না যদ্দ্বারা ঐ পুষ্করিণী ও নরদমার জল নিকটস্থ ব্যক্তিদিগের পক্ষে অপকারি হওনের সম্ভব।

বিধি লংঘনের দণ্ড ৫৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

26. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course; and the Commissioners may order the removal of any such obstruction or grounds of public health.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

27. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense, vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

28. No person shall allow any pigs to be at large, unless in a charge of a herdman.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

29. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier, or farmer, shall, without any delay, cause any meat, fish, or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier or farmer, shall obstruct any person, appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

30. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale or accumulating any thing on any such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

31. Every owner, occupier or farmer of any bazar, shall, within fourteen days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement, Rupees 5 daily.

32. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

২৬। মিউনিসিপল কমিস্যনরদিগের লিখিত আজ্ঞা পত্র ব্যতীত কেহ কোন নরদমা বা নালা বন্ধ করিতে পারিবে না যদি করে তবে সাধারণের স্বাস্থ্য রক্ষার্থে কমিস্যনরেরা তাহা স্থানান্তর করিতে আজ্ঞা দিতে পারিবেন।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৪৲ টাকা।

২৭। কোন নালা বা জলাশয়ের তীরস্থ ভূমির স্বামী বা দখলিকার উক্ত ভূমিতে ময়লাজমী অতিরিক্ত জঙ্গল হইতে বা অন্য কোন বাধা জন্মিতে দিবে না এবং সকল সময়েই মিউনিসিপল কমিস্যনরদিগকে অথবা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত তাহাদিগের কর্ম্মচারিকে পরিষ্কার রাখিবার জন্যে উক্ত নালা বা নরদমা দেখিতে যাইতে দিবে।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৮। কোন ব্যক্তি শূকর সকল খোলা রাখিতে পারিবে না তাহা রাখালের হেপাজাতে রাখিতে হইবেক।

বিধি লংঘনের দণ্ড ৫৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৯। কোন বাজার বা দোকানের স্বামী দখলিকার বা ইজারদার তাহা উপযুক্ত মত পক্ষিকার ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না এবং উক্ত বাজারের বা দোকানের স্বামী বা দখলিকার কিম্বা ইজারদার অবিলম্বে পচা মৎস্য বা মাংস ও উদ্ভিজ্জ পদার্থ সকল মিউনিসিপল কমিস্যনরগণ কর্তৃক স্থিরীকৃত স্থানে স্থানান্তর করিবে এবং এই বিষয়ের জন্য মিউনিসিপল কমিস্যনরগণ কর্তৃক নিযুক্ত লোককে উক্ত বাজারের বা দোকানের স্বামী, দখলীকার বা ইজারদার সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত তত্তৎস্থানে প্রবেশ করিয়া তদারক করিতে বাধা দিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৩০। কোন বাজারের কোন গলি রাস্তা বা অন্য গমনাগমনের পথে বিক্রয়ার্থ কেহ কোন গাঁটরি বা অন্য কোন দ্রব্য রাখিয়া বা একত্র করিয়া কিম্বা রাখাইয়া বা একত্র করাইয়া তত্তৎ গলি রাস্তা বা গমনাগমনের পথ বন্ধ করিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৩১। প্রত্যেক বাজারের স্বামী, দখলিকার বা ইজারদার মিউনিসিপল কমিস্যনরগণ হইতে আদেশ প্রাপ্ত হওনের তারিখঅবধি ১৪ দিনের মধ্যে তত্তদ্বাজারের স্বাস্থ্য রক্ষার্থ উক্ত কমিস্যনরগণ যেরূপ উত্তম বিবেচনা করিবেন তদ্রূপ মেতখানা ও মূত্র ত্যাগের স্থান প্রস্তুত করিয়া দিবে।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩২। মিউনিসিপল কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত স্বীয় বাটীর বহির্ভাগে কেহ মল মূত্রাদি ত্যাগ করিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

33. No person shall build, or cause to be built, or keep, after prohibition by the Commissioners, any tattee, privy, or urinal within (*) feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

34. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

35. No person shall carry the night-soil through the streets, except between the hours of 9 P. M. and 4 A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

36. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable or cook-house, to flow into any river, nullah, canal, tank or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish or other matter of a noisome kind, for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

38. All dust, dirt and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 7 P. M. and 9 P. M.

Penalty for infringement, Rupees 10.

39. No refuse resulting from any business, trade or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

40. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners, who shall have power to sell or

৩৩। কমিস্যনরদিগের দ্বারা নিষেধিত হইলে কোন সাধারণ রাস্তাহইতে * ফিটের মধ্যে কিম্বা ঐ পরিমাণের ন্যূন কোন ক্ষুদ্র বাটীর মধ্যে টাটি সেতখানা, কিম্বা মূত্র ত্যাগের স্থান, প্রস্তুত করিতে কিম্বা করাইতে কিম্বা রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

৩৪। কেহ সাধারণ রাস্তার সম্মুখে কোন সেতখানার দ্বার রাখিতে পারিবে না এবং যদি কাহার উক্ত প্রকার দ্বার থাকে তবে কমিস্যনরদিগের নিকট হইতে তদ্বিষয়ের সংবাদ প্রাপ্তমাত্রই তাহার পরিবর্ত্তন করিয়া লইবেক।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

৩৫। অপরাহ্ণ ৯ ঘণ্টাহইতে পূর্ব্বাহ্ণ ৪ ঘণ্টার মধ্যে ব্যতীত কেহ কোন সাধারণ রাস্তা দিয়া এবং উত্তমরূপ আবরিত পাত্র ব্যতীত ময়লা লইয়া যাইতে পারিবে না এবং কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থানব্যতীত অন্য স্থানে উক্ত ময়লা রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৬। কোন কারখানা বাটী অথবা ব্যবসার নিমিত্ত অন্য কোন স্থানহইতে ময়লা নির্গত হইয়া কোন নদীতে, নালাতে, খানাতে, পুষ্করিণীতে, বা নরদমায় পড়িতে দিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩৭। যদ্দ্বারা কাহার বিরক্ত জন্মাইতে বা সাধারণের স্বাস্থ্য ভঙ্গহইতে পারে এমত কোন স্থানে বা রূপে কেহ ১২ ঘণ্টার অতিরিক্ত কাল পর্য্যন্ত ময়লা আবর্জ্জনা গোবর, অস্থি মৃত্যু দেহ, ধূলা, বা অন্য কোন প্রকার দুর্গন্ধময় পদার্থ রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৮। মিউনিসিপল কমিস্যনরগণ যে সকল ধূলা মাটি, ও রাবিস স্থানান্তর করিতে প্রবৃত্ত হইবেন তদসমুদয় আবর্জ্জনা পূর্ব্বাহ্ণ ৪ ঘণ্টাহইতে ৮ ঘণ্টার মধ্যে যে বাটীর আবর্জ্জনা সেই বাটীর প্রবেশ পথের অনতিদূরে সাধারণ রাস্তার ধারে প্রত্যহ রাখিতে হইবে।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৯। কোন ব্যবসার, বাণিজ্যের বা কারখানার ময়লা কমিস্যনরদিগের নির্দ্ধারিত খরচ না পাইলে স্থানান্তর করিবেন না। এবং এই প্রকার স্থানান্তর করণের যে খরচ তাহা কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন।

৪০। সাধারণ রাস্তা, বাটী, সেতখানা, নর্দ্দমা এবং শোষপুলহইতে যে সকল ধূলা, মাটি, ছাই, বিষ্ঠা গোবর ও রাবিসাদি মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক সংগৃহীত হইবে এবং তাহাদিগের বিবেচনামতে তৎ-

---

* To be fixed afterwards.

* পরে স্থির করা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ২০ নবেম্বর ।]

dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

41. No person shall put on any wall, or on any roof of a house, or on any bank, or tree, or on any other place or thing facing any broad carriage thoroughfare any preparation of dung to be used as fuel or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

42. Every person, within whose premises any animal may die, shall, within two hours after its death, or, if death occurs at night, within two hours after daylight, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

43. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

44. No person shall tether animals within 10 yards, of any highway, or road.

Penalty for infringement Rupees 10.

45. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall dispose or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 3 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

[*Government Gazette, 20th November* 1866.]

সমুদয় তাহারা বিক্রয় করিতে পারিবেন এবং এইরূপ বিক্রয়ের দ্বারা যে অর্থ লব্ধ হইবেক তাহা ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুভমেণ্ট আক্টের কার্য্যে পর্য্যবসিত হইবেক।

৪১। জ্বালাইবার কারণ কিম্বা অপর কোন জন্য কেহ গাড়ি যাইবার চৌড়া রাস্তার সম্মুখে কোন প্রাচীরে কিম্বা কোন গৃহের ছাদের উপর কি পুকুরের ধারে কি গাছে কি অন্য কোন স্থানে গোবর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।

৪২। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে তাহার মৃত্যুর পর ২ ঘণ্টার অথবা রাত্রে মৃত্যু হইলে রাত্র প্রভাত হইলে ২ ঘণ্টার মধ্যে তাহার মৃত দেহ নিজে স্বীয় খরচে মিউনিসিপল কমিসনরগণকর্ত্তৃক পশ্বাদির মৃত দেহ নিক্ষেপ করিবার জন্য নিরূপিত স্থানে ফেলিয়া দিবেক। অথবা যে ডিবিজানে তাহার বাটী সেই ডিবিজানের কন্সারবেন্সী ওবরসিয়রের নিকট সংবাদ দিবেক। কিন্তু উক্ত মৃত দেহ স্থানান্তর করণের নিমিত্তে মিউনিসিপল কমিসনরগণ যে খরচ নির্দ্ধারিত করিবেন তাহা উল্লিখিত ওবরসিয়রের নিকট দিতে হইবেক। পরন্তু সে পশু যদি উপরি উক্ত ব্যক্তির না হয় এবং যাহার পশু তাহাকে জানিতে পারিলে সমুদয় খরচ তাহাকেই দিতে হইবেক এবং ঐ খরচ মিউনিসিপল কমিসনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন এবং কোন ওবরসিয়র ঐরূপ প্রকার মৃত দেহ স্থানান্তর করিতে গাফিলি করিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৩। কোন ব্যক্তি কোন রোগগ্রস্ত বা জীর্ণ পশুকে কোন সাধারণ রাস্তায় অথবা যথা হইতে সাধারণ রাস্তায় যাইতে পারে এমত স্থানে ছাড়িয়া দিতে বা দেওয়াইতে কিম্বা আপনি খুলিয়া যাইতে দিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৪। কোন ব্যক্তি কোন রাস্তায় কি পথের ১০ গজের মধ্যে কোন পশু বাঁধিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৫। কেহ কোন শব বা শবাংশ কমিসনরেরা সময়ে২ যে স্থান নির্দ্দিষ্ট করিবেন তদ্ব্যতীত অন্য কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৬। কেহ কোন নির্দ্ধারিত শ্মশানে বা গোরস্থানে কোন শব কিম্বা শবাংশ দাহ কিম্বা মৃত্তিকাসাৎ ভিন্ন কোনরূপ প্রকারে ফেলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৭। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে মৃত দেহ মৃত্তিকাসাৎ করাইতে হইলে এরূপে প্রবেশিত করাইতে হইবে যে, উক্ত মৃত দেহ কিম্বা তাহার সিন্দুকের উপরিভাগ তথাকার জমির উপরিভাগ হইতে তিন ফুটের অনধিক নিম্নে না থাকে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

48. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than 5 feet deep.

Penalty for infringement, Rupees 10.

49. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 4 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

50. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

52. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 2 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

53. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

54. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

55. No person, while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

56. Every corpse, or part of a corpse, that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

57. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

৪৮। কোন গোরস্থানে ইষ্টক নির্ম্মিত কবর না হইলে ছয় ফিটের কম গভীর কবরে কেহ কোন মৃত দেহ কবরিত করিতে বা করাইতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৯। কোন গোরস্থানে কেহ কোন বর্ত্তমান কবরের চারি ফিটের অনধিক দূরেতে অন্য এক কবর নির্ম্মাণ বা খনন করিতে অথবা করাইতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫০। কোন গোরস্থানে মিউনিসিপল কমিস্যনরগণের দ্বারা নির্দ্দিষ্ট পুংক্তির বহির্ভূত স্থানে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫১। মিউনিসিপল কমিস্যনরগণের অনুমতি ভিন্ন অন্য যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনর্ব্বার অন্য শব প্রবেশ করণার্থ কেহ খুলিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫২। যে কোন ব্যক্তি কোন শব দাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহ ভূমিতে উপস্থিত হইবার পর ২ ঘন্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৩। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে হইলে তাহা এরূপে পোড়াইবে যে তাহার কোন অংশ সর্ব্বোতোভাবে ভস্মাবশেষীকৃত হইতে বাঁকী না থাকে। উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বোতোভাবে ভস্মসাৎ না করিয়া উক্ত দাহনস্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৪। কেহ কোন শব বা শবাংশ উত্তমরূপ আচ্ছাদিত ভিন্ন কেহ কোন সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৫। মিউনিসিপল সীমার মধ্য দিয়া কেহ কোন শব বা শবাংশ লইয়া যাইতে হইলে কোন কারণ বশতঃ সাধারণ রাস্তার উপর রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৬। যে সকল শব বা শবাংশ ছেদবিদ্যা শিক্ষার্থে রক্ষিত বা ব্যবহৃত হয় তাহা আবরিত গাড়িতে করিয়া লইয়া যাইতে হইবেক।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৭। কমিস্যনরদিগের অনুমতি ব্যতিকে কোন সাধারণ ভূমির উপরে পশু ও শকট জমা করিয়া রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২০ নবেম্বর।]

Miscellaneous.

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway, the name by which such highway is to be known. Any person pulling down, destroying or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number, shall be liable to a fine of Rupees 5.

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

62. The owner of any vehicle registered under Sections 49, 51, of the District Municipal Improvement Act, shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

J. MONRO,
Chairman.

JESSORE MUNICIPAL OFFICE.
The 29th October 1866.

নানা বিষয়ক।

৫৮। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর ইমারত, প্রাচীর বা স্থান থাকিবেক মিউনিসিপল কমিসানরগণ ইচ্ছা করিলে তাহার প্রকাশ্য অংশে উক্ত রাস্তার নামের কোন দ্রব্য স্থাপন করিতে অথবা তথায় তাহার নাম লেখাইতে পারিবেন কোন ব্যক্তি সেই নাম নষ্ট উন্মোচন অথবা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৫৯। মিউনিসিপল কমিসানরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা ইমারতের অথবা তদ্বেষ্টনের বহির্ভাগে কোন প্রকাশ্য স্থানে উক্ত ঘর বা ইমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন এবং কেহ সেই সংখ্যা নষ্ট উন্মোচন বা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৬০। আইন বা উপবিধি সমূহের অনুযায়িক মিউনিসিপল কমিসানরগণ তাহাদিগের প্রদত্ত অনুজ্ঞাপত্রের কর গ্রহণ করিতে পারিবেন এবং উক্ত করের হার গবর্ণমেণ্টের অনুমত্যানুসারে সময়ে২ পরিবর্ত্তিত বা নিদ্ধারিত করিতে পারিবেন।

৬১। উক্ত আইনের বা আইনঅনুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল ব্যক্তিদিগের অনুজ্ঞাপত্র লইবার প্রয়োজন হইবে তাহারা সেইং অনুজ্ঞাপত্র কোন মিউনিসিপল কমিসানর অথবা তাহারদিগের নিয়োজিত লিখিত উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে তৎক্ষণাৎ দেখাইতে হইবেক।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৬২। ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুভমেণ্ট আক্টের ৪৯ ও ৫১ ধারানুসারে যে সকল শকটাদি রেজিষ্টরী হইবেক তাহার স্বামী উক্ত রেজিষ্টরীর টিকিট উক্ত শকটাদির কোন প্রকাশ্য স্থানে লাগাইবেক কিম্বা লাগাইতে দিবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫ টাকা।

জে মনরো।
চ্যারমেন।

যশোহরের মুনিসিপল দফ্তরখানা।
১৮৬৬ সাল ২৯ অক্টোবর।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

উকিল ও মোক্তার পরীক্ষাবিষয়ক নূতন আইন
অর্থাৎ—

১। (মোক্তারগাইড নামক) অর্থাৎ ১৮৫৯ সালের ৮ আইন নজীর সহিত ১৮৬১ সালের ২৩ আইন ১৮৬৩ সালের ৯ আইন ছোট আদালতের ১৮৬৫ সালের ১১ আইন মিরাদি বিষয়ে ১৮৫৯ সালের ১৪ আইন নজীর সহিত ইষ্টাম্প বিষয়ক ১৮৬২ সালের ১০ আইন ১৮৬৫ সালের ১৮ আইন পরন্ত ১৭৯৩ সালের ১১। ১৪। ৪৪ আইনের রদ ত্যাগ করিয়া ও একত্রে সংগ্রহ করিয়া মূল্য ৩৲

২। রেবিনিউ হেণ্ডবুক অর্থাৎ রাজস্ববিষয়ক সম্পূর্ণ আইন ও আক্ট ১৭৯৩ সাল নাগাএদ ১৮৬৫ সাল পর্য্যন্ত রদ ত্যাগ করিয়া মুদ্রাঙ্কিত হইল মূল্য ৮৲ ও বাক্সাই ৯৲ ও ডাক মাসুল ক্রেতাকে দিতে হইবেক আরো অন্যান্য আইন বিক্রয় নিমিত্ত প্রস্তুত আছে।

শ্রী বেণীমাধব দে এণ্ড কোং।
কলিকাতা বটতলা ২৪৬ নং দোকান।

বিজ্ঞাপন।

ভূমি সম্পত্তি এবং নিলকুঠী বিক্রয়ের বিজ্ঞাপন।

কুঠী মোল্লাহাটী কান্‌শরনের অন্তর্গত কুঠী মজপুর ডিবিজন আগামি ৩ ডিসেম্বর সোমবার ও তৎপর পর দিবসে প্রকাশ্য নীলামে কুঠী মোল্লাহাটী মোকাম বিক্রয় হইবেক।

উক্ত ডিবিজনের সামিল ডিহি উলসপৌর ২৯ মৌজার, ও ডিহি গোপাল আঁচড়ার ২৬ মৌজা, ডিহি বাগআঁচড়ার ১৮ মৌজা, ডিহি সামটা পিপড়াগাছির ১৭ মৌজা, ডিহি চালতকেড়িয়ার ৩ মৌজা, তরফ ভরণ পোনের ২ মৌজা, ও দোয়েমকানন বজবস্তি ২ মৌজা, এবং ৯ নয়টা নীল কুঠী ও অন্তর্গত পাট্টাই জমা ও জোত ও খরিদাবিস্তি ও জলকর ইত্যাদি বিক্রয় হইবেক।

প্রতিদিন দিবা দুই প্রহরের সময় নীলাম আরম্ভ হইবেক বিক্রয়ের নিয়ম এবং অপরাপর বৃত্তান্ত নিম্নের লিখিত স্বাক্ষরকারির নিকট পাওয়া যাইবেক।

স্বাক্ষর,
শ্রী মেঃ আরাচ ফিল সাহেব,
কুঠী মোল্লাহাটী,
বনগ্রামের ডাক ঠিকানা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৪। ২০ নবেম্বর।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ-জে মার্জো সাহেবকর্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1426. ১৪২৬)

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 27, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২৭ নবেম্বর।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

A Bill to consolidate and amend the law relating to Merchant Ships, Seamen, and Passengers by Sea.

[Continued from page 1693.]

PART IX.

Of the Wages and Effects of deceased Seamen.

[Master to take charge of effects of deceased seamen.]

CX. Whenever a seaman or apprentice on a voyage which is to terminate at any port in British India dies during such voyage, the master shall take charge of all money, clothes, and effects which he leaves on board, and shall enter in the official log-book a statement of the amount of money, and a description of the effects left by the deceased, and in case of a sale of such effects, the sum received for each article sold.

[Effects and wages to be paid to Shipping Master with full accounts.]

CXI. The master shall, within forty-eight hours after his arrival at his port of destination in British India, deliver any such effects as aforesaid, and pay any money which he has

দেশীয় ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

বাণিজ্য জাহাজ ও নাবিক ও সমুদ্রপথে গমনশীল লোকসম্পর্কীয় আইন সংশোধন ও সংগ্রহ করিবার আইনের পাণ্ডুলিপি।

[১৬৯৩ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

নবম খণ্ড।

নাবিক মরিলে তাহার বেতনের ও দ্রব্যের বিধি।

[নাবিক মরিলে তাহার দ্রব্য কাপ্তানের রক্ষণে থাকিবার কথা।]

১১০ ধারা। যে যাত্রার মিয়াদ ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে ফুরাইবে এমত যাত্রা কালে, যদি নাবিক কি শিক্ষার্থি মরে, তবে জাহাজে যে সকল টাকা ও কাপড় ও দ্রব্য রাখিয়া যায় তাহা কাপ্তান আপনার জিম্মায় লইবেন. ও যত টাকা ও যে প্রকারের দ্রব্য রাখিয়া গিয়াছে জাহাজের টপনামায় তাহার বর্ণনা লেখাহয়া রাখিবেন। যদি সেই দ্রব্য বিক্রয় হয়, তবে প্রত্যেক দ্রব্যের যত মূল্য পাওয়া গিয়াছে তাহাও লেখাইয়া রাখিবেন ইতি।

[শিপিং মাষ্টর সাহেবকে তাহার দ্রব্য ও পূরা বেতন হিসাবসমেত দিবার কথা।]

১১১ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের লক্ষিত বন্দরে পঁহুছিলে পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে কাপ্তান পূর্ব্বোক্ত প্রকারের যে দ্রব্য ও টাকা রক্ষণে লইয়াছেন কি পাইয়াছেন তাহা, ও মৃত লোকের যে বেতন

taken charge of or received, and also the wages due to deceased, to the Shipping Master at such port, and shall give to such Shipping Master an account of the effects, money, and wages so to be delivered and paid. No deductions claimed in such account shall be allowed unless verified, if there is an official log-book, by the entry therein hereinbefore required, and also by such other vouchers (if any) as may be reasonably required by the Shipping Master to whom the account is rendered.

[Penalties for not taking charge of or accounting for such monies and effects.]

CXII. If the master fails to take such charge of the money or other effects of a seaman or apprentice dying during a voyage, or to make such entries in respect thereof, or to make such payment or delivery, or to give such account as hereinbefore respectively directed, he shall be accountable for the money, wages and effects of the seamen or apprentice to the Shipping Master as aforesaid, and shall pay and deliver the same accordingly; and such master shall in addition incur a penalty not exceeding treble the value of the money or effects, or if such value is not ascertained, not exceeding five hundred Rupees. All money, wages and effects of any seaman or apprentice dying during a voyage shall be recoverable in the same Courts, and by the same modes of proceeding by which seamen are hereby enabled to recover wages due to them.

[Wages and property of deceased seamen may be paid without probate.]

CXIII. When money effects left by or due to any deceased seaman or apprentice are paid or delivered to a Shipping Master, then, subject to such deductions for expenses incurred in respect of the seaman or apprentice, or of his said money and effects as the Shipping Master thinks proper to allow, the Shipping Master may pay and deliver the said money and effects to any claimants who can prove themselves to the satisfaction of the said Shipping Master to be entitled thereto, and the said Shipping Master shall be thereby discharged from all further liability in respect of the money and effects so said and delivered; or if he think fit so to do, the Shipping Master may require probate or letters of administration or a certificate under Act No. XX of 1841 (*for facilitating the collection of debts on successions, and for the security of parties paying debts to the representatives of deceased persons*), to be taken out, and thereupon pay and deliver the said money and effects to the legal representative of the deceased.

পাওনা থাকে তাহা সেই বন্দরের শিপিং মাষ্টর সাহেবকে দিবেন। ও সেই প্রকারের যে দ্রব্য ও টাকা ও বেতন দেন তাহার হিসাবও সেই শিপিং মাষ্টর সাহেবকে দিবেন। ও সেই হিসাবে কিছু বাদ দিবার দাওয়া থাকিলে, পূর্ব্বোক্তমতে জাহাজের উপনামায় যে কথা লিখিবার আজ্ঞা হইয়াছে তাহাতে, ও যে শিপিং মাষ্টর সাহেবকে হিসাব দেওয়া যায় তিনি যুক্তিমতে অন্য যে কোন প্রমাণপত্র চাহেন, তদ্দ্বারা ঐ দাওয়ার প্রমাণ করিতে হইবে, না করিলে কিছু বাদ দিবার অনুমতি হইবে না ইতি।

[সেইরূপ টাকা ও দ্রব্য রক্ষণে না লইবার ও তাহার হিসাব না দিবার দণ্ডের কথা।]

১১২ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থি যাত্রাকালে মরিলে যদি কাপ্তান তাহার টাকা কি অন্য দ্রব্য রক্ষণে না লন কিম্বা পূর্ব্বলিখিত আজ্ঞামতে সেই দ্রব্যাদির কথা না লেখান কিম্বা সেই টাকাপ্রভৃতি কিম্বা তাহার হিসাব না দেন, তবে তিনি পূর্ব্বোক্ত শিপিং মাষ্টর সাহেবের নিকটে সেই নাবিকের কি শিক্ষার্থির ঐ টাকার ও বেতনের ও দ্রব্যের জন্যে দায়ী হইবেন। ও তদনুসারে সেই টাকা ও দ্রব্য তাঁহাকে দিবেন। তদ্ভিন্ন ঐ টাকার কি দ্রব্যের মূল্যের তিনগুণ টাকা তাঁহার অর্থদণ্ড হইবে। যদি সেই দ্রব্যাদির মূল্য নিশ্চয় জানা না যায়, তবে তাঁহার পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে এই আইনমতে নাবিকেরা যে আদালতে ও কর্ম্মের যে নিয়মমতে আপনারদের পাওনা বেতন আদায় করিতে পারে, সেই আদালতে ও সেই নিয়মমতে যাত্রার কালে মৃত নাবিকের কি শিক্ষার্থির সকল টাকা ও বেতন ও দ্রব্য আদায় হইতে পারিবে ইতি।

[মৃত নাবিকের বেতন ও সম্পত্তি প্রোবেটবিনা দেওয়া যাইবার কথা।]

১১৩ ধারা। কোন মৃত নাবিক কি শিক্ষার্থী যে টাকা কি দ্রব্য রাখিয়া যায়, কিম্বা তাহার যাহা পাওনা হয়, তাহা যখন শিপিং মাষ্টর সাহেবকে দেওয়া যায়, তখন শিপিং মাষ্টর সাহেব ঐ নাবিকের কি শিক্ষার্থির নিমিত্তে কিম্বা তাহার টাকার ও দ্রব্যের সম্পর্কে যত বাদ দিবার অনুমতি করা উচিত বোধ করেন তাহা দিলে পর, যে দাওয়াদরেরা উক্ত শিপিং মাষ্টর সাহেবের হৃদ্বোধমতে আপনারদের অধিকারের প্রমাণ করিতে পারেন তাঁহারদিগকে তিনি ঐ টাকা ও দ্রব্য দিবেন। তাহাতে ঐ শিপিং মাষ্টর তদ্রূপে দত্ত টাকার ও দ্রব্যসম্পর্কীয় দায়হইতে মুক্ত হইবেন। শিপিং মাষ্টর উপযুক্ত বোধ করিলে, প্রোবেট কিম্বা দ্রব্য নিরূপণাধিকারিত্ব পত্র কিম্বা (উত্তরাধিকারিত্বের গতিকে পাওনা টাকার আদায় সুগম করণের নিমিত্তে এবং মৃত ব্যক্তিদের স্থলাভিষিক্ত ব্যক্তিদিগকে যাহারা আপন২ কর্জ্জা টাকা পরিশোধ করিয়া দেয় তাহারদের বেঝুঁকী হওনের নিমিত্তে আইন নামক) ১৮৪১ সালের ২০ আইনমতে সংশিতপত্র লইবার আজ্ঞা করিতে পারিবেন, ও তাহা করিলে ঐ মৃত ব্যক্তির আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তিকে ঐ টাকা ও দ্রব্য দিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ নবেম্বর।]

[Disposal of wages or effects of deceased seamen not claimed within one year. If subsequent claim be made thereto. Proviso.]

CXIV. In cases of wages or effects of deceased seamen or apprentices received by any Shipping Master to which no claim is substantiated within one year from the receipt thereof by such Shipping Master, it shall be the duty of the Shipping Master to cause such effects to be sold and to pay the proceeds of the sale and the unclaimed wages into the public Treasury. If any subsequent claim is made to such money, and is established to the satisfaction of the Shipping Master, the amount or so much as shall appear to be due to the claimant, shall be paid out of the public Treasury. If the claim is not established to the satisfaction of the Shipping Master, the claimant may apply by petition in a summary way to the High Court of Judicature at Fort William, Madras, or Bombay, as the case may be, and such Court, after taking evidence either orally or on affidavit, shall make such order on the petition as shall seem just: Provided that, after the expiration of six years from the receipt of such wages or effects by the Shipping Master, no such claim shall be entertained without the sanction of the Local Government.

[মৃত নাবিকের বেতনের কি দ্রব্যের দাওয়া এক বৎসরের মধ্যে না হইলে ও পশ্চাৎ দাওয়া হইলে ইতিকর্ত্তব্যতার কথা ও উপবিধি।]

১১৪ ধারা। শিপিং মাষ্টর সাহেব যে সময়ে মৃত নাবিকেরদের কি শিক্ষার্থিরদের বেতন কি দ্রব্য পান, সেই সময়অবধি এক বৎসরের মধ্যে যদি সেই বেতনের ও দ্রব্যের উপর কোন দাওয়ার প্রমাণ না হয়, তবে শিপিং মাষ্টর সাহেবের এই করিতে হইবে, তিনি ঐ সকল দ্রব্য বিক্রয় করাইবেন ও তদুৎপন্ন টাকা ও দাওয়া না হওয়া বেতন রাজকীয় ত্রেজুরীতে গচ্ছিত করিবেন। পশ্চাৎ যদি সেই টাকার উপর দাওয়া হয়, ও শিপিং মাষ্টর সাহেবের হৃদ্বোধমতে সেই দাওয়া প্রমাণ হয়, তবে সেই টাকা কিম্বা তন্মধ্যে দাওয়াদারের যত পাওনা দৃষ্ট হয়, তত টাকা রাজকীয় ত্রেজুরীহইতে তাহাকে দেওয়া যাইবে। যদি সেই দাওয়া শিপিং মাষ্টর সাহেবের হৃদ্বোধমতে সপ্রমাণ না হয়, তবে দাওয়াদার ফোর্ট উলিয়ম কিম্বা স্থলবিশেষে বোম্বাই কি মান্দ্রাজ রাজধানীর হাই কোর্টে সরাসরীমতে প্রার্থনা করিতে পারিবে, ও সেই আদালত বাচনিক কিম্বা আফিডেবিটক্রমে প্রমাণ লইলে পর, ঐ প্রার্থনার পক্ষে যাহা ন্যায্য বোধ করেন এমত আজ্ঞা করিবেন। পরন্তু শিপিং মাষ্টর সাহেব ঐ বেতন কি দ্রব্য যে সময়ে পান সেই সময়অবধি ছয় বৎসর গত হইলে পর, স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমতি না হইলে সেই প্রকারের কোন দাওয়া গ্রাহ্য হইবে না ইতি।

PART X.

Of the Provisions, Health, and Accommodation of Seamen.

[Survey of provisions and water on complaint made.]

CXV. Any three or more of the crew of any ship registered at, trading with, or being at any port or place in British India, may complain to any Shipping Master or other Officer duly appointed in this behalf by the Local Government that the provisions or water for the use of the crew are at any time of bad quality, unfit for use, or deficient in quantity. Such Officer may thereupon examine the said provisions or water or cause them to be examined; and if, on examination, such provisions or water are found to be of bad quality and unfit for use, or to be deficient in quantity, the person making such examination shall signify the same in writing to the master of the ship. If such master does not thereupon provide other proper provisions or water in lieu of any so signified to be of a bad quality and unfit for use, or does not procure the requisite quantity of any so signified to be insufficient in quantity, or uses any provisions or water which

দশম খণ্ড।

নাবিকদের খাদ্যাদির ও স্বাস্থ্যের ও স্থানের বিধি।

[নালিশ হইলে আহারীয় দ্রব্য ও জল দেখিয়া লইবার কথা।]

১১৫ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে জাহাজ রেজিষ্টরী করা যায় কি বাণিজ্য ব্যবসায় করে কি থাকে, এমত কোন জাহাজের তিন কি অধিক নাবিক কোন শিপিং মাষ্টর সাহেবের নিকটে, কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্ট সেই কর্ম্মের নিমিত্তে অন্য যে কার্য্যকারককে নিয়মিতরূপে নিযুক্ত করেন তাঁহার নিকটে, এই মর্ম্মের নালিশ করিতে পারিবে যে, জাহাজী লোকেদের নিমিত্তে যে খাদ্যাদি কি জল জাহাজে থাকে তাহা কোন সময়ে মন্দ কি খাইবার অনুপযুক্ত কি অপ্রতুল। সেইরূপ নালিশ হইলে ঐ কার্য্যকারক আপনি কিম্বা অন্য লোকেরদ্বারা ঐ খাদ্যাদি কি জল দেখিয়া লইবেন। যদি সেই খাদ্যাদি কি জল মন্দ ও খাইবার অনুপযুক্ত কিম্বা অকুলান দেখা যায়, তবে যে ব্যক্তি অনুসন্ধান করেন তিনি জাহাজের কাপ্তানকে ঐ কথা লিখিয়া জানাইবেন। তাহা জানাইলে পর, যদি কাপ্তান ঐ মন্দ ও খাইবার অনুপযুক্ত খাদ্যাদি কি জলের পরিবর্ত্তে অন্য উপযুক্ত খাদ্যাদি কি জল না দেন, কিম্বা অকুলান বলিয়া যাহা জানান গিয়াছে তাহার যথেষ্ট না দেন, কিম্বা যাহা

[*Government Gazette*, 27*th November* 1866.]

have been so signified as aforesaid to be of a bad quality and unfit for use, he shall, in every such case, incur a penalty not exceeding two hundred Rupees. Upon every such examination as aforesaid, the Officers making or directing the same shall enter a statement of the result of the examination in the official log, and shall send a report thereof to the Shipping Master, and such report, if produced out of the custody of such Shipping Master, shall be received in evidence in any legal proceeding.

[Forfeiture for frivolous complaint.]

CXVI. If the Officer to whom any such complaint as last aforesaid is made, certifies in such statement as aforesaid that there was no reasonable ground for such complaint, each of the parties so complaining shall be liable to forfeit to the owner out of his wages a sum not exceeding one week's wages.

[Allowance for short or bad provisions.]

CXVII. In the following cases (that is to say),—

(1)—If during a voyage the allowance of any of the provisions which any seaman has by his agreement stipulated for, is reduced (except in accordance with any regulations for reduction by way of punishment contained in the agreement and also except for any time during which such seamen wilfully and without sufficient cause refuses or neglects to perform his duty or is lawfully under confinement for misconduct, either on board or on shore):

(2)—If it is shewn that any of such provisions are or have during the voyage been bad in quality and unfit for use.

The seaman shall receive by way of compensation for such reduction or bad quality, according to the time of its continuance, the following sums, to be paid to him in addition to and to be recoverable as wages (that is to say),—

(1)—If his allowance is reduced by any quantity not exceeding one-third of the quantity specified in the agreement, a sum not exceeding three annas in the case of a European seaman or other person shipped on the same footing as a European seaman, or one anna in the case of a lascar or Native seaman:

(2)—If his allowance is reduced by more than one-third of such quantity, six annas in the case of a European seaman or other person shipped on the same footing as a European seaman, or two annas in the case of a lascar or Native seaman:

পূর্ব্বোক্তমতে মন্দ ও খাইবার অনুপযুক্ত বলিয়া জানান গিয়াছে যদি সেই খাদ্যাদি কি জল খাইতে দেন তবে তদ্রূপ প্রত্যেক স্থলে তাঁহার দুই শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। যে কার্য্যকারকেরা উক্ত প্রকারের অনুসন্ধান করেন কি করিতে আজ্ঞা করেন, তাঁহারা অনুসন্ধানক্রমে যাহা দেখেন তাহার কথা জাহাজের টপনামায় লিখিবেন ও শিপিং মাষ্টর সাহেবের নিকটে তাহার রিপোর্ট পাঠাইবেন। ও ঐ শিপিং মাষ্টর সাহেবের নিকটহইতে প্রাপ্ত, সেই রিপোর্ট কোন মোকদ্দমায় প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে ইতি।

[তুচ্ছনীয় নালিশ করিবার জন্যে অর্থদণ্ডের কথা।]

১১৬ ধারা। শেষোক্ত প্রকারের নালিশ যে কার্য্যকারক সাহেবের নিকটে করা যায় তিনি যদি উক্ত প্রকারের রিপোর্টে লেখেন যে ঐ নালিশ করিবার উপযুক্ত কোন কারণ ছিল না, তবে যত জন সেই নালিশ করিয়াছিল তাহারদের প্রত্যেক জনের এক সপ্তাহের বেতন কাটিয়া স্বামিকে দেওয়া যাইবে ইতি।

[অল্প কি মন্দ খাদ্যাদির নিমিত্তে ক্ষতিপূরণের কথা।]

১১৭ ধারা। এই২ স্থলে, অর্থাৎ,

(১) নিয়মপত্রের লিখিত কোন বিধিমতে খাদ্যাদি দণ্ডক্রমে ন্যূন করা গেলে ও কোন নাবিক ইচ্ছাপূর্ব্বক ও উপযুক্ত কারণ না থাকিলেও আপনার কর্ত্তব্য কর্ম্ম করিতে স্বীকার না করিলে কি তাচ্ছল্য করিলে, কিম্বা অনুচিত কর্ম্ম করাতে জাহাজে কি ডাঙ্গায় ন্যায্যমতে কয়েদ থাকিলে, যে কালের নিমিত্তে ন্যূন আহার দেওয়া যায়, তদ্ভিন্ন নিয়মপত্রমতে নাবিককে যত খাদ্যাদি দিবার নিয়ম হইয়াছিল, যদি জাহাজের যাত্রা কালে ন্যূন দেওয়া যায়,

(২) সেই প্রকারের কোন খাদ্যাদি মন্দ ও খাইবার অনুপযুক্ত আছে, কিম্বা যাত্রার কোন সময়ে মন্দ কি খাইবার অনুপযুক্ত ছিল, ইহা যদি দেখান যায়,

তবে ন্যূন খাদ্যাদি, কিম্বা মন্দ দ্রব্য যত কাল দেওয়া যায় তাহা বুঝিয়া, ঐ নাবিক ক্ষতিপূরণস্বরূপে বেতনের অতিরিক্ত নিম্ন লিখিত হিসাবমতে পাইবে, ও তাহা বেতনের মতে আদায় হইতে পারিবে, বিশেষতঃ

(১) নিয়মপত্রে যত লেখা গিয়াছিল, যদি তাহার তিন ভাগের এক ভাগপর্য্যন্ত কম করিয়া দেওয়া যায়, তবে ইউরোপীয় নাবিক হইলে কিম্বা ইউরোপীয় নাবিকের তুল্যভাবে জাহাজে ভর্ত্তি হইলে, তিন আনাপর্য্যন্ত, কিম্বা খালাসী কি এদেশীয় নাবিক হইলে এক আনাপর্য্যন্ত পাইবে।

(২) যদি তিন ভাগের এক ভাগের ন্যূন করিয়া দেওয়া যায়, তবে ইউরোপীয় নাবিক হইলে কিম্বা ইউরোপীয় নাবিকের তুল্য ভাবে জাহাজে ভর্ত্তি হইলে, ছয় আনা, কিম্বা খালাসী কি এদেশীয় নাবিক হইলে দুই আনা পাইবে।

(3.) In respect of such bad quality as aforesaid a sum not exceeding eight annas in the case of a European seaman or other person shipped on the same footing as a European seaman, or three annas in the case of a lascar or Native seaman.

But if it shewn to the satisfaction of the Court or Magistrate trying the case, that any provisions, the allowance of which has been reduced, could not be procured, or supplied in proper quantities, and that proper and equivalent substitutes were supplied in lieu thereof, such Court or Magistrate shall take such circumstances into consideration, and shall modify or refuse compensation as the justice of the case may require.

Illustration.—Owing to the unexpected length of a voyage, the crew of a vessel are put on short allowance. They are entitled to compensation under this section.

[Medicines, &c., to be provided and kept on board certain ships. Proviso.]

CXVIII. All foreign-going ships and all Home-trade ships of a burden exceeding three hundred tons, shall have always on board a sufficient supply of medicines and appliances, suitable for diseases and accidents likely to happen on sea-voyages, according to such scale as shall be from time to time issued by the Local Government with the approval of the Governor General of India in Council, and published in Calcutta, Madras, and Bombay in the *Gazettes*, and in default thereof, the owner or master of every such ship shall be liable to a penalty not exceeding two hundred Rupees: Provided, however, that this section shall not apply to ships navigating from the United Kingdom and coming within the provisions of Section 224 of the Merchant Shipping Act, 1854. Nothing herein contained shall interfere with a seaman's right to maintain a suit in respect of a special damage resulting to him from the breach of the duty imposed by this section.

[Master to keep weights and measures on board.]

CXIX. Every master shall keep on board proper weights and measures for the purposes of determining the quantities of the several provisions and articles served out, and shall allow the same to be used at the time of serving out such provisions and articles in the presence of a witness whenever any dispute arises about such quantities, and in default shall for every offence incur a penalty not exceeding one hundred Rupees.

[Expense of medical attendance and subsistence in case of illness, how to be defrayed.]

CXX. Whenever the master or any seaman of any ship registered at any place in British

(৩।) যদি দ্রব্য পূর্ব্বোক্তমতে মন্দ হয়, তবে ইউরোপীয় নাবিক হইলে কিম্বা ইউরোপীয় নাবিকের তুল্যভাবে জাহাজে ভর্ত্তি হইলে, আট আনাপর্য্যন্ত কিম্বা খালাসী কি এদেশীয় নাবিক হইলে তিন আনা পর্য্যন্ত পাইবে।

পরন্তু যে দ্রব্য হ্রাস করিয়া দেওয়া গিয়াছে তাহা কুলানমতে পাওয়া যাইতে কি যোগান যাইতে পারিল না, ও তাহার পরিবর্ত্তে উপযুক্ত ও তুল্য গুণের অন্য দ্রব্য দেওয়া গিয়াছে, ইহা যদি ঐ কথার বিচারকারি আদালতের কি মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে দর্শান যায়, তবে সেই আদালত কি মাজিষ্ট্রেট সাহেব ভাবগতিক বুঝিয়া ন্যায্যমতে যেমন প্রয়োজন হয় তেমনি সেই ক্ষতিপূরণের পয়সা কম করিবেন, কিম্বা নাই দিবেন ইতি।

উদাহরণ। জাহাজের যাত্রায় অপেক্ষাকৃত অধিককাল লাগে এই প্রযুক্ত নাবিকেরদিগকে পরিমিত আহার দিতে হইল। এই ধারামতে তাহারা হানিপূরণ পাইতে পারে।

[কোন২ জাহাজে ঔষধাদি রাখিবার কথা ও উপবিধি।]

১১৮ ধারা। সমুদ্রে যাত্রা করিবার কালে যে সকল রোগের ও আঘাত প্রভৃতির সম্ভাবনা তাহার উপযুক্ত ঔষধ ও চিকিৎসার সরঞ্জাম যত প্রয়োজন হয় দেশান্তর গমনীয় সকল জাহাজে, ও দেশীয় বাণিজ্যের তিন শত টনের অধিক বোঝাইয়ের সকল জাহাজে তত ঔষধাদি সর্ব্বদা রাখিতে হই বে। অর্থাৎ স্থানবিশেষের গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে সময়ে২ কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের গবর্ণমেণ্ট গেজেটে যে হার প্রকাশ করেন, সেই হারে ঔষধাদি রাখিতে হইবে। ত্রুটি হইলে জাহাজের স্বামির কি কাপ্তানের দুই শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। পরন্তু গ্রেটব্রিটন ও ঐরলাণ্ড দেশহইতে গমনশীল যে জাহাজ বণিজ্য জাহাজের প্রতি ১৮৫৪ সালের আইনের ২২৪ ধারার বিধান বর্ত্তে সেই জাহাজের উপর এই ধারা বর্ত্তে না। কিন্তু এই ধারাতে যে কর্ম্ম করিবার আজ্ঞা হইয়াছে সেই কর্ম্ম না হওয়াতে যদি কোন নাবিকের বিশেষ হানি হয়, তবে তাহার নালিশ করিবার যে স্বত্ব আছে এই আইনক্রমে তাহার কিঞ্চিন্মাত্র খর্ব্ব হইবে না ইতি।

[বাটখারা ও মাপিবার পাত্র জাহাজে রাখিবার কথা।]

১১৯ ধারা। খাদ্যাদি ও অন্য যে দ্রব্য বাঁটিয়া দিতে হয় তাহা ওজন করিবার জন্যে কাপ্তান জাহাজে বাটখারা ও মাপিবার পাত্র রাখিবেন, ও যত করিয়া বাঁটিয়া দেওয়া যায় এই কথা লইয়া বিবাদ হইলে, ঐ খাদ্যাদি বাঁটিয়া দিবার সময়ে কোন সাক্ষির গোচরে ঐ বাটখারা প্রভৃতি লইয়া ওজন করিবার অনুমতি দিবেন। তাহা না করিলে তাঁহার প্রত্যেক বার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[পীড়া হইলে চিকিৎসার ও পথ্যের খরচের কথা।

১২০ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন স্থানে যে জাহাজ রেজিষ্টরী করা যায়, তাহার কাপ্তান কি কোন

India shall receive any hurt or injury in the service of the vessel, the expense of providing the necessary surgical and medical advice and attendance with medicines and of his subsistence, until he shall be cured or shall be brought back to the port from which he was shipped or other port agreed upon, shall be defrayed, with the cost of his conveyance to such port, by the owner of the vessel without any deduction on that account from the wages of such master, officer, or seaman; and if paid by himself may be recovered as part of his wages; and if paid or allowed out of any monies forming part of the revenues of British India, shall be a charge upon the ship, and may be recovered with full costs of suit by the Secretary of State in Council.

[Place to be appropriated.]

CXXI. A place or places of shelter shall be provided below a well-caulked and substantial deck for the men engaged under this Act. Such place or places shall be so arranged as to allow for the men the following spaces:—

[To European seamen.]

(1.) For each European seaman or apprentice, other person shipped on the same footing as an European seaman, nine superficial feet if the place be not less than six feet in height from deck to deck, or fifty-four cubic feet if the height from deck to deck be less than six feet.

[To lascars or Native seamen.]

(2.) For each lascar or Native seaman, or other person shipped on the same footing as a lascar, four superficial feet, and if the place allotted be under the top-gallant forecastle, such forecastle deck shall be not less than four feet six inches above the one below it.

[Place to be kept clear. Penalty if place be not properly conducted. Penalty for not keeping space clear.]

Every such place shall be kept free from stores or goods of any kind, not being the personal property of the crew in use during the voyage. If any such place in any ship is not in the whole sufficiently large to give such space for each seaman and apprentice as hereinbefore required, or is not properly caulked and in all other respects securely and properly constructed and well ventilated, the owner shall, for every such failure to comply with the provisions of this section, incur a penalty not exceeding two hundred Rupees. If any such space as aforesaid is not kept free from goods and stores as aforesaid, the master shall, for every such failure to comply with the provisions of this section, incur a penalty not exceeding one hundred Rupees.

নাবিক যদি জাহাজের কর্ম্ম করিবার কালে পীড়া কি আঘাত পায়, তবে যত কাল আরোগ্য না হয়, কিম্বা যে বন্দরে জাহাজে ভর্ত্তি হইয়াছিল কি অন্য যে বন্দরের নিয়ম হয় সেই বন্দরে তাহাকে যত কাল না আনা যায়, তত কালপর্য্যন্ত ঐ জাহাজের স্বামী তাহার আবশ্যক অস্ত্র চিকিৎসার ও ঔষধাদির ও পথ্যাদির খরচ, ও সেই বন্দরে তাহাকে লইয়া যাইবার খরচ, দিবেন, ও সেই কারণে ঐ কাপ্তানের কি মালিমের কি নাবিকের কিছু বেতন বাদ দিতে হইবে না। যদি আপনি ঐ খরচ দিয়া থাকেন, তবে আপন বেতনের অংশ বলিয়া তাহা ফিরিয়া পাইতে পারিবেন। ও যদি সেই খরচ ব্রিটনীয় ভারতবর্ষের রাজস্বহইতে দেওয়া যায়, তবে জাহাজের দেয় হইবে, ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব মোকদ্দমার সম্পূর্ণ খরচাসহিত তাহা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

[স্থানের কথা।]

১২১ ধারা। এই আইনমতে যে লোকদিগকে কর্ম্মে নিযুক্ত করা যায় ভালমতে কালাপাতিকরা ও দৃঢ় তুতকের নীচে তাহারদের আশ্রয় নিরূপণ করিতে হইবে। সেই স্থান এরূপ সাজাইতে হইবে যে প্রত্যেক জনের নিম্নলিখিত স্থান থাকে। অর্থাৎ

[ইউরোপীয় নাবিকদের স্থান।]

(১।) ঐ স্থানের মেজ্যা উপরিস্থ তুতকঅবধি ছয় ফুটের ন্যূন না হইলে ইউরোপীয় নাবিকের কি শিক্ষার্থির জন্যে, কিম্বা অন্য যে লোক ইউরোপীয় নাবিকের মত জাহাজে ভর্ত্তি হয় তাহার জন্যে, আড়েদীর্ঘে নয় ফুট স্থান, কিম্বা ছয় ফুটের ন্যূনউচ্চ হইলে আড়ে দীর্ঘে উচ্চে সর্ব্ব সুদ্ধ চৌয়ান্ন ফুট স্থান দিতে হইবে।

[খালাসীর কি এদেশীয় নাবিকের স্থান।]

(২।) এক২ জন খালাসীর কি এদেশীয় নাবিকের জন্যে, কিম্বা অন্য যে লোক খালাসীর ন্যায় জাহাজে ভর্ত্তি হয় তাহার জন্যে, আড়ে দীর্ঘে উচ্চে চারি ফুট স্থান দিতে হইবে। যদি সবর ফণার নীচে স্থান দেওয়া যায়, তবে ঐ ফণার তুতক অবধি মেজ্যাপর্য্যন্ত সাড়ে চারি ফুটের কম না থাকে।

[স্থান পরিষ্কার রাখিবার কথা ও উপযুক্ত মতে প্রস্তুত না করা গেলে তাহার দণ্ডের ও স্থান পরিষ্কার না রাখিবার দণ্ডের কথা।]

উক্ত স্থানে কোন প্রকারের সরঞ্জাম কি মাল রাখিতে হইবে না। কেবল যাত্রার কালে নাবিকেরদের নিজ যে দ্রব্যের ব্যবহার হয় তাহা থাকিতে পারিবে। ও পূর্ব্বের আজ্ঞামতে এক২ জন নাবিকের ও শিক্ষার্থির যত স্থান থাকিবে কোন জাহাজের সেই স্থান উপযুক্তমতে বড় না হওয়াতে যদি তত স্থান না হইতে পারে, অথবা যদি তাহার উপযুক্তমতে কালাপাতি না হয়, ও অন্য সকল বিষয়ে যদি তাহা দৃঢ় ও উপযুক্তরূপে প্রস্তুত না হয়, ও তাহা দিয়া যদি অবাধে বাতাস না খেলে, তবে এই ধারার বিধানমতে কার্য্য হইবার এক২ ত্রুটির জন্যে স্বামির দুই শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। যদি উক্ত স্থানে মাল ও সরঞ্জাম রাখা যায়, তবে এই ধারার বিধানমতে কর্ম্ম না হইবার এক২ ত্রুটির জন্যে কাপ্তানের প্রত্যেকবার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ নবেম্বর।]

[Shipping Master, &c., may board any ship, and inspect provisions, &c. Procedure if provisions, &c., are found to be of a bad quality.]

CXXII. The Shipping Master at any port in British India, by himself or his deputy, may enter at any time on board of any ship upon which seamen have been shipped at such port, and inspect the provisions and water provided for the use of the crew, and the medicines and appliances and the accommodation for seamen prescribed by this Act or by the Merchant Shipping Act, 1854. If on inspection the provisions or water are found to be of bad quality and unfit for use or to be deficient in quantity, the Shipping Master shall proceed as provided in Section 115, and the penalty prescribed in the said section shall be incurred by any default of the master of the ship in respect of such provisions or water.

PART XI.

Of Complaints by Seamen.

[Seamen to be allowed to go ashore to make complaint to a Magistrate.]

CXXIII. If any seamen or apprentice, whilst on board any ship, states to the master that he desires to make complaint to a Magistrate against the master or any of the crew, the said master shall, if the ship is then at a place where there is a Magistrate, so soon as the service of the ship will permit, and if the ship is not then at such a place, so soon after her first arrival at such a place as the service of the ship will permit, allow such seaman to go ashore, or send him ashore in proper custody, so that he may be enabled to make such complaint, and shall in default incur a penalty not exceeding one hundred Rupees.

PATR XII.

Of Protection of Seamen from Imposition.

[Sale of and charge upon wages to be invalid.]

CXXIV. No wages due or accruing to any seamen or apprentice shall be subject to attachment from any Court. Every payment of wages to a seaman shall be valid in law, notwithstanding any previous sale or assignment of such wages of any incumbrance thereon. No assignment or sale of such wages, or of salvage made prior to the accruing thereof, shall bind the party making the same. No power of attorney or authority for the receipt of any such wages or salvage shall be irrevocable.

[*Government Gazette, 27th November* 1866.]

[শিপিং মাষ্টর সাহেব প্রভৃতির জাহাজে গিয়া খাদ্যাদি দেখিবার কথা ও মন্দ হইলে ইতিকর্ত্তব্যতার কথা।]

ও পলাইবার উক্ত সংলিপ্তপত্রেরও প্রতিলিপি করিয়া স্বাক্ষর করিবেন। সেই নাবিক যে বন্দরে জাহাজে ভর্ত্তি হইয়াছিল, কাপ্তান সেই বন্দরের শিপিং মাষ্টর সাহেবের নিকটে ঐ প্রতিলিপি অগৌণে পাঠাইবেন, ও তিনি প্রয়োজনমতে সেই প্রতিলিপি কোন মোকদ্দমাতেও দেখাইবেন। সেই পলায়ন সম্পর্কীয় কোন মোকদ্দমাতে সেই প্রতিলিপি উক্ত প্রকারে করা গেল ও স্বাক্ষর করা গেল বলিয়া উপস্থিত করা গেলে, ঐ প্রতিলিপির লিখিত কথার প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে ইতি।

[বেতন দণ্ডসম্পর্কে পলায়নের প্রমাণ করিবার উপায়ের কথা।]

১৪৬ ধারা। কোন নাবিকের কি শিক্ষার্থির পলায়ন করা প্রযুক্ত বেতন দণ্ড কর্ত্তব্য কি না যদি এই বিষয়ের বিবাদ হয়, তবে যে ব্যক্তি ঐ বেতন দণ্ড কর্ত্তব্য কহেন তিনি এই২ কথা দর্শাইতে পারিলে প্রচুর হইবে, বিশেষতঃ ঐ নাবিকের কি শিক্ষার্থির যে জাহাজহইতে পলাইবার কথা ব্যক্ত হইয়াছে সেই জাহাজে সে নিয়মমতে ভর্ত্তি হইয়াছিল, কিম্বা সেই জাহাজের লোক ছিল ও সেই জাহাজের যাত্রার শেষ না হইলে, কিম্বা সেই নিয়মের কাল অতীত না হইলে সেই লোক ঐ জাহাজ ছাড়িয়া গিয়াছিল, কিম্বা যদি ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে পঁহুছিলে ঐ যাত্রার শেষ হইবার নিয়ম হইয়াছিল, ও জাহাজ ফিরিয়া না আইলেও ঐ লোক জাহাজে ছিল না ও সরকারী টপসামায় তাহার পলাইবার কথা নিয়মিতরূপে লেখা আছে। যদি এই সকল কথা দেখাইতে পারেন, তবে এই আইনের লিখিত বিধানমতে তাহার বেতন কি উপরি টাকা দণ্ড হওয়ার উপলক্ষে ঐ কথা তাহার পলায়নের প্রমাণ জ্ঞান হইবে। যদি ঐ নাবিক কি শিক্ষার্থী বিদায় হইবার উপযুক্ত সংলিপ্তপত্র দেখাইতে পারে, কিম্বা জাহাজ ছাড়িবার উপযুক্ত কারণ ছিল, ইহা যদি প্রকারান্তরে আদালতের সন্তোষমতে দর্শাইতে পারে, তবে তাহার বেতন দণ্ড হইবে না ইতি।

অর্থ। জাহাজের যে যাত্রাকালে পলায়ন করা যায়, সেই যাত্রা সম্পূর্ণরূপে সমাপ্ত না হইয়া যদি নাবিক পলায়ন করে, তবে সেই যাত্রার বেতন পাইবে না। অন্য যে যাত্রা পূর্ব্বে সমাপ্ত হইয়াছে তাহার বেতন পাইতে পারিবে।

[কারাবদ্ধ করাইবার ত্রিশ টাকাপর্য্যন্ত খরচ বেতনহইতে কাটিয়া লইবার কথা।]

১৪৭ ধারা। নাবিকদের বেতন সম্পর্কীয় কোন মোকদ্দমাতে যদি ইহা দর্শান যায় যে জাহাজের যাত্রাকালে কোন নাবিকের কি শিক্ষার্থির কোন দোষ উপযুক্ত কোন আদালতে সপ্রমাণ হইয়াছে, ও তৎপ্রযুক্ত তাহার ন্যায্যমতে কারাবদ্ধ কি অন্য কোন দণ্ড হইয়াছে, তবে যে আদালত ঐ মোকদ্দমার বিচার করেন তিনি ঐ নাবিকের পাওনা বেতনের ত্রিশ টাকাপর্য্যন্ত কাটিয়া লইয়া, ঐ দোষ সপ্রমাণ করাইবার ও দণ্ড করাইবার জন্যে কাপ্তানের যুক্তিসিদ্ধ যত খরচ হইয়াছে তাহার পরিশোধে দেওয়া যায় এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Amount of forfeiture how to be ascertained when seamen contract for the voyage.]

CXLVIII. Whenever any seaman contracts for wages by the voyage, or by the run, or by the share, and not by the month or other stated period of time, the amount of forfeiture to be incurred under this Act shall be taken to be an amount bearing the same proportion to the whole wages or share as the period hereinbefore mentioned in fixing the amount of such forfeiture (as the case may be) bears to the whole time spent in the voyage. If the whole time spent in the voyage does not exceed the period for which the pay is to be forfeited, the forfeiture shall extend to the whole wages or share.

[Application of forfeitures.]

CXLIX. All clothes, effects, wages, and emoluments which, under the provisions hereinbefore contained, are forfeited for desertion, shall be applied in the first instance in or towards the reimbursement of the expenses occasioned by such desertion to the master or owner of the ship from which the desertion has taken place, and may, if earned, subsequently to the desertion, be recovered by such master, or by the owner, or his agent, in the same manner as the deserter might have recovered the same if they had not been forfeited; and in any legal proceeding relating to such wages, the Court may order the same to be paid accordingly; and, subject to such reimbursement, the same shall be paid into the public Treasury and carried to the account of Government. In all other cases on forfeiture of wages under the provisions hereinbefore contained, the forfeiture shall, in the absence of any specific directions to the contary, be for the benefit of the master or owner by whom the wages are payable.

[Questions of forfeitures may be decided in suits for wages.]

CL. Any question concerning the forfeiture of or deductions from the wages of any seaman or apprentice may be determined in any proceeding lawfully instituted with respect to such wages, notwithstanding that the offence in respect of which such question arises, though hereby made punishable by imprisonment as well as forfeiture, has not been made the subject of any criminal proceeding.

[Penalty for false statement as to last ship or name.]

CLI. If any seaman, on or before being engaged, wilfully and fraudulently makes a false statement of the name of his last ship, or last alleged ship, or wilfully and fraudulently makes a false statement of his own name, he shall incur a

[নাবিকেরা যাত্রার নিমিত্তে নিয়ম করিলে তাহাদের যে বেতন দণ্ড করিতে হইবে তাহা নিরূপণের কথা।]

১৪৮ ধারা। যদি কোন নাবিক মাসেং কিম্বা নিরূপিত অন্য কালে বেতন লইবার নিয়ম না করিয়া, যাওয়া আসার কালের নিমিত্তে, কি এক স্থানহইতে অন্য স্থানে যাইবার কালের নিমিত্তে, কিম্বা অংশের হিসাবে নিয়ম করিয়া থাকে, তবে এই আইনমতে যত বেতন কাটিতে হইবে ইহার হিসাব করিবার নিয়ম এই। বিষয়বিশেষে যত বেতন কাটিতে হইবে তাহার নিরূপণে যে কাল এই আইনে পূর্ব্বে ব্যক্ত হইয়াছে তাহার সঙ্গে ঐ যাত্রার সমুদয় কালের বিশেষ বুঝিয়া, তদনুসারে ঐ সমুদয় বেতনের কি অংশের হিসাব ধরিয়া এক অংশ কাটিতে হইবে। ও যত কালের বেতন কাটিতে হইবে তাহা হইতে যদি ঐ যাওয়া আসার সমুদয় কাল অধিক না হয়, তবে সমুদয় বেতন কি অংশ কাটিতে হইবে ইতি।

[দণ্ডিত দ্রব্য লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

১৪৯ ধারা। পূর্ব্ব বিধানমতে পলায়ন করাপ্রযুক্ত যে সকল বস্ত্র ও দ্রব্যসামগ্রী ও বেতন ও উপরি টাকা দণ্ড হয় যে জাহাজহইতে পলায়ন হইয়াছে, ঐ পলায়ন প্রযুক্ত সেই জাহাজের কাপ্তানের কি স্বামির যে অর্থ ব্যয় হইল ঐ টাকাতে প্রথমে তাহার পরিশোধ হইবে, কি তাহা পরিশোধের নিমিত্তে, দেওয়া যাইবে। পলায়ন করিবার পরে যদি তাহার সেই বেতনপ্রভৃতি প্রাপ্য হয়, তবে দণ্ড না হইলে ঐ পলাতক যে প্রকারে তাহা আদায় করিতে পারিত, সেই প্রকারে ঐ কাপ্তান কি স্বামী কিম্বা তাঁহার মোক্তার তাহা আদায় করিতে পারিবেন। ও সেই বেতনসম্পর্কীয় কোন মোকদ্দমা হইলে, আদালত সেই বেতনপ্রভৃতি তদনুসারে দিবার আজ্ঞা করিতে পারিবেন। ও সেইরূপে পরিশোধের অপেক্ষায়, ঐ টাকা রাজকীয় ট্রেজুরীতে গচ্ছিত করা যাইবে ও গবর্ণমেণ্টের নামে জমা হইবে। পূর্ব্বলিখিত বিধানমতে অন্য কোন প্রকারে যে বেতন দণ্ড হয় বিশেষ আজ্ঞা না থাকিলে, যে কাপ্তানের কি স্বামির ঐ বেতন দিতে হইত তাঁহারই প্রাপ্ত হইবে ইতি।

[বেতন পাইবার মোকদ্দমাতে দণ্ডের কথা নিষ্পত্তি হইবার কথা।]

১৫০ ধারা। কোন নাবিকের কি শিক্ষার্থির বেতন দণ্ড করিবার কি কাটিবার বিষয়ে বিবাদ হইলে, ঐ বিবাদ যে অপরাধের উপলক্ষে উত্থিত হয়, তজ্জন্যে এই আইনে সম্পত্তিদণ্ড সহিত কারাদণ্ড নিরূপণ হইলে ও সেই অপরাধ হেতুক ফৌজদারী মোকদ্দমা না হইলেও বেতনের নিমিত্তে আইনমত উপস্থিত কোন মোকদ্দমাতে ঐ বিবাদের নিষ্পত্তি হইতে পারিবে ইতি।

[জাহাজের কি নামের কোন মিথ্যা কথা কহিবার দণ্ডের কথা।]

১৫১ ধারা। কোন নাবিক নিয়মক্রমে ভর্ত্তি হইবার সময়ে কি তৎপূর্ব্বে শেষে যে জাহাজে কর্ম্ম করিয়াছিল কি তাহার কথামতে যে জাহাজে কর্ম্ম করিয়াছিল যদি ঐ জাহাজের কোন মিথ্যা নাম কিম্বা ইচ্ছাপূর্ব্বক ও প্রতারণা করিয়া আপনার কোন

penalty not exceeding fifty Rupees. Such penalty may be deducted from any wages he may earn by virtue of such engagement as aforesaid, and shall, subject to reimbursement of the loss and expense (if any) occasioned by any previous desertion, be paid and applied in the same manner as other penalties payable under this Act.

[Fines to be deducted from wages, and paid to Shipping Master.]

CLII. Whenever any seaman commits an act, of misconduct for which his agreement imposes a fine, and which it is intended to punish by enforcing such fine, an entry thereof shall be made in the official log-book, and a copy of such entry shall be furnished or the same shall be read over to the offender, and an entry of such reading over, and of the reply (if any) made by the offender, shall be made in the manner and subject to the conditions hereinbefore specified with respect to the offences against discipline specified in and punishable under this Act. Such fine shall be deducted and paid over as follows (that is to say), if the offender is discharged at any port or place in British India, and the offence, and other entries in respect thereof as aforesaid, are proved, in the case of a foreign-going ship to the satisfaction of the Shipping Master before whom the offender is discharged, and in the case of a Home-trade ship to the satisfaction of the Shipping Master at or nearest to the place at which the crew is discharged, the master or owner shall deduct such fine from the wages of the offender and pay the same over to such Shipping Master. If before the final discharge of the crew in British India, any such offender as aforesaid enters into any of Her Majesty's ships, or is discharged at any place not in British India, and the offence and such entries as aforesaid are proved to the satisfaction of the Officer in command of the ship into which he so enters, or of the Consular Officer, Officer of Customs, or other person by whose sanction he is so discharged, the fine shall thereupon be deducted as aforesaid, and an entry of such deduction shall then be made in the official log-book (if any) and signed by such Officer or other person. On the return of the ship to British India, the master or owner shall pay over such fine, in the case of foreign-going ships to the Shipping Master before whom the crew is discharged, and in the case of Home-trade ships to the Shipping Master at or nearest to the place at which the crew is discharged. If any master or owner neglects or refuses to pay over any such fine in manner aforesaid, he shall, for each such offence, incur a

নিবন্ধ না করাইয়া থাকে তবে তাহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ঐ উক্তমতে ভর্ত্তি হওয়াতে তাহার পরিশ্রমজন্যে যে বেতন পাওনা হয়, তাহা হইতে ঐ দণ্ডের টাকা বাদ দেওয়া যাইতে পারিবে। যদি কোন জাহাজহইতে পূর্ব্বে পলায়ন করিয়া থাকে, তবে তাহাতে যে ক্ষতি ও ব্যয় হয় তাহা পরিশোধ করিয়া এই আইনমতের অন্য দণ্ডের টাকা লইয়া যেরূপে করিতে হয়, ঐ দণ্ডেরও টাকা লইয়া সেইরূপে করিতে হইবে ইতি।

[অর্থদণ্ডের টাকা বেতনহইতে বাদ দিয়া শিপিং মাষ্টর সাহেবকে দিবার কথা।]

১৫২ ধারা। কোন নাবিক কোন দোষ করাতে যদি নিয়মমতে তাহার অর্থদণ্ড দিতে হয়, ও যদি সেই অর্থদণ্ডের টাকা আদায় করিবার মনস্থ থাকে, তবে সেই কথা সরকারী টপনামায় লিখিতে হইবে। ও সেই টপনামার লিখিত কথার প্রতিলিপি ঐ অপরাধিকে দেওয়া যাইবে, কিম্বা তাহার নিকটে পাঠ করা যাইবে। সুশাসনলঙ্ঘনজন্য এই আইনে নির্দ্দিষ্ট ও এই আইনমতে দণ্ডনীয় অপরাধ বিষয়ে যে নিয়ম এই আইনের পূর্ব্বলিখিত কোন ধারায় নির্দ্দিষ্ট হইয়াছে সেই নিয়মাধীনে ও তদনুসারে অপরাধির নিকট ঐ অপরাধের লিখন পাঠ হইবার কথা ও সে উত্তর করিলে ঐ উত্তর লিখিতে হইবে। ও সেই অর্থদণ্ডের টাকা বেতনহইতে বাদ দিয়া এই২ প্রকারে দেওয়া যাইবে, অর্থাৎ, যদি অপরাধী ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে বিদায় হয়, ও দেশান্তরগমনীয় জাহাজ হইলে যে শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে অপরাধিকে বিদায় করা যায় তাঁহার হৃদ্বোধমতে, ও দেশীয় বাণিজ্যের জাহাজ হইলে নাবিকদিগকে যে স্থানে বিদায় করা যায় সেই স্থানের কি তাহার অতি নিকট স্থানের শিপিং মাষ্টর সাহেবের হৃদ্বোধমতে যদি ঐ অপরাধের ও পূর্ব্বোক্তমতে তাহার লিখিত কথার প্রমাণ করা যায়, তবে কাপ্তান কি স্বামী ঐ অপরাধির বেতনহইতে ঐ অর্থদণ্ডের টাকা কাটিয়া লইয়া ঐ শিপিং মাষ্টর সাহেবকে দিবেন। ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে নাবিকদিগকে চূড়ান্তরূপে বিদায় করা যাইবার পূর্ব্বে, যদি উক্ত কোন অপরাধী শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজে ভর্ত্তি হয়, কিম্বা যদি তাহাকে ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে বিদায় করা যায়, ও উক্ত প্রকারে যে জাহাজে ভর্ত্তি হয়, সেই জাহাজের কাপ্তানের হৃদ্বোধমতে কিম্বা কনসল সাহেবের কি কষ্টমের কার্য্যকারক সাহেবের কিম্বা অন্য যে সাহেবের অনুমতিক্রমে তাহাকে বিদায় করা যায় তাঁহার হৃদ্বোধমতে, যদি তাহার অপরাধের ও পূর্ব্বোক্তমতের লিখিত কথার প্রমাণ করা যায়, তবে ঐ অর্থদণ্ডের টাকা পূর্ব্বোক্তমতে বেতনহইতে বাদ দেওয়া যাইবে, ও সরকারী টপনামা থাকিলে, ঐ বেতন বাদ দিবার কথা ঐ টপনামায় লিখিতে হইবে, ও তাহাতে ঐ কাপ্তানের কি ঐ অন্য ব্যক্তির স্বাক্ষর করিতে হইবে। যখন সেই জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষে ফিরিয়া আইসে তখন, দেশান্তর গমনীয় জাহাজ হইলে নাবিকদিগকে যে শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে বিদায় করা যায় কাপ্তান কি স্বামী সেই অর্থদণ্ডের টাকা, তাঁহাকে দিবেন, কিম্বা দেশীয় বাণিজ্যের জাহাজ হইলে নাবিকদিগকে যে স্থানে বিদায়

penalty not exceeding six times the amount of the fine retained by him: Provided that no act of misconduct for which any such fine as aforesaid has been inflicted and paid, shall be otherwise punished under the provisions of this Act.

[Penalty for enticing to desert and harbouring deserters.]

CLIII. Every person who by any means whatever persuades or attempts to persuade any seaman or apprentice to neglect or refuse to join or proceed to sea in or to desert from his ship, or otherwise to absent himself from his duty, shall, for each such offence, in respect of each such seaman or apprentice, incur a penalty not exceeding one hundred Rupees. Every person who wilfully harbours or secretes any seaman or apprentice who has deserted from his ship, or who has wilfully neglected or refused to join or has deserted from his ship, knowing or having reason to believe such seaman or apprentice to have so done, shall, for every such seaman or apprentice so harboured or secreted, incur a penalty not exceeding one hundred Rupees.

[Penalty for obtaining passage surreptitiously.]

CLIV. Any person who secretes himself and goes to sea in any ship without the consent of either the owner, consignee, or master, or of a mate, or of any person in charge of such ship, or of any other person entitled to give such consent, shall incur a penalty not exceeding two hundred Rupees, or be liable to imprisonment, with or without hard labor, for any period not exceeding four weeks.

[On change of masters, documents hereby required to be handed over to successor.]

CLV. If during the progress of a voyage the master of any ship registered at any port or place in British India is superseded, or for any other reason quits the ship and is succeeded in the command by some other person, he shall deliver to his successor the various documents relating to the navigation of the ship and to the crew thereof which are in his custody; and shall in default incur a penalty not exceeding one thousand Rupees. Such successor shall, immediately on assum-

করা গেল সেই কি তন্নিকট স্থানের শিপিং মাষ্টার সাহেবকে দিবেন। ও যদি কোন কাপ্তান কি স্বামী অর্থদণ্ডের টাকা পূর্ব্বোক্তমতে না দেন, কি দিতে স্বীকার না করেন, তবে যত টাকা আটক রাখিয়াছেন সেই প্রত্যেক অপরাধ হেতুক তাহার ছয়গুণ অর্থদণ্ড হইতে পরিবে। পরন্তু যে দোষের নিমিত্তে পূর্ব্বোক্ত প্রকারের অর্থদণ্ডের আজ্ঞা হইয়া আদায় হয় সেই দোষের জন্যে এই আইনের বিধানমতে অন্য দণ্ড হইবে না ইতি।

[পলায়ন করিতে ফুশলাইয়া লইবার ও পলাতকদিগকে আশ্রয় দিবার দণ্ডের কথা]

১৫৩ ধারা। যদি কোন লোক কোন নাবিককে কি শিক্ষার্থিকে আপন জাহাজে না যাইতে, কিম্বা জাহাজে যাইতে কি সমুদ্রে যাইতে স্বীকার না করিতে কিম্বা জাহাজহইতে পলায়ন করিতে, কিম্বা অন্য প্রকারে আপন কর্ত্তব্য কর্ম্মেতে অনুপস্থিত থাকিতে কোন প্রকারে ফুশলায় কি ফুশলাইতে চেষ্টা করে, তবে যত নাবিককে কি শিক্ষার্থিকে ঐ দোষ করায় তাহারদের জন প্রতি তাহার এক২ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। কোন নাবিক কি শিক্ষার্থী আপন জাহাজ ছাড়িয়া পলাইলে, কিম্বা ইচ্ছাপূর্ব্বক আপন জাহাজে না গেলে, কি জাহাজে যাইতে স্বীকার না করিলে, কি জাহাজহইতে পলাইলে, যে কোন লোক তাহা জানিয়া কিম্বা সেই নাবিক কি শিক্ষার্থী তাহা করিয়াছে ইহা জানিবার কারণ পাইয়া, তাহাকে ইচ্ছাপূর্ব্বক আশ্রয় দেয় কি লুকাইয়া রাখে, সে ব্যক্তি যত জন নাবিককে কি শিক্ষার্থিকে সেই প্রকারে আশ্রয় দেয় কি লুকাইয়া রাখে তাহারদের জন প্রতি তাহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[গুপ্তরূপে কোন জাহাজে উঠিয়া চলিয়া যাইবার দণ্ডের কথা।]

১৫৪ ধারা। যদি কোন লোক জাহাজের স্বামির কি কানসাইনীর কি কাপ্তানের কি মালিমের, কিম্বা সেই জাহাজ যাঁহার রক্ষণে থাকে তাঁহার কিম্বা জাহাজে যাইবার অনুমতি দেওনের ক্ষমতাপন্ন লোকের অনুমতি না পাইয়া কোন জাহাজে লুকাইয়া সমুদ্রে চলিয়া যায়, সেই লোকের দুই শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে কিম্বা সে চারি সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে ইতি।

[কাপ্তানের পরিবর্ত্তন হইলে লেখ্যাদি ধারামতে নূতন কাপ্তানকে দিতে হইবার কথা।]

১৫৫ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে জাহাজ রেজিষ্টরী করা যায় তাহার যাত্রা করণ কালের মধ্যে যদি কাপ্তানকে অবসর করা যায় কিম্বা যদি তিনি অন্য কোন কারণে জাহাজ ছাড়িয়া যান, ও তাঁহার স্থানে অন্য ব্যক্তিকে কাপ্তানের কর্ম্মে নিযুক্ত করা যায়, তবে তাঁহার রক্ষণে জাহাজের গমনের বিষয়ে ও নাবিকদের বিষয়ে যে সকল লেখ্য থাকে তাহা তিনি নূতন কাপ্তানের হাতে সমর্পণ করিবেন। যদি না করেন তবে তাঁহার এক সহস্র টাকার অনধিক দণ্ড হইবে। ও নূতন কাপ্তান জাহা-

ing the command of the ship, enter in the official log a list of the documents so delivered to him.

[*To be continued.*]

FINANCIAL DEPARTMENT.

Camp Agra, the 19th November 1866.

No. 11.

NOTIFICATION.

WHEREAS it is deemed expedient to provide funds for the execution of works of Public Improvement undertaken by the Government of Bombay, with the sanction of the Government of India, His Excellency the Right Hon'ble the Governor General in Council has resolved to issue Debentures bearing interest at the rate of five per cent. per annum, for the above purpose, to the extent of Sixty Lakhs of Rupees, repayable at par in the following proportions, *viz :*—

10 Lakhs after one year from 3rd January 1867.

20 Lakhs after one year from 3rd January 1868.

30 Lakhs after one year from 4th January 1869.

Notice is accordingly hereby given that tenders will be received at the General Treasury, Bank of Bengal, from this date to the (20) twentieth day of December next inclusive, for the whole or part or parts of the following Securities, *viz. :*—

(10) Ten Lakhs of Debentures bearing interest at the rate of five per cent. per annum, payable half-yearly, and the Debentures to be liquidated and paid off at par on the third day of January 1868.

(20) Twenty Lakhs of Debentures bearing interest at the rate of five per cent. per annum, payable half-yearly, and the Debentures to be liquidated and paid off at par on the fourth day of January 1869.

(30) Thirty Lakhs of Debentures bearing interest at the rate of five per cent. per annum, payable half-yearly, and the Debentures to be liquidated and paid off at par on the third day of January 1870.

Total Lakhs .. 60

জের কাপ্তানী কর্ম্ম গ্রহণ করিলেই, তাঁহার হাতে যে সকল লেখ্য সমর্পণ করা যায় তাহার এক নির্ঘণ্ট সরকারী টপনামার লিখিবেন ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

ফিনানসিয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

আগ্রা ১৮৬৬ সাল ১৯ নবেম্বর।

১১ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে বোম্বাইয়ের গবর্ণমেণ্ট সাধারণের উন্নতি সাধনার্থ যে কার্য্য সম্পাদনের ভার গ্রহণ করিয়াছেন তন্নিমিত্তে টাকা সংগ্রহ করা প্রয়োজন হওয়াতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বার্ষিক শতকরা পাঁচ টাকা সুদে ষষ্টি লক্ষ টাকা পর্য্যন্ত ঋণ গ্রহণপত্র প্রচার করিতে স্থির করিয়াছেন, উক্ত টাকা নিম্ন লিখিত প্রকারে পরিশোধ করা যাইবে, যথা—

১৮৬৭ সালের জানুআরি মাসের ৩ তারিখ অবধি এক বৎসরের পর দশ লক্ষ টাকা।

১৮৬৮ সালের জানুআরি মাসের ৩ তারিখ অবধি এক বৎসরের পর বিশ লক্ষ টাকা।

১৮৬৯ সালের জানুআরি মাসের ৪ তারিখ অবধি এক বৎসরের পর বিশ লক্ষ টাকা।

অতএব ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে অদ্যকার তারিখঅবধি আগামি ডিসেম্বর মাসের ২০ তারিখ পর্য্যন্ত নিম্নলিখিত টাকার সমুদায় ক তাহারি কোন অংশের কাগজের নিমিত্তে বাঙ্গাল ব্যাঙ্কের জেনরল ট্রেজুরীতে টাকা দিবার প্রস্তাব গ্রহণ করা যাইবে। কথা

বার্ষিক শতকরা পাঁচ টাকা সুদের দশ লক্ষ টাকার ঋণগ্রহণপত্র। ছয়২ মাসে সুদ দেওয়া যাইবে। ১৮৬৮ সালের জানুআরি মাসের ৩ তারিখে ঋণগ্রহণপত্রের লিখিত সমুদয় টাকা পরিশোধ করা যাইবে।

বার্ষিক শতকরা পাঁচ টাকা সুদে বিশ লক্ষ টাকার ঋণগ্রহণপত্র। ছয়২ মাসে সুদ দেয় হইবে। এবং ১৮৬৯ সালের জানুআরি মাসের ৪ তারিখে ঋণগ্রহণপত্রের লিখিত সমুদয় টাক পরিশোধ করা যাইবে।

বার্ষিক শতকরা পাঁচ টাকা সুদে ত্রিশ লক্ষ টাকার ঋণগ্রহণপত্র। ছয়২ মাসে সুদ দেয় হইবে। ১৮৭০ সালের জানুআরি মাসের ৩ তারিখে ঋণগ্রহণপত্রের লিখিত সমুদয় টাকা পরিশোধ করা যাইবে।

মোট ৬০ লক্ষ টাকা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ নবেম্বর।]

The Debentures will be payable to Order and bear interest from 3rd January 1867, on which day the interest will commence to run, and will be paid half-yearly on the 3rd day of July and the 3rd day of January up to the date on which the Debentures fall to be paid off at par at the General Treasuries in Calcutta, Madras, and Bombay, in the proportions allotted to the several Presidencies under accepted tenders.

At the option of holders, the Debentures may be paid with accrued interest to date of payment to any Government Treasury in India, in satisfaction of Public Revenue, Dues, or Taxes in the last three months of every year commencing from the date on which such Debentures or Debenture shall have currency.

Tenders must be made in separate Sealed Letters addressed to the Financial Secretary, Treasury Buildings, Calcutta, and be marked on the outside thus:—

Tender for Debentures repayable one year after date.

Tender for Debentures repayable two years after date.

Tender for Debentures repayable three years after date.

Tenders received will be opened by the Financial Secretary on the twentieth day of December next.

Payment in full of excepted tenders must be made by the allottees on the 3rd January 1867 at the General Treasuries in Calcutta, Madras, or Bombay.

Scrip Receipts will be issued by the several Banks when payment is made by the allottees. These Receipts will be exchanged for Debentures as soon as possible after the payments are completed.

Debentures according to the annexed Form will be issued in sums of Rs. 1,000 to Rs. 10,000 in equal thousands, and bear date 3rd January 1867.

A right of preference will be given to the highest Tenders in price. If two or more Tenders shall be at the same rates, they will be subject to a *pro rata* diminution in amount.

A list of the accepted tenders will be posted at the General Treasuries at the Banks of Bengal, Bombay, and Madras on an early day subsequent to 20th December next.

E. H. LUSHINGTON,
Secretary to the Government of India.

[*Government Gazette 27th November* 1866.]

উক্ত ঋণগ্রহণপত্রগ্রহীতাদের আজ্ঞামতে টাকা দেওয়া যাইতে পারিবে। তাহার উপর ১৮৬৭ সালের জানুআরি মাসের ৩ তারিখ অবধি সুদ চলিবে। গৃহিত প্রস্তাবানুসারে ভিন্নং প্রসীডেন্সীতে ঐ ঋণের যত টাকা লওয়া যায় তদনুসারে ঐ ঋণগ্রহণপত্রের সমুদয় টাকা কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের জেনরল ট্রেজুরীতে যত দিন পরিশোধ না করা যায় তত দিন পর্য্যন্ত জুলাই মাসের ৩ তারিখে ও জানুআরিমাসের ৩ তারিখে সুদ দেওয়া যাইবে।

ঋণগ্রহীতারা ইচ্ছা করিলে যে তারিখ অবধি পত্র চলে সেই তারিখ অবধি প্রতি বৎসরের শেষ তিন মাসে রাজস্ব কি রাজপ্রাপ্য টাকা কি টাক্সের পরিশোধে তাঁহারা ভারতবর্ষের কোন গবর্ণমেণ্টট্রেজুরীতে সুদসমেত ঐ ঋণগ্রহণপত্র দিতে পারিবেন।

টাকা দিবার প্রস্তাব স্বতন্ত্র মোহর করা পত্রে লিখিয়া কলিকাতার ট্রেজুরী বাটীর ফিনান্সিয়ল সেক্রেটারী সাহেবের নিকটে পাঠাইতে হইবে। খামের উপর এই কথা লেখা থাকিবে, যথা

ঋণগ্রহণপত্রের তারিখের পর এক বৎসরে যে টাকা ফিরিয়া দেওয়া যাইবে তাহা দিবার প্রস্তাব।

ঋণগ্রহণপত্রের তারিখের পর দুই বৎসরে যে টাকা ফিরিয়া দেওয়া যাইবে তাহা দিবার প্রস্তাব।

ঋণগ্রহণপত্রের তারিখের পর তিন বৎসরে যে টাকা ফিরিয়া দেওয়া যাইবে তাহা দিবার প্রস্তাব।

ফিনান্সিয়ল সেক্রেটারী সাহেব আগামি ডিসেম্বর মাসের ২০ তারিখে টাকা দিবার প্রস্তাবিত সকল পত্র খুলিবেন।

যেং ব্যক্তিরদের প্রস্তাব গ্রাহ্য হয় তাঁহারা ১৮৬৭ সালের জানুআরি মাসের ৩ তারিখে কলিকাতা কিম্বা মান্দ্রাজ কিম্বা বোম্বাইয়ের জেনরল ট্রেজুরীতে সমুদয় টাকা দিবেন।

তাঁহারা ঐ টাকা দিলে ঐং স্থানের ব্যাঙ্ক হইতে তাঁহাদিগকে স্ক্রিপ রসীদ দেওয়া যাইবে। সমুদয় টাকা প্রাপ্ত হওয়া গেলে পর ঐ রসীদ ফিরিয়া লইয়া ঋণগ্রহণপত্র দেওয়া যাইবে।

ইহার সংযুক্ত পাঠানুসারে ১০০০ একসহস্র অবধি ১০,০০০ দশ সহস্র পর্য্যন্ত সংগ্রহ করিয়া ঋণগ্রহণপত্র করা যাইবে, তাহাতে ১৮৬৭ সালের জানুআরি মাসের ৩ তারিখ লেখা থাকিবে।

যিনি অধিক টাকা দিবার প্রস্তাব করেন তিনি ঐ ঋণ গ্রহণপত্র প্রাপণের অগ্রগণ্য হইবেন। সমান সংখ্যার দুই কি অধিক প্রস্তাব হইলে তদনুসারে টাকা ন্যূন দেওয়া যাইবে।

যেং প্রস্তাব গ্রাহ্য হয় তাহার নির্দিষ্ট ডিসেম্বর মাসের ২০ তারিখের পর সাধ্যমতে শীঘ্র বাঙ্গাল ও মান্দ্রাজ ও বোম্বাই ব্যাঙ্কের জেনরল ট্রেজুরীতে লটকাইয়া দেওয়া যাইবে।

ই এচ লশিংটন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

FORM OF DEBENTURE.

GOVERNMENT OF INDIA DEBENTURE.

Rs. 1,000.

This Debenture entitles or order to claim payment of One Thousand Rupees at Her Majesty's General Treasury within the Bank of Bengal* at the expiration of one † year from the date hereof.

Interest on this Debenture will be paid half-yearly at the General Treasury of Calcutta, Bombay, or Madras at the rate of five per centum per annum.

This Debenture may be paid for the sum of One Thousand Rupees and interest accrued thereon, to any Government Treasury in India, in satisfaction of public revenues, dues, or taxes, at any time in the last three months of every year commencing from the day on which it shall have currency, *viz.*, 3rd January 1867.

(Signed) A. B.
Secy. to the Govt. of India.

CALCUTTA,
3rd January 1867.

ঋণগ্রহণপত্রের পাঠ।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ঋণগ্রহণ পত্র।

১০০০৲ টাকা।

এই ঋণগ্রহণপত্রক্রমে শ্রীযুত অমুক এই পত্রের তারিখের এক বৎসর * পরে শ্রীশ্রীমতী মাহারণীর বাঙ্গাল ব্যাঙ্কেরা অন্তর্ভূত জেনরল ট্রেজুরীতে আপনি কিম্বা তাঁহার আজ্ঞামতে অন্য ব্যক্তি এক সহস্র টাকা পাইবার স্বত্ত্ববান আছেন।

এই ঋণগ্রহণপত্রের উপর বার্ষিক শতকরা ৫৲ টাকা সুদ কলিকাতা ও বোম্বাই ও মন্দ্রাজের জেনরল ট্রেজুরীতে ছয়২ মাসে দেওয়া যাইবে।

একসহস্র টাকার এই ঋণগ্রহণপত্র যে তারিখ অবধি অর্থাৎ ১৮৬৭ সালের জানুআরি মাসের ৩ তারিখ অবধি প্রচলিত হয় তদবধি কোন বৎসরের শেষ তিন মাসে ঐ ঋণগ্রহণপত্র রাজস্ব কি রাজ প্রাপ্য টাকার কি টাক্সের পরিশোধে ভারতবর্ষের কোন গবর্ণমেণ্ট ট্রেজুরীতে সুদ সমেত দেওয়া যাইতে পারিবে।

(স্বাক্ষর) শ্রী অমুক
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

কলিকাতা।
১৮৬৭ সাল ৩ জানুআরি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2526.

APPOINTMENTS.

The 8th November 1866.

The following gentlemen are appointed to be Members of the Local Committee for the management of the Dispensary lately established at Nuldangah, *viz.*:—

Baboo Poorna Chunder Gangooly.
„ Hurish Chunder Ghose.
„ Peary Mohun Mozoomdar.

The 13th November 1866.

Mr. A. H. James to be an Assistant Superintendent of Police in the Naga Hills. Mr. James is also appointed to be an Assistant Commissioner, and vested with the powers of a Magistrate and Deputy Collector in the Naga Hills.

The 15th November 1866.

Lieutenant C. Hayter, Assistant Commissioner, Luckimpore, is vested with the powers of a Magistrate in Assam.

The 19th November 1866.

Mr. H. Bell, Judge of the Principal Court of Small Causes of Jessore, is appointed to be also

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২৫২৬ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ৮ নবেম্বর।

নলডাঙ্গায় সম্প্রতি যে দাতব্য ঔষধালয় স্থাপিত হইয়াছে নিম্ন লিখিত মহাশয়েরা তাহার কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র গঙ্গোপাধ্যায়।
,, বাবু হরিশ্চন্দ্র ঘোষ।
,, বাবু প্যারিমোহন মজুমদার।

১৮৬৬ সাল ১৩ নবেম্বর।

শ্রীযুত এ এচ জেমস্ সাহেব নাগা পর্ব্বতের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন। আরো তিনি আসিষ্টাণ্ট কমিসানরের পদে নিযুক্ত হইয়াছেন ও নাগাপর্ব্বতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৫ নবেম্বর।

লক্ষ্মীপুরের আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত সি হেটর সাহেব আসামে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৯ নবেম্বর।

যশোহরেরক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতের জজ শ্রীযুত এচ বেল সাহেব কৃষ্ণনগরের ক্ষুদ্র মোকদ্দমার

---

* (Or Bombay or Madras.)
† (Two years or three years.)

* (কিম্বা দুই বৎসর কি তিন বৎসর)
† (কিম্বা বোম্বাই কি মান্দ্রাজের)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ নবেম্বর।]

Judge of the Principal Court of Small Causes at Kishnaghur, and Judge of the Court of Small Causes at Santipore. In his capacity as Judge of the Principal Court of Small Causes at Kishnaghur, Mr. Bell is vested with controlling jurisdiction over the Courts of Small Causes at Meherpore, Kooshteah, and Chooadangah, in the Nuddea District, and as Judge of the Principal Court of Small Causes of Jessore with the same authority over those at Jessore, Magoorah, Jenidah, and Nurail.

The 20th November 1866.

Dr. C. M. Russell to be Medical Officer of Rajshahye.

Dr. E. O. Wilson to be Medical Officer of Gya.

With the sanction of His Excellency the Governor General of India, the Lieutenant-Governor has been pleased to appoint the Hon'ble Ashley Eden to be a Member of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations.

LEAVE OF ABSENCE.

The 14th November 1866.

Mr. F. R. Cockerell, Superintendent and Remembrancer of Legal Affairs, for two days, to enable him to rejoin his appointment on his return from leave of absence to England.

Baboo Lukhinarain Mitter, Additional Principal Sudder Ameen of Mymensing, for two months, from the 8th ultimo, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, in lieu of the Dusserah leave granted to him under orders of the 28th September last.

The 15th November 1866.

Baboo Gooroopersad Sen, Special Sub-Registrar of Assurances at Patna, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

ERRATUM.

In the orders of the 2nd August last, published in the *Calcutta Gazette* of the 12th September following, notifying certain appointments in the Volunteer Corps in Assam, for "Mr. C. H. Tremearne," *read* "Mr. C. E. Tremearne."

NOTIFICATIONS.

The 5th November 1866.

The Lieutenant-Governor has been pleased to declare the undermentioned Ferry public, under Regulation VI. of 1819, *viz.*:—

The Ferry over the Cossye River where the road passing westward through the District of Midnapore to Singbhoom and Dhulbhoom crosses that River.

প্রধান আদালতের ও শান্তিপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজও হইবেন। কৃষ্ণনগরের ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতে তাঁহার জজের ক্ষমতা থাকা প্রযুক্ত নদীয়া জিলার অন্তর্গত মেহেরপুর ও কুষ্ঠ্যা ও চুয়াডাঙ্গার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের উপর এবং যশোহরের ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতে জজের ক্ষমতা থাকা প্রযুক্ত যশোহর ও মাগুরা ও ঝিনিদহ ও নড়াইলের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের উপর কর্ত্তৃত্ব করণের ক্ষমতা রহিল।

১৮৬৬ সাল ২০ নবেম্বর।

ডাক্তর শ্রীযুত সি এম রসল সাহেব রাজশাহীর চিকিৎসক হইবেন।

ডাক্তর শ্রীযুত ই ও উইল্সন সাহেব গয়ার চিকিৎসক হইবেন।

ভারতবর্ষের মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মানানর শ্রীযুত আশলী ইডেন সাহেবকে আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভ্যের পদে বরণ করিলেন।

ছুটী।

১৮৬৬ সাল ১৪ নবেম্বর।

রাজকীয় মোকদ্দমার সুপরিন্টেণ্ডেন্ট ও প্রয়োজক শ্রীযুত এফ আর কক্রেল সাহেব ইংলণ্ডে গমনের ছুটী হইতে প্রত্যাগমন করিয়া স্বীয় কর্ম্ম পুনঃগ্রহণার্থে দুই দিনের ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের আডিসানল প্রধান সদর আমীন শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মিত্র গত সেপ্টেম্বর মাসের ২৮ তারিখের আজ্ঞামতে দুর্গোৎসবের বন্দে যে ছুটী পান তাহার পরিবর্ত্তে ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে গত মাসের ৮ তারিখ অবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৫ নবেম্বর।

পাটনার নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

অশুদ্ধ শোধন।

গত আগষ্ট মাসের ২ তারিখের যে আজ্ঞা তৎপরের সেপ্টেম্বর মাসের ১৮ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তন্মধ্যে আসামের বলণ্টিয়র দলে নিযুক্ত ব্যক্তিদের নামের মধ্যে "শ্রীযুত সি এচ ট্রিমিয়র্ণ সাহেব" এই যে নাম আছে তৎপরিবর্ত্তে "শ্রীযুত সি ই ট্রিমিয়র্ণ সাহেব পাঠ করিতে" হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৫ নবেম্বর।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর [illegible] ১৮১৯ সালের ৬ আইনমতে নিম্ন [illegible] রাজকীয় ঘাট প্রকাশ করিলেন।

মেদিনীপুর [illegible] সিংহভূম ও ধলভূম পর্য্যন্ত [illegible] খেয়াঘাট।

The 15th November 1866.

Lieutenant J. Gregory, Assistant Commissioner, North Cachar, having returned on the 6th ultimo from the leave which was granted to him under orders of the 14th September last, and of which he availed himself on the 11th idem, the unexpired portion of that leave is cancelled.

The 20th November 1866.

The services of Dr. P. F. Bellew, Civil Surgeon of Rajshahye, are placed at the disposal of the Government of Fort St. George.

Mr. W. Gordon Young, Commissioner of Chittagong, having returned to his duties on the 2nd instant, from the leave which was granted to him under orders of the 16th July last, and 6th ultimo, and of which he availed himself on the 27th August, the unexpired portion of that leave is cancelled.

NOTIFICATION.

The 19th November 1866.

Under the provisions of Section XXIX., Act XI. of 1865, the Lieutenant-Governor of Bengal has been pleased to declare the Court of Small Causes at Kishnaghur to be the Principal Court of Small Causes in the District of Nuddea.

NOTIFICATION.

The 2nd November 1866.

Whereas numerous dacoities and robberies have been of late committed in Nepalese territory by the inhabitants of certain frontier villages in the District of Chumparun, under the provisions of Section 15, Act V. of 1861, the Lieutenant-Governor is pleased to direct that a Police Force of one Head Constable and ten Constables, in excess of the ordinary fixed complement of the District, shall be quartered in the villages of Pakahee, Byjnathpore, Simree, and Amwa Tonwa within the jurisdiction of Thannah Dacca; and in the village of Murli within the jurisdiction of Thannah Moteeharee, in the District of Chumparun, the cost of the said excess force to be charged upon the inhabitants of the villages above named.

NOTIFICATION.

The 7th November 1866.

It is hereby notified that, pending the completion of the Sub-Divisional scheme for the Cuttack Division, the Lieutenant-Governor is

১৮৬৬ সাল ১৫ নবেম্বর ।

উত্তর কাছাড়ের আসিষ্টান্ট কমিস্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত জে গ্রেগরি সাহেব সাহেব গত সেপ্টেম্বর মাসের ১৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান ও ঐ মাসের ১১ তারিখঅবধি লইতে আরম্ভ করেন সেই ছুটীহইতে গত মাসের ৬ তারিখে প্রত্যাগমন করাতে তাহার অবশিষ্ট কাল রহিত হইল ।

১৮৬৬ সাল ২০ নবেম্বর ।

রাজশাহীর সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত পি এফ বেলু সাহেব মান্দ্রাজের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন ।

চট্টগ্রামের কমিস্যনর শ্রীযুত ডবলিউ গর্ডন ইয়ং সাহেব গত জুলাই মাসের ১৬ তারিখের ও গত মাসের ৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান ও গত আগষ্ট মাসের ২৭ তারিখঅবধি লইতে আরম্ভ করেন তাহা হইতে এই মাসের ২ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে উক্ত ছুটীর অবশিষ্ট কাল রহিত হইল ।

বিজ্ঞাপন ।

১৮৬৬ সাল ১৯ নবেম্বর ।

১৮৬৫ সালের ১১ আইনের ২৯ বিধারার বিধানমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কৃষ্ণগরের ক্ষুদ্র মোকদ্দমার আদালত নদীয়া জিলার ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালত প্রকাশ করিলেন ।

বিজ্ঞাপন ।

১৮৬৬ সাল ২ নবেম্বর ।

চাম্পারণ জিলার সীমান্ত স্থানের কএক গ্রামের লোকেরা সম্প্রতি নেপালি রাজ্যে অনেকানেক ডাকাইতী ও দস্যুতা করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে আজ্ঞা করিতেছেন যে উক্ত জিলায় যত পোলীস সৈন্য আছে তদতিরিক্ত দশ জন কনস্টেবল ও এক জন হেড কনষ্টেবলের এক দল পোলীস সৈন্য ঢাকা থানার সীমার অন্তর্গত পাকাহী ও বৈজনাথপুর ও সিমরি ও আমওয়া টনওয়া গ্রামে এবং চাম্পারণ জিলার মতিহারী থানার সীমার অন্তর্গত মুরলী গ্রামে থাকিবে । উপরোক্ত গ্রামের লোকেরা ঐ অতিরিক্ত দলের ব্যয় পোষণ করিবে ।

বিজ্ঞাপন ।

১৮৬৬ সাল ৭ নবেম্বর ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে কটক খণ্ডের শাখাখণ্ড নিরূপণ না হওনপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত খণ্ডের তিন জিলাতেই কিয়ৎকা-

pleased, as a temporary arrangement, to constitute in each of the three Districts composing that Division, a Sudder or Principal Sub-Division as follows:—

Names of Sub-Division.	*Names of Thannahs comprised in each Sub-Division.*
Cuttack Sudder Sub-Divison,	Dhurumsala and Salehpore.
Pooree Sudder Sub-Division.	Pooree and Nubba.
Balasore Sudder Sub-Division.	A. Division Balasore. C. Division Soroh and Basoodebpore.

The Joint-Magistrate, or where there is no Joint-Magistrate the Senior Officer exercising the full powers of Magistrate at the Sudder Station shall, unless any other Officer be specially appointed, be the Magistrate in charge of the Sudder or Principal Sub-Division of the District to which he stands appointed.

NOTIFICATION.

The 14th November 1866.

It is hereby notified, for general information, that the the Lieutenant-Governor has sanctioned the revision of the Southern boundaries of the Motecharee Thannah, in the Chumparun District, which, in lieu of the boundary published in the *Calcutta Gazette* of the 14th June 1865, (page 1070), shall be the following:—

On the South, the Mootecharee Thannah is bounded by the villages of Phoolwareea, Bhiteea, Doom Dooma of Pursa, Raeputtee, Belwa, Mooda Chuprah, and thence by the Dhunowtee Nuddee to the village of Jysingpoor, and thence by the following villages, *viz.*, Toorkwullea, Purusrampoor, Churunguha, Moheeput Chuprah, Amwa, Jolehgawan, Koosuhur, Muthrapoor, Soorujpoor, Kaloopoor, Birrich-Burra, and Peeprah Kothee, and again the Dhunowtee Nuddee to the village of Dhekuba.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken for a public purpose, *viz.*, for the site of Post Office at Moheshpore, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring 2 cottahs, more or less, situated in Mouzah Jogindoh *alias* Moheshpore, Pergunnah Sultanpore, District Nuddea, is required.

The Plot required is bounded on the North and West by the house of Bour Kolee; East by public road; South by the shop of Kishto Chunder Poddar.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 27th November* 1866.]

লের নিমিত্তে নিম্ন লিখিত সদর অর্থাৎ প্রধান এক২ শাখাখণ্ড নিরূপণ করিয়াছেন যথা:—

শাখাখণ্ডের নাম।	প্রত্যেক শাখাখণ্ডের অন্তর্গত থানার নাম।
কটকের সদর শাখাখণ্ড।	ধর্ম্মশালা ও সালেপুর।
পুরীর সদর শাখাখণ্ড।	পুরী ও নব্বা।
বালেশ্বরের সদর শাখাখণ্ড।	বালেশ্বর A খণ্ড। সোরা ও বাসুদেবপুর C খণ্ড।

যদি অন্য কোন কার্য্যকারক বিশেষমতে নিযুক্ত না হন তবে সদর স্থানের জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব কিম্বা তিনি না থাকিলে সদর মোকামের প্রধান যে কার্য্যকারক মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করেন তিনি যে জিলায় নিযুক্ত আছেন সেই জিলার সদর অর্থাৎ প্রধান শাখাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট হইবেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৪ নবেম্বর।

সর্ব্বসাধারণের জ্ঞানার্থে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে চাম্পারণ জিলার অন্তর্গত মতিহারা থানার যে দক্ষিণ সীমা ১৮৬৫ সালের আগষ্ট মাসের ৮ তারিখের অতিরিক্ত বাঙ্গালা গেজেটের ২৯ পৃষ্ঠায় মুদ্রিত হয় তাহা অন্যথা করিয়া তৎপরিবর্ত্তে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্ন লিখিত সীমার অনুমোদন করিলেন, যথা—

মতিহারি থানার দক্ষিণ সীমা এই সকল গ্রাম, ফুলবাড়িয়া ও ভিতিয়া ও পরসার ডুমডুমা ও রাইপটী ও বেলওয়া ও মুদাছাপরা ও তথাহইতে ধনবতী নদী দিয়া জয়সিংহপুর গ্রাম তথাহইতে এই২ গ্রাম অর্থাৎ— তুর্কবলিয়া ও পরশুরামপুর ও চরণগুহ ও মহিপৎ ছাপরা ও আমওয়া ও জল্যাগাওয়ান, ও কুশহর ও মথুরাপুর ও সুর্য্যপুর ও কালুপুর ও বিরিচ বড় ও পিপরা কুঠী, এবং পুনরায় ঢেকুয়া গ্রামপর্য্যন্ত ধনবতী নদী।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মহেশপুরে ডাকঘর প্রস্তুত করণার্থে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নদীয়া জিলার অন্তর্গত সুলতানপুর পরগনার যোগিন্দহ অর্থাৎ মহেশপুর মৌজায় স্থিত ন্যূনাধিক /২ কাঠা এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমি খণ্ডের উত্তর ও পশ্চিম সীমা বৌরকলীর বাটী, পূর্ব্ব সীমা রাজপথ, দক্ষিণ সীমা কৃষ্ণচন্দ্র পোদ্দারের দোকান।

২। উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

No. 249.

The 22nd October 1866.

NOTIFICATION.

The following Rules having reference to the undermentioned three navigable channels in the Backergunge District, *viz.*:—

1. The River Damooda connecting Rivers Balessur and Kotcha and Kaligunga,—

2. The Cowcally River from its junction with the Kotcha and Kaligunga Rivers up to the place from where the Jallakatty Bharani Khall rises,—

3. The Jallakatty Bharani Khall from its junction with River Cowcally to its opening into the River Jallakatty, have been passed this day by the Lieutenant-Governor of Bengal under the provisions of Sections XI. and XII. of the *Canals' Act* (V. of 1864, B. L. C.):—

1. Every vessel on entering any of the above navigable channels shall be liable to measurement by the Officer in charge of the Toll Station, for the purpose of ascertaining the amount of toll to be paid.

2. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the *Canals' Act* and of these Rules, be determined by the following measurements:—

(a.) The product of half the length of the vessel from stem to stern, measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel is to be taken as the number of maunds upon which toll should be levied.

(b.) The measurement of the length is to be made in feet, rejecting inches. The measurement of the breadth and depth is to be made in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(c.) In calculating the amount of toll to be levied, any fraction of one hundred maunds less than fifty maunds, is to be omitted; and a fraction exceeding fifty maunds is to be charged as fifty maunds only.

3. No raft will be admitted into any of the channels in excess of fifty feet in length or five feet in breadth. No timber, bamboos, or grass will be admitted, except securely and compactly packed in the form of a raft.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ নবেম্বর।]

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

---

২৪৯ নম্বর।

১৮৬৬ সাল ২২ অক্টোবর।

বিজ্ঞাপন।

খালের আইন (বঙ্গদেশীয় ১৮৬৪ সালের ৫ আইনের) ১১ ও ১২ ধারার বিধানমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বাকরগঞ্জ জিলার অন্তর্গত নৌকার গমনীয় নিম্ন লিখিত তিন নালার বিষয়ে নিম্ন লিখিত বিধি প্রকাশ করিয়াছেন।

১। দামোদর নদ। এই নদের দ্বারা বালেশ্বর ও কোটচা ও কালীগঙ্গা নদীর সংযোগ হয়।

২। কৌখালী নদী। কোটচা ও কালীগঙ্গা নদীর সহিত ইহার সংযোগ স্থান অবধি জালাকাটী ভারণী খালের উৎপত্তি স্থান পর্য্যন্ত।

৩। কৌখালী নদীর সহিত জলাকাটী ভারণী খালের সংযোগ স্থান অবধি জলাকাটী নদীতে ইহার সঙ্গম স্থান পর্য্যন্ত।

১। প্রত্যেক নৌকা যখন উপরোক্ত কোন নালাতে প্রবেশ করে তখন দেয় মাস্থল অবধারণ করণার্থে কুঠঘাটের কার্য্যকারক তাহা মাপ করিতে পারিবেন।

২। বোঝাই কি খালী হউক, নৌকাতে যত মণ ধরে তাহা খালের আইনের ও এই বিধির অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত মতে পরিমাণ করণদ্বারা নিশ্চয় করা যাইবে, অর্থাৎ—

(ক) গলহী অবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত জলের রেখা ধরিয়া পরিমাণ করিলে নৌকার যে দীর্ঘতা হয় তাহার অর্দ্ধেক, ও নৌকার খোলের অতি প্রশস্ত স্থানের প্রস্থ এবং জলরেখা অবধি নৌকার তলপর্য্যন্ত গভীরতা, এই তিনের সংখ্যা পরস্পর গুণ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা মণের সংখ্যা বলিয়া সেই সংখ্যার মণের উপর মাস্থল ধার্য্য করিতে হইবে।

(গ) দীর্ঘতার পরিমাণ করিতে গেলে ইঞ্চি ছাড়িয়া কেবল ফুট ধরিতে হইবে, এবং প্রস্থের ও গভীরতার পরিমাণ করিতে গেলে ফুট ও ফুটের চতুর্থাংশ ধরিতে হইবে। চতুর্থাংশের ন্যূনাংশ ত্যজ্য।

(গ) কত মাস্থল লইতে হইবে ইহার হিসাব করিলে ১০০ মণের যে ভগ্নাংশ ৫০ মণের কম হয় তাহা ধরিতে হইবে না। ও ৫০ মণের অধিক যে ভগ্নাংশ তাহা কেবল ৫০ মণ ধরিতে হইবে।

৩। দীর্ঘে ৫০ ফুট ও প্রস্থে ৫ ফুটের অধিক হইলে মাড় উক্ত কোন নালায় প্রবেশ করিতে পারিবে না। মাড়ের মত দৃঢ়রূপে বান্ধা না হইলে শালাদি কাষ্ঠের কি বাঁশের কি ঘাসের মাড় নালায় প্রবেশ করিতে পারিবে না।

4. Every vessel entering any of the channels shall be furnished with a ticket on paying the prescribed toll. The ticket will specify the date of entry, the maundage of the vessel, and the amount of toll paid.

5. No vessels whatever, except such as are employed on works connected with the maintenance or improvement of the lines of channels in question, shall be exempted from paying toll.

6. Every vessel or raft which has paid toll shall be allowed three days to pass through any one of the channels, the days of entering and leaving being both included, and any vessel or raft remaining in any part of the channels longer than the period above fixed, shall, for each day in excess of such period, be charged demurrage equal to one-half of the toll paid. Every vessel or raft remaining in any one of the channels more than one month, without authority from the Supervisor, shall be subject to be summarily removed.

7. Any person infringing any of the above Rules, or wilfully interfering in their enforcement, shall be liable, under Section XI. of the Canals' Act, to a fine not exceeding 50 Rupees for any one offence.

No. 250.

The 22nd October 1866.

APPOINTMENT.

The Collector of Backergunge is appointed, under Sections VIII. and XIII. of Act V. of 1864 (B. L. C.,) Collector of Tolls and Supervisor of the Canals specified in the aforementioned Notification, with effect from the date on which the provisions of the foregoing Act came into operation on those Canals.

No. 251.

The 18th October 1866.

NOTIFICATION.

Agreeably to Section II. of the Canals' Act (V. of 1864, B. L. C.) it is hereby declared that the provisions of the said "Canals' Act, 1864," shall, from and after the 1st January 1867, apply to the under-mentioned navigable channels :—

Canal from Cuttack at Jugguthpore, on the River Beropa, to the Tidal Lock beyond Attaboa, to be called the Kendraparrah Canal.

1st Section (or from Cuttack to the Brahminee River) of the Canal from the River Beropa at Cuttack to Oolabarriah to be called the High Level Canal.

৪। যে প্রত্যেক নৌকা উক্ত কোন নালায় প্রবেশ করে, নির্দ্দিষ্ট মাস্থল দিলে তাহার এক খান টিকিট দেওয়া যাইবে। প্রবেশ করণের তারিখ, যত মণী নৌকা, যত মাস্থল দেওয়া গেল তাহা ঐ টিকিটে নির্দ্দিষ্ট থাকিবে।

৫। যে সকল নৌকা উক্ত কোন নালার রক্ষা কি সৌষ্ঠব করণসম্পাকীয় কার্য্যে নিযুক্ত হয় কেবল তাহারই মাস্থল লাগিবে না। অন্য সকল নৌকাদির মাস্থল লাগিবে।

৬। নৌকার কি মাড়ের মাস্থল দেওয়া গেলে উক্ত কোন নালায় প্রবেশ করিবার কি তাহাহইতে বাহির হইবার দিনসুদ্ধ নালায় চলিবার তিন দিনের অবকাশ দেওয়া যাইবে, ও যে নৌকা কি মাড় অধিক কাল উক্ত নালার কোন স্থানে থাকে তাহার উপর গহ্বরী জন্য দিনপ্রতি পূর্ব্বদত্ত মাস্থলের অদ্ধেকের হারে মাস্থল লওয়া যাইবে। কোন নৌকা কি মাড় তত্ত্বাবধারকের অনুমতিব্যতিরেকে উক্ত কোন নালায় এক মাসের অধিককাল থাকিলে তাহা ত্বরায় বাহির করিয়া দেওয়া যাইতে পারিবে।

৭। যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত কোন বিধি লঙ্ঘন করে কি তাহার প্রবল হওয়ার নিবারণ বিষয়ে ইচ্ছাপূর্ব্বক হস্তক্ষেপ করে তবে খালের আইনের ১১ ধারামতে কোন এক অপরাধের ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

---

২৫০ নম্বর।

১৮৬৬ সাল ২২ অক্টোবর।

নিয়োগ।

বঙ্গদেশীয় ১৮৬৪ সালের ৫ আইনের ৮ ও ১৩ ধারামতে বাকরগঞ্জের কালেক্টর সাহেব পূর্ব্ব লিখিত জ্ঞাপনির নির্দ্দিষ্ট নালার মাস্থলের আদায়কারি ও তত্ত্বাবধারি পদে নিযুক্ত হইয়াছেন। উক্ত আইনের বিধান যে তারিখে উক্ত নালায় প্রচলিত হয়, সেই তারিখঅবধি ঐ নিয়োগ প্রবল হইবে।

---

২৫১ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অক্টোবর।

বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় ১৮৬৪ সালের ৫ আইনের অর্থাৎ খালের আইনের ২ ধারাক্রমে ইহাতে প্রকাশ করা গেল যে ১৮৬৪ সালের উক্ত খালের আইনের বিধান ১৮৬৭ সালের জানুআরি মাসের প্রথম দিবসাবধি নৌকাদির গমনীয় নিম্ন লিখিত নালার প্রতি বর্ত্তিবে।

কটকের বীরপা নদীর তীরস্থ জগৎপুরহইতে আত্তাবোয়ার জোয়ার ভাটার জলদ্বারবিশিষ্ট স্থানপর্য্যন্ত যে নালা। তাহার নাম কেন্দ্রপাড়ার নালা।

কটকের বীরপা নদী অবধি উলুবেড়িয়া পর্য্যন্ত ঐ খালের প্রথম ভাগ (কটকহইতে ব্রাহ্মণী নদী পর্য্যন্ত) হাই লেবেল নালা নামে খ্যাত হইবে।

No. 252.

The 18th October 1866.

WITH reference to Notification by this Department, No. 251, dated the 18th October 1866, it is hereby notified, under Section VI. of the "Canals' Act, 1864," that it is intended to levy Toll at the following Rates, and at the undermentioned places on the "Kendraparah Canal" and on the 1st Section of the "High Level Canal," from and after the 1st January 1867 :—

Schedule of Rates of Toll to be charged on the Kendraparah Canal.

DESCRIPTION.	ENTERING FROM THE EAST.					ENTERING FROM THE WEST.				
	At Tidal Lock.	At Attabos.	At Lokenathpore.	At Kendraparah.	At Mahantisai.	At Jugguthpore.	At Mahantisai.	At Kendraparah.	At Lokenathpore.	At Attabos.
	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.
Vessels ... ꝑ 100 maunds.	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5
Timber in rafts ... ꝑ timber.	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0
Bamboos in floats ... ꝑ 100 bamboos.	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0

Passenger Boats.—A charge of ¼ (a quarter) pie per head, per mile, over and above the Toll leviable from the Boats by measurement.

N. B.—This charge will be leviable from the owners of the Boats, and not from the passengers.

Schedule of the Rates of Toll to be charged on the 1st Section of the High Level Canal, or up to the Brahminee River.

DESCRIPTION.	ENTERING FROM THE NORTH.				ENTERING FROM THE SOUTH.			
	At the Brahminee River.	At Nealpore.	At Byree.	At Tomghy.	At Cuttack.	At Tomghy.	At Byree.	At Nealpore.
	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.
Vessels ... ꝑ 100 maunds.	0 6 0	0 6 0	0 6 0	0 6 0	0 6 0	0 6 0	0 6 0	0 6 0
Timber in rafts ... ꝑ timber ...	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0
Bamboos in floats. ꝑ 100 bamboos	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0

Passenger Boats.—A charge of a ¼ (a quarter) pie per head, per mile, over and above the Toll leviable from the Boats by measurement.

N. B.—This charge will be leviable from the owners of the Boats, and not from passengers.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬ । ২৭ নবেম্বর।]

২৫২ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অকুটোবর।

এই ডিপার্টমেণ্টে ১৮৬৬ সালের ১৮ অকুটোবর তারিখের ২৫১ নম্বরের যে জ্ঞাপনি প্রকাশ হইয়াছিল তদুপলক্ষে ইহাতে সম্বাদ দেওয়া গেল যে, ১৮৬৪ সালের খালের আইনের ৬ ধারামতে ১৮৬৭ সালের জানুআরি মাসের প্রথম দিবসাবধি কেন্দ্রপাড়া নালার ও হাই লেবেল নালার প্রথম ভাগের নিম্ন লিখিত স্থানে নিম্ন লিখিত হারে মাসুল আদায় করিবার অভিপ্রায় আছে।

কেন্দ্রপাড়ার খালে যে হারে মাসুল আদায় হইবে তাহার তফসীল।

বেওরা।	পুর্ব্বদিক্ হইতে নালায় গেলে।					পশ্চিমদিক্ হইতে নালায় গেলে।				
	জলদ্বারে	আতাবোয়াতে	লোকনাথপুরে	কেন্দ্রপাড়ায়	মহন্তিশয়ে	জগৎপুরে	মহন্তিশয়ে	কেন্দ্রপাড়ায়	লোকনাথপুরে	আতাবোয়াতে
নৌকাদির ১০০ মণ প্রতি ...	।।৫	।।৫	।।৫	।।৫	।।৫	।।৫	।।৫	।।৫	।।৫	।।৫
মাড়ে বন্ধ বাহাদুরী কাট প্রতি	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০
মাড়ে বন্ধ ১০০ বাঁশ প্রতি ...	।০	।০	।০	।০	।০	।০	।০	।০	।০	।০

গহনা নৌকা হইলে নৌকা মাপ করিয়া যত মাসুল আদায় হইতে পারিবে তদুপরি ও তদ্ভিন্ন প্রত্যেক জন চড়নদারের নিমিত্তে মাইল প্রতি ইংরেজী পাইর চতুর্থাংশ লওয়া যাইবে।

মন্তব্য। এই মাসুল চড়নদারদের স্থানে লওয়া যাইবে না, নৌকার স্বামির স্থানে আদায় হইবে।

হাই লেবেল খালের প্রথম ভাগে ব্রাহ্মণী নদীপর্য্যন্ত যে হারে মাসুল আদায় হইবে তাহার তফসীল।

বেওরা।	উত্তরদিক্ হইতে নালায় গেলে।				দক্ষিণদিক্ হইতে নালায় গেলে।			
	ব্রাহ্মণী নদীতে	নীলপুরে	বৈরীতে	তোমঘীতে	কটকে	তোমঘীতে	বৈরীতে	নীলপুরে
নৌকাদির ১০০ মণ প্রতি ...	।৵০	।৵০	।৵০	।৵০	।৵০	।৵০	।৵০	।৵০
মাড়ে বন্ধ বাহাদুরী কাট প্রতি ...	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০
মাড়ে বন্ধ ১০০ বাঁশ প্রতি ...	।০	।০	।০	।০	।০	।০	।০	।০

গহনা নৌকা হইলে নৌকা মাপ করিয়া যত মাসুল আদায় হইতে পারিবে তদুপরি ও তদ্ভিন্ন প্রত্যেক জন চড়নদারের নিমিত্তে মাইল প্রতি ইংরেজী পাইর চতুর্থাংশ লওয়া যাইবে।

মন্তব্য। এই মাসুল চড়নদারদের স্থানে লওয়া যাইবে না, নৌকার স্বামির স্থানে আদায় হইবে।

[*Government Gazette, 27th November* 1866.]

No. 253.

The 18th October 1866.

The following draft Rules having reference to the Kendrapara Canal and the First Section of the "High Level Canal" from Cuttack to Ooloobarriah, are hereby published under the provisions of Section XI. of the "Canals' Act, 1864." (No. V., B. L. C.) :—

I. Every vessel on entering either of the above Canals shall be liable to measurement for the purpose of ascertaining the amount of toll the vessel should pay, according to the schedule of rates authorized by Government to be charged on the Canal.

II. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the "Canals' Act, 1864," and of these Rules, be determined by the following measurements :—

(a.) The product of half the length of the vessel from stem to stern measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel, is to be taken as the number of maunds upon which toll shall be levied.

(b.) The measurement of the length is to be made in feet, rejecting inches, and the measurement of the breadth and depth in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(c.) In calculating the amount of toll to be levied on vessels exceeding 100 maunds tonnage, any fraction of 100 maunds less than 25 maunds is to be omitted; exceeding 25 and not exceeding 50 maunds, is to be charged as 25 maunds only; exceeding 50 and not exceeding 75 maunds to be charged as 50 maunds only; and exceeding 75 maunds, as 75 maunds only. Above one thousand maunds no fraction of 100 maunds tonnage is to be charged. Toll will be charged on vessels under 100 maunds tonnage on the actual measurements of the vessels, omitting fractions of tens of maunds.

III. Every vessel entering either of the above Canals shall be furnished with a ticket on paying the prescribed toll. The ticket shall specify the station at which it has been issued, the name of the person in charge of the vessel, the date the vessel entered the Canal, the point to which it may proceed in the Canal, the maundage of the vessel, the amount of toll charged, and the number of days for which the vessel may remain in the Canal, and the date of such last day. The number of days which the vessel may remain in

২৫৩ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অকুটোবর।

কটকহইতে উলুবেড়িয়াপর্য্যন্ত কেন্দ্রপাড়ার যে নালা ও হাই লেবেল নালার যে প্রথমভাগ আছে তদুপলক্ষে নিম্নলিখিত বিধির পাণ্ডুলিপি ১৮৬৪ সালের খালের (বঙ্গদেশীয় ৫ আইনের) ১১ ধারার বিধানমতে প্রকাশ করা গেল।

১। কোন নৌকাদি উক্ত একতর নালাতে প্রবেশ করিলে, গবর্ণমেণ্টের অনুমতিক্রমে সেই নালায় যে হারে মাসুল আদায় হইতে পারিবে, ইহা নিরূপণ করিবার জন্যে ঐ নৌকাদি মাপ করা যাইতে পারিবে।

২। ১৮৬৪ সালের খালের আইন ও এই বিধি সকল করিবার জন্যে, খালি কি বোঝাই প্রত্যেক নৌকাতে যত মণ ধরিতে পারে তাহা নিম্ন প্রকারে মাপিয়া নিরূপণ করা যাইবে।

(ক) নৌকার পার্শ্বে জলের যে চিহ্ন আছে সেই চিহ্ন স্থানে নৌকার অগ্রভাগঅবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত যত ফুট লম্বা তাহার অর্দ্ধেক, ও ভিতরে নৌকার অতি চৌড়া স্থান যত ফুট চৌড়া ও জলের সেই চিহ্নস্থানাবধি নৌকার তলভাগ পর্য্যন্ত যত ফুট গভীর এই সকল অঙ্ক পূরণ করিয়া যে ফলিতাঙ্ক হয় নৌকাতে তত মণ ধরে বলিয়া তাহার উপর মাসুল আদায় হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিলে কেবল ফুট ধরিতে হইবে। ইঞ্চি সকল ত্যজ্য। প্রশস্ততার ও গভীরতার পরিমাণ গ্রহণ করিলে ফুটের চতুর্থাংশ পর্য্যন্ত ধরা যাইবে। চতুর্থাংশের ন্যূন অংশ ত্যজ্য।

(গ) যে নৌকায় ১০০ মণের অধিক ধরে তাহার উপর যত মাসুল আদায় করিতে হইবে ইহার হিসাব করিলে, ১০০ মণের অধিক ২৫ মণের ন্যূনাংশ ত্যজ্য। ২৫ মণের অধিক কিন্তু ৫০ মণের অনধিক হইলে ২৫ মণের মাসুল ধরিতে হইবে। ৫০ মণের অধিক কিন্তু ৭৫ মণের অনধিক হইলে কেবল ৫০ মণের মাসুল ধরিতে হইবে। ৭৫ মণের অধিক হইলে কেবল ৭৫ মণ ধরিতে হইবে। যদি এক হাজার মণের অধিক হয় তবে এক২ শত মণের ন্যূনাংশের উপর মাসুল আদায় হইবে না। যদি নৌকায় এক শত মণের কম ধরে তবে মাপ হইয়া যত মণ ধরে তাহার উপর মাসুল ধরা যাইবে কিন্তু দশ২ মণের ন্যূনাংশ ত্যজ্য।

৩। কোন নৌকা পূর্ব্বোক্ত কোন নালায় প্রবেশ করিয়া অবধারিত মাসুল দিলে তাহার একখানি টিকিট দেওয়া যাইবে। টিকিট যে স্থানে দেওয়া গেল সেই স্থানের নাম, ও নৌকাদি যাহার জিম্মায় আছে সেই মাঝীর নাম ও নৌকাদি যে তারিখে নালায় প্রবেশ করে সেই তারিখ ও নালায় যত দূর যাইবে, ও নৌকাদিতে যত মন ধরে, ও যত মাসুল দেওয়া গিয়াছে ও নৌকাদি ঐ নালাতে যত দিন থাকিতে পারে ও সেই শেষ দিন যে মাসের যে তারিখ এই সকল কথা ঐ টিকিটে নির্দ্দিষ্ট হইবে। নৌকাদি অধিক মাসুল না দিয়া নালাতে যত দিন থাকিতে পারে

the Canal without additional payment, shall be calculated at the rate of one day for every 8 miles, for portion of 8 miles, to be traversed.

IV. Toll may be paid at the first station either for the entire number of Toll Stations on the line of navigation, or for any less number of stations.

V. The tickets thus given may be demanded for inspection by any duly authorized Canal Officer, and must be kept on board and at hand for that purpose. They must be shewn at each Toll Station the vessel has to pass, as a passport that no further payment of toll is to be demanded. The tickets shall be delivered up at the last Toll Station.

VI. Owners of vessels may compound by the payment of a fixed sum, for the use of the whole or a portion of either of the above Canals for any period that may be agreed upon, not exceeding one year. Each vessel so compounded for shall be furnished with a ticket shewing the amount of toll paid, the period for which the toll has been compounded for, and the limits of the Canal within which the vessel may pass; such ticket shall be kept on board the vessel and shall be produced when required under Rule V., but shall be given up only on the date of the expiry of the period for which granted, and at the station from whence issued.

VII. Duplicates of lost tickets, of which the numbers and the dates of entry can be satisfactorily established will be granted by Officers in charge of Toll Stations on payment of a fee of one Rupee.

VIII. Vessels remaining in the Canals for a period exceeding that allowed under Rule III. will pay a demurrage of eight annas per 100 maunds per diem for each day or part of a day that they may remain in excess.

IX. No boats above 18 feet beam over all, and no rafts or floats of more than 10 feet width and 150 in length, will be allowed to enter the Canals.

X. It will not be compulsory for the locks to be opened to single vessels of less than 500 maunds burden, except in the case of mail or despatch boats; but the locks shall be opened for the passage of boats at least twice a day.

XI. Vessels must have their masts fitted so that they can be let down with ease and speed, and when under sail, vessels must always keep in the middle of the Canal; when being tracked, vessels are, as far as practicable, to keep to their port or left side of the Canals.

তাহার হিসাব করিবার বিধি এই, যত দূর যাইবে, তাহার আট২ মাইলের প্রতি কি আট মাইলের কোন অংশ প্রতি এক দিন ধরিতে হইবে।

৪। নালার মধ্যে যত স্থানে মাসুল দিতে হইবে সেই সকল স্থানের কিম্বা তাহার মধ্যে যত ইচ্ছা তত স্থানের মাসুল প্রথম চৌকীতে দেওয়া যাইতে পারিবে।

৫। পূর্ব্বোক্ত যে টিকিট দেওয়া যায়, ঐ নালার সংক্রান্ত উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক তাহা দেখিবার জন্যে কোন সময়ে দাওয়া করিতে পারিবেন। এই জন্যে ঐ টিকিট নৌকায় সর্ব্বদা নিকটে রাখিতে হইবে। নৌকাদি প্রথম চৌকীতে মাসুল দিলে পর অন্য যে সকল চৌকীর নিকট হইয়া যায় সেই২ চৌকীতে মাসুল দিতে হইবে না, ইহার প্রমাণ স্বরূপে সকল মাসুল চৌকীতে ঐ টিকিট দেখাইতে হইবে। শেষ মাসুল চৌকীতে টিকিট দিয়া ফেলিতে হইবে।

৬। নৌকাদির স্বামিরা এক বৎসরের অনধিক কোন কাল পর্য্যন্ত উক্ত নালার সমুদয় স্থানে কি কোন অংশে নৌকা চালাইবার জন্যে মাসুলের চুক্তি করিয়া লইতে পারিবেন; যে নৌকাসংক্রান্ত তদ্রূপ চুক্তি করা যায়, সেই নৌকাতে একখানি টিকিট দেওয়া যাইবে। যত মাসুল দেওয়া গেল ও যত কালের নিমিত্তে মাসুলের চুক্তি হইয়াছে, ও সেই নৌকা নালার যে২ স্থানে যাইতে পাইবে, এই সকল কথা ঐ টিকিটে নির্দ্দিষ্ট থাকিবে। ঐ টিকিট নৌকাতে রাখিতে হইবে, ও ৫ ধারামতে দেখাইবার আদেশ হইলেই দেখাইতে হইবে। যত কালের চুক্তি হইয়াছে সেই কালের শেষ তারিখে যে চৌকীহইতে ঐ টিকিট পাওয়া গিয়াছিল সেই চৌকীতে তাহা ফিরিয়া দিতে হইবে।

৭। যদি কোন টিকিট হারাণ যায়, তবে তাহার নম্বর ও তাহা লিখিবার তারিখ সন্তোষমতে সপ্রমাণ হইতে পারিলে মাসুল চৌকীর কার্য্যকারকেরা এক টাকা ফী লইয়া ঐ মর্ম্মের নূতন টিকিট দিবেন।

৮। নালার মধ্যে নৌকার থাকিবার যে কাল ৩ ধারাতে অবধারিত হইয়াছে, কোন নৌকা তাহার অধিক কাল থাকিলে, প্রতি দিনের কি এক দিনের কোন অংশের উপর গহরী বলিয়া ১০০/ মণ প্রতি আট আনা দিতে হইবে।

৯। কোন নৌকা সর্ব্বসুদ্ধ ১৮ ফুটের অধিক চৌড়া হইলে কিম্বা কোন মাড় দশ ফুটের অধিক চৌড়া কি ১৫০ ফুটের অধিক লম্বা হইলে নালায় যাইতে পাইবে না।

১০। নৌকার যাতায়াতের জন্যে জলদ্বার দিনে দুই বার খোলা যাইবে। যে নৌকাতে ৫০০/ মণের কম ধরে এমত কেবল একি নৌকা উপস্থিত হইলে তাহার জন্যে দ্বার অবশ্য খুলিতে হইবে এমত নয়। কিন্তু ডাকের কি তাকীদের নৌকা হইলে খোলা যাইবে।

১১। নৌকাদির মাস্তুল এমন বসাইতে হইবে, যে অনায়াসে ও ত্বরায় নামান যায়। ও পাল তুলিয়া গেলে নৌকা সর্ব্বদা নালার মাঝখানে থাকিবে। যখন গুণ টানিয়া যায় তখন যত কাল সাধ্য তত কাল নালার বাম তীরে চলিবে।

XII. All vessels anchoring at night are to keep to their port or left bank of the Canals.

XIII. Only one vessel shall be allowed to make fast along and in a line with the Canal banks, and no vessel shall be made fast, or be placed outside of vessels so secured, without the permission of a Canal Officer. No vessel shall, however, be placed in such a position as to endanger the safety of other vessels, to obstruct their passage, or to impede the navigation: and no bamboos or poles shall be allowed to be erected on vessels when at anchor. Any infringement of this rule will be punishable by a fine not exceeding Rupees 5 for each offence.

XIV. Every vessel when put to shall be securely fastened, and shall at all times have some person in attendance on board of it. Any infringement of this rule will be punishable by a fine not exceeding Rupees 5 for each offence.

XV. In every case of wreck or obstruction of the channel by sunken vessels, the Canal Officers may call upon the person in charge of the vessel to remove the same without delay, and shall give every reasonable assistance towards so doing. But should the owner of the vessel or raft be not forthcoming, or should he not use reasonable expedition in removing the obstruction, or should he decline or fail to use proper assistance which may be offered to him by the Canal Officers, these Officers may undertake the removal of the obstruction themselves at the cost of the owner of the boat, recovering the expense in the manner laid down in Section IX. of the "Canals' Act, 1864."

XVI. If the Canal Officers be unable to ascertain the name and place of business or of abode of the owner of the cargo of any vessel or boat seized under the Canals' Act, he shall notify the seizure in the most public manner available.

XVII. In the event of any damage or injury being occasioned to the Canal works by wilfulness or negligence on the part of any person in charge of a vessel, the Canal Officers may detain the vessel within the Canal for a period not exceeding 24 hours, provided that within that period the Canal Officers shall lodge a complaint against such person in charge of the vessel before a Magistrate under Section XVI. of the Canals' Act.

XVIII. The banks or berms of the Canals shall not be used as wharves for the deposit of goods, under a penalty of 10 Rupees for each offence; but except in special cases, when the permission of the Canal Officers will be necessary, all articles shall be removed to the outer banks of the Canals, and all such articles as shall not be

১২। নৌকাদি রাত্রিতে লঙ্গর করিলে নালার বাম তীরে লঙ্গর করিবে।

১৩। নালার তীরের পার্শ্বে কেবল এক২ নৌকা বদ্ধ হইতে পারে তদ্রূপ বদ্ধ নৌকার বহির্ভাগে নালার কার্য্যকারকের অনুমতি বিনা অন্য নৌকা বদ্ধ হইবে না ও থাকিবে না। কিন্তু যাহাতে অন্য নৌকার আপদ কি গতি রোধ কি গমন নিবৃত্তি হইতে পারে কোন নৌকা এমন ভাবে রাখিতে হইবে না। নৌকা লঙ্গর করিয়া থাকিলে কোন বাঁশ তুলিয়া রাখিতে হইবে না। এই বিধি লংঘন হইলে প্রত্যেক অপরাধের ৫৲ টাকা অর্থদণ্ড হয়।

১৪। নৌকা লাগান করিলে তাহা দৃঢ়মতে বদ্ধ করিয়া রাখিতে হইবে। ও তাহা রক্ষা করিবার জন্যে কোন ব্যক্তির সেই নৌকায় থাকিতে হইবে। এই বিধি লংঘন হইলে প্রত্যেক অপরাধের ৫৲ টাকা অর্থদণ্ড হয়।

১৫। যদি নৌকা ভঙ্গ হয় কিম্বা মগ্ন নৌকাদির দ্বারা যদি নালাতে গমনাগমনের অবরোধ হয়, তবে ঐ নৌকাদি যাঁহার জিম্মায় থাকে নালার কর্ম্মকারকেরা তাঁহাকে অগৌণে ঐ নৌকা স্থানান্তর করিতে আজ্ঞা করিবেন ও তাহা করিবার উপযুক্ত মতে সাহায্য করিবেন। যদি ঐ নৌকার কি মাড়ের স্বামির সন্ধান পাওয়া না যায়, কিম্বা যদি সেই ব্যক্তি ঐ প্রতিবন্ধকতা ত্বরায় স্থানান্তর করিতে উপযুক্ত উদ্যোগ না করেন, কিম্বা খালের কর্ম্মকারকেরা যথোচিত সহায়তা প্রদান করিলে যদি তদনুসারে কর্ম্ম না করেন কি করিতে শৈথিল্য করেন, তবে ঐ কর্ম্মকারকেরা স্বামিদের খরচে সেই অবরোধক দ্রব্য আপনারাই স্থানান্তর করিবেন। স্বামিরা খরচ না দিলে ১৮৬৪ সালের খালের আইনের ৯ ধারার নির্দ্দিষ্টমতে ঐ খরচ আদায় করা যাইবে।

১৬। খালের আইন অনুসারে কোন নৌকা কি পোত ধৃত হইয়া রাখা গেলে যদি খালের কার্য্যকারকেরা মালের স্বামির নাম ও কর্ম্মস্থান কি নিবাসের সন্ধান পাইতে না পারেন, তবে তিনি ঐ নৌকা ধৃত হইবার সম্বাদ সাধ্যমতে প্রকাশরূপে প্রচার করিবেন।

১৭। নৌকা যাহার জিম্মায় থাকে এমত কোন ব্যক্তির যথেষ্টাচার কি শৈথিল্যদ্বারা যদি নালা সংক্রান্ত কোন বিষয়ের ক্ষতি কি হানি হয়, তবে খালের কর্ম্মকারকেরা চব্বিশ ঘণ্টার অনধিক কাল খালের মধ্যে সেই নৌকা রাখিতে পারিবেন। কিন্তু নৌকা যাহার জিম্মায় থাকে তাঁহার নামে খালের কার্য্যকারকেরা সেই সময়ের মধ্যে খালের আইনের ১৬ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করিবেন।

১৮। খালের তীর কি তাহার নিকট স্থান মাল রাখিবার স্থান স্বরূপ ব্যবহার করিতে হইবে না। করিলে প্রত্যেক অপরাধের ১০৲ টাকার অর্থদণ্ড হয়। কোন বিশেষ গতিকে খালের কার্য্যকারকদিগের অনুমতি প্রাপ্ত হইলে পর সকল দ্রব্য খালের তীরের বহির্ভাগে লইয়া রাখা যাইতে পারিবে। তদ্রূপ যে সকল দ্রব্য ছয় দিনের মধ্যে খালের তীরের সীমার অন্তরবর্ত্তি স্থান-

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৭ নবেম্বর।]

finally removed from within the boundaries of the Canals within a period of six days after being so deposited, shall be liable to a charge of four annas per 100 maunds.

XIX. The Canals may be closed once a year, for effecting the necessary repairs to them, on one month's notice of the intention so to close them; but in the event of any sudden emergency, the Canals may be closed at any time without prior notice, and no claim shall be made in such case by owners of vessels or others for compensation on account of detention.

XX. All offences against the provisions of these Rules shall be punishable as provided for in Section XVIII. of the "Canals' Act, 1864," and all fines imposed may be recovered in the manner mentioned in Section XVII. of the same Act.

XXI. The term "Canal Officers" in the foregoing Rules shall include the persons alluded to in Section VIII. of the "Canals' Act, 1864," and any other persons who may be specially appointed to exercise such powers by the person appointed to collect the tolls.

No. 254.

The 18th October 1866.

With reference to Notification in this Department, No. 234, dated the 20th June 1865, it is hereby declared that, under Section VI. of the *Canals' Act*, 1864, the Lieutenant-Governor of Bengal has been pleased to fix the rates of toll laid down in the above Notification as the rates that are to be levied on the Midnapore Canal, and on the Balasore Canal, from the expiration of the period named in the Notification until further orders.

2. The Lieutenant-Governor of Bengal, under the power vested in him by Section VIII. of the said *Canals' Act*, 1864, hereby appoints the Agent and Manager of the East India Irrigation and Canal Company for the time being to collect tolls on the navigable channels aforesaid, *viz.*, the Midnapore Canal and the Balasore Canal until further orders.

[*Government Gazette, 27th November* 1866.]

হইতে স্থানান্তর না করা যায়, তাহার উপর ১০০ মণ প্রতি ।০ আনা লওয়া যাইবে।

১৯। প্রয়োজনমতে নালা সারাইবার জন্যে তাহা বৎসরে একবার বন্ধ হইতে পারিবে। বন্ধ করিবার পূর্ব্বে এক মাসের সম্বাদ দেওয়া যাইবে। কিন্তু যদি হঠাৎ অত্যাবশ্যক হয় তবে পূর্ব্বে সম্বাদ না দিয়া তাহা কোন সময়ে বন্ধ হইতে পারিবে। তাহা হইলে কোন নৌকার স্বামিগণ কি অন্যেরা নৌকাদি বন্ধ রাখিবার জন্যে ক্ষতিপূরণের দাওয়া করিতে পারিবেন না।

২০। এই বিধি উল্লংঘন দোষের দণ্ড খালের ১৮৬৪ সালের আইনের ১৮ ধারার বিধানমতে হইবে। ও অর্থদণ্ডের আজ্ঞা হইলে ঐ অর্থ ঐ আইনের ১৭ ধারার লিখিতমতে আদায় হইতে পারিবে।

২১। এই বিধির মধ্যে খালের কার্য্যকারক যে শব্দ আছে ১৮৬৪ সালের খালের আইনের ৮ ধারাতে যে ব্যক্তিদের উল্লেখ হইয়াছে সেই শব্দে সেই ব্যক্তিদিগকে বুঝাইবে। এবং মাসুল আদায় করণার্থে যে ব্যক্তি নিযুক্ত হন, তিনি ঐ ক্ষমতামতে কার্য্য করিবার জন্যে বিশেষমতে অন্য যে ব্যক্তিদিগকে নিযুক্ত করেন, সেই শব্দে তাঁহারদিগকেও বুঝাইবে।

---

২৫৪ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অক্টোবর।

এই ডিপার্টমেন্টহইতে ১৮৬৫ সালের জুন মাসের ২০ তারিখের ২৩৪ নম্বরের যে জ্ঞাপনি প্রকাশ হইয়াছে তদুপলক্ষে ইহাতে প্রকাশ করা গেল যে ঐ জ্ঞাপনিতে যে কাল নিরূপণ হইয়াছে সেই কাল অতীত হওনের সময়াবধি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ জ্ঞাপনিক্রমে মাসুল যে হারে লইতে হয়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৪ সালের খালের আইনের ৬ ধারামতে মেদিনীপুরের খালে ও বালেশ্বরের খালে সেই হারে মাসুল লওয়া ধার্য্য করিয়াছেন।

২। ১৮৬৪ সালের উক্ত খালের আইনের ৮ ধারাক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুক্রমে তিনি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নৌকাদির গমনীয় উক্ত নালাতে অর্থাৎ মেদিনীপুরের খালে ও বালেশ্বরের খালে মাসুল আদায় করণার্থে ইস্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কানাল কোম্পানির এজেন্ট ও মানেজর যিনি যে সময়ে হন তাঁহাকে নিযুক্ত করিয়াছেন।

No. 201.

The 20th November 1866.

The following Rules having reference to the undermentioned navigable channel in the District of Dacca, *viz*:—The line of channel connecting the Booreegunga with the Baloo River near Teermony have been passed this day by the Lieutenant-Governor of Bengal under the provisions of Sections XI. and XII. of "the Canals' Act, (No. V., 1864," B. L. C.):—

1. Every vessel on entering the above navigable channel shall be liable to measurement by the Officer in charge of the Toll Station, for the purpose of ascertaining the amount of toll to be levied.

2. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the *Canals' Act* and of these Rules, be determined by the following measurements:—

(*a*.) The product of half the length of the vessel from the stem to stern measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel, is to be taken as the number of maunds on which toll shall be levied.

(*b*.) The measurement of the length is to be made in feet, rejecting inches. The measurement of the breadth and depth is to be made in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(*c*.) In calculating the amount of toll to be levied, any fraction of 100 maunds less than 50 maunds is to be omitted; and a fraction exceeding 50 maunds is to be charged as 50 maunds only.

3. No raft will be admitted into the channel in excess of fifty feet in length or five feet in breadth. No timber, bamboos or grass will be admitted, except securely and compactly packed in the form of a raft.

4. Every vessel entering the channel shall, on paying the prescribed toll, be furnished with a ticket. The ticket will specify the date of entry, the maundage of the vessel, and the amount of toll paid, and must be produced whenever asked for by the Supervisor, or those duly authorized by him to do so. Payment at one Toll Station shall clear the vessel of the other Station, at which the ticket must be given up to the Toll Collector.

5. No vessels whatever, except such as are employed on works connected with the maintenance or improvement of the line of channel in question, shall be exempted from paying toll.

6. Every vessel or raft which has paid toll shall be allowed three days to pass through the

২৯১ নম্বর।

১৮৬৬ সাল ২০ নবেম্বর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব (১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৫ আইনের) অর্থাৎ খাল বিষয়ক আইনের ১১ ও ১২ ধারার বিধানমতে অদ্য ঢাকা জিলার অন্তর্গত নিম্ন লিখিত নৌকাগম্য খালের অর্থাৎ বুড়ীগঙ্গার সহিত ত্রিমোহনীর নিকট বালু নদী সংযোগকারি খালের নিম্নলিখিত বিধি প্রবল করিলেন।

১। প্রত্যেক নৌকা যখন উপরোক্ত কোন খালে প্রবেশ করে তখন দেয় মাসুল অবধারণার্থে খালের কুত ঘাটের কার্য্যকারক তাহা নাপ করিবেন।

২। বোঝাই কি খালী হউক, নৌকাতে যত মণ বোঝাই ধরে তাহা খালের আইনের ও এই বিধির অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত মতে পরিমাণ করণদ্বারা নিশ্চয় করা যাইবে, অর্থাৎ—

(ক) গলই অবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত জলের রেখা ধরিয়া পরিমাণ করিলে নৌকার যে দির্ঘতা হয় তাহার অর্দ্ধেক, ও নৌকার খোলের অতি প্রশস্ত স্থানের প্রস্থ এবং জলরেখা অবধি নৌকার তল পর্য্যন্ত গভীরতা এই তিনের সংখ্যা পরস্পর গুণ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা মণের সংখ্যা বলিয়া সেই সংখ্যাক্রমে মাসুল ধার্য্য করিতে হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিতে গেলে ইঞ্চি ছাড়িয়া কেবল ফুট ধরিতে হইবে, এবং প্রস্থের ও গভীরতার পরিমাণ করিতে গেলে ফুটের চতুর্থাংশ অপেক্ষা ক্ষুদ্রাংশ ছাড়িয়া ফুট ও ফুটের চতুর্থাংশ ধরিতে হইবে।

(গ) কত মাসুল লইতে হইবে তাহার হিসাব করিতে গেলে ১০০/ মণের যে ভগ্নাংশ ৫০/ মণ অপেক্ষা কম তাহা ধরিতে হইবে না। ও ৫০/ মণের অধিক যে ভগ্নাংশ তাহা ৫০/ মণ ধরিতে হইবে।

৩। দীর্ঘে ৫০ ফুট ও প্রস্থে ৫ ফুটের অধিক হইলে মাড় উক্ত কোন খালে প্রবেশ করিতে পারিবে না। শালাদি কাষ্ঠ কি বাঁশ কি ঘাস মাড়ের মত দৃঢ়রূপে বান্ধা না হইলে লইয়া যাইতে পারিবে না।

৪। যে প্রত্যেক নৌকা উক্ত কোন খালে প্রবেশ করে, নির্দ্দিষ্ট মাসুল দিলে তাহার এক খান টিকিট দেওয়া যাইবে। প্রবেশ করণের তারিখ, যত মণী নৌকা, যত মাসুল দেওয়া গেল তাহা ঐ টিকিটে লেখা থাকিবে। এবং তত্ত্বাবধারক কিম্বা তৎকর্ত্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি তাহা চাহিবামাত্র দিতে হইবে। এক কুত ঘাটে মাসুল দিলে অন্য যে কুত ঘাটে মাসুল সংগ্রহকারিকে টিকিট দিতে হইবে সেখানে আর মাসুল লাগিবে না।

৫। যে সকল নৌকা উক্ত খাল রক্ষা কি সৌষ্ঠব করণ সম্পর্কীয় কার্য্যে নিযুক্ত আছে কেবল তাহারই মাসুল লাগিবে না, অন্য সকলের উপর মাসুল লাগিবে।

৬। যে প্রত্যেক নৌকার কি মাড়ের মাসুল দেওয়া হইয়াছে ঐ খালের মধ্যে তাহার প্রবেশ করিবার কি

channel, the days of entering and leaving being both included; and any vessel or raft remaining in any part of the channel longer than the period above fixed shall, for each day in excess of such period, be charged demurrage equal to one-half of the toll paid. Every vessel or raft remaining in the channel more than one month, without authority from the Supervisor, shall be subject to be summarily removed.

7. Any person infringing any of the above Rules, or wilfully interfering in their enforcement, shall be liable, under Section XI. of the *Canals' Act*, to a fine not exceeding fifty Rupees for any one offence.

J. E. T. Nicolls, *Lieut.-Col., R. E.,*
Offg. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

Notification.

The 22nd November 1866.

Leave of Absence for the late Dusserah vacation under paragraph 16 *of the Uncovenanted Absentee Rules.*

Baboo Gokool Chand, Moonsiff of Arrarea, Zillah Purneah, Moulvee Ali Ajmul Hoossen, Moonsiff of Bahadoorgunge, Zillah ditto, Moulvee Mohmed Natiq, Moonsiff of Dandkhorah, Zillah ditto, Baboo Ram Coomar Roy, Moonsiff of Bongong, Zillah Nuddea, Baboo Tara Bilash Mitter, Moonsiff of Santipoor, Zillah ditto, Boboo Gour Bullub Ghose, Moonsiff of Indoss, Zillah East Burdwan, Baboo Umbica Churn Mitter, Moonsiff of Ph[illegible]koorgunge, Zillah Dinagepoor.

Moonshee Sudanund, Moonsiff of Chittra, Zillah Chota Nagpoor.

Moonshee Abdoos Sumood Ahmed, Moonsiff of Jehanabad, Zillah Hooghly.

T. C. Ledlie,
for Offg. Registrar.

খালহইতে বাহির হইবার দিনসুদ্ধ খাল দিযা গমনার্থে তিন দিনের অবকাশ দেওয়া যাইবে, ও যে নৌকা কি মাড় পূর্ব্বোক্ত নির্দ্দিষ্ট কালের অধিক উক্ত খালের কোন স্থানে থাকে তাহার উপর বিলম্ব জন্য দিনপ্রতি অর্দ্ধেক হারে মাসুল লওয়া যাইবে। সুপরিন্টেণ্ডেণ্টের অনুমতি ব্যতিরেকে কোন নৌকা এক মাসের অধিক কাল খালে থাকিলে তাহা সরাসরী-মতে স্থানান্তর করা যাইতে পারিবে।

৭। পূর্ব্বোক্ত কোন এক বিধি কোন ব্যক্তি লঙ্ঘন করিলে কি তাহার প্রবল হওয়ার নিবারণ বিষয়ে ইচ্ছাপূর্ব্বক হস্তক্ষেপ করিলে খাল বিষয়ক আইনের ১১ ধারামতে তাহার কোন এক অপরাধের জন্যে ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

জে, ই, টি, নিকলস, লেপ্টেনেন্ট কর্ণেল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২২ নবেম্বর।

নিম্নলিখিত অচিহ্নিত কার্য্যকারকেরা ছুটীর বিধির ১৬ ধারামতে বিগত দুর্গোৎসবের বন্দকালীন ছুটী পাইয়াছেন।

পূরণীয়া জিলার অররিয়ার মুনসেফ শ্রীযুত গোকুলচাঁদ বসু। ঐ জিলার বাহাদুর গঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী আলী আজমল হুসেন। ঐ জিলার দণ্ডখোরার মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ নাতিক। নদীয়া জিলার বনগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু রামকুমার রায়। ঐ জিলার শান্তিপুরের মুনসেফ শ্রীযুত বাবু তারাবিলাশ মিত্র। পূর্ব্ব বর্দ্ধমান জিলার ইন্দসের মুনসেফ শ্রীযুত বাবু গৌরবল্লভ ঘোষ। দিনাজপুর জিলার ঠাকুরগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু অম্বিকাচরণ মিত্র।

ছোটনাগপুরের চিত্রার মুনসেফ শ্রীযুত মুনশী সদানন্দ।

হুগলী জিলার জাহানাবাদের মুনসেফ শ্রীযুত মুনশী আবদুস্ সমুদ আহম্মদ।

একটিং রেজিষ্ট্রারের পরিবর্ত্তে,
টি সি লেড্লী।
আসিষ্টান্ট রেজিষ্ট্রার।

No. 1789.

NOTIFICATION.

It having come to the knowledge of the Board of Revenue, Lower Provinces, that the provisions of the Stamp Law are greatly evaded by the use of unstamped "Proxies," which are "Letters of Attorney" requiring a stamp of Rupees (4) four, as provided for in Article 43, Schedule A, Act X of 1862, it is hereby notified, for general information, that from and after this date any person or persons who may attempt thus to evade the Law will, on detection, be prosecuted in accordance with Section 52 of the Act.

By Order of the Board of Revenue, L. P.,
R. L. MANGLES,
Junior Secretary.

FORT WILLIAM,
The 15th November 1866.

১৭৮৯ নম্বর।

বিজ্ঞাপন।

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সাহেবেরা অবগত হইয়াছেন যে, প্রাক্সী নামক পত্র শাদা কাগজে লিখিয়া অনেকবার ইষ্টাম্পের আইন উপেক্ষা করা গিয়া থাকে। ফলতঃ ঐ পত্র মোক্তারনামা। ১৮৬২ সালের ১০ আইনের A চিহ্নিত তফসীলের ৪৩ প্রকরণ মতে তাহার উপর ৪ টাকা ইষ্টাম্প লাগে। অতএব সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে, এতৎপরে যদি কোন ব্যক্তি সেই প্রকারে আইনের বিধি এড়াইতে চেষ্টা করেন, তবে ধৃত হইলে ঐ আইনের ৫২ ধারামতে তাঁহার নামে মোকদ্দমা হইবে।

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,
আর এল মাঙ্গলস।
দ্বিতীয় সেক্রেটারী

ফোর্ট উইলিয়ম।
১৮৬৬ সাল ১৫ নবেম্বর।

১৪৩৬ নম্বর।

ইস্তেহার।

ফোর্ট উইলিয়ম, ১ অকুটোবর সন ১৮৬৬ সাল।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণ জনগণকে সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৮৬৭ সালের প্রকাশ্য নীলাম দ্বারা যে আফিম বিক্রয় করা যাইবেক তাহাতে ১৮৬৪। ৬৫ ও ১৮৬৫। ৬৬ সালের উৎপন্ন কাসিয়ার লিখিত পরিমাণে ২৪ চব্বিশ হাজার সিন্দুক বেহার ও ২৪ চব্বিশ হাজার সিন্দুক বানারস আফিম থাকিবেক সন ১৮৬৪। ৬৫ সালের যে আফিম সঞ্চিত আছে তাহা অগ্রে বিক্রয় করা যাইবেক তৎপরে ১৮৬৫। ৬৬ সালের উৎপন্ন আফিম বিক্রীত হইবেক অর্থাৎ আগামি জানুআরি মাসে যে বেহার আফিম বিক্রয় হইবে তন্মধ্যে ১৮৬৪। ৬৫ সালের মৌজুদ আফিম ৭৭১ সিন্দুক এবং ১৮৬৫। ৬৬ সালের উৎপন্ন ১২২৯ সিন্দুক থাকিবেক এবং আগত জানুআরি ফেব্রুআরি ও মার্চ মাহায় যে বানারস আফিম বিক্রয় হইবে তাহাতে প্রত্যেক মাসিক নীলামে ১৮৬৪। ৬৫ সালের সঞ্চিত আফিম ২ হাজার সিন্দুক করিয়া বিক্রয়ার্থ ধরা যাইবেক এবং তৎপরে এপ্রেল মাসে যে বানারস আফিম বিক্রয় হইবেক তাহাতে ১৮৬৪। ৬৫ সালের আফিম ১০১৮ সিন্দুক ও ১৮৬৫। ৬৬ সালের উৎপন্ন আফিম ৯৮২ সিন্দুক থাকিবে তৎপরে অবশিষ্ট যে ১৮৬৫। ৬৬ সালের উৎপন্ন আফিম থাকিবে তাহা পরের নীলামে সমান পরিমাণে বিক্রয় করা যাইবেক অর্থাৎ বেহার ২০০০ সিন্দুক ও বানারস ২০০০ সিন্দুক প্রত্যেক নীলামে বিক্রীত হইবে নিম্ন লিখিত বিশেষ ২ তারিখে অথবা তাহার অগ্রপশ্চাৎ অবধারিত দিবসে পূর্ব্ব লিখিত নীলাম হইবে।

বেহারের আফিম।

সন ১৮৬৪। ৬৫ সালের সঞ্চিত	৭৭১	সিন্দুক
সন ১৮৬৫। ৬৬ সালের উৎপন্ন	২৩২২৯	ঐ
	২৪০০০	সিন্দুক

বানারস আফিম।

সন ১৮৬৪। ৬৫ সালের সঞ্চিত	৭০১৮	সিন্দুক
সন ১৮৬৫। ৬৬ সালের উৎপন্ন	১৬৯৮২	ঐ
	২৪০০০	সিন্দুক
একুন ...	৪৮০০০	সিন্দুক

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৭ নবেম্বর।]

	বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৭ সালের ৯ জানুআরি বুধবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৫৭ সালের ৭ ফেব্রুআরি বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	২০০০	২০০০	৪০০০
সন ১৮৫৭ সালের ১১ মার্চ সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৫৭ সালের ১০ এপ্রেল বুধবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৫৭ সালের ৯ মে বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ..	২০০০	২০০০	৪০০০
সন ১৮৫৭ সালের ১০ জুন সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৫৭ সালের ১০ জুলাই বুধবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৫৭ সালের ৯ আগস্ট শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ..	২০০০	২০০০	৪০০০
সন ১৮৫৭ সালের ৯ সেপ্টেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৫৭ সালের ৯ অক্টোবর বুধবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৫৭ সালের ৭ নবেম্বর বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৫৭ সালের ৬ ডিসেম্বর শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
একুন	২৪০০০	২৪০০০	৪৮০০০

উল্লিখিত তারিখ সকল যদি পরিবর্ত্তন করা আবশ্যক বোধ হয় তাহা হইলে সাহেবান বোর্ড আলিশানের তাহা পরিবর্ত্ত করিবার ক্ষমতা থাকিবেক।

বিক্রয়ের নিয়মাবলী নিম্নে প্রকাশিত হইল।

১ দফা। কেবল সমুদ্র পথে রপ্তানী করিবার নিমিত্তই উক্ত আফিম সকল বিক্রীত হইবেক ঐ প্রকার রপ্তানীর নিমিত্ত ভিন্ন অন্য কোন কারণে কাহাকেও সর্টিফিকেট প্রদান করা যাইবেক না।

২ দফা। ৮০০ টাকা করিয়া সিন্দুকের মূল্য হইলে উক্ত আফিমের অবধারিত মূল্য হইবেক এই নিয়মাবলীর দ্বাদশ প্রকরণের লিখিত নিয়ম ব্যতিরেকে যে সকল উক্ত মূল্য ডাকনাগা ব্যক্তিগণ উক্ত অবধারিত মূল্যের অধিক ডাকবেন তাহাদিগকেই আফিম বিক্রয় করা যাইবেক।

৩ দফা। পূর্ব্ব লিখিত বিজ্ঞাপনে যে সকল নীলামের নিরূপিত দিন ধার্য্য করা হইল সেই সকল প্রত্যেক দিবসের পূর্ব্বাহ্নে ১১ এগার ঘটিকার সময় নীলাম আরম্ভ করা হইবেক এবং প্রতি দিবস অপরাহ্নে ৫ পাঁচ ঘটিকার পর অধিক কাল নীলামে কার্য্য চালান হইবেক না যে সময়ের মধ্যে নীলামের লাট সকল বিক্রয় করিবার নিমিত্ত বিজ্ঞাপন দেওয়া হইল সেই সময়ের মধ্যে যদি কোন লাট অবিক্রীত থাকে তাহা হইলে বোর্ডের সাহেবান আলীশান তৎপর দিবস রবিবার অথবা সাধারণ পর্ব্বোপলক্ষ বন্দের দিন না হইলে সেই দিবসে অপরাহ্ণ ১১ ঘটিকার সময়াবধি যে পর্য্যন্ত সমুদায় অবশিষ্ট লাট সকল নিঃশেষিত না হয় সেই পর্য্যন্ত নীলাম করা যাইবেক যদ্যপি কোন গতিকে নিরূপিত দিবসের মধ্যে ও বিজ্ঞাপনোক্ত সময় মধ্যে আফিম বিক্রীত না হয় তাহা হইলে বোর্ডের সাহেবান আলিশানের ইচ্ছা ক্রমে সেই সকল অবিক্রীত লাট ভবিষ্যৎ নীলামে ধরা যাইবেক।

৪ দফা। প্রত্যেক লাটে ৫ পাঁচ সিন্দুক করিয়া আফিম থাকিবেক।

৫ দফা। নীলামের ঘরে এবং সেল বহীতে লাট শেষ হইবার অগ্রে খরিদারের নিকট হইতে প্রত্যেক লাটের উপর ডিপাজিট অর্থাৎ আমানত স্বরূপ পার্শ্বে* লিখিত পরিমাণানুসারে প্রামিশারি নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া যাইবে ও খরিদারগণকে বাঙ্গাল বেঙ্ক রসীদ অথবা তাহার পরিবর্ত্ত বাঙ্গাল গবর্ণমেন্টের অন্য কোন প্রকার সরকারী মাতব্বরি নীলামের পর ৫ পঞ্চম দিবসে বেলা অপরাহ্ণ ৪ চারি ঘটিকার সময় কিম্বা তাহার পূর্ব্বে এই কারণ যে দাখিল করিয়া উক্ত প্রামিশারি নোট অর্থাৎ তমসুক খালাস করিয়া লইতে হইবেক যদ্যপি উক্ত সময়ের মধ্যে উক্ত প্রকারে তমসুক খালাস করিয়া লওয়া না হয় তাহা হইলে সেই লাট অথবা লাট সমুদয়ের নিমিত্ত উপরি উক্ত বাঙ্গাল বেঙ্কের রসীদ কিম্বা অন্য কোন সরকারি মাতব্বরি দাখিল করা না হইবেক সেই লাট কিম্বা লাট সকল পুনর্ব্বার নীলামে বিক্রয় করা যাইবেক পুনঃ নীলাম সময় ও স্থান বোর্ডের সাহেবান যেরূপ ভাল বিবেচনা করিবেন সেইরূপ ধার্য্য করা হইবেক এই প্রকার পুনঃ বিক্রয় দ্বারায় যে কোন ক্ষতি বা ঘাটা হইবেক তাহার খেসারৎ খরীদারগণের নিকট হইতে আদায় করা যাইবেক এবং যেরূপ পুনঃ বিক্রয় করিয়া যে লাভ হইবে তাহা গবর্ণমেন্টের প্রাপ্য হইবে।

৬ দফা। শেষ প্রকারে লিখিত নিয়মানুসারে নীলামের দিন যে প্রামিশরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া যাইবেক, তাহা যদি নীলামের পর পঞ্চম দিবসে বেলা ৪ চারি ঘণ্টার সময় খালাস করিয়া লওয়া না হয় তাহা হইলে সেই সকল প্রামিশরী নোট অর্থাৎ তমসুক আদালতের নিমিত্ত সরকারী উকীলের হস্তে সমর্পণ করা যাইবেক, উকিল যেমন ভাল বিবেচনা করিবেন সেইরূপ ধার্য্য করিবেন।

৭ দফা। যে আফিমের নিমিত্ত নীলামের পর দিনহইতে পঞ্চম দিবসের বেলা ৪ চারি ঘটিকা পর্য্যন্ত নিয়মিত আমানত দাখিল না করা হইবেক তাহার পরে সেই আফিমের নিমিত্ত আর টাকা কিম্বা বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোন সরকারী মাতব্বরি গ্রহণ করা যাইবেক।

[*Government Gazette, 27th November 1856.*]

---

* ডিপাজিট অর্থাৎ আমানত যৎকালে প্রত্যেক সিন্দুকে ১২০০ টাকার ন্যূন ডাক হইবেক তৎকালে প্রত্যেক সিন্দুক ২০০ টাকা আমানত যতকাল ১২০০ টাকার অধিক অথচ ১৬০০ টাকার ন্যূন ডাক হইবেক তৎকালে ৩০০ টাকা, যতকালে ১৬০০ টাকার অধিক অথচ ২০০০ টাকার ন্যূন ডাক হইবেক তৎকালে ৪০০ টাকা, এই রূপ প্রত্যেক সিন্দুক ৪০০ টাকার অধিক ডাক হইলেই আমানতের উপর ১০০ টাকা বৃদ্ধি হইবেক।

৮ দফা। আফিমের মূল্যের টাকা নীলামের দিনহইতে ১৫ পনেরো দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক। যদ্যপি কোন লাটের কি সিন্দুকের মূল্যের টাকা এইরূপ দাখিল কি নিষ্পত্তি করা না হয় তাহা হইলে পঞ্চম দফার নির্দ্দিষ্টমত সেই লাট কিম্বা সিন্দুকের উপর যে টাকা কিম্বা সরকারী মাতব্বরি আমানত করা হইবেক তাহা সরকারে বাজেয়াপ্ত হইবেক এবং ঐ আফিম সরকারের হিসাবে বিক্রয় করা যাইবেক, যে সময়ে ও যে প্রকারে বিক্রীত হইবেক তাহা সাহেবান বোর্ড যেমন উপযুক্ত বিবেচনা করিবেন সেইরূপ অবধারিত হইবেক এইরূপ দ্বিতীয়বার বিক্রয়ের দ্বারা প্রথম মূল্য ও পুনঃবিক্রয়ের মূল্যের মধ্যে যে প্রভেদ বা ক্ষতি হইবেক তাহা প্রথম খরিদারের নিকট আদায় করিয়া লওয়া যাইবেক এবং পুনঃবিক্রয়দ্বারা যাহা লাভ হইবেক তাহাতে প্রথম খরিদারের কোন দাবী থাকিবেক না।

৯ দফা। খরিদারেরা পূর্ব্ব নির্দ্দিষ্ট সমুদয় মূল্যের টাকা প্রদান করিয়া যখন ডিলেবরি অর্থাৎ রওয়ানা পাইবার সর্টিফিকেট অথবা অনুমতিপত্র পাইবে তৎকালে তাহারা ইচ্ছা করিলে প্রত্যেক সর্টিফিকেট অথবা অনুমতিপত্রে তাহাদিগের খরিদা লাটের নাম ও সংখ্যা লেখাইয়া লইতে পারিবেক এবং ইহা স্পষ্টরূপে হৃদয়ঙ্গম করা আবশ্যক যে ঐ প্রকারের গৃহীত সর্টিফিকেট অথবা অনুমতিপত্র সকল চূড়ান্ত বিবেচনা করা যাইবেক এবং প্রথমে একবার যে সকল লাট ও সিন্দুক সর্টিফিকেট অথবা অনুমতিপত্রভুক্ত করিবার প্রার্থনা গ্রাহ্য হইয়াছে সেই সকল লাট কিম্বা সিন্দুকের মধ্যে একটীমাত্র লাট, কিম্বা অন্য লাট কি সিন্দুক ডেলিবার অর্থাৎ রওয়ানা পাইবার নিমিত্ত আদি সর্টিফিকেট পরিবর্ত্তিত হইতে পারিবেক না।

১০ দফা। যে ব্যক্তির নাম সেল বহীতে খরিদারস্বরূপে লেখা হইবেক সেই ব্যক্তি স্বয়ং অথবা তাহার ক্ষমতা প্রাপ্ত গোমাস্তা ব্যতিরেকে আর কেহ যদি ৫ দফার লিখিত সরকারি মাতব্বরি আমানত করিতে আইসে তাহা হইলে তাহাদিগের হস্তে তদ্রূপ আমানত গ্রহণ করা যাইবেক না সরকারী মাতব্বরি রসিদ দিবার সময় কেবল খরিদারের নিজ নামেই তাহা প্রদান করা হইবেক ঐ প্রকারে আমানত করা সরকারের মাতব্বরি সকল যখন ফেরত দেওয়া হইবেক তখন সম্পূর্ণ টাকা দেওয়া হইয়াছে জানিলে খরিদারকে অথবা যাহাকে তিনি বরাত দেন সেই ব্যক্তিকে তাহা ফেরত দেওয়া যাইবেক।

১১ দফা। যে কর্ম্মচারী রেবিনিউ বোর্ডের পক্ষ হইয়া নীলামের অধ্যক্ষতা করিবেন তাহার এই ক্ষমতা থাকিবেক যে যদি কোন ব্যক্তি এই বিজ্ঞাপনের লিখিত ৫ পঞ্চম দফার নির্দ্দিষ্ট পরিমাণানুসারে ভারতবর্ষীয় বর্ণমেন্ট নোট অথবা বাঙ্গাল বেঙ্কের রসিদ কিম্বা সরকারী মাতব্বরি আমানত করিয়া তমসুক লিখিয়া না দেও তাহা হইলে ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট কর্ম্মচারি সেই সকল ব্যক্তির ডাক নামঞ্জুর করিতে পারিবেন।

১২ দফা। নীলামের প্রতিবন্ধকতা জন্মাইবার অভিপ্রায়ে যে সকল বৃথা ডাক উপস্থিত হইবেক তাহা নিবারণার্থ এই উপায় অবলম্বন করা হইতেছে যে, যে সরকারী কর্ম্মচারী গবর্ণমেণ্টের পক্ষে উপস্থিত থাকিয়া বিক্রয়ের তত্ত্বাবধারকতা করিবেন তাহার এই ক্ষমতা থাকিবেক যে তিনি যে কোন অবিক্রীত লাট বাহির করিয়া যতক্ষণ পর্য্যন্ত ঐরূপ অবশিষ্ট লাট সকলের উপযুক্ত ডাক না হয় ততক্ষণ পর্য্যন্ত পুনঃপুনঃ তাহা নীলাম করাইতে পারিবেন এই সময়ে যে প্রথম ডাকনিয়ার ডাক যথেষ্ট হইবেক তাহাকেই সেই লাটের প্রকৃত খরিদার বলিয়া গ্রহণ করা যাইবেক গবর্ণমেণ্টের তত্ত্ববিধায়ক কর্ম্মচারির আরও ক্ষমতা থাকিবেক যে তিনি কথিত নিয়মানুসারে যতগুলি ঐরূপ অবশিষ্ট লাট বিক্রয় করা উচিত বোধ করেন তাহাতে বর্ণিত শরত আমলেআনিয়া তদনুসারি কার্য্য করিতে পারিবেন কিন্তু স্মরণ করা কর্ত্তব্য যে অবধারিত আট শত টাকা করিয়া সিন্দুকের যে মূল্য তদ্বিতীয় দফায় স্থির হইয়াছে তাহার অল্পমূল্য কোন লাটই বিক্রয় করা যাইবেক না।

১৩ দফা। যদি ২৫ লাট হইতে পারে এমন উপযুক্ত সংখ্যা লাট মজুদ থাকে তাহা হইলে যে কোন লাট খরিদার হউন ইচ্ছা করিলে একবিধ এজেন্সীর আফিম পর সমান মূল্যে ও সমান সরতে নীলাম ডাকিয়া খরিদ করিতে পারিবেন কিন্তু ২৫ লাটের অধিক পারিবেন না।

১৪ দফা। এই ইস্তেহারের অন্তর্গত আফিম বিক্রয় অথবা তাহার হিসাব সম্বন্ধে যদ্যপি কোন বিবাদ অথবা মত ভেদ কলহ উপস্থিত হয় তাহা হইলে সুবে বাঙ্গালার অন্তঃপাতী ফোর্টউইলিয়ম দুর্গের অধীন হাইকোর্ট নামকপ্রধানতম বিচারালয়ে তাহার বিচার ও চূড়ান্ত মীমাংসা হইবেক।

১৫ দফা। নিম্ন লিখিত কাগজ পত্র নীলামের দিবসে সাধারণের দৃষ্টি করণার্থ প্রদর্শিত হইবেক যদি কেহ তৎপূর্ব্বে দর্শন করিতে অভিলাষী হন তাহা হইলে বোর্ড অফ রেবেনিউয়ের জুনিয়ার সেক্রেটারীর কার্য্যালয়ে আবেদন করিলে দৃষ্ট করিতে পারিবেন।

যে আফিম বিক্রয়ার্থ বিজ্ঞাপন প্রচারিত হইল তাহার সর্টিফিকেট অর্থাৎ নিদর্শন পত্র দ্বিতীয় ঐ সকল আফিম পরীক্ষার রিপোর্ট।

১৬ দফা। এতদ্দ্বারা সর্ব্বসাধারণ ব্যক্তিগণকে জ্ঞাতকরা যাইতেছে যে আফিম প্রস্তুত করণ পক্ষে পূর্ব্ব, পূর্ব্ব বৎসর যেরূপ সাবধানতার সহিত বন্দোবস্ত করা হইয়া থাকে ১৮৬৫। ৬৬ সালের আফিমও সেইরূপ সাবধানতার সহিত প্রস্তুত করা হইয়াছে। উবধীয় আফিম অবিমিশ্র অবস্থায় প্রস্তুত ও প্রেরণ করা হইয়াছে। কেবল নির্দ্দিষ্ট পরিমিত পত্র দ্বারা বাইট বান্ধা গিয়াছে। প্রত্যেক বাইটে যে পরিমাণ আফিম আবশ্যক তদনুযায়ী তাহা রক্ষিত হইয়াছে বারানসী ও বেহার হইতে যে ওজনের উবধীয় আফিম গাঁইটবন্দী করিয়া সিন্দুকযাত করা হইয়াছে এবং তাহা কলিকাতায় পৌঁছিয়া গড়ে কত ওজনে পরিণত হইয়াছে তাহা তুলনা করিবার হিসাব বোর্ড অব রেবিনিউয়ের জুনিয়ার সেক্রেটরির কার্য্যালয়ে আবেদন করিলে দৃষ্টি হইতে পারিবেন।

১৭ দফা। যে আফিম বিক্রয়ার্থ বিজ্ঞাপন দেওয়া হইতেছে তাহার বিশেষ পরিমাণ ও গুণ জানিবার অন্যান্য বিবরণ বোর্ড অব রিবিনিউ কার্য্যালয়ে আবেদন করিলে অবগত হওয়া যাইবেক, বাণিজ্য এ সংক্রান্ত ব্যক্তিগণ যদি তাহা অবগত হইতে অভিলাষী হন উক্ত কার্য্যালয়হইতে সময়ে সময়ে তাহার বৃত্তান্ত জ্ঞাপন [illegible] কি আফিম জাহাজে বোঝাই করিবার নিমিত্ত বিক্রয় ও ডেলিবারি দেওয়া হইলে প্রচলিত নিয়ম

নুসারে দ্রব্যের নিকৃষ্টতা ওজনের অল্পতা অথবা ঔষধীয় আফিম বিমিশ্রিত প্রভৃতির কোন প্রকার আপত্তি উপস্থিত হইলে বোর্ড তাহা গ্রাহ্য অথবা তাহার ক্ষতি পূরণের নিমিত্ত দায়ী হইবেন না।

১৮ দফা। এতদ্দ্বারা আরও সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮১৫ খ্রীষ্টাব্দের ৭ মার্চ গ্রেটব্রিটেন ও ফ্রান্সের একত্রীভূত বাণিজ্য সন্ধির যে নিয়ম পত্র লিখিত হইয়াছে তাহার ৬ প্রকরণ অনুসারে ফরাসী গবর্ণমেণ্টের ভারতবর্ষস্থ এজেণ্ট অথবা তদনুরূপ উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত নিয়োজিত কর্ম্মচারী গণের এই অধিকার আছে যে ১৮৬৭ সালের দ্বাদশ নীলামে বেহারের ও বানারসের উৎপন্ন যে সকল আফিম বিক্রয়ার্থ বিজ্ঞাপন দেওয়া হইল ইহার যে কোন নীলামের অথবা নীলাম সকলের মধ্যে যে রকমের ইচ্ছা কিয়ৎ পরিমিত আফিম প্রর্থনা করিতে পারেন। কিন্তু ইহা প্রকাশ থাকা উচিত যে ঐ প্রার্থনা গড়ে ৩০০ তিন শত সিন্দুকের অধিক হইবেক না ফরাসী গবর্ণমেণ্টের এজেণ্টগণের উচিত যে তাহার কোন নীলামের কোন প্রকারের আফিম পাইবার প্রার্থনা রাখেন তাহা অভিপ্রেত নীলামের বিজ্ঞাপন প্রকাশের দিবস হইতে ৩০ ত্রিশ দিবসের মধ্যে লিখিয়া জানাইবেন আরো ফরাসী গবর্ণমেণ্টের এজেণ্টরা এই বিজ্ঞাপন প্রকাশের পর ৩০ ত্রিশ দিবসের মধ্যে ও সমুদয় আফিম পাইবার আবেদন করিতে পারেন যদি ফরাসী গবর্ণমেণ্টের এজেণ্টরা উপরি উক্ত নির্দ্ধারিত সময়ের মধ্যে আফিম পাইবার প্রার্থনা না করেন তাহা হইলে বেহার ও বানারস উক্ত সমুদয় আফিম অর্থাৎ ৪৮,০০০ সিন্দুক বিক্রয় করা যাইবেক এবং যদি তাহার বিজ্ঞাপনোক্ত উক্ত দ্বাদশ নীলামের মধ্যগত কোন নীলামের কোন প্রকার আফিম হইতে কিয়দংশ পাইবার প্রার্থনায় আবেদন করেন অথচ টাকা দিবার নিয়মানুসারে নিরূপিত সময় মধ্যে টাকা না দেন তাহা হইলে বঙ্গদেশের গবর্ণমেণ্টে স্বীয় ক্ষমতায় ঐ রূপ ফরাসী গবর্ণমেণ্টের মূল্য দানের অন্যথা কৃত আফিম নীলাম করিতে পারিবেন তজ্জন্য নীলামের উপস্থিত পরিমাণ বৃদ্ধি করিয়া সেই দিনেই অথবা অন্য এক দিন ধার্য্য করিয়া প্রকাশ্যরূপে বিক্রীত হইতে পারিবেক।

		সিন্দুক
বেহার	... ...	২৪,০০০
বানারস	... ..	২৪,০০০
একুন		৪৮,০০০

পূর্ব্বোল্লিখিত একত্রীভূত সন্ধির নিয়ম পত্র ষষ্ঠ প্রকরণ।

আফিমের বাণিজ্য সম্পর্কে উভয় নিয়মবদ্ধ সম্প্রদায় মধ্যে এই নিয়ম হইতেছে যে এই দ্রব্যের প্রত্যেক সাময়িক নীলামের সময় ফরাসি গবর্ণমেণ্টের এজেণ্ট অথবা তদুপোযুক্ত কোন নিয়োজিত কর্ম্মচারীর প্রার্থন ক্রমে উক্ত গবর্ণমেণ্টের মহামান্য খ্রীষ্টীয়ান সম্রাটের নামে কিয়ৎ পরিমিত আফিম রওয়ানা দেওয়া হইবেক এই স্থানে ইহা প্রকাশ থাকুক যে প্রতিবৎসর ৩০০ সিন্দুকের অধিক আফিমের নিমিত্ত ঐরূপ প্রার্থনা করা হইবেক না প্রত্যেক সাময়িক নীলামের বিক্রয় আফিমের যে গড় মূল্য হইবেক তদনুসারে তাহার মূল্য লওয়া হইবেক না সম্রাটের এজেণ্টগণ যত আফিমের নিমিত্ত প্রার্থনা করিবেন তৎসমুদয় যদি রওয়ানার নির্দ্দিষ্ট সময় মধ্যে ফেরেঞ্চ গবর্ণমেণ্টের নিমিত্ত গ্রহণ করিতে না পারেন তাহা হইলে কথিত ৩০০ সিন্দুক হইতে সেই পরিমিত আফিম হ্রাস হইয়া গেলে এইরূপ বিবেচনা করা যাইবেক না আফিম বিক্রয়ার্থ গবর্ণমেণ্ট গেজেটে বিজ্ঞাপন প্রকাশিত হইলে তাহার ৩০ ত্রিশ দিনের মধ্যে উক্ত প্রকার আফিম পাইবার নিমিত্ত কলিকাতার গবর্ণর জেনরল বাহাদুরের নিকট আবেদন করিতে হইবেক।

বোর্ড অফ রেবিনিউয়ের আজ্ঞাক্রমে,
R. L. Mangles, *Offg. Junior Secretary.*

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

TO BE SOLD

To the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Monday, the 10th day of December 1866, at the hour of 12 o'clock, noon, the Rights and Interests of the Defendent Rajah Pudonabh Deb of Killah Aul, in the said Killah of Aul, in satisfaction of certain Decrees held by Peary Deyee Plaintiff, and execution of which has been taken out against him.

The Killah in question is a fixed Tributary estae, the permanent Jumma of which is Rupees 28,139-2-7 per annum.

Twenty-five (25) per cent on the amount bid, will be required to be paid in at the time of purchase, and the balance within a fortnight from the date of Sale.

W. Wright,
P. S. Ameen.

Cuttack, P. S. Ameen's Court,
The 19th November 1866.

বিজ্ঞাপন

এলাকে কালেক্টরি জিলা ত্রিপুরা।

পং সরাইল হিং ।৶০ ও হিং ।৴১২ গণ্ডার নীলামের দিন ১৮৬৬ ইং ২০ নবেম্বর ধার্য্য হইয়া ঐ সনের ২৩ অকটোবরে ১৫২১ নং গবর্ণমেণ্ট গেজেটে ছাপা হইয়াছে বাস্তবিক ঐ সকল মহালের নীলাম রহিত হইয়াছে ইতি ১৮৬৬ ইং ২ নবেম্বর।

F. G. Millett,
Collector.

জিলা নদীয়া।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৬ সালের ২৮ সেপ্টম্বর পর্য্যন্ত বাকি মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্যান্য যে দাওয়া বাকি মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে এবং চলিত আইনমতে সন ১৮৬৬ সালের ২২ ডিসেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৮ পৌষ তারিখে এ জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক সন ১৮৬৬ সাল তারিখ ২৪ নবেম্বর।

এস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

১৭ নং ডিহি আলফা পং বাগোয়ান মালিক শান্তিরাম রায়ওগয়রহ	সদর জমা ...	৫৭৮০৶৫
	পুলিস ...	৬৬৶৪
		৫৮৪৪৷৴৯
১৬৭ নং ডিহি ছুবড়া পং পাঁজনোর মালিক ঈশ্বরচন্দ্র মুস্তফীদিং	সদর জমা ...	৫৭১৯৷৷৶২
	পুলিস ...	৬২৸০
		৫৭৮২৷৶২
২১৬ নং ডিহি গোবরা পং পলাশি সেবারাম সাক্রিদিং	সদর জমা ...	১০৭৫৷৷৭
	পুলিস ...	১০৷৬
		১০৮৫৸৴১
৩৭১ নং ডিহি নাকাসীপাড়া পং বাগোয়ান শান্তিরাম রায়ওগয়রহ	সদর জমা ...	৩৮২৯৶০
	পুলিস ...	৪১৸৶৯
		৩৮৭১৶৯

টেম্পারারি বন্দোবস্তী মহাল।

২৭৬৯ নং চর নতিডাঙ্গা গোড়ভাঙ্গা পং রাজপুর মালিক নবীনচন্দ্র মুখুর্য্যা	সদর জমা ...	৬৩৭৴৮

সন ১৮৬৬ সাল তারিখ ২৩ নবেম্বর।

H. ULIOK BROWNE,
Collector.

জিলা যশোহর।

জেলা যশরের নীলামের সংবাদ।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত জেলার নি লিখিত মহাল বর্ত্তমান সনের ২৮ সেপ্টম্বর পয্যন্তর বাকী জমার নিমিত্তে সন ১৮৬৬ সালের ৮ ডিসেম্বর মোতা বেক বাঙ্গলা সন ১২৭৩ সালের ২৪ অগ্রহায়ন রোজ শনিবার জেলা মজকুরের কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ সাল তারিখ ১৫ নবম্বর।

দ্বিতীয় শ্রেণীর মেয়াদি বন্দবস্ত হওয়া মহাল।

তৌজির নম্বর	মহালের নাম ও পরগনা ও মালেকের নাম	সদর জমা	
৫৮	চাঁদখালী মোং সুন্দরবন বন্দবস্তগৃহীতা ৺ রামচন্দ্র ঠাকুর দিগর সেবাইত উমানাথ চৌধুরী মেয়াদ ইং ১২৬১ নাং ১২৭৪ সাল আবাদকারি স্বত্ব।	১১৯০৸০	৪৪২৬ নং চক খড়িয়া ভেমশ খালির কিস্তিবন্দীর লিখিত ম ২৭৮৭৭ টাকা আদায় নিমি এই মহাল কিস্তিবন্দী দস্তা উম নাথ চৌধুরীর যে স্বত্ব ও লভ আছে তাহা নীলাম হইবেক।
৬৯২১	মোং সুন্দরবন পং সিলমাবাদ চক বাঁশবাড়িয়া বন্দবস্ত-গৃহীতা দুর্গাচরণ বন্দপাধ্যায়দিগর ইং ১২৬৫ নাং ১২৮৪ সাল ১২৭৩ সাল রসদ পুরা আবাদকারি স্বত্ব।	১৫৬২৶০	
৪৯২২	মোং ঐ পং ঐ চক গাজিরঘাট বন্দবস্তগৃহীতা রাম-কানাই গুরুদিগর ১২৬৫ সালহইতে ৯৯ বৎসর আ-বাদকারি স্বত্ব।	৮৯১৸৶৩	

J. MONRO,
Offg. Collector.

BURDWAN MUNICIPALITY.

BYE-LAWS UNDER ACT III. (B. C.) OF 1864.

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. EACH quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say:—

The instalment payable on account of the quarter ending	31st July	May be levied on and after	1st May.
	,, Oct.		,, Aug.
	,, Jan.		,, Nov.
	30th April.		,, Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or their Secretary, if there be one, to the subordinate officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to shew this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rates and taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

[*Government Gazette, 27th November* 1866.]

বর্দ্ধমান মিউনিসিপলিটী।

১৮৬৪ সালের ৩ আইন সম্পর্কীয় অতিরিক্ত নিয়ম।

যে সময়ে ও যে প্রকারে রেট ও টাকস আদায় করিতে হইবে তাহার নিয়ম।

১। উক্ত আইনের লিখিত রেট এবং টাকস ত্রৈমাসিক কিস্তিমতে আদায় হইবে। যে তিন মাসের জন্য ঐ কিস্তির টাকা দেয় হইবেক তাহার আরম্ভেই দেনা গণ্য করা যাইবেক এবং তাহার আরম্ভের পর যে কোন সময়ে হউক ঐ টাকা আদায় করা যাইতে পারিবেক। অর্থাৎ

৩১ জুলাই	এই২ তারিখের শেষে যে২ কিস্তি দেনা হয় তাহা।	১ মে	তারিখে কি তাহার পর কোন সময়ে আদায় করা যাইবেক।
৩১ অকটোবর		১ আগষ্ট	
৩১ জানুআরি		১ নবেম্বর	
৩০ আপ্রেল		১ ফেব্রুআরি	

২। উক্ত আইনের ২৯ ও ৩৯ ধারার বিধানমতে যে সকল লিষ্টি প্রস্তুত হয় তাহাহইতে তহসীলকারী কর্ম্মচারী ৪৪ ধারার নির্দ্দেশমত বিল তৈয়ার করিবে। ঐ রূপ বিল প্রস্তুত হইলে কমিস্যনরদিগের অথবা তাহারদের সম্পাদক থাকিলে তাহার দস্তখৎ যুক্তে টাকস মহকুমায় অধস্তঃ কর্ম্মচারিদিগকে দেওয়া যাইবে ও তাহারা পশ্চাৎ নির্দ্দিষ্ট প্রকারে বিলের লিখিত ব্যক্তিদিগের নিকট ঐ বিল উপস্থিত করিবে।

৩। প্রত্যেক তহসীলকারী কর্ম্মচারীকে আদায় করণের ক্ষমতাপত্র দেওয়া যাইবে ও সেই প্রকার ক্ষমতাপত্রে মিউনিসিপাল আফিসে মোহর ও সমাজপতির দস্তখৎ থাকিবে। আদায় কালীন কেহ উক্ত ক্ষমতাপত্র দেখিতে চাহিলে প্রত্যেক সরকার তাহা দেখাইতে বাধ্য হইবে।

৪। তহসীলকারি সরকার পাওনা টাকা লইয়া তাহার রসীদ দিবে।

৫। যখন কোন সম্পত্তির স্বামীর নাম জানিতে পারা না যায় তখন উক্ত আইনানুসারে কোন নোটিস, বিল কি অপর কোন হুকুম প্রচার করিতে হইলে যে সম্পত্তির উপর টাকস ধার্য্য করা যায় তাহার স্বামী বলিয়া উল্লেখ করিলেই তাহাকে বুঝিবার নিমিত্ত প্রচুর হইবে।

৬। উক্ত আইনের লিখিত কোন টাকস বা রেট আদায়ের বাবৎ কোন বিল স্বয়ং ঐ বিলের লিখিত ব্যক্তিকে দিতে হইবে, যদি ঐরূপ বিলের লিখিত ব্যক্তিকে স্বয়ং ঐ বিল দেওয়া যাইতে না পারে তবে তাহার নিয়ত বাসস্থানে রাখিয়া আসিতে হইবে এবং ঐরূপ জারী হইলেই ৪৪ ধারানুসারে জারী হওয়া গণ্য হইবে।

7. The officer to whom a bill may be issued for presentation shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

8. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall, after warning, continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

9. Every owner, occupier, or other person, shall permit the Commissioners, or any one appointed by them under a written authority, for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners or any person duly authorized by them in making such entry and inspection shall be liable to a fine not exceeding Rupees 20.

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall,

৭। দিবার জন্য বিল যে সরকারের জিম্মা করা যায় সে বিল দিবার কালীন কি বিল দিবার সময়হইতে দশ দিনের মধ্যে কোন সময়ে ঐ বিলের টাকা লইবে।

৮। কমিসানরেরা আইনানুসারে যে সকল তপসীল বা রিটর্ণ তলব করিতে পারেন তাহা লিখিত হুকুম দ্বারা কোন লোকের নিকট চাহিলে তাহাকে সেই প্রকার তপসীল বা রিটর্ণ ৮১ ধারার নির্দ্দিষ্ট প্রকারে হুকুম জারী হইবার তারিখহইতে সপ্তাহের মধ্যে কমিস্যনরদিগের কাছারিতে দাখিল করিতে হইবে। যে কেহ তাহা না করিবে তাহার ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে এবং সতর্ক করিয়া দিবার পর যত দিন হুকুম তামীল না করিবেক প্রতিদিন ২৲ টাকার অনধিক দণ্ড দিতে হইবে। যে কেহ মিথ্যা বা অশুদ্ধ তপসীল বা রিটর্ণ দাখিল করিবেক তাহার ৫৲ টাকা দণ্ড হইবে। পরন্তু এই অতিরিক্ত নিয়মের কোন কথাতে দণ্ডবিধির আইনানুসারে কার্য্যের বাধা হইবেক না।

৯। কোন গাড়ীখানা বা আস্তাবলে গাড়ী কি কোন পশ্বাদি থাকা বিবেচনা হইলে ঐ গাড়ী কি পশ্বাদির উপর ৩৫ ধারামতে টাক্স ধার্য্য করণ সূর্য্যোদয়হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কোন সময়ে কমিস্যনরদিগকে কি তাহাদের দ্বারা উপযুক্ত লিখিত হুকুমানুসারে নিযুক্ত কোন লোককে ঐ গাড়ীখানা কি আস্তাবল দেখিবার জন্য বাটীর স্বামী কি বাসাদার কি অপর ব্যক্তি ছাড়িয়া দিবে। যে কোন ব্যক্তি কমিস্যনরদিগকে কি তাহারদের দ্বারা উপযুক্তমতে নিয়োজিত কোন লোককে ঐরূপ প্রবেশ করিতে কি দেখিতে না দিবে তাহার ২০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

১০। কমিসানরেরা অন্যরূপ আদেশ না করিলে উক্ত আইনানুসারে যে সকল ক্রোক হইবেক তাহা আদায়কারী কর্ম্মচারির দ্বারা করা যাইবেক এবং যে দ্রব্য ক্রোক করা যায় তাহা নীলাম হওন বা বাকীদারের নিকট বাকী আদায় হওন পর্য্যন্ত টাক্স আদায়কারী কর্ম্মচারীর জিম্মায় থাকিবে এবং তাহাকে উক্ত আইনের নির্দ্দিষ্ট সি চিহ্নিত ফারমে ক্রোক করা দ্রব্যের এক ফর্দ্দ দিতে হইবে।

১৭১ ধারা। এই অধ্যায়ের অভিপ্রায়ার্থে এদেশীয় চড়নদারের জাহাজের কোন এক বন্দর কি স্থানহইতে অন্য বন্দরে কি স্থানে যাইতে যত কাল উচিত বোধ হয় স্থানীয় গবর্ণমেণ্ট তাহা প্রকাশ করিবার ঘোষণাপত্র সময়ে২ প্রচার করিয়া গবর্ণমেণ্ট গেজেটে কিম্বা সাধারণ কোন এক সম্বাদপত্রে প্রকাশ করিবেন ইতি।

[জাহাজে যত আহারের দ্রব্য ও জল লইতে হইবে তাহার কথা।]

১৭২ ধারা। এই অধ্যায়মতে চড়নদারেরা যে বন্দরে কি স্থানে জাহাজে উঠে, তথাহইতে প্রস্থান করিবার সময়ে, ঐ জাহাজে খালাসীরদের আহারের দ্রব্য ছাড়া, চড়নদারের আহারের ও ব্যবহারের জন্যের নীচের লিখিত পরিমাণে কি হিসাবমতে উত্তম ও স্বাস্থ্যজনক দ্রব্য থাকিবে। বিশেষতঃ লক্ষিত স্থানে যাইতে অনুমান যত কাল লাগিবে তাহার এক২ সপ্তাহের নিমিত্তে এক২ জন চড়নদারের জন্যে পাঁচ গ্যালন জল। ঐ জল জলাশয়ে কি জল যে পীপাতে মিষ্ট থাকে এমত পীপাতে লইতে হইবে। আর যাইতে অনুমান যত কাল লাগিবে তাহার প্রতি সপ্তাহের

bread-stuffs to the amount of seven pounds weight to every week of the computed voyage for every such passenger: Provided always that, when any such ship shall be destined to call at a port or place in the course of her voyage for the purpose of filling up her water-casks, a supply of water at the rate before mentioned for every week of an avarage voyage to such port or place of calling shall be deemed to be a compliance with this Chapter. The provision of this Section regarding food shall be deemed to have been complied with in any case where it shall appear that, by the special authority of the Local Government, any other articles of food were substituted for the articles above enumerated as being equivalent thereto.

[Contract by passengers for supply of their own provisions.]

CLXXIII. The requirements of this Chapter respecting the supply of provisions for passengers shall not, except as to the supply of water, be applicable to any passenger who may have contracted to furnish his own provisions.

[Penalty on ships bringing excessive number of passengers from Red Sea or Persian Gulf to Indian ports.]

CLXXIV. If any ship bringing passengers from any port or place in the Red Sea or Persian Gulf to any port or place in British India shall have on board a greater number of passengers or persons than in the proportion prescribed by this Chapter, the master of such ship shall, in addition to any other penalty which he may have incurred under the provisions of this Chapter, be liable, on conviction, to a penalty not exceeding fifty Rupees for each person in excess of such proportion.

[Sections 156 to 174 not to apply to ships under contract with European States, or to mail steamers.]

CLXXV. Nothing contained in Sections 156 to 174, both inclusive, shall apply to any ship under contract with the Government of any European State, or to any sea-going steam-vessel regularly employed in the conveyance of the public mails under a contract.

Chapter 2.—Of Native Passengers in the Bay of Bengal.

[Number of Native passengers to be carried in unlicensed vessels.]

CLXXVI. No vessels shall carry Native passengers from any port or place under the Presidency of Fort St. George, or from Chittagong or from any port in the Province of Orissa, to any port or place on the eastern coast of the Bay

নিমিত্তে এক২ জন চড়নদারের জন্যে সাত পোঁও অর্থাৎ সাড়ে তিন সের চাউল কি ময়দা কি ওটমীল কি রুটী করিবার দ্রব্য। পরন্তু যদি ঐ জাহাজের লক্ষিত শেষ স্থানে যাইবার পথে জলের পীপা পূর্ণ করিবার জন্যে কোন বন্দরে কি স্থানে থামিবার মনস্থ থাকে, তবে সেই বন্দরে কি স্থানে যাইতে গড়ে যত কাল লাগে তত কালের প্রতি সপ্তাহের নিমিত্তে পূর্ব্বোক্ত হিসাবমতে জল লইলে, এই অধ্যায়মত কার্য্য হইয়াছে জ্ঞান হইবে। যদি কোন স্থলে দৃষ্ট হয় যে স্থানীয় গবর্ণমেণ্টের বিশেষ অনুমতিক্রমে পূর্ব্বের লিখিত আহারের দ্রব্যের পরিবর্ত্তে সমান প্রকারের অন্য কোন দ্রব্য লওয়া গিয়াছে, তবে আহারের দ্রব্যের বিষয়ে এই ধারার বিধানমতে কার্য্য হইয়াছে জ্ঞান হইবে ইতি।

[চড়নদারেরদের নিজ আহারের উপায় করিবার কথা।]

১৭৩ ধারা। যদি কোন চড়নদার আপনার আহারীয় দ্রব্যের উপায় করিতে নিয়ম করে, তবে সেই চড়নদারের পক্ষে জল দিবার বিধানভিন্ন আহারের দ্রব্য বিষয়ে এই অধ্যায়ের আজ্ঞা খাটিবে না ইতি।

[সুফসমুদ্র কি পারস্যোপসাগর হইতে অতিরিক্ত চড়নদারদিগকে ভারতবর্ষের কোন বন্দরে আনিলে দণ্ডের কথা।]

১৭৪ ধারা। সুফ সমুদ্রের কি পারস্যোপসাগরের কোন বন্দর কি স্থান হইতে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে কোন জাহাজে চড়নদারদিগকে আনা যায়, সেই জাহাজে এই অধ্যায়ের নির্দ্দিষ্ট যত লোককে লওয়া যাইতে পারে যদি তাহাতে অধিক জন চড়নদার কি লোক থাকে, তবে এই অধ্যায়ের বিধানমতে সেই জাহাজের কাপ্তানের অন্য যে দণ্ড হইতে পারিবে তদ্ভিন্ন ঐ হিসাবের অতিরিক্ত যত জন জাহাজে থাকে তাহারদের জনপ্রতি পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[ইউরোপের অন্তর্গত দেশের সহিত জাহাজের কি ডাকপত্রবাহক ষ্টীমরের যে চুক্তি করা যায় তৎসম্পর্কে ১৫৬ অবধি ১৭৪ পর্য্যন্ত ধারা না খাটিবার কথা।]

১৭৫ ধারা। ইউরোপের অন্তর্গত কোন দেশের কর্ত্তৃপক্ষের সহিত যে জাহাজের কোন চুক্তি হয়, কিম্বা সমুদ্রগামি যে ষ্টীমর চুক্তিক্রমে রাজকীয় পত্রাদি লইবার কার্য্যে নিয়ত নিযুক্ত থাকে সেই জাহাজের কি ষ্টীমরের প্রতি ১৫৬ অবধি ১৭৪ পর্য্যন্ত কোন ধারার কথা বর্ত্তিবে না ইতি।

২ অধ্যায়। বঙ্গোপসাগরে এদেশীয় চড়নদারদিগের কথা।

[এদেশীয় যত লোককে অনুমতিপত্র ভিন্ন কোন জাহাজে লইতে পারিবে তাহার কথা।]

১৭৬ ধারা। কোন জাহাজের অনুমতিপত্র না থাকিলে, সেই জাহাজে যত বোঝাই ধরে তাহার চারি টন প্রতি এক জনের অধিক এই২ স্থানে লইয়া যাইতে পারিবে না। অর্থাৎ মান্দ্রাজ রাজধানীর অধীন কোন বন্দর কি স্থানহইতে কিম্বা চট্টগ্রাম কিম্বা উড়িষ্যা

of Bengal, or in the Straits of Malacca, or in Ceylon; or from any port or place on the eastern coast of the Bay of Bengal, or in the Straits of Malacca, to any port or place under the Presidency of Fort St. George, or to Chittagong, or to any port in the Province of Orissa, in a proportion greater than one passenger to every four tons of the burden of such vessel without a license.

[Number of Native passengers to be carried in licensed vessels. First exception. Second exception.]

CLXXVII. No vessels shall be licensed to carry passengers on any such voyage as is specified in Section 176, in a proportion greater than one passenger to every ton of burden, nor unless the vessel has space on a deck or platform under hatches reserved for the accommodation of the passengers in the proportion of six superficial feet for every passenger, with not less than five feet clear between the upper-deck and the lower-deck or platform: Except a vessel proceeding in ballast from any part of the coast of the Gulf of Manaar or Palks' Strait to any port or place in Ceylon which may be licensed to carry a number of passengers not exceeding the proportion of two and a half to every ton of her burden, provided that the whole of the space usually allotted for cargo and not occupied by ballast, be kept for the accommodation of the passengers, and for storing the provisions and water for their use, and that the space left clear for the accommodation of the passengers on the deck or decks of the vessel be not less than four superficial feet for each passenger: And except a vessel carrying Native passengers between Chittagong and any port or place on the coast of Arracan which may be licensed to carry a number of passengers not exceeding the proportion of two and a half to every ton of her burden, subject to such regulations as the Government of Bengal may prescribe.

[Penalty on master of unlicensed vessel.

CLXXVIII. The master or tindal of any vessel which shall carry Native passengers on any such voyage as is specified in Section 176, without a license, in a proportion exceeding that laid down in Section 176, shall be liable to a fine not exceeding twenty Rupees for each passenger in excess of such proportion.

[Penalty on master of licensed vessel.]

CLXXIX. The master or tindal of any licensed vessel which shall carry on any such voyage a greater number of passengers than is specified in the license, or in which the accommodation therein required shall not be afforded,

দেশের কোন বন্দরহইতে বঙ্গোপসাগরের পূর্ব্বাঞ্চলের কি মলাকার মোহনার কি সিংহলদ্বীপের কোন বন্দরে কি স্থানে অথবা বঙ্গোপসাগরের পূর্ব্বাঞ্চলের কি মলাকার মোহনার নিকট কোন বন্দর কি স্থানহইতে মান্দ্রাজ রাজধানীর অধীন কোন বন্দরে কি স্থানে কি চট্টগ্রামে কি উড়িষ্যা প্রদেশের কোন বন্দরে ইতি।

[অনুমতিপত্রপ্রাপ্ত জাহাজে দেশীয় যত জনকে লইয়া যাইতে পারে তাহার কথা ও প্রথম ও দ্বিতীয় বর্জ্জিত কথা।]

১৭৭ ধারা। ১৭৬ ধারার নির্দ্দিষ্ট কোন স্থানে কোন জাহাজের যাইবার কি আসিবার সময়ে বোঝাই প্রত্যেক টনের প্রতি এক জনের হিসাবে লইবার অনুমতি পত্র পাওয়া যাইতে পারে, তাহার অধিক নহে। আরো সেই লোকেরদের থাকিবার জন্যে ফলকাযুক্ত তুতকে কি পরাঞ্চাতে স্থান না থাকিলে, অর্থাৎ এক জনের নিমিত্তে আড়ে দীর্ঘে ছয় ফুট স্থান না থাকিলে, ও সেই তুতক কি পরাঞ্চা অবধি উপরের তুতক পর্য্যন্ত পাঁচ ফুট না থাকিলে, চড়নদারদিগকে লইবার অনুমতি হইতে পারিবে না। কিন্তু যে জাহাজ নিলম বোঝাই লইয়া মানারের খাড়ির কি পাকের মোহনার উপকুল কোন দেশহইতে সিংহল উপদ্বীপের কোন বন্দরে কি স্থানে যাইতেছে এমত জাহাজে বোঝাইয়ের এক২ টন প্রতি আড়াই জনের হিসাবে লইবার অনুমতিপত্র পাওয়া যাইতে পারিবে। কিন্তু ইহাতে প্রয়োজন যে বোঝাই দ্রব্য রাখিবার যে সকল স্থানে নিলম না থাকে, সেই সকল স্থান চড়নদারেরদের থাকিবার জন্যে ও তাহাদের আহারীয় দ্রব্যের ও জল রাখিবার নিমিত্তে দেওয়া যায়, ও জাহাজের তুতকে এক২ জনের নিমিত্তে আড়ে দীর্ঘে চারি ফুট স্থান শূন্য থাকে, তাহার ন্যূন নহে। আরো যে জাহাজ এদেশীয় লোকদিগকে লইয়া চট্টগ্রামের ও আরাকাণের উপকূল কোন বন্দরের কি স্থানের মধ্যে যাওয়া আসা করে, সেই জাহাজে বোঝাইয়ের এক২ টন প্রতি আড়াই জনের হিসাবে লইবার অনুমতিপত্র পাওয়া যাইতে পারিবে, কিন্তু বঙ্গদেশের গর্ণবমেণ্ট যে২ বিধি করেন সেই২ বিধি মানিতে হইবে ইতি।

[জাহাজ অনুমতি পত্র না পাইলে কাপ্তানের দণ্ডের কথা।]

১৭৮ ধারা। যে২ স্থানে গমনাগমনের কথা ১৭৬ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে, যদি কোন জাহাজ অনুমতিপত্র না পাইয়া সেই২ স্থানে কি তথাহইতে ১৭৬ ধারার অবধারিত সংখ্যার অধিক এদেশীয় চড়নদারকে লয়, তবে অতিরিক্ত জন প্রতি সেই জাহাজের কাপ্তানের কি টণ্ডেলের ২০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[অনুমতিপত্র প্রাপ্ত জাহাজের কাপ্তানের দণ্ডের কথা।।

১৭৯ ধারা। জাহাজের অনুমতিপত্রে যত চড়নদার নির্দ্দিষ্ট হয় তাহার অধিক লোক যদি ঐ জাহাজে লওয়া যায়, কিম্বা এক২ জনের জন্যে যত স্থান নিরূপণের আজ্ঞা হইয়াছে যদি তত স্থান না দেওয়া যায়, তবে অধিক যত জনকে লয় কিম্বা যত জনের

shall be liable to a fine not exceeding twenty Rupees for each passenger in excess of such number, or for each passenger who is not provided with accommodation agreeably to the license.

[Government to appoint ports for shipment of passengers when the number of passengers to be carried is greater than one to every four tons of burden.]

CLXXX. Passengers in a greater number than one passenger to every four tons of the burden of any vessel shall not be shipped from the territories under the Government of Fort St. George or from the Province of Orissa, for Ceylon or the eastern coast of the Bay of Bengal, or the Straits of Malacca; or from the eastern coast of the Bay of Bengal or the Straits of Malacca for the said territories or Province, or for Chittagong, except from such ports as shall be from time to time appointed by the Local Government by an order published in the *Gazette;* and the master or tindal of any vessel who shall take on board passengers for such voyage from any other port or place in a greater proportion to the burden of the vessel than is mentioned in Section 176 shall be liable to a fine not exceeding twenty Rupees for each passenger embarked.

[Grant of licenses to vessels.]

CLXXXI. It shall be at the discretion of the Collectors of Sea Customs for the ports appointed for shipping Native passengers, or such other persons as the Local Government may from time to time appoint for the purpose, to grant licenses to vessels under this Chapter: Provided that such licenses shall not be granted, except for vessels within the exceptions in Section 177, till the vessels have been surveyed according to such directions as shall be given from time to time by the Local Government. The license shall describe the vessel, her tonnage, and rig; the number of her boats, anchors, and cables; and what instruments for the purpose of navigation she is supplied with; also the name of the owner and of the master or tindal, and the number and composition of the crew; and shall specify the number of passengers she may carry and the space to be assigned for their accommodation.

[Certain licensed passenger vessels to carry provisions according to appointed scale.]

CLXXXII. The master or tindal of any vessel licensed to carry passengers from any port in the territories under the Government of Fort St. George, or from Chittagong, or from any port in the Province of Orissa, to any port or place on the eastern coast of the Bay of Bengal, or the

সেই অনুমতিপত্রের মতে স্থান না থাকে, তাহাদের এক২ জনের নিমিত্তে ঐ জাহাজের কাপ্তানের কি টণ্ডেলের বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[জাহাজের বোঝাইয়ের চারি টন প্রতি এক জনের অধিক লইতে হইলে তাহারদের জাহাজে চড়িবার বন্দর গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিরূপণ হইবার কথা।

১৮০ ধারা। মান্দ্রাজের গবর্ণমেণ্টের অধীন দেশহইতে কিম্বা উড়িষ্যা দেশহইতে সিংহলদ্বীপে কি বঙ্গোপসাগরের পূর্ব্বকূলে কি মলাকার মোহনায় কিম্বা বঙ্গোপসাগরের পূর্ব্বকূলহইতে কি মলাকার মোহনাহইতে উক্ত দেশে কি প্রদেশে কি চট্টগ্রামে কোন জাহাজের বোঝাইয়ের চারি টন প্রতি এক২ জনের অধিক চড়নদারকে লওয়া যাইতে পারিবে না। কেবল স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ গেজেটে যে২ বন্দর নিরূপণ করেন সেই২ বন্দর হইতে অধিক লোককে লইয়া যাইতে পারিবে। ১৭৬ ধারাতে বোঝাই বুঝিয়া যে হিসাবে লোক লইবার কথা লেখা হইয়াছে যদি অন্য কোন বন্দর কি স্থানহইতে উক্ত স্থানে কোন জাহাজে অধিক লোককে লইয়া যায়, তবে জাহাজে গৃহীত সেই প্রত্যেক জনের নিমিত্তে সেই জাহাজের কাপ্তানের কি টণ্ডেলের বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[জাহাজের অনুমতিপত্র দিবার কথা।]

১৮১ ধারা। যে২ বন্দরে এদেশীয় লোকদিগকে জাহাজে লইবার অনুমতি হয়, সেই২ বন্দরে যিনি সমুদ্র স্পর্কীয় কষ্টমের কালেক্টর হন তিনি, কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্ট অন্য যে কোন লোককে সময়ে২ সেই কর্ম্মে নিযুক্ত করেন, তিনি আপন বিবেচনানুসারে এই অধ্যায়েমতে জাহাজে অনুমতিপত্র দিতে পারিবেন। কিন্তু স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ যে বিধি করেন সেই বিধিমতে ১৭৭ ধারার বর্জ্জিত জাহাজ ভিন্ন অন্য জাহাজের অবস্থার অনুসন্ধান না লওয়া গেলে, সেই অনুমতিপত্র দেওয়া যাইবে না। ঐ অনুমতিপত্রে এই২ কথা লিখিতে হইবে। অর্থাৎ জাহাজ যে প্রকারের হয ও তাহাতে কত বোঝাই ধরে ও তাহার যে প্রকারের রিঙ্গিন হয়, ও যত নৌকা ও লঙ্গর ও হামার থাকে, ও জাহাজের পথ নিরূপণের নিমিত্তে যে২ যন্ত্র থাকে ও স্বামির ও কাপ্তানের কি টণ্ডেলের নাম, ও যত জন নাবিক [illegible] তাহারা যে২ দেশাদির লোক ও সেই জাহাজে যত জনকে লইবার অনুমতি হয়, ও তাহাদের থাকিবার যত স্থান নিরূপণ হইল এই সকল কথা লিখিতে হইবে ইতি।

[চড়নদারদিগকে লইবার অনুমতিপত্র প্রাপ্ত কোন২ জাহাজের নিরূপিত হারানুসারে আহারাদি লইবার কথা।]

১৮২ ধারা। যে জাহাজ মান্দ্রাজের গবর্ণমেণ্টের অধীন দেশের কোন বন্দরহইতে কিম্বা চট্টগ্রাম কিম্বা উড়িষ্যা দেশের কোন বন্দরহইতে বঙ্গোপসাগরের পূর্ব্বকূলের কিম্বা মলাকার মোহনার কূলের কোন বন্দরে কি স্থানে, কিম্বা বঙ্গোপসাগরের পূর্ব্বকূলের কি মলাকার মোহনার কূলের কোন বন্দরহইতে মান্দ্রাজের

Straits of Malacca; or from any port on the eastern coast of the Bay of Bengal, to any port or place in the territories under the Government of Fort St. George, or to Chittagong, or to any port in the Province of Orissa, which shall proceed on such voyage not being furnished with provisions and water according to such scale as shall be laid down from time to time by an order of the Local Government published in the *Gazette*, shall be liable to a fine not exceeding twenty Rupees for each passenger in excess of the number fully supplied with provisions and water according to such scale.

[Penalty for omitting to supply passengers with prescribed allowance of food and water.]

CLXXXIII. The master or tindal of any vessel licensed to carry passengers as aforesaid, who shall wilfully and without satisfactory excuse omit to supply to every passenger the prescribed allowance of food and water, shall be liable for such omission to a fine which may extend to twenty Rupees for every passenger who has suffered privation thereby.

[Supply of provisions on board passenger ships plying to and from Ceylon.]

CLXXXIV. The master or tindal of any vessel licensed to carry passengers from any port under the Government of Fort St. George to Ceylon, or between Chittagong, and any port or place on the coast of Arracan, who shall proceed on any such voyage without having laid in a supply of water and provisions for the passengers according to a scale to be fixed by the Collector of Sea Customs for such port, or such other person as the Local Government may from time to time appoint for the purpose, and to be hung up at the Custom House of the port, shall be liable to a fine not exceeding one hundred Rupees.

[List of passengers to be signed by master. Additional passengers.]

CLXXXV. The master or tindal of any vessel licensed to carry passengers as hereinbefore provided shall sign and deliver in duplicate to the principal Officer of Customs at the place of embarkation, or such other person as the Local Government may from time to time appoint for the purpose, a list, according to the form in the third schedule to this Act, of all passengers to be conveyed in such vessel. Such Officer, after satisfying himself of the correctness of the same, and that the number of passengers authorized is not exceeded, shall countersign and return one such list to the master or tindal, to be produced to the proper Officer at the port to which the vessel is bound. Should any additional passengers engage

গবর্ণমেণ্টের অধীন দেশের কোন বন্দরে কি স্থানে কিম্বা চট্টগ্রাম কিম্বা উড়িষ্যা দেশের কোন বন্দরে লোকদিগকে লইয়া যাইবার অনুমতিপত্র প্রাপ্ত হইয়াছে ঐ জাহাজে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ গেজেটে আজ্ঞা করিয়া, যে হিসাবে আহারাদি লইবার নিয়ম করেন, সেই হিসাবে যদি না লওয়া যায়, তবে সেই হিসাবমতে যত জনের খাদ্য জল লওয়া যায় তাহার অধিক জনপ্রতি ঐ জাহাজের কাপ্তানের বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[চড়নদারদিগকে নির্দ্ধারিত পরিমাণের খাদ্য ও জল না দিবার দণ্ডের কথা।]

১৮৩ ধারা। এক২ জন চড়নদারের যত আহারীয় দ্রব্য ও জল নির্দ্দিষ্ট হইয়াছে পূর্ব্বোক্তমতে চড়নদারকে লইবার অনুমতিপত্র প্রাপ্ত কোন জাহাজের কাপ্তান কি টণ্ডেল যদি ইচ্ছাপূর্ব্বক ও উপযুক্ত কারণ না থাকিতে তত না দেন, তবে যত জনের অকুলান হইয়াছে তাহারদের প্রত্যেক জনের নিমিত্তে ঐ কাপ্তানের কি টণ্ডেলের বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[সিংহলদ্বীপে চড়নদারেরদের যে জাহাজে যাওয়া আসা হয় তাহার আহারাদির নিয়মের কথা।]

১৮৪ ধারা। কোন বন্দরে সমুদ্রসম্পর্কীয় কষ্টমের কালেক্টর সাহেব কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ অন্য যে ব্যক্তিকে সেই কর্ম্মে নিযুক্ত করেন তিনি চড়নদারেরদের নিমিত্তে জল ও আহারের দ্রব্যের যে হার নিরূপণ করেন, মান্দ্রাজের গবর্ণমেণ্টের অধীন কোন বন্দরহইতে চড়নদারদিগকে সিংহলদ্বীপে লইয়া যাইবার কিম্বা চট্টগ্রাম ও আরাকান দেশের সমুদ্র কূলের কোন বন্দরের কি স্থানের মধ্যে লইয়া যাইবার অনুমতিপত্র প্রাপ্ত কোন জাহাজের কাপ্তান কি টণ্ডেল যদি জাহাজে সেই হারানুসারে জল ও আহারীয় দ্রব্য না লন, তবে তাঁহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। যে হারানুসারে জল ও আহারের দ্রব্য লইতে হইবে তাহার ফর্দ্দ ঐ বন্দরের কষ্টম হৌসে টাঙ্গান থাকিবে ইতি।

[চড়নদারেরদের নামের ফর্দ্দে কাপ্তানের স্বাক্ষর করিবার কথা ও অধিক চড়নদারকে লইবার কথা।]

১৮৫ ধারা। পূর্ব্বের লিখিত বিধানমতে যে জাহাজ চড়নদারদিগকে লইবার অনুমতিপত্র প্রাপ্ত হয় সেই জাহাজে যত জন চড়নদারকে লওয়া যায় ঐ জাহাজের কাপ্তান কি টণ্ডেল এই আইনের তৃতীয় তফসীলের পাঠে তাহারদের নামের দোকর ফর্দ্দ লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া ঐ চড়নদারেরদের জাহাজে উঠিবার স্থানে যিনি কষ্টমের প্রধান কার্য্যকারক হন তাঁহাকে কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্ট অন্য যে ব্যক্তিকে সময়ে২ সেই কর্ম্মে নিযুক্ত করেন তাঁহাকে দিবেন। ও সেই ফর্দ্দ ঠিক আছে ও যত জন চড়নদারকে লইবার অনুমতি হইল তাহার অধিক লওয়া যায় নাই ইহা তদ্বোধমতে জানিলে, সেই কার্য্যকারক সাহেব ঐ দুই ফর্দ্দেতে স্বাক্ষর করিয়া ঐ কাপ্তানকে কি টণ্ডেলকে এক ফর্দ্দ ফিরিয়া দিবেন। ও জাহাজ যে বন্দরে যাইবে সেই বন্দরে পঁহুছিলে,

to proceed by such vessel after such list has been so countersigned, the master or tindal may insert their names in the original list, obtaining the signature of the controlling Officer as before. The Officer in charge of the Customs may withhold the Port-Clearance till this rule is complied with.

[Penalty for bringing Native passengers into any port on the eastern coast of the Bay of Bengal from any foreign European Settlement in excess of authorized proportion.]

CLXXXVI. If any vessel bringing Native passengers into any port or place whatsoever on the eastern coast of the Bay of Bengal, from any foreign European Settlement situate on the line of coast within the limits of the Presidency of Fort St. George, shall have on board a greater number of passengers than in the proportion prescribed in Section 176, the master or tindal of such vessel shall be liable to a penalty of twenty Rupees for each passenger in excess of such proportion, unless the vessel shall have been licensed under Section 181, and shall have complied with the stipulations as regards space, water, and provisions laid down in Section 177.

[Penalty for impeding entry or inspection.]

CLXXXVII. The principal Officer in charge of the Customs at the port of embarkation or of destination, or any person authorized by him, shall be at liberty at all times to enter and inspect any passenger-vessel to which the provisions of this Chapter apply, and the fittings, provisions, and stores in such vessel; and whoever impedes such entry or inspection, or refuses to allow of the same, shall be liable to a fine not exceeding fifty Rupees.

[Penalty on landing passenger at a place other than that at which he has contracted to land.]

CLXXXVIII. If any Native passenger in any ship upon any voyage under Chapters 1, 2 and 4 of this Part shall be landed at any port or place other than the port or place at which he may have contracted to land, unless with his previous consent, or unless such landing is made necessary by perils of the sea or other unavoidable accident, the master shall, for each offence, be liable to a penalty not exceeding two hundred Rupees.

[Passengers' right of action preserved.]

CLXXXIX. Nothing in Chapters 1, 2 and 4 of this Part shall take away or abridge any right of action which may accrue to any Native

কাপ্তান কি টণ্ডেল উপযুক্ত কার্য্যকারক সাহেবের ঐ ফর্দ্দ দিবেন। ঐ ফর্দ্দেতে উক্ত প্রকারে স্বাক্ষর হইলে পর যদি অধিক কোন লোক সেই জাহাজে যাইতে নিয়ম করে, তবে কাপ্তান কি টণ্ডেল তাহারদের নাম সেই প্রকৃত ফর্দ্দে লিখিতে পারিবেন, ও তাহাতে পূর্ব্বো ক্রমতে তত্ত্বাবধারক সাহেবের স্বাক্ষর করাইবেন। কষ্টমের কর্ম্মের ভার যে সাহেবের প্রতি থাকে এই বিধিমতে যাবৎ কর্ম্ম না হয়, তাবৎ তিনি ঐ জাহাজের চলিয়া যাইবার অনুমতিপত্র না দিয়া রাখিতে পারিবেন ইতি।

[নিয়মাতিরিক্ত এদেশীয় লোককে কোন ভিন্নদেশীয় ইউরোপীয় উপনিবেশহইতে বঙ্গোপসাগরের পূর্ব্ব কূলের কোন বন্দরে আনিবার দণ্ডের কথা।]

১৮৬ ধারা। মান্দ্রাজ প্রসীডেন্সীর সীমানার অন্তর্গত সমুদ্রকূলে ইউরোপীয় যে ভিন্নদেশীয় উপনিবেশ থাকে তথাহইতে যদি কোন জাহাজে এদেশীয় কোন লোককে বঙ্গোপসাগরের পূর্ব্বাকূলের কোন বন্দরে কি স্থানে আনা যায় ও ১৭৬ ধারামতে যে হিসাবে লোক লইবার অনুমতি আছে তাহার অধিক লোক যদি সেই জাহাজে থাকে, তবে সেই অধিক প্রত্যেক জনের নিমিত্তে ঐ জাহাজের কাপ্তানের কি টণ্ডেলের বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। যদি সেই জাহাজ ১৮১ ধারানুসারে অনুমতিপত্র পাইয়া থাকে ও ১৭৭ ধারাতে স্থান ও জল ও আহারীয় দ্রব্যের যে নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে যদি সেই নিয়মমতে কার্য্য হইয়া থাকে, তবে ঐ অর্থদণ্ড লাগিবে না ইতি।

[জাহাজে উঠিবার কি পরিদর্শন করিবার বাধা দিবার দণ্ডের কথা।]

১৮৭ ধারা। এই অধ্যায়ের বিধানে চড়নদার লইবার যে জাহাজের প্রতি বর্ত্তে সেই জাহাজে উঠিবার বন্দরে ও গমনীয় স্থানের বন্দরে কর্ম্মের ভারপ্রাপ্ত প্রধান কার্য্যকারক সাহেব কিম্বা তাঁহাহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ঐ জাহাজে উঠিয়া সেই জাহাজ ও তাহাতে লোকেরদের থাকিবার স্থানের নিয়ম ও আহারাদি ও দ্রব্যসামগ্রী দেখিয়া লইতে পারিবেন ও যে কেহ জাহাজে তাঁহার উঠিবার কি তাহা দেখিয়া লইবার বাধা করে কি জাহাজে উঠিতে কি তাহা দেখিয়া লইতে না দেয় তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

[চড়নদার যে স্থানে নামিবার নিয়ম করে তদ্ভিন্ন অন্য স্থানে নামাইয়া দিবার দণ্ডের কথা।]

[illegible] ধারা। কোন জাহাজের এদেশীয় চড়নদার যে বন্দরে কি স্থানে নামিবার নিয়ম করে যদি তাহাকে তদ্ভিন্ন অন্য কোন বন্দরে কি স্থানে নামাইয়া দেওয়া যায়, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে কাপ্তানের দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু যদি সেই চড়নদারের নিজ ইচ্ছামতে নামাইয়া দেওয়া যায় কিম্বা যদি সমুদ্রের কোন বিঘ্ন কি অনিবার্য্য অন্য দুর্ঘটনা প্রযুক্ত তাহাকে নামাইয়া দেওয়া আবশ্যক হয়, তবে সেই অর্থদণ্ড বর্ত্তিবে না ইতি।

[চড়নদারেরদের নালিশ করিবার ক্ষমতা রক্ষার কথা।]

১৮৯ ধারা। জাহাজের কাপ্তানের কি স্বামির কি তাঁহার এজেন্টের সঙ্গে যে কোন নিয়ম করা যায় তাহা লঙ্ঘন হইলে কি তাহার মতে কর্ম্ম না হইলে

passenger, or to any other person, in respect of the breach or non-performance of any contract made with the master or owner of the ship or his agent.

Chapter 3.—Of forwarding certain Passengers taken off a Ship or picked up at Sea.

[Section 191, 192, 193, applicable to passengers upon certain voyages.]

CXC. The provisions contained in Sections 191, 192, 193, apply to the carriage of passengers upon the following voyages:—

Voyages from the ports of Calcutta, Madras, and Bombay, under Act No. XIII. of 1864 (*to consolidate and amend the laws relating to the emigration of Native laborers*), to the Mauritius, Jamaica, British Guiana, Trinidad, Saint Lucia, and Grenada.

Voyages from ports in British India, under Part XIV, Chapter 1, to ports in the Red Sea or Persian Gulf.

[Governors or Consuls may pay expenses of passengers taken off a passenger ship.]

CXCI. If the passengers on any such voyage as is specified in Section 190 shall be taken off from the ship carrying such passengers, or should be picked up at sea from any boat, raft or otherwise, it shall be lawful, if the port or place to which they shall be conveyed, shall be in any of Her Majesty's Colonial Possessions, for the Governor of such Colony, or for any person authorized by him for the purpose, or if in any foreign country for Her Majesty's Consular Officers at such port or place therein, to defray all or any part of the expenses thereby incurred.

[Governors or Consuls may send on passengers, if the master of the ship fail do so.]

CXCII. If any passenger of any such passenger ship as aforesaid shall, without any neglect or default of his own, find himself within any colonial or foreign port or place other than that at which he may have contracted to land, it shall be lawful for the Governor of such Colony, or for any person authorized by him for the purpose, or for Her Majesty's Consular Officer at such foreign port or place as the case may be, to forward such passenger to his intended destination, unless the master of such ship shall, within forty-eight hours of the arrival of such passenger, give to the Governor or Consular Officer, as the case may be, a written undertaking to forward or cary on within six weeks thereafter such passengers to his

এদেশীয় কোন চড়নদারের কি অন্য লোকের নালিশ করিবার যে কোন ক্ষমতা থাকে তাহা এই খণ্ডের ১, ২, ৪, অধ্যায়ের কোন কথাতে লুপ্ত কি খর্ব্ব হইবে না ইতি।

তৃতীয় অধ্যায়।

কোন জাহাজহইতে কি সমুদ্রে কোন লোককে তোলা গেলে তাহাকে প্রেরণ করিবার কথা।

[কোন২ যাত্রায় ১৯১, ১৯২, ১৯৩ ধারার কথা চড়নদারদের প্রতি বর্ত্তিবার কথা।]

১৯০ ধারা। যে ব্যক্তিরা জাহাজদ্বারা নিম্ন লিখিত স্থানের যাত্রী হন তাঁহারদের লইয়া যাওনের প্রতি ১৯১, ১৯২, ১৯৩ ধারার বিধান বর্ত্তে। বিশেষতঃ

১৮৬৪ সালের ১৩ আইন (অর্থাৎ এদেশীয় মজুরেরদের দেশান্তর গমন বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইন) মতে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইহইতে মরিচ ও জামেকা ও ব্রিটিশ গয়ানা ও ত্রিণিদাদ ও সেন্ট লুসিয়া ও গ্রেনাডাতে গমন।

১৪ খণ্ডের ১ অধ্যায়মতে ব্রিটনীয় ভারতবর্ষস্থ বন্দরহইতে লুক সমুদ্রের কি পারস্যোপসাগরের উপকূল বন্দরে গমন ইতি।

[চড়নদারকে লইবার জাহাজহইতে লোকদিগকে বাহির করিয়া লওয়া গেলে তাহারদের খরচ গবর্ণর কি কনসল সাহেবের দিবার কথা।]

১৯১ ধারা। ইহার পূর্ব্ব ধারার লিখিত কোন স্থানে গমনশীল লোকদিগকে যে জাহাজ লইয়া যাইতেছে যদি সেই জাহাজহইতে বাহির করিয়া লওয়া যায়, কিম্বা সমুদ্রে ভাসান কোন নৌকা কি ভেলা প্রভৃতিহইতে যদি তাহারদিগকে তুলিয়া লওয়া যায়, তবে যে বন্দরে কি স্থানে আনা যায় তাহা শ্রীশ্রীমতী মহারাণীর প্রজাদের উপনিবেশ হইলে তথাকার গবর্ণর সাহেব কিম্বা তাঁহাহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন সাহেব তাহারদের রক্ষাদি করিবার সকল খরচ কিম্বা সেই খরচের কোন অংশ দিতে পারিবেন, কিম্বা যদি তাহাকে ভিন্নদেশে আনা যায়, তবে সেই বন্দরে কি স্থানে শ্রীশ্রীমতীর যে কনসল সাহেব থাকেন তিনি সেই খরচ দিতে পারিবেন ইতি।

[জাহাজের কাপ্তান চড়নদারদিগকে পাঠাইতে ত্রুটি করিলে গবর্ণর সাহেবের কি কনসল সাহেবের পাঠাইবার কথা।]

১৯২ ধারা। চড়নদার লইবার পূর্ব্বোক্ত প্রকারের কোন জাহাজে কোন চড়নদার যে স্থানে যাইবার নিয়ম করিয়াছিল তাহার নিজের কোন দোষ কি ত্রুটি বিনা যদি সেই স্থানভিন্ন ব্রিটনীয়েরদের কোন উপনিবেশের কি ভিন্নদেশের বন্দরে কি অন্য কোন স্থানে নামান যায়, তবে সেই উপনিবেশের গবর্ণর সাহেব কিম্বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন সাহেব কিম্বা ভিন্নদেশীয় কোন বন্দর কি স্থান হইলে তৎস্থানীয় শ্রীশ্রীমতী মহারাণীর যে কনসল সাহেব থাকেন তিনি ঐ চড়নদারকে লক্ষিত স্থানে পঁহুছাইয়া দিতে পারিবেন। কিন্তু ঐ লোকের পঁহুছিবার পর আটচল্লিশ ঘন্টার মধ্যে যদি সেই জাহাজের কাপ্তান সাহেব ঐ গবর্ণর সাহেবকে কিম্বা বিষয়বিশেষে কনসল সাহেবকে এই মর্ম্মের লিখন দিয়া নিয়ম করেন যে ঐ কাল অবধি ছয় সপ্তাহের মধ্যে ঐ চড়নদারকে আপনার

original destination, and unless such master shall accordingly forward, or carry him on within that period.

[Expenses incurred under the two preceding Sections, to be a Crown debt. Passengers forwarded by Governor, &c., not entitled to compensation.]

CXCIII. All expenses incurred under the last two preceding Sections, or either of them, by or by the authority of such Governor or Consular Officer as aforesaid, including the cost of maintaining the passengers until forwarded to their destination, and of all necessary beddings, provisions, and stores, shall become a debt to Her Majesty and Her successors from the owner, charterer, and master of such ship, and shall be recoverable from them, or from any one or more of them, at the suit and for the use of Her Majesty, in like manner as in the case of other Crown debts; and a certificate purporting to be under the hand of any such Governor or Consular Officer (as the case may be) stating the total amount of such expenses, shall in any suit or other proceeding for the recovery of such debt be received in evidence without proof of the hand-writing, or of the official character of such Governor or Consular Officer, and shall be deemed sufficient evidence of the amount of such expenses, and that the same were duly incurred: Provided, nevertheless, that in no case shall any larger sum be recovered on account of such expenses than a sum equal to twice the total amount of passage money received by the owner, charterer, or master of such passenger ship or any of them, from or on account of the whole number of passengers who may have embarked in such ship which total amount of passage money shall be proved by the defendant if he will have the advantage of this limitation of the debt: but if any such passengers are forwarded or conveyed to their intended destination under the provision of the last preceding Section, they shall not be entitled to the return of their passage money, or to any compensation for loss of passage.

Chapter 4.—Of Coasting Passenger Steamers.

[Certificates to be furnished to coasting steam-vessels intended to carry passengers.]

CXCIV. Steam-vessels which may be intended to carry passengers on coasting voyages from or to any port or place in British India, shall before proceeding on such voyages, be furnished with certificates to be granted in the manner hereinafter provided.

প্রথম লক্ষিত স্থানে পাঠাইব কি লইয়া যাইব ও যদি সেই কাপ্তান সাহেব ঐ কালের মধ্যে তাহাকে পাঠান কি লইয়া যান, তবে, ঐ গবর্ণর কি কনসল সাহেবের তাহাকে পাঠাইতে হইবেক না ইতি।

[উক্ত দুই ধারামতে যে খরচ হয় তাহা রাজ প্রাপ্য হইবার কথা। গবর্ণর সাহেব প্রভৃতি কোন চড়নদারকে পাঠাইলে তাহার ক্ষতি পুরণের দাওয়া না করিবার কথা।]

১৯৩ ধারা। ইহার পূর্ব্ব দুই কি একতর ধারামতে উক্ত প্রকারের গবর্ণর সাহেবের কি তাঁহার আজ্ঞামতে অন্য সাহেবের কিম্বা কনসল সাহেবের যত খরচ হয় তাহা ও চড়নদারদিগকে তাহারদের লক্ষিত স্থানে যাবৎ পাঠান না যায় তাবৎ তাহারদের ভরণ পোষণের ও আবশ্যক শয্যার ও আহারীয় ও ব্যবহার্য্য দ্রব্যের খরচ ঐ জাহাজের স্বামির ও ভাড়া লওনিয়ার ও কাপ্তান সাহেবের স্থানে শ্রীশ্রীমতী মহারাণীর ও তাঁহার উত্তরাধিকারগণের পাওনা হইবে ও শ্রীশ্রীমতীর নালিশমতে ও তাঁহার কার্য্যের নিমিত্ত রাজ্যের প্রাপ্য অন্য টাকার ন্যায় তাহা ঐ স্বামিপ্রভৃতির কি তাঁহারদের কোন এক কি অধিক জনের স্থানে আদায় হইতে পারিবে। ও সেই গবর্ণর সাহেবের কিম্বা বিষয়বিশেষে কনসল সাহেবের স্বাক্ষরের কি তাঁহারদের পদস্থ থাকার কোন প্রমাণ ভিন্ন ঐ ঋণ আদায়ের কোন মোকদ্দমায় কি আদালতের অন্য কার্য্যেতে ঐ সংশিতপত্র ঐ ঋণের প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে ও সেই খরচের মোট টাকার ও সেই টাকা উপযুক্তমতে খরচ হইয়াছে ইহার প্রচুর প্রমাণ জ্ঞান হইবে। কিন্তু জাহাজে যে সকল লোক উঠিয়াছিল তাহারদের সকলের স্থান কি সকলের নিমিত্ত ঐ জাহাজের স্বামী, কি ভাড়াকারক কি কাপ্তান কি তাহারদের কোন লোক সর্ব্বসুদ্ধ পথ খরচের যত টাকা পাইলেন তাহার দ্বিগুণের অধিক টাকা সেই খরচের নিমিত্তে কখন আদায় হইবে না। ও ঐ সীমা পর্য্যন্তের টাকা আদায় হয় প্রতিবাদী যদি ইহাতে সম্মত হন, তবে সকল চড়নদারের জন্যে যত টাকা পাইয়াছেন তাহার প্রমাণ করিবেন। কিন্তু যদি সেই প্রকারের কোন চড়নদারকে ইহার পূর্ব্বের ধারার বিধানমতে লক্ষিত স্থানে পাঠান যায়, তবে সেই লোক আপনার পথ খরচের টাকা ফিরিয়া পাইতে পারিবে না কিম্বা সেই জাহাজে যাইতে পারিল না বলিয়া ক্ষতির পরিশোধে কিছু পাইতে পারিবে না ইতি।

চতুর্থ অধ্যায়।

যে ষ্টীমর চড়নদারদিগকে লইয়া সমুদ্রকূলে গমন করে তাহার কথা।

[যে ষ্টীমর সমুদ্রের কূলে২ যায় তাহার সংশিতপত্রের কথা।]

১৯৪ ধারা। যে সকল ষ্টীমর চড়নদারদিগকে লইয়া সমুদ্রের কূলে২ চলিয়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্তঃপাতি কোন বন্দর কি স্থানহইতে কোন বন্দরে কি স্থানে যায়, সেই সকল জাহাজের যাত্রার অগ্রে নিম্ন লিখিত বিধান মতে সংশিতপত্র লইতে হইবে ইতি।

[Grant and contents of such certificates.]

CXCV. Every such certificate shall be granted at the discretion of an Officer authorized to grant the same by the Local Government, and shall remain in force for the period therein specified, unless sooner revoked. The Officer so authorised shall not grant such certificate, or suffer the same to remain in force, unless he is satisfied, by inspection or survey (to be made at least twice in each year at the expense of the master or owner, and upon payment of a fee not exceeding twenty Rupees), that such steam-vessel is seaworthy and properly equipped with boats and otherwise, and that the engines and machinery are in a fit state to enable her to proceed on her voyage. The certificate shall state the limits (if any) within which the vessel is to ply, and the number of Native passengers which the vessel is permitted to carry; such number to be subject to such conditions and variations according to the time of year, the nature of the voyage, and the cargo carried, as the case requires.

[Copy of certificate to be placed in conspicuous part of steamer.]

CXCVI. The owner or master of any such steam-vessel shall put up in a conspicuous part of the ship, so as to be visible to persons on board the same, a copy of the said certificate, and shall cause it to be continued in such position so long as the certificate remains in force; and in default, such owner or master shall for each offence be liable to a fine not exceeding two hundred Rupees.

[Penalty for excess of number specified in certificate.]

CXCVII. If any such steam-vessel has on board thereof a number of passengers which, having regard to the time of the year and other circumstances, is greater than the number allowed by the certificate, the owner or master shall be liable to a fine not exceeding twenty Rupees for every passenger over and above the number allowed by the certificate.

[Penalty for proceeding without certificate.]

CXCVIII. If any such steam-vessel shall proceed on any such voyage without such certificate as aforesaid, the owner or master shall be liable to a fine not exceeding five hundred Rupees.

[Grant of certificate to be subject to control of Government.]

CXCIX. In the grant or revocation of any certificate [illegible] under Chapters 1 and 4 of this Act, the Officer [illegible] the same shall be subject

[সংশিতপত্র দেওনের ও তাহার মর্ম্মের কথা।]

১৯৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট যে কার্য্যকারক সাহেবকে তদ্রূপ কোন সংশিতপত্র দিবার ক্ষমতা দেন তাঁহার বিবেচনামতে তাহা দেওয়া যাইতে পারিবে। আর তাহাতে যে কাল লেখা থাকে যদি সেই কালের মধ্যে রহিত না করা যায়, তবে সেই কালপর্য্যন্ত প্রবল থাকিবে। সেই প্রকারের নিযুক্ত কার্য্যকারক সাহেব কুড়ি টাকার অনধিক ফী পাইলে বৎসরের মধ্যে অতিন্যূন দুইবার ঐ জাহাজের অবস্থানুসন্ধান কি পরিদর্শন করিবেন। কাপ্তান কি স্বামী তাহা করিবার ব্যয় দিবেন। আর তাহা করিয়া সেই ষ্টীমর সমুদ্রে যাইবার উপযুক্ত ও তাহার উপযুক্ত নৌকা প্রভৃতি দ্রব্য সামগ্রী আছে ও তাহার কল ও যন্ত্রাদির উপযুক্ত ভাব বুঝিয়া তাহা প্রস্তাবিত স্থানে যাইতে পারিবে যদি তদ্বোধমতে এই কথা না জানেন, তবে তিনি ঐ সংশিতপত্র দিবেন না, অথবা তাহা প্রবল থাকিতে দিবেন না। ঐ ষ্টীমরের যদি কোন বিশেষ সীমার মধ্যে যাতায়াত করিতে হয়, তবে সেই সীমা আর ঐ ষ্টীমরে দেশীয় যত জন চড়নদার লইবার অনুমতি হয় তাহা সংশিতপত্রে লেখা থাকিবে। কিন্তু বৎসরের কাল ও ষ্টীমরের যে স্থানে যাইতে হইবে ও তাহাতে যে দ্রব্য বোঝাই হয় এই সকল বুঝিয়া প্রয়োজনমতে ঐ লোক সংখ্যার নিয়ম পরিবর্ত্তন হইতে পারিবে ইতি।

[সংশিতপত্রের প্রতিলিপি ষ্টীমরের কোন প্রকাশ স্থানে লটকান থাকিবার কথা।]

১৯৬ ধারা। তদ্রূপ কোন ষ্টীমরের স্বামী কি কাপ্তান ঐ সংশিতপত্রের প্রতিলিপি ষ্টীমরের সকল লোকের দৃষ্টি গোচর স্থানে লটকাইয়া যত দিন ঐ সংশিতপত্র বলবৎ থাকে তত দিন সেই স্থানে রাখিবেন। না রাখিলে ঐ স্বামির কি কাপ্তানের ঐ প্রত্যেক অপরাধের জন্যে দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[সংশিতপত্রে যত জন লেখা আছে তাহার অধিক লইবার দণ্ডের কথা।]

১৯৭ ধারা। সংশিতপত্রক্রমে বৎসরের কাল ও অন্যান্য গতিক বুঝিয়া যত জন চড়নদারকে ষ্টীমরে লইবার অনুমতি হয় যদি তাহার অধিক জন চড়নদার সেই ষ্টীমরে থাকে, তবে সংশিতপত্রানুসারে যত জনকে লইবার অনুমতি হয় তাহার অধিক প্রত্যেক জন চড়নদারের জন্যে স্বামির কি কাপ্তানের কুড়ি টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[সংশিতপত্র বিনা যাইবার দণ্ডের কথা।]

১৯৮ ধারা। যদি তদ্রূপ কোন ষ্টীমর উক্তপ্রকারের সংশিতপত্র না পাইয়া পূর্ব্বোক্তমতে যাত্রা করে, তবে স্বামির কি কাপ্তানের পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[ঐ সংশিতপত্র দেওন কার্য্যের উপর গবর্ণমেণ্টের কর্তৃত্ব থাকিবার কথা।]

১৯৯ ধারা। যে কার্য্যকারক সাহেব ঐ সংশিতপত্র দেন তিনি এই [illegible] ১ ও ৪ অধ্যায়ের কোন সংশিতপত্র দেওনের কি অন্যথা করণের কার্য্যেতে স্থানীয়

to the control of the Local Government, or of any intermediate authority which that Government may appoint.

PART XV.

Of Procedure.

[Depositions to be received in evidence when witnesses cannot be produced. Proviso.]

CC. Whenever, in the course of any legal proceedings instituted at any port or place in British India before any Judge or Magistrate, or before any person authorized by law or by consent of parties to receive evidence, the testimony of any witness is required in relation to the subject matter of such proceeding, any deposition that such witness may have previously made in relation to the same subject matter before any Justice or Magistrate in Her Majesty's Dominions (including all parts of British India other than those subject to the same Local Government as the port or place where such proceedings are instituted), or any British Consular Officer elsewhere, shall, if authenticated by the signature of the Justice, Magistrate, or Consular Officer, be admissible in evidence on due proof that such witness cannot be found within the jurisdiction of the Court in which such proceedings are instituted: Provided that, if the proceeding is criminal, such deposition shall not be admissible unless it was made in the presence of the person accused, and the fact that it was so made is certified by the Justice, Magistrate, or Consular Officer. It shall not be necessary in any case to prove the signature or official character of the person appearing to have signed any such deposition: and in any criminal proceeding, such certificate as aforesaid shall, unless the contrary is proved, be sufficient evidence of the accused having been present in manner thereby certified.

[Adjudication of offences, and recovery of penalties.]

CCI. All offences under this Act, made punishable by any penalty, may be prosecuted summarily before a Magistrate or any person exercising the powers of a Magistrate. The

গবর্ণমেণ্টের কিম্বা ঐ গবর্ণমেণ্ট অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার অধীন হইবেন ইতি।

পঞ্চদশ খণ্ড।

কার্য্য প্রণালীর বিধি।

[সাক্ষিদিগকে উপস্থিত করা যাইতে না পারিলে তাহাদের লিখিত উত্তর প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবার কথা। ও উপবিধি।]

২০০ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে কোন জজ সাহেবের কি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে কিম্বা আইনমতে কি উভয় পক্ষের সম্মতিক্রমে যিনি প্রমাণ লইবার ক্ষমতাপন্ন হন তাঁহার সম্মুখে যে কোন মোকদ্দমা উপস্থিত করা যায় তাহা চলিবার সময়ে যে বিষয় লইয়া মোকদ্দমা হয় তৎসম্পর্কীয় কোন সাক্ষির সাক্ষ্যের প্রয়োজন হইলে যে আদালতে ঐ মোকদ্দমা উপস্থিত থাকে যদি সেই আদালতের আধিপত্যের মধ্যে ঐ সাক্ষিকে পাওয়া যাইতে না পারিবার উপযুক্ত প্রমাণ হয়, তবে ঐ সাক্ষী শ্রীশ্রীমতী মহারাণীর দেশের অন্তঃপাতি (অর্থাৎ, ঐ মোকদ্দমা যে বন্দরে কি স্থানে উপস্থিত করা গিয়াছে তাহা যে স্থানের গবর্ণমেণ্টের অধীন থাকে তদ্ভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন স্থানের অন্তঃপাতি) কোন জষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে কিম্বা অন্য কোন স্থানে ব্রিটনীয় কনসলের সম্মুখে সেই বিষয়ের যে কোন উত্তর দিয়া থাকে, তবে তাহাতে ঐ জষ্টিসের কি মাজিষ্ট্রেট সাহেবের কি কনসল সাহেবের স্বাক্ষর থাকিলে সেই উত্তর প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবে। পরন্তু যদি ফৌজদারী মোকদ্দমা হয়, তবে যাহার নামে নালিশ উপস্থিত করা যায় তাহার সাক্ষাতে ঐ উত্তর না লওয়া গেলে ও তাহা লওয়া গিয়াছে ঐ জষ্টিস কি মাজিষ্ট্রেট কি কনসল সাহেব এই কথার সংশিতপত্র লিখিয়া না দিলে ঐ উত্তর প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে না। ঐ উত্তরেতে যে লোকের স্বাক্ষর দেখা যায় ঐ স্বাক্ষর তাঁহারই এই কথার কি তদীয় পদের প্রমাণ করিবার কখন আবশ্যক হইবে না। ও ফৌজদারী মোকদ্দমায় অভিযুক্ত ব্যক্তির অনুপস্থিতির প্রমাণ না হইলে সেই ব্যক্তি ঐ সংশিতপত্রানুসারে উপস্থিত ছিল ঐ সংশিতপত্রই ঐ কথার প্রচুর প্রমাণ হইবে ইতি।

[অপরাধের বিচার ও অর্থদণ্ড আদায় হইবার কথা।]

২০১ ধারা। এই আইনমতে যে সকল অপরাধের অর্থদণ্ড হইতে পারে তাহার নালিশ সরাসরীমতে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারক অন্য সাহেবের সম্মুখে করা যাইতে

provisions of Act No. XIII. of 1856, relating to the adjudication of fines and penalties, and the enforcing payment thereof, shall apply to penalties imposed under this Act in the towns of Calcutta, Madras, and Bombay.

[Wages, penalties, &c., payable by master or owner, may be levied by distress of ship.]

CCII. In all cases where any Court or Magistrate has power to make an order directing payment to be made of any seamen's wages, penalties, or other sums of money, than if the party so directed to pay the same is the master or owner of a ship, and the same is not paid at the time and in manner prescribed in the order, the Court or Magistrate who made the order may in addition to any other powers which such Court or Magistrate may have for the purpose of compelling payment, direct the amount remaining unpaid to be levied by distress and sale of the said ship, her tackle, furniture, and apparel.

[Jurisdiction.]

CCIII. For the purpose of the adjudication of penalties under Chapters 1, 2 and 4 of Part XIV., any offence shall be deemed to nave been committed within the limits of the jurisdiction of the Magistrate of the place where the offender is found.

[By whom proceedings for penalties under Chapters 1, 2 and 4 of Part XIV. to be instituted.]

CCIV. The penalties to which masters and owners of ships are liable by Chapters 1, 2 and 4 of Part XIV., shall be enforced only by information laid at the instance of the Officers appointed to grant certificates under this Act, or at any port or place where there is no such Officer, by the Chief Officer of Customs.

[Application of penalties.]

CCV. Any Magistrate imposing any penalties under Chapters 1,2 and 4 of Part XIV., may, if he thinks fit, direct the whole or any part thereof to be applied in compensating any person for any wrong or damage which he may have sustained by the act or default in respect of which such penalty is imposed, or in or towards payment of the expenses of the proceedings.

[*Government Gazette*, *4th December* 1866.]

পারিবে। ১৮৫৬ সালের ১৩ আইনমতে বিচারমতে দণ্ড ও অর্থদণ্ড নির্দ্ধার্য্য ও আদায় করিবার যে বিধান আছে কলিকাতা ও বোম্বাই ও মান্দ্রাজ নগরে এই আইনমতের অর্থদণ্ডের উপর ঐ বিধান খাটিবে ইতি।

[বেতন কি অর্থদণ্ডের টাকা প্রভৃতি কাপ্তানের কি স্বামির স্থানে পাওনা হইলে জাহাজ আটক করণ দ্বারা তাহা আদায় হইবার কথা।]

২০২ ধারা। যে সকল মোকদ্দমায় কোন আদালত কি মাজিষ্ট্রেট সাহেব কোন নাবিকের বেতন কি অর্থদণ্ডের টাকা কিম্বা অন্য টাকা দিবার আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হন, সেই সকল মোকদ্দমায় যাঁহার ঐ টাকা দিতে আজ্ঞা হয় সেই ব্যক্তি যদি জাহাজের কাপ্তান কি স্বামী হন, ও সেই টাকা যদি আজ্ঞার নির্দ্দিষ্ট সময়ে ও প্রকারে না দেওয়া যায়, তবে ঐ আজ্ঞা প্রকাশক আদালতের কি মাজিষ্ট্রেট সাহেবের প্রতি ঐ টাকা বলপূর্ব্বক দেওয়াইবার জন্য যে ক্ষমতা থাকে, তদতিরিক্ত তিনি ঐ জাহাজ ও রসী কাচী পাইল দ্রব্যসামগ্রীপ্রভৃতি আটক ও বিক্রয় করিয়া, ঐ অবশিষ্ট অদত্ত টাকা আদায় হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[অধিপত্যের কথা।]

২০৩ ধারা। ১৪ খণ্ডের ১, ২, ৪, অধ্যায়মতে দণ্ডের আজ্ঞা করিবার জন্যে অপরাধিকে যে স্থানে পাওয়া যায় সেই স্থানের মাজিষ্ট্রেট সাহেবের অধিপত্যের সীমার মধ্যে অপরাধ করিয়াছে জ্ঞান হইবে ইতি।

[১৪ খণ্ডের ১, ২, ৪ অধ্যায়মতে দণ্ডজন্য নালিশ যাঁহার উপস্থিত করিতে হইবে তাঁহার কথা।]

২০৪ ধারা। ১৪ খণ্ডের ১, ২, ও ৪ অধ্যায়মতে জাহাজের কাপ্তান ও স্বামিদের যে অর্থদণ্ড হইতে পারিবে এই আইনমতে যে কার্য্যকারক সাহেবেরা সর্টিপত্র দিতে নিযুক্ত হন কেবল তাঁহারদের কিম্বা যে বন্দরে কি স্থানে সেইরূপ কার্য্যকারক না থাকেন তদ্রূপ স্থলে কষ্টমের প্রধান কার্য্যকারকের স্থানে সম্বাদ প্রাপ্ত হওয়া গেলে, ঐ অর্থদণ্ডের আজ্ঞা হইবে ইতি।

[অর্থদণ্ডের টাকা লইয়া যাহা করিতে হইবেক তাহার কথা।]

২০৫ ধারা। ১৪ খণ্ডের ১, ২, ৪ অধ্যায়মতে যে কোন মাজিষ্ট্রেট সাহেব কোন অর্থদণ্ডের আজ্ঞা করেন তিনি যদি উচিত বোধ করেন, তবে এমত আজ্ঞাও করিতে পারিবেন যে ঐ অর্থদণ্ডের আজ্ঞা যে কার্য্য কি যে ত্রুটি প্রযুক্ত হইয়াছিল তদ্দ্বারা যে লোকের কোন ক্ষতি কি অন্যায় হইয়াছে তাহার প্রতিকারের নিমিত্তে কিম্বা মোকদ্দমার কোন খরচের পরিশোধে ঐ অর্থদণ্ডের সমস্ত টাকা কি তাহার কোন অংশ দেওয়া যায় ইতি।

FIRST SCHEDULE.

NUMBER OF ACT.	TITLE OF ACT.
X. of 1841 ...	An Act for prescribing the rules to be observed in order that ships or vessels belonging to ports within the territories under the Government of the East India Company, or belonging to Native Princes or States or their subjects, may become entitled to the privileges of British ships under a proclamation of the Governor General of India in Council made in pursuance of the Statute 3rd and 4th Vic., Cap. 56.
XI. of 1850 ...	An Act to amend Act X. of 1841.
XXI. of 1858 ...	An Act for the regulation of Native Passenger ships and of steam-vessels intended to convey passengers on coasting voyages.
I. of 1859 ...	An Act for the amendment of the law relating to Merchant Seamen.
XXV. of 1859 ...	An Act to prevent the overcrowding of vessels carrying Native passengers in the Bay of Bengal.
II. of 1860 ..	An Act to amend the law relating to the carriage of passengers by sea.
XV. of 1863 ..	An Act to amend Act I. of 1859 (*for the amendment of the law relating to Merchant Seamen.*)

SECOND SCHEDULE.

TABLE A. *(See Section 50.)*

Fees to be charged for matters transacted at Shipping Offices.

1. Engagement or discharge of crews—

	Rs.	A.	P.
In Ships under 100 Tons ...	3	0	0
From 100 to 200 "	7	0	0
200 to 300 "	10	0	0
300 to 400 "	12	8	0
400 to 500 "	15	0	0
500 to 600 "	17	8	0
600 to 700 "	20	0	0
700 to 800 "	22	8	0
800 to 900 "	25	0	0
900 to 1,000 "	27	8	0
above 1,000 "	30	0	0

and so on for ships of larger tonnage, adding for every 100 tons above one thousand, two Rupees and eight annas.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ৪ ডিসেম্বর ।]

প্রথম তফসীল ।

আইনের নম্বর	আইনের নাম ।
১৮৪১ সা, ১০ আ,	ব্রিটনীয় জাহাজের প্রতি যেং বিশেষ অধিকার বর্ত্তে শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৩ ও ৪ বৎসরের ৫৬ অধ্যায় অনুসারে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ঘোষণাপত্র প্রকাশ করণদ্বারা, কোম্পানি বাহাদুরের শাসিত দেশের অন্তর্গত বন্দরের কিম্বা এদেশীয় রাজারদের কি অধিকারের কি প্রজারদের জাহাজে সেই অধিকার বর্ত্তে এই জন্যে যেং বিধি মান্য তদ্বিষয়ক আইন ।
১৮৫০ সা. ১১ আ.	১৮৪১ সালের ১০ আইন সংশোধন করিবার আইন ।
১৮৫৮ সা. ২১ আ.	এদেশীয় চড়নদারের জাহাজ ও কলের যে জাহাজ সমুদ্রের ধারেং চলিয়া চড়নদারদিগকে লইবার নিমিত্তে হয়, সেইং জাহাজের বিধি করিবার আইন ।
১৮৫৯ সা. ১ আ.	বাণিজ্য জাহাজের লোকেরদের আইন সংশোধনের আইন ।
১৮৫৯ সা. ২৫ আ.	এদেশীয় লোকদিগকে বঙ্গদেশের উপসাগরে যে জাহাজে লইয়া যায় সেই জাহাজে অত্যধিক চড়নদারকে লইয়া যাওয়া নিবারণ করিবার আইন ।
১৮৬০ সা. ২ আ.	সমুদ্রপথে লোকদিগকে লইয়া যাইবার আইন সংশোধন করিবার আইন ।
১৮৬৩ সা. ১৫ আ.	সওদাগরী জাহাজের নাবিকেরদের বিষয়ি আইন সংশোধনার্থ ১৮৫৯ সালের ১ আইন সংশোধন করিবার আইন ।

দ্বিতীয় তফশীল ।

A চিহ্নের টেবিল । (৫০ ধা দেখ)

শিপিং আফিসে যেং কর্ম্ম করা যায় তাহার ফীর কথা ।]

১ । নাবিকদিগকে ভর্ত্তি কি বিদায় করিবার নিমিত্তে ।

				টাকা ।
১০০ টনের কম বোঝাইয়ের জাহাজে			...	৩৲
১০০ অবধি ২০০ টন পর্য্যন্ত বোঝাইয়ের			...	৭৲
২০০	৩০০	ঐ	ঐ ...	১০৲
৩০০	৪০০	ঐ	ঐ ...	১২॥০
৪০০	৫০০	ঐ	ঐ ...	১৫৲
৫০০	৬০০	ঐ	ঐ ...	১৭॥
৬০০	৭০০	ঐ	ঐ ...	২০৲
৭০০	৮০০	ঐ	ঐ ...	২২॥০
৮০০	৯০০	ঐ	ঐ ...	২৫৲
৯০০	১০০০	ঐ	ঐ ...	২৭॥০
১০০০	টনের অধিক	ঐ	ঐ ..	৩০৲

সেই প্রকারে অধিক বোঝাইয়ের নিমিত্তে এক হাজার টনের উপর একং শত টন প্রতি আর আড়াই টাকা ।

2. Engagement or discharge of seamen separately, one Rupee for each seaman.

TABLE B. (*See Section* 51.)

Sums to be deducted from wages by way of partial re-payment of fees in Table A.

1. In respect of engagements and discharges of crews, upon each engagement and each discharge—

	Rs.	As.	P.
From wages of any mate, purser, engineer, surgeon, carpenter or steward	0	12	0
From wages of all others, except apprentices...	0	8	0
2. In respect of engagements and discharges of seamen separately, upon each engagement and each discharge	0	8	0

THIRD SCHEDULE.

(*See Section* 185.)

FORM.

1.	2.	3.	4.	5.	6.	7.
Name of vessel.	Name of Master.	Tons per register	Port of embarkation.	Numbers and names of passengers.	Ports at which passengers have contracted to be landed.	Date of departure.

(Signed)—————————,
Master.

(Countersigned)—————————,
Principal Officer of Customs

18. An examination shall be held once in each year, at each Zillah Station, on the last Monday in January.

19. The examination shall be conducted in English, or in the Vernacular of the District, at the option of the candidate.

20. The examination shall be held by the Zillah Judge, assisted, if he think fit, by any subordinate Judge whom he may call in.

21. Previously to each examination the Government Examiners shall prepare two written papers of questions, of which one shall be on Criminal Law and Procedure, and one on Civil Law and Procedure, and shall forward them to the Zillah Judge.

22. There shall also be a *vivâ voce* examination conducted by the Judge, assisted as abovementioned, if he think fit to call in assistance.

23. There shall be twelve questions in each paper. The number of marks to which a candidate shall be entitled for a full answer to each question shall be separately specified by the Government Examiners at the time of preparing the questions.

24. The aggregate number of marks for full answers to the whole of the twelve questions shall be 160.

25. The full number of marks for the *vivâ vôce* examination, in which candidates shall be asked at least four questions, shall be 50.

26. The written questions, and also the questions upon the *vivâ voce* examination, shall be so framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in Rule 18 of the Rules passed by the High Court, for the qualification, admission, and enrolment of Pleaders and Mookhtears

পত্র প্রেরণ করিবেন। তাহা হইলে, গবর্ণমেন্ট পরীক্ষকেরা লিখিত প্রশ্নের উত্তর সমালোচনা করিয়া ঐ উত্তরের উপলক্ষে যাঁহার নামে যত অঙ্ক পাত হইবে তাহা নিরূপণ করিয়া পূর্ব্বোক্ত বিধিমতে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে ইনি পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন ইনি হন নাই ইহা ব্যক্ত করিবেন। কিন্তু কোন পদাকাঙ্ক্ষী বাচনিক পরীক্ষা দিয়া যদি ২০ অঙ্ক পাইতে না পারেন, তবে স্থানীয় কমিটী গবর্ণমেন্ট পরীক্ষকেরদের নিকটে তাঁহার লিখিত উত্তর পাঠাইবেন না।

১৬। পরীক্ষা সমাপ্ত হইলে পর গবর্ণমেন্ট পরীক্ষকেরা হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে আপনারদের কার্য্যের রিপোর্ট অর্পণ করিবেন, তিনি গবর্ণমেন্টে তাহা পাঠাইবেন।

১৭। পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদের নাম গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হইবে।

নিম্ন শ্রেণীর প্লীডরের পরীক্ষা।

১৮। প্রতিবৎসর জানুআরি মাসের শেষ সোমবারে প্রত্যেক জিলার প্রধান নগরে পরীক্ষা হইবে।

১৯। ঐ পরীক্ষা পদাকাঙ্ক্ষির ইচ্ছামতে ইংলণ্ডীয় ভাষায় কি জিলার প্রচলিত ভাষায় হইবে।

২০। জিলার জজ সাহেব পরীক্ষা গ্রহণ করিবেন। তিনি উচিত বোধ করিলে অধীন কোন বিচার কর্ত্তাকে সহায় স্বরূপ আহ্বান করিবেন।

২১। পরীক্ষা হইবার প্রত্যেকবার পূর্ব্বে গবর্ণমেন্ট পরীক্ষকেরা লিখিত প্রশ্নের দুই পত্র প্রস্তুত করিয়া জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করিবেন। এক পত্রে ফৌজদারী আইন ও কার্য্য বিধানের ও অন্য পত্রে দেওয়ানী আইন ও কার্য্য বিধানের প্রশ্ন থাকিবে।

২২। তদ্ভিন্ন জজ সাহেব বাচনিক পরীক্ষা লইবেন ও উচিত বোধ করিলে স্বীয় সাহায্যার্থে পূর্ব্বোক্ত সহায়কে আহ্বান করিবেন।

২৩। প্রত্যেক পত্রে দ্বাদশটি প্রশ্ন থাকিবে। প্রত্যেক প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্ক পাত হইবে গবর্ণমেন্ট পরীক্ষকেরা প্রশ্ন প্রস্তুত করণ কালে তাহা নিরূপণ করিবেন।

২৪। দ্বাদশ প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে সর্ব্বসুদ্ধ ১৬০ ষাইট অঙ্ক হইবে।

২৫। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষিদিগকে চারি প্রশ্নের ন্যূন করা যাইবে না। সম্পূর্ণ উত্তরে ৫০ অঙ্ক পাত হইবে।

২৬। হাই কোর্টের সাহেবেরা পূর্ব্বোক্ত মফঃসল আদালতে প্লীডর ও মোক্তারদিগের কর্ম্মোপযোগিতার ও গ্রাহ্য হওনের ও নাম লেখাইবার যে নিয়ম প্রণয়ন করিয়াছেন তাহার ১৮ ধারাতে যে বিষয়ের উল্লেখ হইয়াছে ঐ লিখিত প্রশ্ন এবং বাচনিক পরীক্ষার প্রশ্নও এই ভাবের হইবে যে পদাকাঙ্ক্ষিদের

in Mofussil Courts abovementioned, and they shall be so prepared that a candidate may be enabled to pass by studying the Regulations, Enactments, and Text Books set opposite to the respective subjects in the said Section.

27. To be entitled to pass, a candidate must obtain 100 marks at least in each of the written papers, and 30 marks in the *vivâ voce* examination.

28. The number of marks, whether full or less than full, to which each candidate shall be entitled for his answers, as well to the written questions as upon the *vivâ voce* examination, shall be determined by the Judge with such assistance as abovementioned, if called in; and the Judge shall thereupon declare as to each candidate whether he has or has not passed the examination, and report the result to the Registrar of the High Court, who shall transmit the same to the Government.

29. The names of the successful candidates shall be published in the *Calcutta Gazette*.

EXAMINATION OF MOOKHTEARS.

30. The examination of Mookhtears, under Section 34 of the abovementioned rules passed by the High Court, shall be held by the Zillah Judge in every District. Candidates for admission as Mookhtears in Districts where there is no resident Judge will be examined by the Judge of the Zillah to which the Magistracy is subordinate.

31. The examination shall be held once in each year, on the second Monday in February, and shall be by questions in writing and *vivâ voce*.

32. The examination shall be conducted in English, or in the Vernacular of the District, at the option of the candidate.

33. Previously to each examination the Government Examiners shall prepare two written papers of questions, of which one shall be on Criminal Law and Procedure, and one on Civil Law and Procedure, and shall forward them to the Judge.

34. There shall also be a *vivâ voce* examination.

35. There shall be six questions in each paper. The number of marks to which a candidate shall be entitled for a full answer to each question shall be separately specified by the Government Examiners at the time of preparing the questions.

36. The aggregate number of marks for full answers to the whole of the six questions shall be 160.

37. The full number of marks for the *vivâ voce* examination, in which candidates shall be asked at least four questions, shall be 50.

38. The written questions, and also the questions upon the *vivâ voce* examination, shall be so framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in Rule 34 of the aforesaid Rules.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৪ ডিসেম্বর।]

সেই২ বিষয়ের জ্ঞানানুভূতি হয় ও সেই প্রশ্ন এমন প্রস্তুত করিতে হইবে যে উক্ত ধারার নির্দ্দিষ্ট বিষয়ের পার্শ্বে যেং আইন ও বিধান ও পুস্তকের উল্লেখ হইয়াছে তাহা আলোচনা করিলে পদাকাঙ্ক্ষী উত্তীর্ণ হইতে পারেন।

২৭। লিখিত প্রত্যেক পত্রোপলক্ষে পদাকাঙ্ক্ষির নামে ১০০ অঙ্ক ও বাচনিক পরীক্ষোপলক্ষে ৩০ অঙ্কপাত না হইলে তিনি উত্তীর্ণ হইবেন না।

২৮। লিখিত প্রশ্নের এবং বাচনিক পরীক্ষার উত্তরের উপলক্ষে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে সম্পূর্ণ অঙ্ক কি ন্যূন অঙ্কপাত হইবে, পূর্ব্বোক্ত সভায় ব্যক্তি আহূত হইলে জজ সাহেব তাঁহার সহায়তাতে এই কথা নিরূপণ করিবেন, এবং প্রত্যেক পদাকাঙ্ক্ষির বিষয়ে ইনি উত্তীর্ণ হইয়াছেন, ইনি হন নাই ইহা ব্যক্ত করিয়া হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে ঐ পরীক্ষার ফলের রিপোর্ট করিবেন। রেজিষ্ট্রার সাহেব তাহা গবর্ণমেণ্টে পাঠাইবেন।

২৯। পরীক্ষোত্তীর্ণ পদাকাঙ্ক্ষিদের নাম কলিকাতা গেজেটে প্রকাশ হইবে।

মোক্তারদের পরীক্ষা।

৩০। হাই কোর্টের সাহেবেরা পূর্ব্বোক্ত যে বিধি প্রণয়ন করিয়াছেন তাহার ৩৪ ধারামতে প্রত্যেক জিলার জজ সাহেব মোক্তারেরদের পরীক্ষা লইবেন। যে জিলাতে জজ সাহেবের নিবাস নাই যদি এমত জিলার কোন ব্যক্তি মোক্তারের পদ প্রাপণাকাঙ্ক্ষী হন, তবে ঐ স্থানের মাজিষ্ট্রেটী পদ যে জিলার অধীন সেই জিলার জজ সাহেব পরীক্ষা লইবেন।

৩১। পরীক্ষা প্রতি বৎসর ফেব্রুআরি মাসের দ্বিতীয় সোমবারে লিখিত ও বাচনিক প্রশ্নদ্বারা হইবে।

৩২। পদাকাঙ্ক্ষির ইচ্ছামতে ইংলণ্ডীয় ভাষায় কি জিলার চলিত ভাষায় পরীক্ষা হইবে।

৩৩। পরীক্ষা হইবার প্রত্যেকবার পূর্ব্বে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা লিখিত প্রশ্নের দুই পত্র প্রস্তুত করিয়া জজ সাহেবের নিকটে পাঠাইবেন। এক পত্রে ফৌজদারী আইন ও কার্য্যবিধানের, অন্য পত্রে দেওয়ানী আইন ও কার্য্য বিধানের প্রশ্ন হইবে।

৩৪। বাচনিক পরীক্ষাও হইবে।

৩৫। প্রত্যেক পত্রে ছয় প্রশ্ন থাকিবে। একং প্রশ্নের সম্পূর্ণ উত্তরের উপলক্ষে পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্কপাত হইবে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা প্রশ্ন প্রস্তুত করণ কালে তাহা নিরূপণ করিবেন।

৩৬। ছয় প্রশ্নের সম্পূর্ণ উত্তর উপলক্ষে সর্ব্বশুদ্ধ ১৬০ অঙ্ক হইবে।

৩৭। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষিদিগকে চারি প্রশ্ন করা যাইবে তাহার সম্পূর্ণ উত্তর উপলক্ষে ৫০ অঙ্ক হইবে।

৩৮। পূর্ব্বোক্ত বিধির ৩৪ ধারাতে যেং বিষয়ের উল্লেখ হইয়াছে ঐ লিখিত প্রশ্ন এবং বাচনিক পরীক্ষার প্রশ্ন এই ভাবে করিতে হইবে যে সেইং বিষয়ে পরীক্ষার্থিরদের জ্ঞানানুভূতি হয়।

39. To be entitled to pass a candidate must obtain 100 marks at least in the written paper, and 30 in the *vivâ voce* examination.

40. The number of marks, whether full or less than full, to which each candidate shall be entitled for his answers, as well to the written questions as upon the *vivâ voce* examination, shall be determined by the Judge, who shall thereupon declare as to each candidate whether he has or has not passed the examination, and report the result to the Registrar of the High Court, who shall transmit the same to the Government.

41. The names of the successful candidates shall be published in the *Calcutta Gazette.*

DECLARATION UNDER SECTION 2 OF ACT VI. OF 1857.

The 23rd November 1866.

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for the site of a public necessary, it is hereby declared that, for the above purpose, the plot of ground mentioned below, and measuring three cottahs, more or less, in the Roy Saheb's Bazar, in the city of Dacca, is required:—

BOUNDARIES.

North, Saman Baparie's house; East, a tank; South, the Roy Saheb's Bazar's Khall; West, Saman Baparie's land.

THE FOLLOWING FOUR DECLARATIONS ARE MADE UNDER SECTION 2 OF ACT VI. OF 1857.

The 26th November 1866.

Whereas is appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for the building of the Post Office of Dowlutgunge, in the District of Nuddea, it is hereby notified that a piece of land, 0*b*, 5*c*., 0*ch*. in extent, situated in Mouzah Dowlutgunge, Pergunnah Matteeree, bounded on the East by Koosh Chunder Bokhal's land; North by Mango Garden of late Sagur San, and South by public road, is required for the said purpose.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

[*Government Gazette 4th December* 1866.]

৩৯। লিখিত পত্রে ১০০ শত অঙ্কের ন্যূন ও বাচনিক পরীক্ষাতে ৩০ অঙ্কের ন্যূন হইলে পদাকাঙ্ক্ষি উত্তীর্ণ হইবেন না।

৪০। লিখিত ও বাচনিক পরীক্ষাতে প্রশ্নের উত্তরোপলক্ষে যে পদাকাঙ্ক্ষির নামে সম্পূর্ণ কি ন্যূন যত অঙ্কপাত হইবে তাহা জজ সাহেব নিরূপণ করিবেন। ও প্রত্যেক পদাকাঙ্ক্ষির বিষয়ে ইনি উত্তীর্ণ হইয়াছেন ইনি হন নাই ইহা ব্যক্ত করিয়া হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে পরীক্ষার ফলের রিপোর্ট করিবেন। তিনি গবর্ণমেণ্টে সেই রিপোর্ট প্রেরণ করিবেন।

৪১। পরীক্ষোত্তীর্ণ পদাকাঙ্ক্ষিদের নাম কলিকাতা গেজেটে প্রকাশ হইবে।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৩ নবেম্বর।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ সাধারণের পাইখানার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ঢাকা নগরে রায় সাহেবের বাজারে ন্যূনাধিক /৩ কাঠা পরিমিত নিম্ন লিখিত ভূমি খণ্ডের প্রয়োজন।

উক্ত ভূমিখণ্ডের সীমা এই,

উত্তর সীমা শ্যামা ব্যাপারির বাটী, পূর্ব্ব সীমা পুষ্করিণী, দক্ষিণ সীমা রায় সাহেবের বাজারের খাল, পশ্চিম সীমা শ্যামা ব্যাপারির ভূমি।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে নিম্ন লিখিত চারি বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

১৮৬৬ সাল ২৬ নবেম্বর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকাকীয় কার্য্যার্থে অর্থাৎ নদীয়া জিলার দৌলৎগঞ্জে ডাকঘরের বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মেটিয়ারী পরগণার দৌলতগঞ্জ মৌজায় স্থিত ।০ কাঠা পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির পূর্ব্ব সীমা কুশচন্দ্র বোখালের ভূমি, উত্তর সীমা মৃত সাগর সেনের আম্রবাগানের ভূমি, দক্ষিণ সীমা রাজপথ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for the use of the Post Office at Jhenidah, Pergunnah Mohamedshahye, in Zillah Jessore, it is hereby declared that the following plot of land in that District is required for the above purpose:—

A plot of land in village Jhenidah, area 8½ cottahs, bounded North by Jhenidah Sub-Divisional Compound; South by Police Station; East by Huro Nath Roy's land, and West by Meerjan Noskhan land.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ যশোহর জিলার অন্তর্গত মহম্মদশাহী পরগনার ঝিনিদহে ডাকঘরের ব্যবহারের জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত জিলাতে নিম্ন লিখিত ভূমি খণ্ডের প্রয়োজন।

ঝিনিদহ গ্রামে ।৩॥ কাঠা পরিমিত এক খণ্ড ভূমি, ইহার উত্তর সীমা ঝিনিদহ শাখাখণ্ডের বাটীর সীমা, দক্ষিণ সীমা পোলীস থানা, পূর্ব্ব সীমা হরনাথ রায়ের ভূমি, পশ্চিম সীমা মীরজান নোসখাঁর ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for the building of the Post Office of Chooadangah, in the District of Nuddea, it is hereby notified that a piece of land, 0*b.*, 5*c.*, 0*ch.* in extent, situated in Mouzah Chooadangah, Pergunnah Shahooajial, bounded on the North and West by Kooshum Bebee's land; East by Satkorree Mullick's land, and South by Ferry Fund Road, is required for the said purpose.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত চুয়াডাঙ্গায় ডাকঘরের বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহুআজিআল পরগনার চুয়াডাঙ্গা মৌজায় স্থিত ।০ কাঠা পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা কুসম বিবির ভূমি, পূর্ব্ব সীমা সাতকড়ি মল্লিকের ভূমি ও দক্ষিণ সীমা ফেরিফণ্ডের পথ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.* for the building of the Post Office of Ramnugger, in the District of Nuddea, it is hereby notified that a piece of land, 0*b.*, 5*c.*, 0*ch.* in extent, situated in Mouzah Ramnugger, Pergunnah Mohamedshahye, bounded on the West by Station building of the Railway Company; North, East, and South by lands of several husbandmen, is required for the said purpose.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত রামনগরে ডাকঘরের বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মহম্মদশাহী পরগনার রামনগর মৌজায় ।০ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির পশ্চিম সীমা রেলওয়ে কোম্পানির ষ্টেশন বাটী, উত্তর ও পূর্ব্ব ও দক্ষিণ সীমা নানা কৃষাণের ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

এ ইডেন।
বঙ্গ দেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৪ ডিসেম্বর।]

PUBLIC WORKS DEPARTMENT.

No. 249.

The 22nd October 1866.

NOTIFICATION.

The following Rules having reference to the undermentioned three navigable channels in the Backergunge District, *viz.*:—

1. The River Damooda connecting Rivers Balcssur and Kotcha and Kaligunga,—

2. The Cowcally River from its junction with the Kotcha and Kaligunga Rivers up to the place from where the Jallakatty Bharani Khall rises,—

3. The Jallakatty Bharani Khall from its junction with River Cowcally to its opening into the River Jallakatty, have been passed this day by the Lieutenant-Governor of Bengal under the provisions of Sections XI. and XII. of the *Canals' Act* (V. of 1864, B. L. C.):—

1. Every vessel on entering any of the above navigable channels shall be liable to measurement by the Officer in charge of the Toll Station, for the purpose of ascertaining the amount of toll to be paid.

2. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the *Canals' Act* and of these Rules, be determined by the following measurements:—

(*a.*) The product of half the length of the vessel from stem to stern, measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel is to be taken as the number of maunds upon which toll should be levied.

(*b.*) The measurement of the length is to be made in feet, rejecting inches. The measurement of the breadth and depth is to be made in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(*c.*) In calculating the amount of toll to be levied, any fraction of 100 maunds, less than fifty maunds, is to be omitted; and a fraction exceeding fifty maunds is to be charged as fifty maunds only.

3. No raft will be admitted into any of the channels in excess of fifty feet in length or five feet in breadth. No timber, bamboos, or grass will be admitted, except securely and compactly packed in the form of a raft.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

---

২৪৯ নম্বর।

১৮৬৬ সাল ২২ অক্টোবর।

বিজ্ঞাপন।

খালের আইন (বঙ্গদেশীয় ১৮৬৪ সালের ৫ আইনের) ১১ ও ১২ ধারার বিধানমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বাকরগঞ্জ জিলার অন্তর্গত নৌকার গমনীয় নিম্ন লিখিত তিন নালার বিষয়ে নিম্ন লিখিত বিধি প্রকাশ করিয়াছেন।

১। দামোদর নদ। এই নদের দ্বারা বালেশ্বর ও কোটচা ও কালীগঙ্গা নদীর সংযোগ হয়।

২। কৌখালী নদী। কোটচা ও কালীগঙ্গা নদীর সহিত ইহার সংযোগ স্থান অবধি জালাকাটী ভারণী খালের উৎপত্তি স্থান পর্য্যন্ত।

৩। কৌখালী নদীর সহিত জলাকাটী ভারণী খালের সংযোগ স্থান অবধি জলাকাটী নদীতে ইহার সঙ্গম স্থান পর্য্যন্ত।

১। প্রত্যেক নৌকা যখন উপরোক্ত কোন নালাতে প্রবেশ করে তখন দেয় মাসুল অবধারণ করণার্থে কুতঘাটের কার্য্যকারক তাহা মাপ করিতে পারিবেন।

২। বোঝাই কি খালী হউক, নৌকাতে যত মণ ধরে তাহা খালের আইনের ও এই বিধির অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত মতে পরিমাণ করণদ্বারা নিশ্চয় করা যাইবে, অর্থাৎ—

(ক) গলুই অবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত জলের রেখা ধরিয়া পরিমাণ করিলে নৌকার যে দীর্ঘতা হয় তাহার অর্দ্ধেক, ও নৌকার খোলের অতি প্রশস্ত স্থানের প্রস্থ এবং জলরেখা অবধি নৌকার তলপর্য্যন্ত গভীরতা, এই তিনের সংখ্যা পরস্পর গুণ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা মণের সংখ্যা বলিয়া সেই সংখ্যার মণের উপর মাসুল ধার্য্য করিতে হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিতে গেলে ইঞ্চি ছাড়িয়া কেবল ফুট ধরিতে হইবে, এবং প্রস্থের ও গভীরতার পরিমাণ করিতে গেলে ফুট ও ফুটের চতুর্থাংশ ধরিতে হইবে। চতুর্থাংশের ন্যূনাংশ ত্যাজ্য।

(গ) কত মাসুল লইতে হইবে ইহার হিসাব করিলে ১০০ মণের যে ভগ্নাংশ ৫০ মণের কম হয় তাহা ধরিতে হইবে না। ও ৫০ মণের অধিক যে ভগ্নাংশ তাহা কেবল ৫০ মণ ধরিতে হইবে।

৩। দীর্ঘে ৫০ ফুট ও প্রস্থে ৫ ফুটের অধিক হইলে মাড় উক্ত কোন নালায় প্রবেশ করিতে পারিবে না। মাড়ের মত দৃঢ়রূপে বান্ধা না হইলে শালাদি কাষ্ঠের কি বাঁশের কি ঘাসের মাড় নালায় প্রবেশ করিতে পারিবে না।

4. Every vessel entering any of the channels shall be furnished with a ticket on paying the prescribed toll. The ticket will specify the date of entry, the maundage of the vessel, and the amount of toll paid.

5. No vessels whatever, except such as are employed on works connected with the maintenance or improvement of the lines of channels in question, shall be exempted from paying toll.

6. Every vessel or raft which has paid toll shall be allowed three days to pass through any one of the channels, the days of entering and leaving being both included, and any vessel or raft remaining in any part of the channels longer than the period above fixed, shall, for each day in excess of such period, be charged demurrage equal to one-half of the toll paid. Every vessel or raft remaining in any one of the channels more than one month, without authority from the Supervisor, shall be subject to be summarily removed.

7. Any person infringing any of the above Rules, or wilfully interfering in their enforcement, shall be liable, under Section XI. of the Canals' Act, to a fine not exceeding 50 Rupees for any one offence.

No. 250.

The 22nd October 1866.

APPOINTMENT.

The Collector of Backergunge is appointed, under Sections VIII. and XIII. of Act V. of 1864 (B. L. C.,) Collector of Tolls and Supervisor of the Canals specified in the aforementioned Notification, with effect from the date on which the provisions of the foregoing Act came into operation on those Canals.

No. 251.

The 18th October 1866.

NOTIFICATION.

Agreeably to Section II. of the Canals' Act (V. of 1864, B. L. C.) it is hereby declared that the provisions of the said "Canals' Act, 1864," shall, from and after the 1st January 1867, apply to the under-mentioned navigable channels :—

Canal from Cuttack at Jugguthpore, on the River Beropa, to the Tidal Lock beyond Attaboa, to be called the Kendraparrah Canal.

1st Section (or from Cuttack to the Brahminee River) of the Canal from the River Beropa at Cuttack to Oolabarriah to be called the High Level Canal.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৪ ডিসেম্বর।]

৪। যে প্রত্যেক নৌকা উক্ত কোন নালায় প্রবেশ করে, নির্দ্দিষ্ট মাস্থল দিলে তাহার এক খান টিকিট দেওয়া যাইবে। প্রবেশ করণের তারিখ, যত মণী নৌকা, যত মাস্থল দেওয়া গেল তাহা ঐ টিকিটে নির্দ্দিষ্ট থাকিবে।

৫। যে সকল নৌকা উক্ত কোন নালার রক্ষা কি সৌষ্ঠব করণসম্পর্কীয় কার্য্যে নিযুক্ত হয় কেবল তাহারই মাস্থল লাগিবে না। অন্য সকল নৌকাদির মাস্থল লাগিবে।

৬। নৌকার কি মাড়ের মাস্থল দেওয়া গেলে উক্ত কোন নালায় প্রবেশ করিবার কি তাহাহইতে বাহির হইবার দিনসুদ্ধ নালায় চলিবার তিন দিনের অবকাশ দেওয়া যাইবে, ও যে নৌকা কি মাড় অধিক কাল উক্ত নালার কোন স্থানে থাকে তাহার উপর গহরী জন্য দিনপ্রতি পূর্ব্বদত্ত মাস্থলের অর্দ্ধেকের হারে মাস্থল লওয়া যাইবে। কোন নৌকা কি মাড় তত্ত্বাবধারকের অনুমতিব্যতিরেকে উক্ত কোন নালায় এক মাসের অধিককাল থাকিলে তাহা ত্বরায় বাহির করিয়া দেওয়া যাইতে পারিবে।

৭। যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত কোন বিধি লঙ্ঘন করে কি তাহার প্রবল হওয়ার নিবারণ বিষয়ে ইচ্ছাপূর্ব্বক হস্তক্ষেপ করে তবে খালের আইনের ১১ ধারামতে কোন এক অপরাধের ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

---

২৫০ নম্বর।

১৮৬৬ সাল ২২ অক্টোবর।

নিয়োগ।

বঙ্গদেশীয় ১৮৬৪ সালের ৫ আইনের ৮ ও ১৩ ধারামতে বাকরগঞ্জের কালেক্টর সাহেব পূর্ব্ব লিখিত জ্ঞাপনির নির্দ্দিষ্ট নালার মাস্থলের আদায়কারি ও তত্ত্বাবধায়ি পদে নিযুক্ত হইয়াছেন। উক্ত আইনের বিধান যে তারিখে উক্ত নালায় প্রচলিত হয়, সেই তারিখঅবধি ঐ নিয়োগ প্রবল হইবে।

---

২৫১ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অক্টোবর।

বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় ১৮৬৪ সালের ৫ আইনের অর্থাৎ খালের আইনের ২ ধারাক্রমে ইহাতে প্রকাশ করা গেল যে ১৮৬৪ সালের উক্ত খালের আইনের বিধান ১৮৬৭ সালের জানুআরি মাসের প্রথম দিবসাবধি নৌকাদির গমনীয় নিম্ন লিখিত নালার প্রতি বর্ত্তিবে।

কটকের বীরপা নদীর তীরস্থ জগৎপুরহইতে আত্তাবোয়ার জোয়ার ভাটার জলদ্বারবিশিষ্ট স্থানপর্য্যন্ত যে নালা। তাহার নাম কেন্দ্রপাড়ার নালা।

কটকের বীরপা নদী অবধি উলুবেড়িয়া পর্য্যন্ত ঐ খালের প্রথম ভাগ (কটকহইতে ব্রাহ্মণী নদী পর্য্যন্ত) হাই লেবেল নালা নামে খ্যাত হইবে।

No. 252.

The 18th October 1866.

With reference to Notification by this Department, No. 251, dated the 18th October 1866, it is hereby notified, under Section VI. of the "Canals' Act, 1864," that it is intended to levy Toll at the following Rates, and at the undermentioned places on the "Kendraparah Canal" and on the 1st Section of the "High Level Canal," from and after the 1st January 1867 :—

Schedule of Rates of Toll to be charged on the Kendraparah Canal.

DESCRIPTION.		ENTERING FROM THE EAST.					ENTERING FROM THE WEST.				
		At Tidal Lock.	At Attabos.	At Lokenathpore.	At Kendraparah.	At Mahantissi.	At Jugguthpore.	At Mahantissi.	At Kendraparah.	At Lokenathpore.	At Attabos.
		Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.
Vessels ...	₩ 100 maunds.	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5	0 8 5
Timber in rafts ...	₩ timber.	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0
Bamboos in floats ...	₩ 100 bamboos.	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0

Passenger Boats.—A charge of ¼ (a quarter) pie per head, per mile, over and above the Toll leviable from the Boats by measurement.

N. B.—This charge will be leviable from the owners of the Boats, and not from the passengers.

Schedule of the Rates of Toll to be charged on the 1st Section of the High Level Canal, or up to the Brahminee River.

DESCRIPTION.		ENTERING FROM THE NORTH.				ENTERING FROM THE SOUTH.			
		At the Brahminee River.	At Nealpore.	At Byree.	At Tomghy.	At Cuttack.	At Tomghy.	At Byree.	At Nealpore.
		Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.
Vessels ...	₩ 100 maunds.	0 6 0	0 6 0	0 6 0	0 6 0	0 6 0	0 6 0	0 6 0	0 6 0
Timber in rafts ...	₩ timber ...	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0	0 2 0
Bamboos in floats.	₩ 100 bamboos	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0	0 4 0

Passenger Boats.—A charge of a ¼ (a quarter) pie per head, per mile, over and above the Toll leviable from the Boats by measurement.

N. B.—This charge will be leviable from the owners of the Boats, and not from passengers.

[*Government Gazette, 4th December* 1866.]

২৫২ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অক্টোবর।

এই ডিপার্টমেণ্টে ১৮৬৬ সালের ১৮ অক্টোবর তারিখের ২৫১ নম্বরের যে জ্ঞাপনি প্রকাশ হইয়াছিল তদুপলক্ষে ইহাতে সম্বাদ দেওয়া গেল যে, ১৮৬৪ সালের খালের আইনের ৬ ধারামতে ১৮৬৭ সালের জানুআরি মাসের প্রথম দিবসাবধি কেন্দ্রপাড়া নালার ও হাই লেবেল নালার প্রথম ভাগের নিম্ন লিখিত স্থানে নিম্ন লিখিত হারে মাসুল আদায় করিবার অভিপ্রায় আছে।

কেন্দ্রপাড়ার খালে যে হারে মাসুল আদায় হইবে তাহার তফসীল।

বেওরা।	পূর্ব্বদিক্ হইতে নালায় গেলে।					পশ্চিমদিক্ হইতে নালায় গেলে।				
	জলঘাটে	আতাবেড়াতে	লোকনাথপুরে	কেন্দ্রাপাড়ায়	মহলিশহে	জগতপুরে	মহলিশহে	কেন্দ্রাপাড়ায়	লোকনাথপুরে	আতাবোড়াতে
নৌকাদির ১০০ মণ প্রতি ...	।।৫	।।৫	।।৫	।।৫	।।৫	।।৫	।।৫	।।৫	।।৫	।।৫
মাড়ে বন্ধ বাহাদুরী কাট প্রতি	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০
মাড়ে বন্ধ ১০০ বাঁশ প্রতি ...	।০	।০	।০	।০	।০	।০	।০	।০	।০	।০

গহনা নৌকা হইলে নৌকা মাপ করিয়া যত মাসুল আদায় হইতে পারিবে তদুপরি ও তদ্ভিন্ন প্রত্যেক জন চড়নদারের নিমিত্তে মাইল প্রতি ইংরেজী পাইর চতুর্থাংশ লওয়া যাইবে।

মন্তব্য। এই মাসুল চড়নদারদের স্থানে লওয়া যাইবে না, নৌকার স্বামির স্থানে আদায় হইবে।

হাই লেবেল খালের প্রথম ভাগে ব্রাহ্মণী নদীপর্য্যন্ত যে হারে মাসুল আদায় হইবে তাহার তফসীল।

বেওরা।	উত্তরদিক্ হইতে নালায় গেলে।				দক্ষিণদিক্ হইতে নালায় গেলে।			
	ব্রাহ্মণী নদীতে	নীলপুরে	চৈবীতে	তোলাহাতে	কটকে	তোলাহাতে	চৈবীতে	নীলপুরে
নৌকাদির ১০০ মণ প্রতি ...	।৵০	।৵০	।৵০	।৵০	।৵০	।৵০	।৵০	।৵০
মাড়ে বন্ধ বাহাদুরী কাট প্রতি ...	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০	৵০
মাড়ে বন্ধ ১০০ বাঁশ প্রতি ...	।০	।০	।০	।০	।০	।০	।০	।০

গহনা নৌকা হইলে নৌকা মাপ করিয়া যত মাসুল আদায় হইতে পারিবে তদুপরি ও তদ্ভিন্ন প্রত্যেক জন চড়নদারের নিমিত্তে মাইল প্রতি ইংরেজী পাইর চতুর্থাংশ লওয়া যাইবে।

মন্তব্য। এই মাসুল চড়নদারদের স্থানে লওয়া যাইবে না, নৌকার স্বামির স্থানে আদায় হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৪ ডিসেম্বর।]

No. 253.

The 18th October 1866.

The following draft Rules, having reference to the Kendrapara Canal and the First Section of the "High Level Canal" from Cuttack to Ooloobarriah, are hereby published under the provisions of Section XI. of the "Canals' Act, 1864," (No. V., B. L. C.) :—

I. Every vessel on entering either of the above Canals shall be liable to measurement for the purpose of ascertaining the amount of toll the vessel should pay, according to the schedule of rates authorized by Government to be charged on the Canal.

II. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the "Canals' Act, 1864," and of these Rules, be determined by the following measurements :—

(a.) The product of half the length of the vessel from stem to stern measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel, is to be taken as the number of maunds upon which toll shall be levied.

(b.) The measurement of the length is to be made in feet, rejecting inches, and the measurement of the breadth and depth in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(c.) In calculating the amount of toll to be levied on vessels exceeding 100 maunds tonnage, any fraction of 100 maunds less than 25 maunds is to be omitted; exceeding 25 and not exceeding 50 maunds, is to be charged as 25 maunds only; exceeding 50 and not exceeding 75 maunds to be charged as 50 maunds only; and exceeding 75 maunds, as 75 maunds only. Above one thousand maunds no fraction of 100 maunds tonnage is to be charged. Toll will be charged on vessels under 100 maunds tonnage on the actual measurements of the vessels, omitting fractions of tens of maunds.

III. Every vessel entering either of the above Canals shall be furnished with a ticket on paying the prescribed toll. The ticket shall specify the station at which it has been issued, the name of the person in charge of the vessel, the date the vessel entered the Canal, the point to which it may proceed in the Canal, the maundage of the vessel, the amount of toll charged, and the number of days for which the vessel may remain in the Canal, and the date of such last day. The number of days which the vessel may remain in

২৫৩ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অক্টোবর।

কটকহইতে উলুবেড়িয়াপর্য্যন্ত কেন্দ্রপাড়ার যে নালা ও হাই লেবেল নালারংযে প্রথমভাগ আছে তদুপলক্ষে নিম্নলিখিত বিধির প্রাণ্ডুলিপি ১৮৬৪ সালের খালের (বঙ্গদেশীয় ৫ আইনের) ১১ ধারার বিধানমতে প্রকাশ করা গেল।

১। কোন নৌকাদি উক্ত একতর নালাতে প্রবেশ করিলে, গবর্ণমেন্টের অনুমতিক্রমে সেই নালায় যে হারে মাস্থল আদায় হইতে পারিবে, ইহা নিরূপণ করিবার জন্যে ঐ নৌকাদি মাপ করা যাইতে পারিবে।

২। ১৮৬৪ সালের খালের আইন ও এই বিধি সকল করিবার জন্যে, খালি কি বোঝাই প্রত্যেক নৌকাতে যত মণ ধরিতে পারে তাহা নিম্ন প্রকারে মাপিয়া নিরূপণ করা যাইবে।

(ক) নৌকার পার্শ্বে জলের যে চিহ্ন আছে সেই চিহ্ন স্থানে নৌকার অগ্রভাগঅবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত যত ফুট লম্বা তাহার অর্দ্ধেক, ও ভিতরে নৌকার অতি চৌড়া স্থান যত ফুট চৌড়া ও জলের সেই চিহ্নস্থানাবধি নৌকার তলভাগ পর্য্যন্ত যত ফুট গভীর এই সকল অঙ্ক পূরণ করিয়া যে ফলিতাঙ্ক হয় নৌকাতে তত মণ ধরে বলিয়া তাহার উপর মাস্থল আদায় হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিলে কেবল ফুট ধরিতে হইবে। ইঞ্চি সকল ত্যাজ্য। প্রশস্ততার ও গভীরতার পরিমাণ গ্রহণ করিলে ফুটের চতুর্থাংশ পর্য্যন্ত ধরা যাইবে। চতুর্থাংশের ন্যূন অংশ ত্যাজ্য।

(গ) যে নৌকায় ১০০ মণের অধিক ধরে তাহার উপর যত মাস্থল আদায় করিতে হইবে ইহার হিসাব করিলে, ১০০ মণের অধিক ২৫ মণের ন্যূনাংশ ত্যাজ্য। ২৫ মণের অধিক কিন্তু ৫০ মণের অনধিক হইলে ২৫ মণের মাস্থল ধরিতে হইবে। ৫০ মণের অধিক কিন্তু ৭৫ মণের অনধিক হইলে কেবল ৫০ মণের মাস্থল ধরিতে হইবে। ৭৫ মণের অধিক হইলে কেবল ৭৫ মণ ধরিতে হইবে। যদি এক হাজার মণের অধিক হয় তবে এক২ শত মণের ন্যূনাংশের উপর মাস্থল আদায় হইবে না। যদি নৌকায় এক শত মণের কম ধরে তবে মাপ হইয়া যত মণ ধরে তাহার উপর মাস্থল ধরা যাইবে কিন্তু দশ২ মণের ন্যূনাংশ ত্যাজ্য।

৩। কোন নৌকা পূর্ব্বোক্ত কোন নালায় প্রবেশ করিয়া অবধারিত মাস্থল দিলে তাহার একখানি টিকিট দেওয়া যাইবে। টিকিট যে স্থানে দেওয়া গেল সেই স্থানের নাম, ও নৌকাদি যাহার জিম্মায় আছে সেই মাঝির নাম ও নৌকাদি যে তারিখে নালায় প্রবেশ করে সেই তারিখ ও নালায় যত দূর যাইবে, ও নৌকাদিতে যত মন ধরে, ও যত মাস্থল দেওয়া গিয়াছে ও নৌকাদি ঐ নালাতে যত দিন থাকিতে পারে ও সেই শেষ দিন যে মাসের যে তারিখ এই সকল কথা ঐ টিকিটে নির্দ্দিষ্ট হইবে। নৌকাদি অধিক মাস্থল না দিয়া নালাতে যত দিন থাকিতে

the Canal without additional payment, shall be calculated at the rate of one day for every 8 miles, for portion of 8 miles, to be traversed.

IV. Toll may be paid at the first station either for the entire number of Toll Stations on the line of navigation, or for any less number of stations.

V. The tickets thus given may be demanded for inspection by any duly authorized Canal Officer, and must be kept on board and at hand for that purpose. They must be shewn at each Toll Station the vessel has to pass, as a passport that no further payment of toll is to be demanded. The tickets shall be delivered up at the last Toll Station.

VI. Owners of vessels may compound by the payment of a fixed sum, for the use of the whole or a portion of either of the above Canals for any period that may be agreed upon, not exceeding one year. Each vessel so compounded for shall be furnished with a ticket shewing the amount of toll paid, the period for which the toll has been compounded for, and the limits of the Canal within which the vessel may pass; such ticket shall be kept on board the vessel and shall be produced when required under Rule V., but shall be given up only on the date of the expiry of the period for which granted, and at the station from whence issued.

VII. Duplicates of lost tickets, of which the numbers and the dates of entry can be satisfactorily established will be granted by Officers in charge of Toll Stations on payment of a fee of one Rupee.

VIII. Vessels remaining in the Canals for a period exceeding that allowed under Rule III. will pay a demurrage of eight annas per 100 maunds per diem for each day or part of a day that they may remain in excess.

IX. No boats above 18 feet beam over all, and no rafts or floats of more than 10 feet width and 150 in length, will be allowed to enter the Canals.

X. It will not be compulsory for the locks to be opened to single vessels of less than 500 maunds burden, except in the case of mail or despatch boats; but the locks shall be opened for the passage of boats at least twice a day.

XI. Vessels must have their masts fitted so that they can be let down with ease and speed, and when under sail, vessels must always keep in the middle of the Canal; when being tracked, vessels are, as far as practicable, to keep to their port or left side of the Canals.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৬ । ৪ ডিসেম্বর ।]

তাহার হিসাব করিবার বিধি এই, যত দূর যাইবে, তাহার আটং মাইলের প্রতি কি আট মাইলের কোন অংশ প্রতি এক দিন ধরিতে হইবে।

৪। নালার মধ্যে যত স্থানে মাসুল দিতে হইবে সেই সকল স্থানের কিম্বা তাহার মধ্যে যত ইচ্ছা তত স্থানের মাসুল প্রথম চৌকীতে দেওয়া যাইতে পারিবে।

৫। পূর্ব্বোক্ত যে টিকিট দেওয়া যায়, ঐ নালার সংক্রান্ত উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক তাহা দেখিবার জন্যে কোন সময়ে দাওয়া করিতে পারিবেন। এই জন্যে ঐ টিকিট নৌকায় সর্ব্বদা নিকটে রাখিতে হইবে। নৌকাদি প্রথম চৌকীতে মাসুল দিলে পর অন্য যে সকল চৌকীর নিকট হইয়া যায় সেইং চৌকীতে মাসুল দিতে হইবে না, ইহার প্রমাণ স্বরূপে সকল মাসুল চৌকীতে ঐ টিকিট দেখাইতে হইবে। শেষ মাসুল চৌকীতে টিকিট দিয়া ফেলিতে হইবে।

৬। নৌকাদির স্বামিরা এক বৎসরের অনধিক কোন কাল পর্য্যন্ত উক্ত নালার সমুদয় স্থানে কি কোন অংশে নৌকা চালাইবার জন্যে মাসুলের চুক্তি করিয়া লইতে পারিবেন। যে নৌকাসংক্রান্ত তদ্রূপ চুক্তি করা যায়, সেই নৌকাতে একখানি টিকিট দেওয়া যাইবে। যত মাসুল দেওয়া গেল ও যত কালের নিমিত্তে মাসুলের চুক্তি হইয়াছে, ও সেই নৌকা নালার যেং স্থানে যাইতে পাইবে, এই সকল কথা ঐ টিকিটে নির্দ্দিষ্ট থাকিবে। ঐ টিকিট নৌকাতে রাখিতে হইবে, ও ৫ ধারামতে দেখাইবার আদেশ হইলেই দেখাইতে হইবে। যত কালের চুক্তি হইয়াছে সেই কালের শেষ তারিখে যে চৌকীহইতে ঐ টিকিট পাওয়া গিয়াছিল সেই চৌকীতে তাহা ফিরিয়া দিতে হইবে।

৭। যদি কোন টিকিট হারাণ যায়, তবে তাহার নম্বর ও তাহা লিখিবার তারিখ হৃদ্বোধমতে সপ্রমাণ হইতে পারিলে মাসুল চৌকীর কার্য্যকারকেরা এক টাকা ফী লইয়া ঐ মর্ম্মের নূতন টিকিট দিবেন।

৮। নালার মধ্যে নৌকার থাকিবার যে কাল ৩ ধারাতে অবধারিত হইয়াছে, কোন নৌকা তাহার অধিক কাল থাকিলে, প্রতি দিনের কি এক দিনের কোন অংশের উপর গহরী বলিয়া ১০০/ মণ প্রতি আট আনা দিতে হইবে।

৯। কোন নৌকা সর্ব্বসুদ্ধ ১৮ ফুটের অধিক চৌড়া হইলে কিম্বা কোন মাড় দশ ফুটের অধিক চৌড়া কি ১৫০ ফুটের অধিক লম্বা হইলে নালায় যাইতে পাইবে না।

১০। নৌকার যাতায়াতের জন্যে জলদ্বার দিনে দুই বার খোলা যাইবে। যে নৌকাতে ৫০০/ মণের কম ধরে এমত কেবল একি নৌকা উপস্থিত হইলে তাহার জন্যে দ্বার অবশ্য খুলিতে হইবে এমত নয়। কিন্তু ডাকের কি ডাকীদের নৌকা হইলে খোলা যাইবে।

১১। নৌকাদির মাস্তুল এমন বসাইতে হইবে, যে অনায়াসে ও ত্বরায় নামান যায়। ও পাল তুলিয়া গেলে নৌকা সর্ব্বদা নালার মাঝখানে থাকিবে। যখন গুণ টানিয়া যায় তখন যত কাল সাধ্য তত কাল নালার বাম তীরে চলিবে।

XII. All vessels anchoring at night are to keep to their port or left bank of the Canals.

XIII. Only one vessel shall be allowed to make fast along and in a line with the Canal banks, and no vessel shall be made fast, or be placed outside of vessels so secured, without the permission of a Canal Officer. No vessel shall, however, be placed in such a position as to endanger the safety of other vessels, to obstruct their passage, or to impede the navigation: and no bamboos or poles shall be allowed to be erected on vessels when at anchor. Any infringement of this rule will be punishable by a fine not exceeding Rupees 5 for each offence.

XIV. Every vessel when put to shall be securely fastened, and shall at all times have some person in attendance on board of it. Any infringement of this rule will be punishable by a fine not exceeding Rupees 5 for each offence.

XV. In every case of wreck or obstruction of the channel by sunken vessels, the Canal Officers may call upon the person in charge of the vessel to remove the same without delay, and shall give every reasonable assistance towards so doing. But should the owner of the vessel or raft be not forthcoming, or should he not use reasonable expedition in removing the obstruction, or should he decline or fail to use proper assistance which may be offered to him by the Canal Officers, these Officers may undertake the removal of the obstruction themselves at the cost of the owner of the boat, recovering the expense in the manner laid down in Section IX. of the "Canals' Act, 1864."

XVI. If the Canal Officers be unable to ascertain the name and place of business or of abode of the owner of the cargo of any vessel or boat seized under the Canals' Act, he shall notify the seizure in the most public manner available.

XVII. In the event of any damage or injury being occasioned to the Canal works by wilfulness or negligence on the part of any person in charge of a vessel, the Canal Officers may detain the vessel within the Canal for a period not exceeding 24 hours, provided that within that period the Canal Officers shall lodge a complaint against such person in charge of the vessel before a Magistrate under Section XVI. of the Canals' Act.

XVIII. The banks or berms of the Canals shall not be used as wharves for the deposit of goods, under a penalty of 10 Rupees for each offence; but except in special cases, when the permission of the Canal Officers will be necessary, all articles shall be removed to the outer banks of the Canals, and all such articles as shall not be

[*Government Gazette, 4th December* 1866.]

১২। নৌকাদি রাত্রিতে লঙ্গর করিলে নালার বাম-তীরে লঙ্গর করিবে।

১৩। নালার তীরের পার্শ্বে কেবল এক২ নৌকা বদ্ধ হইতে পারে তদ্রূপ বদ্ধ নৌকার বহির্ভাগে নালার কার্য্যকারকের অনুমতি বিনা অন্য নৌকা বদ্ধ হইবে না ও থাকিবে না। কিন্তু যাহাতে অন্য নৌকার আপদ কি গতি রোধ কি গমন নিবৃত্তি হইতে পারে কোন নৌকা এমন ভাবে রাখিতে হইবে না। নৌকা লঙ্গর করিয়া থাকিলে কোন বাঁশ তুলিয়া রাখিতে হইবে না। এই বিধি লংঘন হইলে প্রত্যেক অপরাধের ৫৲ টাকা অর্থদণ্ড হয়।

১৪। নৌকা লাগান করিলে তাহা দৃঢ়মতে বদ্ধ করিয়া রাখিতে হইবে। ও তাহা রক্ষা করিবার জন্যে কোন ব্যক্তির সেই নৌকায় থাকিতে হইবে। এই বিধি লংঘন হইলে প্রত্যেক অপরাধের ৫৲ টাকা অর্থদণ্ড হয়।

১৫। যদি নৌকা ভগ্ন হয় কিম্বা মগ্ন নৌকাদির দ্বারা যদি নালাতে গমনাগমনের অবরোধ হয়, তবে ঐ নৌকাদি যাঁহার জিম্মায় থাকে নালার কর্ম্মকারকেরা তাঁহাকে অগোণে ঐ নৌকা স্থানান্তর করিতে আজ্ঞা করিবেন ও তাহা করিবার উপযুক্ত মতে সাহায্য করিবেন। যদি ঐ নৌকার কি মাড়ের স্বামির সন্ধান পাওয়া না যায়, কিম্বা যদি সেই ব্যক্তি ঐ প্রতিবন্ধকতা ত্বরায় স্থানান্তর করিতে উপযুক্ত উদ্যোগ না করেন, কিম্বা খালের কর্ম্মকারকেরা যথোচিত সহায়তা প্রদান করিলে যদি তদনুসারে কর্ম্ম না করেন কি করিতে শৈথিল্য করেন, তবে ঐ কর্ম্মকারকেরা স্বামিদের খরচে সেই অবরোধক দ্রব্য আপনারাই স্থানান্তর করিবেন। স্বামিরা খরচ না দিলে ১৮৬৪ সালের খালের আইনের ৯ ধারার নির্দ্দিষ্টমতে ঐ খরচ আদায় করা যাইবে।

১৬। খালের আইন অনুসারে কোন নৌকা কি পোত ধৃত হইয়া রাখা গেলে যদি খালের কার্য্যকারকেরা মালের স্বামির নাম ও কর্ম্মস্থান কি নিবাসের সন্ধান পাইতে না পারেন, তবে তিনি ঐ নৌকা ধৃত হইবার সম্বাদ সাধ্যমতে প্রকাশরূপে প্রচার করিবেন।

১৭। নৌকা যাহার জিম্মায় থাকে এমত কোন ব্যক্তির যথেষ্টাচার কি শৈথিল্যদ্বারা যদি নালা সংক্রান্ত কোন বিষয়ের ক্ষতি কি হানি হয়, তবে খালের কর্ম্মকারকেরা চব্বিশ ঘণ্টার অনধিক কাল খালের মধ্যে সেই নৌকা রাখিতে পারিবেন। কিন্তু নৌকা যাহার জিম্মায় থাকে তাঁহার নামে খালের কার্য্যকারকেরা সেই সময়ের মধ্যে খালের আইনের ১৬ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করিবেন।

১৮। খালের তীর কি তাহার নিকট স্থান মাল রাখিবার স্থান স্বরূপ ব্যবহার করিতে হইবে না। করিলে প্রত্যেক অপরাধের ১০৲ টাকার অর্থদণ্ড হয়। কোন বিশেষ গতিকে খালের কার্য্যকারকদিগের অনুমতি প্রাপ্ত হইলে পর সকল দ্রব্য খালের তীরের বহির্ভাগে লইয়া রাখা যাইতে পারিবে। তদ্রূপ যে সকল দ্রব্য ছয় দিনের মধ্যে খালের তীরের সীমার অন্তরবর্ত্তি স্থান-

finally removed from within the boundaries of the Canals within a period of six days after being so deposited, shall be liable to a charge of four annas per 100 maunds.

XIX. The Canals may be closed once a year, for effecting the necessary repairs to them, on one month's notice of the intention so to close them; but in the event of any sudden emergency, the Canals may be closed at any time without prior notice, and no claim shall be made in such case by owners of vessels or others for compensation on account of detention.

XX. All offences against the provisions of these Rules shall be punishable as provided for in Section XVIII. of the "Canals' Act, 1864," and all fines imposed may be recovered in the manner mentioned in Section XVII. of the same Act.

XXI. The term "Canal Officers" in the foregoing Rules shall include the persons alluded to in Section VIII. of the "Canals' Act, 1864," and any other persons who may be specially appointed to exercise such powers by the person appointed to collect the tolls.

No. 254.

The 18*th October* 1866.

With reference to Notification in this Department, No. 234, dated the 20th June 1865, it is hereby declared that, under Section VI. of the *Canals' Act*, 1864, the Lieutenant-Governor of Bengal has been pleased to fix the rates of toll laid down in the above Notification as the rates that are to be levied on the Midnapore Canal, and on the Balasore Canal, from the expiration of the period named in the Notification until further orders.

2. The Lieutenant-Governor of Bengal, under the power vested in him by Section VIII. of the said *Canals' Act*, 1864, hereby appoints the Agent and Manager of the East India Irrigation and Canal Company for the time being to collect tolls on the navigable channels aforesaid, *viz.*, the Midnapore Canal and the Balasore Canal until further orders.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৫ ডিসেম্বর।]

হইতে স্থানান্তর না করা যায়, তাহার উপর ১০০ ম প্রতি ।০ আনা লওয়া যাইবে।

১৯। প্রয়োজনমতে নালা সারাইবার জন্যে তাহা বৎসরে একবার বন্ধ হইতে পারিবে। বন্ধ করিবার পুর্ব্বে এক মাসের সম্বাদ দেওয়া যাইবে। কিন্তু যদি হঠাৎ অত্যাবশ্যক হয় তবে পুর্ব্বে সম্বাদ না দিয়া তাহা কোন সময়ে বন্ধ হইতে পারিবে। তাহা হইলে কোন নৌকার স্বামিগণ কি অন্যেরা নৌকাদি বন্ধ রাখিবার জন্যে ক্ষতিপুরণের দাওয়া করিতে পারিবেন না।

২০। এই বিধি উল্লংঘন দোষের দণ্ড খালের ১৮৬৪ সালের আইনের ১৮ ধারার বিধানমতে হইবে। ও অর্থদণ্ডের আজ্ঞা হইলে ঐ অর্থ ঐ আইনের ১৭ ধারার লিখিতমতে আদায় হইতে পারিবে।

২১। এই বিধির মধ্যে খালের কার্য্যকারক যে শব্দ আছে ১৮৬৪ সালের খালের আইনের ৮ ধারাতে যে ব্যক্তিদের উল্লেখ হইয়াছে সেই শব্দে সেই ব্যক্তিদিগকে বুঝাইবে। এবং মাসুল আদায় করণার্থে যে ব্যক্তি নিযুক্ত হন, তিনি ঐ ক্ষমতামতে কার্য্য করিবার জন্যে বিশেষমতে অন্য যে ব্যক্তিদিগকে নিযুক্ত করেন, সেই শব্দে তাঁহারদিগকেও বুঝাইবে।

---

২৫৪ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অকুটোবর।

এই ডিপার্টমেণ্টহইতে ১৮৬৫ সালের জুন মাসের ২০ তারিখের ২৩৪ নম্বরের যে জ্ঞাপনি প্রকাশ হইয়াছে তদুপলক্ষে ইহাতে প্রকাশ করা গেল যে ঐ জ্ঞাপনিতে যে কাল নিরূপণ হইয়াছে সেই কাল অতীত হওনের সময়াবধি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ জ্ঞাপনিক্রমে মাসুল যে হারে লইতে হয়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৪ সালের খালের আইনের ৬ ধারামতে মেদিনীপুরের খালে ও বালেশ্বরের খালে সেই হারে মাসুল লওয়া ধার্য্য করিয়াছেন।

২। ১৮৬৪ সালের উক্ত খালের আইনের ৮ ধারাক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুক্রমে তিনি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নৌকাদির গমনীয় উক্ত নালাতে অর্থাৎ মেদিনীপুরের খালে ও বালেশ্বরের খালে মাসুল আদায় করণার্থে ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কানাল কোম্পানির এজেণ্ট ও মানেজর যিনি যে সময়ে হন তাঁহাকে নিযুক্ত করিয়াছেন।

No. 291.

The 20th November 1866.

The following Rules having reference to the undermentioned navigable channel in the District of Dacca, *viz* :—The line of channel connecting the Booreegunga with the Baloo River near Teermony have been passed this day by the Lieutenant-Governor of Bengal under the provisions of Sections XI. and XII. of "the Canals' Act, (No. V., 1864," B. L. C.) :—

1. Every vessel on entering the above navigable channel shall be liable to measurement by the Officer in charge of the Toll Station, for the purpose of ascertaining the amount of toll to be levied.

2. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the *Canals' Act* and of these Rules, be determined by the following measurements :—

(*a.*) The product of half the length of the vessel from the stem to stern measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel, is to be taken as the number of maunds on which toll shall be levied.

(*b.*) The measurement of the length is to be made in feet, rejecting inches. The measurement of the breadth and depth is to be made in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(*c.*) In calculating the amount of toll to be levied, any fraction of 100 maunds less than 50 maunds is to be omitted; and a fraction exceeding 50 maunds is to be charged as 50 maunds only.

3. No raft will be admitted into the channel in excess of fifty feet in length or five feet in breadth. No timber, bamboos or grass will be admitted, except securely and compactly packed in the form of a raft.

4. Every vessel entering the channel shall, on paying the prescribed toll, be furnished with a ticket. The ticket will specify the date of entry, the maundage of the vessel, and the amount of toll paid, and must be produced whenever asked for by the Supervisor, or those duly authorized by him to do so. Payment at one Toll Station shall clear the vessel of the other Station, at which the ticket must be given up to the Toll Collector.

5. No vessels whatever, except such as are employed on works connected with the maintenance or improvement of the line of channel in question, shall be exempted from paying toll.

6. Every vessel or raft which has paid toll shall be allowed three days to pass through the

২৯১ নম্বর।

১৮৬৬ সাল ২০ নবেম্বর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব (১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৫ আইনের) অর্থাৎ খাল বিষয়ক আইনের ১১ ও ১২ ধারার বিধানমতে অদ্য ঢাকা জিলার অন্তর্গত নিম্ন লিখিত নৌকাগম্য খালের অর্থাৎ বুড়ীগঙ্গার সহিত ত্রিমোহনীর নিকট বালু নদী সংযোগকারি খালের নিম্নলিখিত বিধি প্রবল করিলেন।

১। প্রত্যেক নৌকা যখন উপরোক্ত কোন খালে প্রবেশ করে তখন দেয় মাসুল অবধারণার্থে খালের কুত ঘাটের কার্য্যকারক তাহা মাপ করিবেন।

২। বোঝাই কি খালী হউক, নৌকাতে যত মণ বোঝাই ধরে তাহা খালের আইনের ও এই বিধির অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত মতে পরিমাণ করণদ্বারা নিশ্চয় করা যাইবে, অর্থাৎ—

(ক) গলুই অবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত জলের রেখা ধরিয়া পরিমাণ করিলে নৌকার যে দির্ঘতা হয় তাহার অর্দ্ধেক, ও নৌকার খোলের অতি প্রশস্ত স্থানের প্রস্থ এবং জলরেখা অবধি নৌকার তল পর্য্যন্ত গভীরতা এই তিনের সংখ্যা পরস্পর গুণ করিলে যে ফলিত অঙ্ক হয় তাহা মণের সংখ্যা বলিয়া সেই সংখ্যাক্রমে মাসুল ধার্য্য করিতে হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিতে গেলে ইঞ্চি ছাড়িয়া কেবল ফুট ধরিতে হইবে, এবং প্রস্থের ও গভীরতার পরিমাণ করিতে গেলে ফুটের চতুর্থাংশ অপেক্ষা ক্ষুদ্রাংশ ছাড়িয়া ফুট ও ফুটের চতুর্থাংশ ধরিতে হইবে।

(গ) কত মাসুল লইতে হইবে তাহার হিসাব করিতে গেলে ১০০/ মণের যে ভগ্নাংশ ৫০/ মণ অপেক্ষা কম তাহা ধরিতে হইবে না। ও ৫০/ মণের অধিক যে ভগ্নাংশ তাহা ৫০/ মণ ধরিতে হইবে।

৩। দীর্ঘে ৫০ ফুট ও প্রস্থে ৫ ফুটের অধিক হইলে মাড় উক্ত কোন খালে প্রবেশ করিতে পারিবে না। শালাদি কাষ্ঠ কি বাঁশ কি ঘাস মাড়ের মত দৃঢ়রূপে বান্ধা না হইলে লইয়া যাইতে পারিবে না।

৪। যে প্রত্যেক নৌকা উক্ত কোন খালে প্রবেশ করে, নির্দ্দিষ্ট মাসুল দিলে তাহার এক খান টিকিট দেওয়া যাইবে। প্রবেশ করণের তারিখ, যত মণী নৌকা, যত মাসুল দেওয়া গেল তাহা ঐ টিকিটে লেখা থাকিবে। এবং তত্ত্বাবধারক কিম্বা তৎকর্ত্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি তাহা চাহিবামাত্র দিতে হইবে। এক কুত ঘাটে মাসুল দিলে অন্য যে কুত ঘাটে মাসুল সংগ্রহকারিকে টিকিট দিতে হইবে সেখানে আর মাসুল লাগিবে না।

52. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

53. No person while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

54. Every corpse, or part of a corpse that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

Miscellaneous.

55. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any houses building, wall, or place in any highway, the name by which such highway is to be known. Any person pulling down, destroying, or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

56. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number, shall be liable to a fine of Rupees 5.

57. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

58. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ৪ ডিসেম্বর ।]

বেক কি জালাইবেক তাহা উক্ত শ্মশানে ৬ ছয় ঘণ্টার মধ্যে দাহ করিবে কি করাইবে।

লঙ্ঘন করিলে ২০্ কুড়ি টাকা জরিমানা হইবেক।

৫১। কোন শব অথবা তাহার কোন অংশ দাহ করিবার সময় ঐ শব সম্পূর্ণরূপ ভস্ম রাশি না হওয়া পর্য্যন্ত কেহ তাহাকে ছাড়িয়া আসিবেক না অথবা ঐ শবসংযুক্ত বস্ত্র কিম্বা অন্যান্য দ্রব্য সকল সম্পূর্ণরূপ ভস্মময় না হইলে ঐ দাহ স্থানে ছাড়িয়া আসিবে না।

লঙ্ঘন করিলে ২০্ কুড়ি টাকা জরিমানা হইবেক।

৫২। শব সভ্যরূপে আচ্ছাদিত ও সর্ব্বসাধারণের দৃষ্টিগোচর হইতে সম্পূর্ণরূপ লুক্কায়িত না করিয়া কেহ কোন রাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

লঙ্ঘনে দণ্ড ১০্ দশ টাকা।

৫৩। কোন ব্যক্তি কোন শব কি তাহার কোন অংশ লইয়া যাইবার সময় মিউনিসিপল কমিটির এলাকার মধ্যে কোন সদর রাস্তায় কি রাস্তার ধারে কোন প্রয়োজন বশতঃ রাখিতে পারিবেক না।

লঙ্ঘন করিলে ১০্ দশ টাকা জরিমানা।

৫৪। চ্ছেদন করণ কার্য্যের নিমিত্ত কোন শব রাখিত হইলে তাহা উভয়রূপ ঘেরা গাড়িতে করিয়া স্থানান্তর করিতে হইবেক।

লঙ্ঘন করিলে ২০্ কুড়ি টাকা জরিমানা।

মোতফরকা।

৫৫। কমিসানরেরা কোন সাধারণ রাস্তার সন্নিহিত কোন গৃহ ইমারৎ, দেওয়াল কি অন্য কোন স্পষ্ট স্থানে ঐ রাস্তার নাম দিতে কি চিত্র করাইয়া রাখিতে পারেন। যদি কেহ ঐ নাম টানিয়া ফেলে কিম্বা মুছিয়া ফেলিয়া কোন প্রকারে নষ্ট করে তবে তাহার ৫্ পাচ টাকা জরিমানা হইবেক।

৫৬। কমিসানরেরা কোন বাটীর কি ইমারতের বাহির পার্শ্বে অথবা রাস্তাভিমুখীন প্রাচীরের দরওজায় নম্বর দিতে পারিবেন। যদি কেহ এমত নম্বর টানিয়া কি মুছিয়া ফেলিয়া কোন প্রকারে ধংশ করে তবে তাহার ৫্ পাচ টাকা জরিমানা হইবেক।

৫৭। কমিসানরেরা আইন মোতাবেক এই বিধি কি উপবিধি সংক্রান্ত কোন লাইসেন্স দিতে হইলে তাহার ফীস আদায় করিতে পারিবেন ঐ ফীস গবর্ণমেণ্টের অনুমতি মত সময়ে২ তাঁহারা বন্দবস্ত করিতে পারিবেন।

৫৮। যে কোন ব্যক্তির এই আইন অথবা উপবিধি অনুসারে কোন লাইসেন্স গ্রহণ করিতে হইবেক সে ঐ লাইসেন্স কোন কমিসানর অথবা এরূপ চাহিবার নিমিত্ত লিখিত হুকুমমতে তাহাদের বাহালি কোন ব্যক্তি দেখিতে চাহিলে অবশ্য দেখাইবে।

দণ্ড ২০্ কুড়ি টাকা জরিমানা।

59. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act, shall affix, or cause to be affixed the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

W. J. HERSCHEL,
Chairman of the Municipal Committee,
Midnapore.

BURDWAN MUNICIPALITY.

BYE-LAWS UNDER ACT III. (B. C.) OF 1864.

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. EACH quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say:—

The instalment payable on account of the quarter ending	31st July	May be levied on and after	1st May.
	„ Oct.		„ Aug.
	„ Jan.		„ Nov.
	30th April.		„ Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or their Secretary, if there be one, to the subordinate officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to show this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rater and taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

[*Government Gazette, 4th December* 1866.]

৫৯। ডিষ্ট্রিক্‌ট মিউনিসিপাল আক্টের ৪৯ ও ৫১ ধারামতে রেজিষ্টরি হওয়া কোন গাড়ির মালিক ঐ গাড়ির কোন সুস্পষ্ট প্রদেশে রেজিষ্টরির নম্বর লাগাইয়া রাখিবেক।

লঙ্ঘন করিলে ৫৲ পাঁচ টাকা জরিমানা।

ডবলিউ জে হার্সচেল,
মেদিনীপুরস্থ মিউনিসিপাল কমিটির সভাপতি

বৰ্দ্ধমান মিউনিসিপলিটী।

১৮৬৪ সালের ৩ আইন সম্পর্কীয় অতিরিক্ত নিয়ম।

যে সময়ে ও যে প্রকারে রেট ও টাকস আদায় করিতে হইবে তাহার নিয়ম।

১। উক্ত আইনের লিখিত রেট এবং টাকস ত্রৈমাসিক কিস্তিমতে আদায় হইবে। যে তিন মাসের জন্য ঐ কিস্তির টাকা দেয় হইবেক তাহার আরম্ভেই দেনা গণ্য করা যাইবেক এবং তাহার আরম্ভের পর যে কোন সময়ে হউক ঐ টাকা আদায় করা যাইতে পারিবেক। অর্থাৎ

৩১ জুলাই	এই২ তারিখের শেষে যে২ কিস্তি দেনা হয় তাহা।	১ মে	তারিখে কি তাহার পর কোন সময়ে আদায় করা যাইবেক।
৩১ অক্টোবর		১ আগাষ্ট	
৩১ জানুআরি		১ নবেম্বর	
৩০ আপ্রেল		১ ফেব্রুআরি	

২। উক্ত আইনের ২৯ ও ৩৯ ধারার বিধানমতে যে সকল লিষ্টি প্রস্তুত হয় তাহাহইতে তহসীলকারী কর্ম্মচারী ৪৪ ধারার নির্দ্দেশমত বিল তৈয়ার করিবে। ঐ রূপ বিল প্রস্তুত হইলে কমিসানরদিগের অথবা তাহারদের সম্পাদক থাকিলে তাহার দস্তখৎ যুক্তে টাকস মহকুমায় অধস্থ কর্ম্মচারিদিগকে দেওয়া যাইবে ও তাহারা পশ্চাৎ নির্দ্দিষ্ট প্রকারে বিলের লিখিত ব্যক্তিদিগের নিকট ঐ বিল উপস্থিত করিবে।

৩। প্রত্যেক তহসীলকারী কর্ম্মচারীকে আদায় করণের ক্ষমতাপত্র দেওয়া যাইবে ও সেই প্রকার ক্ষমতাপত্রে মিউনিসিপাল আফিসের মোহর ও সভাপতির দস্তখৎ থাকিবে। আদায় কালীন কেহ উক্ত ক্ষমতাপত্র দেখিতে চাহিলে প্রত্যেক সরকার তাহা দেখাইতে বাধ্য হইবে।

৪। তহসীলকারি সরকার পাওনা টাকা লইয়া তাহার রসীদ দিবে।

৫। যখন কোন সম্পত্তির স্বামীর নাম জানিতে পারা না যায় তখন উক্ত আইনানুসারে কোন নোটিস, বিল কি অপর কোন হুকুম প্রচার করিতে হইলে যে সম্পত্তির উপর টাকস ধার্য্য করা যায় তাহার স্বামী বলিয়া উল্লেখ করিলেই তাহাকে বুঝিবার নিমিত্ত প্রচুর হইবে।

৬। উক্ত আইনের লিখিত কোন টাকস বা রেট আদায়ের বাবৎ কোন বিল স্বয়ং ঐ বিলের লিখিত ব্যক্তিকে দিতে হইবে, যদি ঐরূপ বিলের লিখিত ব্যক্তিকে স্বয়ং ঐ বিল দেওয়া যাইতে না পারে তবে তাহার নিয়ত বাসস্থানে রাখিয়া আসিতে হইবে এবং ঐরূপ জারী হইলেই ৪৪ ধারানুসারে জারী হওয়া গণ্য হইবে।

7. The officer to whom a bill may be issued for presentation shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

8. Every person reqvired, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall, after warning, continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

9. Every owner, occupier, or other person, shall permit the Commissioners, or any one appointed by them under a written authority, for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners or any person duly authorized by them in making such entry and inspection shall be liable to a fine not exceeding Rupees 20.

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall,

৭। দিবার জন্য বিল যে সরকারের জিম্মা করা যায় সে বিল দিবার কালীন কি বিল দিবার সময়হইতে দশ দিনের মধ্যে কোন সময়ে ঐ বিলের টাকা লইবে।

৮। কমিসানরেরা আইনানুসারে যে সকল তপসীল বা রিটর্ণ তলব করিতে পারেন তাহা লিখিত হুকুম দ্বারা কোন লোকের নিকট চাহিলে তাহাকে সেই প্রকার তপসীল বা রিটর্ণ ৮১ ধারার নির্দ্দিষ্ট প্রকারে হুকুম জারী হইবার তারিখহইতে সপ্তাহের মধ্যে কমিস্যনরদিগের কাছারিতে দাখিল করিতে হইবে। যে কেহ তাহা না করিবে তাহার ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে এবং সতর্ক করিয়া দিবার পর যত দিন হুকুম তামীল না করিবেক প্রতিদিন ২৲ টাকার অনধিক দণ্ড দিতে হইবে। যে কেহ মিথ্যা বা অশুদ্ধ তফসীল বা রিটর্ণ দাখিল করিবেক তাহার ৫৲ টাকা দণ্ড হইবে। পরন্তু এই অতিরিক্ত নিয়মের কোন কথাতে দণ্ডবিধির আইনানুসারে কার্য্যের বাধা হইবেক না।

৯। কোন গাড়ীখানা বা আস্তাবলে গাড়ী কি কোন পশ্বাদি থাকা বিবেচনা হইলে ঐ গাড়ী কি পশ্বাদির উপর ৩৫ ধারামতে টাকুস ধার্য্য করণ সূর্য্যোদয়হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কোন সময়ে কমিস্যনরদিগকে কি তাহাদের দ্বারা উপযুক্ত লিখিত হুকুমানুসারে নিযুক্ত কোন লোককে ঐ গাড়ীখানা কি আস্তাবল দেখিবার জন্য বাটীর স্বামী কি বাসাদার কি অপর ব্যক্তি ছাড়িয়া দিবে। যে কোন ব্যক্তি কমিস্যনরদিগকে কি তাহারদের দ্বারা উপযুক্তমতে নিয়োজিত কোন লোককে ঐরূপ প্রবেশ করিতে কি দেখিতে না দিবে তাহার ২০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

১০। কমিস্যনরেরা অন্যরূপ আদেশ না করিলে উক্ত আইনানুসারে যে সকল ক্রোক হইবেক তাহা আদায়কারী কর্ম্মচারির দ্বারা করা যাইবেক এবং যে দ্রব্য ক্রোক করা যায় তাহা নীলাম হওন বা বাকীদারের নিকট বাকী আদায় হওন পর্য্যন্ত টাকুস আদায়কারী কর্ম্মচারীর জিম্মায় থাকিবে এবং তাহাকে উক্ত আইনের নির্দ্দিষ্ট সি চিহ্নিত ফারমে ক্রোক করা দ্রব্যের এক ফর্দ্দ দিতে হইবে।

১১। ক্রোক করণের অব্যবহিত কাল পরেই ক্রোককারী আমলা ক্রোকের তারিখহইতে সাত দিনের কম না হয় এরূপে নীলামের দিন ধার্য্য করিয়া নীলামের এক কেতা নোটিস বাকীদারের বাটীতে লটকাইয়া দিবে এবং নীলামের দিনে ঢোলের দ্বারা জ্ঞাত করা যাইবেক।

১২। নীলাম হইবার পরক্ষণেই ক্রেতাকে বিক্রীত বস্তুর মূল্য দিতে হইবে ও বিক্রীত বস্তু খরিদারকে বুঝাইয়া দেওয়া যাইবে। যদি খরিদার আপন ডাকের সমুদয় টাকা দিতে না পারে তবে ক্রোককারী আমলা আপন বিবেচনামত সেই দিনে বা অন্য দিনে পুনরায় ঐ দ্রব্য নীলাম করিবে, এমত স্থলে যে কিছু ক্ষতি হইবে প্রথম খরিদার কমিস্যনরদের নিকট তাহার দায়ী

in such case, be responsible to the Commissioners for any loss, which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required so to do, furnish good security of such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty or wilful breach or neglect of any rule, regulation, or order made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering loss or injury, or has failed to perform any duty with all due diligence or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

হইবে এবং তাহারদের পাওনা টাকার ন্যায় তাহা আদায় হইবে।

কমিস্যনরদেরকর্ত্তৃক নিযুক্ত ব্যক্তিরদের ব্যবহার পরিচালনের নিয়ম।

১৩। কমিস্যনরদের কর্ত্তৃক নিযুক্ত কর্ম্মচারিগণকে কর্ম্মে রাখা আবশ্যক না হইলে এক মাসের পূর্ব্বে সংবাদ দিয়া কিম্বা অগ্রিম এক মাসের বেতন দিয়া তাহারদিগকে কর্ম্মহইতে অবসর করা যাইতে পারিবে এবং কোন কর্ম্মচারী কর্ম্ম ত্যাগ করিতে চাহিলে এক মাস পূর্ব্বে সংবাদ না দিলে তাহার এক মাসের বেতন কর্ত্তন করা যাইবেক।

১৪। কমিস্যনরদের অধীন এক্ষণে যে সকল কর্ম্মচারী নিযুক্ত আছে কি ভবিষ্যতে নিযুক্ত হইবে তাহারা হুকুম পাইলে কমিস্যনরদের দ্বারা নিরূপিত পরিমাণে সময়ে সময়ে জামিন দাখিল করিবে ও যে কোন কর্ম্মচারী উপযুক্ত সময় বা কমিস্যনরদের কর্ত্তৃক নির্দ্দিষ্ট কাল মধ্যে জামিন দাখিল না করিবে তাহাকে কর্ম্মচ্যুত করা যাইবে।

১৫। যখন কমিস্যনরদের হৃদ্বোধমতে প্রমাণ হইবে যে তাহারদের অধীন কোন ব্যক্তি আপন কর্ত্তব্য কর্ম্মের ত্রুটি করিয়াছে বা ইচ্ছাপূর্ব্বক কোন নিয়ম কি বিধি কি কোন উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির আজ্ঞা প্রতিপালন করে নাই কি প্রতিপালন করিতে ত্রুটি করিয়াছে কি বিনানুমতিতে কর্ম্ম ত্যাগ করিয়াছে কি কর্ম্ম ত্যাগ করণের এক মাস পূর্ব্বে সংবাদ দেয় নাই কি এরূপ কর্ম্ম করিয়াছে যাহা করাতে কি এরূপ কর্ম্ম করিতে ত্রুটি করিয়াছে যাহা না করাতে কমিস্যনরদের ক্ষতি কি হানি হইয়াছে কি হইবার সম্ভাবনা ছিল অথবা উপযুক্ত পরিশ্রমের সহিত কার্য্য করিতে ত্রুটি করিয়াছে কি প্রধান কোন কর্ম্মচারির নিকট কোন অবাধ্যতার কার্য্য করিয়াছে কি আপন কর্ম্ম সম্বন্ধে নিয়মিত বেতন ভিন্ন আপনার জন্য কি অপরের জন্য কোন প্রকার উৎকোচ গ্রহণ করিয়াছে কি গ্রহণ করিবার চেষ্টা করিয়াছে অথবা কার্য্যোপলক্ষে এমত কোন সংবাদ দিয়াছে যাহা সে মিথ্যা বলিয়া জানে কি বিশ্বাস করে কি কোন আইনানুসারে দণ্ডনীয় কোন কার্য্য করিয়াছে তাহার এক মাসের বেতনের অনধিক দণ্ড হইবে অথবা কমিসানরদের দ্বারা নির্দ্ধারিত কোন সময় পর্য্যন্ত কর্ম্মহইতে সস্পেণ্ট অথবা নিম্ন পদস্থ হইবে কি সরাসরীমতে কর্ম্মচ্যুত হইবে ও তাহার অপর কোন আইনানুসারে যে দণ্ড হয় তাহা হইতে পারিবে ঐরূপে যে কোন ব্যক্তি কর্ম্মচ্যুত হয় সমাজপতির বিবেচনানুসারে তাহার এক মাসের অনধিক পাওনা বেতন ও বারবরদারী কর্ত্তন হইবে।

16. **The Chairman or Vice-Chairman** may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any person being or having been in their employ, with a view to the recovery of damages for any loss or injury which they may have sustained in consequence of any act done or omitted to be done by such person.

On matters of Conservancy.

18. The external roofs and walls of any hut, or any other building whatever, about to be erected or renewed in or near any public highway, shall not be made of grass, leaves, mats, or any other inflammable material.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

19. No person shall dig or make, or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course, or other excavation, without the written permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

20. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

21. No person shall deposit, or cause to be deposited in or by the side of any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

22. No person shall construct, or place over, or by the side of any public drain, any bridge, platform, building, or structure of any kind, except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬১ । ৪ ডিসেম্বর ।]

১৬। কমিসানরদের দ্বারা নিযুক্ত কোন ব্যক্তির দুশ্চরিত্র বা তাহার কর্ত্তব্য কর্ম্মের শৈথিল্য বিষয়ে কোন অভিযোগ সমাজপতি অথবা সহকারী সমাজপতি উত্থাপন করিতে ও গ্রহণ করিতে অথবা অনুসন্ধান করিতে পারিবেন।

১৭। কমিসানরদের অধীনস্থ কোন ব্যক্তি কোন কর্ম্ম করাতে বা করিতে ত্রুটি করাতে তাহারদের যে ক্ষতি হয় সেই ক্ষতি পূরণের জন্য কোন দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে এই অতিরিক্ত নিয়ম দ্বারা কোন বাধা হইবে না।

কন্‌সার বেন্‌সী সম্বন্ধীয় নিয়ম।

১৮। কোন সাধারণের রাস্তার উপর কি তাহার নিকট কোন ঘরের বাহিরের চাল কি বেড়া নির্ম্মাণ বা মেরামত করিতে হইলে তাহা উলুখড় বিচালী বা কোন রকমের পাতা চাটাই বা দরমা কি অপর কোন দহ্য পদার্থে নির্ম্মাণ বা মেরামত করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতি দিন দণ্ড ৩৲ টাকা।

১৯। কমিসানরদের লিখিত অনুমতি ভিন্ন কোন ব্যক্তি কোন স্থানে কোন দীর্ঘিকা কি পুষ্করিণী কি কুপ কি নরদমা কি জলপ্রণালী কি অন্য কোন খাৎ করিতে কি করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা, সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ৩৲ টাকা।

২০। কোন ব্যক্তি জল নিকাশের জন্য কোন গৃহাদির উপর এরূপে নালী বা অন্য দ্রব্য বসাইতে পারিবে না যদ্দ্বারা জল সরেরাস্তার উপর বা অপর কোন বাজার আদি প্রকাশ্য স্থানে পতিত হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ১৲ টাকা।

২১। কোন ব্যক্তি সরকারী নর্দ্দমার ভিতর কি তাহার পার্শ্বে এমত কোন দ্রব্য রাখিতে কি রাখাইতে পারিবে না যদ্দ্বারা উহা বন্দ হয় বা বন্দ হইবার সম্ভাবনা।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা, সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ৩৲ টাকা।

২২। কমিসানরদিগের লিখিত অনুমতি ভিন্ন এবং তাহারা যেমত আদেশ করেন তাহার বিপরীতে সরকারী নর্দ্দমার উপর বা তাহার পার্শ্বে কোন ব্যক্তি সেতু, কি মঞ্চ কি অন্য কিছু নির্ম্মাণ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা, সম্বাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ৫৲ টাকা।

23. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

24. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall or erection, shall remove it after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

25. No person shall prepare any canal, or convey water by any canal, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

26. No person shall steep in any tank, or ditch, within municipal limits, any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank, or ditch offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2.

27. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course; and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

28. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

29. No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

[*Government Gazette, 4th December* 1866.]

২৩। পতিত হওয়া বৃক্ষাদির স্বামী বা সেই বৃক্ষাদি যে স্থানে থাকে তাহার দখলীকার সংবাদ পাইলে কমিস্যনরদের কর্তৃক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই পতিত হওয়া বৃক্ষাদি স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা, সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ২৲ টাকা।

২৪। কোন গৃহ কি ভিত্তিআদি কি তাহার কোন অংশ সরে রাস্তা বা নর্দ্দমার উপর পতিত হইলে সেই গৃহাদির স্বামী সংবাদ পাইয়া কমিস্যনরদের কর্তৃক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা, সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ৫৲ টাকা।

২৫। কমিস্যনরেরা যে প্রকারে কহেন সেই মত ভিন্ন কোন ব্যক্তি কোন প্রকাশ্য স্থানের উপর দিয়া কোন নালা করিতে কি নালা করিয়া জল লইয়া যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ২৲ টাকা

২৬। মিউনিসিপল সীমার মধ্যে কোন ব্যক্তি কোন পুষ্করিণীতে বা খাতে পাট, কি শণ, কি অন্য কোন উদ্ভিজ্জ ডুবাইয়া রাখিতে পারিবে না যাহাতে ঐ পুষ্করিণী বা খাতের জল নষ্ট হইয়া নিকটবর্ত্তি লোকের অস্বাস্থ্যকর হইতে পারে।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা, সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ২৲ টাকা।

২৭। কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন কোন ব্যক্তি কোন নালা বা জলপ্রণালী বন্দ করিতে পারিবে না। কমিস্যনরেরা সাধারণের স্বাস্থ্যের জন্য উক্ত প্রতিবন্ধক উঠাইয়া দিতে পারিবেন।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা, সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে দিনপ্রতি দণ্ড ৪৲ টাকা।

২৮। কোন নালা বা জলশ্রবের তীরস্থ কোন অংশ যাহার দখলে থাকে সে তাহাতে ময়লা কি গাঢ় জঙ্গল কি অপর কোন জঞ্জাল থাকিতে না দিয়া পরিষ্কার রাখিবে এবং সাধারণের স্বাস্থ্যের জন্য কমিস্যনরদিগকে কি তাহাদের কর্তৃক উপযুক্তরূপে নিযুক্ত কোন কর্ম্মচারিকে সকল সময়ে উক্ত নালা বা জলশ্রবে যাইতে দিবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ৫৲ টাকা।

২৯। কোন ব্যক্তি শূকর ছাড়িয়া দিতে কি খোয়াড়ে বন্দ করিয়া রাখাভিন্ন অন্য প্রকারে রাখিতে পাইবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ২৲ টাকা।

30 No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier or farmer, shall, without any delay, cause any meat, fish or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

31. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale or accumulating any thing on any such lane, walk, bye-way, or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

32. Every owner, occupier, or farmer of any bazar, shall, within 14 days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

33. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

34. No person shall build, or cause to be built, or keep, after prohibition by the Commissioners, any tattee, privy, or urinal, within 4 feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

35. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

36. No person shall carry night-soil through the streets, except between the hours of day-break and 8 A. M., in the six summer months, and

৩০। কোন্ বাজার বা দোকানের স্বামী দখলিকার কি ইজারদার ঐ বাজার কি দোকান অপরিষ্কার রাখিতে পারিবে না এবং ঐরূপ প্রত্যেক স্বামী দখলিকার কি ইজারদার গলিত বা অনাহার্য্য মাংস বা মৎস্য কি উদ্ভিজ্জ কমিস্যনরেরা যে স্থানে কহিবেন তথায় অবিলম্বে স্থানান্তর করিবে এবং সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কোন সময়ে ঐরূপ কোন দোকানের কি বাজারের স্বামীপ্রভৃতি কমিস্যনরদের দ্বারা নিযুক্ত কোন ব্যক্তিকে দেখিবার জন্য ঐ সকল স্থানে প্রবেশ ও তদারক করিতে বাধা দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৩১। কোন ব্যক্তি বিক্রয় দ্রব্য সাজাইয়া রাখিয়া বা জমা করিয়া কোন গলী কি রাস্তা কি সুড়িপথ অথবা বাজারের অন্য গমনাগমনের স্থান বন্দ করিতে পারিবে না:

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৩২। কমিস্যনরদিগের বিবেচনায় বাজারের পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যের জন্য মলমূত্রাদি পরিত্যাগের স্থান যেমত আবশ্যক বোধ হয় সংবাদ পাইবার পর ১৪ দিনের মধ্যে প্রত্যেক বাজারের মালীক প্রভৃতি প্রস্তুত করিয়া দিবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ৫৲ টাকা।

৩৩। কমিসানরদের কর্তৃক নির্দ্দিষ্ট স্থানভিন্ন কোন ব্যক্তি আপন বাটীর বাহিরে মলমূত্রাদি ত্যাগ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৩৪। কমিস্যনরদের দ্বারা নিষেধিত হইলে কোন ব্যক্তি সরেরাস্তায় ৪ ফিট মধ্যে টাটী কি পায়খানা কি প্রস্রাব করণের স্থান নির্ম্মাণ করিতে পারিবে না অথবা যাহাতে ঐ দূরত্ব রক্ষা না হয় এমত কোন ক্ষুদ্র আঙ্গিনার মধ্যে ঐরূপ টাটী আদি তৈয়ার করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ৩৲ টাকা।

৩৫। কোন ব্যক্তি কোন পায়খানার দ্বার সরেরাস্তার দিকে রাখিতে পারিবে না এবং যে কেহ পায়খানার দ্বার ঐরূপে রাখে কমিস্যনরদের নিকট সংবাদ পাইবামাত্র তাহাকে ঐ দ্বার পরিবর্ত্তন করিতে হইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ২৲ টাকা।

৩৬। গ্রীষ্ম ছয় মাস সূর্য্যোদয় হইতে বেলা ৮ ঘণ্টা পর্য্যন্ত ও শীত ছয় মাস সূর্য্যোদয় হইতে বেলা ৯ ঘণ্টার মধ্যে ভিন্ন অপর কোন সময়ে কেহ সরে রাস্তা

between the hours of day-break and 9 A. M., in the six winter months, or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

37. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable, or cook-house, to flow into any river, nullah, canal, tank, or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

38. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish, or other matter of a noisome kind, for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

39. All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of day-break and 6 A. M. in the six winter months and between the hours of day-break and 7 A. M., in the six winter months.

Penalty for infringement, Rupees 10.

40. No refuse resulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

41. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

42. No person shall put on any wall, or any roof of a house, or any bank, or tree, or on any other place or thing facing any road or public place, any preparation of dung to be used as fuel or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

43. Every person, within whose premises any animal may die, shall, within 4 hours after its death, or if death occurs at night, within two hours after day-light, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conser-

দিয়া উত্তমরূপ আবরিত আধার ভিন্ন অন্য কিছুর দ্বারা ময়লা লইয়া যাইতে পারিবে না অথবা ময়লা ফেলিবার জন্য কমিস্যনরেরা যে স্থান মনোনীত করেন তদ্ভিন্ন অন্য কোন স্থানে ময়লা ফেলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৩৭। কোন ব্যক্তি কোন কারখানা কি কার্য্যালয় কি আস্তাবল কি পায়খানা হইতে কোন দুর্গন্ধময় দ্রব্য কোন নদী নালা খাল পুষ্করিণী কি নর্দ্দমায় পড়িতে দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲, টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতি দিন দণ্ড ৫৲ টাকা।

৩৮। যাঁহাতে কাহারো বিরক্ত জন্মে কি সাধারণের স্বাস্থ্যের পক্ষে অনিষ্টকর হয় এমত কোন স্থানে বা এমত কোন প্রকারে কোন ব্যক্তি ১২ ঘন্টার অধিক কাল ময়লা বা হাড় বা মৃত দেহ, বা রাবীশ বা অন্য কোন অস্বাস্থ্যকর দ্রব্য রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৩৯। যে সকল ময়লা কি আবর্জ্জনা কি রাবীশ কমিস্যনরেরা পরিষ্কার করিতে প্রবৃত্ত হন তৎসমুদায় যে বাটী হইতে নির্গত হয় সেই বাটীর দ্বারের নিকট রাস্তার ধারে প্রত্যহ গ্রীষ্ম ছয় মাস সূর্য্যোদয় হইতে বেলা ৬ ঘন্টার মধ্যে ও শীত ৬ মাস সূর্য্যোদয় হইতে ৭ ঘন্টার মধ্যে রাখিতে হইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৪০। কোন কারবার কি ব্যবসায়, হইতে উৎপন্ন কোন আবর্জ্জনা পরিষ্কার করণের খরচ কমিস্যনরদের নির্দ্দিষ্ট হারে না দিলে তাঁহারা পরিষ্কার করিবেন না এবং সেজন্য যে খরচা হয় তাহা কমিস্যনরদের পাওনা টাকার ন্যায় আদায় হইবে।

৪১। সরেরাস্তা বাটী কি পায়খানা আদি হইতে সংগৃহীত আবর্জ্জনা ময়লা ও রাবিশ ইত্যাদি কমিস্যনরদিগের সম্পত্তি হইবে এবং সেই সকল আবর্জ্জনাদি তাহারা যেরূপে উপযুক্ত বিবেচনা করেন সেইরূপে বিক্রয়াদি করিতে পারিবেন এবং তাহাতে যে টাকা উৎপন্ন হইবে তাহা স্থানীয় মিউনিসিপাল উন্নতিকর আইনের কার্য্যে ব্যয় হইবে।

৪২। কোন ব্যক্তি রাস্তার ধারে অথবা কোন গমনাগমনের স্থানের সম্মুখে কোন ভিত্তিতে কি ঘরের ছাদে কি কোন পুষ্করিণীর পাহাড়ে কি গাছে কি অপর কোন স্থানে পোড়াইবার জন্য কি অপর কোন প্রয়োজনের নিমিত্ত গোময়াদি দ্বারা ঘুটে দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ৫৲ টাকা।

৪৩। যাহার বাটীতে কোন পশ্বাদি মরে সে ব্যক্তি উহার মৃত্যুর পর ৪ ঘন্টার মধ্যে কি রাত্রে মরিলে সূর্য্যোদয়ের পর ২ ঘন্টার মধ্যে কমিস্যনরেরা যে স্থান মনোনীত করেন তথায় আপন ব্যয়ে ফেলাইয়া দিবে অথবা সেই স্থানের কন্সারভেন্সী ওবরসিয়ারকে সংবাদ দিবে এমত স্থলে উক্ত ওবরসিয়ারকে ঐ মৃত পশ্বাদি ফেলাইবার জন্য কমিস্যনরেরা যে

[Government Gazette, 4th December 1866.]

vancy overseer of the division within which such premises may be situated, and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoveradle as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

44. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

45. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 6 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

48. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse in a grave not constructed of masonry which shall be less than 6 feet deep.

Penalty for infringement, Rupees 10.

49. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 3 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

50. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

তার নিরূপণ করেন সেই হারে খরচা দিতে হইবে উক্ত পশ্বাদি যদি সেই ব্যক্তির না হয় তবে ঐ পশ্বাদির স্বামি কে তাহা জানিতে পারিলে সে ঐ খরচার দায়ী হইবে এবং সেইরূপ খরচা কমিস্যনরদের পাওন টাকার ন্যায় আদায় হইবে। কোন ওবরসিয়ার সংবাদ পাইলে মৃত পশ্বাদি স্থানান্তর করিতে ত্রুটি করিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৪৪। কোন ব্যক্তি কোন সরেরাস্তায় কি যে স্থান হইতে খুলিয়া সরেরাস্তায় যাইতে পারে এমত কোন স্থানে কোন রোগগ্রস্ত কি জীর্ণ পশুকে ছাড়িয়া দিতে কি আলগা রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৪৫। কমিস্যনরেরা সময়েং যে সকল স্থান নির্দ্দিষ্ট করেন তদ্ভিন্ন অপর কোন স্থানে কেহ কোন মৃত পশ্বাদি কি তাহার কোন অংশ ফেলিতে কি ফেলাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৬। মনুষ্যের মৃত দেহ কোন শ্মশানে দাহ করা কি কবরস্থানে গোর দেওয়া ভিন্ন অন্য কোন প্রকারে কোন ব্যক্তি ফেলিয়া রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৪৭। কোন শব দেহ পাকা কবরমধ্যে নিহীত করিতে হইলে মৃত্তিকার অন্যূন ৬ ফিট নীচে কাফীন বা দেহ স্থাপিত করিতে হইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৪৮। কোন শব দেহ কাঁচা কবর মধ্যে নিহীত করিতে হইলে মৃত্তিকার অন্যূন ৬ ফিট নীচে স্থাপিত করিতে হইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৪৯। কোন ব্যক্তি কোন বর্ত্তমান কবরের নিকট ৩ ফিটের মধ্যে কোন কবর নির্ম্মাণ করিতে কি খনন করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৫০। কোন ব্যক্তি কোন কবরস্থানে কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট পংক্তিভিন্ন অপর পংক্তিতে কোন কবর নির্ম্মাণ করিতে কি খনন করিতে পরিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৫১। কমিস্যনরদিগের অনুমতি ব্যতীত কোন পূর্ব্বের ব্যবহৃত কবর অপর মৃতের কবরের কারণ খনন করা যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

52. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 7 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

53. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

54. No one shall carry a corpse, or part of a corpse through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

55. No person while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

56. Every corpse, or part of a corpse that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

57. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

Miscellaneous.

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway the name by which such highway is to be known. Any person pulling down, destroying, or defacing such name shall be liable to a penalty of Rupees 5.

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number shall be liable to a fine of Rupees 5.

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

[*Government Gazette, 4th December* 1866.]

৫২। যে কেহ কোন মৃতদেহ কি তাহার কোন অংশ দাহ করিবার জন্য কোন শ্মশানে লইয়া যায় তাহাকে উক্ত স্থানে পঁহুছিবার পর ৭ ঘণ্টার মধ্যে দাহ করিতে হইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৫৩। কোন ব্যক্তি কোন শ্মশানে কোন মৃতদেহ দাহ করিতে কি করাইতে গিয়া তাহা সম্পূর্ণ ভস্মশেষ না হইতে রাখিয়া আসিতে কি মৃতের বস্ত্রাদি ভস্ম না করিয়া শ্মশানে কি তাহার নিকটে পরিত্যাগ করিয়া আসিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৫৪। কোন শব দেহ কি তাহার কোন অংশ সুন্দররূপে না ঢাকিয়া ও সাধারণের দৃষ্টির অগোচর না করিয়া কোন ব্যক্তি কোন সরেরাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৫৫। কোন ব্যক্তি মৃতদেহ লইয়া যাইতে২ মিউনিসিপাল সীমার কোন স্থানে সরেরাস্তার মধ্যে কি নিকটে কোন কারণে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৫৬। প্রত্যেক শবদেহ বা দেহাংশ যাহা শরীর স্থান শিক্ষার কারণ সংচ্ছেদের জন্য রক্ষিত বা ব্যবহৃত হয় তাহা উত্তমরূপ আবরিত গাড়ি দ্বারা স্থানান্তর করিতে হইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৫৭। কোন ব্যক্তি কমিসানরদিগের অনুমতি ব্যতিরেকে কোন সাধারণের গতিবিধির স্থানে পশ্বাদি বান্ধিতে কি শকটাদি একত্র করিতে কি তাম্বু খাটাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

বিবিধবিধি।

৫৮। কমিসানরেরা কোন বড় রাস্তার নিকট কোন বাটীর কি এমারতের কি ভিত্তির প্রকাশ্য স্থানে ঐ রাস্তা যে নামে খ্যাত ঐ নাম লেখাইতে কি লটকাইতে পারিবেন। যে কেহ তাহা নষ্ট করিবে কি মুছিয়া ফেলিবে কি নাম লিখিত তক্তা খুলিয়া ফেলিবে তাহার ৫৲ টাকা অর্থদণ্ড হইবে।

৫৯। কমিসানরেরা কোন বাটীর বাহিরে প্রকাশ্য স্থানে বা সরেরাস্তার সম্মুখে কোন ঘেরা বাটীর দ্বারে নম্বর দিতে পারিবেন। যে কেহ ঐ নম্বর লিখিত তক্তা খুলিয়া ফেলিবে কি নষ্ট করিবে কি নম্বর মুছিয়া দিবে তাহার ৫৲ টাকা দণ্ড হইবে।

৬০। কমিসানরেরা উক্ত আইন কি উপবিধি অনুসারে লাইসেন্স দিবার কারণ ফীস আদায় করিতে পারিবেন। এবং ঐরূপে যে ফীস আদায় করা যায় তাহা গবর্ণমেণ্টের সম্মতিক্রমে কমিসানরেরা সময়ে২ নির্দ্ধারণ ও পরিবর্ত্তন করিবেন।

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

62. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

A. J. R. **Bainbridge,**
Chairman, Burdwan Municipality.

৬১। যে কোন ব্যক্তির উক্ত আইন কি উপবিধি অনুসারে লাইসেন্স লওয়া আবশ্যক সে কোন্ কমিস্যনর কি তাঁহারদের লিখিত ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তি ঐ লাইসেন্স দেখিতে চাহিলে তাহা দেখাইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৬২। উক্ত আইনের ৪৯ ও ৫১ ধারার বিধানমতে যে সকল গাড়ী আদি রেজিষ্টরী করা হয় সেই সকল গাড়ী আদির মালিক উক্ত গাড়ী আদির প্রকাশ্য স্থানে রেজিষ্টরীর নম্বর বসাইয়া লইবে।

বিধি লংঘনে দণ্ড ৫৲ টাকা।

এ জে আর বেনব্রিজ,
চ্যারম্যান।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যাপারের ইশ্তিহার।

NOTICE.

The sale of the Ruderpore Division of the Mulnath Concern, advertized to take place on the 3rd December, has been postponed for the present by order of the Agents of the New Bengal Indigo Company.

Arch. Hills.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৪ ডিসেম্বর।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের অন্যে শ্রীযুত এল জে বার্ণের সাহেবকর্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।